পরিমার্জিত তৃতীয় সংস্করণ

অখণ্ড লালনসঙ্গীত

আবদেল মাননান সম্পাদিত

৩ তত্ত্ব ৪ দেশ ৫ লীলা

ত্রিতত্ত্ব, চতুর্দেশ ও পঞ্চলীলা

নূরতত্ত্ব। নবীতত্ত্ব। রসুলতত্ত্ব। কৃষ্ণলীলা। গোষ্ঠলীলা। নিমাইলীলা। গৌরলীলা। নিতাইলীলা
স্থূলদেশ। প্রবর্তদেশ। সাধকদেশ। সিদ্ধিদেশ ভিত্তিক ১২টি পৃথক ভূমিকাসহ সুবিন্যস্ত

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অখণ্ড লালনসঙ্গীতকে খণ্ডিতভাবে দেখাজানাশোনার কারণে এ মহাভাব সমুদ্রের অতল মর্মে প্রবেশের পথ খুঁজে পায়নি অভাগা বাঙালি অর্থাৎ খণ্ডিত বাঙালি জাতি। সমাজ সংসার আজও তাই মানবধর্মের প্রদর্শিত সত্য সুপথহারা। অখণ্ডভাবে লালনসঙ্গীত শ্রবণ, মনন ও অনুধাবন সাধকচিত্তে উচ্চাঙ্গিক মহাভাবের উদয় ঘটায়। এ পথেই আমরা ভব থেকে অনুভবে কিংবা অভাব থেকে ভাবে উত্তীর্ণ হই সাধুসঙ্গ ও সঙ্গীতের স্বর্গীয় পরশে। এমন অপার্থিব শুদ্ধপ্রেমের আবির্ভাবেই আল্লাহদর্শন বা ঈশ্বরদর্শন ঘটে সাধকের দেহমনসত্তায়। নূরে মোহাম্মদী স্নাত আত্মদর্শন যাঁর পরম নাম। এ জন্যে ত্রিত্ববাদী অখণ্ড লালনসঙ্গীতের প্রথম তত্ত্ব 'নূরতত্ত্ব' যা সর্বসৃষ্টির মূল বা স্বরূপশক্তি। নবীতত্ত্ব ও রসুলতত্ত্ব যাঁর সর্বকালীন-সর্বজনীন গুরু আদর্শের অপরাজেয় ধারক এবং বাহক। মহাজাগতিক রহস্যলোকের অধরা বাণী আর জায়মান সুরতাললয়ের মাধুরী মন্থনে লালন শাহী ফকিরী কোরানের উত্তাল ঢেউ আছড়ে পড়ছে বিশ্বহৃদয় সৈকতে। তাঁর অব্যর্থ ও অভিনব ঘাত অভিঘাতে আলোড়িত হয় মানব দানব দেবলোক।

লালনসঙ্গীত মূলত গুরুশিষ্যকেন্দ্রিক অতিবাস্তব ও অন্তর্গত সূক্ষ্ম সম্বন্ধ চর্চার সামাজিক দলিল। কেবল সৎ ও শুদ্ধভক্তই লালনসঙ্গীতের অধিকারী। ভক্ত ব্যতীত আত্মদর্পী কোনও রাজা-বাদশারও প্রবেশাধিকার নেই নিগূঢ় এ রসিক রাজ্যে। শাঁইজি বলেন, 'ভক্তের বড় পণ্ডিত নয়'। অথচ দুই বাঙলায় খ্যাতিযশলোভী অসৎ পণ্ডিত-ডক্টরদের সঙ্কলন ও সম্পাদনায় খণ্ডিত 'লালনসঙ্গীত' বা 'লালনসমগ্র' প্রকাশের নামে যে অবিচার-অনাচার এক কথায় অনধিকার চর্চার হিড়িক পড়েছে তাদের ভ্রান্তচিন্তা এ গ্রন্থপাঠে সুস্পষ্টভাবে পাঠক-সাধকের কাছে খোলাসা হবে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দুই বাঙলায় এ অবধি যতগুলো লালনসঙ্গীত সঙ্কলন প্রকাশিত হয়েছে প্রায় সবই অসম্পূর্ণ ও খণ্ডিত। বিশ্বে আবদেল মাননানই প্রথম সর্বাধিক সংখ্যক লালনসঙ্গীত সংগ্রহ ও সঙ্কলন প্রকাশ করেন ২০০৯ সালে। কিন্তু বিগত চার বছরের পর্যালোচনায় তিনি লালনসঙ্গীত সঙ্কলনকর্মে সংগ্রহ সংখ্যার চেয়ে গুণগত মানকে গুরুত্ব দিয়েছেন সবার উপরে। সংখ্যাধিক্যের জোরে সাধু সত্য প্রমাণিত বা প্রতিষ্ঠিত হয় না। সত্য তার আপন শক্তিতেই মহাশক্তিমান। পরিমার্জিত এ তৃতীয় সংস্করণে চল্লিশটি পদ তাই জেনেশুনে তিনি সঙ্কলন থেকে বাদ দিলেন যেগুলো ভিন্ন পদকর্তাগণের রচনা বলে প্রতিভাত।

এতকাল যাবৎ ধর্মান্ধ আলেম জালেম কাঠমোল্লা থেকে আরম্ভ করে ভোগবাদী আকাদেমিক পাণ্ডা পণ্ডিতদের কুপ্ররোচনায় অবোধ-অভক্ত লোকেরা যে 'বাউল' লালনকে নিয়ে খুব মাতামাতি করে আসছে তাকে একেবারে পাল্টে উল্টে খারিজ করে দিলেন শাঁইজি আবদেল মাননান 'ফকিরী' লালনসঙ্গীতের মৌলিক তত্ত্ব, লীলা ও দেশক্রম উদ্ধার এবং বিস্তারের ভেতর দিয়ে। বিশ্বজুড়ে লালন গবেষণার প্রথাগত সমস্ত ভ্রান্ত ধরন ও ধারণাকে সবচেয়ে বড় চ্যালেঞ্জের মুখে ফেলে দিলেন শাঁইজি। তাই নেহাত গানের বই নয়, এ আকর গ্রন্থ অত্যাসন্ন মহাভাববিপ্লবের অমূল্য তত্ত্বসম্পদ ভাণ্ডার।

আবদেল মাননানের লালনবিষয়ক গ্রন্থাবলি:

- লালনদর্শন
- লালনভাষা অনুসন্ধান (দুই খণ্ড)
- গোষ্ঠে চলো হরি মুরারি (গোষ্ঠগীতিনৃত্যনাট্য)

www.rodelaprokashani.com

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অখণ্ড লালনসঙ্গীত

পটভূমি · সংগ্রহ · সংকলন · সম্পাদনা

আবদেল মাননান

পরিমার্জিত ও পরিবর্ধিত তৃতীয় সংস্করণ



রোদেলা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অখণ্ড লালনসঙ্গীত

আবদেল মাননান

© The Lalon World Society

পরিমার্জিত তৃতীয় সংস্করণ
শাঁইজির দোল পূর্ণিমা সাধুসঙ্গ ১৩ই চৈত্র ১৪১৯
মহান স্বাধীনতা দিবস ২৬ মার্চ ২০১৩

দ্বিতীয় সংস্করণ
ফাল্গুন ১৪১৬
অমর একুশে বইমেলা ২০১০

প্রথম প্রকাশ
অমর একুশে বইমেলা ২০০৯

রোদেলা # ২৮২

প্রকাশক
রিয়াজ খান
রোদেলা প্রকাশনী
ইসলামী টাওয়ার (২য় তলা)
১১/১ বাংলাবাজার ঢাকা-১১০০
সেল # ০১৭১১৭৮৯১২৫, ০১৯৭১৭৮৯১২৫

প্রচ্ছদ ও অলঙ্করণ
জাফরুল হাসান লিমন

লালন প্রতিকৃতি
জ্যোতিরিন্দ্রনাথ ঠাকুর

মুদ্রক : হেরা প্রিন্টার্স
৩০/২ হেমেন্দ্র দাস রোড, সূত্রাপুর, ঢাকা-১১০০

মূল্য : ৮০০.০০ টাকা মাত্র

AKHANDHA LALONSANGHIT Les ocures Compilies de LALON FAQIR accumulation et modification par ABDEL MANNAN. Cet est édition 2013 est pablicié dans Le Bangladesh par Riaz Khan, Rodela Publication, 11/1 Banglabazar, Dhaka-1100.

AKHANDHA LALONSANGHIT Compiled & Edited by ABDEL MANNAN, This revised 3rd edition 2013 Published by Riaz Khan, Rodela Publication, Islami tower (2nd lavel) 11/1 Banglabazar, Dhaka-1100. E-mail : rodela.prokashani@gmail.com
www.rodelaprokashani.com

Price: Tk. 800.00 only **US $ 25**

ISBN 978 984 8976 01 4 Code # 282

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সদ্‌গুরু সদর উদ্দিন আহ্‌মদ চিশতীর পাদপদ্মে
যিনি
এই
লালন-অন্ধের
অন্তর্দৃষ্টি
উন্মীলন
করেন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পরিমার্জিত তৃতীয় সংস্করণের নিবেদন

অখণ্ড লালনসঙ্গীত গ্রন্থের দ্বিতীয় সংস্করণের মুদ্রিত সব কপি ফুরিয়েছে বেশ কিছু কাল পূর্বে। নানা মহল থেকে এর পরিমার্জিত তৃতীয় সংস্করণ প্রকাশের অনুরোধ আসছে। তার উপর রয়েছে প্রকাশকের উপর্যুপরি তাগিদ। ইতোমধ্যে আমরা অবশ্য সাধক, পাঠক, গবেষক ও সমালোচক মহল থেকে নানা রকম প্রশংসা, প্রশস্তি ও প্রণোদনা যেমন পেয়েছি তেমনই নিয়েছি বিচিত্র প্রস্তাব, সংশোধনী, সমালোচনা ও পরামর্শ। কাউকেই আমরা খণ্ডিতভাবে বিবেচনা করিনি। সামগ্রিক বিচারে সবার মতামতকে এখানে যথাসম্ভব সমন্বয়ের চেষ্টা করা হয়েছে। সেজন্য দ্বিতীয় সংস্করণের সর্বাধিক সংখ্যক লালনসঙ্গীতের সংগ্রহ ছেঁকে প্রতিটি পদ বেছে বেছে পুনরায় গ্রন্থটিকে নতুনভাবে সংশোধনের কাজে অধিক মনোযোগী হই।

শাঁইজির কালাম সংগ্রহের সংখ্যা বা পরিমাণগত বাহুল্যের প্রতিযোগিতা নয়, বরং এর গুণগত মান রক্ষার বিষয়ে আমরা পূর্বের চেয়ে অধিকতর সচেতন হয়ে উঠেছি। সুতরাং গত এক বছর যাবৎ সংযুক্ত সম্পাদকমণ্ডলীর সহযোগিতায় পাঠ পর্যালোচনা ও পুনর্গবেষণার মধ্য দিয়ে আমরা উপলব্ধি করি যে, অন্য অনেক পদকর্তার পদ দ্বিতীয় সংস্করণেও রয়ে গেছে নানা কারণে। যেমন লালন শাহের পূববর্তী এবং পরবর্তী কালীন অখণ্ড নদীয়ার মহৎ পদকর্তা সাধুবর বিন্দু যাদু, ধুনাই শাহ, গোবিন গোসাঁই, যাদুবিন্দু, লালমতি শাহ, উদ্‌সে শাহ, শ্রীরূপ শাহ, নারাণ শাহ, রূপচাঁদ শাহ, জগানন্দ গোসাঁই, তিনু শাহ, দুর্দ্দু শাহ, পাঞ্জু শাহ, হালিম শাহ, বলাই শাহ, মেছের শাহ, বেহাল শাহ প্রমুখের পদ ভণিতা পরিবর্তন করে শাঁইজির ভণিতা লাগিয়ে গাইতে গাইতে সেগুলো লালনসঙ্গীতের পরিচয়ে সাধক-গায়কসহ গবেষক মহলের শ্রুতিস্মৃতি দখল করে নিয়েছে। যা সহজে শোধরানো সম্ভব নয়। এমন জটিলতার ঘূর্ণিপাকে বসে আমরা নিরাবেগ বোঝাপড়ার মাধ্যমে লালনসঙ্গীতকে নৈর্ব্যক্তিকভাবে পুনর্সঙ্কলনের প্রয়াস চালিয়েছি এখানে।

অতএব, গ্রন্থটির পরিমার্জিত তৃতীয় এ সংস্করণে নতুন কোনও পদ যুক্ত না করে বরং সংযুক্ত সম্পাদকমণ্ডলীর সিদ্ধান্তক্রমে পূর্বের সংগ্রহ থেকে ৪০টি পদ বাদ দেয়া হলো যা ফকির লালন শাহের নয়, অন্য সাধুদের পদাবলি বলে প্রমাণিত। শাঁইজির সঙ্গীত নিয়ে বিতর্ক ও ফ্যাসাদ থেকে বেরিয়ে আসার সম্ভবত এটাই উত্তম পন্থা।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লালনতত্ত্ব, লালনলীলা ও লালনদেশ রহস্যের দর্শনগত শুদ্ধতা নিররূপণ না করে শুধু পরিমাণগত বাহুল্য দিয়ে বাজারী প্রতিযোগিতা কোনও সাধুর কর্ম নয়। প্রচলিত ভুলভ্রান্তি সংশোধন, বিশোধন ও সুসম্পাদনাই আমাদের গুরুদায়। তথাপি এমন দাবি আমরা করি না যে, এখানেই এর সংশোধন ও সংস্করণ প্রয়াসের অবসান হলো। বরং ভবিষ্যত সংস্করণে গুণগত উৎকর্ষ বৃদ্ধি ও শুদ্ধতা রক্ষাকল্পে আমরা সবার প্রয়োজনীয় পরামর্শ ও সহযোগিতা প্রত্যাশা করি।

অখণ্ড লালনসঙ্গীত যেমন সাধক-গবেষকদের জন্য একটি মৌলিক আকর গ্রন্থ তেমনি এর গায়ক ও প্রচারকগণ দীর্ঘদিন ধরে দাবি জানিয়ে আসছেন, এক পৃষ্ঠার ঠাস বুননে তিনটি করে পদ সন্নিবেশিত না করে তার পরিবর্তে পৃষ্ঠাপ্রতি পৃথকভাবে একটি করে কালাম সন্নিবেশিত করার জন্য। তাই ৪৭২ পৃষ্ঠার দ্বিতীয় সংস্করণ থেকে তৃতীয় সংস্করণে পৌছে গ্রন্থটির পৃষ্ঠা সংখ্যা বেড়ে দাঁড়ালো ১০৫৬ তে। সুতরাং মুদ্রণ ব্যয় বৃদ্ধির ফলে মূল্য গ্রন্থটির বাড়ানো ব্যতীত প্রকাশকের সামনে অন্য উপায়ও নেই।

পরিমার্জিত এ তৃতীয় সংস্করণের সংশোধনকর্মে ফকির আবুল শাহ্ একটানা বহুদিন বহুরাত সময় দিয়ে আমাকে সহযোগিতা করেছেন। তালিকা তৈরি করে সাহায্য যুগিয়েছেন মোহাম্মদ নিয়ামত আলী সাহেব। পরিমার্জিত সংস্করণের আঙ্গিক পরিবর্তনসহ প্রচ্ছদ চিত্রণ করেছেন শিল্পী জাফরুল হাসান লিমন। অক্ষর বিন্যাসে খোরশেদ আলম সবুজ ও মেহেদী অনেক পরিশ্রম করেছেন। এদের সবার কাছে আমি ঋণী। পরিমার্জিত ও পরিবর্ধিত এ সংস্করণ পাঠক-সাধকদের সহায়ক হলে আমাদের শ্রম সার্থক হয়।

আবদেল মাননান

১ ফেব্রুয়ারি ২০১৩

সদর দরজা
৩৭ আল আমিন রোড
গ্রীন রোড
ঢাকা-১৫০৭

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দ্বি তী য় সং স্ক র ণে র নি বে দ ন

২০০৯ সালের ফেব্রুয়ারি মাসে প্রকাশের প্রথম সাত মাসেই 'অখণ্ড লালনসঙ্গীত' প্রথম সংস্করণের সব কপি বিক্রি হয়ে যায়। প্রকাশক সেই থেকে নিয়মিত তাগিদ দিয়ে চলেছেন নতুন সংস্করণের জন্যে। প্রথম সংস্করণে যেসব অনিচ্ছাকৃত ভুলত্রুটি ছিল সেগুলো শুধরে নেয়া বেশ সময় ও ধৈর্যসাপেক্ষ কাজ। তাছাড়া নতুন করে সংগৃহীত শাঁইজির কালামগুলো এ সংস্করণে সংযুক্ত করাটাও গুরুত্বপূর্ণ বিষয়।

দ্বিতীয় এ সংস্করণে শাঁইজির আরও তিনটি কালাম সংযুক্ত করা হলো। তাতে আমাদের সংগৃহীত লালনসঙ্গীতের সর্বশেষ সংখ্যা ৯০৪এ গিয়ে দাঁড়ালো। এ পর্যন্ত বিশ্বে সর্বাধিক সংগৃহীত লালনসঙ্গীত সংখ্যার এটাই চূড়ান্ত রেকর্ড।

'সংযোজন' শিরোনামে নতুন অধ্যায়ে নতুনভাবে সংগৃহীত কালামগুলো সংযোজিত করা হলো 'দেশ' বিভাজন অনুসারে। আমাদের সংগ্রহকর্ম অব্যাহত আছে এখনও। ভবিষ্যত সংস্করণসমূহেও আমাদের এ সংযোজনক্রিয়া অব্যাহত থাকবে।

গ্রন্থের শেষভাগে 'আলোচন' অধ্যায়ে জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত গ্রন্থ সমালোচকদের দুটি অভিমত সংযুক্ত করা হলো।

ফকির লালন শাঁইজির কালাম নিয়ে দেশবিদেশে যে গভীর আগ্রহ ক্রমান্বয়ে তৈরি হচ্ছে তাকে বিকশিত করে তোলার আত্মিক দায়বোধ থেকে আমরা এ কর্মে নিবেদিত রয়েছি। শাঁইজির কাঙ্ক্ষিত শান্তিময় একবিশ্ব প্রতিষ্ঠার সংগ্রাম আরও বেগবান হোক।

ভক্তিসহ

আবদেল মাননান

২০ জানুয়ারি ২০১০

লালন বিশ্বসংঘ

আখড়াবাড়ি, চট্টগ্রাম-৪০০০

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্র কা শ কে র নি বে দ ন

আনন্দের সমাচার ২০০৯ সালে একুশের বইমেলায় সাধু আবদেল মাননানের 'অখণ্ড লালনসঙ্গীত', 'লালনদর্শন' ও 'লালনভাষা অনুসন্ধান' দুইখণ্ডসহ মোট চারটি অতিউচ্চ মানসম্পন্ন গ্রন্থ রোদেলা পাঠকের হাতে তুলে দিচ্ছে একত্রে। ফকির লালন শাহের উপর একসাথে এতগুলো মৌলিক-গবেষণাগ্রন্থ ইতোপূর্বে আর কেউ প্রকাশ করেছে বলে আমাদের জানা নেই। কোনও শ্লাঘা নয়, এটাই আমাদের প্রধানতম কাজ।

এ পর্যন্ত যতগুলো লালনসঙ্গীত সংগ্রহ ও সঙ্কলন গ্রন্থিতরূপে বাজারে এসেছে সবকটির সংগ্রহ সংখ্যার পুরনো রেকর্ড ভেঙে সর্বাধিক ৯০১টি কালাম সমৃদ্ধ 'অখণ্ড লালনসঙ্গীত' সংগ্রহ আমরাই পাঠক সমীপে প্রথম নিবেদন করলাম। এ পর্যন্ত প্রকাশিত সর্বাধিক সংখ্যক আদি লালনসঙ্গীত পাঠকদের হাতে পৌঁছে দেয়া মোটেই সহজ কাজ নয়।

পাশাপাশি লোকোত্তর দর্শনের আলোকে রচিত আবদেল মাননানের 'লালনদর্শন' নামক গ্রন্থটি পাঠককে গভীরতর শুদ্ধজ্ঞানের ধারায় সম্যক লালনজ্ঞান আহরণে যেমন সহায়ক হবে তেমনই দুখণ্ডে বিন্যস্ত 'লালনভাষা অনুসন্ধান' স্বর ও ব্যঞ্জন বর্ণানুক্রমিক শৃঙ্খলায় লালনভাব -সাধুভাষাবাক্যের সংজ্ঞা ও রূপক অর্থ অনুধাবনের আভিধানিক প্রয়াসও লালন গবেষণার ইতিহাসে নতুনতর মাত্রাযোগ করেছে। লালনসঙ্গীতের পাশাপাশি তাঁর দর্শন এবং অর্থ নির্দেশনা সমৃদ্ধ সার্বিক এ সুসমঞ্জস উপস্থাপনা লালনপ্রেমী রসিক-পাঠকদের পক্ষে নিশ্চয় বাড়তি পাওনা।

রোদেলা'র প্রকাশনা মানের গুরুত্ব বিচারে অবশ্য 'লালন শাঁইজি' সর্বশীর্ষতম বিষয়। ২০০৯ সালে বাংলা একাডেমীর একুশে বইমেলায় এই শীর্ষমানের নান্দনিক উপস্থাপনাই রোদেলার 'লালন প্যাভেলিয়ান'। এতদিন ধরে যে লালনকে আমরা জেনে শুনে এসেছি কবি আবদেল মাননান সেসব বদ্ধমূল ভ্রান্ত ধারণা একেবারে উল্টে দিলেন। রহস্যাবৃত অন্য এক লালনকে তিনি উন্মোচন করলেন যাঁকে পৃথিবীর মানুষ এমনভাবে আর কখনও দেখেনি। শুধু তাই নয়, বাজার চলতি সব লালন গবেষণা-প্রকাশনাকেও সাধু বড় রকমের এক চ্যালেঞ্জ ছুঁড়ে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দিলেন। এতদিন যাবৎ লালনের নামে কাঠমোল্লা শ্রেণী ও কলোনিয়াল বুদ্ধিজীবীদের আরোপিত ভ্রান্ত সব মতান্ধতা সম্পূর্ণভাবে খারিজ করে দিলেন তিনি। দুঃসাহসী সাধক আবারও হাতে কলমে প্রমাণ করলেন, লালনচর্চার প্রাণভোমরা তাঁর 'দেলকোরান'। ফকির লালন শাহ্‌কে স্থূল ভাগাভাগির ঘেরাটোপ থেকে সযত্নে বের করে এনে তিনি সম্পূর্ণ স্বাধীন সার্বভৌম মর্যাদায় প্রতিষ্ঠা দিলেন। তাঁর আগে এত গভীর দরদ, ভক্তি আর দিব্যদৃষ্টি দিয়ে ফকির লালনকে দেখার চোখ আর কোনও বাঙালি কবির হয়নি।

বিলম্বে হলেও এ সাধু কবির অন্তর্লীন লালনচর্চাকে আমরা সহৃদয় পাঠকের হাতে তুলে দিতে পেরে স্বস্তিবোধ করছি। সেই সাথে দীর্ঘকালীন গবেষণা কাজে যে সাধু-সুধীগণ উদার হৃদয়ে পৃথিবীর বিরলপ্রজ এ গবেষককে সাহায্য-সহযোগিতা করেছেন তাঁদের প্রতিও নিবেদন করছি রোদেলা'র বিনম্র ভক্তি।

প্রকাশক

১৫.০২.২০০৯
ঢাকা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কৈ ফি য় ত

ফকির লালন শাহের সূক্ষ্মাতিসূক্ষ্ম তত্ত্ব, লীলা ও দেশ তথা দেহভিত্তিক মহাসঙ্গীত উদ্যানে মালাগাঁথার এ মালিকাগিরি শুরু হয়েছিল একযুগেরও অধিক সময়কাল পূর্বে। সেই উত্থানপতন বহুল দীর্ঘ কাহিনি বলার জায়গা অবশ্য এটা নয়। ২০০৬ সালে হঠাৎ বাংলাবাজার ঢাকার 'নালন্দা প্রকাশনী'র রেদোয়ান রহমান জুয়েল আমার সঙ্কলিত ও সম্পাদিত 'অখণ্ড লালনসঙ্গীত' গ্রন্থের প্রাথমিক প্রস্তুতিপর্বের পাণ্ডুলিপিটি 'লালনসমগ্র' নামে ছেপে বাজারজাত করে। 'অখণ্ড লালনসঙ্গীত'কে উক্ত প্রকাশনী 'লালনসমগ্র' নামারোপ করে ছাপে সম্পূর্ণ অনৈতিকভাবে, আমার ইচ্ছার বিরুদ্ধেই। এতে নালন্দার অর্বাচীন প্রকাশকের 'লালনপ্রেম' নয়, বাণিজ্যবুদ্ধিই বড় ছিল মনে হয়। দু'বছর আগেকার অসম্পূর্ণ সূচিপত্র, অগোছালো পাণ্ডুলিপিটি 'লালনসমগ্র' নামক গ্রন্থের মোড়কে বাজারে ছেড়ে উক্ত প্রকাশক বেশ মুনাফা লুটলেও ক্ষতিটি করেছে শাঁইজির ভাবদর্শন প্রচারের মিশনের। কারণ ওর দেখাদেখি ইদানিং আরও অনেকে 'লালনসমগ্র' ব্যবসায় নেমেছে।

শাঁইজির মহাশক্তিমান জীবন্ত অস্তিত্বকে দূরে ফেলে রেখে নিরস কাগুজে স্তূপকে 'লালনসমগ্র' বলে প্রচারণার মাধ্যমে শাঁইজির সামগ্রিকতাকে খণ্ডিত করা লালনাদর্শের সম্পূর্ণ পরিপন্থি। পরিহাসের বিষয়, শাঁইজির সর্বকালীন জীবন্ত অস্তিত্বশীলতা তথা একজন সম্যক গুরুর সাত্তিক উপস্থিতি ব্যতীত শুধু ছাপানো কাগজের ফর্মা দিয়ে কীরূপে 'ফকির' লালন শাহের সমগ্রতা বা পূর্ণতা অভিব্যক্ত হতে পারে তা আমার এ ক্ষুদ্রবুদ্ধিতে কখনও কুলায় না। অন্য সব রমরমা বাজারি সাহিত্যিকদের 'রচনাসমগ্র' মার্কা বাণিজ্যিক সংস্করণবুদ্ধি শাঁইজি লালনের মত বেনেয়াজ-মোহবিমুক্ত মহাসত্তার উপর আরোপ করা ঘোরতর মহাঅপরাধ। তাছাড়া ওই প্রকাশকের অযত্নপ্রসূত তাড়াহুড়োর কারণে সে গ্রন্থের প্রায় প্রত্যেকটি গানে ভুলের এত ছড়াছড়ি যে, নিজে পড়তেই কষ্ট পাই। পাঠকের কথা ভাবলে লজ্জায় মাথা হেঁট হয়ে আসে। তাই ব্যথিত পরাণে শাঁইজিকে বলি: 'ক্ষমো অপরাধ ওহে দীননাথ, কেশে ধরে আমায় লাগও কিনারে..."।

তৃণমূল পর্যায়ে দীর্ঘদিনের শ্রমসাধ্য সংগ্রহকর্ম ও সম্পাদনা পর্ষদের সহযোগে ফকির লালন শাঁইজির ৯০১টি গানের সংগৃহীত এ পূর্ণাঙ্গ সংকলন গ্রন্থ 'অখণ্ড লালনসঙ্গীত' নামে এ প্রথমবার প্রকাশ পেল। শাঁইজির এ 'অখণ্ড'তা তত্ত্বগত, লীলাগত এবং

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মনোদেহসত্তাগত। রোদেলা'র রিয়াজ খান লালনকাতর প্রকাশক বলেই আমার মত উড়োমানুষকে দিয়ে এমন অসাধ্যসাধন সাধলেন। এতে বহুদিনের ভোগান্তির অবসান হলো। ভ্রান্তধারণামূলক 'লালনসমগ্র' বাণিজ্যের বিপরীতে সহৃদয় সাধক-পাঠক মহল অবশ্য স্বস্তিবোধ করবেন শুদ্ধধারায় 'অখণ্ড লালনসঙ্গীত' পাঠে, গানে ও জ্ঞানে।

বাজারে মেদবহুল যত লালনসঙ্গীত গ্রন্থাকারে চালু আছে তার প্রায় সবই উপস্থাপনার দর্শনগত বিরোধ আর প্রয়োগিক গোলমালে ঠাসা। শাঁইজির আদি ধরনকরণসিদ্ধ সাধুভাবের লালনসঙ্গীত সঙ্কলন গ্রন্থাকারে এ প্রথম আমরাই তুলে ধরার সাধ্যায়ত্ত চেষ্টা করলাম। ফকির লালন শাহ্ এমন বিশাল ও বিশেষ এক বিষয় যে, তাঁর সাধনসঙ্গীত নির্ভুল ঘরানায় সঠিকভাবে সঙ্কলিত করা কোনও পণ্ডিতমন্য ব্যক্তির সাধ্য নয়। এ কারণে দেখা যায়, বাজারচলতি 'লালন সঙ্গীত' ও 'লালনসমগ্র'গুলো নানা সস্তা ফাঁকিবাজি আর উপরি চালাকির গণ্ডগোলে ভরপুর। পাশ্চাত্যধর্মী প্রাতিষ্ঠানিক ঘরানার খ্যাতিযশধারি যত ডক্টর-প্রফেসর লালনসঙ্গীত সংগ্রাহক-সম্পাদক আছেন তারা সবাই যেমন আমিত্বের অহঙ্কারবশে গোলে 'হরিবোল' পটিয়সী তেমনই ছেউড়িয়ার আনোয়ার হোসেন মন্টুর মত তত্ত্ববোধশূন্য স্বঘোষিত ফকিরও নিজের মেজাজ-মর্জিমত তিনখণ্ডে 'লালনসঙ্গীত' বের করে শাঁইজির শানমান হানিকর বেয়াদপি করে বসে। মাঝারিদের কথা অবশ্য লেখাই বাহুল্য।

আমাদের প্রয়াস আত্মদর্শনমূলক সম্যক গুরুমুখী সাধনার তাত্ত্বিক ও প্রায়োগিক পথ পদ্ধতি অবলম্বনে আদিধারার ফকিরী ঘরানা 'গুরু লালন শাহী মোস্তানি' (Resilience) যাকে বাংলায় বলা যেতে পারে 'সাধুর সুদর্শন পুনরুদ্ধারকল্প'। ভালমন্দ গ্রহণবর্জনের সব ভার থাকল তত্ত্বজ্ঞানী সাধক, পাঠক, ঘটক, অনুঘটক, সুধী ও সুজনদের হাতে।

শাঁইজির কালামগুলো সাধুসঙ্গের ঐতিহ্যে শুদ্ধরূপে বিন্যাসের প্রয়োজনে প্রবীণ স্মৃতিশ্রুতিধর প্রাজ্ঞ পাঁচজন সাধক এবং তিনজন তরুণ গবেষকের সমন্বয়ে মোট নয় সদস্য ঘনিষ্ট 'সংযুক্ত সম্পাদনা পর্ষদ' গঠন করা হয় পাঁচ বছর পূর্বে। যার সদস্য সংখ্যা আমিসহ দাঁড়ায় সর্বমোট দশজনে। এটা টোটাল টিম ওয়ার্কের ফসল। শাঁইজির সংগৃহীত প্রতিটি কালাম সূক্ষ্মপন্থায় শ্রবণ, পঠন, পুনর্পাঠ, বিচার-বিশ্লেষণ ও পর্যালোচনার ভিত্তিতে গ্রন্থভুক্ত করা হয় চূড়ান্ত পর্যায়ে। ইতোপূর্বে আর কখনও এমন একক ও যৌথ পদ্ধতিতে শাঁইজির কালাম সঙ্কলিত বা সম্পাদিত হয়নি কোথাও। বিগত প্রায় দুশো বছরের অবহেলা ও বিস্মৃতির কবল থেকে এখানে শাঁইজির বিলুপ্তপ্রায় শতাধিক দুর্লভ কালাম উদ্ধারের মাধ্যমে সঙ্কলিত হয়েছে। ফলে শাঁইজির সঙ্গীতভাণ্ডার সংখ্যায় ও গুণে আরও সমৃদ্ধতর হলো। এতে লালনপিয়াসী রসিক সাধক-পাঠকের আত্মিক তৃষ্ণা নিবারণের বাড়তি সুযোগ মিলবে আশা করি।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কোনও কোনও প্রবীণ সাধুর মুখে শুনেছি, শতবর্ষ আগে লালন শাঁইজির কয়েক হাজার কালাম সাধুসংঘে গীত হতো। অথচ লিখিত বা মুদ্রিতরূপে সাড়ে সাত কি সাড়ে আটশোর অধিক কালাম কোথাও সংরক্ষিত হয়নি। শাঁইজি সদানন্দ সাধুভাব থেকে গেয়ে উঠতেন তাঁর এক একটি কালাম। আমাদের মত লেখালেখি বা সংরক্ষণের কোনও প্রয়োজন তিনি বোধ করেননি। তাঁর পরিশুদ্ধ মুক্তসত্তা থেকে এলহামযোগে স্বতোৎসারিত চিরন্তন কোরানের বাণী সাধুসঙ্গে সুর, তাল, মাত্রা ও লয়যোগে সাথে সাথেই প্রকাশ করতেন শাঁইজি। তখন প্রেমিক-ভক্তজন তাঁর মুখনিসৃত গুরুবাণী সুর ধরে গেয়ে গেয়ে মূলত শ্রুতিস্মৃতির মধ্যে সংরক্ষণ করতেন। এভাবেই শতশত বছর ধরে শ্রুতিলব্ধ-স্মৃতিজাত শাঁইজির হাজারও কালাম সাধু-ভক্তগণ বংশপরম্পরায় রক্ষা করে এসেছেন গভীরতর ভক্তিপ্রেমে। রাষ্ট্রযন্ত্র, বিশ্ববিদ্যালয়, মিডিয়া বা কাঠমোল্লাতন্ত্র একে কখনও সংরক্ষণ যেমন করেনি আবার একেবারে ধ্বংস করে ফেলতেও পারেনি।

এমন অভিযোগও অবশ্য কেউ কেউ তোলেন, অন্য পদকর্তাদের গান লালন নামের ভনিতা দিয়ে চালানো হচ্ছে। তাদের যুক্তিতর্ক খুবই খণ্ডিত ও সংকীর্ণতাদুষ্ট। কারণ অন্য পদকর্তা-সাধকগণের রচিত ভাবসঙ্গীতের সাথে মৌলিকভাবে লালনসঙ্গীতের দার্শনিক গাঠনিক ধরনধারণ ও গুণমানগত পার্থক্য অন্ধকারবেষ্টিত আলোর মত অত্যন্ত সুস্পষ্ট। সঙ্গীতে শাঁইজি তাঁর তত্ত্বকথা অতিসংক্ষিপ্ত আকারে চুম্বক কথায় অনায়াসে তুলে ধরেন। বিরল পারদর্শিতায় তাঁর প্রত্যেক বাক্যে মৌলিক যে দর্শনদেশনা সূক্ষ্মধারায় উঠে আসে তা সর্বকালীন ও সর্বজনীন কোরানের জীবনদর্শনের সমার্থক ভাবধারা বিজড়িত। ফকির লালন শাহ্ নির্দেশিত গুরুভক্তিযোগে এবং জ্ঞানযোগে আত্মদর্শন দ্বারা সুনির্দিষ্ট ও বিশেষ ধারায় আত্মিক সাধনা করলে পরিশেষে তাঁর সঙ্গীতলক্ষণের আসলনকল পার্থক্য স্বাচ্ছন্দে বুঝে নেয়া যায়। এখানে আমরা আত্মদর্শনমূলক গুরুবাদী-জ্ঞানবাদী পদ্ধতির মিলিত প্রয়োগ করেছি, মোটেও পাণ্ডিত্যের নয়। দুধে টক দেয়ামাত্র ঘোল থেকে ননী যেমন নিমেষে আলাদারূপে ভেসে ওঠে লালনসম্মত গুরুমুখী সালাত প্রয়োগে আমরাও তেমন পুরনো অলঙ্কার থেকে খাদ সরিয়ে আসল সোনা উদ্ধারের কষ্টসাধ্য অভিযান চালিয়েছি। বস্তুত এ কারণেই অন্যান্য লালনসঙ্গীত সঙ্কলন থেকে আমাদের এ গুরুকর্ম একেবারে ভিন্ন চারিত্র্যের। শাঁইজির কালামে পাই :

দুগ্ধে বারি মিশাইলে
বেছে খায় রাজহংস হলে
কারও সাধ যদি হয় সাধনবলে
হও গো হংসরাজের ন্যায়
সামান্যে কি তাঁর মর্ম জানা যায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এ নিছক গান বা কাব্যভান নয়। জীবন্তভাবে প্রযোজ্য পথ ও পদ্ধতি যা আমাদের তত্ত্ব ও চর্চার সাথে একসূত্রে সংযুক্ত করে। দুধ ও পানি একপাত্রে মিশিয়ে দিলেও রাজহাঁস জল থেকে দুধকে যেমন পৃথক করে শুঁষে নেয় আমরাও শাঁইজির শুদ্ধভাবময় রাজহাঁসের মত অশুদ্ধি, বিকৃতি আর বিভ্রান্তির সমুদ্রমন্থন করে অমূল্য মণিমাণিক্য উদ্ধার করে এ গ্রন্থটি তিলে তিলে সাজিয়েছি।

এতদিন যাবৎ আরোপিত ঝুট-জঞ্জালগুলো সরিয়ে আমরা জগত গুরু ফকির লালন শাঁইজির আদি ও অকৃত্রিম সত্যবাণী বিশ্ববাসীর সামনে আবার তুলে ধরলাম। আমাদের মূল লক্ষ্য শাঁইজির আদি ভাবদর্শন সমাজে পুনর্সঞ্চারিত করে একে বিকাশমান রাখা। এ ধারায় পর্যায়ক্রমে হিংসা ও সাম্প্রদায়িকতাদুষ্ট রাষ্ট্র, সীমান্ত, সেনাবাহিনী, আগ্রাসন, যুদ্ধ, শোষণ, বৈষম্য, নিপীড়ন ও সাম্রাজ্যবাদী রাহুমুক্ত একটি শান্তিময় 'লালনবিশ্ব' প্রতিষ্ঠার অখণ্ড পথ কাঁটামুক্ত করাই আমাদের সাধনা। আমাদের সমস্ত প্রয়াসই এ অঙ্গীকারে বিকাশমান একটি বিশ্বমিশন।

শাঁইজির মহাসত্যভাব বিকাশে এ সাধনা তথা গবেষণা সাধক ও পাঠকদের সহায়ক হলে আমাদের নিবেদন পূর্ণতা পাবে।

AMARBOI.COM

আত্মিক শুভেচ্ছাসহ

আবদেল মাননান

১ ফেব্রুয়ারি ২০০৯

৫১ বি কে দাস রোড

ফরাশগঞ্জ, ঢাকা-১১০০

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সূচিপত্র

সম্পাদনা প্রসঙ্গে ৪৯
পটভূমি ৫৩

নূর তত্ত্ব ১১৫–১৩৮
তত্ত্বভূমিকা ১১৭
অ
০১. অজান খবর না জানিলে কিসের ফকিরী ১২৩
আ
০২. আছে ভাণ্ডে কত মধুভরা ১২৪
০৩. আমি নূরের খবর বলি শোনরে মন ১২৫
০৪. আল্লাহ্‌র বান্দা কিসে হয় ১২৬
ক
০৫. কারে শুধাই মর্মকথা কে বলবে আমায় ১২৭
জ
০৬. জান গে যা নূরের খবর ১২৮
০৭. জানা উচিত বটে দুটি নূরের ভেদ বিচার ১২৯
ত
০৮. তোমার নিগূঢ়লীলা সবাই জানে না ১৩০
দ
০৯. দেখ নূরের পেয়ালা ১৩১
ন
১০. না ছিল আসমানজমিন পবনপানি ১৩২
১১. নিরাকারে একা ছিল ১৩৩
১২. নিরাকারে দুইজন নূরী ১৩৪
শ
১৩. শাঁইয়ের নিগূঢ়লীলা বোঝার ১৩৫
১৪. শাঁইর লীলা দেখে লাগে চমৎকার ১৩৬
১৫. শুনি গজবে বারী ১৩৭
১৬. শুনি নীরে নিরঞ্জন হলো ১৩৮

নবী তত্ত্ব ১৩৯–১৮৮
তত্ত্বভূমিকা ১৪১
অ
১৭. অপারের কাণ্ডার নবীজি আমার ১৪৫

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আ
১৮. আছে দ্বীনদুনিয়ায় অচিন মানুষ একজনা ১৪৬
১৯. আলিফ লাম মিমেতে কোরান তামাম শেধি লিখেছে ১৪৭
২০. আহাদে আহ্‌মদ এসে নবী নাম কে জানালে ১৪৮
২১. আয় গো যাই নবীর দ্বীনে ১৪৯
২২. আয় চলে আয় দিন বয়ে যায় ১৫০
ঐ
২৩. ঐহিকের সুখ কয়দিনের বল ১৫১
ক
২৪. কী আইন আনিলেন নবী ১৫২
২৫. কীর্তিকর্মার খেলা ১৫৩
খ
২৬. খোদ খোদার প্রেমিক যে জনা ১৫৪
২৭. খোদার বান্দা নবীর উম্মত ১৫৫
ড
২৮. ডুবে দেখ দেখি মন ১৫৬
২৯. ডুবে দেখ দেখি নবীর দ্বীনে ১৫৭
দ
৩০. দয়া করে অধমেরে জানাও নবীর দ্বীন ১৫৮
ন
৩১. নজর একদিক দিলে ১৫৯
৩২. নবী এ কী আইন করিলেন জারি ১৬০
৩৩. নবীজি মুরিদ কোন ঘরে ১৬১
৩৪. নবীজি মুরিদ হইল ১৬২
৩৫. নবী দ্বীনের রসুল ১৬৩
৩৬. নবী না চিনলে কি আল্লাহ পাবে ১৬৪
৩৭. নবী না চিনলে সে কি ১৬৫
৩৮. নবী বাতেনেতে হয় অচিন ১৬৬
৩৯. নবী মেরাজ হতে এলেন ঘুরে ১৬৭
৪০. নবী সাবুদ করে লও তাঁরে চিনে ১৬৮
৪১. নবীর আইন পরশরতন ১৬৯
৪২. নবীর আইন বোঝার সাধ্য নাই ১৭০
৪৩. নবীর তরিকতে দাখিল হলে ১৭১
৪৪. নবীর নূরে সয়াল সংসার ১৭২
৪৫. নিগূঢ়প্রেম কথাটি তাই আজ আমি ১৭৩

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প
৪৬. পড় নামাজ আপনার মোকাম চিনে ১৭৪
৪৭. পড় মনে ইবনে আবদুল্লাহ্ ১৭৫
ভ
৪৮. ভজ মুর্শিদের কদম এইবেলা ১৭৬
৪৯. ভজরে মন জেনে শুনে ১৭৭
৫০. ভবে কে তাঁহারে চিনতে পারে ১৭৮
ম
৫১. মন কি ইহাই ভাব ১৭৯
৫২. মন দস্তখত নবুয়ত যাহার হবে ১৮০
৫৩. মনের ভাব বুঝে নবী মর্ম খুলেছে ১৮১
৫৪. মোর্শেদ বিনে কী ধন আর ১৮২
৫৫. মোর্শেদের ঠাঁই নে নারে তাঁর ভেদ বুঝে ১৮৩
৫৬. মেরাজের কথা শুধাই কারে ১৮৪
য
৫৭. যদি ইসলাম কায়েম হত শরায় ১৮৫
র
৫৮. রসুলের ভেদমর্ম জানা ১৮৬
ল
৫৯. লা ইলাহা কলেমা পড় ১৮৭
শ
৬০. শুনি নবীর অঙ্গে জগত পয়দা হয় ১৮৮

র সু ল ত ত্ত্ব ১৮৯-২১৬
তত্ত্বভূমিকা ১৯১
আ
৬১. আছে আল্লাহ্ আলে রসুলকলে ১৯৫
৬২. আশেক বিনে রসুলের ভেদ ১৯৬
এ
৬৩. এমন দিন কি হবেরে আর ১৯৭
ক
৬৪. করিয়ে বিবির নিহার রসুল আমার ১৯৮
ত
৬৫. তোমার মত দয়াল বন্ধু ১৯৯
৬৬. তোরা দেখরে আমার ২০০

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দ
৬৭. দিবানিশি থেক ২০১
৬৮. দেলকেতাব খুঁজে দেখ মোমিন চাঁদ ২০২
ঢ
৬৯. ঢুড় কোথায় মক্কা মদিনে ২০৩
প
৭০. পাক পাঞ্জাতন নূরনবীজি ২০৪
ভ
৭১. ভুলো না মন কারও ভোলে ২০৫
ম
৭২. মদিনায় রসুল নামে ২০৬
৭৩. মানবদেহের ভেদ জেনে ২০৭
৭৪. মুখে পড়রে সদাই ২০৯
৭৫. মোহাম্মদ মোস্তফা নবী ২১০
য
৭৬. যে জন সাধকের মূলগোড়া ২১১
র
৭৭. রসুলকে চিনলে পরে ২১২
৭৮. রসুল কে তা চিনলে নারে ২১৩
৭৯. রসুল যিনি নয়গো তিনি ২১৪
৮০. রসুল রসুল বলে ডাকি ২১৫
৮১. রসুলের সব খলিফা কয় ২১৬

কৃ ষ্ণ লী লা ২১৭-২৯৬
লীলাভূমিকা ২১৯
অ
৮২. অনাদির আদি ২২৩
আ
৮৩. আজ কী দেখতে এলি গো ২২৪
৮৪. আজ ব্রজপুরে কোন পথে যাই ২২৫
৮৫. আমার মনের মানুষ নাই যেদেশে ২২৬
৮৬. আমি কার ছায়ায় দাঁড়াই বল ২২৭
৮৭. আমি তাঁরে কি আর ভুলতে পারি ২২৮
৮৮. আমি যাঁর ভাবে আজ মুড়েছি মাথা ২২৯
৮৯. আর আমারে মারিসনে মা ২৩০

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯০. আর আমায় বলিস নারে ২৩১
৯১. আর কতকাল আমায় কাঁদাবি ২৩২
৯২. আর কি আসবে সেই কেলেশশী ২৩৩
৯৩. আর তো কালার ২৩৪
এ
৯৪. এ কী লীলে মানুষলীলে ২৩৫
৯৫. এখন কেনে কাঁদছ রাধে বসে নির্জনে ২৩৬
৯৬. এ গোকুলে শ্যামের প্রেমে ২৩৭
ঐ
৯৭. ঐ কালার কথা কেন ২৩৮
ও
৯৮. ওগো বৃন্দে ললিতে ২৩৯
৯৯. ওগো রাইসাগরে নামল শ্যামরাই ২৪০
১০০. ও প্রেম আর আমার ভাল লাগে না ২৪১
ক
১০১. করে কামসাগরে এই কামনা ২৪২
১০২. কাজ নাই আমার দেখে দশা ২৪৩
১০৩. কানাই একবার ব্রজের দশা ২৪৪
১০৪. কার ভাবে এ ভাব তোররে ২৪৫
১০৫. কার ভাবে এ ভাব হারে জীবন কানাই ২৪৬
১০৬. কালা বলে দিন ফুরাল ২৪৭
১০৭. কালার কথা আর আমায় বল না ২৪৮
১০৮. কালো ভাল নয় কিসে বল সবে ২৪৯
১০৯. কী ছার মানে মজে ২৫০
১১০. কী ছার রাজত্ব করি ২৫১
১১১. কৃষ্ণপ্রেমের পোড়াদেহ ২৫২
১১২. কৃষ্ণ বলে শোন লো গোপীগণ ২৫৩
১১৩. কৃষ্ণ বিনা তৃষ্ণাত্যাগী ২৫৪
১১৪. কে বোঝে কৃষ্ণের অপার লীলে ২৫৫
গ
১১৫. গোপালকে আজ মারলি গো মা ২৫৬
চ
১১৬. চেনে না যশোদা রাণী ২৫৭
ছ
১১৭. ছি ছি লজ্জায় প্রাণ বাঁচে না ২৫৮

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জ
১১৮. জয়কেতে শ্যাম দাঁড়িয়ে ২৫৯
১১৯. জান গা যা সেই রাগের করণ ২৬০
ত
১২০. তুমি যাবে কিনা যাবে হরি ২৬১
১২১. তোমা ছাড়া বল কারে রাই ২৬২
১২২. তোমরা আর আমায় ২৬৩
১২৩. তোর ছেলে গোপাল ২৬৪
দ
১২৪. দাঁড়া কানাই একবার দেখি ২৬৫
ধ
১২৫. ধন্যভাব গোপীর ভাব আ মরি মরি ২৬৬
১২৬. ধর গো ধর সখী ২৬৭
ন
১২৭. নামটি আমার সহজ মানুষ ২৬৮
১২৮. নারীর এত মান ভাল নয় গো কিশোরী ২৬৯
প
১২৯. প্রেম করা কী কথার কথা ২৭০
১৩০. প্রেম করে বাড়িল দ্বিগুণ জ্বালা ২৭১
১৩১. প্রেমবাজারে কে যাবি তোরা ২৭২
১৩২. প্রেম শিখালাম যারে হাত ধরি ২৭৩
১৩৩. প্যারী ক্ষমো অপরাধ আমার ২৭৪
ব
১৩৪. বড় অকৈতব কথা ২৭৫
১৩৫. ব্রজলীলে এ কী লীলে ২৭৬
ভ
১৩৬. ভেব না ভেব না ও রাই আমি এসেছি ২৭৭
ম
১৩৭. মন সামান্যে কি তাঁরে পায় ২৭৮
১৩৮. মনের কথা বলব কারে ২৭৯
১৩৯. মা তোর গোপাল নেমেছে কালিদয় ২৮০
১৪০. মাধবী বনে বন্ধু ছিল সই লো ২৮১
য
১৪১. যাও হে শ্যাম রাইকুঞ্জে আর এসো না ২৮২
১৪২. যাবরে ও স্বরূপ কোনপথে ২৮৩

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪৩. যাঁর ভাবে আজ মুড়েছি মাথা ২৮৪
১৪৪. যে অভাবে কাঙ্গাল হলাম ওরে ছিদাম দাদা ২৮৫
১৪৫. যে দুঃখ আছে মনে ২৮৬
১৪৬. যে ভাব গোপীর ভাবনা ২৮৭
র
১৪৭. রইসাগরে ডুবল শ্যামরাই ২৮৮
১৪৮. রাধার কত গুণ ২৮৯
১৪৯. রাধার তুলনা পিরিত ২৯০
ল
১৫০. ললিতা সখী কই তোমারে ২৯১
স
১৫১. সেই কালাচাঁদ নদেয় এসেছে ২৯২
১৫২. সেই কালার প্রেম করা ২৯৩
১৫৩. সেই প্রেম কি জানে সবাই ২৯৪
১৫৪. সেই ভাব কি সবাই জানে ২৯৫
১৫৫. সে যেন কী করল আমায় ২৯৬

গো ষ্ঠ লী লা ২৯৭-৩১৪
লীলাভূমিকা ২৯৯
ও
১৫৬. ওমা যশোদে গো তা বললে কি হবে ৩০৩
১৫৭. ও মা যশোদে তোর গোপালকে ৩০৪
ক
১৫৮. কোথায় গেলি ও ভাই কানাই ৩০৫
১৫৯. কোথায় গেলিরে কানাই ৩০৬
গ
১৬০. গোষ্ঠে চল হরি মুরারি ৩০৭
১৬১. গোপাল আর গোষ্ঠে যাবে না ৩০৮
ত
১৬২. তোর গোপাল যে সামান্য নয় মা ৩০৯
ব
১৬৩. বনে এসে হারালাম কানাই ৩১০
১৬৪. বলাই দাদার দয়া নাই প্রাণে ৩১১
১৬৫. বলরে বলাই তোদের ধর্ম ৩১২
স
১৬৬. সকালে যাই ধেনু লয়ে ৩১৩

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নি মা ই লী লা ৩১৫-৩৩২
লীলাভূমিকা ৩১৭
এ
১৬৭. এ ধন যৌবন চিরদিনের নয় ৩১৯
ক
১৬৮. কানাই কার ভাবে তোর ৩২০
১৬৯. কী কঠিন ভারতী না জানি ৩২১
১৭০. কী ভাব নিমাই তোর অন্তরে ৩২২
১৭১. কে আজ কৌপিন পরাল তোরে ৩২৩
ঘ
১৭২. ঘরে কি হয় না ফকিরী ৩২৪
দ
১৭৩. দাঁড়ারে তোরে একবার দেখি ভাই ৩২৫
ধ
১৭৪. ধন্য মায়ের নিমাই ছেলে ৩২৬
১৭৫. ধন্যরে রূপ—সনাতন জগত মাঝে ৩২৭
ফ
১৭৬. ফকির হলিরে নিমাই ৩২৮
ব
১৭৭. বলরে নিমাই বল আমারে ৩২৯
য
১৭৮. যে ভাবের ভাব মোর মনে ৩৩০
শ
১৭৯. শচীর কুমার যশোদায় বলে ৩৩১
স
১৮০. সে নিমাই কি ভোলা ছেলে ভবে ৩৩২

গৌ র লী লা ৩৩৩-৩৮৪
লীলাভূমিকা ৩৩৫
আ
১৮১. আজ আমায় কোপনী দে গো ৩৩৯
১৮২. আমার অন্তরে কী হলো গো সই ৩৪০
১৮৩. আর কি আসবে সেই গৌরচাঁদ ৩৪১
১৮৪. আর কি গৌর আসবে ফিরে ৩৪২
১৮৫. আয় দেখে যা ৩৪৩

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৬. আয় কে যাবি গৌরচাঁদের হাটে ৩৪৪
১৮৭. আঁচলা ঝোলা তিলক মালা ৩৪৫
এ
১৮৮. এনেছে এক নবীন গোরা ৩৪৬
ও
১৮৯. ও গৌরের প্রেম রাখিতে কি ৩৪৭
ক
১৯০. কাজ কী আমার এ ছারকূলে ৩৪৮
১৯১. কী বলিস্ গো তোরা আজ আমারে ৩৪৯
১৯২. কে জানে গো এমন হবে ৩৫০
১৯৩. কে দেখেছে গৌরাঙ্গ চাঁদেরে ৩৫১
১৯৪. কে যাবি আজ গৌরপ্রেমের হাটে ৩৫২
১৯৫. কেন চাঁদের জন্যে চাঁদ কাঁদেরে ৩৫৩
১৯৬. কোন রসে প্রেম সেধে হরি ৩৫৪
গ
১৯৭. গোল কর না গোল কর না ৩৫৫
১৯৮. গৌর আমার কলির আচার ৩৫৬
১৯৯. গৌর কি আইন আনিলেন নদীয়ায় ৩৫৭
২০০. গৌরপ্রেম অথৈ ৩৫৮
২০১. গৌরপ্রেম করবি যদি ও নাগরী ৩৫৯
২০২. গুরু দেখায় গৌর তাই ৩৬০
চ
২০৩. চাঁদ বলে চাঁদ কাঁদে কেনে ৩৬১
জ
২০৪. জান গা যা গুরুর দ্বারে ৩৬২
ত
২০৫. তোরা ধর গো ধর গৌরাঙ্গ চাঁদেরে ৩৬৩
ধ
২০৬. ধন্য মায়ের ধন্য পিতা ৩৬৪
ন
২০৭. নতুন দেশের নতুন রাজন ৩৬৫
প
২০৮. প্রাণগৌররূপ দেখতে যামিনী ৩৬৬
২০৯. প্রেম কি সামান্যেতে রাখা যায় ৩৬৭
ব
২১০. বল গো সজনী আমায় ৩৬৮

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১১. বল স্বরূপ কোথায় আমার ৩৬৯
২১২. বুঝবিরে গৌরপ্রেমের কালে ৩৭০
২১৩. ব্রজের সে প্রেমের মরম ৩৭১
ম
২১৪. মনের কথা বলব কারে ৩৭২
য
২১৫. যদি সেই গৌরচাঁদকে পাই ৩৭৩
২১৬. যদি এসেছ হে গৌর জীব তরাতে ৩৭৪
২১৭. যে পরশে স্পর্শে পরশ ৩৭৫
২১৮. যে প্রেমে শ্যাম গৌর হয়েছে ৩৭৬
র
২১৯. রাধারাণীর ঋণের দায় ৩৭৭
শ
২২০. শুনি অজান এক মানুষের কথা ৩৭৮
স
২২১. সামান্যজ্ঞানে কি তাঁর মর্ম জানা যায় ৩৭৯
২২২. সেই গোরা এসেছে নদীয়ায় ৩৮০
২২৩. সেই গোরা কি শুধুই গোরা ৩৮১
২২৪. সে কী আমার কবার কথা ৩৮২
হ
২২৫. হরি বলে হরি কাঁদে কেনে ৩৮৩

নি তা ই লী লা ৩৮৫-৩৯৬
লীলাভূমিকা ৩৮৭
এ
২২৬. একবার চাঁদবদনে বল গোসাঁই ৩৮৯
ক
২২৭. কার ভাবে শ্যাম নদেয় এলো ৩৯০
দ
২২৮. দয়াল নিতাই কারও ফেলে যাবে না ৩৯১
প
২২৯. পার কর চাঁদ আমায় বেলা ডুবিল ৩৯২
২৩০. পারে কে যাবি তোরা ৩৯৩
২৩১. প্রেমপাথারে যে সাঁতারে ৩৯৪
র
২৩২. রসপ্রেমের ঘাটে ভাঁড়িয়ে তরী বেও না ৩৯৫

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

স্থু ল দে শ ৩৯৭-৪৫৪

দেশভূমিকা ৩৯৯

আ

২৩৩. আজগুবি বৈরাগ্যলীলা দেখতে পাই ৪০১
২৩৪. আদিকালে আদমগণ ৪০২
২৩৫. আন্ধাবাজি ধান্ধায় পড়ে ৪০৩
২৩৬. আমি বলি তোরে মন ৪০৪

উ

২৩৭. উদয় কলিকালরে ভাই ৪০৫

এ

২৩৮. একবার দেখ নারে জগন্নাথে যেয়ে ৪০৬
২৩৯. এমন মানবসমাজ ৪০৭
২৪০. এলাহি আলামিন গো আল্লাহ্ ৪০৮
২৪১. এসো দয়াল পার কর ভবের ঘাটে ৪০৯
২৪২. এসো হে অপারের কাণ্ডারী ৪১০
২৪৩. এসো হে প্রভু নিরঞ্জন ৪১১

ক

২৪৪. কাল কাটালি কালের বশে ৪১২
২৪৫. কাশী কি মক্কায় যাবি চলরে যাই ৪১৩
২৪৬. কি করি কোন পথে যাই ৪১৪
২৪৭. কী কালাম পাঠাইলেন আমার ৪১৫
২৪৮. কী বলে মন ভবে এলি ৪১৬
২৪৯. কী সে শরার মুসলমানের ৪১৭
২৫০. কুলের বউ ছিলাম বাড়ি ৪১৮
২৫১. কে তোমার আর যাবে সাথে ৪১৯
২৫২. কোথায় রইলে হে ৪২০
২৫৩. কোথায় হে দয়াল কাণ্ডারী ৪২১

খ

২৫৪. খোঁজ আবহায়াতের নদী কোনখানে ৪২২
২৫৫. গুণে পড়ে সারলি দফা ৪২৩

জ

২৫৬. জাত গেল জাত গেল বলে ৪২৪
২৫৭. জাতের গৌরব কোথায় রবে ৪২৫

দ

২৫৮. দেখ না মন ঝকমারি ৪২৬

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ধ
২৫৯. ধড়ে কে তোর মালিক ৪২৭
ন
২৬০. নানারূপ শুনে শুনে ৪২৮
২৬১. নাপাকে পাক হয় কেমনে ৪২৯
২৬২. নামাজ পড়ব কিরে ৪৩০
২৬৩. না হলে মন সরলা ৪৩১
প
২৬৪. পাপপূণ্যের কথা আমি ৪৩২
২৬৫. পার কর হে দয়াল চাঁদ আমারে ৪৩৩
ব
২৬৬. বারোতাল উদয় হলো ৪৩৪
ভ
২৬৭. ভক্তের দ্বারে বাঁধা আছেন শাঁই ৪৩৫
২৬৮. ভাল এক জলসেঁচা কল পেয়েছ মনা ৪৩৬
ম
২৬৯. মন আইনমাফিক নিরিখ দিতে ভাব কি ৪৩৭
২৭০. মন আমার কী ছার গৌরব করছ ভবে ৪৩৮
২৭১. মন এখনও সাধ আছে আল ঠেলা বলে ৪৩৯
২৭২. মন তোর আপন বলতে কে আছে ৪৪০
২৭৩. মন সহজে কি সই হবা ৪৪১
২৭৪. মনের এ মন হলো না একদিনে ৪৪২
২৭৫. মাওলা বলে ডাক মনরসনা ৪৪৩
২৭৬. মানুষ অবিশ্বাসে পায় নারে ৪৪৪
২৭৭. মিছে ভবে খেলতে এলি তাস ৪৪৫
২৭৮. মোর্শেদকে মান্য করিলে খোদার মান্য হয় ৪৪৬
য
২৭৯. যদি কেউ জট বাড়ায়ে ৪৪৭
শ
২৮০. শিরনি খাওয়ার লোভ যার আছে ৪৪৮
স
২৮১. সকল দেবধর্ম আমার বোষ্টমী ৪৪৯
২৮২. সকলই কপালে করে ৪৫০
২৮৩. সবলোকে কয় লালন কি জাত সংসারে ৪৫১

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮৪. সবে বলে লালন ফকির ৪৫২
২৮৫. সবে বলে লালন ফকির ৪৫৩
হ
২৮৬. হক নাম বল রসনা ৪৫৪

প্র ব র্ত দে শ ৪৫৫-৬৫৮
দেশভূমিকা ৪৫৭
অ
২৮৭. অনুরাগ নইলে কি সাধন হয় ৪৬১
২৮৮. অন্তিমকালের কালে কি হয় না জানি ৪৬২
২৮৯. অবোধ মন তোর আর হলো না দিশে ৪৬৩
২৯০. অবোধ মন তোরে আর কী বলি ৪৬৪
২৯১. অসার ভেবে সার ৪৬৫
আ
২৯২. আইন সত্য ৪৬৬
২৯৩. আগে গুরুরতি কর সাধনা ৪৬৭
২৯৪. আগে জান নারে মন ৪৬৮
২৯৫. আছে ভাবের তালা যে ঘরে ৪৬৯
২৯৬. আছে মায়ের ওতে জগতপিতা ৪৭০
২৯৭. আত্মতত্ত্ব না জানিলে ৪৭১
২৯৮. আপন খবর না যদি হয় ৪৭২
২৯৯. আপন মনে যার গরল মাখা থাকে ৪৭৩
৩০০. আপনার আপনিরে মন ৪৭৪
৩০১. আমার মনবিবাগী ঘোড়া ৪৭৫
৩০২. আমার সাধ মেটে না লাঙ্গল চষে ৪৭৬
৩০৩. আমার শুনিতে বাসনা দেলে ৪৭৭
৩০৪. আমার হয় নারে সেই ৪৭৮
৩০৫. আমারে কি রাখবেন গুরু ৪৭৯
৩০৬. আমি ভবনদীতে স্নান করি ৪৮০
৩০৭. আমার মনের বাসনা ৪৮১
৩০৮. আল্লাহ্ সে আল্লাহ্ বলে ৪৮২
৩০৯. আয় কে যাবি ওপারে ৪৮৩
৩১০. আয়ু হারালি আমাবতী না মেনে ৪৮৪
উ
৩১১. উপরোধের কাজ দেখি ভাই ৪৮৫

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এ

৩১২. এই সুখে কি দিন যাবে ৪৮৬
৩১৩. এইবেলা তোর ঘরের খবর নেরে মন ৪৮৭
৩১৪. এক অজান মানুষ ফিরছে দেশে ৪৮৮
৩১৫. একদিনও পারের ভাবনা ৪৮৯
৩১৬. একবার আল্লাহ্ বল মন পাখি ৪৯০
৩১৭. একবার চাঁদবদনে বল ওগো শাঁই ৪৯১
৩১৮. এ জনম গেলরে অসার ভেবে ৪৯২
৩১৯. এখন আর কাঁদলে কী হবে ৪৯৩
৩২০. এসব দেখি কানার হাটবাজার ৪৯৪
৩২১. এসেছরে মন যে পথে ৪৯৫

ঐ

৩২২. ঐরূপ তিলে তিলে জপ মনসূতে ৪৯৬
৩২৩. ঐ দেখ তোর বাকির কাগজ ৪৯৭

ও

৩২৪. ও তোর ঠিকের ঘরে ভুল পড়েছে মন ৪৯৮

ক

৩২৫. কতদিন আর রইবি রঙ্গে ৪৯৯
৩২৬. কররে পেয়ালা কবুল শুদ্ধ ইমানে ৫০০
৩২৭. কয় দমে বাজে ঘড়ি ৫০১
৩২৮. কাছের মানুষ ডাকছ কেন শোর করে ৫০২
৩২৯. কারে খুঁজিস ক্ষ্যাপা দেশবিদেশে ৫০৩
৩৩০. কালঘুমেতে গেলরে তোর চিরদিন ৫০৪
৩৩১. কিসে আর বুঝাই মন তোরে ৫০৫
৩৩২. কী হবে আমার গতি ৫০৬
৩৩৩. কুদরতির সীমা কে জানে ৫০৭
৩৩৪. কুলের বউ হয়ে মনা ৫০৮
৩৩৫. কে বুঝিতে পারে মাওলার কুদরতি ৫০৯
৩৩৬. কে বোঝে মাওলার আলাকবাজি ৫১০
৩৩৭. কেন ডুবলি না মন গুরুর চরণে ৫১১
৩৩৮. কেনরে মনমাঝি ৫১২
৩৩৯. কেবল বুলি ধরেছ মারেফতী ৫১৩
৩৪০. কেন মরলি মন ঝাঁপ দিয়ে ৫১৪
৩৪১. কোথা আছেরে সেই দ্বীন দরদী শাঁই ৫১৫
৩৪২. কোন কুলেতে যাবি মনুরায় ৫১৬

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪৩. কোন্ কোন্ হরফে ফকিরী ৫১৭
৩৪৪. কোন দেশে যাবি মনা ৫১৮
৩৪৫. কোনরূপে কর দয়া ৫১৯
খ
৩৪৬. খালি ভাঁড় থাকবেরে পড়ে ৫২০
৩৪৭. খুলবে কেন সে ধন ৫২১
৩৪৮. খেয়েছি বেজাতে কচু না বুঝে ৫২২
৩৪৯. খোদা বিনে কেউ ৫২৩
৩৫০. খোদা রয় আদমে মিশে ৫২৪
গ
৩৫১. গরল ছাড়া মানুষ আছে কেরে ৫২৫
৩৫২. গুরু ধর কর ভজনা ৫২৬
৩৫৩. গুরুবস্তু চিনে নে না ৫২৭
৩৫৪. গুরু বিনে কী ধন আছে ৫২৮
৩৫৫. গুরুপদে ডুবে থাকরে আমার মন ৫২৯
৩৫৬. গুরুপদে নিষ্ঠা মন যার হবে ৫৩০
৩৫৭. গুরুকে ভজনা কর মনভ্রান্ত হইও না ৫৩১
৩৫৮. গুরু গো মনের ভ্রান্তি ৫৩২
৩৫৯. গুরুর ভজনে হয় তো সতী ৫৩৩
৩৬০. গুরুর প্রেমরসিকা হব কেমনে ৫৩৪
৩৬১. গড় মুসল্লি বলছ কারে ৫৩৫
৩৬২. গেড়ো গাঙ্গেরে ক্ষ্যাপা ৫৩৬
৩৬৩. গোয়ালভরা পুষণে ছেলে ৫৩৭
ঘ
৩৬৪. ঘরে বাস করে সেই ৫৩৮
৩৬৫. চরণ পাই যেন কালাকালে ৫৩৯
৩৬৬. চল্ দেখি মন কোনদেশে যাবি ৫৪০
৩৬৭. চল যাই আনন্দের বাজারে ৫৪১
৩৬৮. চাষার কর্ম হালেরে ভাই ৫৪২
৩৬৯. চিরদিন দুঃখের অনলে প্রাণ ৫৪৩
জ
৩৭০. জগত মুক্তিতে ভোলালেন শাঁই ৫৪৪
৩৭১. জান গা বরজোখ ৫৪৫
৩৭২. জান গা যা গুরুর দ্বারে ৫৪৬
৩৭৩. জ্বালঘরে চটিলে হয় সে জাতনাশা ৫৪৭

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭৪. জিজ্ঞাসিলে খোদার কথা ৫৪৮
৩৭৫. জিন্দা পীর আগে ধররে ৫৪৯
৩৭৬. জেনে নামাজ পড় হে মোমিনগণ ৫৫০
ড
৩৭৭. ডাকরে মন আমার হক নাম আল্লাহ্ বলে ৫৫১
ঢ
৩৭৮. ঢোঁড় আজাজিল রেখেছে সেজদা ৫৫২
ত
৩৭৯. তরিকতে দাখেল না হলে ৫৫৩
৩৮০. তাঁরে চিনবে কেরে এই মানুষে ৫৫৪
৩৮১. তুমি বা কার আজ কেবা তোমার ৫৫৫
৩৮২. তোর ঠিকের ঘরে ভুল পড়েছে মন ৫৫৬
থ
৩৮৩. থাক না মন একান্ত হয়ে ৫৫৭
দ
৩৮৪. দয়াল অপরাধ মার্জনা কর এবার ৫৫৮
৩৮৫. দিনে দিনে হলো আমার দিন আখেরী ৫৫৯
৩৮৬. দেখবি যদি স্বরূপ নিহারা ৫৬০
৩৮৭. দেখ নারে দিনরজনী কোথা হতে হয় ৫৬১
৩৮৮. দেলদরিয়ায় ডুবলে সে ৫৬২
৩৮৯. দ্বীনের ভাব যেদিন উদয় হবে ৫৬৩
ধ
৩৯০. ধর্মবাজার মিলাইছে নিরঞ্জনে ৫৬৪
৩৯১. ধড়ে কে মুরিদ হয় ৫৬৫
ন
৩৯২. নজর একদিক দাওরে ৫৬৬
৩৯৩. নাই সফিনায় নাই সিনায় ৫৬৭
৩৯৪. না ঘুঁচিলে মনের ময়লা ৫৫৮
৩৯৫. না জানি ভাব কেমন ধারা ৫৫৯
৩৯৬. না জেনে করণকারণ কথায় কি হবে ৫৭০
৩৯৭. না দেখলে লেহাজ করে ৫৭১
৩৯৮. না পড়িলে দায়েমী নামাজ ৫৭২
৩৯৯. না বুঝে মজো না পিরিতে ৫৭৩
৪০০. নামসাধন বিফল বরজোখ বিনে ৫৭৪

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প

৪০১. পড় গা নামাজ জেনে শুনে ৫৭৫
৪০২. পড় গা নামাজ ভেদ বুঝে ৫৭৬
৪০৩. পড়ে ভূত আর হোস নে মনুরায় ৫৭৭
৪০৪. পড়রে দায়েমী নামাজ ৫৭৮
৪০৫. পাবিরে মন স্বরূপের দ্বারে ৫৭৯
৪০৬. পাবে সামান্যে কি তাঁর দেখা ৫৮০
৪০৭. পুল সেরাতের কথা কিছু ভাবিও মনে ৫৮১
৪০৮. পেঁড়োর ভূত হয় যে জনা ৫৮২
৪০৯. প্রেম জান না প্রেমের হাটে বোলবলা ৫৮৩
৪১০. প্রেমনহরে ভেসেছে যাঁরা ৫৮৪
৪১১. প্রেম পরমতন ৫৮৫
৪১২. প্রেম পিরিতের উপাসনা ৫৮৬

ফ

৪১৩. ফকিরী করবি ক্ষ্যাপা কোন রাগে ৫৮৭
৪১৪. ফ্যার প'লো তোর ফকিরীতে ৫৮৮
৪১৫. ফেরেব ছেড়ে কর ফকিরী ৫৮৯

ব

৪১৬. বাপবেটা করে ঘটা ৫৯০
৪১৭. বলি সব আমার আমার ৫৯১
৪১৮. বিনা কার্যে ধন উপার্জন ৫৯২
৪১৯. বিনা পাকালে গড়িয়ে কাঁচি ৫৯৩
৪২০. বিদেশির সঙ্গে কেউ প্রেম কর না ৫৯৪
৪২১. বিষয় বিষে চঞ্চলা মন দিবারজনী ৫৯৫
৪২২. বোঝালে বোঝে না মন মনুরায় ৫৯৬
৪২৩. বেদে কি তাঁর মর্ম জানে ৫৯৭

ভ

৪২৪. ভজনের নিগূঢ়কথা যাতে আছে ৫৯৮
৪২৫. ভজা উচিত বটে ছড়ার হাঁড়ি ৫৯৯
৪২৬. ভবপারে যাবি কিরে ৬০০
৪২৭. ভবে এসে রঙ্গরসে ৬০১
৪২৮. ভবে নামাজী হয় যে জনা ৬০২

ম

৪২৯. মানুষ গুরু নিষ্ঠা যার ৬০৩
৪৩০. মধুর দেলদরিয়ায় ডুবিয়ে কররে ফকিরী ৬০৪

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩১. মন আমার আজ প'লি ফ্যারে ৬০৫
৪৩২. মন আমার তুই করলি ৬০৬
৪৩৩. মন তুই ভেড়ুয়া বাঙ্গাল জ্ঞানছাড়া ৬০৭
৪৩৪. মন তুমি গুরুর চরণ ভুল না ৬০৮
৪৩৫. মন তোমার হলো না দিশে ৬০৯
৪৩৬. মনবিবাগী বাগ মানে নারে ৬১০
৪৩৭. মন বুঝি মদ খেয়ে ৬১১
৪৩৮. মন র'লো সেই রিপুর বশে রাত্রদিনে ৬১২
৪৩৯. মনের কথা বলব কারে ৬১৩
৪৪০. মনের নেংটি এঁটে কররে ফকিরী ৬১৪
৪৪১. মনের মানুষ চিনলাম নারে ৬১৫
৪৪২. মনের মতিমন্দ ৬১৬
৪৪৩. মনেরে আর বোঝাই কিসে ৬১৭
৪৪৪. মরার আগে ম'লে ৬১৮
৪৪৫. ম'লে ঈশ্বরপ্রাপ্তি হবে কেন বলে ৬১৯
৪৪৬. ম'লে গুরুপ্রাপ্তি হবে ৬২০
৪৪৭. মানুষতত্ত্ব যার সত্য হয় মনে ৬২১
৪৪৮. মানুষ ভজলে সোনার মানুষ হবি ৬২২
৪৪৯. মোর্শেদের মহৎগুণ নে না বুঝে ৬২৩
৪৫০. মূলের ঠিক না পেলে ৬২৪
৪৫১. ম্যারে শাঁইর আজব কুদরতি ৬২৫
৪৫২. ম্যারে শাঁইর ভাবুক যাঁরা ৬২৬
য
৪৫৩. যার আপন খবর আপনার হয় না ৬২৭
৪৫৪. যার নয়নে নয়ন চিনেছে ৬২৮
৪৫৫. যাতে যায় শমন যন্ত্রণা ৬২৯
৪৫৬. যদি ফানার ফিকির জানা যায় ৬৩০
৪৫৭. যদি শরায় কার্যসিদ্ধি হয় ৬৩১
৪৫৮. যাঁরে ভাবলে পাপীর পাপ হরে ৬৩২
৪৫৯. যে জন শিষ্য হয় ৬৩৩
৪৬০. যেপথে শাঁইয়ের আসাযাওয়া ৬৩৪
৪৬১. যে যাই ভাবে সেইরূপ সে হয় ৬৩৫
৪৬২. যেরূপে শাঁই আছে মানুষে ৬৩৬
৪৬৩. যে সাধন জোরে ৬৩৭

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

র
৪৬৪. রাত পোহালে পাখি বলে দেরে খাই ৬৩৮
৪৬৫. রোগ বাড়ালি শুধু কুপথ্য করে ৬৩৯
ল
৪৬৬. লাগল ধুম প্রেমের থানাতে ৬৪০
স
৪৬৭. সত্য বল সুপথে চল ৬৪১
৪৬৮. সবে কি হবে ভবে ধর্মপরায়ণ ৬৪২
৪৬৯. সময় থাকতে বাঁধাল বাঁধলে না ৬৪৩
৪৭০. সরল হয়ে করবি কবে ফকিরী ৬৪৪
৪৭১. সরল হয়ে ভজ দেখি তাঁরে ৬৪৫
৪৭২. সহজ মানুষ ভজে দেখ নারে মন দিব্যজ্ঞানে ৬৪৬
৪৭৩. সামান্যজ্ঞানে কি মন ৬৪৭
৪৭৪. সামান্যে কি সেই অধর ৬৪৮
৪৭৫. সামান্যে কি সে ধন পাবে ৬৪৯
৪৭৬. সেই প্রেম গুরু জানাও আমায় ৬৫০
৪৭৭. সেই প্রেমময়ের প্রেমটি ৬৫১
৪৭৮. সেই প্রেম সামন্যে কি জানা যায় ৬৫২
৪৭৯. সে তো রোগীর মত ৬৫৩
৪৮০. সে ধন কি চাইলে মিলে ৬৫৪
৪৮১. সোনার মান গেলরে ভাই ৬৫৫
হ
৪৮২. হাতের কাছে মামলা থুয়ে ৬৫৬
৪৮৩. হুজুরে কার হবেরে নিকাশ দেনা ৬৫৭
৪৮৪. হুজুরী নামাজের এমনই ধারা ৬৫৮

সা ধ ক দে শ ৬৫৯-৯৭২
দেশভূমিকা ৬৬১
অ
৪৮৪. অকূল পাথার দেখে ৬৬৩
৪৮৫. অধরাকে ধরতে পারি ৬৬৪
৪৮৬. অনুরাগের ঘরে মার গা চাবি ৬৬৫
৪৮৭. অনেক ভাগ্যের ফলে ৬৬৬
৪৮৮. অন্তরে যার সদাই সহজরূপ জাগে ৬৬৭
৪৮৯. অমাবস্যার দিনে চন্দ্র থাকে না ৬৬৮
৪৯০. অমৃত সে বারি অনুরাগ ৬৬৯

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আ

৪৯১. আকার কি নিরাকার শাঁই রব্বানা ৬৭০
৪৯২. আকারে ভজন ৬৭১
৪৯৩. আগে কপাট মার কামের ঘরে ৬৭২
৪৯৪. আগে তুই না জেনে মন ৬৭৩
৪৯৫. আগে শরিয়ত জান ৬৭৪
৪৯৬. আছে ভাবের গোলা আসমানে ৬৭৫
৪৯৭. আছে মায়ের ওতে জগতপিতা ৬৭৬
৪৯৮. আছে যার মনের মানুষ ৬৭৭
৪৯৯. আজ আমার দেহের খবর ৬৭৮
৫০০. আজব আয়নামহল মণি গভীরে ৬৭৯
৫০১. আজও করছে শাঁই ৬৮০
৫০২. আপনার আপনি চিনেছে যে জন ৬৮১
৫০৩. আপন ঘরের খবর নে না ৬৮২
৫০৪. আপন মনের গুণে ৬৮৩
৫০৫. আপন মনের বাঘে যারে খায় ৬৮৪
৫০৬. আপন সুরতে আদম ৬৮৫
৫০৭. আপনার আপনি চিনিনে ৬৮৬
৫০৮. আপনার আপনি ফানা হলে ৬৮৭
৫০৯. আপনার আপনি যদি ৬৮৮
৫১০. আমার আপন খবর নাহিরে ৬৮৯
৫১১. আমার ঘরখানায় কে ৬৯০
৫১২. আমার দিন কি যাবে এই হালে ৬৯১
৫১৩. আমার হয় নারে সেই ৬৯২
৫১৪. আমারে জলসেচায় ৬৯৩
৫১৫. আমায় চরণছাড়া কর না ৬৯৪
৫১৬. আমি ঐ চরণে দাসের যোগ্য নই ৬৯৫
৫১৭. আমি কে তাই জানলে ৬৯৬
৫১৮. আমি দোষ দেব কারে ৬৯৭
৫১৯. আমি কোন সাধনে পাই গো তাঁরে ৬৯৮
৫২০. আমি কোথায় ছিলাম ৬৯৯
৫২১. আমি কোন সাধনে তাঁরে পাই ৭০০
৫২২. আমি তো নইরে আমার ৭০১
৫২৩. আমি বাঁধি কোন মোহনা ৭০২
৫২৪. আর কি পাশা খেলবরে ৭০৩

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২৫. আর কি বসব এমন ৭০৪
৫২৬. আর কি হবে এমন জনম ৭০৫
৫২৭. আলাক শাঁই আল্লাহ্‌জি মিশে ৭০৬
৫২৮. আল্লাহর নাম সার করে ৭০৭
৫২৯. আশেক উন্মত্ত যাঁরা ৭০৮
উ
৫৩০. উব্দ মানুষ জগতের মূলগোড়া হয় ৭০৯
এ
৫৩১. এইদেশেতে এইসুখ হলো ৭১০
৫৩২. এই মানুষে সেই মানুষ আছে ৭১১
৫৩৩. এ কী অনন্ত লীলা তাঁর ৭১২
৫৩৪. এ কী আজগুবি এক ফুল ৭১৩
৫৩৫. এ কী আসমানি চোর ৭১৪
৫৩৬. এনে মহাজনের ধন ৭১৫
৫৩৭. এমন মানবজনম আর কি হবে ৭১৬
৫৩৮. এমন সৌভাগ্য আমার কবে হবে ৭১৭
৫৩৯. এসে পার কর দয়াল ৭১৮
ও
৫৪০. ও দেলমোমিনা চল এবার ৭১৯
৫৪১. ওরে মন পারে আর যাবি কী ধরে ৭২০
ক
৫৪২. কই হলো মোর মাছ ধরা ৭২১
৫৪৩. কবে সাধুর চরণধূলি মোর লাগবে গায় ৭২২
৫৪৪. কবে সূর্যের যোগ হয় ৭২৩
৫৪৫. করি কেমনে সহজ শুদ্ধ প্রেমসাধন ৭২৪
৫৪৬. কর সাধনা মায়ায় ভুল না ৭২৫
৫৪৭. কামের ঘরে কপাট মেরে ৭২৬
৫৪৮. কারণ নদীর জলে ৭২৭
৫৪৯. কারে আজ শুধাব সেই কথা ৭২৮
৫৫০. কারে দেব দোষ ৭২৯
৫৫১. কারে বলছ মাগী মাগী ৭৩০
৫৫২. কারে বলব আমার মনের বেদনা ৭৩১
৫৫৩. কারও রবে না এ ধন ৭৩২
৫৫৪. কিসে পাবি ত্রাণ সংকটে ৭৩৩
৫৫৫. কী আজব কলে রসিক ৭৩৪

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫৬. কী এক অচিন পাখি পুষলাম খাঁচায় ৭৩৫
৫৫৭. কী আনন্দ ঘোষপাড়াতে ৭৩৬
৫৫৮. কী করি ভেবে মরি ৭৩৭
৫৫৯. কী মহিমা করলেন শাঁই ৭৩৮
৫৬০. কী রূপসাধনের বলে ৭৩৯
৫৬১. কী শোভা দ্বিদল 'পরে ৭৪০
৫৬২. কুলের বউ ছিলাম বাড়ি ৭৪১
৫৬৩. কে আমায় পাঠালে এই ভাবনগরে ৭৪২
৫৬৪. কে কথা কয়রে দেখা দেয় না ৭৪৩
৫৬৫. কে গো জানবে সামান্যেরে তাঁরে ৭৪৪
৫৬৬. কে তোমারে এ বেশভূষণ ৭৪৫
৫৬৭. কে তোর মালিক চিনলি নারে ৭৪৬
৫৬৮. কে পারে মকরউল্লার ৭৪৭
৫৬৯. কে বানাইল এমন রঙমহলখানা ৭৪৮
৫৭০. কে বুঝিতে পারে ৭৪৯
৫৭১. কে বোঝে তোমার অপার লীলে ৭৫০
৫৭২. কে বোঝে শাঁইয়ের লীলাখেলা ৭৫১
৫৭৩. কে ভাসায় ফুল প্রেমের ঘাটে ৭৫২
৫৭৪. কেন খুঁজিস মনের মানুষ বনে সদাই ৭৫৩
৫৭৫. কেন ভ্রান্ত হওরে আমার মন ৭৫৪
৫৭৬. কেনরে মন ঘোর বাইরে ৭৫৫
৫৭৭. কোথায় আনিলে আমায় পথ ভুলালে ৭৫৬
৫৭৮. কোন কলে নানা ছবি ৭৫৭
৫৭৯. কোন সুখে শাঁই করে খেলা এই ভবে ৭৫৮
৫৮০. কোনদিন সূর্যের অমাবস্যে ৭৫৯
৫৮১. কোন রসে কোন রতির খেলা ৭৬০
৫৮২. কোন রাগে কোন মানুষ আছে ৭৬১
৫৮৩. কোন সাধনে তাঁরে পাই ৭৬২
৫৮৪. কোন সাধনে পাই গো তাঁরে ৭৬৩
৫৮৫. কোন সাধনে শমনজ্বালা যায় ৭৬৪

খ

৫৮৬. খাকি আদমের ভেদ ৭৬৫
৫৮৭. খাকে গঠিল পিঞ্জরে ৭৬৬
৫৮৮. খাঁচার ভিতর অচিন পাখি ৭৬৭
৫৮৯. খুঁজে পাই কিসে ধন ৭৬৮
৫৯০. খেলছে মানুষ নীরে ক্ষীরে ৭৬৯

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্ষ
৫৯১. ক্ষমো অপরাধ ৭৭০
৫৯২. ক্ষমো ক্ষমো অপরাধ ৭৭১
গ
৫৯৩. গুরু তুমি পতিতপাবন ৭৭২
৫৯৪. গুরু দোহাই তোমার মনকে আমার ৭৭৩
৫৯৫. গুরু বিনে সন্ধান কে জানে ৭৭৪
৫৯৬. গুরুর দয়া যারে হয় সে ই জানে ৭৭৫
৫৯৭. গুরুরূপের পুলক ঝলক দিচ্ছে যার অন্তরে ৭৭৬
৫৯৮. গুরুশিষ্য হয় যদি একতার ৭৭৭
৫৯৯. গুরু সুভাব দাও আমার মনে ৭৭৮
৬০০. গোপনে রয়েছে খোদা ৭৭৯
৬০১. গোসাঁইয়ের ভাব যেহি ধারা ৭৮০
ঘ
৬০২. ঘরের চাবি পরের হাতে ৭৮১
৬০৩. ঘরের মধ্যে ঘর বেঁধেছেন ৭৮২
চ
৬০৪. চাতক বাঁচে কেমনে ৭৮৩
৬০৫. চাতক স্বভাব না হলে ৭৮৪
৬০৬. চাঁদ আছে চাঁদে ঘেরা ৭৮৫
৬০৭. চাঁদধরা ফাঁদ জান নারে মন ৭৮৬
৬০৮. চাঁদে চাঁদে চন্দ্রগ্রহণ হয় ৭৮৭
৬০৯. চারটি চন্দ্র ভাবের ভুবনে ৭৮৮
৬১০. চিনবে তাঁরে এমন আছে কোন ধনী ৭৮৯
৬১১. চিনি হওয়া মজা কী খাওয়া মজা ৭৯০
৬১২. চিরদিন পুষলাম এক অচিন পাখি ৭৯১
৬১৩. চেতন ভুবনের সাধ্য কে জানে ৭৯২
৬১৪. চেয়ে দেখ নারে মন ৭৯৩
জ
৬১৫. জগতের মূল কোথা হতে হয় ৭৯৪
৬১৬. জমির জরিপ একদিনেতে সারা ৭৯৫
৬১৭. জলে স্থলে ফুল বাগিচা ভাই ৭৯৬
৬১৮. জান গা পদ্ম নিরূপণ ৭৯৭
৬১৯. জান গা মানুষের কারণ কিসে হয় ৭৯৮
৬২০. জানতে হয় আদম শফির আদ্যকথা ৭৯৯

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২১. জানা চাই অমাবস্যায় ৮০০
৬২২. জাল ফেলে মাছ ধরবে যখন ৮০১
৬২৩. জীব মরে জীব যায় কোন সংসারে ৮০২
ঠ
৬২৪. ঠাহর নাই আমার মন কাণ্ডারী ৮০৩
ড
৬২৫. ডুবে দেখ দেখি মন ভবকূপে ৮০৪
ত
৬২৬. তা কি পারবি তোরা ৮০৫
৬২৭. তা কি মুখের কথায় হয় ৮০৬
৬২৮. তা কি সবাই জানতে পায় ৮০৭
৬২৯. তিনদিনের তিনমর্ম জেনে ৮০৮
৬৩০. তিন পোড়াতে খাঁটি হলে না ৮০৯
৬৩১. তিল পরিমাণ জায়গাতে ৮১০
৬৩২. তুমি তো গুরু স্বরূপের অধীন ৮১১
৬৩৩. তোরা কেউ যাসনে ও পাগলের কাছে ৮১২
দ
৬৩৪. দম কসে তুই বয়রে ক্ষ্যাপা ৮১৩
৬৩৫. দয়াল তোমার নামের তরী ৮১৪
৬৩৬. দিন থাকতে মোর্শেদ রতন চিনে নে না ৮১৫
৬৩৭. দিনে দিনে হলো আমার ৮১৬
৬৩৮. দিব্যজ্ঞানে দেখ মনুরায় ৮১৭
৬৩৯. দ্বীনের ভাব যেহি ধারা ৮১৮
৬৪০. দেখ না এবার ৮১৯
৬৪১. দেখ নারে ভাবনগরে ৮২০
৬৪২. দেখ নারে মন পুনর্জনম ৮২১
৬৪৩. দেখবি যদি সেই চাঁদেরে ৮২২
৬৪৪. দেখলাম এ সংসার ৮২৩
৬৪৫. দেখলাম সেই অধর চাঁদের অন্ত নাই ৮২৪
৬৪৬. দেখ না আপন দেল ঢুঁড়ে ৮২৫
৬৪৭. দেখে শুনে জ্ঞান হলো না ৮২৬
৬৪৮. দেলদরিয়ার মাঝে দেখলাম ৮২৭
৬৪৯. দেলদরিয়ায় ডুবে দেখ না ৮২৮
৬৫০. দেলদরিয়ায় ডুবিলে সে ৮২৯
৬৫১. দেশ দেশান্তর দৌড়ে কেন ৮৩০

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ধ
৬৫২. ধন্য আশেকী জনা ৮৩১
৬৫৩. ধন্য ধন্য বলি তাঁরে ৮৩২
৬৫৪. ধরাতে শাঁই সৃষ্টি করে ৮৩৩
৬৫৫. ধর চোর হাওয়ার ঘরে ফাঁদ পেতে ৮৩৪
৬৫৬. ধ্যানে যাঁরে পায় না মহামুনি ৮৩৫
ন
৬৫৭. না জানি কেমন রূপ সে ৮৩৬
৬৫৮. না জেনে ঘরের খবর ৮৩৭
৬৫৯. নাম পাড়ালাম রসিক ভেয়ে ৮৩৮
৬৬০. নিগম বিচারে সত্য গেল যে জানা ৮৩৯
প
৬৬১. পাখি কখন যেন উড়ে যায় ৮৪০
৬৬২. পানকাউর দয়াল পাখি ৮৪১
৬৬৩. পাপধর্ম যদি পূর্বে লেখা যায় ৮৪২
৬৬৪. পাপীর ভাগ্যে এমন দিন কি ৮৪৩
৬৬৫. পার কর দয়াল আমায় ৮৪৪
৬৬৬. পারে লয়ে যাও আমায় ৮৪৫
৬৬৭. পারো নিহেতুসাধন করিতে ৮৪৬
৬৬৮. পিরিতি অমূল্যনিধি ৮৪৭
৬৬৯. পূর্বের কথা ছাড় না ভাই ৮৪৮
৬৭০. পূর্ণচন্দ্র উদয় কখন ৮৪৯
৬৭১. প্রেমবাজারে কে যাবি তোরা ৮৫০
৬৭২. প্রেমযমুনায় ফেলবি বড়শি ৮৫১
৬৭৩. প্রেমেন্দ্রিয় বারি অনুরাগ ৮৫২
৬৭৪. প্রেমের দাগরাগ বাঁধা যার মনে ৮৫৩
৬৭৫. প্রেমের ভাব জেনেছে যারা ৮৫৪
৬৭৬. প্রেমের সন্ধি আছে তিন ৮৫৫
ব
৬৭৭. বয়রে নদীর ত্রিধারা বয় ৮৫৬
৬৭৮. বলিরে মানুষ মানুষ এই জগতে ৮৫৭
৬৭৯. বসতবাড়ির ঝগড়া কেজে ৮৫৮
৬৮০. বড় নিগমেতে আছেন গোসাঁই ৮৫৯
৬৮১. বাতাস বুঝে ভাসাওরে তরী ৮৬০
৬৮২. বারিযোগে বারিতলা ৮৬১

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮৩. বাড়ির কাছে আরশিনগর ৮৬২
৬৮৪. বিষম রাগের করণ করা ৮৬৩
৬৮৫. বিষামৃত আছেরে মাখাজোখা ৮৬৪
ভ
৬৮৬. ভাবের উদয় যেদিন হবে ৮৬৫
৬৮৭. ভুলব না ভুলব না বলি ৮৬৬
ম
৬৮৮. মকর উল্লার মকর কে বুঝতে পারে ৮৬৭
৬৮৯. মধুর দেল দরিয়ায় যে জন ডুবেছে ৮৬৮
৬৯০. মন আমার কুসর মাড়াই জাঠ হলোরে ৮৬৯
৬৯১. মন আমার গেল জানা ৮৭০
৬৯২. চরকা ভাঙ্গা টেকো এড়ানে ৮৭১
৬৯৩. মনচোরারে কোথা পাই ৮৭২
৬৯৪. মনচোরারে ধরবি যদি ৮৭৩
৬৯৫. মন জানে না মনের ভেদ ৮৭৪
৬৯৬. মনদুঃখে বাঁচি না সদাই ৮৭৫
৬৯৭. মন দেহের খবর না জানিলে ৮৭৬
৬৯৮. মন বাতাস বুঝে ভাসাওরে তরী ৮৭৭
৬৯৯. মনরে আত্মতত্ত্ব না জানিলে ৮৭৮
৭০০. মন সামান্যে কি তাঁরে পায় ৮৭৯
৭০১. মনের মানুষ খেলছে দ্বিদলে ৮৮০
৭০২. মনেরে আর বুঝাব কত ৮৮১
৭০৩. মনেরে বুঝাইতে আমার ৮৮২
৭০৪. মরে ডুবতে পারলে হয় ৮৮৩
৭০৫. মন মাঝি ভাই উজানে চালাও তরী ৮৮৪
৭০৬. মানুষ ধররে নিহারে ৮৮৫
৭০৭. মানুষ মানুষ সবাই বলে ৮৮৬
৭০৮. মানুষ লুকায় কোন শহরে ৮৮৭
৭০৯. মিলন হবে কতদিনে ৮৮৮
৭১০. মীনরূপে শাঁই খেলে ৮৮৯
৭১১. মুখের কথায় কি চাঁদ ধরা যায় ৮৯০
৭১২. মোরাকাবা মোশাহেদায় ৮৯১
৭১৩. মোর্শেদ জানায় যারে ৮৯২
৭১৪. মোর্শেদতত্ত্ব অথৈ গভীরে ৮৯৩
৭১৫. মোর্শেদ ধনী ৮৯৪

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১৬. মোর্শেদ বিনে কী ধন আর ৮৯৫
৭১৭. মূল হারালাম লাভ করতে এসে ৮৯৬
৭১৮. মূলের ঠিক না পেলে ৮৯৭
য
৭১৯. যদি উজান বাঁকে তুলসী ধায় ৮৯৮
৭২০. যা যা ফানার ফিকির জান গে যারে ৮৯৯
৭২১. যাঁরে ধ্যানে পায় না মহামুনী ৯০০
৭২২. যাঁরে প্রেমে বাধ্য করেছি ৯০১
৭২৩. যে আমায় পাঠালে এই ভাবনগরে ৯০২
৭২৪. যেও না আন্দাজি পথে মনরসনা ৯০৩
৭২৫. যেখানে শাঁইর বারামখানা ৯০৪
৭২৬. যে জন গুরুর দ্বারে জাত বিকিয়েছে ৯০৫
৭২৭. যে জন দেখেছে অটলরূপের বিহার ৯০৬
৭২৮. যে জন বৃক্ষমূলে বসে আছে ৯০৭
৭২৯. যে জন হাওয়ার ঘরে ফাঁদ পেতেছে ৯০৮
৭৩০. যে জনা বসে আছে খুঁটো ধরে ৯০৯
৭৩১. যে জানে ফানার ফিকির ৯১০
৭৩২. যেতে সাধ হয়রে কাশী ৯১১
৭৩৩. যে পথে শাঁই আসে যায় ৯১২
৭৩৪. যে পথে শাঁই চলে ফেরে ৯১৩
৭৩৫. যে যা ভাবে সেইরূপ সে হয় ৯১৪
৭৩৬. যে সাধন জোরে কেটে যায় কর্মফাঁসি ৯১৫
র
৭৩৭. রঙমহলে চুরি করে ৯১৬
৭৩৮. রসের রসিক না হলে ৯১৭
৭৩৯. রাখলেন শাঁই কূপজল করে ৯১৮
৭৪০. রাগ অনুরাগ যার বাঁধা আছে ৯১৯
৭৪১. রূপের তুলনা রূপে ৯২০
ল
৭৪২. লণ্ঠনে রূপের বাতি ৯২১
৭৪৩. লিঙ্গ থাকলে সে কি পুরুষ হয় ৯২২
৭৪৪. লীলা দেখে লাগে ভয় ৯২৩
শ
৭৪৫. শহরে ষোলজনা বম্বেটে ৯২৪
৭৪৬. শাঁই আমার কখন খেলে কোন খেলা ৯২৫

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪৭. শাঁইর আজব কুদরতি ৯২৬
৭৪৮. শাঁইর লীলা বুঝবি ক্ষ্যাপা কেমন করে ৯২৭
৭৪৯. শুদ্ধপ্রেম না দিলে ৯২৮
৭৫০. শুদ্ধপ্রেম রসিক বিনে ৯২৯
৭৫১. শুদ্ধপ্রেমরসের রসিক ম্যারে শাঁই ৯৩০
৭৫২. শুদ্ধপ্রেমরাগে ডুবে সদাই ৯৩১
৭৫৩. শুদ্ধপ্রেম সাধল যাঁরা ৯৩২
৭৫৪. শুদ্ধপ্রেমের প্রেমিক যে জন হয় ৯৩৩
৭৫৫. শুনি মরার আগে ম'লে ৯৩৪
৭৫৬. শূন্যেতে এক আজব বৃক্ষ ৯৩৫
৭৫৭. শ্রীরূপের সাধন আমার কই হলো ৯৩৬
ষ
৭৫৮. ষড়রসিক বিনে ৯৩৭
স
৭৫৯. সদাই সে নিরঞ্জন নীরে ভাসে ৯৩৮
৭৬০. সদা মন থাক বাহুঁশ ৯৩৯
৭৬১. সদা সোহাগিনী ফকির ৯৪০
৭৬২. সপ্ততলা ভেদ করিলে ৯৪১
৭৬৩. সবাই কি তাঁর মর্ম জানতে পায় ৯৪২
৭৬৪. স্বরূপদ্বারে রূপদর্পণে সেই রূপ দেখেছে যে জন ৯৪৩
৭৬৫. স্বরূপ রূপে নয়ন দেরে ৯৪৪
৭৬৬. স্বরূপে রূপ আছে গিলটি করা ৯৪৫
৭৬৭. সমঝে কর ফকিরী মনরে ৯৪৬
৭৬৮. সময় গেলে সাধন হবে না ৯৪৭
৭৬৯. সময় থাকতে বাঁধাল বাঁধলে না ৯৪৮
৭৭০. সমুদ্রের কিনারে থেকে ৯৪৯
৭৭১. সহজে অধর মানুষ না যায় ধরা ৯৫০
৭৭২. সহজে আলাক নবী ৯৫১
৭৭৩. সাধুসঙ্গ কর তত্ত্ব জেনে ৯৫২
৭৭৪. সাধ্য কিরে আমার ৯৫৩
৭৭৫. সামান্যে কি অধর চাঁদ পাবে ৯৫৪
৭৭৬. সামান্যে কি তাঁর মর্ম জানা যায় ৯৫৫
৭৭৭. সামান্যে কি সেইপ্রেম হবে ৯৫৬
৭৭৮. সামাল সামাল সামাল তরী ৯৫৭
৭৭৯. সুফলা ফলাচ্ছে গুরু মনের ভাব জেনে ৯৫৮

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮০. সেই অটল রূপের উপাসনা ৯৫৯
৭৮১. সেকথা কী কবার কথা ৯৬০
৭৮২. সে করণ সিদ্ধি করা ৯৬১
৭৮৩. সে ভাব উদয় না হলে ৯৬২
৭৮৪. সে যারে বোঝায় সেই বোঝে ৯৬৩
৭৮৫. সেরূপ দেখবি যদি নিরবধি ৯৬৪
৭৮৬. সোনার মানুষ ঝলক দেয় দ্বিদলে ৯৬৫
৭৮৭. সৃষ্টিতত্ত্ব দ্বাপরলীলা আমি শুনতে পাই ৯৬৬

হ

৭৮৮. হতে চাও হুজুরের দাসী ৯৬৭
৭৮৯. হরি কোনটা তোমার আসল নাম ৯৬৮
৭৯০. হাওয়ার ঘরে দম পাকড়া পড়েছে ৯৬৯
৭৯১. হাবুডুবু করে ম'লো তবু ৯৭০
৭৯২. হীরা মতি জহুরা কোটিময় ৯৭১
৭৯৩. হীরে লাল মতির দোকানে গেলে না ৯৭২

সি দ্ধি দে শ ৯৭৩-১০৪৬

দেশভূমিকা ৯৭৫

অ

৭৯৪. অজুদ চেনার কথা কইরে ৯৭৭
৭৯৫. অন্ধকারের আগে ছিলেন শাঁই রাগে ৯৭৮
৭৯৬. অন্ধকারে রাগের উপরে ছিল যখন শাঁই ৯৭৯

আ

৭৯৭. আ মরি অমর্ত্যের এক ব্যাধ ব্যাটা ৯৮০
৭৯৮. আজব এক রসিক নাগর ভাসছে রসে ৯৮১
৭৯৯. আজব রঙ ফকিরী ৯৮২
৮০০. আঠারো মোকামের মাঝে ৯৮৩
৮০১. আঠারো মোকামের খবর ৯৮৪

উ

৮০২. উব্দগাছে ফুল ফুটেছে ৯৮৫

এ

৮০৩. একাকারে হুহুঙ্কার মেরে ৯৮৬
৮০৪. এক ফুলে চার রঙ ধরেছে ৯৮৭
৮০৫. এ বড় আজব কুদরতি ৯৮৮

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক

৮০৬. কাফে কালু বালা কুল হু আল্লাহ্ ৯৮৯

৮০৭. কারে বলে অটলপ্রাপ্তি ভাবি তাই ৯৯০

৮০৮. কারে শুধাবরে সে কথা ৯৯১

৮০৯. কামিনীর গহিন সুখসাগরে ৯৯২

৮১০. কিবা রূপের ঝলক দিচ্ছে দ্বিদলে ৯৯৩

৮১১. কী শোভা করেছে দ্বিদলময় ৯৯৪

৮১২. কী শোভা করেছে শাঁই রঙমহলে ৯৯৫

৮১৩. কী সন্ধানে যাই সেখানে ৯৯৬

৮১৪. কেমন দেহভাণ্ড চমৎকার ৯৯৭

৮১৫. কৃষ্ণেপদ্মের কথা কররে দিশে ৯৯৮

চ

৮১৬. চাঁদের গায়ে চাঁদ লেগেছে ৯৯৯

৮১৭. চেয়ে দেখ নারে মন দিব্যনজরে ১০০০

জ

৮১৮. জগত আলো করে সই ১০০১

৮১৯. জ্যান্তে মরা সেই প্রেমসাধন কি ১০০২

ত

৮২০. তিন বেড়ার এক বাগান আছে ১০০৩

দ

৮২১. দমের উপর আসন ছিল তাঁর ১০০৪

৮২২. দেখলাম কী কুদরতিময় ১০০৫

৮২৩. দেখবি যদি সোনার মানুষ ১০০৬

৮২৪. দেখ আজগুবি এক ফুল ফুটেছে ১০০৭

ধ

৮২৫. ধররে অধর চাঁদেরে ১০০৮

৮২৬. ধড় নাই শুধুই মাথা ১০০৯

ন

৮২৭. নিচে পদ্ম উদয় জগতময় ১০১০

৮২৮. নিচে পদ্ম চড়কবাণে ১০১১

৮২৯. নৈরাকারে ভাসছেরে এক ফুল ১০১২

প

৮৩০. পাগল দেওয়ানা মন ১০১৩

৮৩১. প্রেম প্রেম বলে কর কোর্ট কাচারি ১০১৪

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ব

৮৩২. বলরে সেই মনের মানুষ কোনজনা ১০১৫
৮৩৩. বিনা মেঘে বর্ষে বারি ১০১৬
৮৩৪. বেঁজো নারীর ছেলে ম'লো ১০১৭

ভ

৮৩৫. ভবে আশেক যার ১০১৮

ম

৮৩৬. মরি হায় কী ভবে ১০১৯
৮৩৭. মহাসন্ধির উপর ফেরে সে ১০২০
৮৩৮. ময়ূররূপে কে গাছের উপরে ১০২১
৮৩৯. মানুষের তত্ত্ব বল না ১০২২
৮৪০. মানুষের করণ ১০২৩
৮৪১. মোর্শেদ রঙমহলে সদাই ঝলক দেয় ১০২৪
৮৪২. মোকামে একটি রূপের বাতি ১০২৫

য

৮৪৩. যার আপনার আপন খবর নাই ১০২৬
৮৪৪. যাঁর আছে নিরিখ নিরূপণ ১০২৭
৮৪৫. যাঁর সদাই সহজ রূপ জাগে ১০২৮
৮৪৬. যে জন ডুবে আছে ১০২৯
৮৪৭. যে জন পদ্মহেম সরোবরে যায় ১০৩০
৮৪৮. যে দিন ডিম্বুভরে ভেসেছিলেন শাঁই ১০৩১

র

৮৪৯. রঙমহলে সদাই ঝলক দেয় ১০৩২
৮৫০. রসিক সুজন ভাইরে দুজন ১০৩৩
৮৫১. রূপের ঘরে অটল রূপ বিহারে ১০৩৪

শ

৮৫২. শুদ্ধ আগম পায় যে জনা ১০৩৫
৮৫৩. শুদ্ধপ্রেম রসিক বিনে ১০৩৬
৮৫৪. শূন্যভরে ছিলেন যখন ১০৩৭
৮৫৫. শাঁই দরবেশ যাঁরা ১০৩৮

স

৮৫৬. সদর ঘরে যার নজর পড়েছে ১০৩৯
৮৫৭. সদা সে নিরঞ্জন নীরে ভাসে ১০৪০
৮৫৮. সব সৃষ্টি যে করেছে ১০৪১

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫৯. সরোবরে আসন করে ১০৪২
৮৬০. সুখসাগরের ঘাটে যেয়ে ১০৪৩
৮৬১. সে ফুলের মর্ম জানতে হয় ১০৪৪
৮৬২. সোনার মানুষ ভাসছে রসে ১০৪৫

হ

৮৬৩. হায় কী আজব কল বটে ১০৪৬
৮৬৪. হায় কী কলের ঘরখানি বেঁধে সদাই ১০৪৭

আ লো চ ন ১০৪৮-১০৫৬
অখণ্ড লালনসঙ্গীত– নাসির আহমেদ ১০৫০
অখণ্ড মণ্ডলাকারং ব্যাপং-ইয়ানং চরাচর– মুহম্মদ কামরুজ্জামান ১০৫২

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে বিশ্বমানসে পাকাপাকিভাবে সিংহাসন করে নিয়েছেন ফকির লালন শাহ্। তাঁর ধর্মনিরপেক্ষ মুক্তবিশ্বচিন্তা যার প্রধান ভিত্তি। দুশো বছর ধরে বাঙালি অল্পবিস্তর তাঁর গান গেয়ে চলেছে। লালন কালজয়ী এমন এক মহান শুদ্ধসত্তা যাঁর সন্ধানে শতবর্ষ পরও পৃথিবীর নানাপ্রান্তের জ্ঞানী ও গুণীজনেরা উৎসুক হয়ে ছুটে আসেন এখানে।

অখণ্ড ভারতবর্ষে জাতপাত, গোত্রকুল, ভাষা-অঞ্চলের হাজারও বিভেদ ভাগাভাগির মধ্যেও জন্ম জন্মান্তরে তাঁকে বুক দিয়ে আগলে আছেন নিষ্ঠাবান ভক্তগণ। তাঁদের প্রেম আর ভক্তিভাবের কাছে রাষ্ট্রীয়-প্রাতিষ্ঠানিক পাণ্ডিত্য ও খবরদারি সম্পূর্ণ ব্যর্থ ও অকার্যকর। লালন ফকিরের সত্য দ্বীন গুরুমুখী আত্মতত্ত্ব সাধনার নিগূঢ়পথ। ব্রিটিশ-পাকিস্তান যুগের দ্বিজাতিতাত্ত্বিক দাঙ্গা-হাঙ্গামা ও ভাগাভাগির সাম্রাজ্যবাদী কূট চক্রান্তের কারণে এ মহৎ মানবধর্মদর্শন বারবার আক্রান্ত ও নির্যাতিত হয়েছে। শত প্রতিকূলতা পেরিয়ে তাঁর সত্যাদর্শের পতাকা এখনও সগৌরবে উড্ডীন। এ আদর্শ কেউ সম্পূর্ণ উৎখাত করতে কখনও পারেনি। যদিও তা বিকশিত হয়ে যেভাবে ব্যাপ্তি লাভ করতে পারত সে সম্ভাবনাকে পাথরচাপা দিয়ে রাখা হয়েছে।

চরম বিরুদ্ধ পরিবেশ অগ্রাহ্য করে তরুণপ্রাণ সাধু আবদেল মাননান ফকির লালন শাহের কালাম মাঠপর্যায় থেকে সংগ্রহ করে সাধুসম্মত তত্ত্ব, লীলা ও দেশানুসারে মোট বারোটি বিভাগে বিন্যস্ত করে লালনসঙ্গীত সংস্কার ও সম্পাদনার কঠিন দায়ভার গ্রহণ করেন। আজকের জনপ্রিয়তাকামী গবেষণা হুজুগের যুগে যা অবিশ্বাস্য এক ব্যাপার বটে। শুধু বৃহত্তর কুষ্টিয়া অঞ্চলের সাধুদের স্মৃতি ও শ্রুতি নির্ভর উৎস থেকে লালনের কালাম সংগ্রহ করেই তিনি থেমে যাননি। পাশাপাশি গত একশো বছরে ছোটবড় যতগুলো লালনসঙ্গীত গ্রন্থিত সঙ্কলনরূপে দেশবিদেশে প্রকাশিত হয়েছে সেগুলোর ভেতর থেকে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লালনসঙ্গীতের তুলনামূলক সুদীর্ঘ অধ্যয়ন চালিয়ে এ গ্রন্থের খসড়া পাণ্ডুলিপি প্রস্তুত করেন।

উল্লেখ্য, রবীন্দ্রনাথ ঠাকুর সংগৃহীত 'লালন শাহ্‌র গানের পুরনো খাতা', মুহম্মদ মনসুর উদ্দীন সংগৃহীত ভাবসঙ্গীত সঙ্কলন 'হারামণি' তৃতীয়, ষষ্ঠ ও সপ্তম খণ্ড, শ্রীমতিলাল দাস ও শ্রীপীযূষ কান্তি মহাপাত্র সম্পাদিত এবং কলিকাতা বিশ্ববিদ্যালয় থেকে প্রকাশিত 'লালন গীতিকা', খোন্দকার রফিউদ্দিন সম্পাদিত 'ভাবসঙ্গীত', আবু তালিব সম্পাদিত ও বাংলা একাডেমী থেকে প্রকাশিত 'লালন শাহ্ ও লালন গীতিকা', মুহম্মদ কামালউদ্দিন সম্পাদিত 'লালন গীতিকা', অন্নদাশঙ্কর রায়ের 'লালন ও তাঁর গান', ড. সনৎকুমার মিত্রের 'লালন ফকির : কবি ও কাব্য', ড. তৃপ্তি ব্রহ্মের 'লালন পরিক্রমা', অধ্যাপক উপেন্দ্রনাথ ভট্টাচার্যের 'বাংলার বাউল ও বাউল গান', সোমেন্দ্রনাথ বন্দোপাধ্যায়ের 'বাংলার বাউল : কাব্য ও দর্শন', ড. এস. এম. লুৎফর রহমানের 'বাউলতত্ত্ব ও বাউলগান', ড. আনোয়ারুল করিমের 'বাংলাদেশের বাউল সমাজ : সাহিত্য ও সঙ্গীত', ড. খন্দকার রিয়াজুল হকের 'লালন সংগীত চয়ন', সুব্রত রুদ্র সম্পাদিত 'লালনের গৌরগান', জহর আচার্যের 'গানে গানে ফকির লালন' আনোয়ার হোসেন মন্টু সংকলিত তিনখণ্ডের 'লালন সঙ্গীত', ফরহাদ মজহারের 'সাঁইজির দৈন্য গান', ড. ওয়াকিল আহমদ সম্পাদিত 'লালন গীতিসমগ্র', ড. আবুল আহসান চৌধুরী সম্পাদিত 'লালনসমগ্র', মোবারক হোসেন খান সম্পাদিত 'লালনসমগ্র' নামক প্রায় সবকটি বই একে একে বিচার-বিশ্লেষণ করে দেখা গেছে সব ভেজালে সয়লাব।

অতপর শুদ্ধিকরণ ও যাচাই-বাছাইয়ের প্রয়োজনে আমাদের 'লালন বিশ্বসংঘ'এর নয় সদস্যের সংযুক্ত সম্পাদনা পর্ষদ শাঁইজির কালামগুলো যাচাই-বিশ্লেষণ করেন। আমাদের সম্পাদনা পর্ষদ মূল সম্পাদকের সাথে একক ও যৌথভাবে প্রতিটি লালনসঙ্গীত নানাদিক থেকে পরীক্ষা-নিরীক্ষা চালিয়ে বিরোধ, অসঙ্গতি ও ত্রুটিগুলো অপনোদনে সম্পাদককে নানা পরামর্শ দেন। তিনি যথাযথ পন্থায় গ্রহণবর্জন ও সমন্বয়ের কাজে দিনরাত কঠোর পরিশ্রম করেছেন।

এ গবেষণাকর্মের মাধ্যমে তিনি পুনর্বার প্রমাণ করলেন, আপন গুরুর প্রতি পরিপূর্ণ ভক্তি-বিশ্বাস ও প্রেমনিষ্ঠা থাকলে অসম্ভবও সম্ভবপর হতে পারে। শাঁইজির আদিভাবমুখী সঙ্গীতের এ শুদ্ধতম সংস্করণ সর্বমহলে সমাদৃত হয়েছে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আমাদের সুদৃঢ় বিশ্বাস, আগামী দিনে যারা ফকির লালন শাহ্ সম্বন্ধে সম্যক জানতে-বুঝতে আসবেন, তাঁর শুদ্ধসত্ত্ব উদ্ধারে প্রয়াসী হবেন এ আকর গ্রন্থ তাদের হাতে তুলে নিতেই হবে। মহাপুরুষের চিরসত্য বাণীকে চক্রান্ত, চালাকি ও মিথ্যাচার দিয়ে আড়াল করে রাখা ভবিষ্যতে আর সম্ভব হবে না–'অখণ্ড লালনসঙ্গীত'এর প্রকাশনা আগাম সে শুভবার্তাই বহন করছে। লালন প্রেমিক-পাঠক সবাইকে জানাই আমাদের ভক্তি ও আন্তরিক শুভেচ্ছা।

সম্পাদনা পর্ষদের পক্ষে

ফকির আবুল হোসেন শাহ্

ফকির দেলোয়ার হোসেন শাহ্

ফকির হোসেন আলী শাহ্

ফকির নৈহিরুদ্দিন শাহ্

ফকির আবদুস সাত্তার শাহ্

ওস্তাদ মশিউর রহমান

রফিক ভূঁইয়া

আমীর আজম খান

সিজার আল মামুন

সংযুক্ত সম্পাদকমণ্ডলী

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পটভূমি

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শাঁইজির এ কালাম সঙ্কলনের নামায়ন 'লালনসঙ্গীত' হলেও চলত। তবে কেন 'অখণ্ড লালনসঙ্গীত' নামকরণ হলো। এর পেছনে অতিসূক্ষ্মতর কারণ আছে। সর্বধর্মের অবতার-মহাপুরুষগণ সর্বকালে স্রষ্টার তৌহিদ অর্থাৎ অদ্বৈতবাদের বা সর্বেশ্বরবাদের ধারক-বাহক। তাঁরা সৃষ্টিস্রষ্টার অদ্বৈত সত্যদর্শনকেই মানববিশ্বের নানা ভেদভাষায়, বিচিত্র সঙ্কেতে ও সূক্ষ্ম রূপকে জগতবাসীর সামনে তুলে ধরেন। এক অখণ্ড মহাসত্যকে তাঁরা অভিব্যক্ত করেন জীবের খণ্ডিত জীবন যাতনা খণ্ডনের জন্যে। জগতগুরু ফকির লালন শাহ কোনও খণ্ডজ্ঞান, খণ্ডপাত্র, খণ্ডভূমি বা খণ্ডকালে বিখণ্ডিত সত্তা নন। বরং আমরা তাঁকে শুদ্ধচিত্তে ধারণ না করতে পারার কারণে নিজেরা যেমন খণ্ডিত হয়ে আছি নানা ভাগাভাগির খোঁয়াড়ে তেমনই শাঁইজিকেও খণ্ডিতভাবে হাজির করি যে যার মত স্বার্থ-সুবিধার মাপকাঠিতে।

কিন্তু ফকির লালন শাহ স্থানকালপাত্রজয়ী মহাগুরুরূপে সদা সর্বত্র মহাভাবে জায়মান। তিনি স্বয়ং একক তথা অখণ্ডসত্তা বলেই তাঁর বাণী বা কালামও খণ্ডিত ভাবধারা থেকে সম্পূর্ণ মুক্ত ও পরিশুদ্ধ।

এ কারণে লালনসঙ্গীত আমাদের শ্রবণে দর্শনে মহাজাগতিক ধর্মসঙ্গীত বা বিশ্বসঙ্গীত। সুতরাং বলতে দ্বিধা নেই, আমার আগে ও পরে এ পর্যন্ত যারা মানবীয় আমিত্ব বা পণ্ডিতমন্য খণ্ডত্বের ঘেরাটোপ দিয়ে লালনসঙ্গীত সঙ্কলন-সম্পাদনার ঘানি টেনেছেন তারা কমবেশি সবাই দায়সারা ও খণ্ডিতভাবে উপস্থাপন করেছেন ফকির লালন শাহের কালজয়ী পরিচয় ও তাঁর মহৎ কীর্তিকে। তাঁকে মূল ধরে না চিনে না জেনে, তামসিক খামখেয়ালের বশে 'বাউল' বা 'বাউল সম্রাট' বলে চরম মিথ্যা প্রচার চক্রান্ত চালিয়ে যাচ্ছে এসব প্রখ্যাতকুখ্যাত শিক্ষিতমূর্খ পণ্ডিত-পাণ্ডার দল।

লালনসঙ্গীত মোটেও বাউলসঙ্গীত নয়, বিঘোষিত ফকিরীসঙ্গীত। কারণ লালন 'ফকির' মোটেই আউলবাউল জাতীয় কিছু নন। নিজেকে তিনি কোনোখানে বাউল বলে পরিচয় দেননি ভুলেও। ফকিরকে বাউল সাজালো কোন রাজনীতি সেটা না বুঝলে বিভ্রান্তির অবসান হবে না (*বিস্তারিত দ্রষ্টব্য: লালনদর্শন ॥ আবদেল মাননান ॥ রোদেলা প্রকাশনী, ২০০৯*)।

বাউলমতের উদ্ভবকাল নিয়ে নানা পণ্ডিতের নানা রকম মত আছে। চর্যাপদের ধারায় বৈষ্ণব রসতত্ত্বে বাউলতত্ত্বের আগমন ঘটেছে বলে যে ধারণা চালু আছে তা কতটুকু গ্রহণযোগ্য? কারণ চর্যাপদের বহু পূর্বকাল থেকে বাউল সাধনার ধারা ভারতবর্ষে প্রচলিত ছিল বলেই পরবর্তী কালে তা লিখিতরূপ লাভ করেছিল

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চর্যাপদের বৌদ্ধদোহায়। অধ্যাপক ড. উপেন্দ্রনাথ ভট্টাচার্য তার 'বাংলার বাউল ও বাউল গান' গ্রন্থে ফকির লালন শাহের পদাবলিকেও 'বাউল গান'রূপে সঙ্কলিত করে দাবি করেছেন যে, বাউলগণ নাকি 'চারিচন্দ্র সাধনা'য় মল মূত্র রক্ত বীর্য ইত্যাদি মিশিয়ে পান করে থাকেন! এমন অমূলক ধারণা শুধু তার নয়, তার মত তত্ত্ববোধশূন্য সত্যজ্ঞানহীন শত শত ডক্টর-প্রফেসর-গবেষকদের। লালনপন্থি ফকিরী যে কত উচ্চাঙ্গের মহাসাধনা সেটা অনুধাবনের ব্যর্থতাই তাদের ঠেলে দিয়েছে নিম্নাঙ্গের বিকৃত রসচর্চা ও কুরুচিপূর্ণ অনাচারের খানাখন্দে। উচ্চাঙ্গের সাধুদের নামে এমন বিকৃত চর্চা খুব আপত্তিকর। লালনবাদী সুফিগণ এসব কুচর্চা থেকে বহু দূরে বাস করেন।

ড. উপেন্দ্রনাথ ভট্টাচার্য 'চারিচন্দ্র সাধনা'র নামে যে চরম ভ্রান্ত ধারণা প্রকাশ করেছেন আমরা এ গ্রন্থে তা খণ্ডণ করে প্রকৃত 'ফকিরী চারিচন্দ্র সাধনা'র রহস্য স্পষ্টভাবে ব্যাখ্যা করেছি শাঁইজির শুদ্ধতর 'চারদেশ'ক্রম অনুসারে। ফকির লালন শাহের কালাম ধারাবাহিক শৃঙ্খলায় বিন্যস্ত না করে বিক্ষিপ্তভাবে সমাজের কাছে তুলে ধরা অপরাধ। তার উপর সাধুজগতের বিশেষায়িত পারিভাষিক অর্থ না জানলে ভুল ধারণা মনের মধ্যে বদ্ধমূল হয়ে যেতে বাধ্য। সত্য কখনও তৈরি করা যায় না। সাধনা তথা আত্মিক অনুসন্ধানের সাহায্যে সত্য অহরণ করে নিতে হয়। 'চারিচন্দ্র সাধনা' খুবই স্বাভাবিক যা প্রাকৃতিক কালক্রমের সাথে সম্পর্কিত এবং গাণিতিক নিয়মের সাথে সুসমন্বিত।

স্থূলদেশ, প্রবর্তদেশ, সাধকদেশ ও সিদ্ধিদেশ–এ চারদেশক্রম অনুসারে 'চারিচন্দ্র' সাধনবলে সাধক 'স্তম্ভন'শক্তি অর্জন করে থাকেন। এর ফলে সাধক পতনের হাত থেকে আত্মরক্ষা অর্থাৎ দেহের শুক্রক্ষয় নিরোধ করে 'অটল' হয়ে ওঠেন। এ সাধনধারায় সন্তান জন্মদান তথা আত্মখণ্ডণক্ষমতা নিয়ন্ত্রণ করা ফকিরের জন্য সহজ হয়ে ওঠে। বীর্য সংরক্ষণ ব্যতীত কারও পক্ষে ফকির হওয়া সম্ভব নয়। যাদের বীর্যবত্তা ও জন্মদান ক্ষমতা আপন নিয়ন্ত্রণে থাকে না জীবনভর তারা চরম অশান্তি আর অবিরাম নরকজ্বালায় ভুগে মরে। এর ব্যত্যয় নেই। অবশ্যম্ভাবী যেখানে উপেক্ষিত অশান্তি সেখানে অনিবার্য।

গত প্রায় দুই শতাব্দী ধরে ফকির লালন শাহের তথাকথিত জীবনী বানিয়ে সাহিত্যিক-সিনেমাটিক যে সব জাল-জালিয়াতি ও মিথ্যে কল্প কাহিনি সমাজে ছড়ানো হচ্ছে তার প্রতিক্রিয়া ভাষায় ব্যক্ত করলে এমনই দাঁড়ায়:

কোন সুদূরে পেরিয়ে গেছে শাঁইজির কাল
পণ্ডিতেরা তর্ক করে নিয়ে তারিখ-সাল ॥

ফকির লালনের আদি ধর্মদর্শন না খুঁজে, না বুঝে তাঁর মাতাপিতা কে, তাঁর গুরু সিরাজ শাহ কে, তিনি কোন গ্রামে বা জেলায় জন্মেছেন, হিন্দু না মুসলমান কুলোদ্ভব এসব অসার গালগল্প নিয়ে পণ্ডিতেরা যেমন কুতর্কে লিপ্ত তেমনই তাদের অনুসরণ করে সাধারণ জনগণও ভীষণ বিভ্রান্তির মধ্যে পড়েছে। কিন্তু এ সূক্ষ্ম সত্যটি কেউ বুঝতে চায় না যে, দিব্যজ্ঞানী সিদ্ধ মহাপুরুষদের নিজস্ব মুক্তমত

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অর্থাৎ আত্মদর্শনলব্ধ মহাসত্য সম্পূর্ণ স্বতন্ত্র এক একটি মুক্তধর্ম। একেই বলা হয় মানবধর্ম তথা শুদ্ধ মুক্ত মহাপুরুষতন্ত্র।

আল্লাহর ক্বাফশক্তির অর্থাৎ মহাশক্তির অধিকারীগণের মধ্যে যাঁরা ক্বাফশক্তি সম্পন্নগণের সন্তোষ লাভের জন্যে তাঁদের মুখাপেক্ষী হয়ে থাকেন তাঁরাই ফকির। এ আমার কথা নয়, কোরানের দর্শন অনুসারে একদেহতত্ত্ব (ওয়াহাদাতুল অজুদ) সাধনার সুসংবদ্ধ ধারা। অথচ বেশির ভাগ মানুষই জানে না যে, ফকিরী ধারা ও বাউল চর্চার মাঝে আকাশপাতাল ফারাক আছে। এবিষয়ক পার্থক্যবোধহীন অবুঝ লোকদের অপপ্রচারণায় ফকির লালন শাহ ও তাঁর অখণ্ডসঙ্গীতদর্শন নিতান্তই খণ্ডিতভাবে লোকপ্রিয়তা পেয়েছে সমাজে। কিন্তু অখণ্ড স্বরূপে এখনও কোথাও তা প্রতিষ্ঠা পায়নি, না স্বদেশে না বহির্বিশ্বে। সবই খণ্ডিত ও বিকৃত।

নিরন্তর আমরা প্রতিকূল এ স্রোতধারার সম্পূর্ণ বিপরীত অভিমুখে চলেছি। লালনচর্চার সর্বমাত্রিকতা নিয়ে আমরা নিরপেক্ষভাবে বিশ্লেষণের চেষ্টা করি যা প্রাতিষ্ঠানিক পাণ্ডিত্যের নাক ওঁচা গবেষণাগিরির অহমিকাকে ভীষণ ঝুঁকির মধ্যে ফেলে দেয় পদে পদে। শুদ্ধ ফকিরী ধর্মের রসিক সাধক আপন দেহে তথা সাধকদেশের মধ্যে সম্যক গুরু বা কামেল মোর্শেদরূপী পরমের ধ্যানমগ্নতার এত গভীরে তন্ময়াবিষ্ট হয়ে থাকেন যে, নিজদেহের বাইরে কোনও নারীসঙ্গীনির প্রতি মন্ময় হওয়ার বা মানসিকভাবে অপরের উপর নির্ভরতার কোনও অবকাশই তাঁর থাকে না।

এ কারণে 'ফকির' তিনিই যিনি মুক্ত, স্বাধীন, স্বতন্ত্র, বান্ধবহীন (বেনেয়াজ), সর্ববন্ধনহারা মহাপুরুষ গুরু। শাঁইজির সমগ্র জীবনটাই যার মূর্ত দৃষ্টান্ত। তিনি কোনও স্ত্রী বা তথাকথিত সাধনসঙ্গিনী কখনও গ্রহণ করেননি। ছেউড়িয়ার আখড়ায় তিনি সামাজিকভাবে লাঞ্ছিত, বঞ্চিত ও বিপণ্ন যে নারীদের আশ্রয় দিয়েছেন তারা তাঁর আধ্যাত্মিক কন্যার মর্যাদায় অভিষিক্ত। তাই যৌনমোহের আবিলতা থেকে মুক্ত। পক্ষান্তরে নারীসঙ্গিনী মন্থন ব্যতীত নাকি বাউলের কোনও ভজনসাধনা সম্ভব নয়। এ তুল্যমূল্য বিচারে ফকিরধর্মের সাথে বাউল ধারার মিলের চাইতে অমিলই অধিক দেখা যায়।

অথচ স্বঘোষিত 'ফকির' লালনকে ন্যাড়ার 'বাউল' বলে প্রচারণা চালিয়ে শাক দিয়ে মাছ ঢাকার এমত জঘন্য মিথ্যাচারের সূচনা করেছিল মৌলভি আফসার উদ্দিনের নেতৃত্বে কাঠমোল্লা শ্রেণির ধর্মান্ধেরা সেই ব্রিটিশ যুগের শেষভাগ থেকে। দুর্ভাগ্যের বিষয়, ওদের অনুসরণে এখনকার প্রগতিশীল নামদার পণ্ডিত-ডক্টরবৃন্দও সেই মিথ্যারোপকেই অন্ধের মত আঁকড়ে ধরে আছে এবং লালন নামের পূর্বে 'বাউল সম্রাট' তকমা চাপিয়ে পুরনো সাম্প্রদায়িক বিদ্বেষের রাজনীতি এখনও অব্যাহত রেখেছে। ফলে গুরুতর অপরাধজাত কুতর্ক, বিভ্রান্তি আর মতভেদের নরকে তারা নিমজ্জিত করে রেখেছে অবোধ বিশ্ববাসীকে।

নিখিল বঙ্গে ফকির লালন শাহ্ গুরুমুখী সর্বধর্মের মিলন মোহনা (Platform)

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বলেই ধর্মবর্ণগোত্রকুলের পরিচয় তাঁর কাছে একেবারেই অর্থহীন জঞ্জালতুল্য। কুটিল লোকদের কপটতা থেকে শাঁইজি সব সময় যোজন দূরে থাকেন। কিন্তু সরলহৃদয় ভক্তের প্রেমডোরে তিনি বাঁধা আছেন সদাই। এখানে নরনারী কি শাদাকালো কি জাতঅজাতের ভেদাভেদ নেই কোনও। সাধুগুরুর চরণে সবারই ঠাঁই মেলে যদি সে হয় অকপট মানে সরলমনা ভক্তজন। শাঁইজি জানান:

ভক্তিভক্তের সঙ্গধারী
অভক্তের অঙ্গ নাহি হেরি ॥

গুরু লালনের কাছে নিজের চাইতেও তাঁর ভক্ত অনেক বড়। ভক্তের চেয়ে বড় তার নিহেতুভক্তি। শাঁইজি তাঁর প্রতিটি ভক্তের ভেতরে বাইরে একাত্ম হয়েই আছেন সচ্চিদানন্দ মহাপ্রেমলীলায়। কিন্তু অসৎ ও অভক্তের দিকে মনোযোগ দেয়া দূরের কথা, ওদিকে এক পলক তাকানোর সময়ও নেই তাঁর; কারণ:

অসৎ অভক্তজনা
তারে গুপ্তভেদ বল না
বললেও সে মানিবে না
করবে অহঙ্কারী ॥

গুপ্ত রহস্যজ্ঞানের খবর চেতনশূন্য কোনও অভক্তের কানে আদৌ প্রবেশ করানো যায় না। নেহাত প্রবেশ করালেও ভেতরে তা কোনও আলোড়ন তুলতে পারে না। আমিত্বের অহঙ্কার ও বিষয়মোহের সীমাহীন দুর্বলতা যার প্রধান কারণ। এভাবে ভোগলোলুপ বস্তুবাদী শাসনব্যবস্থা ও তার অনুসরণে ধর্মের নামে কুধর্মব্যবস্থার বিষফলজাত এ নৈরাজ্যবাদী অবক্ষয়ী সভ্যতার শিকার কোটি কোটি জনগণের মন ও মস্তিষ্ক ভক্তিশূন্যতার চরম সীমা ছাড়িয়ে গেছে।

ভক্তির পরিবর্তে নির্বিচার ভোগ ও ভোগান্তি তথা দুর্ভোগ বাড়ানোর দিকেই লোকেরা পঙ্গপালের মত ছুটছে চারদিক। এমন আত্মসুখ বিলাসের পরিণতি কী দাঁড়াচ্ছে সেদিকে কারও খেয়াল নেই। সম্যক গুরুকেন্দ্রিক প্রেমভক্তিবাদকে প্রতিদিনের বাস্তব জীবন ও চেতনজগত থেকে একেবারে নির্বাসনে পাঠিয়ে মানুষের নাকের উপর মরণোত্তর মিথ্যা মুক্তির মুলো ঝুলিয়ে রাখা হয়েছে অনুষ্ঠানবাদী সব লৌকিক ধর্মকর্মে। তার জন্যে ফকির লালন শাহের এমন মর্মান্তিক আর্তি জেগে ওঠে :

জগত মুক্তিতে ভোলালেন শাঁই
ভক্তি দাও হে যাতে চরণ পাই॥

ভক্তিপদ বঞ্চিত করে
মুক্তিপদ দিচ্ছ সবারে
যাতে জীব ব্রহ্মাণ্ডে ঘোরে
কাণ্ড তোমার দেখতে পাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রাঙাচরণ প্যব বলে
বাঞ্ছা সদাই হৃৎকমলে
তোমার নামের মিঠায় মন মজালে
রূপ কেমন তা দেখতে চাই ॥

লোকসমাজ জীবদ্দশায় সম্যক গুরুর চরণে ভক্তিপ্রণত হয়ে জলন্ত জাহান্নাম থেকে মুক্ত না হয়ে মরণের পর নাজাত বা মুক্তি চায়। এমন অলীক মুক্তির লোভে বিশ্বের লোকপ্রিয় ধর্মজগত ভ্রান্তির এমন জটিল খাদে পড়েছে যে, কোনোমতেই আর কোমর সোজা করে উঠে দাঁড়াতে পারছে না। অতিচর্চিত জনপ্রিয় তাবৎ ধর্মকর্ম অর্থাৎ সমাজে লোকদেখানো ভড়ংবাজির আড়ম্বরপূর্ণ ফ্যাশন প্রতিযোগিতা এখন নিতান্তই খেলো বিষয়ে পরিণত হয়েছে। লৌকিক ধর্মগুলোর অন্ধ অনুসারীরা ভক্তিপ্রেম উপাসনা, সেবা ও সাধনার মূল কেন্দ্রবিন্দু স্বরূপ একজন সম্যক গুরুর রূপধ্যান ভুলে অদেখা-নিরাকার আল্লাহর নামে চরম বিকার ও বিভ্রমের মূর্তিপূজায় ডুবে আছে। নিরাকার আল্লাহ বা অদৃশ্য হরির উদ্দেশে বেশির ভাগ মানুষ প্রার্থনা কি এবাদতের নামে মনের অন্ধকার ঘরে বিষধর সাপ ধরতে শশব্যস্ত। জন্ম জন্মান্তরে এভাবে জগত সংসারের অজ্ঞান লোকগুলো মুলো ঝোলানো মুক্তির কৌশলী চক্রান্তে বারবার নারকীয় যন্ত্রণার আবর্তে পড়ে ঘুরপাক খাচ্ছে। শাঁইজির ভক্তিপদ থেকে বঞ্চিত হয়ে কারও মুক্তি লাভ করার উপায় নেই। আত্মিকভাবে প্রত্যক্ষমান সদ্‌গুরুর অস্তিত্বকে এড়িয়ে গিয়ে শুধু মৌখিকভাবে শব্দ বা নাম উচ্চারণের ধোঁকাবাজি দিয়ে পরম সত্যের সন্ধান কখনোই মেলে না। এজন্যে সম্যক গুরুর ভক্তিপদে শক্তিহারা লোকেরা কপটভাবের ধর্মাচারী। মুক্তিপদলোভী এসব ভ্রান্তজীবকে ভক্তিপদ বঞ্চিত রেখে জন্ম-জন্মান্তরে বারবার দেহধারণ করে কঠিন জীবনদুঃখের ঘানি টেনেই যেতে হচ্ছে। মনের গতি প্রকৃতিই যার যার প্রাপ্তি ও অপ্রাপ্তির নির্ণায়ক। অথচ সম্যক গুরুর তথা মহাপুরুষের রূপধ্যান ভুলে লোকেরা সরাসরি ভগবান বা আল্লাহর দর্শন লাভ করার ব্যর্থ চেষ্টায় মরিয়া হয়ে আছে। মহাপুরুষের মাধ্যম ছাড়া পরম সত্তার সাথে সাধারণ মানুষ কখনও যোগ লাগাতেই পারে না। অতএব, বিয়োগের খাতায় লেখা হচ্ছে তাদের সব তামসিক ধর্মকর্মের ফলাফল। শুধু মৌখিক নামের মিঠায় মন মজিয়ে মানবসত্তার মধ্যে গুপ্তসুপ্ত মহাসত্যকে অস্বীকার করে তারা স্রষ্টাকে আজগবি সাত আসমানের শিকেয় তুলে রেখে গোটা ভূবিশ্বকে পরিণত করেছে জলন্ত জাহান্নামে (কৌরব নরকে)। ধর্ম নেহাত আর মানুষের হৃৎমন্দিরে বা কমলকোঠায় সুরক্ষিত নেই এখন। বরং ইট, কাঠ, পাথর, লোহার তৈরি অট্টালিকার দানবীয় প্রকোষ্ঠে বন্দি হয়ে পড়েছে। গুরুবিমুখ নামাজ-পূজার নামে নির্বোধ জনগণের মুক্তি প্রার্থনা হয়ে উঠেছে তাই সাম্রাজ্যবাদ শৃঙ্খলিত পুজিবাদ ও ভোগবাদের কানাগলিতে বন্দিদশার নামান্তর। সৃষ্টি ও স্রষ্টার মধ্যে এমন পার্থক্যই বিশ্বধর্ম সংকটের প্রধানতম কারণ।

অথচ এই মানব আকার সাকারের মধ্যেই বন্দিত্ব ও মুক্তি একত্রে মিলেমিশে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আছে। চুরাশি লক্ষ যোনি তথা জৈবিক মাতৃদ্বার পেরিয়ে মানবকুলে আমাদের আবির্ভাব ঘটেছে জন্মমৃত্যুর চক্র থেকে চিরমুক্ত হয়ে মহাপুরুষের স্তরে উত্তরণের জন্য। মানুষ ছাড়া স্রষ্টার কোনও পরমলীলার অস্তিত্ব তথা প্রকাশক্ষেত্রে নেই। বেদ, ত্রিপিটক, তৌরাত, জবুর, ইঞ্জিল, কোরান–এসব মহামানুষেরই সৃজন সাধারণ-অজ্ঞান মানুষের উদ্ধারের জন্যে। মানবদেহই স্রষ্টার প্রকাশ-বিকাশের শ্রেষ্ঠতর মাধ্যম।

মোর্শেদকে মান্য করিলে
খোদার মান্য হয়
সন্দেহ যদি হয় কাহারও
কোরান দেখলে মিটে যায় ॥

দেখ বেমুরিদ যত
শয়তানের অনুগত
এবাদত বন্দেগি তার তো
সই দেবে না দয়াময় ॥

মোর্শেদ যা ইশারা দেয়
বন্দেগির তরিক সেই হয়
কোরানে তা সাফ লেখা রয়
আবার ওলি দরবেশ তাঁরাও কয় ॥

মোর্শেদের মেহের হলে
খোদার মেহের তারে বলে
হেন মোর্শেদ বা ভজিলে
তার কি আর আছে উপায় ॥

গুরুবাক্য বলবান, আর সবই বাহ্যজ্ঞান। মোর্শেদকে মান্য করা বলতে তাঁর আদেশ ও নির্দেশ পালন, অনুসরণ ও অনুকরণ করা বোঝায়। গুরুবিহীন লোকমাত্রই শয়তানের শিষ্য। তাদের কোনও উপাসনা বা নামাজ আল্লাহ-হরির কাছে গৃহীত হয় না। যার জন্য যে সাধন পদ্ধতি গুরু দান করেন সেটাই তার জন্য পালনীয় ধর্মবিধান বা শরিয়ত। কোরানের নির্দেশনাও তাই। সবার জন্য সারা জীবন একই ধাঁচের নামাজ বা ধ্যান কখনও সঠিক হতে পারে না। জন্ম, কর্ম, জ্ঞানপাত্র ও ধারণক্ষমতা অনুসারে এক একজনের জন্য এক একটি স্বতন্ত্র তরিক বা পথ-পদ্ধতি নির্ধারিত। সাধু-সুফিগণের এমনই ধারা। এভাবেই গুরু তথা মোর্শেদের কৃপা লাভ অর্থাৎ ভগবান তথা আল্লাহর পরিপূর্ণ কৃপা লাভ করা সম্ভব। অতএব, গুরুমুখী সাধনায় নিমগ্ন না হয়ে যে যতই ধার্মিক সাজুক তাতে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তার রক্ষে নেই। শাঁইজির দেশনা অনুযায়ী গুরুভজন না করে শুধু তাঁর কালাম শুনে, বই পড়ে মুখস্ত বুলিবাগীশ হলে কখনও প্রকৃত কল্যাণের অধিকারী হওয়া যাবে না। যদি কারও গুরু না মেলে তাহলে তার ধর্মকর্ম সবই অসার হতে বাধ্য।

দুই.

কোরানের শাশ্বত বাণী ও ফকির লালন শাহ্‌র সুফিসঙ্গীত ভাবার্থে এক ও অভিন্ন। তুলনামূলক মানদণ্ডে বিচার করলে আমাদের এ দাবির প্রতি সমর্থন মেলে দুদিক থেকেই। যেমন কোরানুল করিম সাক্ষ্য দেন:

> "হে মানুষ, আমরা তোমাদিগকে সৃষ্টি করিয়াছি এক পুরুষ এবং এক নারী হইতেই। এবং তোমাদিগকে বিভক্ত করিয়াছি বিভিন্ন জাতি ও গোত্রে যাহাতে তোমরা একে অপরের সহিত পরস্পর পরিচিত (বা মিলিত) হইতে পার। তোমাদের মধ্য হইতে আল্লাহর নিকট সেই ব্যক্তি সর্বোত্তম মর্যাদাপ্রাপ্ত যে অধিক মোত্তাকী (সৎকর্মশীল)। নিশ্চয় আল্লাহ সর্ববিষয়ের উপর সূক্ষ্ম দ্রষ্টা এবং শ্রোতা; তিনি সকল কিছুরই খবর রাখেন"।
>
> *– কোরানুল হাকিম ॥ সূরা আল হুজুরাত ॥ বাক্য ১৩*

কোরানুল করিমের উপরোক্ত অদ্ব্যর্থ ঘোষণা থেকে আমরা জানতে পারি যে, বিশ্বের সব মানুষ একই মূল উৎস থেকে আগত। মানুষে মানুষে কোনও ভেদরেখা নেই। বংশ, জাতপাত, গোত্র, লিঙ্গ, দেশ, কাল, ভাষা ইত্যাদির কারণে বিশ্বমানবকে রাষ্ট্র-জাতীয়তাবাদের ছকে ফেলে পৃথক পৃথক বলে ভাবা মোহাম্মদী ইসলামের মৌলিক বিধান পরিপন্থি। বিশ্বে নানা বৈচিত্র্য রাখা হয়েছে একের সাথে অপরের সম্বন্ধচর্চা, ভাব লেনদেন তথা মিলনের মাধ্যমে আনন্দে বসবাসের জন্যে। হিংসা, বিভেদ, দাঙ্গা-হাঙ্গামা ও খুনোখুনির জন্যে কখনও নয়। নানা জাতির অনেক রঙের বিচিত্র ফুল দিয়ে একটি সুন্দর প্রেমমালা গাঁথার প্রয়োজনে এত ভাষা, গোত্র ও জাতির সৃষ্টি হয়েছে। কারণ বিশ্বের সব মানুষ কোরানের দৃষ্টিতে অখণ্ড একজাতি। তাই শাঁইজির কাছে সে ব্যক্তিই পৃথিবীর আর সব মানুষের চেয়ে অধিক মর্যাদাবান যিনি আপন গুরুর প্রতি সদা কর্তব্যপরায়ণ। কোরান বিশ্বের সকল মানুষের জন্যেই সুবিচার ও সুখ আশা করেন। একদল অন্যদলের দ্বারা শোষিত, লুণ্ঠিত, অত্যাচারিত বা ঘৃণিত হোক কোরান তা কখনও চান না। চিরন্তন কোরানের এ কথাটিই শাঁইজি সূক্ষ্মভাষায় বলেন সৃষ্টি আর স্রষ্টাকে একতারে বেঁধে:

সবলোকে কয় লালন কী জাত সংসারে
লালন কয় জাতের কী রূপ
দেখলাম না এই নজরে ॥

সুন্নত দিলে হয় মুসলমান

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নারীলোকের কী হয় বিধান
বামুন চিনি পৈতে প্রমাণ
বামনী চিনি কিসেরে ॥

জগত জুড়ে জাতের কথা
লোকে গল্প করে যথাতথা
লালন বলে জাতের ফাতা
ডুবিয়েছি সাধবাজারে ॥

কোরানুল হাকিমে রসুলাল্লাহ ঘোষণা করেন বিশ্বের সব মানুষ এক জাতি আর এক ধর্মভুক্ত বলে; প্রমাণ স্বরূপ :

> "নিশ্চয়ই এই মানবজাতি একজাতি (একই ধর্মের) আর আমি তোমাদের রব (প্রতিপালক তথা সম্যক গুরু) তাই আমারই উপাসনা কর। এবং মানুষ তাহাদের কার্যকলাপ (কর্মফল) দ্বারা পারস্পরিক বিষয়ে বিভেদ (কলহ) সৃষ্টি করে। নিশ্চয় আল্লাহর দিকে প্রত্যেকের প্রত্যাবর্তন"।
>
> – *কোরানুল করিম ॥ সূরা আম্বিয়া ॥ বাক্য : ৯২–৯৩*

সমগ্র মানবজাতি একজাতি। সবার একধর্ম দ্বীনে ইসলাম তথা মানবধর্ম। কিন্তু দেশকালভাষার বিবর্তনে, ইন্দ্রিয়-রিপু তথা খণ্ড খণ্ড আমিত্বের স্থূল প্ররোচনায় মানুষে মানুষে ভেদাভেদের দেয়াল উঠেছে। বংশের নামে, গোত্রের দোহাই দিয়ে জাত ফলাতে গিয়ে মানববিশ্বকে বিভক্ত ও বিপণ্ন করে ফেলা হয়েছে। 'ইসলাম' অর্থ শান্তি। যে ব্যক্তি চিন্তায়, বাক্যে, কর্মে ও আচরণে প্রশান্তিময় আত্মদর্শন দ্বারা সব সময় জ্ঞানময় বিশেষ হালে থাকেন তিনিই ইসলামের সুশীতল ছায়ার পরশ পেয়েছেন। তাই মোহাম্মদী অর্থাৎ সম্যক গুরুমুখী সর্বকালের আত্মদর্শনমূলক সকল ধর্মই ইসলাম ধর্ম। কিন্তু আমরা বাস্তবে দেখি তার বিপরীত। সেজন্যে ফকির লালন শাহ কুধর্মের জঞ্জালভরা পৃথিবীতে নেমে আসেন ধর্মবর্ণগোত্রজাতির সাম্প্রদায়িক হানাহানির বিপরীতে কোরানের হিরন্ময় জ্ঞানদ্যুতির বিচ্ছুরণ ঘটাতে:

সবে বলে লালন ফকির
কোন জাতের ছেলে
কারে বা কি বলি
ওরে দিশে না মেলে ॥

একদণ্ড জরায়ু ধরে
এক একেশ্বর সৃষ্টি করে
আগমনিগম চরাচরে
তাইতে জাত ভিন্ন বলে ॥
জাত বলতে কী হয় বিধান

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হিন্দু যবন বৌদ্ধ খ্রিস্টান
জাতের আছে কিবা প্রমাণ
শাস্ত্র খুঁজিলে ॥

মানুষের নাই জাতের বিচার
এক এক দেশে এক এক আচার
লালন বলে জাত ব্যবহার
গিয়েছি ভুলে ॥

কোরানে উল্লিখিত পৃথিবীর সকল মানুষের এক মূলজাতিতত্ব গভীরভাবে অনুসন্ধান করলে আমরা দেখি, সমস্ত তত্ত্বের জন্ম ও ধর্মের উদ্ভব হয়েছে এই প্রাচ্যে। সকল নবী, রসুল, অবতার ও মহাপুরুষের আবির্ভাব এখানেই। হিমালয় শোভিত ভারত যার প্রাচীনতম পাদপীঠ। প্রখ্যাত গবেষক অক্ষয় কুমার দত্তের 'ভারতীয় উপাসক সম্প্রদায়' গ্রন্থ ২য় খণ্ডের ২–৩ পৃষ্ঠায় এ সত্যের প্রতিধ্বনি পাই। আদিতে পৃথিবীর প্রথম মানবগোষ্ঠীর বসবাস শুরু হয় এশিয়া ভূখণ্ডে। এমন একটি মতবাদ ঐতিহাসিক মহলে ব্যাপকভাবে চালু আছে। এখান থেকেই পৃথিবীর বিভিন্ন স্থানে মানবগণ যাত্রা শুরু করেন। চীনা জাতি ভারতের প্রাচীন আদিবাসী। ধারণা করা হয়, হুন সাম্রাজ্যের মানুষেরা এখান থেকে পশ্চিমমুখে অগ্রযাত্রা করেছিল। তারাই রোমান সাম্রাজ্য আক্রমণ দ্বারা সম্পূর্ণ অধিগত করে নেয়। তেমনই তৈমুর লং ও চেঙ্গিস খাঁন এখান থেকেই চারদিকে ছড়িয়ে পড়েছিল। ঐতিহাসিকগণ এ বিষয়ে একমত যে, আর্যবংশীয়দের একাংশও এশিয়া খণ্ডের অধিবাসী। তারা বেলুতার্ক ও মুস্তাক পর্বতের পশ্চিম পার্শ্বস্থ উঁচুভূমিতে বসতি পত্তন করেছিল।

কোরানে বর্ণিত এক উৎস থেকে মানবজাতির আগমনের সূক্ষ্ম প্রমাণ মেলে বিশ্বভাষার শব্দভাণ্ডার নিয়ে তুলনামূলক শ্রুতিচর্চা করলে। বিশেষত ভারতীয় শব্দগুলোর মূলধ্বনির সাথে অন্য ভাষাগুলোর মূলধ্বনিগত মিলের দিকে লক্ষ্য করলে; যেমন: সংস্কৃত শব্দ 'অস্টন্' থেকে হয়েছে যথাক্রমে আবস্তিক শব্দ 'অস্তন্', পারসিক শব্দ 'হস্তন্', গ্রিক শব্দ 'অক্টো', লাতিন শব্দ 'অক্টো', জর্মন শব্দ 'অক্টো', ফরাসি শব্দ 'আখত্', ইংরেজি শব্দ 'এইট্' এবং বাংলা শব্দ 'আট'। আবার সংস্কৃত শব্দ 'দদাসি' থেকে হয়েছে আবস্তিক শব্দ 'দধাহি', পারসিক শব্দ 'দেহ্', গ্রিক শব্দ 'ডিডোস্', লাতিন শব্দ 'ডাস' ইত্যাদি।

অপরদিকে সংস্কৃত শব্দ 'মাতৃ' থেকে হয়েছে আবস্তিক শব্দ 'মাতৃ', পারসিক শব্দ 'মাদর্', গ্রিক শব্দ 'মাটর্', ল্যাটিন শব্দ 'মাটর্', জর্মন শব্দ 'মুতের্', ফরাসি শব্দ 'মেখ্', জর্মান শব্দ 'মদর্', বাংলা শব্দ 'মা'। আবার সংস্কৃত শব্দ 'পিতৃ' থেকে এসেছে আবস্তিক শব্দ 'পৈতর্', পারসিক শব্দ 'পাদর্', গ্রিক শব্দ 'পাটর্', লাতিন শব্দ 'পাটর্', জর্মন শব্দ 'ফাতের্', ফরাসি শব্দ 'পেখ্', ইংরেজি শব্দ 'ফাদার' এবং বাংলা শব্দ 'পিতা' ইত্যাদি।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভারতীয় সাধুগণই এখান থেকে আরবে মানবধর্মের প্রচার আরম্ভ করেছিলেন অন্ধকার বর্বরতার যুগে। বর্ষগণনায় ভারতের উদ্ভাবিত শূন্যতত্ত্ব ভারত থেকে প্রথমে আরব হয়ে তারপরে পাশ্চাত্যে গিয়েছিল। আরবীয় সমাজে এখনও ভারতীয় ধর্ম-সংস্কৃতির অবশেষ টিকে আছে। যেমন 'উলুধ্বনি' আরবের পারিবারিক সামাজিক জীবনের গুরুত্বপূর্ণ অংশ। জন্ম ও বিবাহে উলুধ্বনির ব্যবহার এখনও চলে। তার সাথে সেখানে টিকে আছে তুলসী পাতার ব্যবহার। এগুলো আরবে ভারতীয় আদিধর্মের সাংস্কৃতিক বিস্তারের অবশেষ স্বরূপ।

'দ্বীন' বলতে খণ্ডিতভাবে আমরা 'ধর্ম'কে বুঝে থাকি। কিন্তু কোরানের ভাষায় 'দ্বীন' অর্থ 'বিধান' Constitution। আদি থেকে অন্ত পর্যন্ত সৃষ্টিময় একটি অখণ্ড বিধান বিরাজমান। সর্বশক্তিমান আল্লাহ রব তথা সম্যক গুরুরূপে এ অখণ্ড বিধানের সংবিধাতা। উপরে গ্রহ-নক্ষত্র থেকে আরম্ভ করে নিচে ধূলির ক্ষুদ্রতম অণুকণা পর্যন্ত এই একক বিধানের অধীন। এ বিধানের অধীন থাকবার নাম সেজদা বা আত্মসমর্পণ। এজন্যে কোরান ঘোষণা করছেন, "নক্ষত্র ও বৃক্ষলাতাদি সবাই সেজদায় আছে"। কোরানে আকাশ ও পৃথিবী বলতে সমস্ত সৃষ্টি বোঝায়। তারাও আল্লাহর প্রতি আত্মসমর্পণের মধ্যে বিরাজ করে (কোরান)। সুতরাং 'সেজদা' অর্থ আল্লাহর বিধানে বাস করা। সমগ্র সৃষ্টি সেজদায় আছে। মানুষের অঙ্গ প্রত্যঙ্গ: যথা: চোখ, কান, নাক, জিহ্বা, ত্বক ইত্যাদি সমস্ত সৃষ্টিই আল্লাহর সৃষ্ট এ মহাবিধানের পরিচালনাধীন রয়েছে। আমাদের অঙ্গ প্রত্যঙ্গগুলো যার যে কাজ নির্ধারিত করা হয়েছে সে কাজ একই নিয়মে সে করে চলছে। সুতরাং সমস্ত সৃষ্টিই আত্মসমর্পণকারী অর্থাৎ জন্মগতভাবে মুসলমান। স্বভাব প্রকৃতির দিক থেকে তাদের কাউকেই প্রকৃতির মহানিয়ম ভঙ্গ করার অধিকার দেয়া হয়নি। এ মহানিয়মের ব্যতিক্রম শুধু মানুষের মন ও তার চিন্তাশক্তি। পার্থিব জীবনে তাকে স্বল্প ও সাময়িক ইচ্ছাশক্তি দেয়া হয়েছে। এ ইচ্ছাশক্তির দ্বারা সে তার মুসলমান অঙ্গ প্রত্যঙ্গগুলোকে আপন ইচ্ছামত ব্যবহার করে থাকে। এর মূলে আছে নফসের ইচ্ছাশক্তির ক্রমবিকাশ। যৌবনপ্রাপ্তির সঙ্গে সঙ্গে এ বিকাশ বা নফস পূর্ণতাপ্রাপ্ত হয়।

নফস তার পার্থিব জীবন পথে তখন সৃষ্টি করে চলে সাময়িক অনেক বিধান বা পদ্ধতি। প্রত্যেক কাজের জন্যে তার একটি নিয়ম বা পদ্ধতি অনুসরণের দরকার হয়। সে পদ্ধতি ঐ কাজের দ্বীন। এইরূপে রাষ্ট্রের আইন তার দ্বীন। অফিস-আদালত-কল-কারখানার দ্বীন তার নিয়মাবলি। প্রয়োজন অনুসারে তা লিখিত হোক বা অলিখিতই হোক।

নফস তার নিজের দ্বীনগুলোর অনুসরণ ও তাতে মনকে লাগিয়ে রাখার ফলে সে যে তখনও অন্যান্য সৃষ্টির মতই প্রকৃতিগতভাবে আল্লাহর একক দ্বীনের সাথে অবিচ্ছেদ্যভাবে বাঁধা–এ অনুভূতি থেকে দূরে সরে থাকে। এটা মানব মনের একটা পর্দামাত্র। জলে ডুবে থেকেও জলে না থাকার মত অনুভূতিমাত্র। সমস্ত সৃষ্টি না বুঝেই যে মহানিয়মের মধ্যে রয়েছে বুঝে শুনে সেই নিয়মের আনুগত্য তথা আত্মসমর্পণের বিধানের আনুগত্য গ্রহণ করার নামই পূর্ণ ইসলাম। কিন্তু

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মানুষ তার নিজ ক্ষমতায় সেই পূর্ব আনুগত্য আর গ্রহণ করতে পারবে না। কারণ সে তার রচিত দ্বীনসমূহ ত্যাগ করে চলতে পারবে না। অথচ তাকে পুনরায় মৃত্যুর পর আল্লাহর দ্বীনে আসতেই হবে। তার নফস থেকে নিজ ইচ্ছা পরিত্যাগ করতেই হবে। তাই জীবদ্দশায় এই শিক্ষা অনুশীলন করা তার একান্ত প্রয়োজন হবে।
আল্লাহর দ্বীনের শিক্ষা মানুষের সর্বকর্মের মধ্যে প্রবেশ করিয়ে দেয়ার জন্যে নবীগণকে তিনি পাঠিয়েছেন। মানুষের প্রত্যেক কাজের দ্বীনকে আল্লাহর দ্বীনের রঙে রাঙিয়ে দেবার এটাই সর্বকালীন ব্যবস্থা। এজন্যেই মানব রচিত কার্য পদ্ধতি নবীগণ বর্জন করে ঐ পদ্ধতির উপর এমন সব দ্বীন বা নিয়মাবলি প্রবর্তন করেন যেন তার দ্বারা আল্লাহর দ্বীনের প্রতি আত্মসমর্পণভাব মনের উপর প্রভাব বিস্তার করতে পারে। যদিও ঐ প্রভাবের সাহায্যে সে আর কখনও বৃক্ষাদির মত একেবারে আল্লাহর দ্বীনে ফিরে যেতে পারবে না। কিন্তু যদি সে নফসের ভীষণ কষ্ট উপেক্ষা করে কিছুতেই আর পিছু পা না হয়ে সেই অটল অবস্থায় স্থির থাকতে বদ্ধপরিকর হয় তবে আল্লাহ রব্বুল আলামিন বৃক্ষাদির মত তাকেও আহারাদি যুগিয়ে বাঁচিয়ে রাখার ব্যবস্থা অবশ্যই করবেন। আর যদি তা একান্তই না করেন তাও পার্থিব জীবনে পরীক্ষাস্বরূপ হয়ে থাকবে। কেন না তাকে সে অবস্থায় পরলোকপ্রাপ্তি করিয়ে পূর্ণতা দান করবেন। অবশ্য এ অবস্থা ধর্মসাধনার চরম স্তর।
এখানেই হয় মানবীয় নফসের কঠিন পরীক্ষা। এ পরীক্ষায় মানুষ নিজে নিজে উত্তীর্ণ হতে পারে না। দয়াল রবরূপে আপন গুরুই তাকে উদ্ধার করে পূর্ণতা দান করেন এবং তার নফসের অভিব্যক্তিগুলো নিজ হাতে গ্রহণ করেন। এরপর তিনি যে কাজই করুন না কেন তা তার গুরুর ইচ্ছার সাথে সম্মিলিত থাকে। তখন কর্মগুলো মানবীয় অঙ্গ-প্রতঙ্গ থেকে প্রকাশ পায় বটে কিন্তু তা আর তার কর্ম থাকে না। নবী ও মহামানবগণের হাল এমনই হয়ে থাকে। ফকির লালন শাহ তাই জগতবাসীর উদ্ধারকর্তা সম্যক গুরুরূপে অবতীর্ণ হন মানুষের সকল দ্বীনের উপর সত্যদ্বীন তথা দ্বীনে এলাহি প্রকাশ করার প্রয়োজনে। তিনি আদি ধরনধারণ সঙ্গীতের আড়াল দিয়ে প্রকাশ করেন। কোরানের মূলনীতির সাথে শাঁইজির স্বর ও সুর এক রাগে বাঁধা; দৃষ্টান্ত স্বরূপ:

যদি ইসলাম কায়েম হয় শরায়
কী জন্যে নবীজি রহে
পনের বছর হেরাগুহায় ॥

পঞ্চবেনায় শরা জারি
মৌলভীদের তম্বি ভারি
নবীজি কী সাধন করি
নবুয়তী পায় ॥

না করিলে নামাজ রোজা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হাসরে হয় যদি সাজা
চল্লিশ বছর নামাজ কাজা
করেছেন রসুল দয়াময় ॥

কায়েম উদ্ দ্বীন হবে কিসে
অহর্নিশি ভাবছি বসে
দায়েমী নামাজের দিশে
লালন ফকির কয় ॥

তিন.

দুই বাংলার খ্যাতনামা গবেষক-লেখকদের কেউ কেউ ফকির লালনের কাগুজে জীবনেতিহাস-কাহিনির অনুসরণে তাঁর জাতিধর্ম-গোত্রগোষ্ঠীর পরিচয় খুঁজতে নেমে মরুভূমিতে পথ হারিয়েছেন। পরিণামে শাঁইজিকে তারা 'হিন্দু', 'কায়স্থ', 'বাউল' ইত্যাদি বানানোর যত আজগুবি মিছে কথা ও বাজে বিতর্ক জনমনে ছড়িয়েছেন। খুঁটিয়ে যদি যাচাই করা হয় তবে ওসব অসার প্রচারণা মোটেও ধোপে টেকে না। শাঁইজির বাণী দিয়েই তাঁর পরিচয় উপলব্ধি করা সহজ। তিনি যদি হিন্দু বা বাউল হোন তবে কোন যুক্তিতে 'কোরান'কে এত মহিমান্বিত উচ্চতায় তুলে ধরে বেদ-বেদান্তকে চরম তুলোধুনো বানিয়ে খারিজ করে দিলেন? শাঁইজির বাক্যে ফেরা করা যাক; যেমন:

যেহি মোর্শেদ সেই তো রসুল
ইহাতে নাই কোনও ভুল
খোদাও সে হয়
এমন কথা লালন কয় না
কোরানে কয় ॥

এখানে মোর্শেদতত্ত্বের কোরানদর্শনগত গভীরতা বোঝাতে গিয়ে শাঁইজি নিজের দাবিকে জীবন্ত তথা জাগ্রত কোরানের মর্যাদায় প্রতিষ্ঠা করেন। তিনি এবং কোরান যে এক–একথা নিশ্চয় আর নতুন সুরে বলার দরকার পড়ে না।

কোরান কালুল্লায়
কুল্লে সাইউন মোহিত লেখা যায়
আল জবানের খবর জেনে
হও হুঁশিয়ারই ॥

অথবা,

বেদ পড়ে ভেদ পেত যদি সবে
গুরুর গৌরব থাকত না ভবে
লালন বলে তাই না জেনে
গোলমাল করি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শাঁইজি আপন কোরানসত্তা তথা গুরুসত্তার প্রামাণ্যস্বরূপ উপরোক্ত আট লাইনে সরাসরি আরবী বাক্য 'কুল্লে সাইউন মোহিত' উদ্ধৃতির পাশপাশি বেদকে সম্পূর্ণ নাকচ করেন দেন। গানে গানে এ রকম অজস্র প্রমাণ খুঁজে বের করা সোজা:

তফসিরে হোসাইনী নাম
তাই ঢুঁড়ে মসনবী কালাম
ভেদ ইশারায় লেখা তামাম
লালন বলে নাই নিজে ॥

কিংবা,

এখলাস সূরায় তাঁর
ইশারায় আছে বিচার
লালন বলে দেখ না এবার
দিন থাকিতে ॥

এ রকম সরাসরি 'কোরান' কথাটি প্রয়োগ করা ছাড়াও তিনি আরবী কোরানের অনেক সূত্র তাঁর কালামের ছত্রে ছত্রে ব্যবহার করেন। কিঞ্চিৎ দৃষ্টান্ত:

১. নফি এজবাত যে জানে না
মিছেরে তার পড়াশোনা ॥

২. ইসা মুসা দাউদ নবী
বেনামাজী নহে কভি
শেরেক বেদাত ছিল সবই
নবী কী জানালেন শেষে ॥

৩. আলিম লাম মিমতে
কোরান তামাম শোধ লিখেছে
আলিফে আল্লাজি
মিম মানে নবী
লামের হয় দুইমানে ॥
ইশারার বচন কোরানের মানে
হিসাব কর এইদেহেতে
তবে পাবি লালন
সব অন্বেষণ
ঘুরিসনে আর ঘুরপথে ॥

হিন্দু, বৈষ্ণব, বাউল বা গোস্বামীগণ কখনও আল কোরানকে অখণ্ড দর্শনের মানদণ্ড হিসেবে সামনে রেখে এত চুলচেরা বিচার-বিশ্লেষণের গরজবোধ করেন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

না। কোরানের নবুয়ত, কলেমা, সালাত, জাকাত, হজ ও কোরবানির প্রচলিত রাজসিকতা-তামসিকতামুক্ত সুফিগণের বক্তব্য কেন তিনি তুলে ধরেন তবে?

১. রোজা নামাজ হজ কলেমা জাকাত
তাই করলে কি হয় শরিয়ত
শরা কবুল করে
ভাবে জানা যায়
কলেমা শরিয়ত নয়
অর্থ অন্য কিছু থাকতে পারে ॥

২. খোদ বান্দার দেহে
খোদা সে লুকায়ে
আলিফে মিম বসায়ে
আহ্‌মদ নাম হলো সে না ॥

৩. ইরফানী কোরান খুঁজে
দেখতে পাবে তনের মাঝে
ছয় লতিফায় কী রূপ সাজে
জিকির উঠছে সদাই ॥

'নবীতত্ত্ব' এ শাঁইজি লালন মহানবীর দেহত্যাগের পর তাঁর মনোনীত 'মাওলা' আলীকে রসুলরূপে ওমর, আবু বকর, ওসমান, আয়েশা প্রমুখ কর্তৃক অগ্রাহ্য করার ফলে ইসলাম ধর্মে যে জঘন্য মতভেদ ও উপদলীয় কোন্দল-রক্তাক্ত গোলমাল শুরু হয় সে বিষয়ে আমাদের সজাগ করে দেন সুকৌশলে :

নবীর সঙ্গে ইয়ার ছিল চারিজন
চারজনকে দিলেন একমতে যাজন
নবী বিনে পথে
গোল হলো চারমতে
ফকির লালন বলে যেন
গোলে পড়িসনে ॥

খেলাফতী-রাজতান্ত্রিক ভাবধারায় ওমরের আমল থেকে আরোপিত আরবীয় সাম্রাজ্যবাদের অহাবিমুখী প্রচলিত বদ্ধমত ও মিথ্যা ধারণার বিরুদ্ধে আলে মোহাম্মদের সাম্যবাদী কোরানের সত্য পতাকা সবার উপরে তুলে ধরার জন্যেই শাঁইজি পুনরাগমন করেন ধরাধামে :

যে মোর্শেদ সে রসুলাল্লাহ
সাবুদ কোরান কালুল্লাহ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আশেকে বলিলে আল্লাহ
তাও হয় সে ॥

তাঁর বিশাল সঙ্গীতভাণ্ডার থেকে এমন অনেক উদ্ধৃতি খুঁজে বের করা মোটেও কঠিন কিছু নয়। ফকির লালন শাহী কালামের কয়েকটি উদাহরণেও কি প্রমাণ হয় না তিনি কোন ধর্মমতের আদি ধরনধারণ নিয়ে এত বেশি সোচ্চার। তাঁর দিক নির্দেশনা খুব স্বচ্ছ ও স্পষ্ট :

ডানে বেদ বামে কোরান
মাঝখানে ফকিরের বয়ান
যাঁর হয়েছে দিব্যজ্ঞান
সে-ই দেখতে পায় ॥

শাঁইজি বেদ ও কোরানের ঠিক মধ্যখানে বা কেন্দ্রবিন্দুতে অবস্থান নিয়ে যে দিব্যজ্ঞান অর্থাৎ জীবন্ত কোরানজ্ঞান সঞ্জাত ধর্ম সংস্কারসাধন করেন তা বোঝার মত সূক্ষ্মতা বা গভীরতর অনুভব ক্ষমতা সাম্রাজ্যবাদ প্রভাবিত প্রতিষ্ঠানিক ধার্মিক-পণ্ডিত-ব্রাহ্মণদের কি আছে? লালন ফকির যদি হিন্দুঘরে জন্মগ্রহণ করেন এবং অক্ষরজ্ঞানবিহীন 'নিরক্ষর লোক'ই হয়ে থাকেন তাহলে আরবী-ফার্সী ভাষাবাক্যের এত সুগভীর ব্যুৎপত্তিজ্ঞান তিনি কোথায়, কীভাবে পেলেন–এ প্রশ্নের কি জবাব দেবেন সুশীল নামধারী ডক্টর–প্রফেসর–গবেষক–লেখকগণ?

কোরানের যে ইনফারেন্স ও রেফারেন্সসমূহ উপরে আমরা উদ্ধৃত করলাম তাতে কাগুজে বা ছাপানো কোরানের উল্লেখ যেমন শাঁইজি করেন তেমনই 'জ্যান্ত বা বাঙ্‌ময় কোরান' একজন কামেল মোর্শেদের শরণাপন্ন না হওয়া পর্যন্ত আমরা যে কোরানজ্ঞানের ধারে কাছেও পৌছাতে পারি না–সেকথাই সাব্যস্ত হয় সরাসরি। হিন্দু বা বাউল হলে তিনি কোরানের যত মহিমা প্রচার করলেন তার বিপরীতে বেদবিধি-শাস্ত্রকে এত তিরস্কৃত আর তুলোধুনো করে ছাড়লেন কোন কারণে? এ রকম অজস্র প্রমাণ থেকে মাত্র ডজনখানেক নমুনা তুলে ধরা হলো স্বয়ং শাঁইজির কালাম থেকেই :

১. নফির জোরে পাবে দেখা
বেদে নাই যার চিহ্নরেখা
সিরাজ শাই কয় লালন বোকা
এসব ধোকাতে হারায় ॥

২. সিরাজ শাঁই বলেরে লালন
বৈদিক বানে করিসনে রণ
বান হরায়ে পড়বি তখন
রণখেলাতে হুবড়ি খেয়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩. চারবেদ চৌদ্দশাস্ত্রের
কাজ কিরে তার সেসব খবর
জানে কেবল 'নুক্তা'র খবর
নুক্তা হয় না হারা ॥

৪. কী বৈদিকে ঘিরল হৃদয়
হলো না সুরাগের উদয়
নয়ন থাকিতে সদাই
হলি কানা ॥

৫. ভজনের নিগূঢ়কথা যাতে আছে
ব্রহ্মার বেদছাড়া ভেদ
বিধান সে যে ॥

৬. দিবানিশি আট প্রহরে
একরূপে সে চাররূপ ধরে
বর্ত থাকতে দেখলি নারে
ঘুরে ম'লি বেদের ধোঁকায় ॥

৭. সপ্ততলার উপরে সে
নিরূপে রয় অচিন দেশে
চেনা যায় না নাহি গেলে সেই
বেদের ঘোলা ॥

৮. সিরাজ শাঁই বলেরে লালন
বৈদিকে ভুল না মন
একনিষ্ঠ মন কর সাধন
বিকার তোমার যাবে ছুটে ॥

৯. প্রেম নহরে ভাসছে যারা
বেদবিধি শাস্ত্র অগণ্য
মানে না আইন ছাড়া ॥

১০. বেদে নাই যার রূপরেখা
পাবে সামান্যে কি তাঁর দেখা ॥

১১. বেদপুরাণে শুনি সদাই
কীর্তিকর্মা আছে একজন জগতময়

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আমি না জানি তাঁর বাড়ি কোথায়
কী সাধনে তাঁরে পাই ॥

১২. বেদবিধি ত্যাজিয়ে দয়াময়
কী নতুন ভাব আনলেন নদীয়ায়
লালন বলে আমি তো সেই
ভাব জানিবার যোগ্য নই ॥

অতএব শাঁইজি লালনের এসব আপন ভাষ্য থেকে আমরা নিশ্চিত করে বুঝতে পারি, সনাতন বেদপুরাণশাস্ত্র সব পরিত্যক্ত করলেও কোরানকে কখনও তিনি খারিজ করেন না। কোনও কায়স্থ হিন্দু কি ব্রাহ্মণ কি গৌড়ীয় বৈষ্ণবধর্মে এটা কখনও সম্ভব? তাহলে কোরানের জাহেরী-বাতেনী শ্রেষ্ঠত্ব তিনি সকল ধর্মের উপর জাহির করলেন কি জন্যে? কোরান যে পৃথিবীর আদি সমস্ত ধর্মগ্রন্থের মধ্যে শ্রেষ্ঠতর সে সত্যায়নই কি শাঁইজির জবানে আমরা পাই না? ভোগবাদী জগতের তথাকথিত সেক্যুলার নামক ছদ্মবেশী 'কমিউন্যাল পণ্ডিত'গণ কী উত্তর দেবেন। শাঁইজির আইল ডিঙিয়ে যাবার ক্ষমতা কারোরই নেই। এটাই চরম ও পরম সত্যকথা।

AMARBOI.COM

চার.

রোজা আর নামাজ ব্যক্ত এহি কাজ
গুপ্তপথ মেলে ভক্তির সন্ধানে...

ফকির লালন শাহ্ সাধারণ কোনও মানুষ নন, একজন শুদ্ধতম মহাপুরুষ তথা অতিমানব গুরু। একাধারে তাঁর অনেক নাম বা গুণ; যেমন: সামাদ আল্লাহ, ইনসানে কামেল, নফসে ওয়াহেদ প্রভৃতি। আহাদজগত অর্থাৎ অবোধ জনসাধারণ তাঁর গান শুনে সুররসে-ভাবাবেশে আপ্লুত হলেও শাঁইজির সাত্ত্বিক সংস্পর্শে যাবার যোগ্য মন-মানসিকতা তাদের নেই। তাঁকে সম্যকভাবে বোঝার বা বোঝানোর শক্তি প্রাতিষ্ঠানিক বুদ্ধিজীবী, মোল্লা-মুন্সি, ব্রাহ্মণ, পাদ্রি, পুরোহিত কারও নেই। শাঁইজি 'কোরানুন নাতেক' অর্থাৎ স্বয়ং 'বাঙ্ময় কোরান'। তাঁর বাণী ও সুরধারায় সে রহস্যগূঢ়তা জায়মান। অবশ্য কোথাও কোথাও সে সংক্ষেপ কথার বিস্তারও রয়েছে। তাঁর সমগ্র কর্মকাণ্ড সর্বকালীন কোরানের জাগ্রত অভিব্যক্তি। শাঁইজির অখণ্ড কোরানদর্শন স্বীকার করলে খণ্ড খণ্ড প্রচলিত শরিয়তী-অনুষ্ঠানসর্বস্ব ধর্মাচার সম্পূর্ণ পরিত্যাগ করতেই হয়। অবশ্য শাঁইজির কোরান তফসির বা জীবন ব্যাখ্যা গ্রহণ করলে রাজতান্ত্রিক-সাম্রাজ্যবাদী কুসংস্করণের কোরান, হাদিস, ফেকাহ শাস্ত্র ইত্যাদি সব ভ্রান্ত বলেই প্রতিপন্ন হয়।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আমিত্বহারা মুক্তিপাগল সাধক ব্যতীত আর কেউই লালনতত্ত্বের সঠিক ব্যাখ্যা উপলব্ধি করার অধিকার রাখে না। সর্বোপরি চিরকালীন মোহাম্মদ এবং মোহাম্মদের আদর্শিক বংশধরগণ যাঁরা তাত্ত্বিক ও বাস্তবিক জীবনে সর্বদাই অখণ্ড একক মহাসত্যের ধারক-বাহক। তাঁদের উপর আত্মসমর্পিত মন না থাকলে রহস্যলোকে প্রবেশ করা অসম্ভবপর। অখণ্ড একজন সম্যক গুরুরূপে আলে মোহাম্মদ লালন শাঁইজি সর্বযুগে সশরীরে অবশ্যই উপস্থিত ছিলেন, আছেন এবং থাকবেন। এ মৌলিক সত্যের উপর মনের দৃঢ় বিশ্বাস প্রতিষ্ঠিত হলে মানব মন আপনাআপনি সত্যসন্ধানী দ্রষ্টা হয়ে ওঠে।

সত্য জানার জন্যে তাই সন্ধানী মনের সুতীব্র ব্যাকুলতা আর দৃঢ় প্রতিজ্ঞা থাকা চাই। সবার আগে দরকার, শাঁইজির প্রতি অকৃত্রিম দাস্যভক্তি এবং তাঁর পাদপদ্মে আত্মসমর্পণ করার অন্তর্গত তাগিদ। কারণ শাঁইজির কালামের গভীরে প্রবেশ করার আগে এতকাল ধরে চরম মিথ্যাচারের উপর প্রতিষ্ঠিত রাজসিক ধর্ম সম্বন্ধে পাঠকের মন-মস্তিষ্কে যত আবর্জনা জমে আছে সেগুলো সব ব্যর্থতার নিরর্থক বোঝা বলেই জানা যাবে। এবং এসব জবরদস্তির ভ্রান্ত ধর্মকর্ম প্রথমে নিজের ভেতর থেকেই উৎপাটন করে ফেলার সৎসাহস থাকতে হবে। কারণ গত দু হাজার বছর ধরে কোরানবিষয়ে রাজতন্ত্র ও সাম্রাজ্যবাদের নিয়ন্ত্রণ দ্বারা আরোপিত যেসব বিকৃত ভাবার্থ জনমনে প্রচার চক্রান্ত দ্বার প্রচলিত রাখা হয়েছে সেগুলো আগাগোড়া গোত্রীয় হিংসা আর সাম্প্রদায়িক বিদ্বেষ দ্বারা রচিত, প্রচারিত এবং আসুরিক শক্তিবলে কঠিনভাবে যুগ যুগ ধরে প্রতিষ্ঠিত।

ফকির লালন শাহী সত্য সবার পক্ষে তাই গ্রহণ করা মোটেই সহজ ব্যাপার নয়। চিত্তশুদ্ধির মুক্তিপাগল তরুণেরাই কেবল তাঁর চরণে আশ্রয়প্রার্থী হতে আসবেন। শাঁইজি লালন সম্বন্ধে জ্ঞানার্জনের সবচেয়ে উত্তম পদ্ধতি হলো শুধু বই পড়ে নয়, আত্মিক সাধনার সাহায্যেও তাঁকে নিজের ভেতর উদ্ধার করে নেয়ার চেষ্টা করা। যেমন করে থাকেন যুগ-যুগান্তের সাধকগণ। সাধনার চরমপরম পর্যায়ে সাধকের উপর কোরানজ্ঞান অর্থাৎ লালনজ্ঞান নাজেল হয়ে চলেছে সর্বযুগে। আজকের যান্ত্রিক শাসনের যুগেও ন্যূনতম একমাস লালন সমাধিতে হেরাগুহার সাধনা দ্বারা আপনদেহের মধ্যে মন দিয়ে ভ্রমণ করলে শাঁইজিকে চেনা-জানার বন্ধ দুয়ারগুলো ভেতর থেকে ধীরে ধীরে খুলে যাবে। এ সত্যধারা অনুসরণ না করলে আত্মমুক্তির সর্বকালীন-সর্বজনীন অর্জনীয় মহাজ্ঞান থেকে বঞ্চিত থাকতে হবে। তা যত পড়াশোনা করা মস্ত গাধা-পণ্ডিত-পাণ্ডা আমরা হই না কেন।

পাঁচ.

মহাজন লালন শাহ্ সকল কল্প কাহিনি-বর্ণনার অতীত নিত্যবস্তু। তিনি নূরে মোহাম্মদী, অদ্বৈত ব্রহ্ম, পরমতত্ত্ব, Devine light, স্বর্গীয় আলো ইত্যাদি বহু নামে অভিষিক্ত। আমরা কী দিয়ে তাঁর বন্দনা-বন্দেগি করতে পারি যারা ক্ষুদ্র ক্ষুদ্র

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

স্বার্থের কলসিকে সমুদ্র মনে করে আগলে ধরে আছি। হিমালয় শীর্ষের উপরে যাঁর শির অটল মহিমায় চিরউন্নত, পাতাল ছাড়িয়ে গেছে যাঁর চরণতল তাঁকে রক্তমাংসের একজন সামান্য মানুষ মনে করলে কি আর কখনও ধরা দেবেন? তিনি সব ঘটে সব পটে আছেন। আবার নাইও বলা যায়। অধরাকে ধরতে পারি কই। লালন জন্ম গ্রহণ করেন না। লালন মৃত্যু বরণও করেন না। তিনি কখনও কখনও এখানে সংক্ষিপ্ত ভ্রমণে আসেন। শাঁইজি অন্তর্যামী বলেই যখন ইচ্ছে 'না' হয়ে যেতে পারেন অনায়াসে। কোরান সুস্পষ্ট ভাষায় এ কথা ঘোষণা করছেন, "আল্লাহর বন্ধু তথা ওলিগণকে কখনও তোমরা মৃত বল না। আল্লাহর ওলিগণ কখনও মরেন না। কিন্তু তোমরা তা জান না"। লালন শাঁইজির মত মহাপুরুষ ধর্মাবতার অখণ্ড বাঙলায় আবির্ভূত হয়েছেন। সেজন্যে এই মহামানবের চরণছোঁয়া মাটি সোনার চেয়েও খাঁটি। ধন্য বাঙলা! ধন্যরে বাঙালি!

নূরের দিরাকের উপরে
নূরনবী নূর পয়দা করে
নূরের হুজুরার ভিতরে
নূরনবীর সিংহাসন রয় ॥

যে পিতা সেই তো পতি
গঠলেন শাঁই আদম শফি
কে বোঝে তাঁর কুদরতি
কেশের আড়ে পাহাড় লুকায় ॥

ধরাতে শাঁই সৃষ্টি করে
ছিলেন শাঁই নিগম ঘরে
লালন বলে সেই দ্বারে
জানা যায় শাঁইয়ের নিগূঢ় পরিচয় ॥

AMARBOI.COM

জন্মজন্মান্তে মানবসৃষ্টির নিগমরহস্য তথা দেহমনরহস্য পথ খোঁজে প্রকাশের। এ আগমনিগম রহস্যকে প্রকাশ করতে আকারসাকারে ভাব-ভাষা দিতে হয়। তাতেই বোবামূর্তির প্রাণ প্রতিষ্ঠা হয়। শাঁইজি একতারে দেহ বেঁধে দেলকোরানকে তুলে ধরেন ছন্দ সুরের মধুমাখা আন্দোলনে। সর্বযুগের কামেল-মহৎগণ স্থানকালের সীমানা ছাপিয়ে শাঁইজির বিশালত্বে মিশে একদেহ ধারণ করেন। উপস্থিত একজন 'আদম'কে সেজদা বা মানসিক আত্মসমর্পণ ব্যতীত কেউ কোরানের 'ক'ও বোঝে না কখনও।

আল্লাহ অখণ্ডরূপে হন সম্যক গুরু 'আলিফ' মানে আমি বা স্বয়ং। 'দাল' হলো দ্বীনের প্রতীক দ্বীনে ইসলাম বা দ্বীনে এলাহী বা ধর্ম। এবং 'মিম' অর্থ মোহাম্মদ অর্থাৎ একজন ইনসানে কামেল বা সম্যক গুরু। মহাপুরুষদেহ একজন 'আদম' হন এ তিনটি বিশেষগুণের মিলিত বিকাশপ্রকাশক্ষেত্র। সর্বযুগে 'আদম'রূপে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শাঁইজি ছিলেন, এখনও আছেন এবং অনাগতকালেও তিনি এবং তাঁরা অখণ্ডভাবে বিরাজমান থাকবেন। এই মৌলিক সত্য নির্দেশনাটি জানান দিতে গিয়েই কোরানের এত হুশিয়ারি উচ্চারণ এবং রূপক ভয়ভীতি জ্ঞাপন। সর্বকালীন নবী ও রসুলগণ অখণ্ড 'আদম' রূপবৈচিত্র্যের ধারাবাহিক লীলানাট্য। সাধারণ মানুষ না বুঝলে কি হবে, গুরুলীলা চলছে এবং চলবেই। এর বিরাম বা ব্যতিক্রম নেই। তিনি আবার 'শফিউল্লাহ্'। শফি+আল্লাহ্ = শফিউল্লাহ্। মানে জ্বিন ও ইনসানের ত্রাণকর্তা। এ কথা জ্বিন ও ইনসান তথা বদ্ধজীব ও মুক্তজীবদের মনে করিয়ে দেবার জন্যে শাঁইজি আদম সুরত হয়ে জ্ঞানদান করেন নূরতত্ত্ব, নবীতত্ত্ব এবং রসুলতত্ত্বের। নবরসে তিনি সিক্ত করেন শ্রীকৃষ্ণের দিব্যযুগলীলা। এ হলো কোরানেরই অখণ্ড 'আবহায়াত' বা তৌহিদ সমুদ্রের নিরবিচ্ছিন্ন ধারা। সহজ কথায়, আল্লাহর জাতি নূরের ঝরনাধারা, নবীধারা অর্থাৎ চিরকালীন রসুলধারা মানে অবতারঅবতারীর অক্ষয় ধারা। এখানেই নিহিত আছে সকল ফকির, বৈষ্ণব, সাধু, মহৎ ওলি আল্লাহর নিভৃত কুরসিনামা।

সংসারাসক্ত মানুষকে অনিত্য প্রয়োজন মেটাতে কতশত ঝকমারি কাজ করতে হয়। যাকে বলে গাধার খাটুনি। তাই বলে তো শুধু দেহের চাহিদাপূরণই তার কাছে যথেষ্ট নয়। সে আরও কিছু চায়। অন্য কিছু। এ 'অন্য কিছু'ই বিশ্বসংসারকে দান করার জন্যে যুগে যুগে নবীবেশে, কখনও কবিবেশে, কখনও আল্লাহর জ্যোতির্ময় চেহারা 'রুহুলুল্লাহ' হয়ে ঊর্ধ্বলোক থেকে কাদার পৃথিবীতে নেমে আসেন শাঁইজি। তিনি একাধারে অবতার এবং অবতারী। সবই তাঁর পক্ষে সম্ভব। যখন তিনি কোনও মাতৃযোনির দ্বার পরিগ্রহ না করে স্বয়ম্ বা স্বয়ংরূপে মানবদানব জগতে অবতরণ করেন তখন তিনি অবতার বা 'আলী'। যখন তিনি অবতাররূপে আরও অনেক অবতার সৃষ্টি করেন তখন তাঁর পরিচয় হয় অবতারী অর্থাৎ মহাপুরুষগণের জননী 'উম্মুল কোরান' বা সকল কোরানের জন্মদাত্রী 'ফাতেমা'। সামাদ ও আহাদরূপে শাঁইজি লালন পুরুষ ও প্রকৃতি বা নারী। এই দ্বৈতরূপে সমগ্র সৃষ্টি জগতকে রূপে রসে প্রেমে সত্যে লীলাময় করে রেখেছেন। এ দুইরূপের ঊর্ধ্বে তাঁর নিরপেক্ষ আর একটি রূপও আছে। তাঁর সেই মোকামের নাম 'লা' মোকাম। তিনি 'লা শরিকালা হু'র মাহমুদা মোকামবাসী। প্রকৃতিপুরুষ উভয়কে অর্থাৎ মায়া ও মায়ীকে অতিক্রম দ্বারা দেহমন ছাপিয়ে মূলসত্তা যখন অনন্ত অসীম মহাশূন্যতায় বিলীন তখনই শাঁইজির 'লা শরিক' শুদ্ধসত্ত্ব অবস্থা। সৃষ্টি ও স্রষ্টার সর্বভেদ জয় করা মহারাজার অভেদমনন অর্থাৎ মনের মোহশূন্যভাব, The Great Emptiness of mind হালই প্রকৃত ধর্ম নিরপেক্ষতা বা সমাধি। এর অপর নাম নির্বাণ তথা মোক্ষ লাভ।

ছয়.

> "এবং তাঁহারই জন্য বিশেষ নৌকাগুলি সমুদ্রটির মধ্যে নিশানের মত উঁচু হইয়া থাকে (অর্থাৎ ভাসমান হইয়া থাকে)। সুতরাং তোমাদের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

(দুইয়ের অর্থাৎ মানুষ ও জ্বিনের) রবের কোন্ 'আপন সার্বিক লা'এর সহিত মিথ্যা আরোপ করিবে?
যে কেহ ইহার উপর আছে সে ফানা (অর্থাৎ ধ্বংস) হইয়া আছে।
এবং বাকা হয় তোমার রবের (অর্থাৎ আপন গুরুর) চেহারা যাঁহা জালাল এবং কেরামতের অধিকারী হইয়াছে। সুতরাং তোমাদের দুইয়ের রবের কোন্ 'আপন সার্বিক লা'এর সহিত মিথ্যা আরোপ করিবে?
যে কেহ দেহমনে (আবদ্ধ) আছে সে তাঁহার নিকট প্রার্থী হইয়াই আছে। প্রত্যেক সময় তিনি এক একটি শানের মধ্যে থাকেন অর্থাৎ গৌরবময় অবস্থায় বিরাজ করেন। সুতরাং তোমাদের দুইয়ের রবের কোন্ 'আপন সার্বিক লা'এর সহিত মিথ্যা আরোপ করিবে"?

– সূরা আর রহমান ॥ বাক্য ২৪–৩০

আমিত্বের সার্বিক 'না' অবস্থাকেই বলা হয় 'লা'। কোরানুল করিমে 'লা'এর উপর বড় মদচিহ্ন স্থাপন করে এই 'লা' অবস্থার চিরস্থায়ীত্বের বিস্তার ও বিকাশ বোঝানো হয়েছে। তাই 'লা' অবস্থাকে দেহমন ছাড়িয়ে যিনি মূলসত্তার সঙ্গে পালন করেন তিনিই লালন। লা+লন=লালন। সম্যক গুরুর অপর নাম হলো মন ও দেহ বিচূর্ণকারী। আরবী কোরানের ভাষায় 'ফাতেরিস সামাওয়াতে অল্ আর্দ'। লালন শাহ্ কামেল গুরুরূপে আপন অস্তিত্ব থেকে দেহমন বিচূর্ণ করতে পেরেছেন বলেই শিষ্যগণকেও সে পথে পরিচালনা করার কাজে তিনি পূর্ণযোগ্য। এইরূপে শাঁইজি লালনের কোনও অবস্থার সঙ্গেই শেরেক মানে মিথ্যার কোনোরূপ যোগ থাকে না। শাঁইজির আপন ইন্দ্রিয়পথ দিয়ে যত ধর্মরাশি মস্তিষ্কে আগমন করে তার প্রত্যেকটির মোহ তিনি সম্পূর্ণ ত্যাগ করে নিষ্কাম-নির্বিকার অর্থাৎ মোহশূন্য অবস্থায় বিরাজ করেন। সুতরাং শাঁইজির কোনও বিষয়ের সঙ্গেই মিথ্যে বা মোহ যুক্ত হতে পারে না। মনের শেরেকশূন্যতাই রবরূপে ফকির লালন শাহের আদি ও অনাদি পরিচয়।

লা মোকামে আছেন বারী
    জবরুতে হয় তাঁর ফুকারী
    জাহের নয় সে রয় গভীরই
        জিহ্বায় কে সে নামে কয় ॥

লালন শাঁই লা মোকামে অবস্থান করেন। তাঁর সপ্ত ইন্দ্রিয় দ্বারপথে দৃশ্য, শব্দ, গন্ধ, স্পর্শ, ভাব ইত্যাদি নানারূপে যা কিছু সত্তার কাছে আগমন করে তাদের কোনোটাই শাঁইজির মনের মধ্যে মোহের দাগ কাটতে পারে না। অর্থাৎ তাতে কোনোরূপ শেরেক উৎপাদিত হয় না। তাই তিনি জন্মচক্র থেকে মুক্ত হয়েছেন এবং দেহমনকে আপন সত্তা থেকে বিচ্ছিন্ন করেছেন। অতএব স্থানকালজয়ী মহাপুরুষ হয়েছেন।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মানব মন প্রতিনিয়ত বিষয়বস্তুর প্রতি মোহ দ্বারা আকৃষ্ট হয়ে যে শেরেক তথা সংস্কার করে সেই শেরেক তার পুনর্জন্মের বীজ বপন করে। মনের শেরেক ছাড়া দেহের উৎপাদন অর্থাৎ জন্ম হয় না। জীবের জন্মচক্রের মূলে রয়েছে শেরেক। আবার সৃষ্টি বিকাশের মূলে নূর মোহাম্মদরূপে লালন আবর্তমান। অতএব ফকির লালন শাঁইজি জীবের মনের শেরেকধর্মের সুষ্ঠু পরিচালনার সাথে ঘনিষ্ঠভাবে জড়িত রয়েছেন। জীবের জন্মচক্র সচল রাখার উদ্দেশ্যে এই শেরেক প্রয়োজন। যাঁদের মন শেরেক থেকে মুক্ত হয়ে ক্বাফশক্তির তথা মহাশক্তির অধিকারী হয়েছেন তাঁরাই 'ফকির' অর্থাৎ মহাপুরুষ হয়ে গেছেন। তাঁরা ব্যতীত বাদ বাকি আর সকল অস্তিত্বের মূলাধার লালন এখানে স্ত্রীলিঙ্গ। পুরুষ ও প্রকৃতির অর্থাৎ সমস্ত অস্তিত্বের মূলাধার লালন শাহ ব্যক্তিগতভাবে নিজে শুধু পুরুষই নন বরং পুরুষোত্তম সত্য। তা সত্ত্বেও তাঁর প্রতীক প্রকৃতি বা স্ত্রীলিঙ্গ এজন্যেই যে, তিনি পুরুষ সৃষ্টি করে থাকেন। এঁরা প্রকৃতির সন্তানরূপেই সৃষ্ট হয়ে পুরুষে পরিণত হন।

দয়াল লালন কামেল মোর্শেদরূপে 'আল কোরান' শিক্ষা দিয়ে ইনসান বা ভক্ত থেকে নিম্নমানের জীবগণকে অর্থাৎ জিন বা দানব প্রকৃতির জীবগণকে গুণগতভাবে রূপান্তর করে ইনসানিয়াত দান করেন। জীব সকলের মধ্যে ইনসান অর্থাৎ গুরুচরণে আত্মসমর্পণকারী সর্বোচ্চ মানের জীব। ইনসান ব্যতীত নিম্নমানের জীব কোরান ব্যাখ্যা তথা জীবন ব্যাখ্যা বুঝতেই পারে না। লালন শাহ নিম্নমানের জীবকে ইনসানে রূপান্তর করে অর্থাৎ উন্নীত করে তাদের জীবন ব্যাখ্যা তথা জীবনদর্শনের জ্ঞানদান করেন।

রূপকাষ্ঠের এই নৌকাখানি
নাই ডোবার ভয়
পারে কে যাবি নবীর নৌকাতে আয় ॥

কোরানে মানবদেহকে 'সংস্কার সমুদ্রের নৌকা' বলা হয়েছে। ভরা নৌকা ডুবে যায়। বিশেষ নির্ভার নৌকা বা প্রতিষ্ঠিত নৌকারূপী মহাপুরুষ লালনদেহ সদা ভাসমান থাকেন। বিষয়রাশির সংস্কার সমুদ্রে লালন শাঁইজির মত সিদ্ধ মহাপুরুষগণ ব্যতীত সব নৌকাই ডুবে আছে। ফকির লালন শাহর মত সিদ্ধপুরুষণ এই সমুদ্রের উপর ভাসমান থেকে সংস্কারের উপর চেতনার বিজয় নিশানারূপে উঁচু হয়ে দাঁড়িয়ে আছেন। তাঁদের সব কর্মকাণ্ড আল্লাহরূপে গুরুর ইচ্ছানুযায়ী এবং আল্লাহর জন্যেই হয়ে থাকে। তাঁরাই জগতে অন্য সবার জন্যে আল্লাহর পথের দিগ্‌দর্শন। কামালিয়াতের গৌরবে গৌরবান্বিত হয়ে তাঁদের দেহনৌকা এই ঝঞ্ঝাক্ষুব্ধ মোহ সমুদ্রের উপর বিজয় কেতন উড্ডীয়মান রেখে সগৌরবে ভাসমান আছে।

সম্যক গুরু তথা আল্লাহ্‌র চেহারা অর্থাৎ অতীন্দ্রিয় গুণরাজি প্রাপ্তগণ ব্যতীত আর সবাই সংস্কার সমুদ্রে নিমজ্জিত হয়ে আছে। সৃষ্টির মধ্যে জ্বিন এবং ইনসান পর্যায়ের জীব জাহান্নামে অর্থাৎ সংস্কার সমুদ্রে আগমন করেনি অর্থাৎ এখনও

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সেখানে উন্নীত হয়ে আসেনি। এই সমুদ্রে আগমনকারী সব অসালাতী অর্থাৎ ধ্যানবিমুখ ব্যক্তি ধ্বংসপ্রাপ্ত অবস্থায় পড়ে আছে। অপরদিকে যাঁরা সালাতকর্ম অনুশীলনের মাধ্যমে আল্লাহর চেহারা (আদম সুরত) লাভ করেছেন তাঁরাই 'বাকা' হয়েছেন অর্থাৎ চিরঞ্জীব লালন হয়েছেন এবং জন্মমৃত্যুকে জয় করে ধ্বংসের রাজ্য থেকে স্থায়ীভাবে উদ্ধার পেয়েছেন।

চাতক পাখির এমনই ধারা
অন্য বারি খায় না তারা
প্রাণ থাকিতে জ্যান্তে মরা
ঐ রূপডালে বসে ডাকে ॥

পরিশুদ্ধ মহাসত্তারূপে গুরু লালন সব সময় থাকেন মর্যাদার এক একটি গৌরবের মধ্যে অধিষ্ঠিত। অপর পক্ষে দেহমনের মোহে আবদ্ধ জীব থাকে প্রতিনিয়ত এক একটি চাহিদার জালে বন্দি। এদের বিষয়তৃষ্ণার যেন শেষ নেই। তাই লালন শাঁইজির প্রতি তাদের অনন্ত জিজ্ঞাসা আর চাহিদা কখনও শেষ হতে চায় না। ফলে তারা মন ও দেহের সীমা অতিক্রম করতেও পারে না। দেহমন বিচূর্ণ করা তথা দেহমনের সীমানা ভেঙে বেরিয়ে যাওয়া। জন্মচক্রের শেকল ঘেরা প্রকৃতি মায়ের এই বন্দিশালা থেকে মুক্ত হয়ে ওঠা মানে পুরুষোত্তম সত্যে পরিণত হওয়া। এ সাধনা আত্মিক তথা মানসিক শক্তি-সামর্থ সাপেক্ষ অতিসূক্ষ্ম বিষয়। এর অপর নাম 'মুতু কাবালা আন্তা মউত' অর্থাৎ মরার আগেই মরে যাওয়া। শাঁইজির কথায় 'জ্যান্তে মরা প্রেমসাধন'। ঐকান্তিক সালাত প্রক্রিয়ার সাহায্যে জন্মমৃত্যুর উপর, সমস্ত দুঃখজ্বালার উপর 'লা'এর এমন মহাবিজয় অর্জন করা সম্ভবপর হয়ে থাকে।

সদাই থাকে নিষ্ঠারতি
হয়ে মরার আগে মরা
কত মণিমুক্তা রত্নহীরা
মালাখানায় দেয় পাহারা ॥

দেহমন সর্বদাই নানারকম চিন্তা-ভাবনার পথে অন্তহীন পথিক হয়ে অবিরাম ঘুরে বেড়াচ্ছে। জন্ম-জন্মান্তরে এর কোনও শেষ নেই। সাত্তিক মুক্তি না পাওয়া পর্যন্ত মানুষ বারবার দেহমনে আবদ্ধ হচ্ছে এবং আপনাপন গতিপথে প্রত্যেকে ভ্রমণ করছে। বিরামহীন এই ভ্রমণ অতিক্রম করতে চাইলে শাঁইজির 'লা'সাধনা তথা জন্মচক্র থেকে মুক্তি লাভের মোক্ষসাধনা করতে হবে। তবেই আত্মিক মহাশক্তির অধিকারী হয়ে জন্মচক্র থেকে মুক্ত হওয়া যাবে। ঘুরে ফিরে কোরানের চিরায়ত এ বাণীই শাঁইজি তাঁর সুর ও স্বরের স্পন্দনে জীবন্ত রাখেন। মহৎগণের ভাষা-বাক্যের বাইরের খোলস ধরে খুব বেশি টানাটানি করলে শেষাবধি অন্তরের 'সার পদার্থ' ধরাছোঁয়ার নাগালের বাইরে সরে যেতে বাধ্য। দেশে দেশে কালাকালে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এমনই হয়। সাধারণ লোকের কাছে লালনদর্শন এ কারণেই ভীষণতর দুর্বোধ্য। লা মোকা অর্থাৎ মোকামে মাহমুদা নামক আধ্যাত্মিকতার শেষ স্তরে উত্তীর্ণ মুক্তপুরুষগণ যুগে যুগে যা বলেন তা 'কোরান' ছাড়া অন্য কিছুই নয়। আরবী ভাষায় 'কোরান' অর্থ 'কিছু কথা'। জীবন্ত দেলকোরানের প্রকাশ নবীজির 'কিছু কথা' চুম্বক ভাষায় ব্যক্ত হয়েছে শাঁইজি লালন অভিব্যক্ত সবাক্ কোরানে। আরবী কোরান জীবন্ত আদি কোরানসমূহেরই প্রকৃষ্ট সঙ্কলন। পূর্ববর্তী নবী-রসুল নূহ, ইব্রাহিম, ইসমাইল, দাউদ, সোলামান, মুসা, ঈসার সার্বিক 'লা'চর্চার শ্রেষ্ঠতর ভাষ্য উঠে আসে মহানবী মোহাম্মদের (আ) সর্বশেষ আরবী কোরানে। তিনি হেরাগুহায় আত্মদর্শন দ্বারা আদি নবীগণের সর্বেশ্বরবাদী দর্শনের যেমন সত্যায়ন করেন প্রত্যক্ষ স্বীকৃতি দানের মধ্য দিয়ে তেমনই অন্তর্মুখী সার্বক্ষণিক ধ্যানের (দায়েমী সালাত) মাধ্যমে আত্মদর্শন লাভ করে সৃষ্টির বন্ধনমুক্ত মহাপুরুষ হবার মারেফত বহাল রাখেন আলীর মাওলাইয়াতে।

তাই হেরাগুহা স্থানকালে মোটেও আবদ্ধ বিষয় নয়। এটি সর্বকালে জায়মান ছিল, আছে এবং থাকবে। প্রতিটি মানুষের আপনাপন দেহগুহায় হেরাগুহা লুকিয়ে রয়েছে। কোরানুল হাকিমের বিধানমতে দেহের ভেতর মন দিয়ে অবিরাম চারমাস ভ্রমণ করলে এ নশ্বরদেহের অসারতা গভীরভাবে যেমন উপলব্ধি করা যায় তেমনই রোগশোক, জ্বরা, যন্ত্রণা, অকৃতকার্য মৃত্যু থেকে চিরমুক্তির দিকে উত্থানের (নশর) মাধ্যমে অনন্ত পরমব্রহ্ম 'লা' মোকামে বিলীন হওয়ার সাধনা পূর্ণ হয়। তাই দেশে দেশে কালে কালে যুগোপযোগী অভিধায় কোরান সর্বভাষায় ও সর্বজাতির মধ্যে প্রকাশিত হয়ে চলেছেন। এ বিকাশক্রিয়া কেউ স্বীকার করুক কিংবা না করুক তাতে অখণ্ডধারায় বহমান চিরসত্যের বিকাশক্রম কখনও থেমে থাকে না। সব বাধার মধ্যেও শাঁইজি তাঁর অটলপথে (সেরাতাল মোস্তাকিম) বিনা বাধায় এগিয়ে যান। শাঁই লালনের বিকাশধারা তাই বন্ধনহীন, চির অসীম মুক্তধারা।

কোরানের ভাষা-বাক্যের উপর খেলাফতী ওমর, আবু বকরের অবৈধ হস্তক্ষেপ আর উপর্যুপরি অস্ত্রোপচারের ফলে এবং ওসমানের ষড়যন্ত্রমূলক কোরান সঙ্কলনের কারণে 'লা' মোকামের কোরানকে তাঁর আসল চরিত্র থেকে সরিয়ে সম্পূর্ণ উল্টোভাবে দাঁড় করানো হয়েছিল জগতের সামনে *[বিস্তারিত জানার জন্যে সুফি সদর উদ্দিন আহ্মদ চিশতী লিখিত 'মাওলার অভিষেক ও ইসলাম ধর্মে মতভেদের কারণ' গ্রন্থ দ্রষ্টব্য]*। পররাজ্যশিকারী, ক্ষমতালোভী, পরগাছা শোষক আব্বাসী-উমাইয়া রাজারা কোরান-হাদিসকে রাজতান্ত্রিক স্বার্থসিদ্ধির এজাজতনামায় পরিণত করে পরবর্তী কালে। মহানবীর ইন্তেকালের পরপরই তাঁর আধ্যাত্মিক রাজত্বের উত্তরাধিকারী মাওলা আলীকে এই তিন বিশ্বাস খেলাপী খলিফা নানাভাবে অস্বীকার ও অগ্রাহ্য করার কারণে হেরাগুহার অহিলব্ধ মোহাম্মদী কোরানের সর্বকালীন বিকাশধারা রুদ্ধ করা হয় সরকারিভাবে। কালে কালে মা ফাতেমা, মাওলা আলী, ইমাম হাসান, ইমাম হোসাইনসহ নবীবংশের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

চৌদ্দজন মাসুম ইমাম প্রত্যেকেই জঘন্য ও নির্মম পন্থায় শহীদ হন সুন্নী মুসলমান আবু সুফিয়ান, মাবিয়া, আয়েশা, এজিদ প্রমুখ ক্ষমতালোভী সাম্রাজ্যবাদী বকধার্মিকদের গোত্রহিংসা আর বেইমানীর কারণে।
হাজারও বছরের কোরান হত্যাকারী মধ্যপ্রাচ্যের চরিত্রহীন ভোগবাদী রাজা-বাদশাদের স্বার্থরক্ষার বানোয়াট কাগুজে কোরানের বিকৃত ব্যাখ্যাগুলো তাই পুরোপুরি খারিজ করে দেন শাঁইজি। এর ভেতর দিয়ে লা মোকামবাসী সদাজীবন্ত 'আলীর দেলকোরান' আবারও বিশ্বের কাছে খুলে ধরলেন মাওলা লালন ফকির। জগতের বুকে সার্বজনীন মোহাম্মদী কোরানের ঝাণ্ডা উঁচু করে ধরার মিশনে তিনি সর্বদা অক্লান্ত ও শ্রান্তিহীন। কাগুজে যত 'বোবা কোরান' সবই তাঁর 'বাঙ্ময় কোরান' জিহ্বার কাছে পরাস্ত। অহাবী কাঠমোল্লা-মাদ্রাসাপাশ মুন্সিদের বানোয়াট গল্পসল্পভরা ভোজবাজির ঠুনকো ধর্ম শাঁইজির এক ফুঁয়েই কুপোকাৎ। আত্মদর্শনমূলক 'লা' মোকামের জীবন্ত কোরানের সামনে রাজ দরবারের মুখস্ত বুলিবলা দুর্বল তোতাপাখিরা হাতেনাতে এমন ধরা খায় যে আর মাথা সোজা করে দাঁড়াতেই পারে না সামনাসামনি। অনুষ্ঠানাচারপ্রিয় এসব তামসিক-রাজসিক লোকধর্মকর্ম কখনও শাঁইজির চ্যালেঞ্জ মোকাবেলার ক্ষমতা রাখে না। সামনে কোমর সোজা করে দাঁড়াবার সুযোগ ওরা আর পাবে না। শাঁইজির দার্শনিক উত্থানের সাথে অবশ্য অনেক অভাবনীয় পরিবর্তন ঘটবে আগামী দিনগুলোয়।
কেন না রাজা-বাদশাদের স্বার্থরক্ষার ধর্মকাহিনির বানানো বিভ্রান্তি লা মোকামে প্রতিষ্ঠিত লালনরূপী 'মানুষ মোহাম্মদ গুরু'কে পাশ কাটাতে গিয়ে আজ সম্পূর্ণ নাজেহাল হয়ে পড়ছে ভেতর থেকে। আদি মোহাম্মদী ধর্মকে রাজশক্তি মারাত্মক ভয় পায়। তাই এতদিন ধরে কম পরিমাণ সৌদি পেট্রোডলার-ইউ.এস ডলার ঢালা হয়নি কোরানের ভাষা-বাক্যের স্থূল ধারণাতন্ত্রকে জনমনে বদ্ধভাবে চাপিয়ে রাখতে। লালনের 'লা'দর্শনের অত্যাসন্ন পুনরুত্থান ঠেকাতে আন্তর্জাতিক ধর্মমাফিয়ারা এখন উল্টোপাল্টা নানান ছক বানাতে ব্যস্ত। মোহাম্মদী সত্যধর্মের মূল টার্গেট লা-মোকামকে ওরা বহুকাল যাবৎ ধামাচাপা রাখতে চেষ্টা চালিয়েছে সস্তা শব্দাচারি ধর্মব্যবসার লোকদেখানো পণ্যসুলভ চরিত্র বিশ্লেষণের উপর জোর দিয়ে। এখনও সুন্নী-অহাবী ভণ্ড ধর্ম ডাকাতেরা পুরনো মিথ্যার বেসাতি জবরদস্তি কায়েম রাখতে নানাভাবে মরিয়া। এসব ভ্রমাত্মক খণ্ডিত চিন্তা ও অপতৎপরতা সর্বাংশে নাকচ করে দিয়ে আদি 'সত্যধর্ম' দ্বীনে এলাহীকে পুনরুদ্ধারের জন্যে শাঁইজি লালনের লোকোত্তর দর্শনের অগ্রাভিযান দিন দিন অপ্রতিরোধ্য হয়ে উঠছে।

সাত.

গত দু'শো বছরে লালন শাহী মৌলিক বিধান যাঁর মধ্যে পরিপূর্ণ অর্থে বিকশিত হয়েছে তিনি সম্যক গুরু সদর উদ্দিন আহ্‌মদ চিশতী যিনি লালনের 'লা' মোকাম

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তথা লোকোত্তরদর্শনকে অভিব্যক্ত করেন বিশ্বজনীন ঐশ্বর্যে: "Know NOT and Practice NOT the Zakat will arise with Salat of NOT and ultimately the Great NO will be reached and victory over births and deaths; victory over all sufferings".

According to the Quranic terminology this stage is called LAA MOKAM that is, masterly Stage of the Permanent annihilation of human-self. বাংলায় এর ভাবার্থ দাঁড়ায়: কেবল 'না'কেই জানা এবং 'না'এরই সাধনা। জাকাত (আমিত্বশূন্যতা বা মোহশূন্যতা তথা লা) জেগে উঠবে কঠোর সালাতে। এবং পরিশেষে পৌঁছে যাবে সেই পরম 'না'র মহারাজ্যে। বিজয় আসবে জন্মমৃত্যুর উপর, বিজয় আসবে সমস্ত দুঃখজ্বালার উপর। এই চরম স্তরকেই কোরানের পরিভাষায় মোকামে মাহমুদা বা লা মোকাম অর্থাৎ নির্বাণ বলে।

যথায় শূন্য তথায় পুণ্য
তথায় দেবতাও নগণ্য
আকাশপাতাল সব জঘন্য
স্বাধীনতা করে তারা ক্ষুণ্ন ॥

ধর্মের দুটো ধরন। একটি 'হ্যাঁ' অর্থাৎ বিষয়মোহের চাঞ্চল্যকর আকর্ষণে মদমত্ত হয়ে বারবার জন্মমৃত্যুচক্রে পড়ে জাহান্নামের জ্বালাভোগ করা। এবং অপরটি তার ঠিক বিপরীতে গুরুময় জান্নাতে ধর্মের সবচেয়ে শক্তিশালী অংশে রয়েছে 'লা' তথা মোকামে মাহ্মুদা মর্যাদার শেষতম স্তর। এই মানসিক স্তরই হলো শেরেকহীন বা সংস্কারমুক্ত পরিশুদ্ধতম শুদ্ধদেহ। কোরান বলেন, "শুদ্ধদেহ ছাড়া জগতে মানুষের জন্যে কোনও আশ্রয় নেই"।

লামে আলিফ লুকায় যেমন
মানুষে শাঁই আছে তেমন
তা নইলে কি সব নূরীতন
আদমকে সেজদা জানায় ॥

'শুদ্ধদেহ' তৈরির প্রাথমিক পথ হলো একজন ফকির লালনের শরণাগত হওয়া অর্থাৎ একজন পরিশুদ্ধ মহাপুরুষ গুরুর চরণে সঠিকভাবে সর্মপিত হওয়া এবং তাঁর পদ্ধতি হলো সাতটি ইন্দ্রিয়ের দুয়ার অর্থাৎ চোখ, কান, নাক, মুখ, হাত ও মন বা ভাব দিয়ে আপন দেহমনে বাইরে থেকে একে একে যত বিষয়রাশি ঢুকছে তার উপর সার্বক্ষণিক সালাতময় অর্থাৎ জ্ঞানময় সূক্ষ্ম পর্যবেক্ষণ অব্যহত রাখা। শাঁইজির নিগূঢ় জ্ঞানসাধন পদ্ধতি অনুসরণ, অনুকরণ ও চরিত্রগত করার মধ্য দিয়ে মানুষ পূর্বের জ্ঞানহীন স্বরূপটি উপলব্ধি করতে সক্ষম হবে। এবং পর্যায়ক্রমে জীবধর্ম পরিত্যাগ করে উত্তীর্ণ হবে শিবলোক তথা লা মোকামে। চুরাশি লক্ষ যোনি পরিগ্রহ করিয়ে এইজন্যে শাঁইজি মানুষ আকার সৃষ্টি করেন। মানুষলীলাই তাঁর ঈশ্বরলীলা। নারায়ণের সর্বোত্তম নরলীলা। বিগত দু হাজার

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

বছরের সাম্রাজ্যবাদী মিথ্যারোপ, হস্তক্ষেপ ও ষড়যন্ত্রের ফলে সমগ্র বিশ্ব জুড়ে ধর্মকর্ম বলতে একাধিক অসুস্থ চিন্তা-ভাবনা এখনও বিরাজ করছে। লৌকিক ও জনপ্রিয় ভোগবাদী ধর্মচর্চার নামে এসব অসার ধারণা ও অপতৎপরতার মূলে নিহিত রয়েছে স্থূল লাভালাভের প্রতিযোগিতা উস্কে দেয়ার পুজিবাদী সাম্রাজ্যবাদী শোষণ-শাসন পরিকল্পনা।

প্রাচীন রোমান সাম্রাজ্যবাদ থেকে আরম্ভ করে আজকের আগ্রাসী মার্কিন সাম্রাজ্যবাদ পর্যন্ত পশ্চিমা বিশ্বের মোড়ল সবাই ধর্মের নামে দেশে দেশে এ কুধর্মের আগুনে টন টন তেল ঢালছে। শাঁইজি লালনের সর্বোত্তম কোরানিক বিকাশ সদ্‌গুরু সদর উদ্দিন আহ্‌মদ চিশতী ঘটিয়েছেন তাঁর 'মসজিদদর্শন' নামক চিরায়ত আকরগ্রন্থে এবং মোহাম্মদী 'কোরানদর্শন'এর সূক্ষ্ম ব্যাখ্যায়। অত্যন্ত নিখুঁতভাবে অনুষ্ঠানবাদী ও সাম্রাজ্যবাদী শোষণ-অবদমন ব্যবস্থার চালচরিত্র পরখ করেছেন তিনি লালন-কোরানের 'লা' তথা দ্য The school of great No-এর আঁকশি দিয়ে। তাঁর সূক্ষ্মাতিসূক্ষ্ম বিশ্লেষণ দ্বারা যথার্থই সাব্যস্ত হয়, ব্যক্তিসত্তা উৎপাদন ব্যতীত যা কিছু ভোগ করে এবং অন্য কোনও স্থূলবস্তুর মধ্য দিয়ে যখন তার সূক্ষ্মসত্তার পরিচয় ব্যক্ত করে ফেলে সেখানেই মূলসত্তার সাথে সরাসরি দ্বন্দ্ব ও বিচ্ছিন্নতা শুরু হয়ে যায়। শাসক-শোষক কায়েমী গোষ্ঠীর লোকপ্রিয় ধার্মিকতার সাথে শাঁইজির লোকোত্তর দর্শনের দ্বান্দ্বিক এই মূল আঙটা তিনি স্পষ্টভাবে চিহ্নিত করে আমাদের সামনে তুলে ধরেন। স্পষ্ট করে তিনি দেখান, ব্যক্তির শ্রমহীন-উৎপাদন বহির্ভূত কোনও বস্তুর উপরই তার কোনও অধিকার থাকে না। কিন্তু আধুনিক সূক্ষ্ম শোষণবাদী অর্থনৈতিক-রাজনৈতিক মাতব্বর বিশ্ব সাম্রাজ্যবাদ ব্যক্তির নিজস্ব উৎপাদন সংশ্লিষ্টতা থেকে তার সত্তার সম্বন্ধকে সম্পূর্ণ পৃথক করে মধ্যসত্ত্বভোগী ফাড়িয়া শ্রেণী তথা অনুগত ভড়াটে মোল্লা, ব্রাহ্মণ, পাদ্রিদের ধর্ম ব্যবসাকে রমরমা করে রেখেছে। এত মাদ্রাসা কাদের লাভের জন্যে খোলা হলো? নবী-রসুলগণ কে কোন মাদ্রাসায় পড়ে কবে কোরানেওয়ালা হয়েছেন?

এক সময় উৎপাদন ব্যবস্থা ছিল প্রত্যক্ষ উৎপাদক ব্যক্তির অধীন। যেমন নবী-রসুলের প্রত্যক্ষ নেতৃত্বে কর্তৃত্বে নবুয়ত-রেসালতের প্রতিষ্ঠিত ধারা সচল ছিল আদিযুগেও। মধ্যবর্তী এত এত মিথ্যা হাদিস-পুঁথির কোনও প্রয়োজনই পড়ত না। কোনও মক্তব-মাদ্রাসা ছাড়াই সম্যক গুরুরূপে নবীর মুখনিসৃত বাক্যই ব্যক্তি সমাজের কাছে চূড়ান্ত সত্য বলে বিশ্বাস্য ছিল। লালন শাঁইজি অনুগামী ভক্তের কাছে সর্বদাই প্রত্যক্ষগোচর। আপন ভক্তের কাছে তিনিই জীবন্ত আল্লাহ-রসুল। কিন্তু আজ একাডেমিক পাণ্ডা-পণ্ডিতদের ছাঁচে ঢালা তথাকথিত গবেষণা-গ্রন্থনার মাধ্যমে ভক্ত ও লালনের মধ্যবর্তী এজেন্ট হয়ে উঠেছে ডক্টর-পণ্ডিতদের তৈরি করা নিষ্প্রাণ-নিরস কাগুজে ব্যাখ্যা-বয়ান। এভাবে জাতীয় এবং আন্তর্জাতিক ক্ষেত্রে 'জ্ঞান' বা 'বস্তু' বা 'দ্রব্য' তথা 'উৎপাদন' প্রত্যক্ষ ব্যক্তিক বলয় হারিয়ে পরোক্ষ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নৈব্যক্তিক ফরমেটে ঢুকে পড়েছে। এভাবে দুর্দশা কবলিত ব্যক্তি ও রাষ্ট্র উভয়েই উৎপাদন ক্ষমতা ও বিতরণ কর্তৃত্ব হারিয়ে অর্থাৎ ক্রমেই আত্মনির্ভরশীলতা হারিয়ে পরনির্ভর হয়ে পড়েছে। ফলে আসল ময়ূরের নাচ আর দেখাই যায় না। চতুর কাক ময়ূরের নকল পেখম ধরে নেচে বেড়াচ্ছে। শাঁইজির লা মোকাম তথা নির্বাণ হলো পরনির্ভরশীলতা থেকে পরিপূর্ণ মুক্তি অর্জন করে নিজেকে শুদ্ধবুদ্ধ মুক্তসত্তায় স্থায়ীরূপে প্রতিষ্ঠা করা।

পাশ্চাত্যের পণ্ডিতগণও প্রাচ্য সাধুদের প্রভাবে সত্যকে কেউ কেউ মেনে নিয়েছেন। যেমন ফরাসি দার্শনিক রনে দেকার্ত René Decart ব্যক্তির এ অবস্থাকে 'বস্তু' তথা 'দ্রব্য' বা 'Substance' বলেন। তার মতে বস্তু বা দ্রব্য মানে: "An existent thing which requires nothing but itself in order to exist" অর্থাৎ যাকে আপন সত্তার অস্তিত্বশীলতার জন্যে আর কখনও পরের উপর নির্ভর করতে হয় না এবং যাকে অন্য কোনও ধারণার সাহায্য ছাড়াই বোঝা যায় তা-ই হলো বস্তু বা দ্রব্য বা মাল। তাই 'লা' এবং 'Substance' এর মূল নির্যাসে ভেদ নেই তেমন। ভেদ বা ফারাক শুধু শব্দে বা ভাষা বাক্যে কিন্তু কখনোই মূলভাবে নয়।

এনে মহাজনের ধন বিনাশ করলি ক্ষ্যাপা ॥
শুদ্ধ বাকির দায়
যাবি যমালয়
হবিরে কপালে দায়মাল ছাপা ॥

কীর্তিকর্ম সেই ধনী
অমূল্য মানিকমণি
তোরে করলেন কৃপা
সে ধন এখন
হারালিরে মন
এমনই তোমার কপাল বদওফা ॥

আনন্দবাজারে এলে
ব্যাপারে লাভ করবে বলে
এখন সারলে সে দফা
কুসঙ্গের সঙ্গে
মজিয়ে কুরঙ্গে
হাতের তীরহারা হলিরে ক্ষ্যাপা ॥

দেখলিনে মন বস্তু ঢুঁড়ে
কাঠের মালা নেড়েচেড়ে
মিছে নামজপা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লালন ফকির কয়
কী হবে উপায়
বৈদিকে রইল জ্ঞানচক্ষু ঝাপা ॥

শাঁইজির এ কালামের বিশেষ বিশেষ শব্দ; যেমন 'মহাজনের ধন', 'অমূল্য মানিকমণি', 'হাতের তীর', 'মূল বস্তু', 'আনন্দবাজার' এসবই তাঁর লা মোকামের অর্থাৎ অখণ্ড জ্ঞানভাণ্ডারের প্রতীকী ব্যঞ্জনা। প্রতিটি মানুষ এ মহাসম্পদ জন্মসূত্রে শাঁইজি লালন থেকে প্রাপ্ত হয়েই পৃথিবীতে এসেছে। কিন্তু যথাসময়ে সম্যক গুরুর কাছে আশ্রয়গ্রহণ না করার কারণে ইন্দ্রিয়পরায়ণ মানুষ আল্লাহ্‌র মহাধন বিকাশের পরিবর্তে বিনাশ ঘটায়। জ্বিনপ্রকৃতির মানুষ যৌবনে শক্তি-সামর্থ্য থাকতে সম্যক গুরুর কাছে আত্মসমর্পিত না হওয়ার দরুণ 'শুদ্ধ বাকির দায়'এ পড়ে প্রাপ্তধন হারায়। ফলে প্রত্যক্ষ গুরুকৃপা থেকেও বঞ্চিত হয়। চিত্তের মধ্যে বিষয়মোহের চাঞ্চল্যকর আকর্ষণ মানুষকে শাঁইজির সুসঙ্গ থেকে সরিয়ে অসৎসঙ্গে, আসক্তির ঘোলাজলে ডুবিয়ে মারে। হাত কর্মশক্তির প্রতীক। বিষয়রাশির মোহের উপর শাঁইজির প্রত্যক্ষ সালাত-জাকাত না করার ফলে ইন্দ্রিয়-রিপুর ভোগলিপ্সায় তলিয়ে পড়া মানুষ হাতের 'তীর' তথা সৎকর্মফলহারা 'ক্ষ্যাপা' হয়ে জন্ম জন্মান্তর ব্যাপী অজ্ঞান দশায় ঘুরপাক খায় আর অসীম দুঃখজ্বালা ভোগ করতে থাকে।

আট.

প্রত্যক্ষ উৎপাদন সম্বন্ধহীন জগতের বেশির ভাগ মানুষই আজও মান্ধাতা আমলের রাজতান্ত্রিক-সাম্রাজ্যবাদী ধর্মকর্মের দুর্বল জোয়ালে বাঁধা পড়ে আছে। শুধু লোকজানানো বাইরের ভঙ্গিসর্বস্ব আচার-অনুষ্ঠানের ধামাধরা। বেহেস্ত বা স্বর্গের লোভে এরা কুধর্ম করে বেড়ায়। তসবিহ-কাঠের মালা টেনে গুণে ওরা বেহেস্তের আগাম বুকিং নিশ্চিত করতে চায়। হায় আহাম্মক, জাহান্নাম-জান্নাত যে তার জীবনের প্রতিদিনের বাস্তব বিষয়। আত্মতত্ত্বজ্ঞানের উন্মেষ না ঘটিয়ে একে মৃত্যু পরবর্তী ব্যাপার বলেই মনে করে ওরা। কোরানমতে সাধকের জন্যে জাহান্নাম ও জান্নাত দুটোই পরিত্যাজ্য। লা মোকামে অধিষ্ঠানই তার চরম পরম আরাধ্য।
লোকেরা লা মোকামের 'মূলবস্তু' নূরে মোহাম্মদীর জ্যোতির্ময় উদয় ঘটাতে আত্মদর্শনের প্রচেষ্টা গ্রহণ করে না। তাই শাঁইজি কোটি কোটি অজ্ঞান ধার্মিক ব্যক্তির অসহায় দুর্বল অবস্থার ভিত্ আরও নড়বড়ে করে দেন। এরা নিজদেহের মধ্যে অন্তর্মুখী জ্ঞানচক্ষু উন্মীলিত না করে বহির্মুখী কাগুজে বেদ-বাইবেল পড়ে প্রত্যক্ষ জ্ঞান লাভ থেকে চিরবঞ্চিত থাকে। বামন-মুন্সি-পাদ্রিরা ফতুয়াবাজির জোরে শোরগোল তুলে পরস্পর মারামারি বাঁধায়। সম্যক গুরুরূপে লালন শাঁইজি প্রবর্তিত পথ-পদ্ধতির অনুসরণে দেলকোরানের সন্ধান তারা কখনও করেই না। রাজশক্তির বানানো কাগুজে ও নিষ্প্রাণ কথা নিয়ে এরা অজ্ঞান অবস্থাকে আঁকড়ে ধরে থাকে অন্ধের মতন এবং বারবার পৃথিবীতে নরপশুদেহ ধারণ করে এসে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নিজেরা যেমন নানামুখী বিপদাপদের ফাঁদে আটকে থাকে তেমনই অন্যদেরও বিপদের মধ্যে ফেলে রাখে। এসব সুরহীন-অনুভূতিশূন্য লোকদের অর্থাৎ অসুর ধার্মিকদের মিথ্যা দর্প চূর্ণবিচূর্ণ করে দিতে পূর্বেও ফকির লালন শাহ্ জগতের ত্রাণকর্তা হয়ে আবির্ভূত হয়েছিলেন। অত্যাসন্ন দিনগুলোয় তিনি আবারও উত্থিত হবেন অতীতের যে কোনও সময়ের চেয়ে অপ্রতিহত ও পরাক্রমশালী মহাশক্তিবল নিয়ে। 'লালন বলে নূর চিনিলে যেত মনের অন্ধকার'।

নয়.

আল কোরান বলেন, 'লা কুম দ্বীনিকুম অলিয়া দ্বীন' অর্থাৎ ধর্মে কোনও জবরদস্তি বা জোরাজুরি নেই। লালন শাহী ধর্মে তাই কোনও জোর-জবরদস্তির বিধান নেই। বরং এ হলো মহব্বত সহব্বতের ধর্ম। প্রেমযোগ সর্ব ধর্মসাহিত্যের সারাৎসার। লালন শাহ্ প্রমাণ করেন, প্রকৃত মোহাম্মদী ধর্মের উদার গ্রহণক্ষমতা আর বহুমত সহিষ্ণুতার নির্দশন একেবারে শেষ হয়ে যায়নি। এখনও বেঁচে আছি। সত্যধর্ম বা দ্বীনে এলাহীকে কেউ সমূলে ধ্বংস করতে পারে না। প্রকৃত দ্বীনে ইলাহী বা আল্লাহর সত্যধর্ম রসহীন কূটতর্কবাগীশের অসহিষ্ণু হাঙ্গামা থেকে বহুদূরের জিনিস। দ্বাদশ শতাব্দীতে ভারতবর্ষে সুফি সম্রাট খাজা মঈন উদ্দিন চিশতীর উত্থানের পর থেকে হিন্দুধর্মের বিবর্তনে মোহাম্মদী ইসলামের প্রভাব অস্বীকারের উপায় নেই। ভারতীয় ধর্ম গবেষণার ঐতিহাসিক ব্যাখ্যাসূত্রে ক্ষিতিমোহন সেনশাস্ত্রী মন্তব্য করেছেন, "সমসাময়িকতায় আচ্ছন্ন অনেক ভারতীয় ইসলামের এই প্রভাবকে মেনে না নিলেও, হিন্দুধর্মের বিবর্তনকে নিরপেক্ষভাবে দেখলে মহান ধর্ম ইসলামের সৃজনশীল প্রভাবকে অস্বীকার করার কোনও উপায় থাকে না" [দ্রষ্টব্য: হিন্দুধর্ম ॥ ক্ষিতিমোহন সেন]।

ভক্তি আন্দোলন, মধযুগে পারাস্য থেকে আগত চিশতীয়া সাধুগণের সুফিসাধনা ও সংস্কার, গৌড়ীয় ভক্তি, ফকির লালন শাহর তত্ত্বসাহিত্য মানুষে মানুষে মিলনের যে অপূর্ব তত্ত্ব প্রচার করে তা শুধু ভেদাভেদমূলক ধর্মীয় গোড়ামীর বিরুদ্ধে প্রতিবাদই নয়, সেই সঙ্গে এ স্বীকৃতিরও প্রমাণ যে, ক্ষমতা, ধনসম্পদ ছাড়াও মহৎ চেতনা আপন জোরেই দারুণ শক্তিশালী। ফকির-সাধুদের এ প্রতিবাদ এসেছে প্রায়শ রাষ্ট্রীয় ক্ষমতা চর্চার বাইরে অবস্থিত দীনহীন শোষিত সর্বহারা শ্রেণী থেকে। অবহেলিত-বঞ্চিত-লাঞ্ছিত মানুষ হিসেবে ক্ষমতাসীন-ধনিক শ্রেণীর কাছে কোনও স্বীকৃতিই যেখানে ওরা পায় না।

বিত্ত বেসাতে দরিদ্র হলেও মনের ধনে মহাধনবান কবীর ছিলেন জোলা বা বস্ত্র বয়নকারি, দাউদ তথা দাদু ছিলেন ধুনুরি বা তুলো ধুনোকারি, সেনা ছিলেন নাপিত, নামদেব ছিলেন দর্জি, তুকারাম ছিলেন ক্ষেতমজুর। লালন শাহের গুরু সিরাজ শাহ্ নাকি ছিলেন পালকিবাহক বা বেহারা। লালনপূর্ব বাংলার ভক্তি আন্দোলনের প্রাণপুরুষ শ্রীচৈতন্যের পূর্বে বাংলার মানুষকে প্রভাবিত করেছিলেন বৈঞ্চব কবি জয়দেব, বিদ্যাপতি আর চণ্ডীদাস। কিন্তু শ্রীচৈতন্যই ভক্তিধর্মকে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শক্তিশালী এক ধর্মীয় আন্দোলনে পরিণত করেছিলেন। পরিণতির বিচারে যা থেকে যায় অসম্পূর্ণ। ফকির লালনের তুঙ্গস্পর্শী উত্তরণ ভক্তিধর্মের ঐতিহ্য পাল্টে সাধুসঙ্গীতের ধারায় পূর্ণরূপ পরিগ্রহ করে।

প্রাচীন ভারতের আদি নারায়ণী উৎস থেকেই এসেছে ভক্তি আন্দোলন। পদ্মপুরাণ তো ভক্তিকে দ্রাবিড়ভূমিরই ফসল বলেছে। আর্যদের অনুষ্ঠানকেন্দ্রিক শুকনো ধর্মাচার বিরোধিতা আর জাতপাত-বর্ণবাদী সমাজ ব্যবস্থা অমান্য করার কারণে ব্রাহ্মণেরা বহুকাল ধরে ভক্তি আন্দোলনের সাথে শত্রুতা করেছে। পরে যখন এ আন্দোলন তীব্রতর হয়ে ওঠে তখন ঐ ব্রাহ্মণেরাই দলে দলে এসে যোগ দেয় ভক্তি আন্দোলনে। গৌড়ীয় বৈষ্ণবেরা ব্রাহ্মণ্য সংস্কারগুলোকেই অন্যভাবে টিকিয়ে রেখেছে বৈদিক ভাবাবেশে। সে কারণে তারা লালন শাহ্‌কে অবজ্ঞা করেছে।

দশ.

ফকির লালন শাহ'র ইসলাম তথা দ্বীনে এলাহি প্রতিষ্ঠিত না হলে বাংলা-পাঞ্জাব-আসাম-কাশ্মিরের সাধুগুরুগণের অখণ্ড ভারতপথ প্রতিষ্ঠিত হবে না বিশ্বে। ব্রিটিশ সাম্রাজ্যবাদের সৃষ্ট ষড়যন্ত্রমূলক রাষ্ট্রীয় বিভাজন এ অঞ্চলে হিন্দুমুসলমান বিদ্বেষকে জিইয়ে রেখেছে। পাকিস্তান নামক সাম্প্রদায়িক দুষ্টক্ষত রাষ্ট্রটি এ ভূবিশ্ব থেকে সম্পূর্ণ বিলুপ্ত না হওয়া পর্যন্ত এ অঞ্চলে স্থায়ী শান্তির সুবাতাস কখনও বইবে না। অবশ্য তার আগে ব্রাহ্মণ্যবাদী বর্ণমানসিকতার সংকীর্ণ হিন্দুয়ানি কুবুদ্ধি আর ব্রিটিশ-আমেরিকার তোষামদী থেকে ভারতের জাতীয় ও আঞ্চলিক নেতাদের বেরিয়ে আসতে হবে। শাঁইজির নূরসত্তা থেকে ওহিলব্ধ অখণ্ড সৃষ্টিরহস্যজ্ঞান উদ্ধার ও প্রতিষ্ঠা করা না গেলে বিশ্বজুড়ে হাজারও বছর ধরে জগদ্দল পাথরের মত জেঁকে বসা নানারঙের হিংসাত্মক ব্রাহ্মণ্যবাদ ও কাঠমোল্লাতন্ত্রের সাম্রাজ্যবাদী দুঃশাসনের রাহুগ্রাস থাকে মানব জাতিকে বাঁচানো যাবে না। পৃথিবীর বুক থেকে পররাজ্যলোভী, যুদ্ধংদেহী, সাম্রাজ্যবাদী রাজনৈতিক নৈরাজ্যেরও নিরসন হবে না। 'শান্তিময় একবিশ্ব' প্রতিষ্ঠার পূর্বশর্ত হলো ফকির লালন শাহী কোরানকে পৃথিবীবাসীর একেবারে চোখের সামনে তুলে ধরা :

মোর্শেদের মহৎগুণ নে না বুঝে
যার কদম বিনে ধরমকরম মিছে ॥

যত সব কলেমা কালাম
ঢুঁড়িলে মেলে তামাম
কোরান বিচে
তবে কেন ফাজেল মোর্শেদ ভজে ॥

কোরানের মূলনীতি শাঁইজির কালামে যেরূপ জীবন্তভাবে অভিব্যক্ত হয়েছে সেই আলোকে বলা যায়, লালনজ্ঞানীগণ আগামী বিশ্বব্যবস্থার আশু সংস্কারসাধন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অবশ্যই করবেন। উপস্থিত লালন তথা গুরুজ্ঞানই অখণ্ড কোরানজ্ঞানরূপে প্রতীয়মান হবে। এ নিরিখে বিচার-বিশ্লেষণ করলে প্রমাণিত হবে, কোরান কখনোই সাম্প্রদায়িক-গোত্রীয় কোনও গ্রন্থ নয়। আহলে বাইতগণ তাঁদের জীবনসাধনা দিয়ে খুব ভাল করেই তা যথার্থই বুঝিয়ে দিছেন। যেমন মাওলানা জালাল উদ্দিন রুমি এমন কথা না বলে পারেননি :

কোরানের মগজটুকু আমি খেয়ে ফেলেছি
আর হাড়গুলো রেখেছি কুকুরদের জন্যে ॥

এগার.

ফকির লালন শাহকে যারা 'বাউল সম্রাট' বলে তাঁর আদি সুফিরূপ বেমালুম চাপা দিয়ে এতদিন জালিয়াতি-চালিয়াতি করেছে শাঁইজি তাঁর শুদ্ধতত্ত্ব দিয়ে ওদের বাতিল করে দিয়েছেন বহু পূর্বেই :

যার মর্ম সে যদি না কয়
কার সাধ্য তা জানিতে পায় ॥

লালন শাহ নিজের কোরান পরিচয় নিজেই দিয়েছেন। কোনও বিশেষজ্ঞ মতামত এখানে নিষ্প্রয়োজন। সর্বজ্ঞ গুরুমতই অতিপ্রয়োজন। যে বুঝে সে মহাভাগ্যবান। বুঝল না কেবল যারা হতভাগা শয়তান। এদের করুণা করারও কোনও উপায়ান্তর থাকে না।

যেহি মোর্শেদ সেই তো রসুল
ইহাতে নাই কোনও ভুল
খোদাও সে হয়
এমন কথা লালন কয় না
কোরানে কয় ॥

কোরান বলেন, "যারা আল্লাহ ও রসুলের মধ্যে পার্থক্য করে তারা নির্ভেজাল কাফের"। অথচ প্রচলিত ও অতিচর্চিত রাজতান্ত্রিক-সাম্রাজ্যবাদী সংস্করণের কোরানে অদ্বৈতসত্তা আল্লাহ আর রসুলকে সম্পূর্ণ দুইভাবে বিভক্ত করে পৃথক দুটি সত্তা হিসেবে দেখানো হয়ে থাকে। আবু বকর-ওমর-ওসমানদের কুটিল চক্রান্ত কার্যকর করে নবীকে আল্লাহ্ থেকে আলাদা বানিয়ে সাধারণ মানুষের পর্যায়ে নামিয়ে এনেছিল। তাই এখনও প্রতিদিন পাঁচবার আজানের পর নবীকে বেহেস্তে পাঠানোর জন্য আল্লাহর কাছে মোনাজাত করে থাকে বেওকুফেরা। তার উপর অহাবী-অসুর কাঠমোল্লারা তো মোর্শেদ বা গুরুসত্তার কোনও স্বীকৃতিই দিতে নারাজ। কিন্তু শাঁইজি লালনের দিব্যদৃষ্টিতে মোর্শেদ-রসুল-আল্লাহ্ একই অখণ্ড মহাসত্তার প্রকাশ বিকাশ তথা অহাদানিয়াত। সর্বেশ্বরবাদ বা একেশ্বরবাদের মানেও তাই। আরব জাতীয় সাম্রাজ্যবাদ আল্লাহ এবং রসুলকে নিজেদের খণ্ডাত্মক

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ধারণায় স্বার্থমত দাঁড় করিয়েছে পৃথক পৃথক অস্তিত্ব বলে। আর শাঁইজি বিচ্ছিন্ন হয়ে পড়া এই তিনকে গেঁথেছেন একসুতোয়। 'লালন কয় না এমন কথা কোরানে কয়'– এ কথার সূক্ষ্ম তাৎপর্য হয়, লালন শাহ্‌র বাক্য সবই কোরানবাক্য। মনগড়া কোনও কথা মোটেও নয়। নিজেকে 'নফি' বা 'না' করতে গিয়ে শাঁইজি আপন কোরানসত্তাকেও সমান্তরাল অর্থে প্রমাণিত এবং প্রতিষ্ঠিত করেন। রাজকীয় কোরান সঙ্কলনের এন্টি থিসিস বা বিরুদ্ধ মতের প্রতীকরূপে দেলকোরান প্রকাশকালে তিনি নিজেই সিন্থেসিস বা সংশ্লিষ্ট পরিশুদ্ধ রূপ হয়ে দাঁড়ান। নিজেকে শাঁইজি যেখানে যেখানে 'না' বলে খারিজ করে দিচ্ছেন নিঃসংশয়ে ধরে নিতে হয় সেখানেই বিরাজ করছে সব 'হা' মানে অসীম মনোলোকের অসীম জ্ঞান যা গুপ্তসুপ্ত সকল মহাসত্যের রহস্যভাণ্ডার। জগতে তথাকথিত শরিয়তী মুসলমানেরা এত হতভাগ্য ধার্মিক যে, ওরা আল্লাহ্‌র চেহারা কখনও দেখেই না। অথচ অন্য সব ধর্মের অনুসারীগণ তাদের আল্লাহ বা ঈশ্বর বা ভগবান বা Father Godকে দেখে শুনে আকারসাকারে উপাসনা করে থাকে। কেবল অহাবী-সুন্নীপন্থি 'মুসলমান' নামধারীরাই চোখ থাকতেও এমন জন্মান্ধ যে, আল্লাহর চেহারা (আদম সুরত) ওরা কস্মিনকালেও দেখতে পায় না।

কোরানে মহানবী বলছেন, "ওদের চোখ আছে কিন্তু দেখে না, কান আছে কিন্তু ওরা শোনে না, হৃদয় আছে কিন্তু ওরা হৃদয়ঙ্গম করে না"। ধর্মের মর্মজ্ঞানে এমন অকাট মূর্খ ধার্মিক অর্থাৎ আলেম নামধারী জালেমেরা শাঁইজি লালনের জিন্দা 'দেলকোরান' না জেনে, না শুনে গাধার মত ছাপানো কাগজের বোঝা বহন করে নিজেদের যেমন বিরামহীনভাবে ঠকায় তেমনিভাবে ধর্মবিষয়ে সাধারণ জনগণকেও চরম ঠগবাজির শিকারে পরিণত করে চলেছে। প্রতিদিনের বাস্তব জীবনযোগ থেকে ওরা জাহান্নাম জান্নাতকে বিচ্ছিন্ন করে নিজেরা যেমন অলীক ভ্রান্তির মধ্যে দোদুল্যমান থাকে তেমনই পরলোকের বানোয়াট মিথ্যে ধর্মকাহিনির তামসিক কল্পকথা মাঠেঘাটে প্রচার করে মানুষকে আতঙ্কিত করে তোলে। এমতাবস্থায় শাঁইজির অন্তস্থল হতে উৎসারিত সত্যবাণী আমাদের নাড়া দেয় গভীর অর্থে:

সোনার মান গেলরে ভাই
ব্যাঙ্গা এক পিতলের কাছে
শালপটকের কপালের ফ্যার
কুষ্টার বেনায় দেশ জুড়েছে ॥

বাজিল কলির আরতি
প্যাঁচ প'লো ভাই মানীর প্রতি
ময়ূরের নৃত্য দিতে
প্যাঁচায় পেখম ধরতে বসে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শালগ্রামকে করে নোড়া
ভূতের করে ঘণ্টা নাড়া
কলির তো এমনই দাঁড়া
স্থূলকাজে সব ভুল পড়েছে ॥

সবাই কিনে পিতলদানা
জহরের তো উল হলো না
লালন কয় গেল জানা
চটকে জগত মেতেছে ॥

অন্যত্র শাঁইজি বলেন 'চটকে মোল্লার দড়বড়ি মিছে'। ভোগবাদী মধ্যপ্রাচ্যের অজাচারী রাজা, বাদশা, ধনকুবেরদের দয়া দাক্ষিণ্য ও বাংলাদেশি ভিক্ষা ব্যবসায়ী মুন্সি-মোল্লাদের দৌরাত্ম্যে কত লক্ষ লক্ষ মাদ্রাসা পয়দা করা হয়েছে এবং হচ্ছে ফকিরীর বিরুদ্ধে চটকে মোল্লাদের দড়বড়ি বা হাঙ্গামা বাড়াতে। এখানে জহরের অর্থাৎ অমূল্য রত্নের অধীশ্বর লালন শাহকে 'হিন্দু' বা 'বাউল' বলে অপপ্রচার জোরদার করার রাজনীতি যত বাড়বে তত সোনার চেয়ে পিতলের চাকচিক্যে কোটি কোটি মানুষ ধোঁকায় পড়ে থাকবে। সোনা অক্ষয়। পরিণামে মূল্যবানই থেকে যাবে। যুগে যুগে দু একজন জহরী ছাড়া এ জহরের উল বা সন্ধান কেবা করতে পারে?

বার.

লালনসঙ্গীতের মর্মকথা জানতে-বুঝতে হলে শাঁইজির মূল তত্ত্বদর্শনের পাঁচটি সুদৃঢ় ভিত্তি সম্বন্ধে স্বচ্ছ জ্ঞান থাকা জরুরি। শাঁইজিকে তাঁর মহাভাব ধরে না বুঝে আমাদের ক্ষুদ্র ধারণায় যার যার খেয়াল খুশিমত বুঝতে গেলে 'ফ্যারে' বা 'গোলমালে' পড়ে থাকতে হবে। শাঁইজি লালনের তত্ত্বসাহিত্যের মূলদর্শনগত ভিত্তি পাঁচটির প্রথম ভিত্তিটি হলো জন্মান্তরবাদ বা পুর্নজন্মবাদ বা রূপান্তরবাদ বা কর্মফলবাদ। দ্বিতীয় ভিত্তি আধ্যাত্মবাদ বা সুফিবাদ বা বিশুদ্ধিমার্গ। তৃতীয় ভিত্তি গুরুবাদ বা মাওলাতন্ত্র। চতুর্থ ভিত্তি দায়েমী সালাত বা সার্বক্ষণিক ধ্যান। পঞ্চম ভিত্তি রূপক ভাষা বা সান্ধ্য ভাষা বা সাংকেতিক ইঙ্গিত। এ পাঁচটি ভিত্তি বা পঞ্চশীলানীতি অগ্রাহ্য করলে ফকির লালন শাহকে চিরকাল দুর্বোধ্য আর দুর্গম্য বোধ হবে *বিস্তারিত দ্রষ্টব্য: লালনদর্শন ॥ আবদেল মাননান ॥ রোদেলা সংস্করণ, ঢাকা ২০০৯*।

ফকির লালন শাহ অনিত্য মানবজীবনের নিত্যরূপ পূর্ণচন্দ্রদর্শন অতিসংক্ষেপিত ভাষ্যে ও দিব্য ঐশ্বর্যে চরণরূপে প্রকাশ অর্থাৎ আচরণ করেন। সেটি তাঁর 'আত্মদর্শন'স্নাত মহাভাব বিলাস। যার যার নিজের নফসের আচ্ছাদনে আবৃত শাঁইজির মূলবস্তু বা স্বরূপ বা জাত নূর বা নুক্তা বা জ্যোতির অনুদর্শন আত্মদর্শনের প্রধান পাঠ। 'দর্শন' তাই 'খোদ' বা 'নিজের মধ্যে' চেতনমানুষ প্রভুগুরু 'খোদা' বা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অসীমান্তিক 'নিজেকে' দর্শন করাই প্রত্যেক মানুষের অপরিহার্য এবাদত। আত্ম+দর্শন = আত্মদর্শন। এ শব্দ দুটো সংস্কৃত আগম বা বেদ এবং নিগম বা তন্ত্রশাস্ত্র থেকে এসেছে। যার আরবী প্রতিশব্দ হলো 'হজ্ব'। কোরান বলেন, "হজ্জতুল বাইতা" অর্থাৎ আপন দেহের মধ্যে একাগ্র মনোযোগে আত্মদর্শন কর। সংস্কৃত 'দৃশ' ধাতু থেকে হয়েছে 'দর্শন' শব্দের উৎপত্তি। এর অনেকগুলো অর্থ রয়েছে। তাতে যেমন 'চোখে দেখা' অর্থে এর প্রধান অর্থনির্দেশ আছে তেমনই 'যার মধ্যে দেখা যায়' অর্থাৎ প্রতিবিম্বের আশ্রয় গ্রহণ করা অর্থেও গভীর ভাবার্থ নির্দেশ করা হয়। আবার অন্যতর এক অর্থে 'কানে শোনা'ও 'চোখের দেখার মত' স্পষ্ট হয় এমন ভাবও 'দর্শন' অর্থে ব্যবহৃত হয়েছে। পক্ষান্তরে আচার্য শবরস্বামী 'দর্শন' শব্দের অর্থ 'উচ্চারণ করা'র মাহাত্ম্যেও উদ্ধার করেছেন। মহাসিদ্ধ গুরুগণ শব্দময় মন্ত্র বা ধ্বনি কীভাবে চোখে দেখতে পান তা সাধারণ আম জনতার পক্ষে বুঝে ওঠা অসাধ্য ব্যাপারই বটে। 'দর্শন' অর্থ 'দেখা যায়' এমন অর্থে ব্যবহার যেমন এর হয়েছে তেমনই একেবারে যেখানে দেখাই যায় না সে অর্থেও তার প্রয়োগ রয়েছে। অমাবস্যার একটি নাম 'দর্শ' যখন আকাশে চাঁদ দেখা যায় না। চোখের দেখাঅদেখা ছাড়াও 'অতীন্দ্রিয় বস্তু দেখা'র অর্থে 'দর্শন' শব্দটি প্রয়োগ করেছেন কবি কালিদাস তাঁর 'রঘুবংশ' নামক মহাকাব্যে। রামায়ণে 'ধ্যানের দ্বারা যা উপলব্ধি করা যায়' তাকে 'দর্শন' বলে অভিহিত করা হয়েছে। অন্য অর্থে 'জ্ঞান'কেও দর্শন বলা হচ্ছে। মনুসংহিতায় 'মনের (চিত্ত) দ্বারা যাহা দেখা যায়' তাকেই দর্শন বলা হয়েছে।
উপরে আলোচিত 'দর্শন' শব্দের নানামাত্রিক অর্থ যে শুধু 'প্রত্যক্ষ' বা চোখে দেখা সম্বন্ধে করা হতো তাই নয়, চিন্তা-ধ্যান-মনন-করণ দ্বারা আমরা যত কিছু 'আলোচন' তথা 'আলোড়ন' করি, যা কিছু চিন্তা করি এবং তার ফলে যে জ্ঞানই যতটুকু লাভ করি সবই 'দেখা'র রকমফের। কোনও একটি বিষয়ে যখন আমরা নানাদিক থেকে 'আলোড়ন' বা 'আলোচন' করি তখন আমরা 'লোচন' অর্থাৎ 'চোখ' শব্দটাই ব্যবহার করে থাকি। তাই 'আত্মদর্শন' মানে চোখে দেখা, কানে শোনা, উচ্চারণ করা, চিন্তন, অনুভব যা মানবদেহের সাতটি ইন্দ্রিয় দুয়ারের প্রত্যেকটি কর্ম বা ধর্ম। এগুলোর স্থুল ব্যবহারের দ্বারা দেখা, শোনা, জানা, অনুভব করা, বিচার-বিবেচনা করা প্রভৃতি অর্থে যেমন নানা কর্ম বোঝায় তাই শুধু নয়, সূক্ষ্ম ব্যবহারের মাধ্যমে মানে যোগসাধনার দ্বারা অদৃশ্য-অজ্ঞাত নানাবিষয়ের সাক্ষাতদর্শন লাভ করা যায়। সাধকের বোধবুদ্ধির সমস্ত স্তরের সমস্ত প্রকার জ্ঞানই মানুষের 'আত্মদর্শন' দ্বারা অর্জনীয় মুক্তির চিরন্তন বিষয়।
লালন শাঁইজির দর্শনগত ভিত্তিসমূহ উপলব্ধি করতে হলে, আমরা যে বহুজন্ম-জন্মান্তরে অসীম চেতনা থেকে বহুরূপে বিবর্তিত ও বিকশিত হয়ে হয়ে এ পর্যন্ত এসে মানব জনম লাভ করেছি সৃষ্টিরহস্যের এ গুপ্তসুপ্তলীলা সম্বন্ধে সম্যক জ্ঞানই মানব জাতির আরাধ্য হওয়া উচিত। জন্মান্তরবাদ কোরানদর্শনের মেরুদণ্ড স্বরূপ। বহু পূর্বজন্মের সৎকর্মের ফল স্বরূপ মানুষ তাঁর অভিভাবক বা গুরুসত্তাকে সাথে নিয়েই জ্ঞানজগতে আসে। যারা সম্যক গুরুর সান্নিধ্য লাভ দ্বারা হাতে কলমে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আত্মমুক্তির শিক্ষাপ্রাপ্ত হবেন তাদের আর পতন নেই পরজন্মেও। কিন্তু যারা বিষয়মোহে আপ্লুত হয়ে আল্লাহদ্রোহী বা গুরুবিরোধী জীবনযাপন করে তারা কালগ্রস্ত হয়ে মন-মানসিকতায় পশুকুলে অধপতিত হয়ে থাকে। নিম্নমানের সৃষ্টিজগত যেমন বৃক্ষজগত, মৎস্যজগত, পক্ষীজগত ও পশুজগত থেকে কোটি কোটি বছরের রূপান্তরের মধ্য দিয়ে মানুষরূপে জীবের দৈহিক বিবর্তন ও উন্নয়ন ঘটে। তাই দেহমনে পূর্বসংস্কারের যে অশুদ্ধি বা আকর্ষণপ্রবণতা সুপ্তরূপে লেগে থাকে তার মোহ থেকে আপন ইন্দ্রিয়পথ ও মন মস্তিষ্ককে গুরুর জ্ঞান সাবানে ধুয়ে মুছে সাফ বা পরিশুদ্ধ করতে হয়। এর নামই আধ্যাত্মবাদ তথা সুফিবাদ। আরবী কোরানের 'সাফা' শব্দ থেকে সুফি শব্দটির উদ্ভব। নবীর প্রত্যক্ষ প্রভাব বলয়ের অধীন তাঁর আদর্শিক গৃহের অধিবাসী 'আহলে বাইত' ও 'আহ্সাবে সুফ্ফা'গণ সর্বকালে সশরীরে বিরাজমান ছিলেন এবং আছেন।

'আল্লাহ' বা 'খোদা' অদৃশ্য আকারশূন্য কিছু নন বরং তিনি আকারসাকারে প্রত্যেক সৃষ্টির মূলে স্রষ্টাস্বরূপে জড়িয়ে রয়েছেন। সৃষ্টি ও স্রষ্টা একগাছের বীজ এবং ফল। আল্লাহ নিজেই সম্যক গুরু বা মহাচেতন মানুষের রূপ ধরে প্রতি যুগে দেশে দেশে নানা নামে মাওলারূপে অবতীর্ণ হন আপন ভক্তকে উদ্ধার এবং অত্যাচারী সাম্রাজ্যবাদী রাজাদের নির্মূল করতে।

গু+রু=গুরু। 'গু' অর্থ অন্ধকার বা মোহ-মায়ার আবরণ। এবং 'রু' মানে বিদীর্ণকারী। যিনি জ্বিন ও ইনসানের (ভক্তের) অজ্ঞান চিত্তাকাশের অন্ধকারে ফাটল ধরিয়ে নূরে মোহাম্মদীর তথা জ্ঞানসূর্যের উদয় ঘটান তিনিই গুরু। গুরু ছাড়া জগতে প্রকৃত জ্ঞানরাজ্যের কোনও ঘর বা দরজা নেই। গুরুই ভক্তমনের আল্লাহ, নবী এবং রসুল শিরোমণি। গুরু বিনে জগতে কোনও ভাব নেই। তাই কোনও ভাষার অস্তিত্বও নেই গুরু বিহনে। যা আছে বলে লোকেরা মনে করে সবই অভাবের অত্যাচার আর জুলুম। সুভাবের জন্যে তাই মনে আমিত্বশূন্যতা অর্জনের প্রধান আশ্রয় সম্যক গুরুর শুদ্ধদেহ।

সম্যক গুরুর দ্বারে আত্মসমর্পণ বা 'আসলেম' করে আমাদের 'মোসলেম' হবার প্রেমশিক্ষা দান করেন ফকির লালন শাহ্। সাধারণ মানুষ মুক্তপুরুষকেও তাদের মত দুর্বল মনে করে থাকে। মনুকে চেনার জন্যে মানসচক্ষু অর্থাৎ জ্ঞানচক্ষু অর্জন করতে হবে। একেই বলা হয় 'ত্রিনয়ন' বা 'ত্রিবেনী'তে গুরুমুখী আত্মদর্শন তথা মোরাকাবা-মোশাহেদার দায়েমী সালাত।

কোরানে কোথাও পাঁচ ওয়াক্ত সালাতের নির্দেশ নেই। কোরানের সালাত একটি সার্বক্ষণিক বা অবিরামভাবে বর্তমান, বাস্তবিক এবং চিরস্থায়ী বিষয়। গুরুভক্ত শুদ্ধপ্রেম সাধকের সালাতকর্মে কোনও বিরাম বা বিরতি থাকে না। কেন না প্রতিনিয়ত দেহের সাতটি ইন্দ্রিয় দুয়ার দিয়ে আমাদের মনে মস্তিষ্কে বাইরে থেকে অসংখ্য বিষয়রাশি প্রবেশ করে মোহের ছাপ ফেলে যায়। দৃশ্য, শব্দ, গন্ধ, বর্ণ, স্পর্শ ও ভাবরূপে কত মোহের বহর বিরামহীন গতিতে ঢুকে আমাদের দেহমনের স্বস্তি ও শান্তি ভঙ্গ করে দেয়। সেটা দায়েমী সালাতী তথা সাধক ব্যক্তি ছাড়া আর

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কেউ দেখতে পায় না। মনে আগত প্রতিটি বিষয়কে খুঁটিয়ে খুঁটিয়ে দেখে শুনে জ্ঞানময় হালে গ্রহণবর্জনই দায়েমী সালাত।

চিত্তশুদ্ধির ক্রিয়াত্মক সাধকের সাধনা তাই দিনরাত চব্বিশ ঘন্টাব্যাপী নিরবিচ্ছিন্ন প্রক্রিয়া। গুরুবাদী ও জ্ঞানবাদী সালাতের অপরিহার্যতা কোরানের মত লালনসঙ্গীতেও সর্বত্র পরিব্যক্ত। সালাত প্রক্রিয়ার সাহায্যে জন্মান্তরবাদের পরিচয়জ্ঞান সুস্পষ্ট হয়ে ওঠে এবং বিষয়দর্শনের উপর জ্ঞানচক্ষু উন্মীলিত হয়। লালন শাঁইজির ভাষা বাক্য রূপকের মুখোশে আবৃত আদি ধরনকরণের হোসাইনী কোরান। সর্বযুগের নবী, অবতার, রসুল, ওলি আল্লাহগণের ভাষা ভেদ ইশারার পরদা দিয়ে ঘিরে রাখা হয়েছে। লালনতত্ত্বে অর্থাৎ কোরানুল হাকিমে অনেক কথাই রূপক করে ব্যবহার করা হয়েছে। রূপক অর্থ বুঝে লালন পাঠ ও শ্রবণ করলে গভীরতর জীবনদর্শন উপলব্ধি করা যাবে। এবং মনের সৌন্দর্যবোধ তথা নান্দনিক উৎকর্ষ সাধিত হবে। শাঁইজির মতে:

মোর্শেদ জানায় যারে
মর্ম সেই জানিতে পায়
জেনে শুনে রাখে মনে
সে কি কাউরে কয় ॥

শাঁইজি নদীয়ার কথ্য ঢঙে তাঁর কোরান তত্ত্বসার প্রচার করলেও সূক্ষ্মাতিসূক্ষ্মতর সে গূঢ় অর্থ উপলব্ধির ক্ষমতা অতিউচ্চস্তরের দু চারজন মহাজ্ঞানী-মহাজন ব্যতীত গড়পড়তা পণ্ডিত, কাঠমোল্লা ও পাদ্রিদের হয় না। এ ভাষা রহস্যলোকের মহাভাবময় ভাষা। ফকির লালন শাহ 'আপনি বাজান আপনি বাজেন আপনি মজেন সেই রবে'। রসুলাল্লাহ্ বলেন, "আমিই হেদায়েত দাতা এবং আমিই হেদায়েত গ্রহীতা"। সবই তিনি। তিনিই তিনিময়।

তের.

ফকির লালন শাঁইজির ধর্মসাহিত্য 'মানুষবর্ত' তত্ত্বসাহিত্য। মানুষবর্ত অর্থ মানুষের মুক্তিপথ। মানবমুক্তির শাশ্বত তত্ত্বকথা প্রকাশ ও তত্ত্বজ্ঞানের বিকাশসাধনই তাঁর প্রধান সৃষ্টিলীলা। 'তত্ত্ব' বলতে সাধুগণ বুঝে থাকেন যা মূলসত্তা; যেমন: অলঙ্কারের তত্ত্ব হলো সোনা, আয়নার তত্ত্ব হলো পারদ, কলসির তত্ত্ব হলো মাটি, পালঙ্কের তত্ত্ব হলো কাঠ ইত্যাদি। শাঁইজির সাহিত্য মানে 'হিতের সহিত' সদাবিরাজমান থাকার কালজয়ী অটলক্ষমতা। প্রতিটি বস্তুর বাইরের আকারবিকার তার মূল স্বরূপ নয়, খোলস মাত্র। বস্তুর ভেতরের গুণ বা আলোটাই তার মূল স্বরূপ। সব সত্তা বা সৃষ্টির মূল বা তত্ত্ব আলো বা আগুন। মানুষ সৃষ্টির মূলতত্ত্ব হলো নূরে মোহাম্মদী তথা মহাজ্যোতি।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নূরেতে কুল আলম পয়দা
আবার বলে পানির কথা
নূর কি পানি বস্তু জানি
লালন ভাবে তাই ॥

তত্ত্বগানে শাঁইজির ত্রিতত্ত্বের প্রথমতত্ত্ব তাই নূরতত্ত্ব। কোরানুম মোবিনের সৃষ্টিতত্ত্বই নূরতত্ত্ব। এ নূর আল্লাহর জাতিনূর যা থেকে মানব সৃষ্টি হয়। 'নূর কি পানি বস্তু জানি' অর্থাৎ মানব বীর্য নূরেরেই ধারক। এ নূরকে শাঁইজি 'নীর'ও বলেছেন। আবার সম্যক গুরুকে 'আল্লাহর অফুরন্ত রহমতের পানি'ও বলা হয়েছে কোরানে। এটা 'অসীম জ্ঞান সমুদ্র' ব্যতীত অন্য কিছু নয়। কোরানের সূরা বাকারায় 'বীর্য সংরক্ষণকারীকে স্বয়ং একটি জ্ঞানপাত্র'রূপে মহিমান্বিত করা হয়েছে। মানবসৃষ্টির মূল উপাদান এ জাতনূরের উৎস সম্যক গুরু সর্বযুগে একজন নবী বা রসুল পর্যায়ের সিদ্ধপুরুষ। তাঁকেই কোরানে বলা হয়েছে 'নূর মোহাম্মদ' যিনি নূরে মোহাম্মদীর মূলাধার। তাঁর নূর থেকে সমগ্র সংসারের উৎপত্তি। অর্থাৎ নূরে মোহাম্মদী থেকেই সমূহ সৃষ্টিজগত উৎপাদিত হচ্ছে।

পঞ্চনূরী পঞ্চ অঙ্গে
দাঁড়িয়েছিল প্রেরতরঙ্গে
আলিফ লাম মিম কোন অঙ্গে
তখন খেলকা তহবন্দ ছিল না ॥

কিংবা,

জাত এলাহি ছিল জাতে
কী রূপে এলো সেফাতে
লালন বলে নূর চিনিলে
যেত মনের অন্ধকার ॥

আরবী ভাষায় সূর্য নারী বা সৃষ্টির প্রতীক। এবং চন্দ্র হলো স্রষ্টা তথা পুরুষের প্রতীক। সূর্য থেকে আলো নিয়ে চন্দ্রের বিকাশ। সূর্য মহানবীর এবং চন্দ্র মাওলা আলীর প্রতীকস্বরূপ। সব মানুষ যে মূল ব্রহ্ম স্বরূপ নূরে মোহাম্মদী থেকে আগত এ সত্য লোকেরা ভুলে থাকে মাত্র। আপন মূলসত্তা থেকে বিচ্ছিন্ন হয়ে বিষয়মোহে নিজেদের শুধু দেহগত জীব হিসেবে ধারণা করে। দেহসর্বস্ব মোহের উপর মানুষকে বিজয়ী করে তোলার জন্যে ফকির লালন শাঁইজি নূর সাধনাকে ফকিরী সাধনের প্রধান কর্তব্যরূপে উপস্থিতভাবে বিশ্লেষণ করেন :

ও ভাণ্ডে আছে কত মধুভরা
খান্দানে মিশ গা তোরা
নবীজির খান্দানে মিশলে
আয়নার পৃষ্ঠে লাগবে পারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যেদিন জ্বলে উঠবে নূর তাজেল্লা
এই অধর মানুষ যাবে গো ধরা
আল্লাহ্ নবী দুই অবতার
এক নূরেতে মিলন করা ॥

ঐ নূর সাধিলে নিরঞ্জনকে
অমনই যাবে ধরা
ফকির লালন বলে শাঁইর চরণে
ভেদ পাবে না মোর্শেদ ছাড়া ॥

সম্যক গুরু নবীর নূরের মহান বংশীধারী। একজন সম্যক গুরুর চরণ আশ্রয় করে তাঁর প্রতি পরিপূর্ণ মানসিক সমর্পণের মাধ্যমে 'নবীর খান্দানে' মিলে একাকার হয়ে যেতে হয়। শিষ্য আয়না এবং গুরু পারা তথা পারদতুল্য। গুরুর সাথে ভক্তিযোগ লাগাতে পারলে সাধকের অন্তর্দৃষ্টি উন্মীলিত হয় সহজে। তখনই আত্মদর্শন দ্বারা মূলসত্তা নূর মোহাম্মদকে আপন সত্তার আয়নায় প্রজ্জ্বলিতরূপে প্রত্যক্ষ করা সম্ভব হয় সাধকের পক্ষে। আল্লাহর জাতিনূর এই 'অধর মানুষ' যার যার মোর্শেদের দেয়া সাধনার দ্বারা যখন পরিপূর্ণ দর্শন করা যাবে তখনই সাধকমনে এ প্রত্যয় সুদৃঢ় হয় যে, সম্যক গুরুর দেহটা হলেন নবী এবং তাঁর মন বা চেতনলোক হলেন আল্লাহ্। 'দুই অবতার' আল্লাহ-নবী 'এক নূরে' আপন সদ্গুরুর মধ্যে চিরন্তন ধারায় প্রবহমান রয়েছেন। সালাতসাধনার আত্মদর্শন দ্বারা এ নূররহস্য উদ্ঘাটন হয়ে গেলে সাধক একজন 'অনন্ত মোহাম্মদের অনন্ত বংশধর একজন মোহাম্মদ' হয়ে ওঠেন।

কোরানুল হাকিমে সুরা নেসা'র ৪৩ নং বাক্যে যারা 'মোমিন' বা 'সত্যদ্রষ্টা' হবার প্রারম্ভিক সাধনায় লিপ্ত আছে এমন সাধককে বলা হচ্ছে: "নেশাগ্রস্ত অবস্থায় থাক বলে তোমরা কখন কী বলছ তা জানতে ও বুঝতে পার না"। মন কখন কী বলে, কোথায় ধেয়ে চলে তার খবর মোমিন ব্যতীত অন্যলোক মোটেই জানে না। এমন কি আমানুগণও সে বিষয়ে যত্নবান থাকে না। এজন্যে তাদের মন দেহমোহ্ নির্ভর তথা দুনিয়ার লোভে নেশাগ্রস্ত হয়ে থাকে। চেষ্টা করলেও তারা সালাতের নিকটবর্তী হতে পারে না। সালাতবিহীন লোক সত্যসন্ধানী হতে পারে না। নূর বা আল্লাহর অসীম রহমতের পানি নিম্নোক্ত চারটি অবস্থায় অবশ্য পাওয়া যাবে না; যথা:

১. মানসিক দীর্ঘ অসুস্থতা থাকলে।

২. মন দেহের আপন হালের খবর না রেখে কেবল বাইরে ভ্রমণরত থাকলে অর্থাৎ বিষয় থেকে বিষয়ান্তরে বিরামহীনভাবে ঘুরলে।

৩. অসীম বা অফুরন্ত পায়খানা অর্থাৎ অসীম বস্তুমোহ্ থেকে মনের আগমন শেষ না হলে। অর্থাৎ জন্ম-জন্মান্তরে একই রূপ বস্তুমোহ থেকে অর্থাৎ দীর্ঘ অজ্ঞানতা থেকে আসতে থাকলে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪. অসীমভাবে যদি মন তার ভাবের দ্বারা মেয়েলোক স্পর্শ করতে থাকে অর্থাৎ যৌনমোহের বিরতি যদি মনের মধ্যে না ঘটায় তথা বস্তুমোহে যদি সব সময় রমিত হতে থাকে। দেহভোগ সে বাস্তবে করুক বা না করুক, মন যদি এই মোহ থেকে মুক্ত হতে না পারে তা হলে 'আল্লাহর অফুরন্ত রহমতস্বরূপ পানি' বা নূরের সন্ধান সে পাবে না। এই নূর বা পানি স্বর্গীয় জ্ঞান। অসীম এ জ্ঞানসমুদ্রে অবগাহন বা গোসল না করা পর্যন্ত খণ্ড খণ্ড ব্যথার জ্বালা পোহাতে হয়।

উপরোক্ত জ্ঞানহীন সংকটময় অবস্থা থেকে উদ্ধারের ব্যবস্থা হিসেবে কোরান যে ব্যবস্থা দান করেন তা হলো, অতএব নফস বা মনকে শুদ্ধ করতে চাইলে বিকল্প ব্যবস্থা হিসেবে পবিত্র কবরের বা পবিত্র উন্নত মাটির (কামেল মোর্শেদ) তায়াম্মুম করতে হবে। কোরানে কোথাও 'অজু' কথাটি নেই সেখানে আছে তায়াম্মুম। 'পবিত্র উন্নত মাটি' অর্থে রূপকভাবে সিদ্ধপুরুষ কামেল গুরুকে বোঝানো হয়েছে। গুরুর নিকট দীক্ষাগ্রহণ করে 'গুরুভাব' দ্বারা সম্মুখ চেহারা এবং হাত দ্বারা কর্মের কলুষ বা মনের অপবিত্রতা মুছে নিতে হবে। 'চেহারা' অর্থে ইন্দ্রিয়গুলোর অভিব্যক্তিসমূহ। এবং হাত বলতে দেহমনের শক্তি-সামর্থ্যকে প্রতীকরূপে বোঝানো হয়েছে। প্রকৃতপক্ষে গুরুভাবের দ্বারা দেহমনকে চালিত করলে পথের কলুষকালিমা মনে দাগ কাটতে পারে না। সাধারণ মানুষের জন্যে এ ব্যবস্থা দেয়া হয়নি। বিশ্বাসের মহড়াকারী সাধক এ পর্যায়ে উপনীত হয়ে থাকেন। অতএব তাকে কামেল গুরুর প্রত্যক্ষ আশ্রয় গ্রহণ করতে বলা হয়েছে। 'ইমাম' কথাটি থেকে 'তায়াম্মুম' শব্দটির উদ্ভব হয়েছে। ইমাম অর্থ নবীর আদর্শ পতাকাবাহী সিদ্ধপুরুষ, তাঁর একই নূরের দর্পণ 'মাওলা' যাঁকে চিন্তা ও কর্মের সামনে দাঁড় করানো হয় বা প্রতিষ্ঠা করা হয়। 'তায়াম্মুম' শব্দের অর্থ হলো, কাউকে আদর্শরূপে চিন্তা ও কর্মের সামনে রাখা এবং সদা তদ্‌ময় (তন্ময়) হয়ে থাকা। তন্ময় ও তায়াম্মুম একার্থবোধক ভাব। মানে সদাই গুরুময় 'লা' হালে জাগ্রত থাকা।

চৌদ্দ.

যিনি সমস্ত সৃষ্টির নূরসত্তা বা কেন্দ্রস্বরূপ তিনিই নবী। খ্রিস্টানগণ বলে থাকেন, যিশু খ্রিস্টের নূর থেকেই সমস্ত সৃষ্টি—একান্ত সত্যকথা এটি। আমরা কোরান হাদিসমতে জানতে পাই, রসুলাল্লাহ (আ) আল্লাহর নূর হতে এবং তাঁর নূর থেকে সমস্ত জগত সৃষ্টি। নূরে মোহাম্মদী আদিসৃষ্টি "তাঁকে সৃষ্টি না করলে আল্লাহ কিছুই সৃষ্টি করতেন না" ইত্যাদি। খ্রিস্টানগণের উক্তি এবং আমাদের উক্তির মধ্যে বিবাদের কোনও কারণ নেই। সমস্ত নবীই আল্লাহ থেকে একই আলো নিয়ে এসেছেন। এবং একই আলোর বিকাশ যুগে যুগে বিশেষ বিশেষ মহামানবগণের মধ্যে প্রকাশ লাভ করে আসছে। আল্লাহর অতিপ্রিয় স্বর্গীয় এ মহান আলোকে 'নূরে মোহাম্মদী' নামে জানান দেয়া হয়ে থাকে। এখন প্রশ্ন হলো এর নাম কি হওয়া উচিত? 'নূরে ঈসা' (Light of Christ) বা 'নূরে মোহাম্মদী' (Light of Mohammed) অথবা আর

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কোনও নামে? যিনি সকল পূর্বতন নবী ও ওলিগণের সরদার এবং যাঁর মধ্যে এসে এই মহানূরের বিকাশ এমন মানবীয় পরিপূর্ণতা পেল তাঁরই নামানুসারে এই নূরের নামায়ণ হওয়া উচিত। এ যুক্তি সবাই স্বীকার করবে, যে মহামানবের মধ্যে এসে এই নূরের মানবীয় বিকাশ পূর্ণতা লাভ করল ফলে যাঁর উছিলায় মানুষ তা পরিপূর্ণরূপে ও অতিসহজে লাভ করার সুযোগ পেল এবং যিনি হলেন সমগ্র সৃষ্টির মূর্ত রহমত বা রহমতুল্লিল আলামিন তাঁরই নামানুসারে এ মহানূরের নামকরণ 'নূরে মোহাম্মদী' হওয়াই বাঞ্ছনীয়।

'মোহাম্মদ' অর্থ প্রশংসিত। এই নূর আল্লাহ কর্তৃক প্রশংসিত। আল্লাহ্ স্বয়ং ও ফেরেস্তাগণ এই নূরের উপরই 'সালাত' করেন অর্থাৎ তাঁর এই নূরের সংযোগ তাঁর বান্দাগণকে দান করার কর্মে ব্যস্ত থাকেন। অতএব নূরে মোহাম্মদী নামকরণের দ্বারা হযরত ঈসা আলাইহে সালাতু আস্‌সালামের কোনও মর্যাদাহানি তো হতেই পারে না বরং তাঁর মর্যাদা বৃদ্ধিই পায়। অবশ্য খ্রিস্টানগণ রসুলাল্লাহকে (আ) নবী বলেই স্বীকার করতে চায় না। তারা এখনও হয়তো বাইবেলে বর্ণিত 'মসি'র আগমন অপেক্ষায় আছে। বাইবেলের সেই সুসমাচার এবং সেই মহান প্রকাশ যে রসুলাল্লাহই স্বয়ং এসত্য বিদ্বেষপ্রসূত সাম্প্রদায়িক দুর্বলতার কারণে তারা স্বীকার করে উঠতে পারছেন না– এই যা সমস্যা। নূর মোহাম্মদ মানুষ মোহাম্মদের রব। যুগে যুগে একজন কামেল গুরুই ভক্তজনের উপাস্য তথা আপন নূর মোহাম্মদ রবরূপে বিরাজমান আছেন।

পনের.

'নবীতত্ত্ব' ফকির লালন শাহর দ্বিতীয় তত্ত্ব বা দ্বৈতলীলা। আল্লাহর নূর থেকে নবীর নূর। নবীর নূর থেকে সারা সৃষ্টি ব্যাপ্ত বা প্রকাশিত হয়েছে। 'কলম' হৃদয়ের কথা প্রকাশের অবলম্বন। সমস্ত সৃষ্টিজগত নূর মোহাম্মদরূপী সূক্ষ্ম বিজ্ঞানময় কলম থেকে আগত হয়েছে এবং হচ্ছে। এটাই আল্লাহর আত্মপ্রকাশের মহান কলম। এ কলম থেকে যা কিছু লিখিত হচ্ছে তা-ই সৃষ্টি। এবং তা আল্লাহর অভিব্যক্তি স্বরূপ আল কলম এবং আল কলমে যা কিছু লেখে তথা যা কিছু বিকশিত সৃষ্টি করে থাকে তার সবই 'নুন'এর স্বাক্ষী প্রমাণ। কোরানে 'নুন' হরফটি হলো নবী, নূরনবী বা নূরের পরিচায়ক। অর্থাৎ সমগ্র সৃষ্টি নূরনবীর পরিচায়ক :

অপারের কাণ্ডার
নবীজি আমার
ভজনসাধন বৃথাই গেল
নবী না চিনে ॥
আউয়াল আখের
বাতেন জাহের
নবী কখন

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কোনরূপ ধারণ
করে কোনখানে ॥
আসমান জমিন
জলাদি পবন
যে নবীর নূরেতে সৃজন
কোথায় ছিল নবীজির আসন
নবী পুরুষ কি প্রকৃতি আকার তখনে ॥

নবীতত্ত্ব কোরানের বিভিন্ন সূরায় যেমন রূপক ভাষায় ও সাংকেতিক 'নুন' হরফ দিয়ে প্রকাশ পেয়েছে তেমনই মহানবীর ঔরসজাত পুত্রদেরও 'নুন' অর্থে প্রকাশ করা হয়েছে। যেমন:

"তৈয়ব-তাহের হাদী অর্থাৎ শুদ্ধ ও পবিত্রকারী পথ প্রদর্শক। হে শুদ্ধ ও পবিত্রকারী পথ প্রদর্শক, আমরা তোমার কোরান নাজেল করিনি তোমার দুঃখের কারণ হবার জন্যে" – *আল কোরান ২০ : ১–২*

'নুন' মানে জন্মসূত্রে নবুয়তপ্রাপ্ত নিষ্পাপ-নিষ্কলঙ্ক বা মাসুম সদ্‌গুরু। দুনিয়াবাসীর হেদায়েতের জন্যে মাটির পৃথিবীতে আগমন করলে অবশ্য তাঁকে বহু দুঃখকষ্ট নীরবে সহ্য করতে হয়। মনুষ্য জাতি থেকে অকারণে অত্যাচার অবিচার তাঁর উপর এসে পড়লেও হেদায়েতকর্মের মহড়া প্রত্যক্ষভাবে দেখিয়ে দেয়ার জন্যে এবং আদর্শ সৃষ্টি করার প্রয়োজনে নবী পর্যায়ের হাদীব্যক্তিকে বহু পরিশ্রম ও দুঃখকষ্ট অন্যলোকের শিক্ষার স্বার্থে নিজেকে বরণ করে নিতে হয়। সেজন্যে কোরানে মোহাম্মদ (আ) এর রব মোহাম্মদকে তথা সর্বযুগের সকল মহামানবকে সান্ত্বনা দিয়ে বলছেন, "তোমাকে দুঃখ দেয়ার জন্যে কোরান মজিদের এ নির্দেশগুলো দেয়া হয়নি। মানুষের খাতিরে যদি তোমাকেও তা প্রতিপালনের দুঃখ সহ্য করে নিতে হয় এজন্যে তুমি দুঃখিত হয়ো না"।

"তৈয়ব-তাহের-হাসান-হোসাইন হলেন কোরানের 'তা-সিন'। ইনারা কোরানের পরিচয় এবং স্পষ্ট কেতাব, একটি হেদায়েত এবং মোমিনদের জন্যে সুসংবাদ যারা সালাত দাঁড় করে এবং জাকাত দেয় এবং তারা আখেরাতের সঙ্গে (বা আখেরাতের দ্বারা) একিন করে"।

–*কোরান ২৭ : ১–৩*

যাঁরা দ্রুত ক্রমোন্নতি লাভ করে চরম পর্যায়ভুক্ত হয়ে থাকেন তাঁরা কোরানের জ্যান্ত পরিচয়। এবং তাঁরাই স্পষ্ট কেতাব। নূরে মোহাম্মদীর মাধ্যমে বিচিত্র সৃষ্টিরূপে স্রষ্টার বিকাশবিজ্ঞানকেই কেতাব বলা হয়, কাগজে ছাপানো কোনও বইকে নয়। উচ্চমানের বিশিষ্ট সাধক ব্যক্তির উপর এমত কেতাবজ্ঞান নাজেল হওয়ার বিষয়টি সর্বকালের একটি চিরন্তন ব্যবস্থা। কেতাব অর্থ তাই 'বিশ্ব

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রকৃতির সামগ্রিক বিকাশবিজ্ঞান'। মহাপুরুষগণ কেতাবের অধিকারী হয়ে নিজেরাই 'বুদ্ধ কেতাব' হয়ে যান।

সর্বকালে 'তৈয়ব-তাহের-হাসান-হোসাইন' এ শ্রেণীয় মহান মানুষ জগতবাসীর জন্যে স্বয়ং এক একটি হেদায়েত। এবং তাঁরা সেসব মোমিনের জন্যে সুসংবাদবাহক যাঁরা সালাত দাঁড় করেন এবং তাঁরা তাঁদের আখেরাতের সঙ্গে আত্মপ্রত্যয় সহকারে অবস্থান নিয়েছেন। অর্থাৎ এলহামের সংযোগে এসে মানবজীবনের শেষ পর্যায়ে পৌঁছেছেন। যার পর আর দুঃখে আসতে হবে না। আখেরাতের সঙ্গে সম্পৃক্ত হলেই একিন অর্থাৎ পূর্ণ আত্মপ্রত্যয়ের জীবন অতিবাহিত করার সুযোগ হয়ে থাকে। কোরানে 'আখেরাত' অর্থ পরবর্তী কাল। গুরুভক্ত আমানু তথা সাধকের জন্যে তার 'এলহাম' থেকে আরম্ভ করে মোমিন বা মুক্ত হওয়া পর্যন্ত কালকে আখেরাত বলে।

অপরদিকে গুরু অস্বীকারকারী কাফেরের আখেরাত হলো তার পুনর্জন্ম বা পরবর্তী শাস্তিপূর্ণ জীবনকাল। মহানবীর চিরকালীন বংশধরের মধ্যে যিনি সত্যদ্রষ্টা বা সাদেক হয়ে থাকেন তাঁর দিকে একটি কেতাব নাজেল হয়। কেতাবপ্রাপ্ত অর্থাৎ সৃষ্টি রহস্যজ্ঞানের বিকশিত ধারক-বাহক সত্তাপ্রাপ্ত ব্যক্তিগণই কেবল সমাজের জন্যে সত্যিকার পথ প্রদর্শক বা হাদী। কোরানের উপদেশ, "হে সাদেক, মোমিনগণের সঙ্গে সকল প্রকার মানুষ কোনোরূপ মিল রক্ষা করে না বিধায় কেতাব থেকে একটি সংকোচভাবের উদয় হওয়া সত্যদ্রষ্টা প্রচারকের জন্যে স্বাভাবিক। তথাপি তোমরা প্রচার কাজে সংকোচবোধ কোরো না। যতটুকু সম্ভব মানুষের কল্যাণ করার চেষ্টা চালিয়ে যাও অর্থাৎ নবীর সর্বকালীন অখণ্ড মিশন তথা সত্যধর্মের পতাকা আরও উপরে তুলে ধর।

নবুয়তের সাথে হেদায়েতের সম্বন্ধ তাই অঙ্গাঙ্গীভাবে জড়িত। নবুয়ত 'খতম' মানে নবুয়তের সত্যায়ন, সিলমোহর দান. স্বীকৃতি বা পূর্ণতাপ্রাপ্তি ইত্যাদি। এসব অর্থ বাদ রেখে 'খতম' নামক অত্যন্ত সূক্ষ্ম অর্থপূর্ণ শব্দটির অর্থ বলতে নিছক 'শেষ' বা 'সর্বশেষ' বলাটা এখন অন্ধ ধর্মীয় রেওয়াজে পরিণত হয়েছে। যে একচোখা ধারণাপ্রসূত সুন্নী-শিয়া-অহাবী তেহাত্তর কাতার চুয়াত্তর ফেরকায় বিভক্ত। ধর্মের রাজতান্ত্রিক-গণতান্ত্রিক ধ্বজাধারী কাঠমোল্লা-মুন্সি-মৌলভিরা খতমে নবুয়তের হিক্কা তুলে অজ্ঞান প্রায়। লালন শাহের পরিশুদ্ধ ভাববাক্যে তাদের বাড়াবাড়ি প্রকাশ্যভাবে নাকচ হয়ে যায়। শাঁইজি দ্ব্যর্থহীন ভাষায় ঘোষণা করেন:

আপনি খোদা আপনি নবী
আপনি হন আদম শফি
অনন্ত রূপ করে ধারণ
কে বোঝে তাঁর লীলার কারণ
নিরাকারে শাঁই নিরঞ্জন
মোর্শেদরূপ হয় ভজনপথে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ষোল.

মহানবীর উচ্চতর মহাজ্ঞানের দরজা, তাঁর নবুয়ত, বেলায়েত ও রেসালতের সুযোগ্য অধিকারী রসুল বা নিয়োজিত প্রতিনিধি মাওলা আলী (করমুল্লাহ)। কিন্তু ওমর, আবু বকর, ওসমান, আয়েশা, আবু সুফিয়ান, মাবিয়া গং গোত্রীয় চক্রান্তে রসুলতত্ত্ব তথা নবীর আদর্শিক মোকামের অধিবাসী বা আহলে বাইতের আধ্যাত্মিক কর্তৃত্ব মানে কোরান জোর করে কেড়ে নেয়। এর মধ্য দিয়ে অবৈধ ক্ষমতালোভী কায়েমী স্বার্থের পূজারীরা মাওলা আলীকে চরমভাবে উপেক্ষা-অগ্রাহ্য-অমর্যাদা করায় 'রেসালত' তথা রসুলতত্ত্ব বিষয়টিই ব্যাপক মুসলিম জনমন থেকে একপ্রকার নির্বাসিত করে দেয়া হয়েছে।

কারবালায় মারিয়াপুত্র কুখ্যাত এজিদ নবীবংশের গৌবর ইমাম হোসাইনকে হৃদয় বিদারক পন্থায় হত্যার দ্বারা মোহাম্মদী ইসলামকে জগত থেকে একেবারে প্রায় নিশ্চিহ্ন করে দিয়েছিল বলা যায়। কিন্তু জাগতিক রাজত্বের মোহবুদ্ধি দিয়ে কি আধ্যাত্মিক রাজত্ব হরণ করা যায়?

জগতবাসী স্বীকার করুক বা না করুক, নবী-রসুলের নূরের রসুলতত্ত্ব সর্বযুগে ছিলেন এবং এখনও আছেন এবং ভবিষ্যতেও বিরাজমান থাকবেন। কাল কালান্তরে তাঁরা অবশ্যই উপস্থিত আছেন সম্যক গুরুরূপে। মোহাম্মদ রসুলের সময় থেকেই রসুলের বংশধরগণ হলেন কেতাবের এবং কোরানের পরিচয়। আলে রসুল ব্যতীত আর কেউই কেতাব অথবা কোরানের কোনও পরিচয়জ্ঞান রাখে না।

গত প্রায় দেড় হাজার বছরে আলে রসুল বা আহলে বাইতগণ ছাড়া কেউ প্রমাণ করে দেখাতে পারেনি যে, কোরান একটি অসাম্প্রদায়িক ও সার্বজনীন জীবনদর্শন। কথায় কোরান প্রকাশ করা হলেও তা মানুষের কাছে অপরিচিত।

লালন শাহ্ একজন 'আলে রসুল' অর্থাৎ জ্যান্ত বিশেষ কোরান। সুতরাং তাঁর মধ্যে সবাই কোরানের পরিচয়ই প্রকাশিত দেখতে পায়। তাঁর কর্মকাণ্ড, বাক্যালাপ ও গীতবাদ্যনৃত্য সবই অখণ্ড কোরানেরই মূর্তরূপ প্রকাশ। 'আল কেতাব' তথা মানবেব জীবনরহস্য তাঁর শ্রবণ ও দর্শনের নিকট অত্যন্ত সুস্পষ্ট। 'নবীর রেসালত সর্বকালে চলমান আছে' যার জীবন্ত প্রমাণ সরাসরি পৃথিবীবাসীদের জানান দিতেই লালন শাহ 'ফকির' নাম ধরে অবতীর্ণ হন।

> "আলে রসুল বা রসুলের বংশধর– তাঁরা হলেন বিজ্ঞানময় আল কেতাবের নিদর্শন। এটা কি মানুষের জন্যে আশ্চর্যজনক ব্যাপার নয় যে, আমরা তাদের মধ্য থেকে একজনের দিকে অহি করেছি: "মানুষকে সাবধান কর এবং যারা বিশ্বাসকারী তাদের সুসংবাদ দাও যে, তাদের জন্যে তাদের রবের কাছে রয়েছে সত্যে প্রতিষ্ঠিত অবস্থান"। কাফেরেরা বলে: "নিশ্চয় ইনি অবশ্য স্পষ্ট যাদুকর"।
>
> "রসুলতত্ত্ব একটি কেতাব যা তাঁর পরিচয়ের হুকুমত চালনা করে তারপর বিজ্ঞানী জ্ঞাতা হতে ফয়সালা অর্থাৎ সমাধান দান করে"।
>
> *– আল কোরান ১০ : ১–২*

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মাওলা আলী (আ) রসুলরূপে সমগ্র আলমের 'মাওলা' অর্থাৎ প্রভু গুরু Vested Lord। তিনি শুধু মোমিন বা বিশ্বাসকারীগণের মাওলা নন। বরং তিনি সমগ্র আলমের জন্যে আল্লাহ কর্তৃক মনোনীত মাওলা। মাওলা আলীকে অস্বীকারকারী লোক নবী এবং আল্লাহকে অগ্রাহ্যকারী হিসেবে 'মোহাহেদ কাফের'। 'আলী' অর্থ সর্বোচ্চ। তিনি যেদিকে ঘোরেন ধর্মও সেদিকে মোড় নেয়। সর্বযুগে আপন রসুলতত্ত্বের তথা নূরের বংশধরগণের মধ্য দিয়ে 'আলী' উপস্থিত আছেন। লালন শাহ তাই একজন 'আলী চরিত্র'। তাঁর কালামই এ পরিচয়ের পতাকা বহন করে:

ভুল না মন কারও ভোলে
রসুলের দ্বীন সত্য মান
ডাক সদাই আল্লাহ বলে ॥

খোদাপ্রাপ্তি মূলসাধনা
রসুল বিনে কেউ জানে না
জাহেরবাতেন উপাসনা
রসুল হতে প্রকাশিলে ॥

দেখাদেখি সাধলে যোগ
বিপদ ঘটবে বাড়িবে রোগ
যে জন হয় শুদ্ধসাধক
সে রসুলের ফরমানে চলে ॥

অপরকে বুঝাইতে তামাম
করেন রসুল জাহেরা কাম
বাতেনে মশগুল মোদাম
কারও কারও জানাইলে ॥

যেরূপ মোর্শেদ সেইরূপ রসুল
যে ভজে সে হয় মকবুল
সিরাজ শাঁই কয় লালন কি কুল
পাবি মোর্শেদ না ভজিলে ॥

সতের.

পৃথিবীর আদি ধর্মোৎসের দেশ ভারতবর্ষ। আরবের সাথে ভারতের বাণিজ্য যোগাযোগ ও ভাব লেনদেনের সম্বন্ধ অত্যন্ত প্রাচীন। গুরুতন্ত্র বা অবতারবাদের ধারণা ভারত থেকেই আরবে আসে। আরবদের যাপিত জীবনে এখনও প্রাচীন ভারতীয় ধর্ম-সংস্কৃতির প্রাচীন অবশেষ বদ্ধমূল হয়ে আছে। যেমন বাস্তব উদাহরণ দেয়া যায়, এখনও অহাবী রাজতন্ত্র শাসিত খোদ সৌদি আরবে উলুধ্বনি দেয়া ও

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তুলসি পাতার ব্যবহার পারিবারিক-সামাজিক বিবাহ অনুষ্ঠানের রীতিমত অপরিহার্য অঙ্গ। ভারতীয় শব্দ 'ব্রহ্মা' ও আরবী 'আব্রাহাম' বা ইব্রাহিমে পরিমার্জিত হলেও সুগভীর উৎসগত ও অর্থগত বিচারে কি একার্থক নয়? যিনি কৃষ্ণ তিনিই কি করিম নন? অনার্য 'নারায়ণ' কীভাবে 'শিব' থেকে 'বিষ্ণু' হয়ে ভারতে 'কৃষ্ণ'রূপ ধরেন ভারতীয় পুরাণপুঞ্জে তার অনেক ইঙ্গিত আছে।

ভারতের মানসজগত আদিকাল থেকেই বৈশিষ্টপূর্ণভাবে গুরুদেবতা বা অবতারবাদ বা অতিমানববাদের পূজারী। রাম আর কৃষ্ণ ঈশ্বরের দুইরূপ বহু সহস্র বছর ধরে ভক্তি-পূজার উপাস্য। প্রাচীন ভারতীয় দুই মহাকাব্য রামায়ণ ও মহাভারত। দুই অবতার রামায়ণে 'রাম' আর মহাভারতে পাণ্ডব 'কৃষ্ণ'। বৈদিক সংহিতায় সূর্য, বায়ু, অগ্নি ইত্যাদি প্রাকৃতিক শক্তির অপ্রাকৃত অধিদেবতাদের উপাসনামন্ত্র আছে। উপনিষদে মেলে নিরাকার ব্রহ্ম যিনি নিজেকে প্রকাশ করেন নানা আকাররূপে। মহাকাব্যের এ অবতারগণ হলেন পরম ঈশ্বর আর মানুষের মধ্যস্থতাকারী অতিমানব।

ঈসা নবীর জন্মের এক হাজার বছরেরও আগেকার এ মহাকাব্য মূলত অবতারকেন্দ্রিক। অবতার বা মাধ্যম ব্যতীত কোনও দেশে কোনও কালেই আল্লাহর সত্যধর্ম প্রকাশ পায়নি। সনাতন ধর্ম বহু অবতারের ধর্ম। মহাভারতে শ্রীকৃষ্ণ বলছেন :

> "যখনই ধর্মের গ্লানি উপস্থিত হয়, কুধর্মের অভ্যুদয় ঘটে তখনই আমি দেহধারণ করি। আমার সাধুস্বভাবী ভক্তদের উদ্ধার বা রক্ষা করতে এবং দুর্জন বা অত্যাচারীদের বিনাশ করার মাধ্যমে আমি সত্যধর্মকে পুনঃপ্রতিষ্ঠার জন্যে যুগে যুগে অবতীর্ণ হই"।
>
> *–ভগবদ্‌গীতা ॥ ৪র্থ অধ্যায় ॥ শ্লোক : ৭–৮*

মহাভারতে হিন্দুদর্শনের বিশেষতত্ত্ব হলো অবতারবাদ মানে আদি সাম্যবাদী নারায়ণলীলা ধ্বংস করে আগ্রাসী বৈদিক বিষ্ণুলীলার অবশেষের উপর কৃষ্ণলীলার প্রতিষ্ঠা। অবতারবাদকে কেন্দ্র করে মহাভারতে ভীষ্মের আত্মত্যাগ, যুধিষ্ঠিরের সত্যনিষ্ঠা ও ক্ষমা, পাণ্ডবদের ন্যায়নিষ্ঠা, বলশালীদের অত্যাচার থেকে দুর্বলকে রক্ষা করার আগ্রহ, কৌরবপক্ষে কর্ণের দানশীলতা বহু বহু কাল ধরে ভারতীয় হৃদয়কে আচ্ছন্ন করে আছে সাহিত্যে-শিল্পে-ধর্মতত্ত্বে।

সনাতন ভারতীয় মনে গুরুতত্ত্বের গভীরতর প্রভাব রয়েছে। এখানে ঈশ্বর বা ভগবান নিজেকে এমনরূপে প্রকাশ করেন যা ব্যাপক মানুষের মনে স্থায়ীভাবে রেখাপাত করেছে। ঈশ্বর মানুষের রূপ ধরে মানুষের কাছে আসেন। তার সাথে একই সমান্তরালে এসে দাঁড়ান। মানুষের মধ্যে ঈশ্বরের এ নররূপে নারায়ণলীলা নামান্তরে কৃষ্ণলীলা থেকে মূলচারিত্র্যে পৃথক বলে ভাবেন না ফকির লালন শাহ। আরব্য-পারস্যবাহিত মোহাম্মদী ইসলামের নবীতত্ত্ব-রসুলতত্ত্বের সাথে কৃষ্ণতত্ত্বকে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

একীভূত করে সর্বকালীন সর্বজনীন শান্তির মহাধর্মদণ্ডকেই আঞ্চলিক, ভাষিক, কালিক, দৈশিক সীমান্ত ছাপিয়ে সমস্ত জাগতিকতার উর্ধ্বে তুলে ধরেন।

ভাগবতদর্শন 'বিষ্ণুপুরাণ' দর্শনের সমধর্মী। বিশ্ব বিষ্ণুরই প্রকাশ এবং শাশ্বত সত্য ব্রহ্ম, পরমাত্মা ও ভাগবৎ সেকথা বলে। মহাভারতের কৃষ্ণলীলাতত্ত্ব তাই রাজনৈতিক ঘটনাও বটে। ভাগবতে ঈশ্বরের অবতাররূপে কৃষ্ণ আগমনতত্ত্বটি তাই ভারি গুরুত্বপূর্ণ। তাতে যদিও বলা হয়েছে, অবতার অসংখ্য। তবু কৃষ্ণ শ্রেষ্ঠ অবতার। এখানকার অধিকাংশ পুরাণ শ্রীকৃষ্ণ এবং তার ভক্তদের সম্পর্ক চর্চার বিচিত্র কাহিনি। পনের শতকের কৃষ্ণলীলা শ্রীচৈতন্যের আপন রাধারূপের একতরফা প্রকাশভঙ্গিমা পরিণামহীন অরাজনৈতিক উল্লম্ফন বলে মনে করেন কেউ কেউ।

মহাভারতের অবতার কৃষ্ণ উপনিষদিক 'ব্রহ্মতত্ত্ব'কে নতুন করে বিনির্মাণ করেন। কখনও তিনি সর্বব্যাপী ব্রহ্মের হয়েও কথা বলেন। আবার কিন্তু কথা বলেন ঠিক মানুষের মতই। তিনি অর্জুনের বন্ধু, উদ্ধবের সহায়। কিন্তু নদীয়ার নবদ্বীপে শ্রীচৈতন্যের কৃষ্ণলীলায় কীর্তিত চরিত্র পরীক্ষা করতে শাঁইজি ভিন্নভাব সন্ধানী হলেন। ফকির লালন তাকে ফকিরী বললেও তাঁর বিশেষায়িত কৃষ্ণলীলায় তিনি তাঁর পূর্বকালীন লীলাকীর্তনে নব্যকৃষ্ণের সাথে পৌরাণিক কৃষ্ণের অসঙ্গতিগুলো সম্বন্ধে অনেক প্রশ্ন নানা চরিত্রের মুখ দিয়ে তোলেন। এটি তাই একচোখা গৌড়ীয় কৃষ্ণলীলা মোটেও নয়। শাঁইজি সর্বকালের সর্বজনের সকল আত্মদর্শনমূলক ধর্মকে ইসলাম বা শান্তিধর্ম বলে প্রচার করেন। কোরানে কোথাও মানুষকে ধর্মবর্ণগোত্র বিচারে পৃথক করে দেখা হয়নি। বরং ধর্মবর্ণ নির্বিশেষে মানুষকে মূলত দুই শ্রেণীতে ভাগ করে দেখা হয়েছে। জ্ঞানী এবং মূর্খরূপে।

শাঁইজি যে অখণ্ড ভাবরাজ্যে বাস করেন সেখানে রাম ও রহিমে দ্বৈত্ববোধ নেই। তিনি নূরতত্ত্ব, নবীতত্ত্ব ও রসুলতত্ত্ব যে অখণ্ডধারায় প্রকাশ করেন ঠিক একই ভাব থেকেই কৃষ্ণলীলা, গোষ্ঠলীলা, নিমাইলীলা, গৌরলীলা ও নিতাইলীলার বিস্তার ঘটান তাঁর সঙ্গীতে।

'লীলা' অর্থ সৃষ্টি। স্রষ্টা যখন সৃষ্টির মধ্যে আকার সাকারে আগমন করেন তার নামই 'কৃষ্ণলীলা'। এক কৃষ্ণের অনেক রূপ বা নাম (গুণ)। তিনি 'যুগে যুগে সম্ভবামি'। একই অখণ্ড মূলসত্তা মোর্শেদরূপে যিনি জগতে কালাকালে অবতীর্ণ হয়ে কুমর্ধ তথা শেরেক সংহারের জন্যে ভক্তের মন কর্ষণ দ্বারা আকর্ষণ করে চলেন। লালনলীলার অন্ত নাই আর। তাই এক কৃষ্ণলীলারই বহুপ্রকাশ গোষ্ঠলীলা, নিমাইলীলা গৌরলীলা ও নিতাইলীলায়। সকল মহাপুরুষই বদ্ধজীব জনগণকে প্রকৃতির মোহবন্ধন থেকে উদ্ধারের কর্ষণশক্তি (আকর্ষণ) তথা প্রেমশিক্ষা দান করেন। তাই কানাই বিনে গীত নেই। সম্যক গুরু বিনে শ্রীকৃষ্ণ কোথায়। গুরুকে জগতপতিরূপে ভক্তের যে আরাধনা তা লিঙ্গভিত্তিক 'কৃষ্ণরাধা'র স্থূল ভেদাভেদমূলক ধারণার ভিত্তি ভেঙে দেয় এখানে :

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হতে চাও হজুরের দাসী
মনে গলদ ভরা রাশি রাশি ॥

জান না প্রেম উপাসনা
জান না সেবা সাধনা
সদাই দেখি ইতরপনা
প্রিয় রাজি হবে কিসি ॥

কেশ বেঁধে বেশ করিলে কী হয়
রসবোধ না যদি রয়
রসবতী কে তারে কয়
মুখে কেবল কাষ্ঠহাসি ॥

কৃষ্ণপদে গোপী সুজন
করেছিল দাস্যসেবন
সিরাজ শাঁই কয় তাই কি লালন
পারবি ছেড়ে সুখ বিলাসী ॥

সুতরাং অখণ্ড লালনসঙ্গীতে সেমেটিক ও ভারতীয় ধর্মকে অনেক নদীখাত থেকে টেনে এক মহাসমুদ্রের ধারায় এনে আত্মদর্শনমুখী সব ধর্মকে আল্লাহর দ্বীন বা সত্যদ্বীন তথা দ্বীনে ইসলামের রঙে রঞ্জিত করেন শাঁইজি। কোরানে মানবজাতিকে এক অখণ্ড সত্তাগত আলোকে দেখা হয়েছে। তাই হিন্দু, মুসলমান, বৌদ্ধ, খ্রিস্টানরূপে কোথাও মানুষকে বিভক্ত বা বিচ্ছিন্ন করা হয়নি। কোরান মানুষকে মূলত জ্ঞানী এবং মূর্খ এ দু'ভাগে বিচার করেন।

ত্রয়োদশ শতকের পূর্বে কোনও হিন্দুপুরাণেই 'রাধা' নামক শব্দের অস্তিত্ব খুঁজে পাওয়া যায় না। এ বাংলাদেশের বাংলাভাষারই কবি জয়দেব কর্তৃক মৈথিলী ভাষায় 'গীতগোবিন্দ' কাব্য রচনার মধ্য দিয়ে 'রাধা' নামক চরিত্র উদ্ভাবন করেন। এ রাধা নামটি মূলত কবিকল্পিত একটি রূপকল্প (Image) বা মূর্ত বিগ্রহ।

'কৃষ্ণ' নামক শব্দটি এসেছে প্রাচীন ভারতীয় 'কর্ষণ'কর্ম থেকে। শ্রীকৃষ্ণের জন্মগত যতগুলো কাহিনি, পুরাণ বা আখ্যান পাওয়া যায় তার সবই ভারতীয় কৃষি সভ্যতা লালিত গুরুদেবতারূপেরই প্রকাশ-বিকাশ।

'শ্রীকৃষ্ণলীলাকীর্তন' অর্থাৎ শ্রীকৃষ্ণের মাহাত্ম্যকীর্তন অনেক পদকর্তাই করেছেন যার আকর বা মূল উৎস হলো 'মহাভারত'। 'গীতগোবিন্দ' থেকে আরম্ভ করে কালে কালে অখণ্ড বাংলাদেশে হিন্দুমুসলমান নির্বিশেষে অনেক সাহিত্যিকই 'শ্রীকৃষ্ণলীলাকীর্তন' করেছেন। সুফি-ফকির-সাধক-মোহান্তগণ মোর্শেদমুখী যে প্রেমভক্তিভাব থেকে নবী-রসুলকীর্তন করেন সেই একই ভাবোদয় থেকে তাঁরা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শ্রীকৃষ্ণকীর্তনও করেন। পরিশেষে গৌড়ীয় বৈষ্ণবগণের হাতে পড়ে তা আর এক রকম বিকৃত পরিণতি পায়। কিন্তু গৌড়ীয় বৈষ্ণবদের কৃষ্ণলীলার সাথে রাজনৈতিক শ্রীকৃষ্ণের অর্থাৎ মহাভারত আখ্যানে বর্ণিত শ্রীকৃষ্ণরূপের সম্বন্ধ অত্যন্ত ক্ষীণতর।

গৌড়ীয় বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণকে শক্তি ও শক্তিমানতত্ত্বে আত্তীকরণের মধ্য দিয়ে রাধাকে 'শক্তি' বা 'প্রকৃতি' এবং শ্রীকৃষ্ণকে 'শক্তিমান' বা 'পুরুষ'–এমনতর দ্বৈতচরিত্রে একীভূত অর্থাৎ ভেদঅভেদতত্ত্ব ধারণায় প্রকাশ করেন। যদিও পুরাণে শক্তিতত্ত্বের যে সংজ্ঞা রয়েছে গৌড়ীয় শক্তিতত্ত্ব তা থেকে বহু যোজন দূরে অবস্থিত। পুরাণের শক্তি ও শক্তিমানতত্ত্ব অর্থাৎ শক্তিদেবীর যে ধারণা তার সাথে গৌড়ীয় বৈষ্ণবদের কোনও মিলই নেই। আবার শ্রীচৈতন্যের রাধাকৃষ্ণময় যে ভক্তিভাব তার সাথে ভারতীয় আদিভক্তিবাদের সম্বন্ধ নেই বললেই চলে। কারণ আদিভক্তিবাদ পুরোটাই রাজনৈতিক। গৌড়ীয় ভক্তিবাদ হলো ভাগবতধর্মের সরলীকৃত একটি পার্শ্বরূপ মাত্র। পৌরাণিক ধারণামূলক চরিত্রের বাইরে শ্রীকৃষ্ণের অতিমানবীয় চরিত্রের এক ধরনের মিথস্ক্রিয়া।

শ্রীকৃষ্ণ বৈদিক দেবতা নন। বৈদিক ধর্মের পালনকর্তা হলেন বিষ্ণু। শ্রীকৃষ্ণের যে মূল চারিত্র্যলক্ষণ তথা গুণাগুণ আমরা আদিতে অনার্য বা দ্রাবিড় দেবতা 'নারায়ণ'এর মধ্যেই তা সম্পূর্ণ দেখি। প্রাচীন ভারতবর্ষে পারস্যের আর্য আগ্রাসনের ফলে 'নারায়ণ'দেবের উপাসক তথা নারায়ণী সম্প্রদায়ের গুণাবলি প্রথমে বৈদিক দেবতা 'বিষ্ণু' পরে 'শিব' নামের উপর আরোপ করা হয়। বাসুদেব-সঙ্কর্ষণ হয়ে শ্রীকৃষ্ণের চরিত্রে নারায়ণের সাথে বিষ্ণু আর শিবের গুণাবলি আরোপিত হলো। যদিও নারায়ণী সম্প্রদায়ের বস্তুমুখী গুণাগুণ অর্থাৎ উৎপাদক ও উৎপাদনের মধ্যে প্রত্যক্ষ যে দৈহিক-মানসিক নিবিড় সম্বন্ধ আর সমন্বয় তার ঠিক বিপরীতেই আর্যশাসিত বৈদিক দেবতাদের গুণাগুণ অদৈহিকতায় পর্যবসিত করা হলো।

ভগবদ্গীতায় যিনি শ্রীকৃষ্ণ তিনি সম্পূর্ণ রাজনৈতিক চরিত্র। কিন্তু পরবর্তী সময়ে দীর্ঘকালব্যাপী আর্যশাসন ব্যবস্থা ভারতবর্ষে অনুপস্থিত থাকায় অর্থাৎ বৌদ্ধযুগ, পালযুগ ও সেনযুগের পর সুলতানী আমল ও মোঘল শাসনামলের বিচিত্র উত্থানপতনের মধ্যে রাজনৈতিক শ্রীকৃষ্ণের গুরুত্ব অনেকটাই ম্লান হয়ে পড়ে।

আর্য আমলে আদি নারায়ণী সম্প্রদায় যখন আক্রান্ত হয়ে পড়ে সেই আক্রমণের বিরুদ্ধে অনার্য অর্থাৎ নারায়ণী সম্প্রদায় ব্যাপক প্রতিরোধ গড়ে তুলেছিল। কিন্তু আর্যদের বৈদিক সভ্যতা প্রতিষ্ঠা ও বিস্তারের দীর্ঘকালীন যুদ্ধবিগ্রহ আর নির্মম দমন-পীড়নের দ্বারা নারায়ণী সম্প্রদায় ক্রমে ক্ষমতাহারা-কোণঠাসা হয়ে পড়তে থাকে। এবং পরিশেষে তারা বহুধাবিভক্ত হয়ে পড়ে। এদের মধ্যে উল্লেখযোগ্য ভাগবৎ সম্প্রদায়, সাত্বত সম্প্রদায় এবং পঞ্চরাত্র সম্প্রদায়। ভাগবৎ সম্প্রদায়ই সর্বপ্রথম বৈদিক শাসন ব্যবস্থার কাছে আত্মসমর্পণ করে। ফলে এদের হাত দিয়ে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভগবদ্গীতা প্রকাশিত ও প্রতিষ্ঠিত হয়। যদিও ভাগবৎ সম্প্রদায়ের 'আদিভাগবৎ' ধর্ম বহু আগেই বৈদিক জ্ঞানকাণ্ডের আগ্রাসনে সম্পূর্ণ খারিজ হয়ে যায়। যার প্রকৃত গুণাগুণ কেবল বহাল থাকে পঞ্চরাত্র সম্প্রদায়ের মধ্যে।

পঞ্চরাত্র মানে পঞ্চজ্ঞান। 'রাত্র' অর্থ জ্ঞান। ভাগবত সম্প্রদায়কে প্রথমে আদি নারায়ণী সম্প্রদায়ই বলা হতো। এর দ্বারা কোনও একজন গুরুদেবতা ব্যক্তিত্বকেই কেবল বোঝান হতো না, বোঝান হতো তাঁর অনুজ্ঞাবর্তী একটি সামাজিক সমতাভিত্তিক গোষ্ঠীবদ্ধ সম্প্রদায়কেও। ভগবৎ অর্থ 'যারা ভাগ পায়' অথবা 'যাদের ভাগ করে দেয়া হয়েছে' অথবা 'যে সামগ্রিকতা থেকে অংশ পায়'। এ অভেদ সম্বন্ধ 'যে দেয় এবং যে নেয়'–এ উভয়র্থকে নারায়ণের সাথে এক করে আমরা দেখতে পাই। নর+আয়ণ = নারায়ণ। 'নর' অর্থ মানুষ এবং 'আয়ণ' অর্থ স্থান। অর্থাৎ মানুষ বা নর যাঁর কাছে বা যে জায়গায় যায় অথবা যাঁর বা যে জায়গার ভাগ পায় তাকেই ভাগবৎ বলা হয়।

ষোড়শ শতকে শ্রীচৈতন্যদেবের যে ভক্তিবাদ তা বস্তু তথা রাজনীতি থেকে বিচ্ছিন্ন ভাববাদ মাত্র। বস্তুকে অবলম্বন করে শ্রীকৃষ্ণের মহাভারতীয় যে পূর্বপরিচয় তা ইতোমধ্যে ভুলুণ্ঠিত। যে কারণে 'ভক্তি' শব্দটি নির্বস্তুক করার মধ্য দিয়ে মূলত যে লীলাচক্র গড়ে ওঠে তাকেই আমরা শ্রীচৈতন্যের 'শ্রীকৃষ্ণলীলা' বলতে পারি। পূর্বভাবে দেখা যায়, শ্রীকৃষ্ণই রাধাকে আলম্বন করছেন। কিন্তু গৌড়ীয় বৈষ্ণবে দেখা গেল, খোদ শ্রীচৈতন্য নিজে রাধা চরিত্র ধারণ করে কৃষ্ণকেই উল্টো আলম্বন করছেন।

নির্বস্তুক শ্রীকৃষ্ণ চরিত্র ভাগবত আখ্যানে চরিত্রায়ণের মাধ্যমে একদিকে বৈদিক-রাজনৈতিক শ্রীকৃষ্ণের আধিপত্য বহাল থাকে। অপরদিকে ভাগবত ধর্মের ভক্তিবাদ এবং আদি নারায়ণী সম্প্রদায়ের ভক্তিবাদ থেকে গৌড়ীয় বৈষ্ণবদের ভক্তিবাদকে একটি বিচ্ছিন্ন বা ভিন্নতর চরিত্র দান করে। কালক্রমে গৌড়ীয় বৈষ্ণবদের ভক্তিবাদ বস্তুকে অবলম্বন না করায় ভাগবদ্গীতার কৃষ্ণচরিত্রই শেষ পর্যন্ত গৌড়ীয় ভক্তিবাদকে আত্তীকরণ করে ফেলে। এখানেই ফকির লালন শাহের ব্যতিক্রমী সুরটি আমরা শুনতে পাই তাঁর শ্রীকৃষ্ণলীলায়।

ফকির লালন শাহ কখনও শ্রীকৃষ্ণ চরিত্রকে কবি জয়দেবের গীতগোবিন্দ কাব্যের রূপকাল্পিক ধারণাতন্ত্রের ভেতর থেকে দেখেননি। আবার শ্রীচৈতন্যের গৌড়ীয় রাধাভাবে আকুল হয়েও শাঁইজি তা বোঝেননি। তিনি শ্রীকৃষ্ণকে দেখেছেন সেই 'আদিধরন'টির মধ্য দিয়ে যে পর্যায়ে কবিকল্পিত শ্রীকৃষ্ণের কিংবা বৈদিক শ্রীকৃষ্ণের ভ্রূণটিও সেখানে জন্মায়নি–একেবারে সেই শূন্য পর্যায় থেকে। তিনি দেখলেন সেই বিন্দুটি থেকে যেখানে মানুষের দৈহিক ইন্দ্রিয়ের সাথে সূর্য ও পৃথিবীর মধ্যকার অভেদ সম্বন্ধসূত্র অটুট থাকে সর্বকালে। কী সেই সম্বন্ধ? ফকির লালন বলছেন :

অনাদির আদি শ্রীকৃষ্ণনিধি
তাঁর কী আছে কভু গোষ্ঠখেলা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ব্রহ্মরূপে সে
অটলে বসে
লীলাকারী তাঁর অংশকলা ॥

শাঁইজি 'অনাদির আদি' বলতে কী বোঝান? মানব সভ্যতার সেই আদিধরন মানে নারায়ণী সাম্যধর্ম যেখানে উৎপাদক ও উৎপাদনের মধ্যে কোনও মধ্যসত্ত্বভোগীর অস্তিত্বই থাকে না। বস্তু তথা উৎপাদনের বিপরীতে মালিক বা উৎপাদকের মধ্যবর্তী দেয়াল বা মুদ্রা মানে টাকার মত মধ্যসত্ত্বভোগীর অস্তিত্ব আজকের বাজার ব্যবস্থায় মাধ্যমরূপে কঠিন বিভাজন হয়ে দাঁড়িয়েছে। নারায়ণী অনাদি উৎপাদন ব্যবস্থায় কোনোরূপ মধ্যসত্ত্বভোগীর অস্তিত্বই থাকে না। যেমন সূর্যকে কেন্দ্র করে পৃথিবীভূমির উৎপাদনমুখীতার মধ্যে কোনও বিভাজনরেখা নেই। এ কারণেই শাঁইজির প্রশ্ন 'তাঁর কি আছে কভু গোষ্ঠখেলা'। 'গো' শব্দটির অনেক অর্থ থেকে আমরা মূলত দুটি ভাবার্থ খুঁজে নিতে পারি; যথা :

১. গো = ইন্দ্রিয়
২. গো = সূর্য

অখণ্ড নিয়মে সূর্যের উদয়বিলয় প্রকৃতির উপর তার কর্তৃত্ব ও প্রভাব বিস্তারের দ্বারা ভূপৃষ্ঠে প্রত্যক্ষ উৎপাদন সম্পর্কেরই প্রমাণ। ফকির লালন শাঁইজি এই সৃষ্টি-স্রষ্টার প্রত্যক্ষ সম্পর্কেরও অনেক উপরে স্থাপন করেছেন শ্রীকৃষ্ণকে। কেন না উদয়ের সাথেই বিলয়ের সম্বন্ধ অঙ্গাঙ্গীভাবে বিজড়িত। যেমন উৎপাদনের সাথে আছে অনুৎপাদনের সম্পর্ক এবং বিচ্ছিন্নতা বা বন্ধ্যাত্বও। এ হলো মানুষের চিন্তার সেই আদিধরন যে ধরন উৎপাদন, ভোগ এবং তার বিস্তার প্রক্রিয়ার একটি পূর্বাবস্থা। যে অবস্থা উদয়বিলয়ের সাথে সম্পর্কিত নয়, নিরপেক্ষ বা 'দ্যা নো' (The No) বা 'লা মোকাম' অবস্থা। মানসিক সেই মোহশূন্য অবস্থাকে সঠিক অর্থে ধারণ না করতে পারার কারণে বৈষ্ণব সাহিত্যিকদের ভ্রান্তি সম্বন্ধেও শাঁইজি সম্পূর্ণভাবে রয়েছেন সজাগ:

কৃষ্ণদাশ পণ্ডিত ভাল
কৃষ্ণলীলার সীমা দিল
তার পণ্ডিতী চূর্ণ হলো
টুনটুনি এক পাখির কাছে ॥

বামন হয়ে চাঁদ ধরতে যায়
অমনই আমার মন মনুরায়
লালন বলে কবে কোথায়
এমন পাগল কে দেখেছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আঠার.
গুরু লালন ফকিরের সঙ্গীত শুধু কথার ক্যারিশমা আর সুরের কালোয়াতিভরা চাতুরি নয়। আজকাল খোলাবাজারে বাণিজ্যিক ঘোলাস্রোতে অন্যগানের সাথে তালগোল পাকিয়ে লোকেরা লালনসঙ্গীত শুনতে-গাইতে অভ্যস্ত হলেও শাঁইজির কোরান-কালামের গভীর দিক নির্দেশনা অন্য পদকর্তার গান লেখকদের চেয়ে সম্পূর্ণ ব্যতিক্রমী। আমাদের দেশে ইদানিং নামকরা পণ্ডিত থেকে আরম্ভ করে স্বঘোষিত 'শাহ' কি 'ফকির' খেতাবধারীদেরও 'লালনগীতি' 'লালনসমগ্র' 'লালনসঙ্গীত' ইত্যাদি নামে বিকৃত সঙ্গীত সঙ্কলন বার করতে দেখি। সব শেয়ালের এক আওয়াজ। এরা কেউই শাঁইজির 'লা' শিক্ষাদীক্ষার আলোকে তাঁর কথার ধারাবাহিক স্তর বা দেশ অনুসারে সাজাতে না জানার ব্যর্থতার ফলে পাঠক-সাধকগণ তাদের সম্পাদিত লালনসঙ্গীতগুলো পড়ে চিন্তার গোলমালে পড়ে। গুরুতর এই বিপদের দিকটি মাথায় রেখে প্রথম থেকেই আমরা ফকির লালন শাহের সঙ্গীতমালা তাঁর নির্ধারিত পথ-পদ্ধতি অনুসরণে যথাসাধ্য সাজানোর চেষ্টা করেছি। সাধুজগতে শাঁইজি লালন ফকিরের সুফিসাধনার রহস্যকে বলা হয় 'চব্বিশ চন্দ্রভেদতত্ত্ব'। যাতে মানবসৃষ্টির আদিঅনাদি সকল রহস্যভাষ্য নিহিত রয়ে গেছে। মাতৃজরায়ুর মধ্যে পিতৃবীর্যের মিলনোত্তর বিন্দুরূপ স্পন্দন থেকে আদিরূপ তথা শিশুর আকার গঠনের পরিপূর্ণতা লাভ। শেষে ভূমিষ্ঠ হওয়া, সংসারধর্মে পিতামাতার অধীনে বড় হতে হতে যখন দেহ যৌবনপ্রাপ্ত হয় তারপর গুরুপাঠ ও দীক্ষাগ্রহণের দ্বারা স্থূলদেশ থেকে প্রবর্তদেশে প্রবেশ, প্রবর্তদেশ থেকে সম্যক গুরুর প্রদর্শিত পথ-পদ্ধতি অনুসরণক্রমে সাধকদেশে উত্তরণ এবং পরিশেষে পর্যায়ক্রমিক সাধকদেহের ধাপসমূহ পার হয়ে সিদ্ধিদেশ থেকে মহাসিদ্ধির পূর্ণসিদ্ধদেহ লাভ করে অমর হন। সিদ্ধপুরুষগণ পরিপূর্ণ দিব্যজ্ঞানী অর্থাৎ সর্ববিষয়ের ত্রিকালজ্ঞ দ্রষ্টা ও শ্রোতা।
শাঁইজির প্রবর্তিত ধারাবাহিক দেশক্রম সম্বন্ধে ইতেপূর্বে আর কেউ গবেষণার সৎসাহস করেনি। তাতে লালন শাঁইজির দর্শনচর্চার পথ-পদ্ধতি সম্বন্ধে শুধু সাধারণ লোকেদেরই নয়, সাধক-ভক্ত সমাজেও বিভ্রান্তির জাল জঞ্জাল কম বাড়েনি। এ গ্রন্থে তাই সবিশেষ গুরুত্বে বিস্তারিত ভূমিকা ব্যাখ্যাসহ চারদেশের মূলসঙ্গীত আমরা বিন্যস্ত করেছি।
স্থূলদেশ, প্রবর্তদেশ, সাধকদেশ ও সিদ্ধিদেশ– এ চারদেশের প্রতিটি দেহেরই পৃথক পৃথক দেশ, কাল, পাত্র, আশ্রয়, আলম্বন ও উদ্দীপন রয়েছে। আছে অভিমান। অতিগোপন এ গূঢ়তত্ত্বকে বলা হয় 'লালন শাহের চব্বিশ চন্দ্রভেদতত্ত্ব'। বহুজন্মের কর্ম আর জ্ঞানের ক্রমোন্নয়ন অনুসারে একে একে সর্বদেশ অতিক্রম করতে হয়। পূর্বসুকৃতি ব্যতীত লালনের ঘরে রাতারাতি সাধনসিদ্ধির উপায় নেই। সাধুজগতের এটাই বিখ্যাত বিধান। সম্যক গুরুর অধীনে দেশপর্যায় অনুসারে যার যার সাধন প্রক্রিয়ায় ধীরস্থিরভাবে অগ্রসর হতে হয়। সেজন্য এক বা কয়েক জন্মও লেগে যেতে পারে। সাধনার দেশক্রম বা দেহগত স্তর অতিক্রম প্রসঙ্গে শাঁইজির দৃষ্টিভঙ্গি এখানে প্রামাণ্যরূপে উপস্থাপিত

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

হলো ; যেমন:

আগে গুরুরতি কর সাধনা
ভববন্ধন কেটে যাবে
আসাযাওয়া রবে না ॥
প্রর্বতের গুরু চেন
পঞ্চতত্ত্বের খবর জান
নামে রুচি হলে কেন
জীবে দয়া হবে না ॥

প্রবর্তের কাজ না সারিতে
চাও যদি মন সাধু হতে
ঠেকবে যেয়ে মেয়ের হাতে
লম্পটে আর সারবে না ॥

প্রবর্তের কাজ আগে সার
মেয়ে হয়ে মেয়ে ধর
সাধকদেশে নিশানা গাড়
রবে ষোলো আনা ॥

থেক শ্রীগুরুতে নিষ্ঠারতি
ভজনপথে রেখ মতি
আঁধার ঘরে জ্বলবে বাতি
অন্ধকার আর রবে না ॥

মেয়ে হয়ে মেয়ের বশে
ভক্তিসাধন কর বসে
আদি চন্দ্র রাখ কসে
তাঁরে কেউ ছেড় না ॥

ডুব গিয়ে প্রেমানন্দে
সুধা পাবে দণ্ডে দণ্ডে
লালন কয় জীবের পাপখণ্ডে
আমার মুক্তি হলো না ॥

অথবা,

কোন রাগে কোন মানুষ আছে
মহারসের ধনী

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পদ্মে মধু চন্দ্রে সুধা
যোগায় রাত্রদিনই ॥

সিদ্ধি সাধক প্রবর্তগুণ
তিনরাগ ধরে আছে তিনজন
এ তিন ছাড়া রাগ নিরূপণ
জানলে হয় ভাবিনী ॥

মৃণালগতি রসের খেলা
নব ঘাট নব ঘাটেলা
দশমযোগে বারি গোলা
যোগেশ্বর আযোনি ॥

সিরাজ শাঁইয়ের আদেশে লালন
বলছে বাণী শোনরে এখন
ঘুরতে হবে নাগরদোলন
না জেনে মূলবাণী ॥

লালনসাধনর মার্গ বা দেশ বা স্তর চার প্রকার; যথা : ১. স্থূলদেশ (শরিয়ত); ২. প্রবর্তদেশ (তরিকত); ৩. সাধকদেশ (মারেফত); ৪. সিদ্ধিদেশ (হাকিকত)। প্রতিটি দেশের রয়েছে ছয়টি করে লক্ষণ; যথা : দেশ, কাল, পাত্র, আশ্রয়, আলম্বন ও উদ্দীপন।

	স্থূলদেশ	প্রবর্তদেশ	সাধকদেশ	সিদ্ধিদেশ
দেশ	স্থূলদেহে বৈষয়িক অবস্থা	অনিত্যদেহে নিত্যব্রহ্মবোধ	সৃষ্টি ও মূলসত্তায় একাত্মতাবোধ	ভবরূপ বিমুক্তদেহ (নির্বাণসত্তা)
কাল	প্রকৃতির অধীন (বাহ্য বিভাজনে)	অহংবিমুক্তসত্তা (গুরুর অধীন)	গুরুবাক্য চর্চা আরম্ভ (মনদেহ সমন্বয়)	গুরুবাক্যে বিলীন হবার প্রথম হাল (বা দশা)
পাত্র	সাধকদেহের পূর্বাবস্থা	সম্যক গুরু বা কামেল মোর্শেদ	গুরুরসের রসিক	প্রজননহীন প্রকৃতিভাবাপন্ন সত্ত
আশ্রয়	সংসারধর্ম	গুরুবাক্যে আশ্রয় (প্রথম পর্যায়)	প্রকৃতিস্বরূপ	প্রকৃতিভাবে অরূপে বিলীন
আলম্বন	স্থূলচর্চা বাহ্যধর্ম	গুরুনাম স্মরণ	গুরুভাবে ভাবীসত্তা	সর্বকুলে বিনম্রতা
উদ্দীপন	প্রামাণিক গ্রন্থ পুস্তিকাদি পাঠ	সম্প্রদায় গুরু	মান্য আদি গুরুধারা	সম্প্রদায়ে সর্বরূপ সচেতনা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দেশ, কাল, পাত্র, আশ্রয়, আলম্বন ও উদ্দীপনবিষয়ক বর্ণনা: সাধনমার্গের স্থূল, প্রর্বত, সাধক ও সিদ্ধি এ চারটি স্তর যেমন আছে তেমনই আবার প্রত্যেক দেশস্তরে নিম্নোক্ত চারস্তর বা দেশান্তরের অভিমানও আছে; যথা:

১. স্থূল স্তরে: স্থূলদেশের স্থূল, স্থূলদেশের প্রবর্ত, স্থূলদেশের সাধক ও স্থূলদেশের সিদ্ধি অভিমান আছে।

২. প্রবর্ত স্তরে: প্রবর্তদেশের স্থূল, প্রবর্তদেশের প্রবর্ত, প্রবর্তদেশের সাধক ও প্রবর্তদেশের সিদ্ধি অভিমান আছে।

৩. সাধক স্তরে: সাধকদেশের স্থূল, সাধকদেশের প্রবর্ত, সাধকদেশের সাধক ও সাধকদেশের সিদ্ধি অভিমান আছে।

৪. সিদ্ধি স্তরে: সিদ্ধিদেশের স্থূল, সিদ্ধিদেশের প্রবর্ত, সিদ্ধিদেশের সাধক ও সিদ্ধিদেশের সিদ্ধি অভিমান আছে।

স্থূলদেশের কর্মকাণ্ড হলো সংসারধর্মের আজ্ঞাবর্তী হয়ে পিতামাতার সংস্কার অনুসারে কাজকর্ম করে চলা, শাঁইজির স্থূলদেশিক সঙ্গীতশ্রবণ, গুরুগণের জীবনী ও বাণী চিন্তা করা এবং ধর্মগ্রন্থাদি পাঠ করার মধ্য দিয়ে প্রবর্তদেশের জন্যে আগ্রহবোধ তৈরি করা। *বিস্তারিত দেশভূমিকা ৩৯৯ পৃষ্ঠায় দ্রষ্টব্য।*

প্রবর্তদেশের কর্মকাণ্ড হলো মনোদেহকে নতুনভাবে সৎকর্ম, শুদ্ধজ্ঞান ও ধ্যানের ধারায় পরিশুদ্ধির সূচনা করা, সম্প্রদায় গুরুর চরণাশ্রয়ে দেহকে নিত্যকর্ষণ দ্বারা নূরতত্ত্ব, নবীতত্ত্ব ও রসুলতত্ত্ব ধারার ক্রমবিকাশ সাধন। এর দ্বারা চেতনা সম্পাদনপূর্বক গুরুনাম স্মরণের মাধ্যমে হেরাগুহা সাধনার প্রথম ধাপ আয়ত্ত করা যায়। *বিস্তারিত দেশভূমিকা ৪৫৭ পৃষ্ঠায় দ্রষ্টব্য।*

সাধকদেশের কর্মকাণ্ড হলো সৃষ্টি ও স্রষ্টার একাত্মতাপূর্ণ তৌহিদ পর্যায়ে উত্তরণের মাধ্যমে গুরুরসের রসিক হওয়া। গুরুরসময় প্রকৃতিস্বরূপ শক্তি আত্তীকরণের দ্বারা বাতেনী জগত তথা গুপ্ত রহস্যজগতে বিহার করে জীবন-জগতের দৃষ্ট ও অদৃষ্ট সকল বিষয়ে সূক্ষ্ম জ্ঞানবান তথা আত্মজ্ঞানী হয়ে ওঠা। এবং পর্যায়ক্রমে আদিধরনে প্রত্যাবর্তনের জন্যে চিত্ত ও চেতনার সমন্বয়সাধনা। *বিস্তারিত দেশভূমিকা ৬৬১ পৃষ্ঠায় দ্রষ্টব্য।*

সিদ্ধিদেশের চরম পর্যায় হলো মহাসিদ্ধি তথা সকল বন্ধন থেকে চিরমুক্তি, বিশুদ্ধি বা নির্বাণ লাভ করা যা একান্ত অর্জনীয় 'লা' সাধনসিদ্ধির সার্থকতা। তাই কোনোরূপ ভাষা-বাক্‌প্রতিমায় এই সূক্ষ্মতম পরম স্তর কখনও প্রকাশযোগ্য নয়। অনির্বচনীয় এই লোকোত্তর মহাসত্যকে লোকভাষায় ব্যাখ্যা-বিশ্লেষণ করা সাধ্যাতীতভাবেই অসম্ভব। *বিস্তারিত দেশভূমিকা ৯৭৫ পৃষ্ঠায় দ্রষ্টব্য।*

এ দেশস্তরগত অভিমানগুলোর চরম ধাপ বা স্তর মোহাম্মদী পর্যায়ের ব্যক্তিত্বকে বলা হয় 'মহাসিদ্ধিদেশ'। জ্ঞানআগুনে সিদ্ধ হয়ে খাঁটি সোনার মানুষ হয়ে গেছেন তাঁরা। তাঁদের পরিশুদ্ধ জ্ঞানপরশে আরও সোনার মানুষ তৈরি হয় যুগে যুগে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যদিও সংখ্যার বিচারে তাঁদের অনুপাত এত স্বল্প যেন কোটিতে গুটি। সম্যক লালনজ্ঞানী সিদ্ধসাধু ব্যক্তি ছাড়া যাঁদের কেউ ঠিকমত চিনতে পারে না। তাঁর শানমান সম্বন্ধে সাধক জগতের বাইরের কোনও অভক্ত লোককে বলে বোঝানোও যায় না। কারণ একান্তভাবে অন্তর্মুখী এ প্রক্রিয়াটি সম্পূর্ণভাবে জীবন্ত ও প্রায়োগিকভাবে বর্তমান বিষয়। যার যার আপনাপন পূর্বজন্ম, কর্ম ও জ্ঞানপাত্র তথা ধারণক্ষমতা অনুসারে গুপ্তসুপ্ত রহস্য ভাণ্ডারের গোপনীয় কারবার।

ঊনিশ.

শাঁইজি লালন প্রায় সমস্ত সঙ্গীতে এমন দৈন্যভাবে আত্মপ্রকাশ করেন কেন--এর আসল তাৎপর্য কি? এতে কোন্ গূঢ় রহস্য লুকিয়ে আছে তা সুধীরভাবে না ভেবেই আত্মজ্ঞানে মূর্খ বেশির ভাগ লোক শাঁইজির দোষখুঁত ধরে বসে। লালন শাহ্ তাঁর পদের শেষাংশের ভনিতায় অবোধ, দীনহীন, অধীন, অপার, পামর, মহাগোলে পড়া, লাল (লালা) পড়া, বেলিল্লা, চটামারা (চটকবাজ), নিরানন্দ, জ্ঞানহারা ভাবুক, ভগ্নদশা, অন্ধ, বোকা, দাহরিয়া, পাতালগামী, ফাঁকে ফেরা, ফেরে পড়া ইত্যাদি দুর্বল পরিচয় বা বিশেষণে নিজেকে তুলে ধরেন।

ফকির লালন শাহ্ যদি সতিসত্যি এমন দীন এবং জ্ঞানহীন হয়ে থাকেন তাহলে কীভাবে আমাদের সত্য-সুপথে চলার, আমিত্বহীন হবার, কলুষিত দেহমন পরিশুদ্ধ করার জ্ঞান দান করতে পারেন? শিক্ষকেরই যদি এমনতর অবস্থা হয় তাহলে শিক্ষার্থীরা যায় কোথায়? নিশ্চয় এর মধ্যেই অতিকৌশলে আমাদের জন্যে বড় শিক্ষণীয় বিষয়টি লুকিয়ে রাখা হয়েছে। যা সদ্গুরু গ্রহণ করলে ক্রমে ক্রমে অনুধাবন করা যায়।

পৃথিবীর তাবৎ তত্ত্বজ্ঞান ফকির লালনের করায়ত্তে। তিনি অখণ্ড সৃষ্টিজগতের শিক্ষাদীক্ষা দাতা মহাগুরু। পৃথিবীর জ্ঞানহারা সকল মানুষকে সত্যপথের সন্ধান দিতেই তিনি মানবরূপ ধরে অবতীর্ণ হন। অখণ্ড আহাদজগতে তথা সৃষ্টিজগতে সকল জীব তাঁরই অংশকলা বা অঙ্গ। তাই অখণ্ড আহাদের সাথে অখণ্ড আহাদ হয়ে বিরাজ করেন শাঁইজি। তাঁর তরিকার নাম 'চিশতীয় নেজামিয়া অহাদানিয়া'। আমাদের মানবীয় আমিত্ব সম্পূর্ণভাবে বিনাশ করে সম্যক গুরুর চরণে আত্মসমর্পণপূর্বক 'আমি ও আমার'– শয়তানসুলভ এ ক্ষুদ্র ধারণা থেকে বেরিয়ে আসার শিক্ষামূলক দৃষ্টান্তের আঘাত দিয়ে শাঁইজি লালন বারবার আপন গুরুকে উর্ধ্বে তুলে নিজেকে এত খাটো করে দেখান। এটা আমাদের ভাবনা-চিন্তা ও চর্চার পক্ষে অবশ্যই অনুসরণীয় একটি বড় গাইড লাইন। যেমন:

গুরুকে মনুষ্যজ্ঞান যার
অধোপথে গতি হয় তার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সম্যক গুরু লালন শাহ কোনও সাধারণ মানুষ নন। তিনি উপস্থিত একজন আলে মোহাম্মদ। আমরা তাঁর চরণাশ্রয় গ্রহণ করে স্থূল আমিত্ব বিসর্জনের পথে সার্থক যেন হতে পারি সেই মহৎশিক্ষা দানের স্বার্থে নিজেকে তিনি সম্পূর্ণ ফানা ফিল্লা করে দেন। এ শিক্ষা চরিত্রগত করা মানেই কোরানের নির্দেশিত আল্লাহর রঙে রঞ্জিত হওয়া।

দ্বিতীয়ত, সৃষ্টিজগতের তথা অখণ্ড আহাদজগতে তিনি একজন সিদ্ধপুরুষরূপে সমগ্র মানবদানবের পরিত্রাণকারী, পতিতপাবন জগত গুরু। ভক্তদের ক্ষুদ্রতা, অজ্ঞতা, দোষত্রুটি সম্বন্ধে তিনি সম্পূর্ণ সজাগ বলেই অধম-পাপীতাপী মানুষের দায়ভার নিজের কাঁধে হাসিমুখে টেনে নেন। তাই দেখা যায়, পতিতপাবন পরমেশ্বর হয়েও তিনি নিজেকে ভক্তের ভনিতায় আবৃত করছেন। এর মধ্য দিয়ে শাঁইজি জানাতে চান, জগতের সব সৃষ্টিই অখণ্ডরূপে তিনি। ভক্ত ও ভগবানে দূরত্বের সব সীমানা মুছে দেন অবলীলায়। সব মানুষের মধ্যে তিনি প্রভুগুরু হয়ে বিরাজ করছেন। কিন্তু জগতবাসী ক্ষুদ্র আমিত্বের আবরণ তথা শেরেক দিয়ে তাঁকে আড়াল করে রেখেছে। সম্যক গুরু লালনের চরণে সেজদা তথা আত্মসমর্পণ করলে তিনি আমাদের ভেতরে জাগ্রত হয়ে উঠবেন।

সুতরাং আমরা লালনসঙ্গীত শ্রবণ ও অনুধাবনকালে কখনও যেন কেউ শাঁইজির ভনিতা সোজা শুনে উল্টো না বুঝি। কখনও যেন সিরাজ শাহ ও লালন শাহকে বিচ্ছিন্নজ্ঞানে না ভাবি। তিনি তাঁর গুরুকে যেমন মহত্তম হেদায়েত দাতারূপে উপস্থিত করছেন, যেন আমরাও ফকির লালনচরণ দাসরূপে তাঁর সেবাপূজনের প্রেম দিয়ে হৃৎকমল উজ্জ্বল করে তুলতে পারি।

তৃতীয়ত, মানুষরূপে আল্লাহকে চেনা-জানা-মানার বিশেষ মাহাত্ম্য রয়েছে। বেদ-পুরাণ-শাস্ত্রবাক্য পরিত্যাগ করে, ইট কাঠের নির্মিত মন্দির-গির্জা-মসজিদ নামক স্থূল সব ধর্মশালা বর্জন এবং এ ব্যবস্থার রক্ষক-ভক্ষক পুরোহিত-পাদ্রি-মৌলভিদের হাতছানি উপেক্ষা করে সম্যক গুরুর পাদপদ্মে নিহিত মহারত্নভাণ্ডারে ডুব দেবার মধ্যেই লুকিয়ে আছে মানবজনমের চরম ও পরম সার্থকতা। তাই শাঁইজি লালন অহঙ্কারী লোকদের অহম্‌ত্যাগের শিক্ষাদাতারূপে আগে নিজেকেই নিজে উৎসর্গ করেন। আপনি আচরি ধর্ম পরকে শেখান।

চতুর্থত, যখন তিনি বলেন 'আমি কিছু নই' বা 'না' তখন বুঝতে হবে তাঁর মধ্যেই সব কিছু বিদ্যমান রয়েছে। প্রাচ্যের এ সাধুরহস্য অতিপ্রাচীন। যিনি প্রচলিত সব থিসিসের অ্যান্টিথিসিস হয়ে দাঁড়ান 'তিনিই তিনিময়' হয়ে উঠেন সিনথিসিসে পৌঁছালে। অতএব আমাদের লালনজ্ঞান কোনও খণ্ডত্বের তথা সাম্প্রদায়িক ক্ষুদ্রবুদ্ধির কাছে পরাজিত হতে পারে না যদি আমরা শাঁইজির শুদ্ধধারায় আমিত্বের 'নফি' তথা 'নিহিকর্ম' তথা 'লা'এর সাধুভাব আপন চিন্তা ও চরিত্রে প্রতিফলিত করতে পারি। সবাই শাঁইজির, শাঁইজি সবার।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ভক্তের দ্বারে বাঁধা আছেন শাঁই
হিন্দু কি যবন বলে তাঁর
জাতের বিচার নাই ॥

কুড়ি.

আদিকালের নবী-রসুলগণের মত ফকির লালন শাহ্ কোনও তত্ত্বকথা কোথাও লিখে যাননি। তাঁর এলহামলব্ধ মহৎ বাণী সুরের আশ্রয়ে প্রকাশ করেছেন। ভক্তগণ সে সুরবাণী শুনে মনেপ্রাণে ধারণ করে পরে লিখেছেন। তাই স্মৃতি ও শ্রুতি লালনসঙ্গীতের মূল সংরক্ষণাগার। গত প্রায় দুশো বছরের ধারাবাহিকতায় ভক্তগণ বংশপরম্পরায় শাঁইজির সঙ্গীত মুখে মুখে গাইতে গাইতে চর্চিত রেখেছেন। ভক্তদের তত্ত্বজ্ঞান তথা কোরানজ্ঞানের উপলব্ধিগত তারতম্যের কারণে কথার ফাঁক ফোঁকরে অনেক ভুলভ্রান্তি ঢুকে পড়েছে। অনেক জায়গায় দৃষ্টিকটু দাগও লেগেছে– এ সত্যকথা মোটেও অস্বীকার করা যাবে না। আবার অতিভক্তির মাদকতায় অন্য কোনও মহতের গানের দু চারটি ভনিতা পাল্টে শাঁইজির নামে যে চালানোর চেষ্টা হয়নি– তাও নয়।

তার চেয়ে বড় কথা, লালন শাহের এমন অনেক গভীরতাস্পর্শী বিরল সঙ্গীত এখনও অর্ধলুপ্ত বা অবলুপ্ত অবস্থায় প্রবীণ সাধুগণের স্মৃতিসত্তায় বেঁচে আছে যা মাঝে মধ্যে এখনও সাধুসঙ্গে ডুব দিলে শোনা যায়। কিন্তু কোনও লালনসঙ্গীত গ্রন্থে সেগুলো সঙ্কলিত করার কেউ উদ্যোগ নেয়নি। আমরা এ সংকলনে তেমনই অর্ধশতাধিক গান এই প্রথমবারের মত উদ্ধার করে এ গ্রন্থে সন্নিবেশিত করেছি। ফকির লালন শাহ্র সঙ্গীতের একটি বিশিষ্ট দর্শন ও প্রকাশের বিশেষ ধরন রয়েছে। সবার উপরে তাঁর কোরানদর্শনের একটা নিজস্ব বিশেষ প্রকাশভঙ্গি লক্ষণীয়। আত্মদর্শনের সাহায্যে শাঁইজির আদিধারার সঙ্গীতে নিহিত শুদ্ধতা যেমন নিশ্চয় আহরণ করা যায় তেমনই গায়ক বা লোকসমাজের আরোপিত সংস্কার বা বিকৃতির জঞ্জাল থেকেও সেগুলোকে পৃথক করা যায়। আমরা গুরুমুখী আত্মদর্শনের মাধ্যমে লালনসঙ্গীত সঙ্কলন ও সংস্কারে সচেষ্ট। এতে জনপ্রিয়তালোভী পাণ্ডিত্য প্রদর্শনের কোনও আহাম্মকী নেই। আবার অতিভক্তির প্রগলভতায় ভ্রান্তির জোয়ারেও গা ভাসিয়ে দিইনি আমরা। এককভাবে এ সঙ্গীত সংকলনের উদ্যোগ নেয়া হলেও শেষ পর্যন্ত প্রবীণ সাধুজন ও নবীন গবেষকদের মিলিত প্রচেষ্টায় 'সম্পাদনা পর্ষদ'এর তত্ত্বাবধানে সংগৃহীত সমস্ত গান চূড়ান্ত করা হয়।

তবু এ সংস্করণে কিছু মুদ্রণ ত্রুটি ও অসঙ্গতি থাকবে না–এমন জোর দাবি আমরা করি না। এ ব্যাপারে সকলের মতামত পেলে এ 'অখণ্ড লালনসঙ্গীত' গ্রন্থের পরবর্তী সংস্করণ আরও নিখুঁত ও নির্ভুল হয়ে উঠবে ভবিষ্যতে, এ আশা করি।

অখণ্ড ভারতবর্ষে পঞ্চদশ শতকের শেষে এবং ষষ্টদশ শতকের প্রথম দিকে উত্থান

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ঘটেছিল আর এক লালনের। তাঁর নাম কবীর। লালন শাঁইজির গানেও তাঁর স্বীকৃতি আছে। তাঁর সাথে লালন জীবন ও দর্শনের অনেক অদ্ভুদ মিল খুঁজে পাওয়া যায়। লালনের মত কবীরও কোনও পদ কখনও লেখেননি। শুধু গেয়ে গেছেন। ভক্তেরা শুনে শুনে সেগুলো কণ্ঠস্থ করে রেখেছিলেন। এভাবে মুখে মুখে প্রায় পাঁচশো বছর ধরে ভক্তদের বংশপরম্পরায় চালু থাকায় সেগুলোর মধ্যে কোথাও কোথাও বিকৃতি বা 'বাড়তি কথা' ঢুকে পড়েছিল।

অসাম্প্রদায়িক ইতিহাসবিদ ও সাধুপ্রেমী গবেষক শ্রীক্ষিতিমোহন সেনশাস্ত্রী রবীন্দ্রনাথ ঠাকুরের অনুরোধে শান্তি নিকেতনে অবস্থানকালে তাঁর স্মৃতিশ্রুতিবাহিত কবীরের অগ্রন্থিত গানগুলো সঙ্কলিত গ্রন্থকারে প্রথম প্রকাশ করেছিলেন। লোকমুখে শ্রুত এসব গান ক্ষিতিমোহন ভারতের বিভিন্ন অঞ্চলে ভ্রমণের সময় সংগ্রহ করেছিলেন। মোট চার খণ্ডে বাংলা ভাষান্তরসহ 'কবীর' সংগ্রহ প্রকাশিত হয়েছিল ১৯১০–১১ সালে। এ সংগ্রহ থেকে একশো দোহা রবীন্দ্রনাথ বেছে নিয়ে ১৯১৫ সালে ইংরেজি ভাষায় অনুবাদসহ প্রকাশ করেছিলেন নোবেল পুরস্কার পাবার কিছুদিন পর।

'কবীর'সঙ্গীত সঙ্কলন গ্রন্থ প্রকাশের পর ক্ষিতিমোহনের এ কাজটির খাঁটিত্ব নিয়ে বহু প্রশ্ন উঠেছিল, বেড়েছিল বিতর্ক। অন্য যারা কবীরের দোহাগান সঙ্কলন করেছেন তারাও কেউ বিতর্কের উর্ধ্বে উঠতে পারেননি। ভক্ত হোন আর পণ্ডিত হোন, পুরনো রত্ন সংগ্রহের কাজে যিনিই চেষ্টা করেছেন তার নামে কমবেশি কলঙ্ক হয়েছে। কবীরের গানের খাঁটিত্ব নিয়ে যারা প্রশ্নমুখর ছিলেন তারা কবীরের আসল পরিচয় বেমালুম চেপে গিয়েছিলেন। মুসলমান জোলা কবীরকে তাঁর হিন্দুভক্তরা 'ভক্তিমাল' নামক গ্রন্থে ব্রাহ্মণ হিন্দু কুলোদ্ভব পরিবারের সন্তান বলে যে চরম মিথ্যাচার দ্বারা ভারতব্যাপী পরিচয় বিভ্রান্তির সংকটে ফেলেছিল তেমনটি ঘটেছে ফকির লালনের ক্ষেত্রেও।

বলতে দ্বিধা নেই, কবীর ও লালনের অখণ্ড কোরানদর্শন জগতের সামনে তুলে ধরার আধ্যাত্মিক ও রাজনৈতিক গুরুত্ব অতীতের যে কোনও সময়ের চেয়ে আজকের দিনে অত্যধিক। শুধু হিন্দু-মুসলমানের মধ্যে যোগাযোগ পুনঃপ্রতিষ্ঠার এবং সাম্প্রদায়িকতামুক্ত অখণ্ড বিশ্ব প্রতিষ্ঠার স্বার্থেই নয়, মানুষকে কলুষিত বস্তুবাদের বন্দিশালা থেকে মুক্ত করে আত্মদর্শনমুখী করে তোলার পথেও যার প্রয়োজনীয়তা অত্যধিক। অন্তত একচোখা একাডেমিক গবেষকেরা নৃতাত্ত্বিক ও সামাজিক নানা প্রথাবহির্ভুত আচার বিচার অনুসন্ধানের নামে লালন চর্চাকে বিশ্লেষণ করতে নেমে তাঁর আসল পরিচয়, সাত্ত্বিক সাধনা ও লোকোত্তর দর্শনকে সম্পূর্ণ বিতর্কিত এবং অস্পষ্ট করে ফেলছে। আমাদের এ প্রচেষ্টা সেসব অগভীর ও বিকৃত চিন্তাধারার বিরুদ্ধে শাঁইজির শুদ্ধসত্ত্ববোধ প্রতিষ্ঠার সাধনা। তাই তাঁকে তাঁরই নির্দেশিত শুদ্ধপথে পুনরুদ্ধারে এ সংগ্রহ, সঙ্কলন ও সম্পাদনাকর্মের কোনও বিকল্প দেখি না।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সাধক-পাঠকগণ 'অখণ্ড লালনসঙ্গীত' পাঠ ও পুনর্পাঠের মধ্য দিয়ে শতশতবর্ষের অজ্ঞতা, অবহেলা, বিকার ও বিভ্রমের জটাজাল থেকে নিজেরা মুক্ত হয়ে বিশ্ববাসীকেও মুক্ত হতে সাহায্য যোগালে আমাদের লালনসাধনা সার্থক হবে।

এ সুদীর্ঘ গবেষণা, সঙ্কলন ও সম্পাদনাকর্মে সংযুক্ত সম্পাদকমণ্ডলীর সহৃদয় সদস্য যথাক্রমে ফকির আবুল হোসেন শাহ, ফকির দেলোয়ার হোসেন শাহ্, ফকির হোসেন আলী শাহ্, ফকির নৈহিরউদ্দিন শাহ্, ফকির আবদুস সাত্তার শাহ্, ওস্তাদ মশিউর রহমান, রফিক ভূঁইয়া, সিজার আল-মামুন ও আমীর আজম খান সর্বাত্মক সহযোগিতা না করলে এত বৃহৎ কাজ আমার একার পক্ষে সুসম্পন্ন করা সম্ভবপর ছিল না। অক্ষরবিন্যাসের কাজে শহিদুল ইসলাম রনি দিনরাত যে কঠোর শ্রম দিয়েছেন সে কথাও ভোলার নয়।

রোদলা'র প্রকাশক রিয়াজ খান এ গ্রন্থ প্রকাশের ক্ষেত্রে যে আন্তরিক দায়বদ্ধতার পরিচয় দিয়েছেন তা তার প্রকাশনার গুণগত মান ও মুদ্রণ পারিপাট্য থেকে পাঠক বুঝতে পারবেন সহজেই। সবাইকে সহৃদয় ভক্তি ও শুভেচ্ছা।

AMARBOI.COM

আবদেল মাননান
abdelmannan2012@gmail.com

১. ২. ২০১৩
স দ র দ র জা
৩৭ আল আমিন রোড
গ্রীণ রোড, ঢাকা-১২০৫

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নৃতত্ত্ব

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তত্ত্বভূমিকা

নূরের মানে হয় কী প্রকার
কি বস্তু সেই নূর তাঁহার
নিরাকারে কি প্রকারে
নূর চূয়ায়ে হয় সংসার ॥

আল্লাহ মন ও দেহের জ্যোতি। তাঁর জ্যোতির দৃষ্টান্ত যেমন একটি প্রদীপদানি তার মধ্যে একটি প্রদীপ। প্রদীপটি একটি কাচের ভিতরে। কাচটি যেন উজ্জ্বল তারকার মত, প্রজ্জ্বলিত হয় বর্ধিষ্ণু একটি জয়তুন বৃক্ষ থেকে, যা পূর্বের নয়, পশ্চিমেরও নয় অর্থাৎ এইরূপ স্থানকালজয়ী মহাপুরুষ উদয়অস্তের উর্ধ্বলোকে থাকেন। এ প্রদীপের (অর্থাৎ এ প্রদীপের) তেল অবিরাম আলো দানের কৌশল করে, যদিও আগুন তাকে স্পর্শ করে না। আলোর উপরে আলো। আল্লাহ তাঁর নূরের জন্যে হেদায়েত করেন যে অবিরাম ইচ্ছা করে এবং আল্লাহ মানুষের জন্যে দৃষ্টান্তের আঘাত দিয়ে থাকেন এবং আল্লাহ প্রতিটি বিষয়ের সাথে জ্ঞানবান।

আল কোরান ॥ সূরা : নূর ॥ বাক্য ৩৫

নিশ্চয়ই আল্লাহ থেকে এক উজ্জ্বল জ্যোতি (নূর) এবং সুস্পষ্ট একটি প্রোজ্জ্বল নিদর্শন তোমাদের কাছে এসেছে।

আল কোরান ॥ সূরা : মায়েদা ॥ বাক্য : ১৫

হে ইনসানগণ (গুরুভক্তগণ), নিশ্চয় তোমাদের রব থেকে তোমাদের নিকট চিরআগমন হয়েছে একটি নিদর্শন/প্রমাণ এবং তোমাদের দিকে আমরা পাঠিয়েছি সুস্পষ্ট একটি জ্যোতি বা আলো (নূর)।

আল কোরান ॥ সূরা : নেসা ॥ বাক্য : ১৭৪

হে মোহাম্মদ, আপনি সমগ্র সৃষ্টিজগতের একমাত্র রহমতস্বরূপ প্রেরিত।

আল কোরান ॥ সূরা : আম্বিয়া ॥ বাক্য : ১০৭

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নূর অর্থাৎ আলো বা জ্যোতি একাধারে চেতনা, আল্লাহ, জ্ঞান, ঈশ্বর, সৌন্দর্য, আনন্দ ও বোধির মূর্ত প্রকাশ। কোরান বলছেন: "আমি গুপ্ত ছিলাম, আমার বাঞ্ছা হলো, তাই আমি ব্যক্ত হলাম"। এ নূরই সর্বসৃষ্টির মূল। আল্লাহ নিজেই জাত নূর। তিনিই স্রষ্টা। তিনি চান যাঁরা তাঁকে জানেন তাঁদের মধ্য দিয়ে নিজেকে জানতে। সৃষ্টি মূলত স্রষ্টারই প্রকাশ বিকাশ। সবার আগে তিনি প্রকাশিত হন নিজের কাছে। তারপর সেই জ্যোতির বিকিরণ বা বিকাশ ঘটে। প্রকাশ বা প্রকট হওয়ার প্রক্রিয়া যেখানে বর্তমান সেখানেই চোখ ও আলোর কেন্দ্রিক গুরুত্ব।

পৃথিবীর সকল ধর্মতত্ত্বের মূলতত্ত্ব এই নূর বা জ্যোতি। প্রত্যেক বস্তু (দেহ) এবং বিষয়ের (মন) মধ্যে মূলবস্তুরূপে আগুন বা আলো নিহিত আছে। যে কোনও বস্তুকে ভেঙেচুরে চূর্ণবিচূর্ণ করলে শেষ পর্যন্ত আলোই পাওয়া যায়। মানুষ সৃষ্টিজগতের আর সব আকার থেকে উত্তম সৃষ্টি। এ মানবদেহকে সাধক সাধনার সাহায্যে প্রাকৃতিক নিয়মে ভেঙে যাবার আগে চূর্ণ করতে পারলে আল্লাহর জাত নূর প্রত্যক্ষ ও সূক্ষ্মভাবে তিনি দর্শন করতে পারেন। কোরানের পরিভাষায় এ সাধনার নাম আকবরী হজ অর্থাৎ শ্রেষ্ঠতম আত্মদর্শন। শুদ্ধিমার্গের তথা সুফি সাধকের ওয়াজ্‌দ বা উন্মাদনা হলো সূর্যের অনুপস্থিতিতে নিজে আগুনে রূপান্তরিত হওয়ার অপ্রতিহত ক্ষমতা। তৌহিদ বা অখণ্ড মূলসত্তার সাথে একীভূত হওয়ার চরম পর্যায়ে সাধক আল্লাহর জ্যোতিতে জ্যোতিষ্মান হয়ে ওঠেন। কোরানের সূরা আর রহমানের চতুর্থ বাক্য এইরূপ: 'সূর্যটি এবং চন্দ্রটি হিসাবের সহিত চলমান'। এই কথার ভাবার্থ হলো, সৌরজগতের সমস্ত কর্মকাণ্ডের পরিচালক বা নিয়ন্ত্রক হলো সূর্য। তাই সূর্য রসুলের প্রতীক স্বরূপ। কারণ নূরে মোহাম্মদী থেকেই সব সৃষ্টি উৎপাদিত হচ্ছে। অপর পক্ষে চন্দ্র হলো মাওলা আলীর প্রতীক। সূর্য থেকে আলো গ্রহণ করেই চন্দ্র সূর্যের অনুপস্থিতিতে পৃথিবীকে আলো দান করে থাকে। চন্দ্রের অস্তিত্ব এবং আলো সূর্য থেকেই প্রাপ্ত।

আরবী ভাষায় সূর্য স্ত্রীলিঙ্গ এবং চন্দ্র পুংলিঙ্গ। রসুলের নূর থেকে সকল সৃষ্টি প্রকাশিত ও বিকশিত হচ্ছে। তাই তিনি নূর মোহাম্মদরূপে সৃজনশীল। সেজন্যে তাঁর প্রতীক স্ত্রীলিঙ্গরূপেই প্রকাশিত। চন্দ্র পৃথিবী থেকে ছুটে গিয়ে সৃজনশীলতা থেকে মুক্ত হয়েছে। সম্যক গুরুর চেতনাবলয়ে তথা চৌম্বকবলয়ে সংযুক্ত ও আশ্রিতগণ তথা জান্নাতবাসীগণ মন থেকে বিষয়মোহ মানে শেরেক উচ্ছেদ করে সাধনার মাধ্যমে যখন সম্পূর্ণ পরিশুদ্ধ হয়ে যান তখন তাঁরা আর মানসিক দিক থেকে সৃজনশীল থাকেন না। আধ্যাত্মিক মহাশক্তির অর্থাৎ ক্বাফশক্তির অধিকারী হয়ে তাঁরা আল্লাহর উচ্চতম পরিষদের সদস্যরূপে উন্নীত হন। তাঁরাই কেবল পুরুষ। তাঁদের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নেতা হলেন মাওলা আলী। চন্দ্র ও সূর্য এই অর্থে সৃষ্টি ও স্রষ্টার প্রতীক অর্থাৎ আহাদরূপ ও সামাদরূপের প্রতীক।

মোহাম্মদ আল্লাহর নূর। এই নূর সকল সৃষ্টির আদি। এই নূরের দ্বারা আল্লাহতালা তাঁর সৃষ্টিকে আলোকিত করেছেন। মোহাম্মদ আল্লাহর নূর। আমাদের অস্তিত্ব তাঁর নূর হতে। অতএব মোহাম্মদ (আ) এর অনবদ্য চিত্র অর্থাৎ মানসপটে কল্পিত ছবি আমাদের চিত্তে উদ্ভাসিত হয়ে উঠুক। আমার জড় অস্তিত্বকে সূক্ষ্মানুসূক্ষ্মরূপে পরিবর্তিত করে আমাদেরকে কোরানের হৃৎকন্দরে প্রবেশের যোগ্যতা অর্জন করতে হবে। নূর যতদূর প্রসারিত অন্ধকার ততদূর বহিষ্কৃত। কাজেই যে যতটুকু উম্মত হতে পেরেছেন ততটুকু তার অন্ধকার দূরীভূত হয়েছে।

সাধকগণের চিরবাঞ্ছিত যে নূর মানব মূর্তিতে মূর্ত হয়ে প্রদীপ্ত অবস্থায় মানুষের উদ্ধারের জন্য ধরায় আগমন করেছেন সম্যক গুরুরূপে তিনিই নূর মোহাম্মদ।

তাই ফকির লালন শাহ তাঁর সঙ্গীত সৃষ্টির মূলে নূরতত্ত্বময় মহাসত্যকে সবার উপর ঠাঁই দিয়েছেন চিরায়ত কোরান অনুসারে। আল্লাহ তথা চেতনাময় এই নূর থেকে আকর ব্যক্তিত্বস্বরূপ নবী ও রসুলগণ প্রকাশিত বিকশিত হন যুগ যুগান্তরে। তাই সৃষ্টিরহস্যের প্রধান উৎস জ্যোতি বা নূর। নূরের অনন্তধারা যে কেমন তা কথায় বা লেখায় কখনও সম্পূর্ণ প্রকাশ করা সম্ভবপর নয়। স্থূলদৃষ্টিতে সব মানুষ আকাশে বজ্রবিদ্যুতের চমক দেখলে তা যেমন ক্ষণিক ঝলক দিয়ে অমনি অদৃশ্য হয়ে যায়, কোনোভাবেই ধরে রাখা যায় না তেমনই মানবসত্তায় নিহিত সূক্ষ্ম নূর প্রবাহ স্থূল অঙ্গ বা দুর্বল ইন্দ্রিয় দিয়ে দেখতে সাধারণ মানুষ অক্ষম। নূরের এ অনির্বচনীয় সূক্ষ্ম দ্রুতি বা দ্যুতি মানবীয় ভাষা-বাক্যে তাই বোঝানো যায় না। এখানে শাঁইজি 'নূর কী' ভক্তদের এ ঔৎসুক্য ভরা প্রশ্নের উত্তর জানাতে এসে নিজেই প্রশ্ন তোলার ভঙ্গিমায় রহস্য স্পষ্ট করেন: 'বলব কী সেই নূরে ধারা'।

আবার ঠিক পরের বাক্যে 'নূরেতে নূর আছে ঘেরা' একথা জানান দিয়ে বলছেন বিজলি বা বজ্রপাতের ঝলকানির মতো এ নূররূপ মূলসত্তা ধরে-ছুঁয়ে দেখবার মতো কোনও বাহ্যবস্তুই নয়। এটা চিন্ময় (চিৎ+ময়) স্বরূপশক্তি। জাতি নূর আল্লাহ সেফাতি নূর সৃষ্টি দিয়ে আবৃত হয়ে আছেন। অর্থাৎ সম্যক গুরু রসুলাল্লাহ সেই নূরের কেন্দ্রবিন্দু। তিনি সেই নূর বা আলোর মূল উৎস। পুরুষ ও প্রকৃতির মূলাধার হলেন রসুলাল্লাহ। সম্যক গুরুর কাছে আত্মসমর্পিত সাধক তার ইন্দ্রিয়পথ দিয়ে আগত প্রতিটি বিষয়ের মোহ তথা শেরেক থেকে মনকে মুক্ত করে গুরুর সহযোগিতায় যখন জন্মচক্র থেকে মুক্ত হয়ে ক্বাফশক্তির অধিকারী 'পুরুষ' হয়ে যান তখন তিনি চন্দ্রের মতো

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সৃষ্টিরহিত ও স্নিগ্ধস্বরূপ একজন 'আলী' তথা সর্বোচ্চ মর্যাদার প্রতীক ব্যক্তিত্ব। তাঁরা ব্যতীত আর সমস্ত অস্তিত্বই প্রকৃতি তথা নারী। সূর্য ও চন্দ্র এক নূর আরেক নূরকে ঘিরে আছে। এ ঘেরাও থেকে বেরিয়ে যাওয়া মানে 'পুরুষোত্তম' সত্যশিব হয়ে ওঠা।

নূরের ভেদ বা জ্ঞান যেখানে অকূল সমুদ্রের মতো অসীমান্তিক বা অসীম সেখানে কথা বা শব্দ কি বাক্য খুবই সীমাবদ্ধ এবং খণ্ডিত। আলোর গতি শব্দের গতির চেয়ে শক্তিশালী। সম্যক গুরুর কাছে মানবীয় খণ্ড আমিত্বের পরিপূর্ণ উৎসর্গ করার মধ্য দিয়ে সাধক যখন কর্ম, জ্ঞান ও প্রেমভক্তির সূক্ষ্ম শক্তিতে আত্মহারা দেওয়ানা হয়ে যান তখনই সদ্‌গুরু নিবেদিতপ্রাণ ভক্তের মনোলোকে নূরে মোহাম্মদীর পুনর্জাগরণ ঘটান।

কোরানে সম্যক গুরুকে অভিহিত করা হয়েছে 'সিরাজুম মুনিরা' বলে। এ কথার অর্থ হলো তিনি একজন প্রদীপ্ত প্রদীপ। একটি প্রদীপ থেকে আলো নিয়ে যেরূপে অসংখ্য প্রদীপ আলোকপ্রাপ্ত বা আলোকিত হয় সেভাবে একজন পূর্ণতত্ত্ব মহাপুরুষ বা অলী একাধিক মহাপুরুষ বা ওলি আল্লাহ তৈরি করতে পারেন। আল্লাহই নূর মোহাম্মদ। নূর মোহাম্মদ সীমার (দেহ) মধ্যে আশ্রয় নিয়ে বা প্রকাশ্যে এসে কামেল মোর্শেদরূপে আপন পরিচয় ব্যক্ত করেন। এবং জীবশ্রেষ্ঠ মানুষকে নিজের দিকে আকর্ষণ করে মোহবন্ধন তথা প্রকৃতি থেকে মুক্ত করে স্বাধীনতা দান করেন। এবং আপন চেহারা দান করে পুরুষরূপে বরণ করে নেন।

শাঁইজির মূল বা প্রধান তত্ত্ব কোরানের নূরতত্ত্ব যা সৃষ্টির মূলরহস্য। আল্লাহ যখন গুপ্ত এবং অব্যক্ত ছিলেন তখন তাঁর কোনও প্রশংসা বা কীর্তন ছিল না। তাঁর প্রশংসার প্রকাশ তখনও আরম্ভ হয়নি। তিনি নূর। নূরে মোহাম্মদীরূপে যখন আত্মপ্রকাশ করলেন তখন তা হলো তাঁর সকল প্রশংসার আধার। সমস্ত সৃষ্টি নূরে মোহাম্মদী হতে এসেছে এবং আসছে। সুতরাং সমস্ত প্রশংসার মূলাধার হলেন নূরে মোহাম্মদী।

নূরে মোহাম্মদী কোনও একটি ব্যক্তি নন, অসংখ্য জ্যোতির্ময় ব্যক্তিত্বের মূলাধার। সেই ব্যক্তিত্বের মৌলিক অর্থাৎ সাধারণ নাম হলো 'মোহাম্মদ' অর্থাৎ আল্লাহ কর্তৃক প্রশংসিত। 'মোহাম্মদ গোষ্ঠী' তাঁরা প্রত্যেকেই এক একজন মোহাম্মদ। হোন তা আদিতে বা অন্তে, অতীতে বা বর্তমানে। মোহাম্মদ গোষ্ঠীর মধ্যে হযরত আবদুল্লাহর পুত্র মোহাম্মদ (আ) হলেন সৃষ্টির নিকট প্রেরিত প্রধান নেতা এবং স্রষ্টার সর্বপ্রধান প্রতিনিধি। মোহাম্মদ আল্লাহর প্রকাশিত সমস্ত প্রশংসার অধিকারী এবং তিনিই হলেন আল্লাহর উচ্চতম পরিষদের সভাপতি।

আল্লাহর জাতি নূর হলো রুহ । নূরে মোহাম্মদীর একচ্ছটা আলো প্রত্যেক মানুষের মধ্যে প্রচ্ছন্ন হয়ে বিরাজ করে। রুহ যখন আলোর মূর্তি নিয়ে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আত্মপ্রকাশ করে তখন তাকে হুর বলে। হুরের চেহারা মানুষের আপন আলোকিত সূক্ষ্ম চেহারা ব্যতীত অন্য কিছু নয়। এটাই সাধনা জগতে আত্মদর্শনের চরম পর্যায়। আপন প্রচ্ছন্ন হুরের সঙ্গে মিলনের মধ্যেই মানব জীবনের চরম সার্থকতা। এখানেই সাধিত হয় মানবধর্মের পরিপূর্ণতা।

মানবদেহ আল্লাহর ঘর বা প্রাসাদ। এ প্রসাদের গোপন রানী হয়ে হুর বিরাজ করছেন। 'হুর' কোরানে স্ত্রীলিঙ্গে প্রকাশিত। এজন্যে সুফি সাধকগণ তাঁদের গুরুরূপী মাসুককে প্রেয়সী, রানী ইত্যাদি নামে সম্বোধন করে থাকেন। বৈষ্ণবগণ বলেন শ্রীরাধিকা জিউ।

হুরের সঙ্গে মিলন লাভের পূর্ব পর্যন্ত কোনও মানুষ অথবা জ্বিন হুরকে স্পর্শ করার যোগ্যতা রাখে না। অর্থাৎ হুরের সংস্পর্শে আসতে পারে না। বরং হুর গোপন কক্ষে আবদ্ধ এবং অজ্ঞাতই থেকে যান। রুহ জাগ্রত হয়ে দৃশ্যমান হলে তাকে বলা হয় 'হুর'। হুরপ্রাপ্ত ব্যক্তির হুর অন্য সবার জন্যে দৃশ্যমান নয়। এ হলো আত্মদর্শনলব্ধ স্বরূপব্রহ্ম।

ফকির লালন শাহ্ রুহকে 'অচিন পাখি' বলে ডাকেন। প্রতিটি মানবদেহ বা খাঁচার মধ্যে বন্দি অবস্থায় নূরে মোহাম্মদী রুহরূপে 'হুর' তথা 'অচিন পাখি' সুপ্ত-গুপ্তরূপে আছেন জাগ্রত হয়ে মানবসত্তার সাথে মিলনের অপেক্ষায়। দেহাতীত কর্মকাণ্ডে অর্থাৎ অবিরাম সালাতকর্মে আত্মনিয়োগ করলে আপন অদৃশ্য আলোকিত মূর্তি হুর বা অচিন পাখির সাথে সাধকের প্রত্যক্ষ সংযোগ সাধিত হয়। এটি একান্তই অর্জনীয় বিষয়। অবিরাম 'লা'এর অনুশীলন করে তাঁকে জাগ্রত করতে হয়। বিষয়মোহের সব শেরেক থেকে তাঁকে মুক্তি দিতে হয়। স্থূল আমিত্ব বা শেরেক হলো দেহ কারাগার বা খাঁচা।

সাধক নফসের উপর মোহাম্মদী নূরের একটি বিকাশমান অবতরণকে রুহ বলে। রুহ নাজেল হলে তা নফসের উপর কর্তা হয়ে যায়। রুহ সৃষ্টির অন্তর্গত নয়। এটি সৃজনীশক্তির অধিকরী। রুহ রহস্যময়। তাঁর পরিচয় ভাষায় ব্যক্ত করা দুরূহ। রুহপ্রাপ্তি দ্বারা সাধকের আত্মপরিচয়ের পূর্ণতা আসে। প্রভুগুরুর ভাবমূর্তি Image of The Lord Guru সাধকের আপনচিত্তের উপর অধিষ্ঠানকে 'রুহ নাজেল' বলে আখ্যায়িত করেন কোরান।

নূরে মোহাম্মদীর মূর্ত অবতরণকে রুহ বলা হয়। রুহ যখন সাধকের আপন রূপে মূর্তিমান হয়ে দৃশ্যমান হয় তা হুর নামে আখ্যায়িত। আপন আলোকিত মূর্তিকে হুর বলে। হুরদর্শন আত্মদর্শনের নামান্তর। সুফিগণ বলেন, "গুরুর চেহারা, গুরুর ভাব ও গুরুর বাণী যখন সাধক চিত্তে অঙ্কিত হয় তখন তাঁকে রুহ বলে"। অর্থাৎ গুরুরূপ, গুরুভাব এবং গুরুবাণী যে নূর তথা আলোকিত শক্তিরূপে সাধকচিত্তে অঙ্কিত হয়ে যায় তাঁকে রুহ বলে। অপরদিকে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সাধকচিত্তে রুহরূপে অঙ্কিত ভাব যখন সাধকের প্রতিমুহূর্তের প্রত্যেকটি কর্মধারায় বাস্তব রূপ নেয় তখন সে সাধককেই হুর বলা হয়েছে কোরানে।

Divine character and qualities attained in the person of a Mohammed is Noor-e-Mohammadi. যে কোনও একজন মোহাম্মদ দ্বারা অর্জিত স্বর্গীয় চরিত্র এবং গুণাবলিকেই নূরে মোহাম্মদী বলে। "আউয়ালুনা মোহাম্মদ, আখেরুনা মোহাম্মদ, আওসাতুনা মোহাম্মদ, কুল্লানা মোহাম্মদ" অর্থাৎ মহানবী বলছেন : "আমাদের আদি মোহাম্মদ, আমাদের শেষ মোহাম্মদ, আমাদের মধ্য হলো মোহাম্মদ, আমাদের সবাই মোহাম্মদ"। সম্যক গুরুরূপে সর্বযুগেই মোহাম্মদ সশরীরে উপস্থিত ছিলেন, আছেন এবং থাকবেন। আল্লাহর আপন চরিত্রই সৃষ্টির মধ্যে মহাগুরুর অভিব্যক্তিরূপে যুগে যুগে যে সকল বিকাশক্রিয়া সাধিত হয়ে থাকে তা-ই নূরে মোহাম্মদী। পরম গুণাবলির অপ্রকাশিত রূপ হলেন নিরাকার আল্লাহ। এবং প্রকাশিত অবস্থায় সম্যক গুরুজি হলেন জাহের আল্লাহ। নূরে মোহাম্মদী বিকাশ লাভের জন্যেই সমগ্র সৃষ্টির প্রয়োজন হয়েছে। শাঁইজির পদে পদে নূরের অপার্থিব সে ঝঙ্কারই বাজে অবিরাম।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

০১.

অজান খবর না জানিলে
কিসের ফকিরী
যে নূরে নূরনবী আমার
তাঁহে আরশ বারী ॥

বলব কি সেই নূরের ধারা
নূরেতে নূর আছে ঘেরা
ধরতে গেলে না যায় ধরা
যৈছেরে বিজরী ॥

মূলাধারের মূল সেহি নূর
নূরের ভেদ অকূল সমুদ্দুর
যার হয়েছে প্রেমের অঙ্কুর
ঝলক দেয় তারই ॥

সিরাজ শাঁই বলেরে লালন
আপন দেহে কর অন্বেষণ
নূরেতে নীর করে মিলন
থাক নিহারী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

০২.
আছে ভাণ্ডে কত মধুভরা
নবীর খান্দানেতে মিশগে তোরা
নবীর খান্দানেতে মিশলে পরে
আয়নার পৃষ্ঠে লাগবে পারা ॥

যেদিন জ্বলে উঠবে নূর তাজেল্লা
অধর মানুষ যাবে ধরা
আল্লাহ নবী দুই অবতার
এক নূরেতে মিলন করা ॥

নূর সাধিলে নিরঞ্জনকে যাবে ধরা
ফকির লালন বলে
শাঁইর চরণে
ভেদ পাবে না মোর্শেদ ছাড়া ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

০৩.

আমি নূরের খবর বলি শোনরে মন
পাক নূরে হয় নবী পয়দা
খাক নূরেতে আদমতন ॥

এগার কারেতে শুনি
সপ্তম দিনের মানে
চাররঙ ধরে দিনরজনী
করলাম কারের বিবরণ ॥

না ছিল আসমানজমিন দিনরজনী
আলেক শাঁই একা গনি
তাঁর নূরে হয় মা জননী
তার সাথে হলো মিলন ॥

দক্ষিণে দ্বারে গঠিলেন শাঁই
নামটি তার স্বরূপবাজার হয়
সেই বাজারে বেচাকেনা করে নয়জন
লালন বলে তোলাদাড়ি
খোদে খোদ মহাজন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

০৪.

আল্লাহ্‌র বান্দা কিসে হয়
বলো আজ আমায়
খোদার বান্দা নবীর উম্মত
কী করিলে হওয়া যায় ॥

আঠার হাজার আল্লাহ্‌র আলম
কত হাজার কালাম কয়
সিনা সফিনায় কয় হাজার রয়
কয় হাজার এই দুনিয়ায় ॥

কত হাজার আহ্‌মদ কালাম
তাঁহার খবর কও আমায়
কোন্‌ সাধনে নূর সাধিলে
সিনার এলেম হয় আদায় ॥

গোলামী করিলে পরে
আল্লাহ্‌র ভেদ পাওয়া যায়
লালন বলে আহাদ কালাম
দিবেন কি শাঁই দয়াময় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

০৫.

কারে শুধাই মর্মকথা কে বলবে আমায়
যার কাছে যাই সেই রাগ করে
কথার অন্ত না পাওয়ায় ॥

একদিন শাঁই নিরাকারে
ভেসেছিলেন ডিম্বভরে
কীরূপ ছিল তার ভিতরে
শেষে কীরূপ হয় ॥

সেতারা রূপ ছিল যখন
গহনা রূপ পাক পাঞ্জাতন
আকার কি নিরাকার তখন
সেই দয়াময় ॥

জগতপতি সোবাহানে
বরকতকে মা বললে কেনে
তাঁর পতি কি নাই সংসারে
লালন ফকির কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

০৬.
জান গে যা নূরের খবর
যাতে নিরঞ্জন ঘেরা
নূর সাধিলে নিরঞ্জনকে
যাবে ধরা ॥

আল্লাহর নূরে নবীর জন্ম হয়
সে নূর গঠলেন আরশ কাঙ্গুরায়
নূরের হিল্লোলে পয়দা
নূর জহুরা ॥

আছে নূরের শ্রেষ্ঠ নূর
যে জানে সে বড় চতুর
জীব যাঁরা
নূরেতে মোকাম মঞ্জিল
উজালা করা ॥

যেদিন নিভে যাবে নূরের বাতি
ঘিরবে এসে কালদ্যুতি
চৌমহলা
লালন বলে থাকবে পড়ে
খাকের পিঞ্জিরা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

০৭.

জানা উচিত বটে দুটি নূরের ভেদ বিচার
নবীজি আর নিরূপ খোদা
কীরূপে তাঁর নূর প্রচার ॥

নবীর যেমন আকার ছিল
তাঁহাতে নূর চোয়াল
নিরাকারে কী প্রকারে
নূর চোয়ায় খোদার ॥

আকার বলিতে খোদা
শরিয়তে নিষেধ সদা
এমনই মত কত গাধা
কাফের বলে গাল দেয় তাঁরে
নিরাকারে নূর চোয়ানো
প্রমাণ কি আছে তার ॥

জাত এলাহি ছিল জাতে
কীরূপে এলো সেফাতে
লালন বলে নূর চিনিলে
যেত মনের অন্ধকার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

০৮.

তোমার নিগূঢ়লীলা সবাই জানে না
নিরঞ্জন যে প্যাঁচের ধারা বোঝা গেল না ॥

না ছিল নূরের বিন্দু
না ছিল নিরাকার সিন্ধু
তখন আমার দীনবন্ধু
আওয়াজ করে এই ভেদ বলতে মানা ॥

পঞ্চনূরী পঞ্চঅঙ্গে
দাঁড়িয়েছিল প্রেমতরঙ্গে
আলিফ লাম মিম কোন অঙ্গে
তখন খেলকা তহবন্দ ছিল না ॥

খেলকা ছিল মায়ের উদরে
নেংটা এলাম ভাবসাগরে
লালন বলে বিচার করে
তখন লজ্জা শরম ছিল না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

০৯.
দেখ নূরের পেয়ালা
আগে থেকেই কবুল করে
নিজের জান পরিচয় কর
দেখ খোদা বলছ কারে ॥

নূর মানে নিজ নবীর আত্মা
আপনার কলবে আছে তা
হায়াতে সেই মোহাম্মদা
জিন্দা চারযুগের উপরে ॥

চিনতে যদি পার নবী
এলেম হাসেল তারই হবি
তার দ্বীনের খুবি
প্রকাশ হবে দীপ্তকারে ॥

ডুব না জেনে ডুবতে চাওরে মন
সমুদ্রে ভেসে বেড়াও কলাগাছ যেমন
সিরাজ শাঁই কয় অবোধ লালন
গুরুচরণ সার করে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০.
না ছিল আসমানজমিন পবনপানি
শাঁই তখন নিরাকারে
এলাহি আল আলমিন
সিদরাতুল একিন
কুদরতি গাছ পয়দা করে ॥

গাছের ছিল চার ডাল
হলো হাজার সাল
এক এক ডাল তাঁর এতই দূরে ॥

সত্তর হাজার সাল ধরে
গাছের 'পরে সাধন করে
বারীতলার হুকুম হলো
নূর ঝরিল দুনিয়া সৃষ্টি করে ॥

একদিনে শাঁই ডিম্বভরে
ভেসেছিল একেশ্বরে
লালন বলে হায় কী খেলা
কাদির মাওলা
করেছে লীলে অপার পারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১.

নিরাকারে একা ছিল
হুহুঙ্কারে দোসর হলো
গুপ্তকথা বলতে আমায়
নিষেধ করেছিল ॥

হুহুংকার ছাড়িল যখন
খুলে গেল নূরের বসন
সে নূরী বরকতকে তখন
মা বোল বলে ডেকেছিল ॥

খুলিলেন মা হাতের কঙ্কণী
বসন কেন খুলিলেন আপনি
হাসান হোসাইন কানের বালি
নবী আলী পাঁচজন হলো ॥

কুদরতে হয় নূর সিতারা
তাইতে মা তোর নাম জহুরা
লালন হয়ে দিশেহারা
জহুরা রূপ প্রকাশিল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২.

নিরাকারে দুইজন
নূরী ভাসছে সদাই
ঝরার ঘাটে যোগান্তরে
হচ্ছে উদয় ॥

একজন পুরুষ একজন নারী
ভাসছে সদাই বরাবরই
উপরওয়ালা সদর বারী
যোগ তাতে দেয় ॥

মাসান্তে সেই দুইজনা
আবেশে হয় দেখাশোনা
যে জেনেছে উপাসনা
সেই ভাগ্যোদয় ॥

যে চিনেছে দুই নূরীকে
সিদ্ধি হবে যোগে যোগে
লালন ভেঁড়ো প'লো ফাঁকে
মনেরই দ্বিধায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩.

শাঁইয়ের নিগূঢ়লীলা বোঝার
এমন সাধ্য নাই
শাঁইয়ের নিরাকারে স্বরূপ নির্ণয় ॥

একদিনে শাঁই নিরাকারে
ভেসেছিল ডিম্বুভরে
ডিম্বু ভেঙ্গে আসমানজমিন
গঠলেন দয়াময় ॥

নূরের দিরাকের উপরে
নূরনবীর নূর পয়দা করে
নূরের হুজরার ভিতরে
নূরনবীর সিংহাসন রয় ॥

যে পিতা সেই তো পতি
গঠলেন শাঁই আদম শফি
কে বোঝে তাঁর কুদরতি
কেশের আড়ে পাহাড় লুকায় ॥

ধরাতে শাঁই সৃষ্টি করে
ছিলেন শাঁই নিগুম ঘরে
লালন বলে সেই দ্বারে
জানা যায় নিগূঢ় পরিচয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪.
শাঁইর লীলা দেখে লাগে চমৎকার
সুরতে করিল সৃষ্টি
আকার কি নিরাকার ॥

আদমেরে পয়দা করে
খোদ সুরতে পরওয়ারে
মুরাদ বিনে সুরত কিসের
হইল হঠাৎকার ॥

নূরের মানে হয় কী প্রকার
কি বস্তু সেই নূর তাঁহার
নিরাকারে কি প্রকারে
নূর চূয়ায়ে হয় সংসার ॥

আহ্‌মদরূপে পরওয়ার
দুনিয়া দিয়েছে ভার
লালন বলে শুনে দেখে
সেও তো বিষম ঘোর আঁধার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫.

শুনি গজবে বারী
দোজখ করেন তৈয়ার
কোন নূরেতে বেহেস্ত দোজখ
তাহার খবর বল না ॥

কথা বলতে জবর
কও না খবর
কোন নূরে বেহেস্তখানা ॥

যেদিন ভেসেছিলেন আপে বারী
পাঁচজনাকে সঙ্গে করি
কার আগে কার পয়দা
করলেন রব্বানা ॥

কুদরত কুদরত বল যারে
সে ভেদ কে বুঝতে পারে
কেবল জানে দুই একজনা
লালন বলে কী হইল আমার
মনের ঘোর গেল না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬.
শুনি নীরে নিরঞ্জন হলো
নূর ছিল কি পাঁজাপাঁজা
কোন্ নূরে এলো ॥

কোন্ নূরে হয় আসমান জমিন
কোন্ নূরে হয় পবন পানি
কোন্ নূরে ভাসিলেন গনি
সে নূরে কোন্ নূর আসিল ॥

তুয়া নামে দরক্ত পয়দা
কোন্ নূরে গঠিলেন খোদা
আরশ কুরসি মোহাম্মদা
কোন্ নূরে জুদা করিল ॥

কোন্ নূরেতে আদম বল হয়
মা হাওয়া কি সে নূরে নয়
কয় রতি নূর ঝরে কোথায়
ইহার ভেদ বল ॥

যে নূরে মোহাম্মদ হয়
খাতুনে জান্নাত কি সেই নূরে নয়
সিরাজ শাঁই কয় লালন তোমার
কোথায় নূরের বসত ছিল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নবীতত্ত্ব

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তত্ত্বভূমিকা

পুশিদার ভেদ জানতে পারলে
নবুয়ত তার অমনি মেলে
কেতাব কোরান না ধরিলে
সকলই দেলকোরানে পাবে ॥

তিনি (ঈসা নবী) বললেন, "নিশ্চয় আমি আল্লাহর দাস। আমাকে কেতাব দেয়া হয়েছে এবং নবী বানানো হয়েছে। এবং যেখানেই থাকি না কেন আমাকে বানিয়েছেন বরকতওয়ালা (বর্ধিষ্ণু) এবং আমাকে নির্দেশ করা হয়েছে সালাত ও জাকাত শিক্ষা দেয়ার জন্যে।"

আল কোরান ॥ সূরা : মরিয়ম ॥ বাক্য : ৩০-৩১

নিশ্চয় আল্লাহ এবং তাঁর ফেরেশতাগণ নবীর উপর সালাত করেন এবং তাঁকে প্রদক্ষিণ করেন।

আল কোরান ॥ সূরা আহ্‌সাব ॥ বাক্য : ৫৬

হে নবী আপনি বলে দিন,
"তোমরা আল্লাহ্ এবং তাঁর রসুলের অনুসরণ কর।"

আল কোরান ॥ সূরা : আলে ইমরান ॥ বাক্য : ৩২

অস্তিত্বের মূলসত্তা তথা কেন্দ্রের সহিত যিনি আছেন তিনি নবী। দেহ ও মনের এবং এই দুইয়ের মধ্যখানে যা কিছু আছে তার কেন্দ্রবিন্দুর সাথে যিনি সংশ্লিষ্ট আছেন তিনি নবী। আরবী 'নাবা' শব্দ থেকে নবী। 'নাবা' অর্থ খবর। 'নবী' অর্থ খবরদাতা। কোরানের পরিভাষাগত অর্থে নবী হলেন আল্লাহর খবর দানকারি ব্যক্তি। অতএব একজন নবী হলেন আল্লাহর মনোনীত বিশেষ পর্যায়ের একজন হাদী। সর্বযুগে সর্বদেশে পথহারাদের জন্যে তিনি সত্য-সুপথ প্রদর্শনকারী, হিতোপদেশ দাতা মহান গুরু। প্রত্যেক জাতি তার নবীর দ্বারাই বিশ্বে পরিচিতি লাভ করে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আল্লাহর নূর থেকে নবীর নূর। নবীর নূর থেকেই সারা সৃষ্টি। নবী তাই কেন্দ্রবিন্দু। নবীগণ সর্বযুগে আল্লাহর প্রতিনিধি তথা অবতার-মহাপুরুষ হয়ে জগতে অবতরণ করেন। নবী তথা সম্যক গুরু ব্যতীত আল্লাহর কোনও দৃশ্যমান আকার-সাকার অস্তিত্ব নেই। তিনিই আল্লাহর বিকাশ বিজ্ঞান।

আল্লাহ নবীদের সর্বোত্তম অবস্থানে একত্রিত করে রেখেছিলেন। তিনি তাঁদের সম্মানিত পূর্বপুরুষের উত্তরাধিকারসূত্রে গর্ভাশয়সমূহে শুদ্ধার্থে সংশোধনের জন্যে পাঠিয়েছিলেন। যখনই তাঁদের মধ্যে একজন পূর্বসুরীর তিরোধান হতো তাঁর অনুবর্তী আরেক জন আল্লাহর দ্বীনের জন্যে উঠে দাঁড়াতেন হেদায়েত দাতারূপে।

মহানবীর (আ) আগমনের পূর্ব পর্যন্ত আল্লাহ এ ব্যবস্থা চালু রেখেছিলেন। আল্লাহ তাঁকে বিশিষ্ট মূল উৎস ও সর্বোৎকৃষ্ট পবিত্র মাটি থেকে বের করে আনেন। যে শুদ্ধবীজ অর্থাৎ বৃক্ষ থেকে অন্য নবীদের বের করে এনেছিলেন এবং তাঁর মনোনীত প্রতিনিধিরূপে প্রকাশ করেছিলেন সেই একই পবিত্র মাটি ও বৃক্ষ থেকে তিনি মহানবীকে এনেছিলেন ধরাপৃষ্ঠে।

নবীর জ্ঞানগত নিরবিচ্ছিন্ন ধারা হচ্ছে তত্ত্ব ও চর্চার সমন্বয়ে মানব জাতির জন্যে প্রবহমান সর্বোত্তম সত্য ধারা। সর্বকালীন এ ধারা অবশ্য সমস্ত সংশয়-সন্দেহের উর্ধ্বে। দীর্ঘকালীন ঘাত-প্রতিঘাতের মধ্য দিয়ে যাঁর ধারা এখনও ক্রিয়াশীলরূপে অস্তিত্বমান। নবীর জ্ঞাতিগণ সর্বোত্তম এবং তাঁর বৃক্ষ সর্বোচ্চ গুণমণ্ডিত বৃক্ষ। এ বৃক্ষ সুনামের মধ্যে জন্মেছিল এবং বিশেষ গুণরাজির মধ্যে বিকশিত হয়। এর শাখাগুলো সুউচ্চ এবং এর ফল সাধারণের নাগালের বাইরে অর্থাৎ অন্য কেউ তাঁদের সমকক্ষ হবার যোগ্য নয়।

মহানবী সমস্ত নবীর তথা গুরুগণের মধ্যমণি। তিনি সবার নেতা যারা তাঁর সত্যকে অনুশীলন করে তিনি তাদের জন্যে আলোকবর্তিকা। পূর্ববর্তী নবীগণ থেকে দীর্ঘকাল বিরতির পর আল্লাহ তাঁকে প্রেরণ করেন যখন মানুষ ভুল-ভ্রান্তি ও অজ্ঞান-অন্ধকারে নিপতিত ছিল।

কোনও নবীকে কখনোই আমাদের মত মানুষ বলা চলবে না। কেন না নবীগণকে প্রত্যাখ্যান করার জন্যে সাম্রাজ্যবাদী-অহাবী রাজতান্ত্রিক কাফের ছাড়া অন্য কেউই তাঁদেরকে আমাদের মত সামান্য মানুষ বলেনি। অবৈধ রাজতন্ত্রের আশীর্বাদপুষ্ট প্রচলিত কোরানের তফসির ও অনুবাদে যেখানেই মহানবীকে আমাদের মত দুর্বল মানুষরূপে চিত্রিত করা হয়েছে তা সম্পূর্ণ মিথ্যাচার। এটি সাম্রাজ্যবাদী-অহাবী-রাজতান্ত্রিক প্রচার চক্রান্তমাত্র।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নবীদের নীতি ও দর্শনকে প্রত্যাখ্যান করার জন্যে তাঁদের অত্যুচ্চ ব্যক্তিত্বের বিরুদ্ধে নিম্নোক্ত কয়েকটি অপবাদ কাফের ও মোনাফেকরা উপস্থাপন করে থাকে; যথা: ১. নবী আমাদের মত মানুষ; ২. নবীগণ মিথ্যাশ্রয়ী; ৩. কবি; ৪. অন্য হতে প্রশিক্ষণপ্রাপ্ত (যদিও নবীগণ আল্লাহ ছাড়া অন্য কারও শিক্ষাপ্রাপ্ত নন); ৫. নবীগণ যাদুকর (তাঁদের অন্তর্নিহিত খোদায়ী শক্তির বিকাশ দেখে তা মিথ্যায়িত করার জন্যে তাঁদের যাদুকর হিসেবে চিহ্নিত করে থাকে); ৬. নবীগণ জ্বিনগ্রস্ত বা পাগল (প্রকৃতপক্ষে পূর্ণতাপ্রাপ্ত ব্যক্তিমাত্রই জ্বিনমুক্ত হয়ে থাকেন)।

শাঁইজি লালনের নবীতত্ত্বের সারাংশ হলো, নবী তথা সম্যক গুরু ছাড়া খোদার কোনও প্রকাশ আদিতেও ছিল না, অনাগত ভবিষ্যতেও থাকবে না। সমস্ত কালের উপর তিনি জীবন্ত আছেন। নবীর জ্ঞানপ্রবাহ 'আবহায়াত' চিরকাল ধরে তাঁর আদর্শিক গৃহের বংশধরগণের তথা আহলে বাইতে রসুলগণের মাধ্যমে প্রবাহিত এবং জীবন্ত আছে। নবীর মনোজগত বা চেতনাপ্রবাহ হলেন আল্লাহ। আল্লাহর প্রকাশ্য দেহরূপধারী অস্তিত্ব হলেন নবী।

আপনি খোদা আপনি নবী
আপনি হন আদম সফি
অনন্তরূপ করে ধারণ
কে বোঝে তাঁর লীলার কারণ
নিরাকারে শাঁই নিরঞ্জন
মোর্শেদরূপ হয় ভজনপথে ॥

আহাদজগতে আহ্‌মদ হয়ে তিনি সর্বকালীন ও সর্বজনীন সম্যক গুরুরূপে উপস্থিত আছেন। সামান্য চর্মচোখে দেখেও তাঁকে চেনা যায় না। কেবল সত্যদ্রষ্টা বিশেষ জ্ঞানীগণের কাছে মূর্ত আল্লাহ রূপে সর্বযুগে অবতীর্ণ হয়ে তিনিই আকার-সাকারে আল কোরানের বিকাশ এবং প্রকাশ। মহানবী আল্লাহর উচ্চতম পরিষদের প্রধান এবং অন্য নবীগণ সেই পরিষদের সদস্য। শাঁইজির নবীতত্ত্ব তাই অসামান্য এবং অতিনিগূঢ়। সবার পক্ষে তা সমান বোধগম্য নয় কখনও। বেশির ভাগ আম জনগণের কাছে তা দুর্বোধ্য।

নবুয়ত ব্যতীত কোনও নবীত্ব নেই। হেরাগুহায় পনের বছর অবিরাম সাধনা দ্বারা মহানবী নবুয়তী কোরান লাভ করেন। কঠিন ত্যাগ তিতিক্ষার মাধ্যমে নবীজি নবুয়তের যে মহান পতাকা ঊর্ধ্বে তুলে ধরেন তার প্রকৃত মর্মগ্রাহী বা সমঝদার কেবল আহলে বাইত যাঁরা 'আসহাবে সুফ্‌ফা' নামে অধিক

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পরিচিত। দ্বীন ইসলামের এগারটি ভিত্তি থেকে নবুয়তসহ সাতটি ভিত্তিকে ভেঙেচুরে উৎখাত করে তিন খলিফা ও পরবর্তী রাজা-বাদশারা পাঁচটিতে নামিয়ে এনে ধর্মজগতে যে বিভ্রাট ও গণ্ডগোল বাড়িয়েছে তার ফলে বিশ্বশান্তি ও মানবধর্ম চরম বিপন্ন আজ। মোহাম্মদী ধর্মবিধানের প্রথম ও প্রধান ভিত্তিই নবুয়ত। নবুয়ত ব্যতীত রেসালাত ও বেলায়েতের কোনও বিকাশ কল্পনাও করা যায় না। তাই শাঁইজি লালন বলেন :

নবীর সঙ্গে ইয়ার ছিল চারিজন
চারকে দিলেন একমতে যাজন
নবী বিনে পথে
গোল হলোর চার মতে
লালন বলে যেন গোলে পড়িস নে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭.

অপারের কাণ্ডার নবীজি আমার
ভজন সাধন বৃথা গেল দ্বীনের নবী না চিনে
আউয়ালআখের জাহেরবাতেন
কখন কোনরূপ ধারণ করেন কোনখানে ॥

আসমানজমিন জলাদিপবন
যে নবীর নূরেতে সৃজন
কোথায় ছিল নবীজির আসন
নবী পুরুষ কি প্রকৃতি আকার তখনে ॥

আল্লাহ নবী দুটি অবতার
গাছ বীজে দেখি এই প্রচার
সুবুদ্ধিতে কর বিচার
গাছ বড় কি ফলটি বড় বড় দাও জেনে ॥

আত্মতত্ত্বে ফাজেল যে জনা
সেই জানে নবীর নিগূঢ় কারখানা
রসুলরূপে প্রকাশ রব্বানা
লালন বলে দরবেশ সিরাজ শাঁইর গুণে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮.

আছে দ্বীনদুনিয়ায় অচিন মানুষ একজনা
কাজের বেলায় পরশমণি
অসময়ে চেন না ॥

নবী আলী এই দুইজনা
কলেমাদাতা কুল আরেফিনা
বেতালিম মুরিদ সে না
পীরের পীর হয় সেজনা ॥

একদিনে শাঁই নিরাকারে
ভেসেছিলেন একেশ্বরে
অচিন মানুষ পেয়ে তাঁরে
দোসর করলেন তৎক্ষণা ॥

যে তাঁরে চিনেছে দড়
নবীর ছোট খোদার বড়
লালন বলে নড়চড়
সে বিনে কুল পার পাবা না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯.

আলিফ লাম মিমেতে
কোরান তামাম শোধ লিখেছে
আলিফে আল্লাহজি
মিম মানে নবী
লামের হয় দুই মানে
এক মানে হয় শরায় প্রচার
আরেক মানে মারফতে ॥

তার দারমিয়ানে লাম
আছে ডানে বাম
আলিফ মিম দুইজনে
যেমন গাছ বীজ অঙ্কুর
এইমত ঘোর
না পারি বুঝিতে ॥

ইশারার বচন কোরানের মানে
হিসাব কর এইদেহেতে
তবে পাবি লালন
সব অন্বেষণ
ঘুরিসনে আর ঘুরপথে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০.

আহাদে আহ্‌মদ এসে
নবী নাম কে জানালে
যে তনে করিল সৃষ্টি
সে তন কোথায় রাখিলে ॥

আহাদ মানে পরওয়ার
আহমদ নাম হলো যাঁর
জন্মমৃত্যু হয় যদি তাঁর
শরার আইন কই চলে ॥

নবী যাঁরে বলিতে হয়
উচিত বটে তাই জেনে লয়
নবী পুরুষ কি প্রকৃতি কায়
সৃষ্টির সৃজনকালে ॥

আহাদ নামে কেন ভাই
মানবলীলা করিলেন শাঁই
লালন তবে কেন যায়
অদেখা ভাবুক দলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১.

আয় গো যাই নবীর দ্বীনে
নবীর ডঙ্কা বাজে
শহর মক্কা মদিনে ॥

নবী তরিক দিচ্ছেন জাহের বাতেনে
যথাযোগ্য লায়েক জেনে
রোজা আর নামাজ
ব্যক্ত এহি কাজ
গুপ্তপথ মেলে ভক্তির সন্ধানে ॥

অমূল্য দোকান খুলেছেন নবী
যে ধন চাবি সে ধন পাবি
বিনা কড়ির ধন
সেধে নে এখন
না লইলে আখেরে পস্তাবি মনে ॥

নবীর সঙ্গে ইয়ার ছিল চারিজন
চারজনকে দিলেন একমতে যাজন
নবী বিনে পথে
গোল হলো চারমতে
লালন বলে যেন গোলে পড়িসনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২.
আয় চলে আয় দিন বয়ে যায়
যাবি যদি নিত্যভুবনে
সংসার অসার কেন
ভুলে আছ মায়ার বন্ধনে ॥

বুঝে দেখ ভাই সকলই অনিত্য
নবী নামে স্বয়ং সনাতন সত্য
সেই নাম অধমে ভাবে
শান্তি পাই এই জীবনে ॥

বিকট শমন সতত নিকটে
পদে পদে তোমায় ঘিরে সংকটে
বিপদে আপদে পাপী নিরাপদে
রয় কোন স্মরণে ॥

ধর ধর ভাই নবী প্রাণকান্ত
নিরাপদ হবে জীবনান্ত
নাই ভয় শমন
সেথায় লালন
হবি নিত্যসুখে সুখী যেখানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩.

ঐহিকের সুখ কয়দিনের বল
ঐ যে দেখতে দেখতে দিন ফুরাল ॥

হলো আসলে ভুল
পাকিলরে চুল
সুখের তরে
ঘুরে ঘুরে
বৃথা তোমার জনম গেল ॥

ভিন্ন ভিন্ন ভাবছ সবে
নিত্যসুখে সুখী হবে
এমন সুখের লেগে
নবীর তরিকে
এখন চল ॥

ইহকালে ভোগ করে সুখ
পরে যদি হলো অসুখ
এমন সুখের ফল কী আছে
লালন বলে ধর্মের জন্যে অসুখ ভাল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪
কী আইন আনিলেন নবী
সকলের শেষে
রেজাবন্দি সালাত জাকাত
পূর্বেও তো জাহের আছে ॥

ইসা মুসা দাউদ নবী
বেনামাজী নহে কভি
শেরেক বেদাত তখনও ছিল
তবে নবী কি জানালেন এসে ॥

জুব্বুর তৌরা ইঞ্জিল কেতাব
বাতিল হলো কিসের অভাব
তবে নবী কী খাস পয়গম্বর
ভেবে আমি না পাই দিশে ॥

ফোরকানের দরজা ভারি
কিসে হলো বুঝতে নারি
তাই না বুঝে অবোধ লালন
বিচারে গোল বাঁধিয়েছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫.

কীর্তিকর্মার খেলা
কে বুঝতে পারে
যে নিরঞ্জন সে-ই নূরনবী
নামটি ধরে ॥

গঠিতে শাঁই সয়াল সংসার
একদেহে দুইদেহ হয় তাঁর
আহাদে আহ্‌মদ নাম যাঁর
দেখ বিচারে ॥

চারিতে নাম আহ্‌মদ হয়
মিম হরফ তাঁর নফি কেন কয়
সে কথাটি জানাও আমায়
নিশ্চিত করে ॥

এ মর্ম কাহারে শুধাই
ফ্যাসাদ ঝগড়া বাঁধায় সবাই
লালন বলে স্থূল ভুলে যাই
তার তোড়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬.
খোদ খোদার প্রেমিক যে জনা
মোর্শেদের রূপ হৃদয়ে রেখে
করে আরাধনা ॥

আগে চাই রূপটি জানা
তবে যাবে খোদাকে চেনা
মুর্শিদকে না চিনলে পরে হবে না
তোর ভজনা ॥

আগে মনকে নিষ্ঠ কর
নবীনামের মালা গাঁথ
অহর্নিশি চেতন থাক
কর কালযাপনা ॥

সিরাজ শাঁইয়ের চরণ ভুলে
অধীন লালন কেঁদে বলে
চরণ পাই যেন অন্তিম কালে
আমায় ফেলো না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭.
খোদার বান্দা নবীর উম্মত
হওয়া যায় যাতে
নবীর তরিক নেয়
উম্মত জাহেরা আর পুসিদাতে॥

ধর্ম পদরদায় বান্দা জাহেরায়
খোদার হুকুম ফরজ আদায়
দেখ পঞ্চবেনাতে
তলবে দুনিয়া তলবে মাওলা
দুই তলব তাতে ॥

বান্দার দেল পুসিদাতে রয়
খোদ বান্দা আরশেতে হয়
দেখ কালামউল্লাতে
আরশ ছেড়ে খোদা তিলার্ধ নয়
রয় তালেবুল মাওলাতে ॥

আকার বান্দা
সাকাররূপ খোদা
আকারে সাকারে মিলে
হয় দেখা নিরাকারেতে
অনন্ত রূপ আকার
একরূপ সাকার
রয় সর্বঘটেতে ॥

বান্দার রূপ খোদ খোদা হয়
আল্লাহ্ আদম বান্দাতে রয়
পাক পাঞ্জাতন যাতে
ভেদ জেনে বান্দা
লালন দেয় সেজদা
খোদার রূপেতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮.
ডুবে দেখ দেখি মন
কী রূপ লীলাময়
যাঁরে আকাশপাতাল খুঁজি
এইদেহে সে রয় ॥

লামে আলিফ লুকায় যেমন
মানুষে শাঁই আছে তেমন
তা নইলে কি সব নূরীতন
আদমকে সেজদা জানায় ॥

শুনতে পাই চারকারের আগে
আশ্রয় করেছিল রাগে
সেইরূপে
অটলরূপ ঝেপে
মানবলীলা জগতে দেখায় ॥

আহাদে আহ্‌মদ হলো
মানুষে শাঁই জন্ম নিল
লালন মহাগোলে প'লো
লীলার অন্ত না পাওয়ায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯.

ডুবে দেখ দেখি নবীর দ্বীনে
নিষ্ঠ হয়ে মন
নইলে ঘিরবে এসে
কাল শমন ॥

সাকারে নয় লীলায় ছিল
চার তরিকা কখন হলো
কুদরতির 'পর আসন ছিল
কুদরতি বুঝি কেমন ॥

শাঁইকে যে নাহি চেনে
তারে নৌকায় নেবে কেনে
ফেলে দেবে ঘোর তুফানে
মরবি তখন ॥

ছোট মুখে যায় না বলা
এতই শাঁইয়ের আজব লীলা
সিরাজ শাঁই কয় দমের মালা
জপরে লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০.
দয়া করে অধমেরে জানাও নবীর দ্বীন
তুমি দয়া না করিলে
হয় না চরণে একিন ॥

শুনি নবী চার মাজাহাবে
চারজন ইয়ার ছিল তাবে
নবী কোন সময়ে তাদের সাথে
করিলেন জাহেরার চিন ॥

শুনি নবী চারি খান্দানে
শরিয়ত তরিকত
মারফত হাকিকত
আনল কোনখানে
কি রূপেতে গম্য মন
সবাই নন দ্বীনের মোমিন ॥

গুরুর চরণে হলো না মতি
দ্বারে দ্বারে ঘুরে বাড়াই ক্ষতি
কী হবে আমার গতি
কাতর হালে লালন বলে
আমার শোধ হলো না ঋণ ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১.
নজর একদিক দিলে
আর একদিকে অন্ধকার হয়
নূর নীর দুটি নিহার
কোনদিকে ঠিক রাখা যায় ॥

নবী আইন করলেন জগত জোড়া
সেজদা হারাম খোদা ছাড়া
সামনে মোর্শেদ বরজোখ খাড়া
সেজদার সময় থুই কোথায় ॥

সকল রাবেতা বলে
বরজোখ লিখল দলিলে
তুমি কারে থুয়ে কারে নিলে
একমনে দুই কই দাঁড়ায় ॥

যদি বেলায়েতে হতো বিচার
ঘুচে যেত মনের আঁধার
লালন ফকির এধারওধার
দোধারাতে খাবি খায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২.

নবী এ কী আইন করিলেন জারি
পিছে মারা যায় আইন তাই ভেবে মরি ॥

শরিয়ত আর মারেফত আদায়
নবীর হুকুম এই দুই সদাই
শরা শরিয়ত
মারেফত নবুয়ত
বেলায়েত জানতে হয় গভীরই ।

নবুয়ত অদেখা ধ্যান
বেলায়েত রূপের নিশান
নজর একদিক যায়
আর দিক অন্ধকার হয়
দুইরূপে কোনরূপ ঠিক ধরি ।

শরাকে সরপোষ লেখা যায়
বস্তু মারফত ঢাকা আছে তায়
সরপোষ থুই কী তুলে
দিই ফেলে
লালন তেমনই বস্তু ভিখারী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩.
নবীজি মুরিদ কোন ঘরে
কোন কোন চার ইয়ার এসে
চাঁদোয়া ধরে ॥

যাঁর কালেমা দ্বীন দুনিয়ায়
সে মুরিদ হয় কোন কালেমায়
লেহাজ করে দেখ মনুরায়
মুর্শিদতত্ত্ব অথৈ গভীরে ॥

উতারিল কোন পেয়ালা
জানিতে উচিত হয় নিরালা
অরুণ বরুণ জ্যোতির্মালা
কোন যোগাশ্রয়ে সাধ্য কারে ॥

ময়ূরময়ূরী লীলে
কোন যোগাশ্রয়ে প্রকাশিলে
সিরাজ শাঁই ইশারায় বলে
লালন ঘুরে ম'লি বুদ্ধির ফ্যারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪.

নবীজি মুরিদ হইল
কুন ফাইয়া কুনে
বেখুদি পেয়ালা নবী
খাইলেন কি জন্যে ॥

চার পেয়ালা দুনিয়ায় শুনি
কোন পেয়ালা খাইলেন তিনি
জন্মে নবী ম'লেন কি কারণে ॥

আমেনার উদরে বল
কী প্রকারে নবীর জন্ম হলো
লালন বলে এ কী হলো
কোরানে কি তাই শুনি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫.
নবী দ্বীনের রসুল
নবী খোদার মকবুল
ঐ নাম ভুল করিলে
পড়বি ফ্যারে
হারাবি দুই কুল ॥

নবী পাঞ্জেগানা নামাজ পড়ে
সেজদা দেয় সে গাছের 'পরে
সেই না গাছে ঝরে পড়ে ফুল
সেই ফুলেতে মৈথুন করে
দুনিয়া করলেন স্থুল ॥

নবী আউয়ালে আল্লাহর নূর
দুওমেতে তওবার ফুল
তৃতীয়াতে ময়নার গলার হার
চৌথমেতে নূর সিতারা
পঞ্চমে ময়ূর ॥

আহাদে আহ্‌মদবর্ত
জেনে কর তাঁহার অর্থ
হয় না যেন ভুল
লালন ফকির ভেদ না বুঝে
হলো নামাকুল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬.

নবী না চিনলে কি আল্লাহ্ পাবে
নবী দ্বীনেরই চাঁদ দেখ না ভেবে ॥

যাঁর নূরে হয় সয়াল সংসার
কলির ভাবে নবী পয়গম্বর
হাটের গোলে তাঁরে আর
চিনলি না ভবে ॥

বাতেনের ঘরে নূরনবী
পুরুষ কি প্রকৃতি ছবি
পড় দেলকোরান
কর তাঁর বিধান
মনের আঁধার দূরে যাবে ॥

বোঝা কঠিন কুদরতি খেয়াল
নবীজি গাছ শাঁইজি তাঁর ফল
যদি সে ফল পাড়ো
ঐ গাছে চড়ো
লালন কয় কাতরভাবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭.
নবী না চিনলে সে কি
খোদার ভেদ পায়
চিনিতে বলেছেন খোদে
সেই দয়াময় ॥

যে নবী পারের কাণ্ডার
জিন্দা সে চারযুগের উপর
হায়াতুল মুরসালিন নাম তাঁর
সেইজন্য কয় ॥

যে নবীর হলো ওফাত
সে নবীই আনফাসের সাথ
করবেন সাক্ষাত
লেহাজ করে জানলে লেহাজ
যাবে মনের সংশয় ॥

যে নবী আজ সঙ্গে তোর
চিনে তাঁর দাওন ধর
লালন বলে যদি কারও
পারের সাধ হয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮.

নবী বাতেনেতে হয় অচিন
নূর তাজাল্লা হবেরে যেদিন ॥

যারে বলি এই অটল নবী
দ্বীনদুনিয়ার যোগ মিশায়ে করেছেন খুবি
যাঁর মরণ নাই কোনও কালে
তাঁরে চেন মন অতিগহিন ॥

মনের উপর নড়েচড়ে
নীরে ক্ষীরে যোগ মিশায়ে
ভাসলেন কাদেরে
হলো নূর সে অধর রসে পুরা
তাঁরে ডাক রব্বুল আলামীন ॥

সূরা ইয়াসিনের বিভাব হবে যেদিন
মিম আল্লাহ বারীতলা ঐ চিহ্নরে চিন
লালন বলে সে ভেদ জান
যেদিন হবে আইনাল একিন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯.

নবী মেরাজ হতে এলেন ঘুরে
বলেন না ভেদ কারও তরে ॥

শুনে আলী কহিছেন তখন
দেখে এলেন আল্লাহ্ কেমন
নবী কয় ঠিক তোমার মতন
কর আমল আমি বল যারে ॥

এসে আবু বকর বলে
আল্লাহ্ কেমন দেখে এলে
রূপটি কেমন দেবেন বলে
নবী বলেন তুমি দেখ তোমারে ॥

তারপর কহিছে ওমর
কেমন আল্লাহ্র আকার প্রকার
নবী কয় ঠিক তোমার আকার
আইনাল হক তাই কোরান ফুকারে ॥

পরে জিজ্ঞাসিল ওসমান গনি
আল্লাহ কেমন বলেন শুনি
নবী কয় যেমন তুমি
তেমন ঠিক পরওয়ারে ॥

নবী মেরাজে গিয়ে
যে ভেদ এলেন নিয়ে
নবীজি যা বুঝাইল
চারজনা চারমতে প'লো
লালন প'লো মহাগোলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০.

নবী সাবুদ করে লও তাঁরে চিনে
তাঁর কালেমা সাবুদ হবে দেখবি নয়নে

যাঁর কলেমা পড়
তাঁরে চিনে ধর
যে নবী সঙ্গে ফিরে
তাঁরে লও জেনে ॥

যে নবী করিবেন পার
জিন্দা সে চারযুগের উপর
হায়াতুল মুরসালিন নাম তাঁর
হলো সেইজন্যে ॥

'লা কুম দ্বীনু কুম'
এ কথা বলে কোরানে
কোন নবীর কেমন আইন
জানবি তাঁর মানে ॥

কোন নবীর হলো ওফাত
কোন নবী হয় বান্দার হায়াত
কোন নবী হলো
কাণ্ডারী দেখ দেলমদিনে ॥

সিরাজ শাঁই বলেরে লালন
নবী চিন আগে এখন
কলেমা সাবুদ হলে
তখন যাবি নিত্যভুবনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১.

নবীর আইন পরশরতন
চিনলি না দিন থাকিতে
সুধার লোভে গরল খেয়ে
মরলিরে বিষজ্বালাতে ॥

নূরনবীজির তরিক ধর
রোজা কর নামাজ পড়
নবীর তরিক না ধরিলেরে
ঠেকবি পদে পদে ॥

নিরাশ মানুষের কথা
শুনে মনে লাগে ব্যথা
লালন বলে ভাঙবে মাথা
পড়বিরে কাঠমোল্লার হাতে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২.
নবীর আইন বোঝার সাধ্য নাই
যার যেমন বুদ্ধিতে আসে বলে বুঝি তাই ॥

বেহেস্তের লায়েক আহাম্মক সবে
তাই শুনি হাদিস কেতাবে
এইমত কথার হিসাবে
বেহেস্তের গৌরব কিসে রয় ॥

সকলে বলে আহাম্মক বোকা
আহাম্মক পায় বেহেস্তে জায়গা
এত বড় পূর্ণধোঁকা
কে ঘুচাবে কোথা যাই ॥

রোজা নামাজ বেহেস্তের ভজন
তাই করে কি পাবে সে ধন
বিনয় করে বলছে লালন
থাকতে পারে ভেদ মোর্শেদের ঠাঁই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩.

নবীর তরিকতে দাখিল হলে
সকল জানা যায়
কেনরে মন কলির ঘোরে
ঘুরছ ডানে বাঁয় ॥

আউয়ালে বিসমিল্লাহ্ বর্ত
মূল জানো তার তিনটি অর্থ
আগমে বলেছে সত্য
সে ভেদ ডুবে জানতে হয় ॥

নবী আদম খোদ বেখোদা
এ তিন কভু নাহি জুদা
আদমে করিলে সেজদা
আলাকজনা পায় ॥

যথায় আলাক মোকাম বারী
শফিউল্লাহ তাঁহার সিঁড়ি
লালন বলে মনের বেড়ি
লাগাও গুরুর রাঙা পায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪.
নবীর নূরে সয়াল সংসার
আবহায়াতে আহাদ নূরী
জিন্দা চারযুগের উপর ॥

অচিন দলে আদ্যমূল
তুয়া গাছে তওবার ফুল
যার হয়েছে সেই ফুলের উল
চৌদ্দ ভুবন দীপ্তকার ॥

খোদ বীজে বৃক্ষ নবী
সেই নূরে হয় আদম শফি
রপ্তে রপ্তে নূরের ছবি
এলরে আবদুল্লাহর 'পর ॥

একভাণ্ডে জীব ও পরম
ভিন্নরূপ ধরনকরণ
সিরাজ শাঁই বলেরে লালন
মোর্শেদরূপে পরওয়ার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫.

নিগূঢ়প্রেম কথাটি তাই আজ আমি
শুধাই কার কাছে
কোন প্রেমেতে আল্লাহ নবী
মেরাজ করেছে ॥

মেরাজ ভাবের ভুবন
গুপ্তব্যক্ত আলাপ হয়রে দুইজন
কে পুরুষ আকার
কি প্রকৃতি তার
শাস্ত্রে প্রমাণ কী রেখেছে ॥

কোন প্রেমের প্রেমিকা ফাতেমা
শাঁইকে করেন পতি ভজনা
কোন প্রেমের দায়
ফাতেমাকে শাঁই
মা বোল বলেছে ॥

কোন প্রেমে গুরু ভবতরী
কোন প্রেমে শিষ্য কাণ্ডারি
না জেনে লালন
প্রেমের উদ্দীপন
প্রেম করে মিছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬.
পড় নামাজ আপনার মোকাম চিনে
মোর্শেদ ধরে জানতে হবে
নবীর মিম্বর আছে কোনখানে ॥

লা ইলাহা কলেমা পড়
ইল্লাল্লাহু দম শুমারে ধর
দম থাকিতে আগে মর
বোরাক বসিয়ে বামে ॥

ঘুঁচে যাবে এশকের জ্বালা
জেগে উঠবে নূর তাজাল্লা
সামনে দাঁড়ায়ে মাওলা
নিরিখ রেখ মুর্শিদ কদমে ॥

আপনার আপনি চেনা যাবে
নামাজের ভেদ তবে পাবে
ছয় লতিফা হাসিল হবে
পড় নামাজ দমে দমে ॥

সিরাজ শাঁই দরবেশে বলে
শোনরে লালন বলি খুলে
শেরেকী হয় দলিলে
নিরাকারে সেজদা দিলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭.

পড় মনে ইবনে আবদুল্লাহ্
পড়িলে যাবে জীবের মনের ময়লা ॥

একরা বিসমে রাব্বিকা
আছে সূরা ত্রিশ পারা
নবীজি তা পড়ে না
জিবরাইল তা শোনে না
মোহর নবুয়ত দিলেন খোদাতালা ॥

হেরা পর্বত গুহাতে
বসেছিলেন নবী মোরাকাবা-মোশাহেদাতে
সেথায় জিবরাইল হয় হাজির
খেলাফত দিলেন মালেক আল্লা ॥

নবীর পৃষ্ঠে মোহর নবুয়ত রয়
আশেকে আকাশ দেখে ভক্তগণকে কয়
লালন বলে এ ভেদ জানলে
যাবে মনের ত্রিতাপজ্বালা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮.

ভজ মুর্শিদের কদম এইবেলা
চার পেয়ালা
হৃৎকমলা
ক্রমে হবে উজালা ॥

নবীজির খান্দানেতে
পেয়ালা চারিমতে
চিনে লও দিন থাকিতে
ওরে আমার মনভোলা ॥

কোথায় আবহায়াত নদী
ধারা বয় নিরবধি
সে ধারা ধরবি যদি
দেখবি অটলের খেলা ॥

ওপারে ছিলাম ভাল
এপারে কে আনিল
লালন কয় তাঁরে ভোল
কররে অবহেলা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯.

ভজরে মন জেনে শুনে
নবীর কলেমা কালেন্দা আলী হন দাতা
ফাতেমা দাতা কী ধন দানে ॥

নিলে ফতেমার শরণ
ফতেহ্ হয় করণ
আছে ফরমান শাঁইর জবানে ॥

সৃষ্টিকর্তা সৃষ্টি করলেন সবারই
যুগে যুগে মাতা হন যুগেশ্বরী
সুযোগ না বুঝিয়ে
কুযোগে মজিয়ে
জীব মারা গেল ঘোর তুফানে ॥

শুনেছি মা তুমি অবিম্বধারী
বেদান্তের উপর গম্ভু তোমারই
তোমার গম্ভু বোঝা ভার
ওরে মন আমার
ভুলে রইলাম ভবের ভাবভূষণে ॥

সাড়ে সাত পন্তি পথের দাঁড়া
আদ্যপন্তি তার আদ্য মূলগোড়া
সিরাজ শাঁইর চরণ
ভুলেরে লালন
অঘাটেতে মারা যাচ্ছ কেনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০.

ভবে কে তাঁহারে চিনতে পারে
এসে মদিনায়
তরিক কে জানায়
　　　　এই সংসারে ॥

সবাই বলে নবী নবী
নবীকে নিরঞ্জন ভাবি
দেল ঢুঁড়িলে জানতে পাবি
　　　　আহ্‌মদ নাম হলো কারে ॥

যার মর্ম সে যদি না কয়
কার সাধ্য সে জানতে পায়
তাইতে আমার দ্বীন দয়াময়
　　　　মানুষরূপে ঘুরে ফিরে ॥

নফি এজবাত যে জানে না
মিছেরে তার পড়াশোনা
লালন কয় ভেদ উপাসনা
　　　　না জেনে চটকে মারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১.
মন কি ইহাই ভাব
আল্লাহ্ পাব
নবী না চিনে
কারে বলিস নবী নবী
তাঁর দিশে পেলিনে ॥

বীজ মানে শাঁই বৃক্ষ নবী
দেল ঢুঁড়িলে জানতে পাবি
কী বলব সেই বৃক্ষের খুবি
তাঁর একডালে দ্বীন আর একডালে দোনে ॥

যে নূরে হয় আদম পয়দা
সেই নবীর হয় তরিক জুদা
নূরের পেয়ারা খোদা
দিলেন তাঁরে খোদ অঙ্গ জেনে ॥

চার কারের উপরে দেখ
আশ্রয় করে ছিল কে গো
পূর্বাপরের খবর রাখ
তবে জানবি লালন নবীর ভেদ মানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২.

মন দস্তখত নবুয়ত যাহার হবে
কী করিলে হয় ফানা ফিল্লা
সকল ভেদ জানা যাবে ॥

পুসিদার ভেদ জানতে পারলে
নবুয়ত তার অমনি মেলে
কেতাব কোরান না ধরিলে
সকলই দেল কোরানে পাবে ॥

বারো লাখ চব্বিশ হাজার
বহিছে দেখ দম সবাকার
ঊনকোটি ছাপ্পান্ন হাজার
পশমে এই দেহটি হবে ॥

জুয়োখেলায় মত্ত হলে
কাঁদিতে হবে সব হারালে
লালন বলে আমার ভাগ্যে
না জানি কী ঘটিবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩.
মনের ভাব বুঝে নবী মর্ম খুলেছে
কেউ ঢাকা দিল্লি হাতড়ে ফেরে
কেউ দেখে কাছে ॥

সিনা আর সফিনার মানি
ফাঁকাফাঁকি দিনরজনী
কেউ দেখে মত্ত কেউ শুনে মত্ত
কেউ আকাশ ধেয়েছে ॥

সফিনায় শরার কথা
জানাইলে যথাতথা
কারও সিনায় সিনায় ভেদ পুসিদায়
বলে গিয়েছে ॥

নবুয়তে নিরাকার কয়
বেলায়েতে বরজোখ দেখায়
অধীন লালন প'লো পূর্ণধোকায়
এই ভেদ মাঝে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪.

মোর্শেদ বিনে কী ধন আর
আছেরে মন এই জগতে।
যে নামে শমন হরে
তাপিত অঙ্গ শীতল করে
ভববন্ধনজ্বালা যায় গো দূরে
জপ ঐ নাম দিবারাতে ॥

মোর্শেদের চরণের সুধা
পান করিলে যাবে ক্ষুধা
কর না কেউ দেলে দ্বিধা
যেহি মোর্শেদ সেহি খোদা
ভজ অলিয়েম মোর্শেদা
আয়াত লেখা কোরানেতে ॥

আপনি আল্লাহ্ আপনি নবী
আপনি হন আদম সফি
অনন্ত রূপ করে ধারণ
কে বোঝে তাঁর লীলার কারণ
নিরাকারে হাকিম নিরঞ্জন
মোর্শেদরূপ হয় ভজনপথে ॥

কুল্লে সাইউন মোহিত আর
আলা কুল্লে সাইউন কাদির
পড় কালাম লেহাজ কর
তবে সে ভেদ জানতে পার
কেন লালন ফাঁকে ফের
ফকিরী নাম পাড়াও মিথ্যে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫.

মোর্শেদের ঠাঁই নে নারে তাঁর ভেদ বুঝে
এ দুনিয়ায় সিনায় সিনায়
কী ভেদ নবী বিলিয়েছে ॥

সিনার ভেদ সিনায়
সফিনার ভেদ সফিনায়
যে পথে যার মন হলো ভাই
সেই সে পথে দাঁড়িয়েছে ॥

কুতর্ক আর কুস্বভাবী
তারে গুপ্তভেদ বলে নাই নবী
ভেদের ঘরে মেরে চাবি
শরামতে বুঝিয়েছে ॥

নেকতন বান্দারা যত
ভেদ পেয়ে আউলিয়া হতো
নাদানেরা শূল চাঁচিত
মনসুর তার সাবুদ আছে ॥

তফসিরে হোসাইনী যাঁর নাম
তাই ঢুঁড়ে মসনবী কালাম
ভেদ ইশারায় লেখা তামাম
লালন বলে নাই নিজে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬.

মেরাজের কথা শুধাই কারে
আদমতন আর নিরাকারে
মিলল কেমন করে ॥

নবী কি ছাড়িল আদমতন
কিবা আদমরূপ হইল নিরঞ্জন
কে বলিবে সে অন্বেষণ
এই অধীনেরে ॥

নয়নে নয়ন বুকে বুক
উভয় মিলে হইল কৌতুক
তবে দেখল না সে রূপ
নবীর নজরে ॥

তুণ্ডে তুণ্ড করিল কাহার
সেই কথাটি শুনতে চমৎকার
সিরাজ শাঁই কয় লালন তোমার
বোঝ জ্ঞানদ্বারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭.

যদি ইসলাম কায়েম হত শরায়
কী জন্যে নবীজি রহেন
পনের বছর হেরাগুহায় ॥

পঞ্চবেনায় শরা জারি
মৌলভিদের তম্বি ভারি
নবীজি কী সাধন করি
নবুয়তি পায় ॥

না করিলে নামাজ রোজা
হাসরে হয় যদি সাজা
চল্লিশ বছর নামাজ কাজা
করেছেন রসুল দয়াময় ॥

কায়েম উদ্ দ্বীন হবে কিসে
অহর্নিশি ভাবছি বসে
দায়েমী নামাজের দিশে
লালন ফকির কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮.

রসুলের ভেদমর্ম জানা
ও দিনকানা
তোমার ভাগ্যে তাও জোটে না
আল্লাহ্ মোহাম্মদ নবী তিনে হয় একজনা ॥

কোথায় আল্লাহ কোথায় নবী
কোথায় সে ফাতেমা বিবি
লেহাজ করে জানতে পাবি
প্রেম করেছে এ তিনজনা ॥

যে খোদ সেই তো খোদা
আকৃতি নাম রাখলেন জুদা
সেই কারণে মোহাম্মদা
বিবির কাছে হয় দেনা ॥

চৌদ্দ ভুবন চৌদ্দ ভাগে
তিন বিবি কলেমার আগে
এগার জন দাস্যভাবে
ফকির লালন করে রচনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯.

লা ইলাহা কলেমা পড়
মোহাম্মদের দ্বীন ভুলো না
নবীর কলেমা পড়লে পরে
পুনর্জনম আর হবে না ॥

নবী সে পারের কাণ্ডার
পারঘাটাতে করবেন পার
হেন নবী না চিনিলে
হয়ে থাকবি দিনকানা ॥

রোজা রাখ নামাজ পড়
কলেমা হজ জাকাত কর
তবে হবি পার দাখিল হবি
বেহেস্তখানা ॥

সিরাজ শাঁই দরবেশে বলে
সেই মানুষ নিহার হলে
লালন কয় অন্তিম কালে
পাই যেন শাঁইয়ের চরণখানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০.
শুনি নবীর অঙ্গে জগত পয়দা হয়
সেই যে আকার
কী হলো তার
কে করে তার নির্ণয় ॥

আবদুল্লাহ্‌র ঘরে বল
সেই যে নবীর জন্ম হলো
মূলদেহ তাঁর কোথায় ছিল
কারে বা শুধাই ॥

কীরূপে নবীজি
সে যুক্ত হলো পিতার বীজে
আবহায়াতে নাম লিখেছে
হাওয়া নাই সেথায় ॥

এক জানে দুই কায়া ধরে
কেউ পাপ কেউ পুণ্যি করে
কী হবে তার রোজ হাসরে
হিসাবের সময় ॥

নবীর ভেদ যে পায় এক ক্রান্তি
ঘুঁচে যায় তার মনোভ্রান্তি
দৃষ্ট হয় তার আলাকপন্তি
লালন ফকির কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রসুলতত্ত্ব

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

তত্ত্বভূমিকা

রসুল রসুল বলে ডাকি
রসুল নাম নিলে পরম সুখে থাকি ॥

মক্কায় গিয়ে হজ করিয়ে
রসুলের রূপ নাহি দেখি
মদিনাতে গিয়ে দেখি
রসুল মরেছে তাঁর রওজা এ কী ॥

কুল গেল কলঙ্ক হলো
আর কিছু না দিতে কী
দ্বীনের রসুল মারা গেলে
কেমন করে গৃহে থাকি ॥

যারা আল্লাহ ও রসুলের মধ্যে পার্থক্য করে তারা চরম কাফের।
আল কোরান ॥ সূরা নেসা ॥ বাক্য : ১৫০-১৫১

আলিফ লাম মিম (আলে মোহাম্মদ অর্থাৎ মোহাম্মদের বংশীধারী) এই কেতাব (সৃষ্টির রহস্যজ্ঞান), ইহা তোমার উপর অবতীর্ণ হইয়াছে যাহাতে তুমি মানবজাতিকে তাহাদের আপন রবের (সম্যক গুরু) নির্দেশনাক্রমে উদ্ধার করিয়া লইতে পার অন্ধকার হইতে আলোর দিকে, তাঁহার দিকে যিনি পরাক্রমশালী, প্রতিষ্ঠিত ও প্রশংসিত।
আকাশমণ্ডলী (মন) ও পৃথিবীতে (দেহ) যাহা কিছু আছে তাহা তাঁহারই। কঠিন শাস্তির ভোগান্তি মিথ্যারোপকারীদিগের (কাফের) জন্য যাহারা দুনিয়ার (খণ্ডিত আমিত্বের) জীবনকে আখেরাতের (পরবর্তী জন্মের) চাইতে অধিক ভালবাসে, মানুষকে বাধা দেয় আল্লাহর পথে এবং আল্লাহর পথ বক্র করিতে চাহে। উহারাই তো স্পষ্ট বিভ্রান্তির মধ্যে রহিয়াছে। আমরা প্রত্যেক রসুলকেই তাঁহার স্বজাতির ভাষাভাষী করিয়া

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

পাঠাইয়াছি তাহাদের নিকট সুস্পষ্ট হেদায়েতসহ জীবনরহস্য ব্যাখ্যা করিবার জন্য। আল্লাহ যাহাকে ইচ্ছা বিভ্রান্ত করেন এবং যাহাকে ইচ্ছা সৎপথে পরিচালিত করেন। এবং তিনি মহাপরাক্রমশালী, বিজ্ঞানময়।

আল কোরান ॥ সুরা ইব্রাহিম ॥ বাক্য ১–৪

আলে রসুল (সম্যক গুরুর সর্বকালীন ভক্ত বা পুত্রগণ) তাঁরা হলেন আল কেতাবের (অর্থাৎ মানবদেহের) এবং একটি স্পষ্ট বা প্রকাশ্য কোরানের পরিচয়।
নিশ্চয় আমরা স্মরণ ও সংযোগ নাজেল করি। এবং আমরাই তার সংরক্ষণকারী। নিশ্চয় আমরা আপনার অনুমোদনে প্রাচীন দলগুলোর জন্যে পাঠিয়েছলাম সংযোগ। এবং তাদের কাছে একজন রসুলও আসেন নি যাঁর সাথে ওরা উপহাস করেনি। ঐরূপে আমরা অপরাধীদের অন্তরে উপহাসপ্রবণতা স্বভাবগত করে দিই।

আল কোরান ॥ সূরা হিজর ॥ বাক্য : ১, ৯, ১০, ১১, ১২

কেন্দ্রবিন্দুতে থাকার বিশিষ্ট পদ্ধতি যিনি নিজের জীবনে পদ্ধতিস্থ করেছেন তিনিই রসুল। রসুল অর্থ প্রতিনিধি। কোরানের পরিভাষাগত অর্থে, আল্লাহর প্রতিনিধি তথা কোনও নবীর মনোনীত প্রতিনিধি। নবীর প্রতিনিধিত্ব আল্লাহর প্রতিনিধিত্বের শামিল। প্রত্যেক নবী একজন রসুল। কিন্তু প্রত্যেক রসুল নবী নন। মহানবী ব্যতীত প্রত্যেক নবী প্রথমত রসুল ছিলেন। তারপর হয়েছিলেন নবী। কোরানে উল্লিখিত হয়েছে: রসুলান নাবীয়া, সিদ্দিকান নবীয়া। অর্থাৎ রসুল নবী, সিদ্দিক নবী। অর্থাৎ প্রথমত রসুল ছিলেন। পরে নবী পর্যায়ে উন্নীত হলেন। প্রথমে সিদ্দিক ছিলেন। পরে নবী হয়েছিলেন।

মহানবী মোহাম্মদ (আ) ইহধাম ত্যাগের পূর্বে মাওলা আলীকে (আ) তাঁর প্রতিনিধি অর্থাৎ রসুলরূপে মনোনীত ও অভিষিক্ত করে যান। কিন্তু নবীর বায়াত ভঙ্গকারী খলিফা ওমর, আবু বকর, ওসমান প্রমুখ নবী উপস্থিতিতে মাওলা আলীর হাতে বায়াত বা আনুগত্য স্বীকার করেছিলেন। মহানবী পর্দা গ্রহণের সাথে সাথেই ওরা বায়াত ভঙ্গ করে তারা মাওলা আলীর বিরুদ্ধে তথা নবীর আহলে বাইতের বিরুদ্ধে নানা ষড়যন্ত্র শুরু করে। মহানবীর রেসালাত তথা মাওলাইয়াত উৎখাত করে কুচক্রীরা চালু করে ভোটাভুটির খেলাফত। যার ফলে ধর্মজগতে এত মতভেদ হানাহানি। সত্য নির্বাসিত। মাওলাকে অগ্রাহ্য করার পাপজ্বালায় পৃথিবী জ্বলছেম এখনও।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আল্লাহর হুকুমত চালনা করার একমাত্র ন্যায়সঙ্গত অধিকারী হলেন রসুলের আদর্শবাহী বংশধরগণ। তাঁরা ব্যতীত আল্লাহর বিধান অন্যলোকের পরিচালনায় কখনোই কার্যকর হতে পারে না। মহাবিজ্ঞানী এবং সর্বজ্ঞাতা আল্লাহর মনোনীত জীবনবিধানের সবদিক সম্বন্ধে সুপরিজ্ঞাত পরমজ্ঞানী হলেন সর্বযুগের রসুলতত্ত্বের ধারকগণ তথা আহলে বাইতে রসুলগণ। তাঁরা সব সমস্যার সমাধান আল্লাহর কাছ থেকে জ্ঞাত হতে পারেন। তাঁরা শাসনকর্তারূপে নিয়োজিত না থাকলে পৃথিবীর মানুষ সর্ববিষয়ে; যথা: অর্থনীতি, রাষ্ট্রনীতি, সমাজনীতি ইত্যাদি ক্ষেত্রে আল্লাহর দাসত্ব থেকে বিচ্যুত হয়ে মানুষের দাসে পরিণত হয়ে যায়।

সর্বযুগেই আলে রসুল অর্থাৎ রসুলতত্ত্বের ধারক-বাহকগণ হলেন কেতাবের এবং স্পষ্ট কোরানের পরিচয়। আলে রসুল ব্যতীত আর কেউই কেতাব তথা কোরানের কোনও পরিচয়জ্ঞানই রাখে না। কথায় কোরান প্রকাশ করা হলেও তা মানুষের কাছে অপরিজ্ঞাত। একজন আলে রসুল জ্যান্ত একটি কোরান। সুতরাং তাঁর মধ্যে কোরানের পরিচয় প্রকাশ্যভাবে প্রকাশিত দেখতে পায় সবাই। তাঁর কর্মকাণ্ড এবং বাক্যালাপ সবই কোরানের মূর্ত প্রকাশ। অতিসূক্ষ্ম জীবনরহস্য তাঁর অতীন্দ্রিয় শ্রবণ ও দর্শনের কাছে সুস্পষ্ট।

রসুল ও আলে রসুলগণ অনন্ত রসুলতত্ত্বের বিকাশমান সত্তা। উচ্চ পর্যায়ের মহান ব্যক্তিত্ব থেকে নিম্ন পর্যায়ের মানুষের কাছে প্রেরিত রবের নির্দেশকে 'নাজেল' বলে। আলে রসুলগণ কেতাবওয়ালা অর্থাৎ সৃষ্টিরহস্যের বিকাশবিজ্ঞানধারী। তাঁদের কর্তব্য হলো, রব থেকে প্রাপ্ত নির্দেশকে জনগণের কাছে পৌঁছে দেয়া। কিন্তু জনগণের অধিকাংশই বিশ্বাসের অনুশীলন করে না। মানুষ গ্রহণ করুক বা না করুক সর্বপ্রকার ধর্মীয় নির্দেশ কেতাবপ্রাপ্ত মহাপুরুষগণ থেকেই আসে। কেতাবপ্রাপ্তগণ সবাই আলে রসুল।

মহানবীর আগমনে নবুয়ত 'খতম' অর্থাৎ সত্যায়ন বা সীলমোহর করা হলো বা সম্পন্ন হলো। কিন্তু রেসালত শেষ করা হয়নি। বেলায়েতের পরম্পরায় নিরন্তর এ ধারা অনাদিকাল পর্যন্ত চলতেই থাকবে। মহানবীর বংশের চৌদ্দজন ইমামই (আহলে বাইত) শুধু আল্লাহ এবং শেষনবী কর্তৃক মনোনীত রসুলরূপে আগমন করেননি বরং পূর্ণতাপ্রাপ্ত সকল ওলিও মোহাম্মদের (আ) আল এবং তাঁর মনোনীত আল্লাহর রসুলরূপে মানব সমাজে প্রকাশিত হয়ে চলেছেন।

সুরা ইয়াসিনে উল্লিখিত তিনজন রসুলকে এশিয়া মাইনরের আন্তাকিয়া নামক নগরে খ্রিস্টধর্ম প্রচারের জন্যে একই সময়কালে পাঠানো হয়েছিল

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

(৩৬ : ১৩-১৬)। তাঁরা নবী ঈসা (আ) কর্তৃক প্রেরিত রসুল। একজন রসুল নবী নাও হতে পারেন। কিন্তু কেউ নবী হলে তিনি একজন রসুলও বটে। শাঁইজির রসুলতত্ত্ব তাই অতীন্দ্রিয় রহস্যলোকের পরম লীলাবিলাস :

রসুল যিনি নয়গো তিনি
আবদুল্লাহ্‌র তনয়
আগে বোঝ
পরে মজো
নইলে দলিল মিথ্যা হয় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১.
আছে আল্লাহ্ আলে রসুলকলে
তলের উল হলো না
অজান এক মানুষের করণ
তলে করে আনাগোনা ॥

আল্লাহ আহ্লাদিনীরে
দুইরূপে নৃত্য করে
দুইরূপ মাঝার
রূপ মনোহর
সে রূপ কেউ বলে না ॥

নারী পুরুষ নপুংসকরে
তাঁহার তুলনা হয় তাঁহারে
সে রূপ অন্বেষণ
জানে যে জন
করে শক্তি উপাসনা ॥

শক্তিহারা ভাবুক যে
কপটভাবের ভাবুক সে
লালন বলে তার
জ্ঞানচক্ষু আঁধার
রাগের পথ চেনে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২.
আশেক বিনে রসুলের ভেদ
কে আর পোছে
জিজ্ঞাসিলে কেউ বলে না
কয় রসুল বলেছে ॥

মাশুকে যে হয় আশেকী
খুলে যায় তার দিব্যআঁখি
নফসে আল্লাহ্ নফসে নবী
দেখবে অনা'সে ॥

যিনি মোর্শেদ রসুলাল্লাহ
সাবুদ কোরান কালামুল্লাহ
আশেকে বলিলে আল্লাহ
তাও হয় সে ॥

মোর্শেদের হুকুম মানো
দায়েমী নামাজ জানো
রসুলের ফরমান মানো
লালন তাই বাঁচে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৩.
এমন দিন কি হবেরে আর
খোদা সেই করে গেল
রসুলরূপে অবতার ॥

আদমের রুহ্ সেই
কেতাবে শুনিলাম তাই
নিষ্ঠা যার হলোরে ভাই
মানুষ মোর্শেদ করে সার ॥

খোদ সুরতে পয়দা আদম
এও জানা যায় অতিমরম
আকার নাই যার সুরত কেমন
লোকে বলে তাও আবার ॥

আহ্মদ নাম লিখিতে
মিম নফি হয় তাঁর কিসেতে
সিরাজ শাঁই কয় নফি করতে
তাতে লালন কিঞ্চিৎ নজির দেখ তাঁর ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪.
করিয়ে বিবির নিহার রসুল আমার
কই ভুলেছেন শাঁই রব্বানা
জাত সেফাতে দোস্তি করে
কেউ কাহারে ভুলতে পারে না ॥

খুঁজে তার মর্মকথা
পাবি কোথা
চৌদ্দ নিকাহ্ কই করেছে
চৌদ্দ ভুবনের পতি
চৌদ্দ বিবি
করেছে তাঁর দেখ নমুনা ॥

সেফাতে এসে নবী
তিনটি বিবি
সুসন্তানের হয়েছে মা
আলিফ লাম মিমে দেখ না
ও দিনকানা
তিনজন বিবি সৈয়দেনা ॥

আদার ব্যাপারী হয়ে
জাহাজ লয়ে
সাত সমুদ্রের খবর লও না
না পেয়ে তার আদিঅন্ত
হয়ে সান্ত
বসে আছে কতজনা ॥

লালন কয় বুঝবারই ভুল
করে কবুল
দেখ না নবী সাল্লে আলা
আগমে নিগমে যিনি
গুণমণি
তাঁর সাথে আর কার তুলনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫.

তোমার মত দয়াল বন্ধু
আর পাব না
দেখা দিয়ে ওহে রসুল
ছেড়ে যেও না ॥

তুমি হও খোদার দোস্ত
অপারের কাণ্ডারী সত্য
তোমা বিনে পারের লক্ষ্য
আর তো দেখি না ॥

আসমানী এক আইন দিয়ে
আমাদের সব আনলেন রাহে
এখন মোদের ফাঁকি দিয়ে
ছেড়ে যেও না ॥

আমরা সব মদিনাবাসী
ছিলাম যেমন বনবাসী
তোমা হতে জ্ঞান পেয়েছি
আছি বড় সান্ত্বনা ॥

তোমা বিনে এইরূপ শাসন
কে করবে আর দ্বীনের কারণ
লালন বলে আর তো এমন
বাতি জ্বলবে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬.

তোরা দেখরে আমার
রসুল যার কাণ্ডারী ভবে
ভবনদীর তুফানে তাঁর
নৌকা কি ডোবে ॥

ভুলো না মন কারও ধোঁকায়
চড়ো সে তরিকার নৌকায়
বিষম ঘোর তুফানের দায়
বাঁচবি তবে ॥

তরিকার নৌকাখানি
ইশ্‌ক নাম তার বলে শুনি
বিনে হাওয়ায় চলছে অমনি
রাত্রদিবে ॥

সেই নৌকাতে যদি না চড়ি
কেমনে দেব পাড়ি
লালন বলে এহি ঘড়ি
দেখ নারে ভেবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭.
দিবানিশি থেক
সব বাহুঁশিয়ারই
রসুল বলে এই দুনিয়া মিছে
কেবল ঝকমারি ॥

পড়িলে আউজুবিল্লাহ
দূরে যাবে লানতুল্লাহ
মোর্শেদরূপ করে হিল্লা
শঙ্কা যায় তারই ॥

জাহেরবাতেন সব সফিনায়
পুসিদার ভেদ দিলাম সিনায়
এমনই মত তোমরা সবাই
বল সবারই ॥

অবোধ অভক্তজনা
তারে গুপ্তভেদ বল না
বলিলে সে মানিবে না
করবে অহঙ্কারই ॥

তোমরা সব খলিফা রইলে
যে যা বোঝ দিও বলে
লালন বলে রসুলের এই
নসিহত জারি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮.

দেলকেতাব খুঁজে দেখ মোমিন চাঁদ
তাতে আছেরে সকল বয়ান
ইব্রাহিম খলিলউল্লাহ মসাল নামে
আস্তা খাতুনে মোকাম ॥

খোদা যেদিন হজ ভেজিবে
সেদিন মসজিদের নিশান উঠিবে
ফাঁদ পেতে চাঁদ ধরতে হবে
যদি করেন খোদা মেহেরবান ॥

ঈসা মুসা দাউদ মোহাম্মদ রসুল
খোদার কাজে আছে মকবুল
ফরমান করিতে কবুল
পড়ছে সদাই দেলকোরান ॥

ইঞ্জিল তৌরা জুব্বুর কোরান
চারি জায়গায় চার বয়ান
সিরাজ শাঁই বলে তাই ঢুঁড়লে লালন
পাবিরে সকল সমাধান ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯.

ঢুড় কোথায় মক্কা মদিনে
চেয়ে দেখ নয়নে
ধড়ের খবর না জানিলে
ঘোর যাবে না কোনোদিনে ॥

ওয়াহাদানিয়াতের রাহা
ভুল যদি মন কর তাহা
হুজুরে যেতে পথ পাবে না
ঘুরবি কত ভুবনে ॥

উপরওয়ালা সদর বারী
অচিনদেশে তাঁর কাচারী
সদাই করে হুকুম জারি
মক্কায় বসে নির্জনে ॥

চারি রাহায় চারি মকবুল
ওয়াহাদানিয়াতে রসুল
সিরাজ শাঁই কয় না জেনে উল
লালনরে তুই ঘুরিস কেনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০.
পাক পাঞ্জাতন নূরনবীজি
চারযোগে হইলেন উদয়
একসঙ্গে পাঁচটি তারা
থাকে সেই আকাশের গায় ॥

হাসান হোসাইন কানের বালি
গলার হার হন হযরত আলী
ছেরের মুকুট হযরত রসুল
মাঝখানে ফাতেমা রয় ॥

পাক পাঞ্জাতন সঙ্গে নিয়ে
ভাসছেন মোর্শেদ আল্লাহ্ নিরাকারে
ইমাম হাসান হোসাইন ফাতেমা আলী
কেউ কাউকে ছাড়া নয় ॥

আছে পাক পাঞ্জাতন
আত্মা পাঁচজন
সে আত্মা দিয়ে কর আত্মসাধন
ফকির লালন তাই কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১.

ভুলো না মন কারও ভোলে
রসুলের দ্বীন সত্য মানো
ডাক সদাই আল্লাহ্ বলে ॥

খোদাপ্রাপ্তি মূলসাধনা
রসুল বিনে কেউ জানে না
জাহের বাতেন উপাসনা
রসুল হতে প্রকাশিলে ॥

দেখাদেখি সাধিলে যোগ
বিপদ ঘটবে বাড়িবে রোগ
যে জন হয় শুদ্ধসাধক
সে রসুলের ফরমানে চলে ॥

অপরকে বুঝাতে তামাম
করেন রসুল জাহেরা কাম
বাতেনে মশগুল মোদাম
কারও কারও জানাইলে ॥

যেরূপ মোর্শেদ সেইরূপ রসুল
যে ভজে সে হয় মকবুল
সিরাজ শাঁই কয় লালন কি কুল
পাবি মোর্শেদ না ভজিলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২.
মদিনায় রসুল নামে
কে এলোরে ভাই
কায়াধারী হয়ে কেন
তাঁরই ছায়া নাই ॥

ছায়াহীন যাঁর কায়া
ত্রিজগতে তাঁরই ছায়া
এই কথাটির মর্ম লওয়া
অবশ্যই চাই ॥

কী দেব তুলনা তাঁরে
খুঁজে পাইনে এ সংসারে
মেঘে যাঁর ছায়া ধরে
ধূপের সময় ॥

কায়ার শরিক ছায়া দেখি
ছায়া নেই সে লা শরিকী
লালন বলে তাঁর হাকিকী
বলিতে ডরাই ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩.
মানবদেহের ভেদ জেনে
কর সাধনা
দেলকোরান না জানিলে
আয়াতকোরান পড়লে
কিছু হবে না ॥

মুণ্ডুতে মিম আলো
হে জে মগজে ছিল
তে জেতে দুই কান
জানা গেল আইন গাইন
দুই নয়না ॥

অধর যুগলে লাম মিম
সর্বাঙ্গে আলিফের চিন
আরও দুইবাহুতে সিন ছিন
মুখেতে বে'র গঠনা ॥

লাম আলিফ নাসিকাখানি
ছেতে দুইকণ্ঠ জানি
জিমে হয় জেকেরের খনি
হেতে হাড়ের গঠনা ॥

ফেতে ফাঁপরা পানি পুরা
কাফেতে কলিজা ঘেরা
আরও বড় কাফ নাভিতে মোড়া
জেতে দমের ঠিকানা ॥

তোয়া জোয়া মাথার তালুতে ছিল
সোয়াত দোয়াত হৃদয়ে রাখিল
নফসেতে নু হরফ হলো
রূপেতে ভেদ যায় জানা ॥

টিমটে মারি হামজা ঘরে
জেনে লও মোর্শেদের দ্বারে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দাল জাল দুই জানুর পরে
দলিলে তার নিশানা ॥

দশ হরফ সাধনের গতি
সাধলে জ্বলে জ্ঞানের বাতি
নিষ্ঠায় রেখ রতিমতি
কর গুরু ভজনা ॥

লাহুত নাসুত মালকুত জবরুত
ছয় লতিফা এইদেহে মজুদ
লালন কয় সব দিয়েছে মাবুদ
এই অজুদে কেন খোঁজ না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪.
মুখে পড়রে সদাই
লা ইলাহা ইল্লাল্লাহ্
আইন ভেজিলেন রসুলাল্লাহ্ ॥

লা ইলাহা নফি যে হয়
ইল্লাল্লাহ সেই দ্বীন দয়াময়
নফি এসবাত ইহারে কয়
সেই তো এবাদতুল্লাহ ॥

লা শরিক জানিয়া তাঁকে
পড় ঐ নাম দেলে মুখে
মুক্তি পাবি থাকবি সুখে
দেখলে নূর তাজাল্লাহ ॥

নামের সহিত রূপ
ধেয়ানে রাখিয়ে জপ
বেনিশানায় যদি ডাক
চিনবি কিরূপ কে আল্লাহ ॥

বলেছেন শাঁই আল্লাহ নূরী
এই জিকিরের দরজা ভারি
সিরাজ শাঁই তাই কয় ফুকারী
শোনরে লালন বেলিল্লাহ্ ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫.

মোহাম্মদ মোস্তফা নবী
প্রেমের রসুল
যে নামে সব পাগলিনী
জগত হয়রে আকুল ॥

ইশ্‌কে আল্লাহ্‌ ইশ্‌কে রসুল
ইশ্‌কেতে হয় জগতের মূল
ইশ্‌ক বিনা ভজনসাধন
সবকিছু হয় ভুল ॥

গরিবে নেওয়াজ মঈনউদ্দিন
আবদুল কাদের মহিউদ্দিন
শাহ্‌ জালাল শাহ্‌ মাদার
সকলে নেয় তাঁর চরণের ধূল ॥

কেয়ামত হাসরের দিনে
আল্লাহ নেবে মোমিন চিনে
সিরাজ শাঁই কয় প্রেমের গুণে
লালন পাবি অকুলের কুল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬.

যে জন সাধকের মূলগোড়া
বেতালিম বেমুরিদ সে যে
ফিরছে সদাই বেদছাড়া ॥

গুপ্ত নূরে হয় তাঁর সৃজন
গুপ্তভাবে করে ভ্রমণ
নূরেতে নূরনবীর গঠন
সেই কথাটি দেশজোড়া ॥

পীরের পীর দস্তগীর হয়
মোর্শেদের মোর্শেদ বলা যায়
চিনতে যদি কেউ তাঁরে পায়
সেই পাবে পথের গোড়া ॥

কেউ তারে কয় মূলাধরের মূল
মোর্শেদ বিনে জানবে কি তার উল
লালন ভনে ভেদ না জেনে
ঝকমারি তার বেদ পড়া ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭.
রসুলকে চিনলে পরে
খোদা পাওয়া যায়
রূপ ভাঁড়ায়ে
দেশ বেড়ায়ে
গেলেন সেই দয়াময় ॥

জন্ম যাঁহার এই মানবে
ছায়া তাঁর পড়ে নাই ভূমে
দেখ দেখি তাই বর্তমানে
কে এলো এই মদিনায় ॥

মাঠে ঘাটে রসুলেরে
মেঘে রয় যে ছায়া ধরে
দেখ দেখি তাই লেহাজ করে
জীবের কি সেই দরজা হয় ॥

আহ্‌মদ নাম লিখিতে
মিম হরফ কয় নফি করতে
সিরাজ শাঁই কয় লালন তাকে
কিঞ্চিৎ নজির দেখাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮.
রসুল কে তা চিনলে নারে
রসুল পয়দা হলেন আল্লাহ্‌র নূরে ॥

রসুল মানুষ চিনলে পরে
আল্লাহ্ তাঁরে দয়া করে
দেল আরশে আল্লাহ্ নবী
দু'জনাতে বিহার করে ॥

নয়নে না দেখলাম যাঁরে
কী মতে ভজিব তাঁরে
নিচের বালু না গুণিয়ে
আকাশ ধরছ অন্ধকারে ॥

রসুল মানুষের সঙ্গ নিলে
যম যাতনা যেত দূরে।
লালন বলে রসুলেরে
না চিনে পড়েছি ফ্যারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯.
রসুল যিনি নয়গো তিনি
আবদুল্লাহ্‌র তনয়
আগে বোঝ
পরে মজো
নইলে দলিল মিথ্যা হয় ॥

মোহাম্মদ আবদুল্লাহর ছেলে
রজঃবীজে জন্ম নিলে
আমেনাকে মা বলিলে
প্রকাশ হলেন মদিনায় ॥

তাঁর চার সন্তান চার সন্ততি গণনা
এই হলো সৃষ্টির বাসনা
তিন বিবি হয় সৈয়দেনা
এগারোটি বাদ পড়ে রয় ॥

মোহাম্মদ জন্মদাতা
নবী হলেন ধর্মপিতা
লালন বলে সৃষ্টির লজ্জা
আল্লাহতে মিশে রয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০.

রসুল রসুল বলে ডাকি
রসুল নাম নিলে পরম সুখে থাকি ॥

মক্কায় গিয়ে হজ করিয়ে
রসুলের রূপ নাহি দেখি
মদিনাতে গিয়ে দেখি
রসুল মরেছে তাঁর রওজা এ কী ॥

কুল গেল কলঙ্ক হলো
আর কিছু না দিতে কী
দ্বীনের রসুল মারা গেলে
কেমন করে গৃহে থাকি ॥

হায়াতুল মুরসালিন বলে
কোরানেতে লেখা দেখি
সিরাজ শাঁই কয় অবোধ লালন
রসুল চিনলে আখের পাবি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১.

রসুলের সব খলিফা কয়
বিদায়কালে
গায়েবী খবর আর কি পাব
আজ তুমি চলে গেলে ॥

কোরানের ভিতর সে তো
মোকাত্তায়াত হরফ কত
মানে কও তার ভালমত
ফেল না গোলে ॥

মহাপ্যাঁচ আইন তোমার
বুঝে ওঠা সাধ্য কী কার
কি করিতে কী করি আর
সহি না পেলে ॥

আহাদ নামে কেন আপি
মিম দিয়ে মিম কর নফি
কী তার মর্ম কও নবীজি
লালন তাই বলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

কৃষ্ণলীলা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লীলাভূমিকা

কৃষ্ণদাশ পণ্ডিত ভাল
কৃষ্ণলীলার সীমা দিল
তার পণ্ডিতী চূর্ণ হলো
টুনটুনি এক পাখির কাছে ॥

বামন হয়ে চাঁদ ধরতে যায়
অমনই আমার মন মনুরায়
লালন বলে কবে কোথায়
এমন পাগল কে দেখেছে ॥

ত্রয়োদশ শতকের পূর্বে কোনও হিন্দুপুরাণেই 'রাধা' নামক চরিত্রের অস্তিত্ব খুঁজে পাওয়া যায় না। এ বাংলাদেশের বাংলাভাষারই কবি জয়দেব 'গীতগোবিন্দ' কাব্য রচনার মধ্য দিয়ে 'রাধা' নামক চরিত্র উদ্ভাবন করেন। এ রাধা নামায়ণ মূলত কবিকল্পিত একটি রূপকল্প (Image) বা মূর্ত বিগ্রহ। ধারাকে ওল্টালেই রাধা হয়।

কৃষ্ণ নামক শব্দটি এসেছে প্রাচীন কর্ষণক্রিয়া থেকে। শ্রীকৃষ্ণের জন্মগত যতগুলো কাহিনি, পুরাণ বা আখ্যান পাওয়া যায় তার সবই ভারতীয় কৃষি সভ্যতা লালিত গুরুদেবতারূপেরই প্রকাশ-বিকাশ।

নির্বস্তুক শ্রীকৃষ্ণ চরিত্র ভাগবত আখ্যানে চরিত্রায়েণের মাধ্যমে একদিকে বৈদিক-রাজনৈতিক প্রভাবজাত শ্রীকৃষ্ণের আধিপত্য বহাল থাকে। অপরদিকে ভাগবত ধর্মের ভক্তিবাদ এবং আদি নারায়ণী সম্প্রদায়ের ভক্তিবাদ থেকে গৌড়ীয় বৈষ্ণবদের ভক্তিবাদকে একটি বিচ্ছিন্ন বা ভিন্নতর চরিত্র দান করে। কালক্রমে গৌড়ীয় বৈষ্ণবদের ভক্তিবাদ বস্তুকে অবলম্বন না করায় ভাগবদ্গীতার কৃষ্ণচরিত্রই শেষ পর্যন্ত গৌড়ীয় ভক্তিবাদকে আত্তীকরণ করে নেয়। এখানেই ফকির লালন শাহের ব্যতিক্রমী সুরটি আমরা শুনতে পাই তাঁর শ্রীকৃষ্ণলীলায়।

'শ্রীকৃষ্ণলীলা কীর্তন' অর্থাৎ শ্রীকৃষ্ণের মাহাত্ম্য কীর্তন অনেকে পদকর্তাই করেছেন যার আকর বা মূল উৎস হলো 'মহাভারত'। 'গীতগোবিন্দ' থেকে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আরম্ভ করে কালে কালে অখণ্ড বাংলাদেশে হিন্দুমুসলমান নির্বিশেষে অনেক সাহিত্যিকই শ্রীকৃষ্ণলীলা কীর্তন করেছেন। সুফি-ফকির-সাধক-মোহান্তগণ মোর্শেদমুখী যে প্রেমভক্তিভাব থেকে নবী-রসুল কীর্তন করেছেন সেই একই ভাবোদয় থেকে তাঁরা শ্রীকৃষ্ণকীর্তনও করেছেন। পরিশেষে গৌড়ীয় বৈষ্ণবগণের হাতে পড়ে তা আর এক বিকট পরিণতি পায়। কিন্তু গৌড়ীয় বৈষ্ণবদের কৃষ্ণালীলার সাথে রাজনৈতিক শ্রীকৃষ্ণের অর্থাৎ মহাভারত আখ্যানে বর্ণিত শ্রীকৃষ্ণরূপের সম্বন্ধ অত্যন্ত ক্ষীণতর।

গৌড়ীয় বৈষ্ণবগণ শ্রীকৃষ্ণকে শক্তি ও শক্তিমানতত্ত্বে আত্তীকরণের মধ্য দিয়ে রাধাকে 'শক্তি' বা 'প্রকৃতি' এবং শ্রীকৃষ্ণকে 'শক্তিমান' বা 'পুরুষ'—এমনতর দ্বৈতচরিত্রে একীভূত অর্থাৎ ভেদঅভেদতত্ত্ব ধারণায় প্রকাশ করেন। যদিও পুরাণে শক্তিতত্ত্বের যে সংজ্ঞা তথা বর্ণনা রয়েছে গৌড়ীয় শক্তিতত্ত্ব তা থেকে বহু যোজন দূরে অবস্থিত। পুরাণেক্ত শক্তি ও শক্তিমানতত্ত্ব অর্থাৎ শক্তিদেবীর যে ধারণা তার সাথে গৌড়ীয় বৈষ্ণবদের কোনও মিলই নেই। আবার শ্রীচৈতন্যের রাধাকৃষ্ণময় যে ভক্তিভাব তার সাথে ভারতীয় আদিভক্তিবাদের কোনোরূপ সম্বন্ধ নেই বললেই চলে। কারণ আদিভক্তিবাদ পুরোটাই রাজনৈতিক। গৌড়ীয় ভক্তিবাদ হলো ভাগবতধর্মের সরলীকৃত একটি পার্শ্বরূপমাত্র। পৌরাণিক ধারণামূলক চরিত্রের বাইরে শ্রীকৃষ্ণের অতিমানবীয় চরিত্রের এক ধরনের মিথস্ক্রিয়া।

শ্রীকৃষ্ণ বৈদিক দেবতা নন। বৈদিক ধর্মের পালনকর্তা হলেন বিষ্ণু। শ্রীকৃষ্ণের যে মূল গুণাগুণ আমরা পাই আদিতে অনার্য বা দ্রাবিড় দেবতা 'নারায়ণ'এর মধ্যে দেখি সেই চরিত্রলক্ষণ। প্রাচীন ভারতবর্ষে পারস্যের আর্য আগ্রাসনের ফলে 'নারায়ণ'দেবের উপাসক তথা নারায়ণী সম্প্রদায়ের গুণাবলি প্রথমে বৈদিক দেবতা 'বিষ্ণু' পরে 'শিব' নামের উপর আরোপ করা হয়। বাসুদেব-সঙ্কর্ষণ হয়ে শ্রীকৃষ্ণের চরিত্রে নারায়ণের সাথে বিষ্ণু আর শিবের গুণাবলি আরোপিত হলো। যদিও নারায়ণী সম্প্রদায়ের বস্তুমুখী গুণাগুণ অর্থাৎ উৎপাদক ও উৎপাদনের মধ্যে প্রত্যক্ষ যে দৈহিক-মানসিক সম্বন্ধ আর সমন্বয় ছিল তার ঠিক বিপরীতেই আর্যশাসিত বৈদিক দেবতাদের গুণাগুণ অদৈহিকতায় পর্যবসিত করা হলো।

ভগবদ্গীতায় যিনি শ্রীকৃষ্ণ তিনি সম্পূর্ণ রাজনৈতিক চরিত্র। কিন্তু পরবর্তী সময়ে দীর্ঘকালব্যাপী আর্যশাসন ব্যবস্থা ভারতবর্ষে অনুপস্থিত থাকায় অর্থাৎ বৌদ্ধযুগ, পালযুগ, সেনযুগের পর সুলতানী ও মুঘল শাসনামলের রাজনৈতিক উত্থানপতনে রাজনৈতিক শ্রীকৃষ্ণের গুরুত্ব অনেকটাই ম্লান হয়ে পড়ে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আর্য আমলে আদি নারায়ণী সম্পদায় যখন আক্রান্ত হয়ে পড়ে সেই আক্রমণের বিরুদ্ধে অনার্য অর্থাৎ নারায়ণী সম্প্রদায় ব্যাপক প্রতিরোধ গড়ে তুলেছিল। কিন্তু আর্যদের বৈদিক সভ্যতা প্রতিষ্ঠা ও বিস্তারের দীর্ঘকালীন যুদ্ধ-বিগ্রহ আর নির্মম দমন-পীড়নের দ্বারা নারায়ণী সম্প্রদায় ক্রমে ক্ষমতাহারা-কোণঠাসা হয়ে পড়তে থাকে। এবং পরিশেষে তারা বহুধাবিভক্ত হয়ে পড়ে। এদের মধ্যে উল্লেখযোগ্য ছিল ভাগবত সম্প্রদায়, সাত্ত্বত সম্প্রদায় এবং পঞ্চরাত্র সম্প্রদায়। ভাগবত সম্প্রদায়ই সর্বপ্রথম বৈদিক শাসন ব্যবস্থার কাছে আত্মসমর্পণ করে। ফলে এদের হাত দিয়ে ভগবদ্গীতা প্রকাশিত ও প্রতিষ্ঠিত হয়। যদিও ভাগবত সম্প্রদায়ের আদিভাগবত ধর্ম বহু আগেই বৈদিক জ্ঞানকাণ্ডের আগ্রাসনে সম্পূর্ণ খারিজ হয়ে যায়। যার প্রকৃত গুণাগুণ কেবল বহাল থাকে পঞ্চরাত্র সম্প্রদায়ের মধ্যে।

পঞ্চরাত্র মানে পঞ্চজ্ঞান। 'রাত্র' অর্থ জ্ঞান। ভাগবত সম্প্রদায়কে প্রথমে আদি নারায়ণী সম্প্রদায়ই বলা হতো। এর দ্বারা কোন একজন গুরুদেবতা ব্যক্তিত্বকে বোঝানো হতো না, বোঝানো হতো একটি সামাজিক সমতাভিত্তিক গোষ্ঠীবদ্ধ সম্প্রদায়কে। 'ভগবত' অর্থ 'যারা ভাগ পায়' অথবা 'যাদের ভাগ করে দেয়া হয়েছে' অথবা 'যে সামগ্রিকতা থেকে অংশ পায়'। এ অভেদ সম্বন্ধ 'যে দেয় এবং যে নেয়'–এ উভয়ার্থেকে নারায়ণের সাথে এক করে আমরা দেখতে পাই। নর+আয়ণ=নারায়ণ। 'নর' অর্থ মানুষ এবং 'আয়ণ' অর্থ স্থান। অর্থাৎ মানুষ বা নর যে জায়গায় যায় অথবা যে জায়গার ভাগ পায় তাকেই ভাগবত বলা হয়।

ষোড়শ শতকে শ্রীচৈতন্যদেবের যে ভক্তিবাদ তা বস্তু তথা রাজনীতি থেকে বিচ্ছিন্ন ভাববাদমাত্র। বস্তুকে অবলম্বন করে শ্রীকৃষ্ণের মহাভারতীয় যে পূর্বপরিচয় তা ইতোমধ্যে ভূলুণ্ঠিত। যে কারণে 'ভক্তি' শব্দটি নির্বস্তুক করার মধ্য দিয়ে মূলত যে লীলাচক্র গড়ে ওঠে তাকেই আমরা শ্রীচৈতন্যের 'শ্রীকৃষ্ণলীলা' বলতে পারি। পূর্বভাবে দেখা যায়, শ্রীকৃষ্ণই রাধাকে আলম্বন করছেন। কিন্তু গৌড়ীয় বৈষ্ণববাদে এসে দেখা যায়, খোদ শ্রীচৈতন্য রাধা চরিত্র ধারণ করে কৃষ্ণকেই উল্টো আলম্বন করছেন।

ফকির লালন শাহ কখনও শ্রীকৃষ্ণ চরিত্রকে কবি জয়দেবের গীতগোবিন্দ কাব্যের রূপকাল্পিক ধারণাতন্ত্রের ভেতর থেকে দেখেননি। আবার শ্রীচৈতন্যের গৌড়ীয় রাধাভাবে আকুল হয়েও শাঁইজি তাঁর কৃষ্ণচরিত্রকে বয়ান করেন না। তিনি শ্রীকৃষ্ণকে ধারণ করেছেন সেই আদিধরনটির মধ্য দিয়ে যে পর্যায়ে কবিকল্পিত শ্রীকৃষ্ণের কিংবা বৈদিক শ্রীকৃষ্ণের ভ্রূণটিও যেখানে জন্মায়নি তেমন শূন্য পর্যায় থেকে। তিনি দেখলেন সেই বিন্দুটি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

থেকে যেখানে মানুষের দৈহিক ইন্দ্রিয়ের সাথে সূর্য ও পৃথিবীর মধ্যকার অভেদ সম্বন্ধসূত্র অটুট থাকে সর্বকালে। কী সেই সম্বন্ধ? ফকির লালন শাহ্ প্রশ্নের সুরে বলছেন :

অনাদির আদি
শ্রীকৃষ্ণনিধি
তাঁর কী আছে কভু গোষ্ঠখেলা ॥
ব্রহ্মরূপে সে
অটলে বসে
লীলাকারী তাঁর অংশকলা ॥

শাঁইজি 'অনাদির আদি' বলতে আমাদের কী বোঝান? মানব সভ্যতার সেই আদিধরন মানে নারায়ণী সাম্যধর্ম যেখানে উৎপাদক ও উৎপাদনের মধ্যে কোনও মধ্যসত্ত্বভোগীর অস্তিত্বই থাকে না। বস্তু তথা উৎপাদনের বিপরীতে মালিক বা উৎপাদকের মধ্যবর্তী দেয়াল বা মুদ্রা মানে টাকার মত মধ্যসত্ত্বভোগীর অস্তিত্ব আজকের বাজারব্যবস্থায় মাধ্যমরূপে কঠিন বিভাজন হয়ে দাঁড়িয়েছে। নারায়ণী অনাদি উৎপাদন ব্যবস্থায় কোনোরূপ মধ্যসত্ত্বভোগীর অস্তিত্বই থাকে না। যেমন সূর্যকে কেন্দ্র করে পৃথিবীভূমির উৎপাদনমুখিতার মধ্যে কোনও বিভাজনরেখা নেই। এ কারণেই শাঁইজির প্রশ্ন "তাঁর কি আছে কভু গোষ্ঠখেলা"? 'গো' শব্দটির অনেক অর্থ থেকে আমরা মূলত দুটি ভাবার্থ খুঁজে নিতে পারি; যথা:

১. গো = ইন্দ্রিয়
২. গো = সূর্য

অখণ্ড নিয়মে সূর্যের উদয়বিলয়, প্রকৃতির উপর তার কর্তৃত্ব ও প্রভাব বিস্তার ভূপৃষ্ঠে প্রত্যক্ষ উৎপাদন সম্পর্কেরই প্রমাণ। ফকির লালন শাঁইজি এই সৃষ্টি-স্রষ্টার প্রত্যক্ষ সম্পর্কেরও অনেক উপরে স্থাপন করেছেন শ্রীকৃষ্ণকে। কেন না উদয়ের সাথে বিলয়ের সম্বন্ধ অঙ্গাঙ্গীভাবে বিজড়িত। যেমন উৎপাদনের সাথে অনুৎপাদনের সম্পর্ক এবং বিচ্ছিন্নতা বা বন্ধ্যত্বও একসাথে সম্পর্কিত। এ হলো মানুষের চিন্তার সেই আদিধরন যে ধরন উৎপাদন, বণ্টন, ভোগ এবং তার বিস্তার প্রক্রিয়ার একটি পূর্বাবস্থা। যে অবস্থা উদয়বিলয়ের সাথে সম্পর্কিত নয়, নিরপেক্ষ বা The No বা লা মোকাম অবস্থা। মানসিক সেই মোহশূন্য অবস্থাকে সঠিক অর্থে ধারণ না করতে পারার কারণে বৈষ্ণব সাহিত্যিকদের ভ্রান্তি সম্বন্ধেও শাঁইজি সম্পূর্ণ সজাগ এখানে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২.

অনাদির আদি
শ্রীকৃষ্ণনিধি
তাঁর কি আছে কভু গোষ্ঠখেলা
ব্রহ্মরূপে সে
অটলে বসে
লীলাকারী তাঁর অংশকলা ॥

সত্য সত্য সরল বৃহদাগমে কয়
সচ্চিদানন্দ পূর্ণব্রহ্ম হয়
জন্মমৃত্যু যাঁর এই ভবের 'পর
সে তো নয় কভু স্বয়ং নন্দলালা ॥

পূর্ণচন্দ্র কৃষ্ণ রসিক যেজন
শক্তিতে উদয় শক্তিতে সৃজন
মহাভাবে সর্বচিত্ত আকর্ষণ
বৃহদাগমে তাঁরে বিষ্ণু বলা ॥

গুরু কৃপাবলে কোনও ভাগ্যবান
দেখেছে সে রূপ পেয়ে চক্ষুদান
সেরূপ নিহারী সদা যে অজ্ঞান
লালন বলে সে তো প্রেমেতে ভোলা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩.

আজ কী দেখতে এলি গো
তোরা বল না তাই
ওর আর সে কানাই নাই
নন্দের ঘরে সে ভাবও নাই ॥

কানাই হেন ধন হারিয়ে
আছি সদাই হত হয়ে
বলরে কোনদেশে গেলে
আমি সে নীলরতন পাই ॥

ধনধরা গজবাজি
তাতে মন না হয় রাজি
ওরে আমার কানাইলালের জন্যে
প্রাণ আকুল সদাই ॥

কী হবে অন্তিম কালে
সে কথাটি রইলাম ভুলে
অধীন লালন কয় এ মায়াজাল
কাটার কী উপায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪.

আজ ব্রজপুরে কোন পথে যাই
ওরে বল তাই
আমার সাথের সাথী আর কেহ নাই
ওরে কেহই নাই ॥

কোথা রাধে কোথা কৃষ্ণধন
কোথারে তার সব সখীগণ
আর কতদিন
চলিলে সে চরণ পাই ॥

যাঁর লেগে মুড়ি এই মাথা
তাঁরে পেলে যায় মনের ব্যথা
কী সাধনে
সে চরণে
পাব ঠাঁই ॥

তোরা যত সখীগণে
বর দে গো কৃষ্ণচরণ পাই যাতে
অধীন লালন বলে
কৃষ্ণলীলের অন্ত নাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫.

আমার মনের মানুষ নাই যেদেশে
সেদেশে আর কেমনে থাকি
সখী এ জন্যে মোর ঝরে আঁখি ॥

দেশের লোকের মন ভালো না
কৃষ্ণের কথা কইতে দেয় না
সদাই আমার মন উতালা
ঘরে কেমনে রাখি ॥

জান নারে প্রাণ গোবিন্দ
আমার হইল কপাল মন্দ
প্রাণ করছে উড়ি উড়ি
হায় কী করি
লালন বলে
আপন ভুলে
প'লাম পরের চোখই ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৬.

আমি কার ছায়ায় দাঁড়াই বল
হায়রে বিধি মোর কপালে
কিঁ এই ছিল ॥

কালার রূপে নয়ন দিয়ে
প্রেমানলে ম'লাম জ্বলে
বিধি এ কী হলো
আমার কাঁদতে কাঁদতে জনম গেল ॥

জগতে হয় যত ব্যাধি
নিদানে হয় তাহার বিধি
আমার এ ব্যাধির আর নাই ঔষধই
প্রাণের বন্ধু কোথায় রইল ॥

প্রাণের মানুষ কোথায় গেল
আর আমার লাগে না ভাল
আমার দেহলতা দিনে দিনে শুকাইল
ফকির লালন বলে রাধার কপালে
এই ভাল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৭.

আমি তাঁরে কি আর ভুলতে পারি
আমার এই মনে
মন দিয়েছি যে চরণে
যেদিকে ফিরি
সেদিকে হেরি
ঐ রূপের মাধুরী দুই নয়নে ॥

তোরা বলিস চিরকালো
কালো নয় সে চাঁদের আলো
সেই কালাচাঁদ
নাই এমন চাঁদ
তাঁর তুলনা নাই কারও সনে ॥

দেবাদিদেব শিবভোলা
তাঁর গুরু সেই চিকনকালা
তোরা বলিস চিরকাল
তাঁরে গো রাখাল
কেমন রাখাল জান গে যা বেদ-পুরাণে ॥

সাধে কি মজেছে রাধে
সেই কালার প্রেমফাঁদে
সে ভাব তোরা কী জানবি
বললে কি মানবি
লালন বলে শ্যামের গুণ গোপীরাই জানে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৮.

আমি যাঁর ভাবে আজ মুড়েছি মাথা
সে জানে আর আমি জানি
আর কে জানে মনের কথা ॥

মনের মানুষ রাখব মনে
বলব না তা কার সনে
ঋণ শুধিব কতদিনে
মনে সদাই সেহি চিন্তা ॥

সুখের কথা বোঝে সুখী
দুঃখের কথা বোঝে দুঃখী
পাগল বোঝে পাগলের বোল
আর কে বোঝে মনের ব্যথা ॥

যারে ছিদাম যা তুইরে ভাই
আমার বদ্‌হাল শুনে কাজ নাই
বিনয় করে বলছে কানাই
লালন পদে রচে তা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৯.

আর আমারে মারিসনে মা
বলি মা তোর চরণ ধরে
নবী চুরি আর করব না ॥

ননীর জন্যে আজ আমারে
মারলি গো মা বেঁধে ধরে
দয়া নাই মা তোর অন্তরে
স্বপ্নেতে গেল জানা ॥

পরে মারে পরের ছেলে
কেঁদে যেয়ে মাকে বলে
মা জননী নিঠুর হলে
কে বোঝে শিশুর বেদনা ॥

ছেড়ে দে মা হাতের বাঁধন
যেদিকে যায় এই দুই নয়ন
পরের মাকে ডাকবে এখন লালন
তোর গৃহে আর রবে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯০.
আর আমায় বলিস নারে
শ্রীদাম ব্রজের কথা
যার কারণে পেয়েছিরে
ভাই প্রাণে ব্যথা ॥

ছিল মনের তিনটি বাঞ্ছা
নদীয়ায় সাধব আছে ইচ্ছা
প্রাণে গাঁথা
সেই কারণে
নদে ভুবনে
জাগে হৃদয়লতা ॥

ছিদামরে ভাই বলি তোরে
ফিরে যা ভাই আপন ঘরে
কে বোঝে এই প্রাণের ব্যথা
মনের কথা
আর বলব না তা ॥

যার কারণে বইরে বাদা
শোন বলিরে ছিদাম দাদা
ও সে নন্দপিতা
তাই ভেবে বলছে লালন
ধন্যরে যশোদা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯১.

আর কতকাল আমায় কাঁদাবি
ও রাইকিশোরী
আমি তো তোমার চরণের
অনুগত ভিখারী ॥

ও রাই তোমার জন্যে গোলোক ছেড়েছি
সকল ছাড়িয়ে মানবদেহ ধরেছি
আর কী বাকি আছেরে
এ ভাব করিয়ে স্মরণ
তুমি দাও হে চরণ
আপাততঃ প্রাণ শীতল করি ॥

বনে বনে ধেনু চরায়
কে বা রাই
তোমার চন্দ্রবদন
হেরিব মনে
অন্য আশা নাই
ঐ রূপ জাগে যখন অন্তরে
তখন উদাস মনে
ঘুরি বনে বনে
আবার মুগ্ধ মনে বাজাই বাঁশরী ॥

তোমার পদে সব সঁপেছি
কী আর বাকি রেখেছি
নিজহাতে দাসখত লিখে দিয়েছি
তাইতে বলি তোমারে
লালন ভনে ললিতা
বিশাখা বিহনে
তুই তারে পায় ধরালি প্যারী ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯২.

আর কি আসবে সেই কেলেশশী
এই গোকুলে
তাঁরে চেনে না গোকুলবাসী
কী ভোলে ॥

ননীচোরা বলে অমনি
করে বাঁধে নন্দরাণী
নানারূপ অপমানী
করিলে ॥

অনাদির আদি গোবিন্দ
তাঁরে রাখাল বানায় নন্দ
আরও রাখালগণ তাঁর স্কন্ধে
চড়িলে ॥

হারালে চায় পেলে লয় না
ভবজীবের ভ্রান্তি যায় না
লালন কয় দৃষ্ট হয় না
এই নরলীলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯৩.

আর তো কালার
সে ভাব নেইকো সই
সে না ত্যাজিয়ে মদন
প্রেমপাথারে খেলছে সদাই প্রেমঝাঁপুই ॥

অগুরু চন্দন ভূষিত সদাই
সেই কালাচাঁদ ধূলায় লুটায়
থেকে থেকে বলছে সদাই
শাঁই দরদী কই গো কই ॥

সংসার বৃঞ্চি আদি যাঁর
আঁচলা ঝোলা গেরুয়া কৌপিন সার
প্রভু শেষলীলা করিলেন প্রচার
আনকা আইন দেখ না ঐ ॥

বেদবিধি ত্যাজিয়ে দয়াময়
কী নতুন ভাব আনলেন নদীয়ায়
অধীন লালন বলে আমি তো সেই
ভাব জানিবার যোগ্য নই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯৪.

এ কী লীলে মানুষলীলে
দেখি গোকুলে
হরি নন্দঘোষের বাদা
মাথায় নিলে ॥

রাখালের উচ্ছিষ্ট খায়
একদিন ব্রহ্মা দেখতে পায়
তাতে রুষ্ট হয়
ভারি ধেনুবৎস হরে লয়
পাতালে ॥

কোন প্রেমে সে দীন দয়াময়
নারীর চরণ নিল মাথায়
লীলা চমৎকার
বোঝা হলো ভার
অপার হয়ে অধীন লালন বলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯৫.

এখন কেনে কাঁদছ রাধে বসে নির্জনে
ও রাধে সেকালে মান করেছিলে
 সে কথা তোর নাই মনে ॥

ও রাধে কেনে কর মান
ও কুঞ্জে আসে না যে শ্যাম
জলে আগুন দিতে পারি
বৃন্দে আমার নাম
ও রাধে হাত ধরে প্রাণ
 সপেঁছিলে কেমনে ॥

চল আমরা সব সখী মিলে
বনফুল তুলে
বিনে সূতায় মালা গেঁথে
দেব শ্যামের গলে
লালন কয় শ্যাম হয়ে বসাব
 রাধার ডানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯৬.

এ গোকুলে শ্যামের প্রেমে
কেবা না মজেছে সখী
কারও কথা কেউ বলে না
আমি একা হই কলঙ্কী ॥

অনেকেতে প্রেম করে
এমন দশা ঘটে কারে
গঞ্জনা দেয় ঘরে পরে
শ্যামের পদে দিয়ে আঁখি ॥

তলে তলে তলগোজা খায়
লোকের কাছে সতী কওলায়
এমন শঠ অনেক পাওয়া যায়
সদর যে হয় সেই পাতকী ॥

অনুরাগী রসিক হলে
সে কি ডরায় কুল নাশিলে
লালন বেড়ায় ফুচকি খেলে
ঘোমটা দেয় আর চায় আড়চোখী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯৭.

ঐ কালার কথা কেন
বল আজ আমায়
যার নাম শুনলে আগুন জ্বলে
অঙ্গ জ্বলে যায় ॥

তুমি বৃন্দে নামটি ধর
জলে অনল দিতে পার
রাধাকে ভোলাতে তোর
এবার বুঝি কঠিন হয় ॥

যে কৃষ্ণ রাখাল অলি
তাঁরে ভোলায় চন্দ্রাবলী
সে কথা আর কারে বলি
ঘৃণায় আমার জীবন যায় ॥

শতেক হাঁড়ির ব্যঞ্জন চাখা
রাই বলে ধিক তারে দেখা
লালন বলে এবার বাঁকা
সোজা হবে মানের দায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯৮.
ওগো বৃন্দে ললিতে
আমি কৃষ্ণহারা হলাম জগতে ॥

ও সখীরে চল চল বনে যাই
বৃন্দাবন আছে কত দূরে
বন্ধুর দেখা নাই
ছাড়িয়া ভবের মায়া
দেহ করিলাম পদছায়া
ললিতে তাঁর পায়ের ধ্বনি শুনিতে ॥

আগে সখী পিছে সখী
শত শত সখী
সব সখীর কর্ণে সোনা দেখি
নদীর কূলে বাজায় বাঁশী
কপালী তিল তুলসী
রাধিকার বন্ধু হয় কোনজনেতে ॥

AMARBOI.COM

বনের পশু যারা
আমার থেকে ভাল তারা
সঙ্গে লয়ে থাকে আপন পতিরে
তারা পতির সঙ্গে করে আহার
পতির সঙ্গে করে বিহার
লালন বলে মজে থাক আপনার পিরিতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৯৯.

ওগো রাইসাগরে নামল শ্যামরাই
তোরা ধর গো হরি ভেসে যায় ॥

রাইপ্রেমের তরঙ্গ ভারি
তাতে ঠাঁই দিতে কি পারবেন হরি
ছেড়ে রাজত্ব
প্রেমে উন্মত্ত
কৃষ্ণের ছিন্ন কাঁথা উড়ে গায় ॥

চার যুগেতে ঐ কেলেসোনা
তবু শ্রীরাধার দাস হতে পারল না
যদি হতো দাস
যেত অভিলাষ
তবে আসবে কেন নদীয়ায় ॥

তিনটি বাঞ্ছা অভিলাষ করে
হরি জন্ম নিলেন শচীর উদরে
সিরাজ শাঁইর বচন
ভেবে কয় লালন
সে ভাব জানলে প্রেমের রসিক হয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০০.
ও প্রেম আর আমার ভাল লাগে না
তোমার প্রেমের দায়ে জেল খাটিলাম
তবু ঋণশোধ হলো না ॥

একদিন গিয়েছিলাম সেই যমুনার ঘাটে
কত কথা মনে প'লো গো পথে
আমি রাধে সারানিশি কাঁদিয়া বেড়াই
তবু তো দেখা দিলে না ॥

তোমার সঙ্গে প্রেম করিয়ে হলো জ্বালা
সে প্রেমের জন্যে গাঁথিলাম বিনে সূতার মালা
প্রেম বিলায় কি ছালা ছালা
সেটা মনে থাকে না ॥

সে প্রেমের মূল্য দিতে কুলমান যায়
তারে বুঝি গো রাখা হলো দায়
তাই লালন কয় শ্যামরাইয়ের
প্রেম বুঝি আর হলো না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০১.
করে কামসাগরে এই কামনা
দান করিয়ে মধু
কুলের কুলবঁধূ
পেয়েছে কেলেসোনা ॥

করে কঠোর ব্রত ক্ষীরোদার কূলে
কুল ভাসিয়ে দিয়েছে অকুলে
সেই কুলের কাঁটা
করিলে যে কুলটা
গোপীকুলের যত ব্রজাঙ্গনা ॥

গেল গেল কুল
করিলে ভুল
অকুল পাথারে ভাসায়ে দুকুল
কেঁদে হয় আকুল
পেল না সে কুল
কুলে এসে কুল ধ্বংস কর না ॥

করিয়ে ঘটা
বাঁধাইলে যে ল্যাটা
এখন সবাই মারে তোরে ঝাঁটা
তাই লালন ভনে
মরেছে বঁধু নিজগুণে
কুল ভেঙে
অকুলে যেয়ে
করল মহাঘটনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০২.
কাজ নাই আমার দেখে দশা
ব্রজের যত ভালবাসা
সার হলো যাওয়াআসা ॥

পরনেতে পরিব কৌপীন
অঙ্গেতে চৈতন্যের চিন
কাঁদি আমি ঐদিন
বলে মনে আমার বড় বাঞ্ছা ॥

কেউ কার সঙ্গে না যাবে
সঙ্গের সাথী করে লবে
এলামরে নদীয়ার ভাবে
খেলব এবার প্রেমের পাশা ॥

ভুলি নাই ভাই ওরে ছিদাম
সকল কথা তোরে কইলাম
লালন বলে নদেয় এলাম
হই নে যেন নৈরাশা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০৩.

কানাই একবার ব্রজের দশা
দেখে যারে
তোর মা যশোদা
কী হালে আছেরে ॥

শোকে তোর পিতা নন্দ
কেঁদে কেঁদে হলো অন্ধ
গোপীগণ সব হয়ে ধন্ধ
রয়েছে হারে ॥

বালক বৃদ্ধযুবাদি
নিরানন্দ নিরবধি
না দেখে চরণনিধি
তোরেরে ॥

না শুনে তোর বাঁশির তান
পশুপাখি উচাটন
লালন বলে ছিদাম হেন
বিনয় করে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০৪.

কার ভাবে এ ভাব তোররে
জীবন কানাই
করে বাঁশি নাই মাথে চূড়া নাই ॥

ক্ষীর সর ননী খেতে
বাঁশিটি সদাই বাজাতে
কী অসুখ পেলে তাতে
ফকির হলি ভাই ॥

অগুরু চন্দনাদি
মাখিতে নিরবধি
সেই অঙ্গ ধূলায় অদ্ভুতই
এখন দেখতে পাই ॥

বৃন্দাবন যথার্থ বন
তুই বিনে হলোরে এখন
মানুষলীলা করবে কোনজন
লালন ভাবে তাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০৫.
কার ভাবে এ ভাব হারে জীবন কানাই
রাজরাজ্য ছেড়ে কেন বেহাল দেখতে পাই ॥

ভেবে তোর ভাব বুঝিতে নারি
আজ কিসের কাঙ্গাল আমার অটল বিহারী
ছিল অগুরু চন্দন
যে অঙ্গে ভূষণ
সে অঙ্গ আজ কেন লুণ্ঠিত ধূলায় ॥

ব্রহ্মাণ্ড ভাবুক যাঁরে ভাবিয়ে
আজ সে ভাবুক কার ভাব লয়ে
এ কী অসম্ভব ভাবনা
সম্ভবে কোনজনা
মরি মরি ভাবের বলিহারি যাই ॥

অনুভবে ভেবে কতই করি সার
শ্যামচাঁদের উত্তম কী চাঁদ আছে আর
করে চাঁদে চাঁদহরণ
সেইবা কেমন
ভক্তিবিহীন লালন বসে ভাবে তাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০৬.
কালা বলে দিন ফুরাল
ডুবে এলো বেলা
সদাই বল কালা কালা ॥

কালা কালা বলে
কেন হয়েছে উতালা
গোপনে সে গাঁথে মালা
প্রকাশিলে জ্বালা ॥

ও কালা তো কালা নয়
ঐ কালার কীরূপ হয়
কৃষ্ণকালা কেন ভুলে রইলে
ওরে মনভোলা ॥

সে কালা তো জন্মলয় না
দেবকীর ঘরে
ষোলোশ গোপিনীলীলা নাহি করে
থাকে সে একেলা ॥

কালা মহাগুণমণি
চৌদ্দ হাতে শস্ত্রপাণি
যে জানে সেই গুণবাখানি
কালাকালে সেই তো কালা ॥

মথুরায় হয় কৃষ্ণ রাজা
অর্জুন তাঁহারই প্রজা
সুভদ্রা ভগ্নী তাঁহার
অভিমন্যুর কেমন জ্বালা ॥

কালার ঘরে বাতি জ্বলে
অন্ধকার হয় উজালা
ফকির লালন বলে সে কালার নাম
আসলে লা শরিকালা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০৭.

কালার কথা আর আমায় বল না
ঠেকে শিখলাম কালারূপ
আর হেরব না ॥

যেমন ও কালা
ওর মনও কালা
ওর প্রেমের এই শিক্ষে
বেড়ায় ব্যঞ্জন চেখে
লজ্জা করে না ॥

এক মন কয়
জায়গায় বিকায়
লজ্জায় মরে যাই
অমন প্রেম আর করব না ॥

যেমন চন্দ্রাবলী
তেমন রাখাল অলি
থাকে দুজনা
শুনে রাধার বোল লালনের
বোল সরে না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০৮.
কালো ভাল নয় কিসে বল সবে
বিচার করে দেখতে গেলে
কালোই ভাল বলবে শেষে ॥

কৃষ্ণ ছিল গৌরবরণ
বুকে দেখ কালীর চরণ
সোনাবরণ লক্ষ্মী ঠাকুরিনী
বিষ্ণুর চরণ টিপিতেছে ॥

কালো পাঠার মাংস ভাল
দুধ ভাল গাই হলে কালো
আবার দেখো কালো কোকিল
মধুরতানে কুহু কুহু ডাকিতেছে ॥

কালো চুলে শোভে নারী
সাদা হলে হয় সে বুড়ি
লালন বলে রসের বুড়ো
দেখো সাদা চুলে কলপ ঘসে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০৯.

কী ছার মানে মজে
কৃষ্ণধনকে চেন না
থাক থাক ওগো প্যারী
দুদিন বাদে যাবে জানা ॥

কৃষ্ণেরে কাঁদালে যত
তুমিও কাঁদিবে তত
ধারাশোধ চিরদিন তো
প্রচলিত আছে কিনা ॥

যখন বলবে কোথায় হরি
এনে দে গো সহচারী
তখন যে সাধলাম প্যারী
তা কি মনে জান না ॥

বাড়াবাড়ি হইলে ক্রমে
কুঘটেতে আটক নম্রকর্মে
লালন কয় পাষাণ ঘামে
শুনে বৃন্দের বন্দনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১০.

কী ছার রাজত্ব করি
গোপাল হেন পুত্র আমার
অক্রুর এসে করল চুরি ॥

মিছে রাজা নামটি আছে
লক্ষ্মী সে তো গা তুলেছে
যে হতে গোপাল গিয়েছে
সেই হতে অন্ধকার পুরী ॥

শোকানলে চিত্ত মাঝার
কার বা বাড়ি কার বা ঘর
একা পুত্র গোপাল আমার
করে গেল শূন্যাকারি ॥

নন্দ যশোদার ছিল
অক্রুর মুনি বিষম কালো
প্রাপ্ত কৃষ্ণ হরে নিল
লালন কয় এ দুঃখ ভারি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১১.

কৃষ্ণপ্রেমের পোড়াদেহ
কী দিয়ে জুড়াই বলো সখী
কে বুঝিবে অন্তরের ব্যথা
কে মোছাবে আঁখি ॥

যে দেশে গেছে বন্ধু কালা
সে দেশে যাব নিয়ে ফুলের মালা
আমি ঘুরব নগর গায়ে যোগিনী বেশে
সুখ নাই যে মনে গো সখী ॥

তোমরা যদি দেখে থাক কালারে
বলে দাও গো তাঁর খবর আমারে
নইলে আমি প্রাণ ত্যাজিব যমুনার জলে
কালাচাঁদ করে গেল আমায় একাকী ॥

কালাচাঁদকে হারায়ে হলাম যোগিনী
কত দিবানিশি গেল কেমনে জুড়াই প্রাণই
লালন বলে কর্মদোষে না পেলে রাই
কালার যুগল চরণ কেঁদে হবে কী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১২.

কৃষ্ণ বলে শোন লো গোপীগণ
তোদের বসন চুরি করি কী কারণ
আমার শর্ত কর না পালন ॥

এখন কেন কর ছলনা
রাধে তোমার বসন দেব না
তোমার মধ্যে আছে শ্রীমতি শোন
কি করিতে হবে মিলন ॥

প্রেমে মত্ত হয়েছি তাতে
তুমি যারে পার মিলাতে
শোন লো বৃন্দেদ্যুতি যার বসন
তাকে দেব খুশি হলে মন ॥

গোপীরা যখন উলঙ্গিনী হয়
তাই কি আর প্রাণে সয়
ময়ূর যেমন মেঘ দেখে খুশি হয়
তেমনি খুশি কৃষ্ণ হয় রচে লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১৩.

কৃষ্ণ বিনা তৃষ্ণাত্যাগী
সেই বটে শুদ্ধ অনুরাগী ॥

মেঘের জল বিনে চাতক যেমন
অন্যজলের নহে ভোগী
তেমনই কৃষ্ণভক্তজন
একান্ত কৈটে মনে কৃষ্ণের লাগি ॥

স্বর্গসুখ নাহি চায় সে
মিশিতে না চায় সাযুজ্যে
তাঁর ভাবে সে বুঝায় স্পষ্ট
কেবল কৃষ্ণসুখের সুখী ॥

কৃষ্ণপ্রেম যার অন্তরে
তার কী করণ সেই তা জানে
অধীন লালন বলে আমার
সুখৈশ্বর্য কারবার মন বিবাগী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১৪.

কে বোঝে কৃষ্ণের অপার লীলে
ব্রজ ছেড়ে কে মথুরায় রাজা হলে ॥

কৃষ্ণ রাধা ছাড়া তিলার্ধ নয়
ভারতপুরাণে তাই কয়
তবে কেন ধনী দুর্জয়
বিচ্ছেদে জগত জানালে ॥

নিগম খবর জানা গেল
কৃষ্ণ হতে রাধা হলো
তবে কেন এমন হলো
আগে রাধা পিছে কৃষ্ণ বলে ॥

সবে বলে অটল হরি
সে কেন হয় দণ্ডধারী
কিসের অভাব তাঁরই
ঐ ভাবনা ভেবে ঠিক না মেলে ॥

কৃষ্ণলীলার লীলা অথৈ
থৈ দেবে কেউ সে সাধ্য নাই
কি ভাবিয়ে কী করে যাই
লালন বলে প'লাম বিষম ভোলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১৫.

গোপালকে আজ মারলি গো মা
কোন পরানে
সে কি সামান্য ছেলে
তাই ভাবলি মনে ॥

দেবের দুর্লভ গোপাল
চিনে না যার ফ্যারের কপাল
যে চরণ আশায়
শ্মশানবাসী হয়
দেবাদিদেব শিব পঞ্চাননে ॥

একদিন যার ধেনু হরে
নিল ব্রহ্মা পাতালপুরে
তাতে ব্রহ্মা দোষী হয়
সবাই জানতে পায়
তুমি জান না এই বৃন্দাবনে ॥

যোগেন্দ্র মহেন্দ্রাদি
যোগসাধনে না পায় নিধি
সেই কৃষ্ণধন
তোমারই পালন
লালন বলে এ কী ঘোর এখানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১৬.

চেনে না যশোদা রাণী
গোপাল কি সামান্য ছেলে
ধ্যানে যারে পায় না মুনি ॥

একদিন চরণ ঘেমেছিল
তাইতে মন্দাকিনী হলো
পাপহরা সুশীতল
সে মধুর চরণ দুখানি ॥

বিজলী বাঞ্ছিত সে ধন
মানুষরূপে এই বৃন্দাবন
জানে যত রসিক সুজন
সে কালার গুণখানি ॥

দেবের দুর্লভ গোপাল
ব্রহ্মা তাঁর হরিল গোপাল
লালন বলে আবার গোপাল
কীর্তি গোপাল করলে শুনি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১৭.

ছি ছি লজ্জায় প্রাণ বাঁচে না
ভরা কলসের জল
ঢলে যেন পড়ে না ॥

রাধে লো তোরে করিরে মানা
কদমতলায় আর যেও না
গেলে কদমতলা তোমার
বসন আর থোবে না ॥

রাধে লো তোরে করিরে মানা
কৃষ্ণের সঙ্গে প্রেম কর না
কৃষ্ণের সঙ্গে করিলে প্রেম
সর্বসখী গছবে না ॥

রাধে লো তোরে করিরে মানা
কালার সঙ্গে কথা বল না
লালন বলে সর্বাঙ্গ বেঁধে দেবে
তোমায় ছাড়বে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১৮.
জয়কেতে শ্যাম দাঁড়িয়ে
কেন কৃষ্ণপানে চেয়ে
সকাল বেলা ওঁকে ছুঁয়ে
কে মরিবে নেয়ে ॥

যে ডাকে যায় তারই কাছে
বেড়ায় গোপা নেচে নেচে
আর কি উহার গোপন আছে
গেছে এঁটো হয়ে
এঁটোপাতা কে চেটে খাবে
কোন হাভাতে মেয়ে ॥

ধনী বলে ও ললিতে
বল গে ওকে উঠে যেতে
কেন এখানে দাঁড়িয়ে আছে
লাজের মাথা খেয়ে
আমরা জায়গায় ছড়াকাঠি দিয়ে
আনি যে বয়ে ॥

আমার হাড় করেছে কালি
চাইলে উহার রূপের ডালি
লয়ে যাক চন্দ্রাবলী
খাবে ধুয়ে ধুয়ে
লালন বলে সকালবেলা
ম'লাম বটে
ভাসিয়ে তরী বেয়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১১৯.

জান গা যা সেই রাগের করণ
যাতে কৃষ্ণবরণ হলো গৌরবরণ ॥

শতকোটি গোপীর সঙ্গে
কৃষ্ণপ্রেম রসরঙ্গে
সে যে টলের কার্য নয়
অটল না বলায়
সে আর কেমন ॥

রাধাতে কী ভাব কৃষ্ণের
কী ভাবে বশ গোপীর সনে
সে ভাব না জেনে
সে রঙ্গ কেমনে
পাবে কোনজন ॥

শুদ্ধরসের উপাসনা
না জানিলে রসিক হয় না
লালন বলে সে না
ব্রজের অকৈতব ধন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২০.
তুমি যাবে কিনা যাবে হরি
জানতে এসেছি তাই
ব্রজ হতে তোমায় নিতে
পাঠিয়েছেন রাই ॥

শাল পাগড়ি মাথায় দিয়ে
মথুরাতে রাজা হয়ে
তুমি ভুলে আছ কুজারে পেয়ে
শ্রীরাধার কথা মনে নাই ॥

আমি বৃন্দে নামটি ধরি
তুমি যাবে কিনা যাবে হরি
তোমার হাতে দিয়ে প্রেমডুরি
বেঁধে নেব তায় ॥

রাইপ্রেমের তরঙ্গ ভারি
ফকির লালন বলে আহা মরি
হরি আর শাঁইয়ের মাঝে
কোনও তফাৎ নাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২১.

তোমা ছাড়া বল কারে রাই
সেই কারণ্যলোভে ভেসেছিলাম একাই ॥

সঙ্গ লয়ে হে তোমারই
তুমি হবে আমার আধারী
মনে তোমারই স্মরণ করি
বটপত্ররূপে ভেসেছিলাম তাই ॥

তোমারই কারণে
গোষ্ঠে গোচারণে
নন্দের বাদা বয়ে মাথায়
সদাই বলি মনের সুখে জয়
জয় রাধে বৃন্দাবনে সদা বাঁশি বাজাই ॥

পরেতে গোলোকে পরম পুলকে
মহারাসলীলা করি দুইজনে
সে মহারসের ধনী বিনোদিনী
লালন বলে সে হরি নন্দের কানাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২২.

তোমরা আর আমায়
কালার কথা বল না
ঠেকে শিখলাম গো
কালোরূপ আর হেরব না ॥

যেমন রূপটি কালো
তেমনই উহার মনটি কালো
পরলাম কলঙ্কের হার
তবু কালার
মন পেলাম না ॥

প্রেমের কি এই শিক্ষে
বেড়ায়ও ব্যঞ্জন চেখে
লজ্জা করে না
ঘৃণায় মরে যাই
এমন প্রেম আর করব না ॥

যেমন চন্দ্রাবলী
তেমনই রাখাল অলি
থাক সে দুইজনা সনে
লালন কয় রাধার বোল সরে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২৩.

তোর ছেলে গোপাল
সে যে সামান্য নয় মা
আমরা চিনেছি তাঁরে
বলি মা তোরে
তুই ভাবিস যা ॥

কার্য দ্বারা জ্ঞান হয় যে
সেই অটল চাঁদ নেমেছে ব্রজে
নইলে বিষম কালিদহে
বিষের জ্বালায় বাঁচত না ॥

যেজন বাঞ্ছিত সদাই
তোর ঘরে মা সেই দয়াময়
নইলে কি গো বাঁশীর
সুরধারায় ফিরে গঙ্গা ॥

যেমন ছেলে গোপাল তোমার
অমন ছেলে আর আছে কার
লালন বলে গোপালের সঙ্গে যে
গোপাল হয় মা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২৪.
দাঁড়া কানাই একবার দেখি
কে তোরে করিল বেহাল
হলিরে কোন দুঃখের দুঃখী ॥

পরনে ছিল পীতম্বরা
মাথায় ছিল মোহনচূড়া
সে বেশ হইলি ছাড়া
বেহাল বেশ নিলি কোন সুখই ॥

ধেনু রাখতে মোদের সাথে
আবাই আবাই ধ্বনি দিতে
এখন এসে নদীয়াতে
হরির ধ্বনি দাও এ ভাব কী ॥

ভুল বুঝি পড়েছে ভাই তোমার
আমি সেই ছিদাম নফর
লালন কয় ভাব শুনে বিভোর
দেখলে সফল হতো আঁখি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২৫.

ধন্যভাব গোপীর ভাব
আ মরি মরি
যাতে বাঁধা ব্রজের শ্রীহরি ॥

ছিল কৃষ্ণের প্রতিজ্ঞা এমন
যে করে ভজন
যেভাবে তাইতে হয় তারই
সে প্রতিজ্ঞা আর
না রইল তাঁর
করল গোপীর ভাবে মনচুরি ॥

ধর্মাধর্ম নাই সে বিচার
কৃষ্ণসুখে সুখ গোপীকার
হয় নিরন্তরই
তাইতে দয়াময়
গোপীর সদয়
মনের ভ্রমে জানতে নারি ॥

গোপীভাব সামান্য বুঝে
হরিকে না পেল ভজে
শ্রীনারায়ণী
লালন কয় এমন
আছে কতজনই
বলতে হয় দিন আখেরী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২৬.
ধর গো ধর সখী
আজ আমার এ কী হলো
আমার প্রাণ যেন
কেমন করে উলো উলো ॥

আমি কেন এলাম যমুনার ঘাটে
ঐ কালারূপ দেখলাম তটে
আমার কাঁখের কলসি কাঁখে রইল
দু নয়ন জলে কলসি ভরে গেল ॥

ও কালার উরু বাঁকা ভুরু বাঁকা
ময়ূরপঙ্খী নাও উড়ায় প্রাণসখা
তাতে আছে আমার নাম লেখা
আমি কেন পাই না দেখা সখী বল ॥

আমায় দংশিল গৌরাঙ্গ ফণী
বিষ নামে না ও সজনী
দেহ বিষে জর্জর
প্রাণ কাঁপে থরথর
লালন বলে বিষে অঙ্গ হলো কালো ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২৭.

নামটি আমার সহজ মানুষ
সহজ দেশে বাস করি
বলি সদা রাধা রাধা
রাধার প্রেমে ঘুরি ফিরি ॥

আমি ক্ষণেক থাকি স্বরূপদেশে
আবার বেড়াই হাওয়ায় মিশে
শতদলে ভক্তের উদ্দেশে
ঘৃতছানা পান করি ॥

আমি অযোধ্যার রাম
গোপীগণের শ্যাম
যেভাবে যে যখন ডাকে
সেভাবে পুরাই মনস্কাম
ভক্তের দ্বারে বাঁধা আছি
তাই শান্তিরসে ভর করি ॥

আমাকে ধরা সহজ নয়
আমি যশোদার কানাই
ভক্তের মনরক্ষা করতে
গোধন চরাই
ভক্ত ছাড়া নয়কো আমি
সুবাতাসেতে ঘুরি ॥

আমি রাই ক্ষীরোদরসে
ভক্তে থাকি মিশে
ভক্তির পরীক্ষা হলে
পায় সে অনা'সে
ফকির লালন হলো অপদার্থ
চরণ ভিখারী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২৮.

নারীর এত মান ভাল নয় গো কিশোরী
যত সাধে শ্যাম
তত বাড়াও মান
মান বাড়াও ভারি ॥

ধন্যরে তোর বুকেরই জোর
কাঁদাও তুমি জগদীশ্বর
করে মান জারি
ইহার প্রতিশোধ নিবেন কি
সেই শ্রীহরি ॥

ভাবে বুঝলাম দড়
শ্যাম হইতে মান বড়
হলো তোমারই
থাক থাক প্যারী
দুদিন বাদে জানা যাবে
জারিজুরি ॥

তোমরা কে দেখেছ কোথায়
নারী পুরুষকে পায়ে ধরায়
সে কোন নারী
রাগে কয় বৃন্দে
ফকির লালন কী
জানে তারই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১২৯.

প্রেম করা কী কথার কথা
হরি প্রেমে নিল গলে কাঁথা ॥

একদিন রাধে মান করিয়ে
ছিলেন ধনী শ্যাম ত্যাজিয়ে
মানের দায়ে শ্যাম
যোগী হয়ে মুড়ালে মাথা ॥

আর এক প্রেমে মজে ভোলা
শ্মাশানে মশানে করে খেলা
গলে শুদ্ধ হাড়ের মালা
দেখতে পাগল অবস্থা ॥

রূপ-সনাতন উজির ছিল
প্রেমে মজে ফকির হলো
লালন বলে তেমনই জেন
শুদ্ধ সে প্রেমের ক্ষমতা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩০.

প্রেম করে বাড়িল দ্বিগুণ জ্বালা
ছল করে প্রাণ হরে নিলো কালা ॥

সখীরে আমি যখন বাঁধতে বসি
ও সে কালা বাজায় বাঁশি
মন হয় যে উদাসী
কী করি
ভেবে মরি
এ কী করিল কালা ॥

সখীরে আমার লাগি ঐ না কালা
প্রেমের হাট বসাল কদমতলা
কদমতলায় করেছি কত লীলা
তাইতে হলো বুঝি জীবন কালা ॥

সখীরে শুইলে স্বপনে দেখি
শ্যাম কাছে বসে ধরে আঁখি
হেঁসে হেঁসে বলছে কথা চাঁদমুখী
লালন বলে রাই পরিয়েছিল শ্যামের গলে মালা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩১.
প্রেমবাজারে কে যাবি তোরা
আয় গো আয়
প্রেমের গুরু কল্পতরু
প্রেমরসে মেতে রয় ॥

প্রেমরাজ মদনমোহন
নিহেতুপ্রেম করে সাধন
শ্যামরাধার যুগল চরণ
প্রেমের সহচরী গোপীগণ
গোপীর দ্বারে বাঁধা রয় ॥

অবিন্দু উথলিয়ে নীর
পুরুষপ্রকৃতি হয় একার
দোহার প্রেমশৃঙ্গার
মেতে উভয়ের
শেষে লেনাদেনা হয় ॥

নির্মল প্রেম করে সাধন
শম্ভূরসে করে স্থিতি
সামান্য রতিসাধন
সিরাজ শাঁই বলে শোনরে লালন
তাতে শ্যামাঙ্গ গৌরাঙ্গময় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩২.

প্রেম শিখালাম যারে হাত ধরি
দেখ দেখ সজনী
দিবারজনী
তার প্রেমে এখন জ্বলে মরি ॥

ওরে মন প্রেম শিখাইলি যারে
সে প্রেম তোরে বাঁধিয়া মারে
নয়নে নয়নে
সন্ধানে স্মরণে
মরমে বেঁধেছে এ কুলের নারী ॥

অস্ত্রাঘাতের ব্যথা শুকাইলে যায়
প্রেমাঘাত করে জীবন সংশয়
তবু জীবন যায় না সে দেখে
দিবানিশি করে জ্বালাতন আমারই ॥

আগে নাহি জানি এমন হবে
বাঘ শিকারীকে বাঘে ধরে খাবে
অনুরাগের বাঘে খেল লালনেরে
যেমন গর্ভে ধরে অসৎনারী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩৩.
প্যারী ক্ষমো অপরাধ আমার
মানতরঙ্গে করো পার ॥

তুমি রাধে কল্পতরু
ভাবপ্রেমরসের গুরু
তোমা বিন অন্য কারও
না জানি জগতে আর ॥

পূর্বরাগ অবধি যারে
আশ্রয় দিলে নৈরাকারে
অল্পদোষে এ দাসেরে
ত্যাজিলে কি পৌরুষ তোমার ॥

ভালমন্দ যতই করি
তথাপি প্রেমদাস তোমারই
লালন বলে মরি মরি
হরির এ কী ঋণ স্বীকার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩৪.

বড় অকৈতব কথা
ওরে ছিদাম সখা
ষড়ৈশ্বর্য ত্যাজ্য করে
ধূলায় অঙ্গমাখা ॥

ব্রজপুরে নন্দের ঘরে
ছিলামরে ভাই কারাগারে
তাইতে আমি এলাম ছেড়ে
নদীয়ায় এসে দেখা ॥

অগুরু চন্দন এখন
সব দিয়েছি রাধার কারণ
এই অঙ্গে সেই অঙ্গের জীবন
আছে চন্দ্রমাখা ॥

রাধাপ্রেমের ঋণের কাঙ্গাল
বৃন্দাবন ত্যাগ করে নন্দলাল
মনের দুঃখে বলছে লালন
আমার দফা হলো রফা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩৫.

ব্রজলীলে এ কী লীলে
কৃষ্ণ গোপীকারে জানাইলে ॥

যারে নিজশক্তিতে গঠলেন নারায়ণ
আবার গুরু বলে ভজলে তার চরণ
এ কী ব্যবহার
শুনতে চমৎকার
জীবের বোঝা ভার ভূমণ্ডলে ॥

লীলা দেখে কম্পিত ব্রজধাম
নারীর মান ঘুঁচাতে যোগী হলেন শ্যাম
দুর্জয় মানের দায়
বাঁকা শ্যামরায়
নারীর পাদপদ্ম মাথায় নিলে ॥

ত্রিজগতের চিন্তা শ্রীহরি
আজ কি নারীর চিন্তায় হলেন গো হরি
অসম্ভব বচন
ভেবে কয় লালন
রাধার দাসখতে শ্যাম বিকাইলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩৬.
ভেব না ভেব না ও রাই আমি এসেছি
আমি যে তোমায় বড় ভালবাসি ॥

তুমি ভালবাস মনে মনে
আমি বাসি তোমায় প্রাণে প্রাণে
শয়নে কি স্বপনে
তোমায় না হেরিলে
বৃন্দাবনে ছুটে আসি ॥

খুঁজলে পাবে কোথা বনে
আসাযাওয়া আমার নিষ্ঠুর মনে
কখনও থাকি শ্রীবৃন্দাবনে
কখনও গোচারণে কখনও বাজাই বাঁশি ॥

মনে কর ও কমলিনী
তুমি তো প্রেমের সোহাগিনী
লালন ভনে প্রেমকাহিনি
রাইপ্রেমে মগ্ন দিবানিশি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩৭.
মন সামান্যে কি তাঁরে পায়
শুদ্ধপ্রেম ভক্তির বশ
কৃষ্ণ দয়াময় ॥

কৃষ্ণের আনন্দপুরে
কামী লোভী যেতে নারে
শুদ্ধভক্তির ভক্তের দ্বারে
সে চরণ নিকটে রয় ॥

বাঞ্ছা থাকলে সিদ্ধিমুক্তি
তারে বলে হেতুভক্তি
নিহেতুভক্তির রীতি
সবেমাত্র দীননাথের পায় ॥

ব্রজের নিগূঢ়তত্ত্ব গোঁসাই
শ্রীরূপেরে সব জানালে তাই
লালন বলে মোর্শেদ সাধলে
সেইমত রসিক মহাশয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩৮.

মনের কথা বলব কারে
মন জানে আর জানে মরম
মজেছি মন দিয়ে যাঁরে ॥

মনের তিনটি বাসনা
নদীয়ায় করব সাধনা
নইলে মনের বিয়োগ যায় না
তাইতে শ্রীদাম এ হাল মোরে ॥

কটিতে কৌপীন পরিব
করেতে করঙ্গ নেব
মনের মানুষ মনে রাখব
কর যোগাব মনের শিরে ॥

যে দায়ের দায় আমার এ মন
রসিক বিনে বুঝবে কোনজন
গৌর হয়ে নন্দের নন্দন
লালন কয় তা বিনয় করে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৩৯.
মা তোর গোপাল নেমেছে কালিদয়
 সে যে বাঁচে এমন সাধ্য নয় ॥

কালিদায় কমল তুলতে
দিলি কেন গোপালকে যেতে
মরে সে নাগের হাতে
 বিষ লেগে গোপালের গায় ॥

কালকূটি কালনাগ যারা
কালিদয় আছে তারা
বিষে অঙ্গ জরজরা
 বিষেতে তাঁর প্রাণ যায় ॥

কংসের কমলের কারণ
কালিদায় নামিল নীলরতন
লালন বলে পুত্রের কারণ
 বাঁচে না যশোদা মায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪০.
মাধবী বনে বন্ধু ছিল সই লো
বন্ধু আমার কেলেসোনা
কোন বনে লুকাইল ॥

মাধবীলতার গায়
মাধবীলতার ছায়
দেখ দেখ সই
লতায় পাতায়
বন্ধুরূপে আলো ॥

কৃষ্ণপ্রেমের এমনই ধারা
করিল আমায় পাগলপারা
হলাম জাতকুল মানহারা
এ বিষম জ্বালা হলো ॥

নাম ধরে বাজায় বাঁশি
অকুল বিজনেতে বসি
ঐ শোন কী বলে বাঁশি
কোন বনে বাজিল সই লো ॥

আমায় দিয়েছে কেবল ফাঁকি
প্রাণটা শুধু আছে বাকি
ফকির লালন বলে বন্ধুর লাগি
অন্তর পুড়ে ছাই হলো ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪১.
যাও হে শ্যাম রাইকুঞ্জে আর এসো না
          এলে ভাল হবে না ॥

গাছ কেটে জল ঢাল পাতায়
এই চাতুরি শিখলে কোথায়
উচিত ফল পাবে হেথায়
          তা নইলে টের পাবে না ॥

করতে চাও শ্যাম নাগরালি
যাও যথা সেই চন্দ্রাবলী
এ পথে পড়েছে কালি
          এ কালি আর যাবে না ॥

কেলেসোনা জানা গেল
উপরে কালো ভিতরে কালো
লালন বলে উভয় ভাল
          করি উভয় বন্দনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪২.

যাবরে ও স্বরূপ কোনপথে
স্বরূপ আয়রে আয় এসে
আমায় ব্রজের পথ বলে দে ॥

যাঁর জন্যে ঝরে নয়ন
তাঁরে কোথা পাব এখন
যাব আমি শ্রীবৃন্দাবন
না পারি পথ চিনিতে ॥

দেখব সেই নন্দের কুমার
মনে সাধ হয়রে আমার
মিনতি করি তোমায়
পথের উদ্দেশ জানিতে ॥

একবার ঐ গোকুলের চাঁদ
দেখে জুড়াই নয়নের সাধ
লালন বলে গৌরাঙ্গ রূপচাদ
কেঁদে আকুল হয় চিতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪৩.

যাঁর ভাবে আজ মুড়েছি মাথা
সে জানে আর আমি জানি
আর কে জানে মনের কথা ॥

মনের মানুষ রাখব মনে
বলব না তা কারও সনে
ঋণ শুধিব কতদিনে
মনে আমার এহি চিন্তা ॥

সুখের কথা বোঝে সুখী
দুখের কথা বোঝে দুখী
পাগল বোঝে পাগলের বোল
অন্যে কি বুঝবে তা ॥

যারে ছিদাম তোরা দুই ভাই
আমার বদ্‌হাল শুনে কাজ নাই
বিনয় করে বলছে কানাই
লালন পদে রচে তা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪৪.

যে অভাবে কাঙ্গাল হলাম ওরে ছিদাম দাদা
আমার ধড়া চূড়া মোহন বেনু
সব নিয়েছে রাধা ॥

খত লিখিলাম নিজ হস্তে
ললিতা বিশাখার সাথে
খতের সই তাতে
কিঞ্চিৎমাত্র শোধ করিলাম
খতে উশুল না দেয় রাধা ॥

শ্রীরাধার ঋণ শুধিবার তরে
এলাম ডোর কোপনী পরে
রাধার ঋণের তরে
কাঁদি দিন দিন বলে
সেইদিন রাধা না দেয় দেখা ॥

প্রেমের দায়ে মত্ত হয়ে
শিরে বাদা বয়ে এলাম নিজালয়ে
সিরাজ শাঁই বলেরে লালন
জয় জয় বল রাধা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪৫.

যে দুঃখ আছে মনে
ওরে ও ভাই ছিদাম
সেই দুঃখের দুঃখে না হলো সুখ
তাইতে নদেয় এলাম ॥

যদি দেখা পাইতাম তারে
সকল কথা কইতাম তারে
বড় আশা
ও ভাই সখা
আমি তাইতে আসিলাম ॥

শোনরে ভাই ছিদাম নফর
দুঃখ শুনে কাজ নাই তোর
নাই আমার স্থান
নূতন সাধন করব এখন
তাইতে ডোর কৌপীন পরিলাম ॥

দেবের দেব বাঞ্ছা সে ধন
কোথায় গেলে পাব এখন
বল ও ভাই সুদাম
লালন সেই আশায় আছে
আজ তাঁরে যদি পেতাম ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪৬.

যে ভাব গোপীর ভাবনা
সামান্য জ্ঞানের কাজ নয় সে ভাব জানা ॥

বৈরাগ্যভাব বেদের বিধি
গোপীভাব অকৈতব নিধি
ডুবল তাহে নিরবধি
রসিক জনা ॥

যোগীন্দ্র মনীন্দ্র যাঁরে
পায় না যোগধ্যান করে
সেহি কৃষ্ণ গোপীর দ্বারে
হয়েছে কেনা ॥

যে জন গোপী অনুগত
জেনেছে সেই নিগূঢ়তত্ত্ব
লালন বলে যাতে কৃষ্ণ
সদাই মগ্না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪৭.
রইসাগরে ডুবল শ্যামরাই
তোরা ধর গো হরি ভেসে যায় ॥

রাইসাগরে তরঙ্গ ভারি
ঠাঁই দিতে পারবেন কি শ্রীহরি
ছেড়ে রাজস্ব
প্রেমের উদ্দেশ্য
ছিন্ন কাঁথা উড়ে গায় ॥

চার যুগে ঐ কেলেসোনা
শ্রীরাধার দাস হতে পারল না
যদি হতো দাস মিটত
মনের আশ আসত
না আর নদীয়ায় ॥

তিনটি বাঞ্ছা অভিলাষ করে
প্রভু জন্ম নিল শচীর উদরে
সিরাজ শাঁইয়ের বচন
মিথ্যা নয়রে লালন
সে ভাব জানলে রসিক হয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪৮.

রাধার কত গুণ
নন্দলালা তা জানে না
কিঞ্চিৎ জানলে লম্পটে ভাব
থাকত না ॥

করে সে পিরিতি নাই তার
সুরীতি কুরীতি ছলনা
বলে রাই সত্য দেখি
অন্য ভাবনা ॥

যদি মন দিলে রাধারে
ও শ্যাম কুব্জারে স্পর্শ করত না
এক মন কয় জায়গায় বেচে
তাও কিছু জানলাম না ॥

চন্দ্রাবলীর সনে মত্ত
কোন রসরঙ্গে ভেবে দেখ না
তেমনই অনন্ত ভ্রান্ত
শ্যামের যায় জানা ॥

গোকুলে প্রেম জানলে লইত না
কাঁথা গলে নদীয়ায় আর আসত না
অধীন লালন কয় কর
এই বিবেচনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৪৯.

রাধার তুলনা পিরিত
সামান্যে কেউ যদি করে
মরেও না মরে পাপী
অবশ্য যায় ছারেখারে ॥

কোন প্রেমে সেই ব্রজপুরী
বিভোরা কিশোরকিশোরী
কে পাইবে গন্ধু তারই
কিঞ্চিৎ ব্যক্ত গোপীর দ্বারে ॥

গোপী অনুগত যাঁরা
ব্রজের সে ভাব জানে তাঁরা
কামের ঘরে শড়কি মারা
মরায় মরে ধরায় ধরে ॥

পুরুষপ্রকৃতি থাকতে স্মরণ
হয় কি প্রেমের করণ
সিংহের দায় দিয়ে লালন
শৃগালের কাজ করে ফেরে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫০.
ললিতা সখী কই তোমারে
মন দিয়েছি যাঁরে
লোকে বলে বলুক মন্দ
লোকের কথায় যাব না ফিরে ॥

তোমরা সখী বুঝাও যত
মন আমার পাগলের মত
না দেখিলে তাঁরে
আমি ভুলিব মনে করি
অন্তর যে ভোলে না মোরে ॥

আমি যখন রাঁধতে বসি
কালা তখন বাজায় বাঁশী
নিকুঞ্জ কাননে
আমার শ্বাশুড়ি ননদি ঘরে
কেমন করে যাই বাইরে ॥

কালা কী মন্ত্রে মন ভোলাল
এখন আমার ঘরে থাকা দায় হলো
বল সখী কী করিরে
লালন বলে তাইতে রাধা কুলশীলে
যাবে না ঘরে সে ফিরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫১.

সেই কালাচাঁদ নদেয় এসেছে
ও সে বাজিয়ে বাঁশি ফিরছে সদাই
কুলবতীর কুলনাশে ॥

মজবি যদি কালার পিরিতি
আগে জান গো যা তার কেমন রীতি
প্রেম করা নয় প্রাণে মরা
অনুমানে বুঝিয়েছে ॥

ঐ পদে যদিও কেউ রাজ্য দেয়
তবু কালার মন নাহি পাওয়া যায়
রাধা বলে কাঁদছে এখন
তারে কত কাঁদিয়েছে ॥

ব্রজে ছিল জলদ কালো
কী সাধনে গৌর হলো
লালন বলে চিহ্ন কেবল
শ্যামের দুই নয়ন বাঁকা আছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫২.
সেই কালার প্রেম করা
সামান্যের কাজ নয়
ভাল হয় তো ভালই ভাল
নইলে ল্যাটা হয় ॥

সামান্যে এই জগতে
পারে কি সেই প্রেম যাজিতে
প্রেমিক নাম পাড়িয়ে সে যে
দুই কুল হারায় ॥

এক প্রেমের ভাব অশেষ প্রকার
প্রাপ্তি হয় সে ভাব অনুসার
ভাব জেনে ভাব না দিলে তার
প্রেমে কি ফল পায় ॥

গোপী যেমন প্রেমাচারী
যাতে বাঁধা বংশীধারী
লালন বলে সে প্রেমেরই
ধন্য জগতময় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫৩.

সেই প্রেম কি জানে সবাই
যে প্রেমে লীলাখেলা
গোপীর আশ্রয় ॥

সেই প্রেমের করণ করা
কামের ঘরে নিষ্কামী যারা
নিহেতু প্রেম অধর ধরা
ব্রজগোপীর ঠাঁই ॥

প্রকৃতিসেবার বিধান
গোপী ভিন্ন কে জানতে পান
প্রাপ্তি হয় সে গোলোক ধাম
যুগল ভজন তাই ॥

গোপীর প্রেমে হয় মহাজন
যাতে বাঁধা মদনমোহন
লালন বলে সে প্রেম এখন
আমার ভাগ্যে নাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫৪.

সেই ভাব কি সবাই জানে
যে ভাবে শ্যাম আছে বাঁধা
গোপীর সনে ॥

গোপী বিনে জানে কেবা
শুদ্ধরস অমৃত সেবা
পাপপুণ্যের জ্ঞান থাকে না
কৃষ্ণ দরশনে ॥

গোপী অনুগত যারা
ব্রজের সে ভাব জানে তারা
নিহেতু প্রেম অধর ধরা
গোপীর সনে ॥

টলে জীব অটলে ঈশ্বর
তাইতে কি সে রসিক নাগর
লালন বলে রসিক বিভোর
রস ভিয়ানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫৫.
সে যেন কী করল আমায়
কী যেন দিয়ে
আমি সইতে নারি
কইতে নারি
সে আমার কী গেছে নিয়ে ॥

ঘরে গুরুগঞ্জন
বাইরে সমাজবন্ধন
আর কতকাল এমন
যাতনা যাব সয়ে ॥

অতৃপ্ত নয়নের আশা
লজ্জাভয় রমণীর ভূষা
যে প্রেমের বিষে লাগল নেশা
কাকে বলি বুঝায়ে ॥

বিরহ যাতনা সয়ে থাকি
মনের জলে ভিজাই আঁখি
কে আছে ব্যথার ব্যথী
লালন কয় কাঁদে হিয়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



গোষ্ঠলীলা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লীলাভূমিকা

অনাদির আদি
শ্রীকৃষ্ণনিধি
তাঁর কী আছে কভু গোষ্ঠখেলা ॥
ব্রহ্মরূপে সে
অটলে বসে
লীলাকারী তাঁর অংশকলা ॥

ভোর হয়েছে। সূর্য উঠছে। ফুল ফুটেছে বনে বনে। পাখিরা ডাকছে মধুর কলতানে। জগতের মাঠে মাঠে উৎপাদনক্রিয়া শুরু হয়েছে আবার। প্রত্যুষের সূর্যোদয়, ফুলফোটা, পাখির কলধ্বনির মত গোপবালক বা রাখাল ছেলেরা মাঠে যাবে। সেখানে হবে গোচারণ খেলা। বালক শ্রীকৃষ্ণকে সঙ্গে নিয়ে গোষ্ঠ বিহারের মাঠে যাবে রাখালেরা। এ ভ্রমণ তারা শূন্য রাখতে নারাজ। কারণ যে রাখে সে-ই রাখাল। তাই তারা সেখানে খেলাচ্ছলে শ্যামের সাথে মিলিত হতে চাইছে যেখানে অনন্তের মানুষরূপ সাজটি তারা প্রাণভরে দেখতে চায়। তাদের উপকরণ অতিসামান্য পীতধরা ও বনফুল মালামাত্র। কিন্তু গোপবালকেরা পেয়েও গোপালকে হারায়। কারণ যিনি হরি মুরারি, কৃষ্ণ, গোবিন্দ তথা গোপাল তিনি চিরশিশু অর্থাৎ শেরেকবিহীন শুদ্ধসত্তা। যিনি সব সময় সর্বত্র আনন্দময়। তাঁকে কোনও মাঠে বনে বা জায়গায়, ঐশ্বর্য ও আড়ম্বরের মধ্যে খণ্ডিতভাবে খুঁজতে গেলে হারাতে হয়। শাঁইজি লালন যাঁকে বলছেন 'অনাদির আদি' তাঁর কোনও গোষ্ঠলীলা নেই। তিনি ব্রহ্মারূপে অটল মোকামে চিরপ্রতিষ্ঠিত। এটি হলো লালন শাঁইজির গোষ্ঠলীলার একটি দিক। শাঁইজি বলেন, "যে কালা সে-ই লা শরিকালা"।

অন্যদিকে 'গোষ্ঠ' শব্দটি এসেছে 'গো' থেকে। 'গো' অথবা ইন্দ্রিয় প্রত্যক্ষভাবে সৌরজগতের সাথে সম্বন্ধযুক্ত। খণ্ড মানবদেহ অখণ্ড মহাবিশ্বদেহের সাথে একসুতোয় বাঁধা। একটি থেকে অন্যটি আপাতদৃষ্টে পৃথকবোধ হলেও মোটে বিচ্ছিন্ন নয়। ফকির লালন শাঁইজির গোষ্ঠলীলা অন্ধকার বা অজ্ঞান অবস্থা থেকে জ্ঞানগত জাগরণ তথা সূর্যোদয়ের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

রূপকমণ্ডিত সূক্ষ্মভাবকে আলম্বন করে। 'গোষ্ঠ' মানে ইন্দ্রিয়জগত বা জীবজগত। যদিও রূপকার্থে জননী যশোদা, পুত্র কানাই এবং বলাই, শ্রীদাম, সুবল প্রমুখ গোপবালকের উপস্থিতি এ লীলায় চরিত্ররূপে ব্যক্ত হয়েছে তথাপি লালন ফকিরের গোষ্ঠলীলা সূক্ষ্ম ভাবার্থে সর্বকালীন রসতত্ত্বের আঙ্গিকে মৌলিক মানবলীলার ভূমিকামাত্র। শাঁইজির এ নিগূঢ় রসাত্মক গোষ্ঠভূমিকা প্রচলিত ধার্মিকতা, রাজনৈতিকতা, সামাজিকতা ও পারিবারিকতার বহু উর্ধ্বের অখণ্ড মহাভাব সঞ্চারী আখ্যান বিস্তার করে মুক্তচৈতন্যে।

বাঙলার ভাবভুবনে তাই ফকির লালন শাহী গোষ্ঠলীলা রসোত্তীর্ণ চিরন্তন বিষয়। এখানে খণ্ডিত-গৌড়ীয় কোনও অর্থান্তর ঘটালে শাঁইজির সামগ্রিকতা ক্ষুন্ন হয়। ফকিরের দর্শনে যাকে বলা হয় দুগ্ধে চোনা মেশানো। সেটা হয়ে দাঁড়ায় নেহাত বিভেদ, সংকীর্ণতা ও সাম্প্রদায়িকতার পরিচায়ক। স্থানকালপাত্র, সমাজ, রাজনীতির বহু উপরে রসজ্ঞান। এমন রসোত্তীর্ণ সূক্ষ্ম শিল্পকলাকে সাহিত্যিক, রাজনৈতিক, আর্থ-সামাজিক ও ধার্মিক খড়ুগ দিয়ে বিচ্ছিন্ন করতে নেমে রসশূন্য আলেম-বুদ্ধিজীবীগণ তথা কাঠমোল্লা-গৌড়ীয় বৈষ্ণবেরা ক্ষুদ্রতায় পর্যবসিত করেছে শেষ পর্যন্ত। অর্থাৎ ব্রাহ্মণ্যবাদী বৈয়াকরণ-আলঙ্কারিক শাস্ত্রীগণ তাদের স্বার্থমগ্ন জ্ঞানবুদ্ধির মাপকাঠিতে বিচার করতে গিয়ে এক প্রকার বন্দি করে ফেলে শ্রীকৃষ্ণকে। অতএব আমরা লালন শাঁইজির গোষ্ঠলীলা ভূমিকাকে গ্রহণ করি রসতত্ত্বের অতিসূক্ষ্ম আঙ্গিকেই। বিস্তারিত দ্রষ্টব্য লালন শাহী গোষ্ঠলীলাভিত্তিক আবদেল মাননানের গোষ্ঠগীতিনৃত্যনাট্য 'গোষ্ঠে চল হরি মুরারি' পুস্তিকা। প্রকাশক : জিনিয়াস পাবলিকেশন্স, বাংলাবাজার, ঢাকা, ২০১২।

গোষ্ঠলীলা শ্রীকৃষ্ণের দেহলীলা বা জগতলীলা। নানা নামে ও রূপে এ লীলাই সর্বযুগে প্রবহমান আছে। প্রবৃত্তিকে নিবৃত্তিতে উত্তরণের প্রয়াসই সম্যক গুরুর গোষ্ঠলীলা। 'গো' বা 'গোষ্ঠ' বলতে রূপকার্থে প্রবৃত্তিনির্ভর ইন্দ্রিয়কে তথা জীবজগতকে বোঝানো হয়েছে। জীবের প্রবৃত্তিকে নিবৃত্ত করার মাধ্যমে পাশবিক কুধর্ম থেকে অতিমানবীয় সুধর্মে উন্নীত করার প্রয়োজনে কৃষ্ণতত্ত্বই গোবিন্দ-গোপাল রাখালবেশে জগতে অবতীর্ণ হন যুগে যুগে।

গোষ্ঠলীলা শাঁইজির বাৎসল্য ও সখ্যরসের লীলা। যুগে যুগে শ্রীকৃষ্ণের অবতারলীলা রহস্যময় এবং বিচিত্র। সাধারণের বোধবুদ্ধির পক্ষে তা অত্যন্ত বিড়ম্বনাপূর্ণ ও বিভ্রান্তিকর। শ্রীকৃষ্ণে পঞ্চরসলীলা এক একটি সম্বন্ধ দ্বারা প্রকাশিত হয়। তাঁর **পঞ্চরস** হলো যথাক্রমে **শান্তরস, দাস্যরস, সখ্যরস, বাৎসল্যরস** ও মধুররস বা **উন্নত উজ্জ্বলরস**। একেকটি রসে নিহিত রয়েছে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এক এক গূঢ় মাহাত্ম্য। সংসারচক্রে ভ্রমণ করতে করতে ভক্ত এক একটি রসের সান্নিধ্য লাভ করে থাকে পর্যায়ক্রমে।

শান্তরস কামনাহীন ভক্তিরস। যাঁরা শান্তরসের তত্ত্বজ্ঞ ভক্ত তাঁদের কাছে শ্রীকৃষ্ণমাত্রই ব্রহ্ম-সুখানুভূতিরূপে অনুভূত হন। যারা দাস্য-ভাগবতভক্ত তাদের কাছে শ্রীকৃষ্ণ পরম আরাধ্যতম দেবতারূপে বিরাজমান। যারা মায়াবদ্ধ অজ্ঞলোক তাদের কাছে শ্রীকৃষ্ণ অতিসাধারণ নরশিশুরূপে প্রতীয়মান। শ্রীবৃন্দাবনের পূতচরিত্র বালকগণের কাছে লীলারঙ্গী শ্রীকৃষ্ণ অশেষ রকম ক্রীড়া কৌতুকের বান্ধব এবং নিত্য খেলার সাথী।

সখ্যরসকে বলা হয়েছে বিশ্রম্ভ-প্রধান। 'বিশ্রম্ভ' শব্দের অর্থ অভেদ মনন। সখ্যরসের এমন সামর্থ্য যে, শ্রীকৃষ্ণের সঙ্গে সখাদের একটি অভিন্নতর বোধ জাগিয়ে তোলে। সখাদের কাছে তার নিজদেহ ও কৃষ্ণদেহে বিন্দুমাত্র ভেদবুদ্ধি নেই। নিজের পা নিজের গায়ে ঠেকলে যেমন উদ্বেগের কারণ হয় না কৃষ্ণের গায়ে ঠেকলেও তেমনই উদ্বিগ্ন হয় না এরা। আমার উচ্ছিষ্ট আমার মুখে খাওয়া যা কৃষ্ণমুখে খাওয়াও তাই। এ দুইমুখে কোনও ভেদবুদ্ধি কৃষ্ণসখার অন্তরে জাগেই না। এ অভিন্ন মননই সখ্যপ্রেমের প্রাণস্বরপ।

সখ্যরসের সখা কৃষ্ণকে নিজের সমান মনে করে। ছোট বা বড় মনে করতে পারে না। কৃষ্ণ কোনও অন্যায় করতে পারেন বা ভুল করতে পারেন এমন ভাবনা সখা তথা গোপবালকদের মনেই আসে না। কৃষ্ণকে শিক্ষা দেয়া প্রয়োজন, উপদেশ দেয়া দরকার বা অন্যায় কাজের জন্যে শাসন করা আবশ্যক এমন উদ্বেগজনিত চিন্তা রাখাল বালকগণের তথা সখ্যরসের প্রিয়গণের হৃদয়ে কখনও জাগে না। এ ভাবরস বাৎসল্যরসের রত্নভাণ্ডে সংরক্ষিত।

শুদ্ধ বাৎসল্যরসে নিমজ্জিত নন্দরাজ ও যশোদা জগত পালককে বালক মনে করেন। স্বয়ম্ভুকে ক্ষুদ্র মনে করেন এবং ঔরসজাত পুত্রজ্ঞান করেন। অনাবিল গুণের খনিকে বহুবিধ দোষক্রটির জন্যে তাড়ন এমনকি দাড়ি দ্বারা উদখূলে বেঁধে পর্যন্ত রাখেন। উদ্খূল অর্থ ঢেঁকি। ঠিক সময়ে উপযুক্তরূপে শাসিত না হলে পরিণত বয়সে গোপাল অত্যন্ত দুর্দমনীয় হয়ে উঠবে। সুতরাং আমি জননী, তাকে শাসন করা আমার একান্ত কর্তব্য – এমন দুর্বলতা সঞ্জাত ভাবনাই যশোদাকে কৃষ্ণশাসনে উদ্যোগী করে। অবশ্য এ অধিকার সখ্যরসের ভক্তের নেই।

যেমন আবেশ জনকজননীর ঠিক তেমন আবেশ বালক গোপালের। বাৎসল্যরসের মহাবিষ্টতায় ভগবান আপন ভগবত্ত্বহারা হয়ে বালকরূপে লীলা আস্বাদন করেন। কখনও নিজের কৃত অন্যায়ের জন্যে লজ্জিত, শঙ্কিত ও সঙ্কুচিত হন। শাসন-ভর্ৎসনা এড়ানোর জন্যে কখনও কখনও মিথ্যা ভাষণও

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

করেন। কখনও বা দ্রুত পলায়নপর হন। এরূপে ভগবানের আপনহারা অর্থাৎ আত্মহারা পরম ভাবটি পরাকাষ্ঠাপ্রাপ্ত হয় বাৎসল্যরসের উদ্বেলিত সাগরে।

অনন্ত কোটি ব্রহ্মার শিরস্থিত মুকুটের মণিকিরণে নিয়ত উদ্ভাসিত শ্রীকৃষ্ণের পাদপীঠ। সেই শ্রীকৃষ্ণ গোষ্ঠের পথে গোপরাজ নন্দের পিছু পিছু তাঁর জুতো মাথায় করে ছুটতে থাকেন। ফকির লালন স্বয়ং জগতস্বামী শ্রীকৃষ্ণবরণ বলেই গোষ্ঠলীলায় বাৎসল্য ও সখ্যরসের উদ্ভাসন ঘটাতে অনবদ্য বিভূতি প্রদর্শন করেন। গোষ্ঠলীলারও তিনটি পর্ব বা বিভাগ আছে। প্রথমে পূর্বগোষ্ঠ। শ্রীদাম, সুদাম প্রমুখ গোপবালক প্রত্যুষে এসে গোপালকে আহ্বান করে গোষ্ঠে লীলাকল্পে গমনের জন্যে। কিন্তু মা যশোদা প্রাণপ্রিয় পুত্রকে আপন কোলে আগলে রাখতে চান সব সময়। কারণ গোচারণে বনে গেলে হিংস্র জীব জন্তুর ভীষণ ভয়। যদি গোপাল কোনও বিপদের সম্মুখীন হন তাই গোষ্ঠে বালকদের সঙ্গে যেতে দিতে তিনি নারাজ। কেননা স্বপ্নে তিনি জেনেছেন কৃষ্ণ বনে গিয়ে নিরুদ্দেশ হবেন। গোষ্ঠবালকদের অনুনয়-বিনয় জননী যশোধার কাছে। গোপালকে তাদের সঙ্গে গোচরণে যেতে দেবার অনুমতির জন্যে তারা নাছোড়বান্দা। এ পর্ব হলো পূর্বগোষ্ঠ।

এরপর গৃহ থেকে গোচারণ ক্ষেত্রে গমনকালে সূচিত হয় মধ্যগোষ্ঠ তথা কৃষ্ণের অন্তর্ধান পর্বের গূঢ় রহস্যলীলার সূক্ষ্ম সূচনা। "কী ছলে তাঁর গমনাগমন দিশে হলো না"।

গুপ্ত বৃন্দাবনে লীলা করতে করতে হঠাৎ নিরুদ্দেশ হবার পর গোপ বালকদের গোপাল সন্ধানের যে আকুল তীব্রতা ও বিচ্ছেদ বেদনা তাই অভিব্যক্ত হয় উত্তর গোষ্ঠে।

সমগ্র গোষ্ঠলীলার সারমর্ম হলো স্থূলদেহ ছেড়ে সূক্ষ্মদেহে শ্রীকৃষ্ণের আত্মদর্শনগত মহাভাবলোকে উত্তরণক্রিয়া। জগতের জন্যে এ হলো চরম পারত্রিক একটি শিক্ষাপর্ব। বহির্মুখী স্থূল ইন্দ্রিয়জগত থেকে অন্তর্মুখী অতীন্দ্রিয় জগতে উল্লম্ফনেরই রূপক আভাস। এর মর্ম গভীরে নিহিত অখণ্ড দেহমনে আত্মদর্শনের সূক্ষ্মপ্রেমলীলা কেবল শুদ্ধরসিক চিত্তই আস্বাদন করতে পারেন, সর্বসাধারণ নয়।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫৬.

ওমা যশোদে গো তা বললে কি হবে
গোপালকে যে এঁটো দেই মা
মনে যে ভাব ভেবে ॥

মিঠা হলে এঁটো দেই মা
পাপপুণ্যের জ্ঞান থাকে না।
গোপাল খেলে হয় সান্তনা
পাপপূণ্য কে ভাবে ॥

কাঁধে চড়ায় কাঁধে চড়ি
যে ভাব ধরায় সেই ভাব ধরি
এ সকল বসনা তারই
ছিলে যে পুবে ॥

গোপলেরা সঙ্গে যে ভাব
বলতে আকুল হয় মা সে সব
লালন বলে পাপপুণ্য লাভ
ভুলে যাই গোপালকে সেবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫৭.
ও মা যশোদে তোর গোপালকে
গোষ্ঠে লয়ে যাই
সব রাখলে গেছে গোষ্ঠে
বাকি কেবল কানাই বলাই ॥

ওঠোরে ভাই নন্দের কানু
বাথানেতে বাঁধা ধেনু
গগনে উঠিল ভানু
আর তো নিশি নাই
এখনও ঘুমায়ে রইলি
কেন মায়ের কোলে
তোর ঘুম কি ভাঙ্গে নাই ॥

গোচারণে গোষ্ঠের পথে
কষ্ট নাই মা গোষ্ঠে যেতে
আমরা সবে স্কন্ধে করে
গোপাল লয়ে যাই
তোর গোপালের ক্ষুধা হলে
দণ্ডে দণ্ডে ননী খাওয়াই ॥

আমরা যত রাখালগণে
ফিরি সবে বনে বনে
মুনীগণের দ্বারে দ্বারে
যত ভিক্ষা পাই
ফকির লালন বলে
ফল খেয়ে আমারা
আগে দেখি মিঠে হলে
তোর গোপালকে খাওয়াই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫৮.

কোথায় গেলি ও ভাই কানাই
সকল বন খুঁজিয়ে তোরে
নাগাল পাইনে ভাই ॥

বনে আজ হারিয়ে তোরে
গৃহে যাব কেমন করে
কী বলব মা যশোদারে
ভাবনা হলো তাই ॥

মনের ভাব বুঝতে নারি
কী ভাবের ভাব তোমারই
খেলতে খেলতে দেশান্তরী
ভাবেতে দেখতে পাই ॥

আজ বুঝি গোচারণ খেলা
খেললি নারে নন্দলালা
লালন বলে চরণবালা
পাই না বুঝি ঠাঁই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৫৯.
কোথায় গেলিরে কানাই
প্রাণের ভাই
একবার এসে
দেখা দেরে দেখে প্রাণ জুড়াই ॥

কোন দোষে ভাই
গেলি তুইরে
আমাদের সব
অনাথ করে
দয়ামায়া তোর শরীরে কি নাই ॥

শোকে তোর পিতা নন্দ
কেঁদে কেঁদে হলো অন্ধ
আর সব নিরানন্দ
ধেনু গাই ॥

পশুপাখি নরাদি
নিরানন্দ নিরবধি
লালন শুনে শ্রীদামোক্তি
বলে তাই ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬০.
গোষ্ঠে চল হরি মুরারি
লয়ে গোধন
গোষ্ঠের কানন
চল গোকুল বিহারী ॥

ওরে ও ভাই কেলেসোনা
চরণে নূপুর নে না
মাথায় মোহন চূড়া দে না
ধড়া পরো বংশীধারী ॥

তুই আমাদের সঙ্গে যাবি
বনফল খেতে পাবি
আমরা ম'লে তুই বাঁচাবি
তাই তোরে সঙ্গে করি ॥

যে তরাবে এই ত্রিভুবন
সেই তো যাবে গোষ্ঠের কানন
ঠিক রেখ মন অভয়চরণ
লালন ঐ চরণের ভিখারী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬১.

গোপাল আর গোষ্ঠে যাবে না
যারে যা বলাই তোরা সবে যা ॥

কুস্বপন দেখেছি যে
গোপাল যেন হারিয়েছে
বনে বনে ফিরছি কেঁদে
খুঁজে পেলাম না ॥

অভাগিনীর আর কেহ নাই
সবে মাত্র একা কানাই
সে ধনহারা হইয়ে বলাই
কিসের ঘরকন্না ॥

বনে আছে অসুরের ভয়
কখন যেন কী দশা হয়
দিবারাতে তাইতে সদাই
সন্দেহ মেটে না ॥

ভেবে ঐ পবিত্র বচন
দেখে খেদে বলছে লালন
কী ছলে তাঁর গমনাগমন
দিশে হলো না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬২.

তোর গোপাল যে সামান্য নয় মা
আমরা চিনেছি তাঁরে
বলি মা তোরে
তুই ভাবিস যা ॥

কার্য দ্বারা জ্ঞান হয় যে
অটল চাঁদ নেমেছে ব্রজে
নইলে বিষম কালিদয়
বিষের জ্বালায়
বাঁচত না ॥

যে ধন বাঞ্ছিত সদাই
তোর ঘরে মা সেই দয়াময়
নইলে কি গো তাঁর
বাঁশীর স্বরে ধার
ফেরে গঙ্গা ॥

যেমন ছেলে গোপাল তোমার
অমন ছেলে আর আছে কার
লালন বলে
গোপালের অঙ্গে
গোপাল যে হয় মা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৩.
বনে এসে হারালাম কানাই
কী বলবে মা যশোদায় ॥

খেললাম সবে লুকোলুকি
আবার হলো দেখাদেখি
কানাই গেল কোন মুল্লুকি
খুঁজে নাহি পাই ॥

শ্রীদাম বলে নেব খুঁজে
লুকাবে কোন বন মাঝে
বলাই দাদা বোল বুঝে
সে দেখা দে না ভাই ॥

সুবল বলে প'লো মনে
বলেছিল একদিনে
যাবে গুপ্ত বৃন্দাবনে
গেল বুঝি তাই ॥

খুঁজে খুঁজে হলাম সারা
কোথায় গেলি মনচোরা
আর বুঝি দিবি না ধরা
লালন বলে এ কী হলো হায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৪.
বলাই দাদার দয়া নাই প্রাণে
গোষ্ঠে আর যাব না মাগো
দাদা বলাইয়ের সনে ॥

বড় বড় রাখাল যাঁরা
বনে বসে থাকে তাঁরা
আমায় করে জ্যান্তে মরা
ধেনু ফিরানে ॥

ক্ষুধাতে প্রাণ আকুল হয় মা
ধেনু রাখার বল থাকে না
বলাই দাদা বোল বোঝে না
কথা কয় হেনে ॥

বনে লয়ে রাখাল সবাই
বলে এসো খেলি কানাই
হারিলে স্কন্ধে বলাই
চড়ে সেই বনে ॥

আজকের মত তোরাই যারে
আজ আমি যাব না বনে
খেলব খেলা আপন মনে
লালন ফকির তাই ভনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৫.

বলরে বলাই তোদের ধর্ম
কেমন হারে
তোরা বলিস সব রাখাল
ঈশ্বরই রাখাল
মানিস কইরে ॥

আমাকে বুঝারে বলাই
তোদের তো সেই জ্ঞান কিছু নাই
ঈশ্বর বলিস যাঁর
কাঁধে চড়িস তাঁর
কী বিচারে ॥

বনে যত বনফল পাও
এঁটো করে গোপালকে দাও
তোদের এ কেমন ধর্ম
বল সেই মর্ম
আজ আমারে ॥

গোষ্ঠে গোপাল যে দুঃখ পায়
কেঁদে কেঁদে বলে আমায়
লালন বলে তাঁর
ভেদ বোঝা ভার
এই সংসারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৬.

সকালে যাই ধেনু লয়ে
এই বনেতে ভয় আছে ভাই
মা আমায় দিয়েছে কয়ে ॥

আজকের খেলা এই অবধি
ফিরারে ভাই ধেনুয়াদি
প্রাণে বেঁচে থাকি যদি
কাল আবার খেলব আসিয়ে ॥

নিত্য নিত্য বন ছাড়ি
সকালে যেতাম বাড়ি
আজ আমাদের দেখে দেরি
মা আছে পথপানে চেয়ে ॥

বলেছিল মা যশোদে
কানাইকে দিলাম বলাইয়ের হাতে
ভালমন্দ হলে তাতে
লালন কয় কী বলব তারে যেয়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



নিমাইলীলা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লীলাভূমিকা

ধন্য মায়ের নিমাই ছেলে
এমন বয়সে নিমাই
ঘর ছেড়ে ফকিরী নিলে ॥

ফকির লালন শাঁইজির মহাভাবাত্মক সঙ্গীত সুধারসে কৃষ্ণলীলারই নবোদ্ভাসন ঘটেছে নিমাইলীলায়। কৃষ্ণমাধুর্যের অমৃত সিন্ধু নিমাইলীলার মাধুরী-চাতুরীতে মিলেমিশে হয় মহান হরিপুরুষের উদয়। কৃষ্ণলীলা ও নিমাইলীলা একটির সাথে অপরটির চিন্ময় আনন্দরসের সম্বন্ধ চিরায়ত এবং অতিসূক্ষ্ম ভাব সঞ্চারক। কলিযুগে নাম অর্থাৎ গুণরূপে যিনি নিমাই তিনিই কৃষ্ণ অবতার তথা একজন সম্যক গুরু। শ্রীচৈতন্যদেবের শৈশব-বাল্য-কৈশোর নাম নিমাই বলেই ফকির লালন শাহ তাঁর আদ্যলীলার নামায়ণ ঘটান নিমাইলীলায়।

'নিমাই' নামটি শচীমাতার দান। নিম মানে তিক্ততা। নিমের তিক্ততার সাথে মায়ের আদরের 'আই' যুক্ত হয়ে নাম দাঁড়াল নিমাই। নিম তেতো বলে যমেরও অপ্রিয়। যমের মুখে যা অপ্রিয় প্রেমীর জিহ্বায় সেই তো পবিত্র প্রেমদায়ক মধুময় নাম।

শচীমায়ের সদ্যপ্রসূত শিশু নিমাই মাতৃস্তন্য অপবিত্র বলে স্তন্যপানই করলেন না। শচীমাতা সদ্যজাত শিশুর অমঙ্গল আশঙ্কায় কাঁদতে লাগলেন। তখন এক বিলাসিনী বললেন, "ইহা ষষ্ঠির খেলা। ইহাকে বৃক্ষের উপর রাখ"। শচীমাতা শিশুকে নিমবৃক্ষে রাখলেন। পরে আচার্য শচীর কানে 'হরে কৃষ্ণ' মন্ত্র শোনালে শিশু স্তন্যপান করলেন। আচার্য বললেন, বালকের নাম আমি রাখলাম নিমাই। এ নামে বোধ লয়।

নিমাইয়ের মাতা শচীদেবী। পিতা জগন্নাথ মিশ্র। 'বিশ্বম্ভর' ও 'শ্রীকৃষ্ণ চৈতন্য' তাঁর নামান্তর। ঈশ্বরপুরী তাঁর দীক্ষাগুরু এবং কেশব ভারতী তাঁর সন্ন্যাসমন্ত্র দাতা। ইনি অবিভক্ত ভারতে ধর্মবর্ণ, জাতপাত, উচ্চনীচ ও আচারবিচারের সংকীর্ণ সাম্প্রদায়িক ভেদবুদ্ধি অতিক্রম দ্বারা প্রবর্তন করেন প্রেমময় হরিনাম সংকীর্তনের। জগাই-মাধাই উদ্ধার, যবন হরিদাসের প্রতি কৃপা প্রভৃতি তাঁর বিশ্বজনীন মহাপ্রেমের স্মারক। স্বরূপ দামোদর, রায় রামানন্দ তাঁর প্রধান পার্ষদ ও গোবিন্দ ছিলেন সেবক।

সন্ন্যাসী হবার আগে নিমাই ছিলেন সংস্কৃত টোলের পণ্ডিত। সত্যসন্ধান ও সত্যে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অধিষ্ঠানের জন্যে তিনি সব ত্যাগ করে পরম নামব্রহ্ম ধারণ করেন। শ্রীহট্ট (সিলেট) থেকে নদীয়া পর্যন্ত তিনি যে সর্বকুলপ্লাবী ভাবান্দোলনের বিস্তার ঘটান মহাভাবাবেশে সর্বভারতে আজও তার তুলনা বিরল। প্রেমধর্মের উত্তুঙ্গ ভাবরসে তিনি সনাতন ধর্মের অচলায়তনে নতুন প্রাণ প্রবাহিত করেন। এত বড় মানস বিপ্লব কি এমনি এমনি হয়। এর জন্যে তাঁকে শচীমাতার স্নেহবন্ধন, স্ত্রী বিষ্ণুপ্রিয়ার মোহটান ছিন্ন করে, সব আরাম-আয়েশ, বেশভূষণ ত্যাগ করে ফকির হয়ে গলায় কাঁথা নিয়ে নেমে আসতে হয়েছিল ঘর ছেড়ে পথে। নদীয়ায় তাঁর উত্থানপর্বের পরিপ্রেক্ষিত ফকির লালন শাঁইজির নিমাইলীলায় লাভ করেছে অভিনব মাত্রা। ফকিরীর কর্তব্য পালনে পার্থিব-সাংসারিক সব দায় পায়ে ঠেলে বেরিয়ে পড়তে হয় চরমপরম আনন্দলোকে।

নদীয়া ভাবের কথা
অধীন লালন কী জানে তা
হা হুতাশে শচীমাতা
বলে নিমাই দেখা দেরে ॥

কিংবা,

মা'র বুকে প্রবোধ দিয়া
নিমাই যায় সন্ন্যাসী হইয়া
লালন বলে ধন্য হিয়া
ঘটল কী সামান্য জ্ঞানে ॥

AMARBOI.COM

সামান্য ও বিশেষ জ্ঞানের পার্থক্য নির্ণয় করা না গেলে লোকোত্তর নিমাইলীলার মাহাত্ম্য লোকবুদ্ধি মানে সামান্যে কখনও মালুম হবার নয়।

কলির জীবকে উদ্ধার করতে জগতবন্ধু নিমাইরূপী শ্রীকৃষ্ণ পথে নামলেন কালের প্রবাহকে সত্যধর্মের দিকে গতিদান করতে। বিভেদ বিভাজন কন্টকিত মানব সমাজকে সুপথের নির্দেশনা দিতেই মর্তে তাঁর অবতরণ। আত্মসুখ, গরিমা, বৈভব সব ত্যাগ করে তিনি আত্মঘাতি বিলাসের ছদ্মবেশী হিংসাবৃত্তির মূলে আঘাত হানলেন অতুলনীয় অতিমানবীয় ঐশ্বর্যে। ইন্দ্রিয়বাদী ঐহিকতার কলুষ-কালিমা মোচন করতে হিংসাবৃত্তির প্রতিষেধক হিসেবে তিনি সামনে একটিই পথ দেখালেন। তা হলো ভগবতপ্রেমলব্ধ সর্বজীবহিতৈষী মুক্তপ্রেম। আজ থেকে প্রায় সাতশো বছর আগে নিমাই সন্ন্যাসীর এই অপূর্ব ভাবান্দোলনের মূলে নিহিত আত্মত্যাগের পরাকাষ্ঠা বিধৃত হয়েছে ফকির লালনের মহাপ্রেমময় নিমাইলীলায়। এ সত্য স্থানকাল ছাপিয়ে চিরকালীন মানবধর্মের উজ্জ্বল প্রামাণ্যরূপে প্রতিভাত। তাতে নিমাই ও লালনে অভেদাত্মক মানবধর্মের সর্বকালীন-সর্বজনীন শুদ্ধপ্রেমধর্মের সম্মিলনী আমাদের নিরস অন্তরকে সরস করে তোলে পলে অনুপলে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৭.
এ ধন যৌবন চিরদিনের নয়
অতিবিনয় করে নিমাই মায়েরে কয় ॥

কেউ রাজা কেউ বাদশাগিরি
ছেড়ে কেউ নেয় ফকিরী
আমি নিমাই
কী ছার নিমাই
হাল ছেড়ে বেহাল লয়েছি গায় ॥

কোনদিন পবন বন্ধ হবে
এইদেহ শ্মশানে যাবে
কোঠা বালাঘর
কোথা রবে কার
লোভ লালসে দুকুল হারায় ॥

রও শচীমাতা গৃহে যেয়ে
আমারে বিসর্জন দিয়ে
এই বলে নিমাই
ধরে মায়ের পায়
ফকির লালন বলে ধন্য ধন্যরে নিমাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৮.
কানাই কার ভাবে তোর
এ ভাব দেখিরে
ব্রজের সে ভাব তো দেখি নারে ॥

পরনে ছিল পীত ধড়া
মাথায় ছিল মোহন চূড়া
করে বাঁশীরে
আজ দেখি তোমার
করঙ্গ কোপ্‌নী সার
ব্রজের সে ভাব কোথায় রাখলিরে ॥

দাসদাসী ত্যাজিয়ে কানাই
একা একাই ফিরছরে ভাই
কাঙ্গালবেশ ধরে
ভিখারী হলি
কাঁথা সার করলি
কিসের অভাবেরে ॥

ব্রজবাসীর হয়ে নিদয়
আসিয়ে ভাই এই নদীয়ায়
কী সুখ পাইলিরে ॥

লালন বলে আর
কার বা রাজ্য কার
আমি সব দেখি আজ মিছেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৬৯.
কী কঠিন ভারতী না জানি
কোন প্রাণে আজ
পরাল কৌপনী ॥

হেন ছেলে ফকির হয় যার
শত শত ধন্য সে মা'র
কেমনে রয়েছে সে
ঘর ছেড়ে
সোনার গৌরমণি ॥

পরের ছেলের দেখে এ হাল
শোকানলে আমরা বেহাল
না জানি আজ
শোকে কী হাল
জ্বলছে উহার মা জননী ॥

যে দিয়েছে এ কৌপনী ডোর
যদি বিধি দেখাইত মোর
ঘুচাইত মোর মনের ঘোর
লালন বলে কিছু বাণী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭০.
কী ভাব নিমাই তোর অন্তরে
মা বলিয়ে চোখের দেখা
তাতে কি তোর ধর্ম যায়রে ॥

কল্পতরু হওরে যদি
তবু মা বাপ গুরুনিধি
এ গুরু ছাড়িয়া বিধি
কে তোরে দিয়েছে হারে ॥

আগে যদি জানলে ইহা
তবে কেন করলে বিয়া
কেন সেই বিষ্ণুপ্রিয়া
কেমনে রাখিব ঘরে ॥

নদীয়া ভাবের কথা
অধীন লালন কী জানে তা
হা হুতাশে শচীমাতা
বলে নিমাই দেখা দেরে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭১.
কে আজ কৌপিন পরাল তোরে
তার কি কিছু দয়ামায়া নাই অন্তরে ॥

একপুত্র তুইরে নিমাই
অভাগিনীর আর কেহ নাই
কি দোষে আমায় ছেড়েরে নিমাই
ফকির হলি এমন বয়সেরে ॥

মনে যদি ইহা ছিল তোরই
হবিরে নাচের ভিখারী।
তবে কেন করলি বিয়ে
কেমনে আজ আমি রাখব তারে ॥

ত্যাজ্য করে পিতামাতা
কী ধর্ম আজ জানবি কোথা
মায়ের কথায় চল
কৌপীন খুলে ফেল
লালন কয় যেরূপ তাঁর মায়ে কয়রে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭২.
ঘরে কি হয় না ফকিরী
কেন হলিরে নিমাই আজ দেশান্তরী ॥

ভ্রমে বার
বসে তের
বনে গেলে হয়
সেও তো কথা নয়
মন না হলে নির্বিকারী ॥

মন না মুড়ে কেশ মুড়ালে
তাতে কি রতন মেলে
মন দিয়ে মন
বেঁধেছে যেজন
তাঁরই কাছে সদাই বাঁধা হরি ॥

ফিরে চলরে ঘরে নিমাই
ঘরে সাধলেও হবে কামাই
বলে এইকথা
কাঁদে শচীমাতা
ফকির লালন বলে লীলে বলিহারি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭৩.
দাঁড়ারে তোরে একবার দেখি ভাই
এতদিনে তোরে খুঁজে পাইনিরে কানাই ॥

ষড়ৈশ্বর্য ত্যাজ্য করে
এলিরে ভাই নদেপুরে
কী ভাবের ভাব তোর অন্তরে
আমায় সত্য করে বল তাই ॥

তোর লেগে যশোদা রাণী
হয়ে আছে পাগলিনী
ও সে হায় নীলমণি নীলমণি
সদাই ছাড়ছে হাঁই ॥

দৃষ্ট করে দেখ তুমি
তোমার শ্রীদাম নফর আমি
লালন বলে কেঁদে আঁখি
ভাবের বলিহারি যাই ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭৪.
ধন্য মায়ের নিমাই ছেলে
এমন বয়সে নিমাই
ঘর ছেড়ে ফকিরী নিলে ॥

ধন্যরে ভারতী যিনি
সোনার অঙ্গে দেয় কৌপিনী
শিখাইলে হরির ধ্বনি
করেতে করঙ্গ নিলে ॥

ধন্য পিতা বলি তাঁরই
ঠাকুর জগন্নাথ মিশ্রী
যাঁর ঘরে গৌরাঙ্গ হরি
মানুষরূপে জন্মাইলে ॥

ধন্যরে নদীয়াবাসী
হেরিল গৌরাঙ্গশশী
যে বলে সে জীবসন্ন্যাসী
লালন কয় সে ফ্যারে প'লে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭৫.
ধন্যরে রূপ-সনাতন জগত মাঝে
উজিরানা ছেড়ে সে না
ডোর কৌপিনী সার করেছে ॥

শাল দোশালা ত্যাজিয়ে সনাতন
কৌপিনী কাঁথা করিল ধারণ
অন্ন বিনে শাক সেবন
সে জীবন রক্ষা করিয়েছে ॥

সে ছাড়িয়ে লোকের আলাপন
একা প্রাণী কোনপথে ভ্রমণ
বনপশুকে শুধায় ডেকে
কোন পথে যায় ব্রজে ॥

সে হা হা প্রভু বলিয়ে আকুল হয়
অমনি অঘাটে অপথে পড়ে রয়
লালন বলে এমনই হালে
গুরুর দয়া হয়েছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭৬.
ফকির হলিরে নিমাই
কিসের দুঃখে
খাবি দাবি নাচবি গাইবি
দেখব চোখে ॥

একা পুত্র তুইরে নিমাই
অভাগীর তো আর কেহ নাই
তোর বিনে আর জীবন জুড়াই
কারে দেখে ॥

যে আশা মনে ছিল
সকলই নৈরাশ্য হলো
কে তোরে কৌপিন পরল
মায়াত্যাগে ॥

শুনে শচীমাতার রোদন
অধৈর্য হয় দেবতাগণ
লালন বলে কী কঠিন মন
নিমাই রাখে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭৭.
বলরে নিমাই বল আমারে
রাধা বলে আজগুবি আজ
কাঁদলি কেন ঘুমের ঘোরে ॥

সেই যে রাধার কী মহিমা
বেদাদিতে নাইরে সীমা
ধ্যানে যারে পায় না ব্রহ্মা
তুই কীরূপে জানলি তাঁরে ॥

রাধে তোমার কে হয় নিমাই
সত্য করে বলো আমায়
এমন বালক সময়
এ বোল কে শিখাল তোরে ॥

তুমি শিশু ছেলে আমার
মা হয়ে ভেদ পাইনে তোমার
লালন কয় শচীর কুমার
জগত করল চমৎকারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭৮.

যে ভাবের ভাব মোর মনে
আছে সেই ভাবের ভাব
বলব না তা কারও সনে ॥

জন্মের ভাগী অনেক জনা
কর্মের ভাগী কেউ তো হয় না
কাঁদি সেইদিনের কান্না
বাঁধা ওই রাধার ঋণে ॥

ঘরের বধূ বিষ্ণুপ্রিয়া
রেখে এলাম ঘুমাইয়া
নিতাই এসে জল ঢালিয়া
শান্ত করবে আকুল প্রাণে ॥

মায়ের বুকে প্রবোধ দিয়া
নিমাই যায় সন্ন্যাসী হইয়া
লালন বলে ধন্য হিয়া
ঘটবে কি সামান্যজ্ঞানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৭৯.
শচীর কুমার যশোদায় বলে
মা তোমার ঘরের ছেলে বলে
অবহেলায় হারালে ॥

রাধার কথা কী বলব মা
তাঁর গুণের আর নাই সীমা
মুনি ঋষি ধ্যানী জ্ঞানী
না পায় চরণকমলে ॥

তুমি আমার জন্মগুরু
রাধা আমার প্রেমকল্পতরু
জয় রাধানামের গুরু
ঘরে ঘরে নাম বিলালে ॥

যাঁর প্রেম সে জানে না
লালন কয় তাঁর উপাসনা
অনন্তর অনন্ত করুণা
আমি বুঝব কোন ছলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮০.
সে নিমাই কি ভোলা ছেলে ভবে
ভুলেছে ভারতীর কথায়
এমন কথা কেন বল সবে ॥

যখন ব্রজবাসী ছিল
ব্রজের সব ভুলাইল
সেই না গোরা নদেয় এলো
দেখ নদের কারে না ভোলাবে ॥

আপনি হই কপট ভোলা
ত্রিজগতের মনছলা
কে বোঝে তাঁর লীলাখেলা
বুঝতে গেলে ভুলে যাবে ॥

তাঁরে যে ছেলে বলে লোক সকল
সে পাগল তার বংশ পাগল
লালন কয় আমি এক পাগল
গুরুতে বেড়াই গৌর ভেবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

গৌরলীলা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লীলাভূমিকা

এনেছে এক নবীন গোরা
নতুন আইন নদীয়াতে
বেদ পুরাণ সব দিচ্ছে দুষে
সেই আইনের বিচার মতে ॥

শাঁইজির গৌরলীলায় শ্রীকৃষ্ণরূপী নিমাই সন্ন্যাসীই রূপান্তরিত হন গৌরাঙ্গ মহাপ্রভুরূপে। এই গোরার আবির্ভাব কলিযুগে। 'গৌর' নামের ভাবার্থ হলো উন্নত উজ্জ্বল রস বা মধুর রস যিনি অন্ধকার মানববিশ্বে বিকশিত করেন অপার্থিব আলোর ফোয়ারা। দুঃখী জীব। দুঃখের পেষণে জর্জরিত তার জীবন। দুঃখ যাবে কী করে জানতে চায় সবাই। কিন্তু কেউ সর্বদুঃখের কারণ স্বরূপ আমিত্ব মাখা নিজেকে জানতে চায় না। নিজেকে জানা মানে সমগ্র বিশ্বসত্তাকে জানা। আরও নিগূঢ় কথা, জগতের যিনি মূলসত্তা তিনি যে নিজেকে নিজে জানছেন তা জানলেই জীব দুঃখবন্ধন থেকে মুক্ত হয়। নিখিল বিশ্বে যত কিছু তার মূলে আছে নিখিলানন্দের আত্মআস্বাদনের আবেগ। ব্রহ্মাণ্ডের যত বিভূতি তার মূলে রয়েছে রসব্রহ্মের রসের আকুতি।

শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু সচ্চিদানন্দ। কালান্তরে তিনিই শ্রীকৃষ্ণ। ভিন্ন হয়েও অভিন্ন যিনি তিনি শ্রীরাধা। আস্বাদনের চমৎকারিতাই মহারস। এই রস সম্ভোগের চরম পরিণতিই নদীয়া বিনোদিয়া শ্রীগৌর বিশ্বম্ভর। রসব্রহ্মের স্ব-অনুভূতি আজ প্রকটিত হয়েছে এ ধরণীর ধূলিতে। পরমপুরুষের আস্বাদন-বিচিত্রতা আজ মূর্তরূপ পেয়েছে নদীয়ার রাজপথে। ভূমা নেমে এসেছেন ভূমিতে। রসের ছন্দে নেচে চলেছেন নবদ্বীপের বাজারের মধ্য দিয়ে। এ এক অঘটন। বলার কথা নয়। তবু তা ঘটেছে ইতিহাসে।

বিশ্বের যেটি মৌলিক সম্ভোগ, আদি আশ্রয়তত্ত্ব ও বিষয়তত্ত্বের নিবিড় মিলন সেটির পূর্ণাঙ্গ বিকাশ সাধিত হয় শ্রীরাধাগোবিন্দের একাত্মতায় শ্রীগৌরাঙ্গ সুন্দরে। সে কথাটি আমাদের নতুন করে জানাতেই ফকির লালন শাঁইজির গৌরাঙ্গলীলায় পুনঃঅবতরণ। জানার কথামাত্র দুটি। একটি তাঁর নিরূপম বিগ্রহ। অন্যটি তাঁর

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অফুরন্ত অনুগ্রহ। বিগ্রহটি সোনার গৌরাঙ্গসুন্দর রাধাভাবদ্যুতিময় শ্যামল নাগর। আর অনুগ্রহটি হরিনাম বিতরণে। নামপ্রেমের মালা গেঁথে বেদনাহত জীবের কণ্ঠে সমর্পণে। বস্তুর বাইরের অভিব্যক্তিই দ্যুতি। প্রাকৃত বস্তুর ভেতর বার ভিন্ন। অপ্রাকৃত চিন্ময় বস্তুর তা নয়। অপ্রাকৃত কান্তি বস্তুর স্বরূপ থেকে পৃথক কিছু নয়। শ্রীকৃষ্ণচন্দ্র যে শ্যামবর্ণ তা নিরর্থক নয়। শৃঙ্গাররসের বর্ণই হলো শ্যাম। যিনি শৃঙ্গার রসরাজ মূর্তিধর তিনি শ্যামসুন্দরই হবেন।

অনুরাগের বর্ণটি অরুণ। গাঢ় অনুরাগের বা মহাভাবের বর্ণটি হলো গৌর। মহাভাবময়ী ভানুবালা গৌরাঙ্গী। বর্ণটির অভিব্যক্তি ঘটে ভাবের প্রগাঢ়তায়। মহাভাববতী মোহনভাব অন্তরে গ্রহণ করলে শ্যামের বাইরের কান্তি স্বতই রূপায়িত হবে। মধুর রসের বর্ণ শ্যাম বটে। কিন্তু যতক্ষণ তা কাঁচা। রসালো হতে হতে পাকলেই কিন্তু গৌর।

রসের আস্বাদ ভাবে। ভাবের অভিব্যক্তি রসে। নিখিল রসের অধিষ্ঠাতা শ্রীকৃষ্ণ। নিখিলভাবের অধিষ্ঠাত্রী শ্রীরাধা। একই রসব্রহ্ম অখণ্ড থেকেই আস্বাদক এবং আস্বাদ্যরূপে দুভাবে ব্যক্ত। ভাবের পরিপূর্ণতায় রসের পূর্ণ আস্বাদন। মহাভাব ছাড়া রসরাজের সম্ভোগে চরম আনন্দ লাভ হয় না।

রসের বিষয়কে আশ্রয় হতে হয়। শ্রীশ্যামসুন্দরকে শ্রীরাধা হতে হয়। বিলাসের জন্যেই একের দ্বৈত্ব। আবার নতুন বৈচিত্রভোগের জন্যে দ্বৈত্বের একত্ব। দ্বৈত্বের বৈচিত্র্যময় নবরসের অদ্বয় ব্রহ্মই হলেন শ্রীবাস অঙ্গনের নাটুয়া বিষ্ণুপ্রিয়েশ শ্রীগৌরহরি।

শান্তিহারা জীব চায় শান্তিময়কে। তাঁকে ছুঁতে চায় অন্তর দিয়েই। কিন্তু কেউ পারে আবার কেউ পারে না। পারে না যারা তাদের জন্যে মানুষের দুয়ারে নেমে আসেন পরাৎপর মহাপুরুষ। করুণায় বিগলিত হয়ে বিলিয়ে দিলেন আপনাকে, আপনার অভিন্ন মহানামকে। দিলেন উজ্জ্বল সুতোয় গেঁথে নামের প্রেমমালা।

নাম হলো সাধন। প্রেমধন হলো সাধ্য। সাধ্য ও সাধনা একত্রীভূত করে দুলিয়ে দিলেন ব্যথাহত মানুষের বুকে। নিভে গেল অশান্তির দাউ দাউ জাহান্নাম। প্রশান্তি পেল আপামর সবাই আকাশের মত তাঁর উদার ছাতাতলে। হরিকীর্তনের উন্মাদনায় জাতি জেগে উঠল নবতর চেতনায়। এ মহাসত্য ফকির লালন শাঁইজি আবার বয়ে আনেন আমাদের শ্রবণ-দর্শনে।

সংকীর্তনের পিতা মহাপ্রভু। হরি, কৃষ্ণ, রাম– এসব নিত্যকালের নাম। নতুন কিছু নয়। কীর্তন কথাটিও নতুন নয়। তবে কী দিলেন জন্মদাতা? নামও ছিল। কীর্তনও ছিল। কিন্তু ছিল না এত মধুরিমা। ছিল না এত উন্মাদনা। কীর্তনের পিতা প্রবেশ করিয়ে দিলেন নামের মধ্যে ব্রজমাধুর্য। নামাক্ষরের মধ্যে উজ্জ্বল রস প্রবাহিত করে তাঁতে যুগিয়েছেন নতুনতর প্রেরণা।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

শ্রীগৌরাঙ্গসুন্দর যখন হরিনাম করেন উদাত্ত কণ্ঠে তখন কেবল মুখেই নাম করেননি। তাঁর সমস্ত অন্তর দিয়ে, তাঁর সমগ্র সত্তা দিয়ে সেই কীর্তন করেন। তাঁর অন্তরের মধ্যে তিনটি বাঞ্ছার পরিপূর্ণ আস্বাদন তা কণ্ঠোৎসারিত নামাক্ষরের মধ্যে অনুপ্রবেশ করে।

শব্দে যদি বেদনা থাকে তবেই তা চেতনা জাগাতে পারে। গৌরকণ্ঠের 'কৃষ্ণ' শব্দে আছে বিরহিণী রাধার পুঞ্জিত বেদনা। তাই জীবের হৃদয়ে তা চৈতন্য এনে গৌরের কৃষ্ণচৈতন্য নাম সার্থক করেছে। 'হরি' শব্দ চিরকালই ছিল। আজ শ্রীগৌরমুখে ঐ নাম যে অভূতপূর্ব আকর্ষণ জাগল তা চিরসন্নিবিষ্ট হয়ে রইল নামের অভ্যন্তরে। এটাই দাতা শিরোমণির মহাদান। জীব-ঈশ্বরের সম্বন্ধ অচিন্ত্য-ভেদাভেদ। 'অচিন্ত্য' অর্থে কেবল চিন্তার অতীত নয়, চিন্তারাজ্যেরও অতীত। তবে রসের রাজ্যে ভেদাভেদ সম্ভব। জীব তাঁর অংশ বলে ভেদবিশিষ্ট। কিন্তু রসের অনুভূতিতে, ভালবাসায় তাঁর সঙ্গে একাত্মতা অনুভূত হয়। শ্রীকৃষ্ণ রসিক শেখর, অনন্ত রসের সিন্ধু। জীবের সঙ্গে হয় তাঁর রসের সম্বন্ধ। তিনি পুত্র হন, সখা হন, প্রাণবল্লভ হন। যখন প্রাণবল্লভ হন তখন তাঁর সঙ্গে জীবের অভিন্ন মননে একাত্মতা হয়।

লৌকিক জীবনযাপনে যে রকম পতিপত্নীর গভীর মিলনে প্রায় একাত্মতার অনুভূতি হয়, আবার পতিসেবার জন্যে পত্নীর পৃথকত্ববোধও জাগে অপ্রাকৃত লীলারসের আস্বাদনেও তেমন শ্রীকৃষ্ণের সঙ্গে ভক্তের একাত্মতা-অভিন্নতা অনুভূত হয়। আবার শ্রীকৃষ্ণ সেবার জন্যে পৃথকত্বের ভাবনাও জাগে। এ এককত্ব ও পৃথকত্ব অচিন্ত্যভাবে মিলিত হয়েছে। একেই অচিন্ত্য-ভেদাভেদ বলা হয়। ভেদ+অভেদ = ভেদাভেদ।

ভক্তি প্রগাঢ়ত্ব প্রাপ্ত হয়ে জ্ঞানশূন্য হলে পরিণত হয় শুদ্ধভক্তিতে। শুদ্ধভক্তি গাঢ়ত্ব প্রাপ্ত হয়ে প্রেমভক্তি হয়। প্রেমভক্তি গাঢ়ত্ব প্রাপ্ত হয়ে যখন প্রণয়ভূমিতে উপনীত হয় তখন শ্রীকৃষ্ণের সঙ্গে ভক্তের অভিন্ন মনন জাগ্রত হয়। এসবই অপরোক্ষ অনুভূতিবেদ্য। বিচার-ভূমিকায় এর অবস্থিতি নেই। 'অখিলরসামৃতমূর্তি'– এটি হলো শ্রীকৃষ্ণের স্বরূপগত সর্বশ্রেষ্ঠ প্রকাশ। তিনি রসিকেন্দ্রচূড়ামণি। যে যেমন তার জন্যে তেমনই।

অচিন্ত্য-ভেদাভেদ শুধু তাত্ত্বিক বা দার্শনিক সিদ্ধান্ত নয়। এটি শ্রীগৌরাঙ্গসুন্দরের জীবনলীলায় মূর্তিমন্ত হয়েছে। এ দার্শনিক সিদ্ধান্তের মূর্তরূপ (embodiment) হলেন শ্রীগৌরচন্দ্র।

রাধা আরাধিকা। রাধাই শ্রীকৃষ্ণের আরাধ্য। আরাধ্য আরাধিকা এক অঙ্গে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দ্রবীভূত হলেই শ্রীশ্রীগৌরাঙ্গ। দুই অভিন্ন বলে এটি সম্ভবপর হয়েছে। শ্রীমতী যখন শ্রীকৃষ্ণের সাথে মিলে মিশে একীভূত হয়ে যাচ্ছেন তখন সখী ললিতা তাঁকে স্পর্শ করেন। বলেন, "সখী! এপথে মিলিত হলে পরমানন্দ হবে বটে, কিন্তু পৃথক থেকে শ্রীকৃষ্ণের শ্রীরূপদর্শন, চরণসেবনও সর্বেন্দ্রিয়ে কৃষ্ণানুশীলন হবে কী করে"? শ্রীমতী তখন নিবৃত্ত হলেন। আর মিশলেন না। যেটুকু মেশা বাকি ছিল সেটুকু হলেন গদাধর। শ্রীরাধা অখণ্ডবস্তু। তিনি দুইখণ্ড হলেন না। মিলিত হবার বাঞ্ছাও পূর্ণ হলো। অমিলিত থেকে সর্বেন্দ্রিয়ে কৃষ্ণানুশীলনের শাশ্বত বাঞ্ছাও পূর্ণ হলো। এটি চিন্তারাজ্যের অতীত ঘটনা। রসরাজ্যেই এমন ঘটন সম্ভব। এটিই অচিন্ত্য ভেদাভেদ। ফকির লালন শাঁইজি এ অচিন্ত্য ভেদাভেদকেই আবার দান করলেন অভেদ শব্দস্পর্শরূপরসমূর্তি।

তথাপি বাঙলার মহাভাব আন্দোলনের মহান এ উদ্‌গাতাকে ব্রাহ্মণ চক্রান্তকারীরা গোপীনাথ তলা মন্দিরে নিমন্ত্রণ জানিয়ে শেষ পর্যন্ত গোপনে হত্যা করে মন্দির বেদীতে পুতে ফেলার বিভৎস ও অন্ধকারাচ্ছন্ন ইতিহাসের দিকে তিনি ইঙ্গিত হানেন এইভাবে :

একদিন সেই চাঁদ গৌরাঙ্গ
গোপীনাথ তলায় গেল
হারায় সেথায়
সোনার নদীয়া
সেই হতে অন্ধকার হলো ॥

কিংবা,

কে দেখেছে গৌরাঙ্গ চাঁদেরে
সেই চাঁদ গোপীনাথ মন্দিরে
গেল আর তো এলো না ফিরে ॥

যার জন্যে কুলমান গেল
সে আমারে ফাঁকি দিল
জগতে কলঙ্ক রটিল
লোকে বলবে কী আমারে ॥

দরশনে দুঃখ হরে
পরিশেলে পরশ করে
হেন গৌরচন্দ্র আমার
লুকাল কোন শহরে?

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮১.
আজ আমায় কোপনী দে গো
ভারতী গোঁসাই
কাঙ্গাল হব
মেঙ্গে খাব
রাজরাজ্যের আর কার্য নাই ॥

তাতে যদি নাহি পারি
ভিক্ষার ছলে বলব হরি
এই বাসনা মনে করি
বলব নাম ঠাঁইঅঠাঁই ॥

সাধুশাস্ত্রে জানা গেল
সুখ চেয়ে সোয়াস্তি ভাল
খাই বা না খাই নিষ্কলহ
তাতে যদি মুক্তি পাই ॥

স্বপ্নে যেমন রাজরাজ্য পাই
ঘুম ভাঙ্গিলে সব মিথ্যা হয়
এমনই যেন সংসারময়
লালন ফকির কেঁদে কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮২.

আমার অন্তরে কী হলো গো সই
আজ ঘুমের ঘোরে গৌরচাঁদ হেরে
আমি যেন আমি নাই ॥

আমার গৌরপদে মন হরিল
আর কিছু লাগে না ভাল
সদাই মনের চিন্তা ঐ
আমার সর্বস্ব ধন গৌরধন
চাঁদ গৌরাঙ্গ ধন সেধন
কিসে পাই শুধাই ॥

যদি মরি গৌর বিচ্ছেদবাণে
গৌর নাম শুনাইও আমার কানে
সর্বাঙ্গে লেখ নামের বই
ঐ বর দে গো সবে
আমি জনমে জনমে যেন
ঐ গৌরপদে দাসী হই ॥

বন পোড়ে তা সবাই দেখে
মনের আগুন কেবা দেখে
আমার রসরাজ চৈতন্য বৈ
গোপীর এমন পড়ে দশা
লালন বলে মরণদশা
তোর সে ভাব কই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৩.

আর কি আসবে সেই গৌরচাঁদ
এই নদীয়ায়
সে চাঁদ দেখলে সখী
তাপিত প্রাণ শীতল হয় ॥

চাতকরূপ পাখি যেমন
করে সে প্রেম নিরূপণ
আছি তেমনই প্রায়
কারে বা শুধাই
চাঁদের উদ্দিশ ॥

একদিন সে চাঁদ গৌরাঙ্গ
গোপীনাথ তলায় গেল
হারায় সেথায়
সোনার নদীয়া
সেই হতে অন্ধকার হয় ॥

সেই গৌরচাঁদ সচক্ষে
যেজনা একবার দেখে
সকল দুঃখ দূরে যায়
ভজনহীন তাই
লালন কি তা জানতে পায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৪.
আর কি গৌর আসবে ফিরে
মানুষ ভজে যে যা করে
গৌরচাঁদ গিয়েছে সেরে ॥

একবার এসে এই নদীয়ায়
মানুষরূপে হয়ে উদয়
প্রেম বিলালে যথাতথায়
গেলেন প্রভু নিজপুরে ॥

চারযুগের ভজনাদি
বেদেতে রাখিয়ে বিধি
বেদের নিগূঢ় রসপন্তি
সঁপে গেলেন শ্রীরূপেরে ॥

আর কি আসবে অদ্বৈত গোঁসাই
আসবে গৌর এই নদীয়ায়
লালন বলে সে দয়াময়
কে জানিবে এ সংসারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৫.

আয় দেখে যা
নতুন ভাব এনেছেন গোরা
মুড়িয়ে মাথা
গলে কাঁথা
কটিতে কৌপীন পরা ॥

গোরা হাসে কাঁদে
ভাবের অন্ত নাই
সদাই দীন দরদী দীন দরদী
বলে ছাড়ে হাঁই
জিজ্ঞাসিলে কয় না কথা
হয়েছে কী ধনহারা ॥

গোরা শাল ছেড়ে
কৌপীন পরেছে
আপনি মেতে
জগত মাতিয়েছে
হায় কী লীলে
কলিকালে
বেদবিধি চমৎকারা ॥

সত্য ত্রেতা দ্বাপর কলি হয়
গোরা তার মাঝে এক দিব্যযুগ দেখায়
লালন বলে
ভাবুক হলে
সেই ভাব জানে তারা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৬.

আয় কে যাবি গৌরচাঁদের হাটে
তোরা আয় না মনে হয়ে খাঁটি
ধাক্কায় যেন যাসনে চটে ফেটে ॥

প্রেমপাথারে তুফান ভারি
ধাক্কা লাগে ব্রহ্মপুরী
কর্ম্মগুণে কর্মতরী
কারও কারও বেঁচে ওঠে ॥

চতুরালি থাকলে বল
প্রেমযাজনে বাঁধবে কলহ
হারিয়ে শেষে দুটি কুল
কাঁদাকাটি লাগবে পথে ঘাটে ॥

আগে দুঃখ পাছে সুখ হয়
সয়ে বয়ে কেউ যদি রয়
লালন বলে প্রেমপরশ পায়
সামান্য মনে তাই কি ঘটে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৭.

আঁচলা ঝোলা তিলক মালা
মাটির ভাঁড় দেবে হাতে
গৌর কলঙ্কিনী ধনী
হোস্ নে লো কোনোমতে ॥

মোটা মোটা মালা গলে
তিলক চন্দন তাঁর কপালে
থাকতে হবে গাছের তলে
মালায় হবে জল খেতে ॥

বৃন্দাবনের ন্যাড়ান্যাড়ী
বেড়ায় ব্রজের বাড়ি বাড়ি
তারা যোগাড় করে সেবার কাড়ি
শাক চচ্চড়ি ওল ভাতে ॥

গৌরপ্রেমে যার আশা
দেখে যারে কী দুর্দশা
ঘর ছেড়ে জঙ্গলে বাসা
কামড়ায় মশামাছিতে ॥

গৌরপ্রেম এমনই ধরন
ব্রজগোপীর অকৈতব করণ
সিরাজ শাঁইয়ের চরণ ভুলেরে লালন
বেড়ায় অকুলেতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৮.
এনেছে এক নবীন গোরা
নতুন আইন নদীয়াতে
বেদপুরাণ সব দিচ্ছে দুষে
সেই আইনের বিচারমতে ॥

সাতবার খেয়ে একবার স্নান
নাই পূজা তাঁর নাই পাপপুণ্যিজ্ঞান
অসাধ্যের সাধ্য বিধান
বিলাচ্ছে সব ঘাটে পথে ॥

না করে সে জাতের বিচার
কেবল শুদ্ধপ্রেমের আচার
সত্যমিথ্যা দেখ প্রচার
সাঙ্গপাঙ্গ জাতঅজাতে ॥

শুনে ঈশ্বরের রচনা
তাই বলে সে বেদ মানে না
লালন কয় ভেদ উপাসনা
কর দেখি মন দোষ কী তাতে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৮৯.

ও গৌরের প্রেম রাখিতে কি
সামান্যে পারবি তোরা
কুলশীল ইস্তফা দিয়ে
হতে হবে জ্যান্তে মরা ॥

থেকে থেকে গোরার হৃদয়
কত না ভাব হয় গো উদয়
ভাব জেনে ভাব দিতে সদাই
জানবি কঠিন কেমন ধারা ॥

পুরুষনারীর ভাব থাকিতে
পারবি নে সেই ভাব রাখিতে
আপনার আপনি হয় ভুলিতে
যে জন গৌররূপ নিহারা ॥

গৃহে ছিলি ভালই ছিলি
গৌরহাটায় কেন মরতে এলি
লালন বলে কী আর বলি
দুকুল যেন হোস্‌নে হারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯০.

কাজ কী আমার এ ছারকূলে
যদি গৌরচাঁদ মেলে ॥

মনচোরা পাসরা গোরা রায়
অকুলের কুল জগতময়
যে নবকুল আশায়
সেই কুল দোষায়
বিপদ ঘটবে তার কপালে ॥

কুলে কালি দিয়ে ভজিব সই
অন্তিমকালের বন্ধু যে ওই
ভববন্ধুগণ
কী করবে তখন
দীনবন্ধুর দয়া না হইলে ॥

কুলগৌরবী লোক যারা
গুরুগৌরব কী জানে তারা
ভাবের লাভ
জানা যাবে সব
লালন বলে আখের হিসাবকালে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯১.
কী বলিস্ গো তোরা আজ আমারে
চাঁদ গৌরাঙ্গ ভুজঙ্গ ফণী
দংশিল যার হৃদয় মাঝারে ॥

গৌররূপের কালে যারে দংশায়
সেই বিষ কি ওঝাতে পায়
বিষ ক্ষণেক নাই
ক্ষণেক পাওয়া যায়
ধন্বন্তরী ওঝা যায়রে ফিরে ॥

ভুলব না ভুলব না বলি
কটাক্ষেতে অমনি ভুলি
জ্ঞানপবন যায় সকলই
ব্রহ্মমন্ত্রে ঝাড়িলে না সারে ॥

যদি মেলে রসিক সুজন
রসিকজনার জুড়ায় জীবন
বিনয় করে বলছে লালন
অরসিকের দুঃখ হরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯২.

কে জানে গো এমন হবে
গৌরপ্রেম করে আমার
কুলমান যাবে ॥

ছিলাম কুলের কুলবালা
প্রেমফাঁসেতে বাঁধল গলা
টানলে তো আর না যায় খোলা
বললে কে বোঝে ॥

যা হবার তাই হলো আমার
সেসব কথায় ফল কী আর
জল খেয়ে জাতের বিচার
করলে কী হবে ॥

এখন আমি এই বর চাই
যাতে মজলাম তাই যেন পাই
লালন বলে কুল বালাই
গেল ভবে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৩.
কে দেখেছে গৌরাঙ্গ চাঁদেরে
সেই চাঁদ গোপীনাথ মন্দিরে
গেল আর তো এলো না ফিরে ॥

যাঁর জন্যে কুলমান গেল
সে আমারে ফাঁকি দিল
কলঙ্কে জগত রটিল
লোকে বলবে কী আমারে ॥

দরশনে দুঃখ হরে
পরশিলে পরশ করে
হেন চন্দ্রগৌর আমার
লুকালো কোন শহরে ॥

যে গৌর সেই গৌরাঙ্গ
হৃদ মাঝারে আছে গৌরাঙ্গ
লালন বলে হেন সঙ্গ
হলো না কর্মের ফ্যারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৪.

কে যাবি আজ গৌরপ্রেমের হাটে
তোরা আয় না মনে হয়ে খাঁটি
ধাক্কায় যেন যাসনে চটে ফেটে ॥

প্রেমসাগরে তুফান ভারি
ধাক্কা লাগে ব্রহ্মপুরী।
কর্মগুণে ধর্মতরী
কারো কারো বেচে ওঠে ॥

মনে চতুরালি থাকলে বলো
প্রেমযাজনে বাঁধনে কলহ
হারিয়ে শেষে দুটি কুল
কান্নাকাটি লাগবে পথে ঘাটে ॥

আগে দুঃখ পাছে সুখ হয়
সয়ে বয়ে কেউ যদি রয়।
লালন বলে প্রেমপরশ পায়
সামান্য কি তাই ঘটে ॥

www.amarboi.com

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৫.
কেন চাঁদের জন্যে চাঁদ কাঁদেরে
এই লীলার অন্ত পাইনেরে
দেখে শুনে ভাবছি বসে সেইকথা কই কারে ॥

আমরা দেখে সেই গৌরচাঁদ
ধরব বলে পেতেছি ফাঁদ
আবার কোন চাঁদেতে এ চাঁদেরও মন হরে ॥

জীবেরে কি ভুল দিতে সবাই
গৌরচাঁদ আমার চাঁদের কথা কয়
পাইনে এবার কী ভাব উহার অন্তরে ॥

ঐ চাঁদ সেই চাঁদ করে ভাবনা
মন আমার আজ হলো দোটানা
বলছে লালন প'লাম এখন কী ঘোরে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৬.

কোন রসে প্রেম সেধে হরি
গৌরবরণ হলো সে
না জেনে সেই রসের মর্ম
প্রেমযাজন তার হয় কিসে ॥

প্রভুর যে মত সেই মত সার
আর যত সব যায় ছারেখার
তাইতে ঘুরি
কিবা করি
ব্রজের পথের পাইনে দিশে ॥

অনেকে কয় অনেক মতে
ঐক্য হয় না মনের সাথে
ব্রজের তত্ত্ব
পরমার্থ
ফিরি তাই জানার আশে ॥

কামে থেকে নিষ্কামী হয়
আজব একটা ভাব জানা যায়
কী মর্ম তায়
কে জানতে পায়
লালন তাই ভাবে বসে ॥

WWW.AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৭.
গোল কর না গোল কর না
ওগো নাগরী
দেখ দেখি ঠাউরে দেখি
কেমন ঐ গৌরাঙ্গ হরি ॥

সাধু কী ও যাদুকরী
এসেছে এই নদেপুরী
খাটবে না হেথায় ভারিভুরি
তাই ভেবে মরি ॥

বেদ পুরাণে কয় সমাচার
কলিতে আর নাই অবতার
কেহ কয় সেই গিরিধর
এসেছে নদেপুরী ॥

বেদে যা নাই তাই যদি হয়
পুঁথি পড়ে কেন মরতে যায়
লালন বলে ভজব সদাই
ঐ গৌরহরি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৮.
গৌর আমার কলির আচার
কি বিচার আইন আনিলে
কীভাবে হয়ে বৈরাগী গৌর
কুলের আচার-বিচার সব ত্যাজিলে ॥

হরি বলে গৌর রাইপ্রেমে আকুল হয়
নয়নের জলে বদন ভেসে যায়
দেখে উহার দশা
সবাই জ্ঞান নৈরাশা
আপনি কেঁদে জগতকে কাঁদালে ॥

এ ভাবজীবের সম্ভব নয়
দেখে লাগে ভয়
চণ্ডালেরে প্রভু আলিঙ্গন দেয়
নাই জাতের বোল
বলে হরিবোল
বেদ পুরাণাদি সব ছাড়িলে ॥

গৌর সিংহের হুঙ্কার
ছাড়েন বারেবার
নদীয়াবাসী সব কাঁপে থরথর
প্রেমতত্ত্ব রাগতত্ত্ব
জানালে সব অর্থ
লালন কয় ঘটল না মোর কপালে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১৯৯.
গৌর কি আইন আনিলেন নদীয়ায়
এ তো জীবের সম্ভব নয়
আন্‌কা আচার
আন্‌কা বিচার
দেখে শুনে লাগে ভয় ॥

ধর্মাধর্ম বলিতে কিছুমাত্র নাই
তাতে প্রেমের গুণ গায়
জাতের বোল রাখে না সে তো
করল একাকারময় ॥

শুদ্ধাশুদ্ধ নাই জ্ঞান
সাতবার খেয়ে একবার স্নান
করে সদাই
আবার অশুদ্ধকে শুদ্ধ করে
জীবে যা না ছোঁয় ঘৃণায় ॥

যবন ছিল কবীর খাস
তাঁরে প্রভুপদে করিলে দাস
গৌর রাই
লালন বলে যবনবংশে
জামালকে বৈরাগ্য দেয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০০.
গৌরপ্রেম অথৈ
আমি ঝাঁপ দিয়েছি তাই
এখন আমার
প্রাণে বাঁচা ভার
করি কী উপায় ॥

একে তো প্রেমনদীর জলে
ঠাঁই মেলে না নোঙর ফেলে
নাইতে বেহুঁশেতে গেলে
কামকুম্ভীরে খায় ॥

ইন্দ্রবারি শাসিত করে
উজানভেটেন বাইতে পারে
সে ভাব আমার
নাই অন্তরে
কৈট সাধ্যি কোথায় ॥

গৌরপ্রেমের এমনই ল্যাটা
আসতে জোয়ার যেতে ভাটা
না বুঝে মুড়ালাম মাথা
অধীন লালন কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০১.
গৌরপ্রেম করবি যদি ও নাগরী
কুলের গৌরব আর কর না
কুলের লোভে মান বাড়াবি
কুল হারাবি
গৌরচাঁদ দেখা দেবে না ॥

ফুল ছিটাও মনে মনে
বনে বনে
বনমালীর ভাব জান না
চৌদ্দ বছর ছিলাম বনে
রামের সনে
সীতা লক্ষণ এই তিনজনা ॥

যতসব টাকাকড়ি
এই ঘরবাড়ি
কিছুই তো সঙ্গে যাবে না
কেবল পাঁচ কড়ার কড়ি
কলসি দড়ি
কাঠখড়ি আর চট বিছানা ॥

গৌরের সঙ্গে যাবি
দাসী হবি
এটাই মনে কর বাসনা
লালন কয় মনে প্রাণে
একই টানে
ঐ পিরিতের খেদ মেটে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০২.

গুরু দেখায় গৌর তাই
দেখি কি গুরু দেখি
গৌর দেখতে গুরু হারাই
কোনরূপে দিই আঁখি ॥

গুরু গৌর রইল দুই ঠাঁই
কীরূপে একরূপ করি তাই
এক নিরূপণ
না হলে মন
সকলই হবে ফাঁকি ॥

প্রবর্তের নাই উপাসনা
আন্দাজে কি হয় সাধনা
মিছে সদাই
সাধুর হাটায়
নাম পাড়ায় সাক্ষী ॥

একরাজ্যে দুইজন রাজা
কারে বা কর দেবে প্রজা
লালন প'লো
তেমনই গোলে
খাজনা তো রইল বাকি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০৩.
চাঁদ বলে চাঁদ কাঁদে কেনে
আমার গৌরচাঁদ
ত্রিভুবনের চাঁদ
চাঁদে চাঁদ ঘেরা ঐ আবরণে ॥

গৌরচাঁদে শ্যামচাঁদেরই আভা
কোটি চন্দ্র জিনি শোভা
রূপে মুনির মন
করে আকর্ষণ
ক্ষুধাশান্ত সুধা বরিষণে ॥

গোলকের চাঁদ গোকুলেরই চাঁদ
নদীয়ায় গৌরাঙ্গ সেহি পূর্ণচাঁদ
আর কী আছে চাঁদ
সে আর কেমন চাঁদ
আমার ঐ ভাবনা মনে মনে ॥

লয়েছি গলে গৌরচাঁদের ফাঁদ
আবার শুনি আছে পরম চাঁদ
থাক সে চাঁদের গুণ
কেঁদে কয় লালন
আমার নাই উপায় চাঁদগৌর বিনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০৪.
জান গা যা গুরুর দ্বারে
জ্ঞান উপাসনা
কোন মানুষের কেমন কৃতি
যাবেরে জানা ॥

পুরুষ পরশমণি
কালাকাল তাঁর কিসে জানি
জল দিয়ে সব চাতকিনী
করে সান্ত্বনা ॥

যাঁর আশায় জগত বেহাল
তাঁর কি আছে সকালবিকাল
তিলকমন্ত্রে না দিলে জল
ব্রহ্মাণ্ড রয় না ॥

বেদবিধির অগোচর সদাই
কৃষ্ণপদ্ম নিত্য উদয়
লালন বলে মনের দ্বিধায়
কেউ দেখে কেউ দেখে না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০৫.
তোরা ধর গো ধর গৌরাঙ্গ চাঁদেরে
গৌর যেন না পড়ে
বিভোর হয়ে ভূমের উপরে ॥

ভাবে গৌর হয়ে মত্ত
বাহু তুলে করে নৃত্য
কোথায় হস্ত কোথায় পদ
ঠাহর নাই তাঁর অন্তরে ॥

মুখে বলে হরি হরি
দু'নয়নে বহে বারি
ঢুলুঢুলু তনু তাঁরই
বুঝি পড়ামাত্র যায় মরে ॥

কার ভাবে শচীসূতা
হালছে বেহাল গলে কাঁথা
লালন বলে ব্রজের কথা
বুঝি পড়েছে মনের দ্বারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০৬.
ধন্য মায়ের ধন্য পিতা
তাঁর গর্ভে জন্মাইল
নন্দের কানু গৌরাঙ্গসূতা ॥

ধন্য বলি শ্রীদাম সখা
অনেক দিনের পরে দেখা
আশ্চর্য এই বেঁচে থাকা
ধৈর্য ধরতে পারি না তা ॥

ধন্যরে ভারতী ভারি
দেখাইল নদেপুরী
ফুলবিছানা ত্যাজ্য করি
গলে নিল ছেঁড়া কাঁথা ॥

ধন্যরে যশোদার ক্রোড়
বেঁধেছিল জগদীশ্বর
লালন কয় শুনে বিভোর
আর বুঝার কিছু নাই ক্ষমতা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০৭.
নতুন দেশের নতুন রাজন
এসেছে এই নদে ভুবন ॥

যাঁর অঙ্গে এই অঙ্গধারণ
তাঁরে তো চিন নাই তখন
মিছে কেন করছ রোদন
ওগো যশোদা এখন ॥

ভাবনা কী আর আছে তোমার
তোমার তো গৌরাঙ্গ কুমার
সাঙ্গপাঙ্গ লয়ে এবার
শান্ত করি এ ছার জীবন ॥

ভক্তিভক্তের সঙ্গধারী
অভক্তের অঙ্গ না হেরি
লালন কয় সে বিনয় করি
আমার কেবল মিছে যাজন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০৮.
প্রাণগৌররূপ দেখতে যামিনী
কত কুলের কন্যে
গোরার জন্যে
হয়েছে পাগলিনী ॥

সকাল বেলা যেতে ঘাটে
গৌরাঙ্গরূপ উদয় পাটে
গেরুয়া ধারণ তাঁর করঙ্গ করেতে
কটিতে ডোর কোপিনী ॥

আনন্দ আর মন মিলে
কুল মজালে এই দুজনে
তারা ঘরে রইতে না দিলে
করেছে পাগলিনী ॥

ব্রজে ছিল কালোধারণ
নদেয় এসে গৌরবরণ
লালন বলে রাগের করণ
দরশনে রূপজপনী ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২০৯.
প্রেম কি সামান্যেতে রাখা যায়
প্রেমে মজলে ধর্মাধর্ম ছাড়তে হয় ॥

দেখরে সেই প্রেমের লেগে
হরি দিল দাসখত লিখে
ষড়ৈশ্বর্য ত্যাজ্য করে
কাঙ্গাল হয়ে ফেরে নদীয়ায় ॥

ব্রজে ছিল জলদ কালো
প্রেম সেধে গৌরাঙ্গ হলো
সে প্রেম কি সামান্য বল
যে প্রেমের রসিক দয়াময় ॥

প্রেম পিরিতের এমনই ধারা
এক মরণে দুইজন মরা
ধর্মাধর্ম চায় না তাঁরা
লালন বলে প্রেমের রীতি তাই ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১০.

বল গো সজনী আমায়
কেমন সেই গৌরগুণমণি
জগতজনার মন মজায়ে
করে পাগলিনী ॥

একবার যদি দেখতাম তাঁরে
রাখতাম সেই রূপ হৃদয়পুরে
রোগশোক সব যেত দূরে
শীতল হতো তাপিত প্রাণী ॥

মনমোহিনীর মনোহরা
কোথায় দেখলি সেই যে গোরা
আমায় লয়ে চল গো তোরা
দেখে শীতল হই ধনী ॥

নদীয়াবাসীর ভাগ্য ভাল
গৌর হেরে মুক্তি পেল
অবোধ লালন ফাঁকে প'লো
না পেয়ে সেই চরণখানি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১১.

বল স্বরূপ কোথায় আমার
সাধের প্যারী
যার জন্যে হয়েছিরে দণ্ডধারী ॥

রামানন্দ দরশনে
পূর্বভাব উদয় মনে
যাব আমি কার বা সনে
সেহি পুরী ॥

কোথায় সে নিকুঞ্জবন
কোথায় যমুনা এখন
কোথায় সে গোপিনীগণ
আহা মরি ॥

আর কিরে সেই সঙ্গ পাব
মনের সাধ পুরাইব
পরমানন্দে রব
ঐরূপ হেরি ॥

গৌরচাঁদ এই দিনে বলে
আকুল হলাম তিলে তিলে
লালন বলে সেহি লীলে
কী যে মাধুরী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১২.
বুঝবিরে গৌরপ্রেমের কালে
আমার মত প্রাণ কাঁদিলে
দেখা দিয়ে গৌর আমার
ভাবের শহরে লুকালে ॥

যেদিনে গৌর হেরেছি
আমাতে কী আমি আছি
কী যেন কী হয়ে গেছি
প্রাণ কাঁদে গৌর বলে ॥

তোরা থাক রে জাতকুল লয়ে
আমি যাই চাঁদগৌর বলে
আমার দুঃখ না বুঝিলে
এক মরণে না মরিলে ॥

চাঁদমুখেতে মধুর হাঁসি
আমি ঐরূপ ভালবাসি
লোকে করে দ্বেষাদ্বেষী
গৌর বলে যাই চলে ॥

একা গৌর নয় গৌরাঙ্গ
নয়ন বাঁকা শ্যাম ত্রিভঙ্গ
এমনই তাঁর অঙ্গসঙ্গ
লালন কয় জগত মাতালে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১৩.

ব্রজের সে প্রেমের মরম
সবাই কি জানে
শ্যামাঙ্গ গৌরাঙ্গ হলো
যে প্রেমসাধনে ॥

বিশেষ আর সামান্যরতি
উজান চলে মৃণালগতি
বিশেষে সেধে রতি
হয় গো সামান্যে ॥

প্রেমে সই কমলিনী রাই
কমলাকান্তে কামরূপ সদাই
সাধে প্রেম এই দুজনায়
প্রণয় কেমনে ॥

সামান্যে কি হয় রাইরতি দান
শ্যামরতির কি হয় বিধান
ফকির লালন বলে তার কী সন্ধান
হয় গুরু বিনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১৪.

মনের কথা বলব কারে
মন জানে আর জানে মরম
মজেছি মন দিয়ে যাঁরে ॥

মনের হয় তিনটি বাসনা
নদীয়ায় করব সাধনা
নইলে মনের বিয়োগ যায় না
তাইতে ছিদাম এই হাল মোরে ॥

কটিতে কৌপীন পরিব
করেতে করঙ্গ নেব
মনের মানুষ মনে রাখব
কর যোগাব মনের শিরে ॥

যে দায়ের দায় আমার এই মন
রসিক বিনে বুঝবে কোনজন
গৌর হয়ে নন্দের নন্দন
লালন কয় তা বিনয় করে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১৫.
যদি সেই গৌরচাঁদকে পাই
গেল গেল এ ছার কুল
তাতে ক্ষতি নাই ॥

কী ছার কূলের গৌরব করি
অকুলের কুল গৌরহরি
এ ভব তরঙ্গের তরী
গৌর গোঁসাই ॥

জন্মিলে মরিতে হবে
কুল কি কারও সঙ্গে যাবে
মিছে কেবল দুদিন ভবে
করি কুলের বড়াই ॥

ছিলাম কুলের কুলবালা
স্কন্ধে নিলাম আঁচলা ঝোলা
লালন বলে গৌরবালা
আমি কারে বা ডরাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১৬.
যদি এসেছ হে গৌর জীব তরাতে
জানব এই পাপী হতে ॥

নদীয়া নগরে ছিল যতজন
সবারে বিলালে প্রেমরত্নধন
আমি নরাধম
না জানি মরম
চাইলে না হে গৌর আমা পানেতে ॥

তোমারই সুপ্রেমের হাওয়ায়
কাষ্ঠের পুতল নলিন হয়
আমি দীনহীন
ভজনবিহীন
অপার হয়ে আছি ভবকূপেতে ॥

মলয় পর্বতের উপর
যত বৃক্ষ সকলই হয় সার
কেবল যায় জানা
বাঁশে সার হয় না
লালন প'লো তেমনই প্রেমশূন্য চিতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১৭.

যে পরশে স্পর্শে পরশ
সেই পরশখানা চিনে নে না
সামান্য পরশের গুণ
লোহার কাছে গেল জানা ॥

পরশমণি স্বরূপ গোঁসাই
যে পরশের তুলনা নাই
স্পর্শিবে যে জন তাঁয়
ঘুঁচিবে জঠর যন্ত্রণা ॥

কুমড়ে পতঙ্গ যেমন
স্পর্শে ধরায় আপন বরণ
সপরশে জানিরে মন
তেমনই মতন স্পর্শে সোনা ॥

ব্রজের ঐ জলদ কালো
যে পরশে গৌর হলো
লালন বলে মনরে চলো
জানিতে তাঁর উপাসনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১৮.

যে প্রেমে শ্যাম গৌর হয়েছে
সামান্যে তাঁর মর্ম জানা
সাধ্য কার আছে ॥

না জেনে সেই প্রেমের অর্থ
আন্দাজি প্রেম করছে কত
মরণফাঁসি নিচ্ছে সে তো
পস্তাবে শেষে ॥

মারে মৎস্য না ছোঁয় পানি
হাওয়া ধরে বায় তরণী
তেমনই যেন প্রেমকরণই
রসিকের কাছে ॥

গোঁসাই অনুগত যাঁরা
সে প্রেম জানবে তাঁরা
লালন ফকির নেংটি এড়া
প'লো ইন্দ্রিয় লালসে ॥

amarboi.com

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২১৯.

রাধারাণীর ঋণের দায়
গৌর এসেছে নদীয়ায়
বৃন্দাবনের কানাই আর বলাই ॥

নদে এসে নাম ধরেছে
গৌর আর নিতাই
কবে মা যশোদা বেঁধেছিল
হাত বুলালে জানা যায় ॥

বৃন্দাবনের ননী খেয়ে
পেট তো ভরে নাই
নদে এসে
দই চিড়াতে
ভুলেছে কানাই
তুমি কোন ভাবেতে
কোপনি নিলে
সেই কথা বল আমায় ॥

AMARBOI.COM

তুমি ধরতে গেলে
না ধরা দাও
কেবল গোপীগণের
মন ভোলাও ॥

তুমি কৃষ্ণ হরি দয়াময়
তোমাকে যে চিনতে পায়
অধীন লালন কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২০.
শুনি অজান এক মানুষের কথা
প্রভু গৌরচাঁদ মুড়ালে মাথা ॥

হায় মানুষ কোথায় সেই মানুষ
বলে প্রভু হলেন বেহুঁশ
দেখে সব নদীয়ার মানুষ
বলে না তা ॥

কোন মানুষের দায় গৌরপাগল
পাগল করল নদীয়ার সকল
রাখল না কারও জাতের বোল
প্রেমে একাকার করলে সেথা ॥

যাঁর চিন্তা জগতচিন্তা
তাঁর চিন্তা কার চিন্তা
লালন বলে হলো চিন্তা
কার আছে অচিন্তা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২১.
সামান্যজ্ঞানে কি তাঁর মর্ম জানা যায়
যে ভাবে অটল হরি এলো নদীয়ায় ॥

জীব তরাতে অংশ হতে
বাঞ্ছা করে নিজে আসিতে
আর বাঞ্ছা হয় তাতে
অঙ্গদের বাঞ্ছায় ॥

শুনে অঙ্গদের হুহুঙ্কারী
এলো কৃষ্ণ নদেপুরী
বেদের অগোচর তাঁরই
সেই লীলে হয় ॥

ধন্যরে গৌর অবতার
কলিযুগে হলো প্রচার
কলির জীব পেল নিস্তার
লালন শুধু গেলো বাঁধায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২২.
সেই গোরা এসেছে নদীয়ায়
রাধারাণীর ঋণের দায় ॥

ব্রজে ছিল কানাই বলাই
নদীয়াতে নাম পাড়াল গৌর নিতাই
ব্রহ্মাণ্ড যাঁর ভাণ্ডেতে রয়
সে কি ভোলে দই চিড়ায় ॥

ব্রজে খেয়ে মাখনছানা পুরেনি আশাই
নদীয়াতে দই চিড়াতে ভুলেছে কানাই
যাঁর বেনুর সুরে
ধেনু ফেরে
যমুনার জল উজান ধায় ॥

আয় নাগরী দেখবি তোরা
নবরসের নবগোরা
দেখলে প্রাণ জুড়ায়
লালন বলে
অন্তিমকালে
চরণ দেবেন গোসাঁই ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২৩.

সেই গোরা কি শুধুই গোরা
ওগো নাগরী
দেখি দেখি ঠাওরে দেখি
কেমন শ্রীহরি ॥

শ্যামাঙ্গ গৌরাঙ্গ মাখা
নয়ন দুটি আঁকাবাঁকা
মন জেনে দিচ্ছে দেখা
ব্রজের হরি ॥

না জানি কোন ভাব লয়ে
এসেছে শ্যাম গৌর হয়ে
ক'দিন বা রাখবে ঢেকে
নিজ মাধুরী ॥

যে হোক সে হোক না গোরা
করবে কুলের কুলছাড়া
লালন বলে দেখল যাঁরা
সৌভাগ্য তাঁরই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২৪.
সে কী আমার কবার কথা
আপন বেগে আপনি মরি
গৌর এসে হৃদয়ে বসে
করল আমার মন চুরি ॥

কিবা গৌররূপ লম্পটে
ধৈর্যের ডুরি দেয় গো কেটে
লজ্জা শরম যায় গো ছুটে
যখন ঐ রূপ মনে করি ॥

দেখলাম যাঁরে ঘুমের ঘোরে
চেতন হয়ে পাইনে তাঁরে
লুকাইল কোন শহরে
নবরূপের রাসবিহারী ॥

মেঘে যেমন চাতকেরে
দেখা দিয়ে ফাঁকে ফেরে
লালন বলে তাই আমারে
করল গৌর বরাবরই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২৫.

হরি বলে হরি কাঁদে কেনে
ধারা বহে দু নয়নে
হরি বলে হরি গোরা
নয়নে বয় জলধারা
কী ছলে এসেছে গোরা
এই নদীয়া ভুবনে ॥

আমরা যত পুরুষনারী
দেখিতে এলাম হরি
হরিকে হরিল হরি
সেই হরি কোনখানে ॥

গৌরহরি দেখে এবার
কত পুরুষনারী ছেড়ে যায় ঘর
সেই হরি কী করে আবার
লালন তাই ভাবে মনে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

নিতাইলীলা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

লীলাভূমিকা

কলিযুগের ভাব এ কী বিষম ভাব
নাহি ব্রত পূজা নাহি অন্য লাভ
ছিল দণ্ডীবেশ দণ্ড কমণ্ডলু
তাও নিতাই এসে ভেঙে দিলে ॥

উহার ভাব জেনে ভাব লওয়া হলো দায়
না জানি কখন কী ভাব উদয়
করলেন তিনটি লীলা একা নদীয়ায়
লালন ভেবে দিশ নাহি পেল ॥

অনন্তের অবতার নিতাই। অনিত্য বস্তু তথা বাইরের ক্ষয়িষ্ণু বই-দলিল-দস্তাবেজ ঘেঁটে নিত্যবস্তুময় নিতাইলীলার আদ্যপান্ত বুঝতে গেলে বহু বাধা ও দ্বিধার মধ্যে পড়ে হাবুডুবু খেতে হয়। নিতাইতত্ত্ব অর্থ যাঁর জন্মমৃত্যু নেই এমন সত্তা। তিনি সর্বযুগে ছিলেন, আছেন এবং অনাদিকাল ধরে জায়মান থাকবেন। অনিত্য জীব নিত্যবস্তুর কী বুঝবে? সেজন্যেই তো তাঁর প্রকাশ অতিমাত্রায় লীলাময়। অন্য অর্থে সুগভীর রহস্যভরা কুহেলিকাময়।

বৈষ্ণব শাস্ত্রগ্রন্থ 'শ্রীচৈতন্যভাগবত' ও 'শ্রীচৈতন্যচরিতামৃত' অনুধ্যানপূর্বক প্রতীয়মান হয়, শ্রীনিতাই ও শ্রীগৌরের সম্বন্ধটি অতিগূঢ়। সম্বন্ধটি নিজ গোপ্য অর্থাৎ এমন গোপনতর যা নিজে ছাড়া অন্য কারও কাছে প্রকাশ করা চলে না এবং তিনি নিজে কৃপা করে না জানালে অন্য কেউ মোটেও তা জানতে পারে না। শ্রীচৈতন্যভাগবতে মহাপ্রভু বলেন রাঘব পণ্ডিতকে :

রাঘব তোমারে আমি নিজ গোপ্য কই।
আমার দ্বিতীয় নাই নিত্যানন্দ বৈ ॥

একই গ্রন্থে পুনরায় ব্যক্ত করেন, নিতাই ও গৌর স্বরূপের মধ্যে কোনও প্রভেদ নেই। দুই বস্তু একই কেবল ভক্তিদানের জন্যে তিনি ভক্তের কাছে লীলাবেশে পৃথক হয়েছেন :

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

এক বস্তু দুই ভাগ ভক্তি বিলাতেই।
গৌরচন্দ্র জানি সবে নিত্যানন্দ হৈতেই ॥
দুই ভাই এই অনু সমান প্রকাশ।
নিত্যানন্দ না মানো তো হবে সর্বনাশ ॥

নিতাইগৌর একবস্তু বা একতনু অর্থাৎ নিতাই-গৌর মিলিত একটি স্বরূপের পরিষ্কার ইঙ্গিত থাকা সত্ত্বেও ঐ গূঢ় স্বরূপটির নির্দেশ কোথাও দেখা যায় না। গৌরলীলায় এ তথ্য না থাকটা মোটেও অযৌক্তিক কিছু নয়।

রাধাকৃষ্ণলীলায় রসমাধুর্যের আস্বাদনে কৃষ্ণের তিন বাঞ্ছা অপূর্ণ থাকে। তার পূর্তি ঘটে রাধাকৃষ্ণ মিলিত তনু গৌরতত্ত্বে যা ব্রজলীলায় পরিস্ফুট নয়। গৌর পার্ষদগণ তা উদ্‌ঘাটিত করেছেন। গৌর-নিতালীলায় নামমাধুর্য আস্বাদনে নামী ও নামের চিন্ময় স্বরূপের মধ্যে অনুরূপভাবে তিনটি বাঞ্ছার অপূরণ এবং নিতাই-গৌর মিলনময় এক স্বরূপে তার পূর্তি এমন সিদ্ধান্ত স্বাভাবিকভাবেই এসে পড়ে। এ নিতাইগৌর মিলনময় স্বরূপটি যে প্রভু জগতবন্ধু সুন্দর তা কল্পনাপ্রসূত কোনও তত্ত্ব নয়। সত্য ও ব্রহ্মচর্যের জীবন্ত বিগ্রহ প্রভু জগতবন্ধুর করুণা, লীলাময় গভীর ধ্যান এবং সর্বোপরি তাঁর বাণীই এ তত্ত্ব উদ্‌ঘাটনের চাবিকাঠি। ফকির লালন শাহ কৃষ্ণলীলা বিলাসের নদীয়ালীলা পরিস্নাত সে সৌন্দর্যসমগ্রকে তাঁর কীর্তনযোগে আমাদের কাছে প্রণিধানযোগ্য করে তোলেন নতুন ভাবভাষ্যে। নিত্যানন্দ সেই ভাবরসেরই প্রবাহ যা ফকির লালনে এসে শতশত বছর পর নবধারায় প্লাবিত করতে চায় আমাদের শুকনো জ্ঞানকর্ম নির্ভর প্রেমহীন কাষ্ঠ ধর্মাচারকে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২৬.
একবার চাঁদবদনে বল গোসাঁই
বান্দার এক দমের ভরসা নাই ॥

কে হিন্দু আর কে যবনের চেলা
পথের পথিক চিনে ধর এইবেলা
পিছে কালশমন
থাকে সর্বক্ষণ
কোনদিন বিপদ ঘটাবে ভাই ॥

আমার বাড়িঘর বিষয় সদাই
ঐরবে দিন গেলরে তোমার
বিষয়-বিষ খাবি
সে ধন হারাবি
এখন কাঁদলে আর কি হবে তাই ॥

নিকটে থাকিতে সেই ধন
বিষয় মদে দেখলি নারে মন
ফকির লালন কয়
সে ধন কোথায় রয়
আখেরে খালি হাতে যায় সবাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২৭.

কার ভাবে শ্যাম নদেয় এলো
তাঁর ব্রজভাবে কি অসুসার ছিল ॥

গোলকেরই ভাব ত্যাজিয়ে সে ভাব
প্রভু ব্রজপুরে লয়েছিল যে ভাব
এবে নাহি তো সে ভাব
দেখি নতুন ভাব
এইভাব বোঝা জীবের কঠিন হলো ॥

সত্যযুগে সঙ্গে কয় সখী ছিল
ত্রেতায় সঙ্গী সীতা লক্ষ্মী হলো
ছিল দ্বাপরের সঙ্গিনী
রাধারঙ্গিনী
কলির ভাবে তারা কোথায় বল ॥

কলিযুগের ভাব এ কী বিষম ভাব
নাহি ব্রতপূজা নাহি অন্য লাভ
ছিল দণ্ডীবেশ দণ্ড কমণ্ডলু
তাও নিতাই এসে ভেঙ্গে দিল ॥

উহার ভাব জেনে ভাব লওয়া হলো দায়
না জানি কখন কী ভাব উদয়
করলেন তিনটি লীলা একা নদীয়ায়
লালন ভেবে দিশে নাহি পেল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২৮.
দয়াল নিতাই কারও ফেলে যাবে না
ধর চরণ ছেড় না ॥

দৃঢ় বিশ্বাস করিয়ে মন
ধর নিতাই চাঁদের চরণ
পার হবি পার হবি তুফান
অপারে কেউ থাকবে না ॥

হরিনামের তরী লয়ে
ফিরছে নিতাই নেয়ে হয়ে
এমন দয়াল চাঁদকে পেয়ে
শরণ কেন নিলে না ॥

কলি জীবের হয়ে সদয়
পারে যেতে ডাকছে নিতাই
ফকির লালন বলে মন চল যাই
এমন দয়াল মিলবে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২২৯.

পার কর চাঁদ আমায় বেলা ডুবিল
আমার হেলায় হেলায়
অবহেলায়
দিন তো বয়ে গেল ॥

আছে ভবনদীর পাড়ি
নিতাই চাঁদ কাণ্ডারী
কুলে বসে রোদন করি
আমি কি গৌরকুল পাব ॥

গৌরচাঁদ এসে কুলে বসেছে
কুলগৌরবিনী যারা
কুলে থাকে তারা
ও কুল ধুয়ে কি জল খাব ॥

ও চাঁদগৌর যদি পাই
কুলের মুখে দিয়ে ছাই
আর তো কিছু নাহি চাই
ফকির লালন বলে শ্রীচরণের দাসী হব ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩০.
পারে কে যাবি তোরা
আয় না ছুটে
নিতাই চাঁদ হয়েছে নেয়ে
ভবের ঘাটে ॥

হরিনামের তরণী যাঁর
রাধানামের বাদাম তাঁর
ভবতুফান বলে ভয় কীরে আর
সেই নায়ে উঠে ॥

নিতাই বড় দয়াময়
পারের কড়ি নাহি সে লয়
এমন দয়াল মিলবে কোথায়
এই ললাটে ॥

ভাগ্যবান যে জন ছিল
সে তরীতে পার হলো
লালন ঘোর তুফানে প'লো
ভক্তি চটে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩১.

প্রেমপাথারে যে সাঁতারে
তাঁর মরণের ভয় কী আছে
নিষ্ঠাপ্রেম করিয়ে সে যে
একমনে বসে রয়েছে ॥

শুদ্ধপ্রেম রসিকের কর্ম
মানে না বেদবিধির ধর্ম
রসরাজ রসিকের মর্ম
রসিক বৈ আর কে জেনেছে ॥

শব্দ স্পর্শ রূপ রস গন্ধ
পঞ্চেতে হয় নিত্যানন্দ
যাঁর অন্তরে সদানন্দ
নিরানন্দ জানে না সে ॥

পাগল নয় সে পাগলের পারা
দুই নয়নে বহে ধারা
যেন সুরধুনির ধারা
লালন কয় ধারায় ধারা মিশে রয়েছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩২.

রসপ্রেমের ঘাটে ভাঁড়িয়ে তরী বেও না
আইন জান না বললে মান না ॥

নতুন আইন এলো নদীয়াতে
প্রেমের ঘাটে উচিত কর দিতে
না জেনে সেই খবর
করিলে জোর জবর
উচিত সাজায় বাঁচবে না ॥

প্রেমের ঘাটে রাজা নিতাই
রাইরাধা রসবতী চুন্নি তাই
সে ঘাট মাড়িলে
পড়িবে দায়মালে
এই ঝকমারি কর না ॥

মাড়িয়েছিল সেই ঘাট শ্যামরাই
চালান হলো নদীয়া জেলায়
লালন ভেবে বলে আমার
এই কপালে হয় কী জানি ঘটনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

স্থলদেশ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দেশভূমিকা

প্রাপ্ত পথ ভুলে এবার
ভবরোগে ভুগব কত আর
যদি নিজগুণে শ্রীচরণ দাও
তবে কুল পেতে পারি ॥

এলাম হেথায় ছিলাম কোথায়
আবার আমি যাই যেন কোথায়
তুমি মনোরথের সারথী হয়ে
স্বদেশে লও মনেরই ॥

স্থূলদেহ মানে ইন্দ্রিয় নির্ভর বস্তু মোহগ্রস্থ দুর্বল মানবদেহ। 'স্থূল' অর্থ পিণ্ডাকার। পিতামাতার বিন্দুরূপ শুক্র ও শোণিত একযোগ মিলিত হলে পিণ্ডাকাররূপে যে দেহ ক্রমে বৃদ্ধি পায় তার নাম স্থূলদেহ। স্থূলদেশ বা স্থূলদেহের অর্থ আবার দুই প্রকার। প্রথমটি মাতৃগর্ভের মধ্যকার অন্তর্জগতের এবং দ্বিতীয়টি ভূমিষ্ঠ হবার পর বহির্জগতের ভাব প্রকাশক। উৎপত্তি বা জন্ম এবং প্রলয় বা মৃত্যু যেখানে আছে তার নাম মায়াময় স্থূলদেশ। স্থূলদেশের কাল হলো বাহ্য বিভাজনে প্রকৃতির অধীন কালগ্রস্ত। প্রাকৃতিক তথা দৈহিক এ কালগ্রস্ততাই নামান্তরে স্থূলদেহ। 'স্থূল' অর্থ যে সময়কালে প্রাণবিন্দু পিতামাতার সঙ্গমের মাধ্যমে পিতার বর্জ্য তথা বীর্যরূপে মাতৃগর্ভের অষ্টদলপদ্মে বা জরায়ু কক্ষের মধ্যে স্থিত হয়ে দেহ গঠনক্রিয়ার সূচনা ঘটায় সেই সময়কাল থেকে অনিত্যকাল বা বাহ্য বিভাজনে প্রকৃতির অধীন জন্মমৃত্যুকাল শুরু হয়।

স্থূলদেশের পাত্র প্রবর্তদেহের পূর্বাবস্থা। এ পূর্বাবস্থা আল্লাহ্‌র পরীক্ষামূলক অপরিহার্য একটি ব্যবস্থা। যা দিয়ে দেহগঠন কার্য সম্পাদন হয় বা যিনি সৃজন করেন ও সৃজন করান এবং যাঁর দ্বারা দেহ উৎপন্ন হয় অর্থাৎ পিতামাতার সঙ্গমে যে শক্র-শোণিত সংযোগে জগত বা দেহসৃষ্টি হয় তাঁকে বলা হয় পাত্র সৃষ্টিকর্তা তথা প্রবর্তদেহের পূর্বাবস্থা।

স্থূলদেশের আশ্রয় সংসারধর্ম। সংসারে পিতামাতার স্নেহমায়ায় লালিতপালিত হয়ে সংসারকর্তার আদেশ-নির্দেশের অনুগত থেকে দেহমন বিস্তারের প্রস্তুতিপর্ব।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

স্থূলদেশের আলম্বন হলো বাহ্যধর্মচর্চা। লোকপ্রিয় এবং ভোগবাদী আচার-অনুষ্ঠানসর্বস্ব ধর্মকর্ম; যথা: নামাজ-রোজা বা পূজা-কীর্তনসহ হাদিস-ফেকাহ্ বা বেদ-পুরাণ পাঠ দ্বারা ধর্মের যেসব স্থূলচর্চা লোক সমাজে জনপ্রিয় ধারায় ব্যাপকভাবে হয়ে থাকে তাকেই বলা হয় স্থূলদেশের আলম্বন। ভাষা রাজনীতির বিভাজনে খণ্ডিত ধার্মিকতা এর অপর নাম।

স্থূলদেশের উদ্দীপন হলো শাঁইজির স্থূলদেহভিত্তিক সঙ্গীতমালা শ্রবণ, সাধুবাণী স্মরণ যা শ্রবণের মাধ্যমে মোহমায়ান্ধ জীবাত্মা তথা মায়াপাশের বন্ধন থেকে মুক্ত হবার উদ্দীপনা লাভ করা।

অতএব স্থূলদেশের কর্মকাণ্ড হলো সংসারধর্মের আজ্ঞাবর্তী হয়ে পিতামাতার সংস্কার অনুসারে কাজকর্ম করে চলা, স্থূলদৈশিক সঙ্গীত শ্রবণ, চিন্তন এবং স্থূলধর্মগ্রন্থাদি পাঠ করা।

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩৩.
আজগুবি বৈরাগ্যলীলা দেখতে পাই
হাতবানানো চুল দাঁড়িজট
কোন্ ভাবুকের ভাবরে ভাই ॥

যাত্রাদলেতে দেখি
বেশ করিয়ে হয়রে যোগী
এসব দেখি জাল বৈরাগী
বাসায় গেলে কিছুই নাই ॥

সাধু কি বৈষ্ণবের তরে
ভক্তিকে ভর্ৎসনা করে
কী দেখে বেহাল পরে
বললে কিছু শুনতে পাই ॥

না জানি এই কলির শেষে
আর কত ঢং উঠবে দেশে
লালন বলে মোর দিন গিয়েছে
যে বাঁচবে সে দেখবে ভাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩৪.
আদিকালে আদমগণ
এক এক জায়গায় করত ভ্রমণ
ভিন্ন আচার ভিন্ন বিচার
তাইতে সৃষ্টি হয় ॥

জানত না কেউ কারও খবর
ছিল না এমন কলির জবর
এক এক দেশে
ক্রমে ক্রমে শেষে
গোত্র প্রকাশ পায় ॥

জ্ঞানী দ্বিগ্বিজয়ী হলো
নানারূপ দেখতে পেল
দেখে নানারূপ
সব হলো বেওকুফ
এইরূপে জাতির পরিচয় ॥

খগোল ভুগোল নাহি জানত
যার যার কথা সেই বলিত
লালন বলে
কলিকালে
জাত বাঁচানো বিষম দায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩৫.

আন্ধাবাজি ধান্ধায় পড়ে
আন্দাজি করলি সাধন
কোন সাধনায় পাবি
এবার পরম ধন ॥

ভোগ দিয়ে ভগবান পেলে
আল্লাহ্ পাইতি এবার শিরনিতে
মক্কায় গিয়ে খোদা পেলে
ফিরতি না খালি হাতে ॥

গয়া কাশি বৃন্দাবনে
পেলে হরি ফিরত নারে
খ্রিস্টান গির্জাঘরে পেলে
ঈশ্বর ভুলত নারে ॥

নগদ পাবার আশা করে
পূজা করলি আয়োজন
নগদ পাওয়া দূরের কথা
বাকিতে শুধু যায় জীবন ॥

ফকির লালন বলে
লুটাও গুরুর চরণতলে
পাবি সে ধন
নিরঞ্জন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩৬.
আমি বলি তোরে মন
গুরুর চরণ
কররে ভজন
গুরুর চরণ
পরমরতন
কররে সাধন ॥

মায়াতে মত্ত হলে
গুরুর চরণ না চিনলে
সত্যপথ হারালে
খোয়াবি গুরুবস্তুধন ॥

ত্রিবিনের তীরধারে
মীনরূপে শাঁই বিরাজ করে
কেমন করে ধরবি তাঁরে
ওরে আমার অবুঝ মন ॥

মহতের সঙ্গ ধর
কামের ঘরে কপাট মার
লালন ভনে
সেইরূপ দরশনে
পাবিরে পরশরতন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩৭.
উদয় কলিকালরে ভাই
আমি বলি তাই
হাগড়া বিঁধে
ন্যাকড়া ছিঁড়ে
লোক বুঝি হাসিয়ে যায় ॥

কারও কথা কেউ শোনে না
শাঠ্যেশঠে সকল কারখানা
ছিটেফোঁটা তন্ত্রমন্ত্র
কলির ধর্মে দেখতে পাই ॥

কলিতে অমানুষের জোর
ভাল মানুষ বানায় চোর
সমঝে ভবে না চলিলে
বখেটের হাতে পড়বে ভাই ॥

মা মরা বাপ বদলানো স্বভাব
কলির যুগে দেখি এই ভাব
লালন বলে কলিকালে
ধর্ম রাখার কি উপায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩৮.

একবার দেখ নারে জগন্নাথে যেয়ে
জাতকুল কেমনে রাখ বাঁচিয়ে
চণ্ডালে রাঁধিলে অন্ন
ব্রাহ্মণে তা খায় চেয়ে ॥

জোলা ছিল কবীর দাস
তাঁর তুড়ানী বারোমাস
উঠছে উথলিয়ে
সেই তুড়ানী
খায় যে ধনী
সেই আসে দর্শন পেয়ে ॥

ধন্য প্রভু জগন্নাথ
চায় না সে জাতবেজাত
থাকে ভক্তের অধীনে
জাতবিচারী
দুরাচারী
যায় তারা সব দূর হয়ে ॥

জাত না গেলে পাইনে হরি
কী ছার জাতের গৌরব করি
ছুঁসনে বলিয়ে
ফকির লালন বলে
জাত হাতে পেলে
পোড়াতাম আগুন দিয়ে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৩৯.

এমন মানবসমাজ
কবে গো সৃজন হবে
যেদিন হিন্দু মুসলমান
বৌদ্ধ খ্রিস্টান
জাতিগোত্র নাহি রবে ॥

শোনায়ে লোভের বুলি
নেবে না কেউ কাঁধে ঝুলি
ইতর আতরাফ বলি
দূরে ঠেলে নাহি দেবে ॥

আমির ফকির করে এক ঠাঁই
সবার পাওনা পাবে সবাই
আশরাফ বলিয়া রেহাই
ভবে কেহ নাহি পাবে ॥

ধর্ম কুল গোত্র জাতির
তুলবে নাকো কেহ জিকির
কেঁদে বলে লালন ফকির
কে মোরে দেখায়ে দেবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪০.
এলাহি আলামিন গো আল্লাহ্
বাদশাহ্ আলমপনা তুমি
ডুবায়ে ভাসাতে পার
ভাসায়ে কিনার দাও কার
রাখ মার হাত তোমার
তাইতে দয়াল ডাকি আমি ॥

নূহ্ নামে নবীজিরে
ভাসালেন অকুল পাথারে
আবার তাঁরে মেহের করে
আপনি লাগান কিনারে
জাহেরাছে ত্রিসংসারে
আমায় দয়া কর স্বামী ॥

নিজাম নামে পাপী সে তো
পাপেতে ডুবিয়া রইত
তাঁর মনে সুমতি দিলে
কুমতি তাঁর গেল চলে
আউলিয়া নাম খাতায় লিখিলে
জানা গেল ঐ রহমই ॥

নবী না মানে যারা
মোহাহেদ কাফের তারা
সেই মোহাহেদ দায়মাল হবে
বেহিসাবে দোজখে যাবে
আবার কি সে খালাস পাবে
লালন কয় মোর কী হয় জানি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪১.

এসো দয়াল পার কর ভবের ঘাটে
ভবনদীর তুফান দেখে
ভয়ে প্রাণ কেঁপে ওঠে ॥

পাপপুণ্যি যতোই করি
ভরসা কেবল তোমারই
তুমি যার হও কাণ্ডারী
ভবভয় তার যায় ছুটে ॥

সাধনার বল যাদের ছিল
তারাই কূল কিনারা পেল
আমার দিন অকাজে গেল
কী জানি হয় ললাটে ॥

পুরাণে শুনেছি খবর
পতিতপাবন নামটিরে তোর
লালন বলে আমি পামর
তাইতে দোহাই দিই বটে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪২.
এসো হে অপারের কাণ্ডারী
পড়েছি অকূল পাথারে
দাও এসে চরণতরী ॥

প্রাপ্তপথ ভুলে এবার
ভবরোগে ভুগব কত আর
যদি নিজগুণে শ্রীচরণ দাও
তবে কুল পেতে পারি ॥

ছিলাম কোথায় এলাম হেথায়
আবার আমি যাই যেন কোথায়
তুমি মনোরথের সারথী হয়ে
স্বদেশে লও মনেরই ॥

পতিতপাবন নাম তোমার গোসাঁই
কত পাপীতাপী তাইতে দেয় দোহাই
লালন ভনে
তোমা বিনে
ভরসা কারে করি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪৩.
এসো হে প্রভু নিরঞ্জন
এ ভবতরঙ্গ দেখে
আতঙ্কেতে যায় জীবন ॥

তুমি ভক্তি তুমি মুক্তি
অনাদির হও আদ্যশক্তি
দাও হে আমায় ভক্তির শক্তি
যাতে তৃপ্ত হয় জীবন ॥

ধ্যানযোগে তোমারে দেখি
তুমি সখা আমি সখী
মম হৃদয় মন্দিরে থাকি
দাও ঐরূপ দরশন ॥

ত্রিগুণে সৃজিলেন সংসার
লীলা দেখে কয় লালন তাঁর
সেদরাতুল মোন্তাহার উপর
গোলামের হয় আসন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪৪.
কাল কাটালি কালের বশে
এ যে যৌবনকাল
কামে চিত্তকাল
কোনকালে আর হবে দিশে ॥

যৌবনকালে কামে দিলি মন
দিনে দিনে হারা হলি পিতৃধন
গেল নবীন জোর
আঁখি হলো ঘোর
কোনদিন ঘিরবে কাল শমনে এসে ॥

যাদের সঙ্গরঙ্গে মেতে রইলি চিরকাল
কালার কালে তারাই হলো কাল
তাও জান না
কার কী গুণপনা
ধনীর ধন গেল সব রিপুর বশে ॥

বাদীভেদী বিবাদী সদাই
সাধনসিদ্ধি করিতে না দেয়
নাটের গুরু হয়
লালস মহাশয়
ডুরি দাওরে লালন লোভ লালসে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪৫.
কাশী কি মক্কায় যাবি চলরে যাই
দোটানাতে ঘুরলে পথে
সন্ধ্যাবেলা উপায় নাই ॥

মক্কা যেয়ে ধাক্কা খেয়ে
যেতে চাও কাশীধামে
এমনি মতে কাল কাটালে
ঠিক নামালে কোথা ভাই ॥

নৈবেদ্য পাকা কলা
তাই দেখে মন ভোলে ভোলা
শিরনি বিলায় দরগাতলা
তাও দেখে মন খলবলায় ॥

চুল পেকে হলে হুড়ো
পেলে না পথের মুড়ো
লালন বলে সন্ধি ভুলে
না পেলাম কুল নদীর ঠাঁই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪৬.
কি করি কোন পথে যাই
মনে কিছু ঠিক পড়ে না
দোটানাতে ভাবছি বসে
সেই ভাবনা ॥

কেউ বলে মক্কায় গিয়ে
হজ্ব করিলে যাবে গুনাহ
কেউ বলে মানুষ ভজে
মানুষ হও না ॥

কেউ বলে পড়লে কালাম
পায় সে আরাম
বেহেস্তখানা
কেউ বলে সেই সুখের ঠাঁই
কারও কারও কায়েম রবে না ॥

কেউ বলে মোর্শেদের ঠাঁই
খুঁজলে পায়
মূল ঠিকানা
তাই না বুঝে লালন ভেড়ো
হয় দোটানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪৭.
কী কালাম পাঠাইলেন আমার
শাঁই দয়াময়
এক এক দেশে এক এক বাণী
কয় খোদায় পাঠায় ॥

একযুগে যা পাঠায় কালাম
অন্যযুগে হয় কি হারাম
এমনই মতে ভিন্ন তামাম
ভিন্ন দেখা যায় ॥

যদি একই খোদার হয় রচনা
তাতে ভিন্নভেদ থাকে না
এ সকল মানুষের রচনা
তাইতে ভিন্ন হয় ॥

এক এক দেশে এক এক বাণী
পাঠান কি শাঁই গুণমণি
মানুষের রচিত জানি
লালন ফকির কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪৮.
কী বলে মন ভবে এলি
এসে এই মায়ার দেশে তত্ত্ব ভুলে
কার গোয়ালে ধুঁয়ো দিলি ॥

ভেঙ্গেছ সরকারি তহবিল
সাক্ষী আছে ইস্রাফিল
হুজুরে হয়ে হাজির
বলতে হবে সত্যবুলি ॥

পেয়ে মদনরসের গোলা
ভাঙ্গলি অনুরাগের তালা
ম'লি ঠিক দুপুর বেলা
চিনিতে মিশালি বালি ॥

ক্ষ্যাপা মদনের আখড়া
ধর্ম নিয়ে বাঁধাও ঝগড়া
লালন কয় ছেঁড়া ন্যাকড়া
এক হাতে বাজে না তালি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৪৯

কী সে শরার মুসলমানের
জাতের বড়াই
শরার রাহে না গেলে সে
মুসলমানই নয় ॥

পঞ্চতত্ত্ব নামাজ শরায়
কোথায় খোদা সেজদা কোথায়
কারে দেখে ডানে বাঁয়
সালাম ফিরায় ॥

আঁধার ঘরকে মক্কা বলে
হাজী হয় সেখানে গেলে
আল্লাহ কি আসিয়া মেলে
হাজীদের সভায় ॥

ইব্রাহিম নবী হজের তরে
পুত্রকে কোরবানী করে
দেখাতে গেলেন ইসলাম যারে
সেইরূপে হেথায় ॥

দেহমক্কা ঢুঁড়লে পরে
মিলবেরে সেই পরওয়ারে
তাই না বুঝে অবোধ লালন
ধাইলরে সেই মক্কায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫০.
কুলের বউ ছিলাম বাড়ি
হলাম ন্যাড়ী ন্যাড়ার সাথে
কুলের আচার কুলের বিচার
আর কি ভুলি ঐ ভোলেতে ॥

ভবের ন্যাড়ী ভবের ন্যাড়া
কুল নাশিলাম জগত জোড়া
করণ তার উল্টো দাঁড়া
বিধির ফাঁড়া কাটবে যাতে ॥

হয়েছিলাম ন্যাড়ার ন্যাড়ী
পরণে পরেছি ধড়ি
দেব না আচার কড়ি
বেড়াব চৈতন্যপথে ॥

আসতে ন্যাড়া যেতে ন্যাড়া
দুদিন কেবল মোড়া জোড়া
লালন কয় আগাগোড়া
জেনে হয় মাথা মুড়াতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫১.

কে তোমার আর যাবে সাথে
কোথায় রবে ভাইবন্ধুগণ
পড়বি যেদিন কালের হাতে ॥

নিকাশের দায় করে খাড়া
মারবেরে আতশের কোড়া
সোজা করবে বাঁকাত্যাড়া
জোর জবর খাটবে না তাতে ॥

যে আশায় এইভবে আসা
হলো না তার রতিমাসা
ঘটিলরে কী দুর্দশা
কুসঙ্গে কুরঙ্গে মেতে ॥

যাঁরে ধরে পাবি নিস্তার
তাঁরে সদাই ভাবলিরে পর
সিরাজ শাঁই কয় লালন তোমার
ছাড় ভবের কুটুম্বিতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫২.
কোথায় রইলে হে
দয়াল কাণ্ডারী
এ ভবতরঙ্গে আমায়
দাও এসে চরণতরী ॥

যতই করি অপরাধ
তথাপি তুমি নাথ
মারিলে মরি নিতান্ত
বাঁচালে বাঁচতে পারি ॥

পাপীকে করিতে তারণ
নাম ধরেছ পতিতপাবন
ঐ ভরসায় আছি যেমন
চাতকে মেঘ নিহারি ॥

সকলেরে নিলে পারে
আমারে না চাইলে ফিরে
লালন বলে এই সংসারে
আমি কী তোর এতই ভারি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫৩.

কোথায় হে দয়াল কাণ্ডারী
এ ভবতরঙ্গে আমার
কিনারায় লাগাও তরী ॥

তুমি হও করুণাসিন্ধু
অধমজনার বন্ধু
দাও হে আমায় পদারবিন্দু
যাতে তুফান তরিতে পারি ॥

পাপী যদি না তরাবে
পতিতপাবন নাম কে লবে
জীবের দ্বারা ইহাই হবে
নামের ভেরো যাবে তোমারই ॥

ডুবাও ভাসাও হাতটি তোমার
এ ভবে আর কেউ নাই আমার
লালন বলে দোহাই তোমার
চরণে ঠাঁই দাও ত্বরি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫৪.
খোঁজ আবহায়াতের নদী কোনখানে
আগে যাও জিন্দাপীরের খান্দানে
দেখিয়ে দেবে সন্ধানে ॥

সেই সে নদীর পিছল ঘাটা
চাঁদ কোটালে খেলছে ভাটা
দ্বীনদুনিয়ায় জোড়া একটা
মীন আছে তার মাঝখানে ॥

মাওলার মহিমা এমনই
সেই নদীতে হয় অমৃতপানি
তাঁর একরতি পরশে অমনি
অমর হবে সেইজনে ॥

আবহায়াতের মর্ম যে জন পায়
উপাসনা তারই বটে হয়
সিরাজ শাঁইয়ের যে আদেশ হয়
অধীন লালন তাই ভনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫৫.
গুণে পড়ে সারলি দফা
করলি রফা গোলেমালে
ভাবলিনে মন কোথা সে ধন
ভাজলি বেগুন পরের তেলে ॥

করলি বহু পড়াশোনা
কাজে কামে ঝলসে কানা
কথায় তো চিড়ে ভেজে না
জল কিংবা দুধ না দিলে ॥

আর কি হবে এমন জনম
লুটবি মজা মনের মতন
বাবার হোটেল ভাঙ্গবে যখন
খাবি তখন কার বাসালে ॥

হায়রে মজা তিলে খাজা
খেয়ে দেখলিনে মন কেমন মজা
লালন কয় বেজাতের রাজা
হয়ে রইলি একই কালে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫৬.
জাত গেল জাত গেল বলে
এ কী আজব কারখানা
সত্যপথে কেউ নয় রাজি
সবই দেখি তা না না না ॥

যখন তুমি ভবে এলে
তখন তুমি কি জাত নিলে
কি জাত হবা যাবার কালে
সেইকথা ভেবে বল না ॥

ব্রাহ্মণ চণ্ডাল চামার মুচি
একজলে সকলেই শুচি
দেখে শুনে হয় না রুচি
যমে তো কাউকে ছাড়বে না ॥

গোপনে যে বেশ্যার ভাত খায়
তাতে জাতের কী ক্ষতি হয়
লালন বলে জাত কারে কয়
এই ভ্রম তো গেল না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫৭.

জাতের গৌরব কোথায় রবে
যেদিন এসব ফেলে যেতে হবে ॥

ব্রাহ্মণ কায়স্থ কামার কলু
ভিন্ন ভিন্ন ভাবছ সবে
যেদিন তোমায় এসব ঘুচবে
সেদিন রাজাধিরাজ তলব দেবে ॥

গঠেছে এক কারিগরে
স্ত্রীপুরুষ ভঙ্গিভাবে
তাদের চাহনি চলনে সবাই চিনে
ঢাকলেও না ঢাকা রবে ॥

যত সব বিষয়াশয়
সাথে কিছু নাহি যাবে
মুদলে নয়ন করবে শয়ন
মাটির দেহ মাটিতে খাবে ॥

জাতকুল সবই বিফল
জাত লয়ে কেউ কি পার পাবে
সিরাজ শাঁই বলেরে লালন
ভাবো আখেরে কিবা হবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫৮.
দেখ না মন ঝকমারি
এই দুনিয়াদারি
পরিয়ে কৌপনী ধ্বজা
মজা উড়ায় ফকিরী ॥

যা কর তা কররে মন
পিছের কথা রেখ স্মরণ
বরাবরই
সাথে সাথে ফিরছ শমন
কোনদিন হাতে দেবে বেড়ি ॥

দরদের ভাই বন্ধুজনা
সঙ্গের সাথী কেউ হবে না
মন তোমারই
খালি হাতে
একা পথে
বিদায় করে দেবে তোরই ॥

বড় আশার বাসা ঐ ঘর
পড়ে রবে কোথায় বা কার
ঠিক নাই তারই
দরবেশ সিরাজ শাঁই কয় শোন্‌রে লালন
হোস নে কারও ইন্তেজারি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৫৯.
ধড়ে কে তোর মালিক
চিনলি না তাঁরে
মন কি এমন জনম
আর হবেরে ॥

দেবের দুর্লভ এবার
মানবজনম তোমার
এমন জনমের আচার
করলি কীরে ॥

নিঃশ্বাসের নাইরে বিশ্বাস
পলকে করিবে বিনাশ
তখন মনে রবে মনের আশ
বলবি কারে ॥

এখনও শ্বাস আছে বজায়
যা কর তাই সিদ্ধি হয়
সিরাজ শাঁই কয় তাই বারবার
লালনেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬০.

নানারূপ শুনে শুনে
শূন্য হলামরে সাধুর খাতায়
বুঝিতে বুঝিতে বোঝা
চাপলরে মাথায় ॥

যা শুনিতে হয় বাসনা
শুনলে মনের আঁট বসে না
তার বড় শুনে মনা
দৌড়ায় সেথায় ॥

একবার বলে যাই কাশীতে
আবার একজন বলে মক্কায় যেতে
দিন গেল মোর দোটানাতে
যাই বা কোথায় ॥

এক জেনে যে এক ধরিল
সেই সে পাড়ি সেরে গেল
লালন বারো তালে প'লো
শেষ অবস্থায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬১.

নাপাকে পাক হয় কেমনে
জন্মবীজ যার নাপাকী কয়
মৌলভিগণে ॥

কোরানে সাফ শোনা যায়
নাপাক জলে জান পয়দা হয়
ধুলে কি তা পাক করা যায়
আসল নাপাক যেখানে ॥

মানুষের বীজে হয় না ঘোড়া
ঘোড়ার বীজে হয় না ভেড়া
যে গাছ সেই মুল্লুক জোড়া
দেখতে পাই নয়নে ॥

ভিতরে লালসার থলি
বাইরে জল ঢালাঢালি
লালন বলে মন মুসল্লি
কিসে তোর হয় না মনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬২.
নামাজ পড়ব কিরে
মক্কাঘরে
বাঁধল গণ্ডগোল
মক্কাঘরের চারিপাশে
সব দেখি উলুর পাগল ॥

ছয়জনা মুসল্লি এসে
সদাই বাঁধায় গণ্ডগোল যে
কার কথা কেউ না শোনে
উলু দেয় আর বাজায় ঢোল ॥

মক্কা ঘরের মধ্যে শুনি
একজনা দেয় শিঙ্গায় ধ্বনি
কি নাম তাঁহার নাহি জানি
ক্ষণেক বলে হরিবোল ॥

মানুষমক্কায় পড় নামাজ
তাতেই রাজি শাঁই বেনেয়াজ
ভক্তিপ্রেম মিশিয়ে ভজ
লালন ফকির হয় বিভোল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬৩.
না হলে মন সরলা
কী ধন মেলে কোথায় টুঁড়ে
হাতে হাতে বেড়াও মিছে
তওবা পড়ে ॥

মুখে যে পড়ে কালাম
তারই সুনাম
হুজুরি বাড়ে
মন খাঁটি নয়
বাঁধলে কী হয়
বনে কুঁড়ে ॥

মক্কা-মদিনায় যাবি
ধাক্কা খাবি
মন না মুড়ে
হাজী নাম
কওলালি কেবল
জগত জুড়ে ॥

মন যার হয়েছে খাঁটি
মুখে যদি
গলদ পড়ে
খোদা তাতে
নারাজ নয়রে
লালন ভেড়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬৪.
পাপপূণ্যের কথা আমি
কারে বা শুধাই
এইদেশে যা পাপগণ্য
অন্যদেশে পুণ্য তাই ॥

তিব্বত আইন অনুসারে
একনারী বহুপতি ধরে
এইদেশে তা হলে পরে
ব্যভিচারী দণ্ড পায় ॥

শূকর গরু দুইটি পশু
খাইতে বলেছেন যিশু
এখন কেন মুসলমান হিন্দু
পিছেতে হটায় ॥

দেশ সমস্যা অনুসারে
বিভিন্ন বিধান প্রচারে
সূক্ষ্মজ্ঞানে বিচার করে
পাপপুণ্যের নাই বালাই ॥

পাপ করলে ভবে আসি
পুণ্য হলে স্বর্গবাসী
লালন বলে নাম উর্বশী
নিত্য নিত্য প্রমাণ পাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬৫.

পার কর হে দয়াল চাঁদ আমারে
ক্ষমো হে অপরাধ আমার
এই ভব কারাগারে ॥

পাপী অধম জীব হে তোমার
তুমি যদি না কর পার
দয়া প্রকাশ করে
পতিতপাবন
পতিতনাশন
কে বলবে আর তোমারে ॥

না হলে তোমার কৃপা
সাধনসিদ্ধি কেবা
কোথা করতে পারে
আমি পাপী
তাইতে ডাকি
ভক্তি দাও মোর অন্তরে ॥

জলে স্থলে সর্ব জায়গায়
তোমারই সব কীর্তিময়
ত্রিবিধ সংসারে
তাই না বুঝে অবোধ লালন
প'লো বিষম ঘোরফেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬৬.
বারোতাল উদয় হলো
আমি নাচি কেমন তাল
ভবে এসে
ভাবছি বসে
হারা হয়ে বুদ্ধিবল ॥

কেউ বা বলে খ্রিস্টানি
সেইধর্ম সত্য জানি
ভজ গে যেয়ে ঈসা নবী
মুক্তি পাবি পরকাল ॥

কেউ বলে নামাজ পড়
কেউ বা বলে মানুষ ভজ
বাপদাদার চালচরিত্র
চলরে ভেড়ো মেনে চল ॥

না করিলাম শরিয়ত
না করিলাম মারেফত
লালন বলে আখেরেতে
হতে হবে দায়মাল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬৭.

ভক্তের দ্বারে বাঁধা আছেন শাঁই
হিন্দু কি যবন বলে
তাঁর জাতের বিচার নাই ॥

ভক্ত কবির জাতে জোলা
শুদ্ধভক্তি মাতোয়ালা
ধরে সে ব্রজের কালা
সর্বস্ব ধন দিয়ে তাই ॥

রামদাস মুচি ভবের পরে
ভক্তির বল সদাই করে
সেবাগ্রাসে স্বর্গে ঘণ্টা পড়ে
সাধুর মুখে শুনতে পাই ॥

এক চাঁদে জগত আলো
এক বীজে সব জন্ম হলো
লালন বলে মিছে কলহ
আমি এ ভবে দেখতে পাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬৮.
ভাল এক জলসেঁচা কল পেয়েছ মনা
ডুবারু যে জন
পায় সে রতন
তোর কপালে ঠনঠনা ॥

ইন্দ্রিয়দ্বারে কপাট যে দেয়
সেই বটে ডুবারু হয়
নইলে হবে না ॥

আপা সেচা
কাদা খচা
কী এক ভূতের কারখানা ॥

মান সরোবর নামটি গো তাঁর
লালমতি আছে অপার
তাঁয় ডুবতে পারলে না ॥

ডুবতে যেয়ে
খাবি খেয়ে
সুখটা বোঝ তৎক্ষণা ॥

জল সেচে নদী শুকায়
কার বা এমন সাধ্য হয়
পায় পরশখানা ॥

লালন বলে
সন্ধি পেলে
যায় সমুদ্র লঙ্ঘনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৬৯.

মন আইনমাফিক নিরিখ দিতে ভাব কি
　　　　কাল শমন এলে হবে কী ॥

ভাবিতে দিন আখের হলো
ষোলআনা বাকি প'লো
কী আলস্যে ঘিরে নিল
　　　　দেখলিনে খুলে আঁখি ॥

নিষ্কামী নির্বিকার হলে
জ্যান্তে মরে যোগ সাধিলে
তবে খাতায় উশুল হলে
　　　　নইলে উপায় কই দেখি ॥

শুদ্ধমনে সকলই হয়
তাও জোটে না এবার তোমায়
লালন বলে করবি হায় হায়
　　　　ছেড়ে গেলে প্রাণপাখি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭০.
মন আমার কী ছার গৌরব করছ ভবে
দেখ নারে মন হাওয়ার খেলা
বন্ধ হতে দেরি কি হবে ॥

বন্ধ হলে এই হাওয়াটি
মাটির দেহ হবে মাটি
ভেবে বুঝে হও মন খাঁটি
কে তোরে কতই বোঝাবে ॥

হাওয়াতে হাওয়াখানা
মাওলা বলে ডাক রসনা
শিয়রে তোর কাল শমনা
কখন যেন কী ঘটাবে ॥

ভবে আসার আগেরে মন
বলেছিলে করব সাধন
লালন বলে সে কথা মন
ভুলেছ ভবের লোভে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭১.
মন এখনও সাধ আছে আল ঠেলা বলে
চুল পেকে হয়েছ হুড়ো
চামড়া বুড়োর ঝুলমুলে ॥

গায়ে ভস্ম মেখে লোকেরে দেখাও
মনে মনে মনকলাটি খাও
তোমার নাই সবুরই
চাম কুঠরি
ছাড়বিরে আর কোনকালে ॥

হেঁটে যেতে হাঁটু নড়বড়ায়
তবু যেতে সাধ মন বারপাড়ায়
চেংড়ার সুমার
বুদ্ধি তোমার
ভ্রু কুঁচকে জানালে ॥

কেউ বলে পাগলা বুড়ো পীর
আমার মন রয় না স্থির
মন কি মনাই
নইলে কি ভাই
লালন কয় ভূমি সেঁচাই অকালে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭২.
মন তোর আপন বলতে কে আছে
কার কাঁদায় কাঁদো মিছে ॥

থাক ভবের ভাই বেরাদার
প্রাণপাখি সে নয় আপনার
পরের মায়ায় মজে এবার
প্রাপ্ত ধন হারাই পিছে ॥

সারানিশি দেখ মনুরায়
নানান পাখি একবৃক্ষে রয়
যাবার বেলা কে কারে কয়
দেহের প্রাণ তেমনই সে যে ॥

মিছে মায়ার মদ খেও না
প্রাপ্তপথ সব ভুলে যেও না
এবার গেলে আর হবে না
পড়বিরে কয় যুগের প্যাঁচে ॥

আসতে একা এলি যেমন
যেতে একা যাবি তেমন
সিরাজ শাঁই বলেরে লালন
কার দুঃখে কাঁদো মিছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭৩.
মন সহজে কি সই হবা
চিরদিন ইচ্ছা মনে
আইল ডিঙ্গায়ে ঘাস খাবা
ডাবার পর মুগুর প'লে
সেইদিনে গা টের পাবা ॥

বাহার তো গেছে চলে
পথে যাও ঠেলা পেড়ে
কোনদিনে পাতাল ধাবা
তবু দেখি গেল না তোর
ত্যাড়া চলন বদলোভা ॥

সুখের আশ থাকলে মনে
দুঃখের ভার নিদানে
অবশ্যই মাথায় নিবা
সুখ চেয়ে সোয়াস্তি ভাল
শেষকালে তাই পাস্তাবা ॥

ইল্লতে স্বভাব হলে
পানিতে কি যায়রে ধুলে
খাসলতি কিসে ধু'রা
লালন বলে হিসাবকালে
সকল ফিকির হারাবা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭৪.
মনের এ মন হলো না একদিনে
ছিলাম কোথায়
এলাম হেথায়
যাব কার সনে ॥

আমার বাড়ি আমার এ ঘর
মিছে কেবল ঝকমারি সার
কোনদিন পলকে সব হবে সংহার
হবে কোনদিনে ॥

পাকা দালানকোঠা দেব
মহাসুখে বাস করিব
আমি ভাবলাম না কোনদিনে যাব
যাব শ্মশানে ॥

কি করিতে কিবা করি
পাপে বোঝাই হলো তরী
লালন কয় তরঙ্গ ভারি
দেখি শমনে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭৫.
মাওলা বলে ডাক মনরসনা
গেল দিন ছাড় বিষয় বাসনা ॥

যেদিনে শাঁই হিসাব নেবে
আগুনপানির তুফান হবে
সেদিন এ বিষয় তোর কোথায় রবে
একবার ভেবে দেখলে না ॥

সোনার কুঠরি কোঠারে মন
সোনার খাটপালঙ্কে শয়ন
শেষে হবে সব অকারণ
সার হবে মাটির বিছানা ॥

ইমান ধন আখেরের পুঁজি
সে ঘরে দিলে না কুঞ্জি
লালন বলে হারলে বাজি
শেষে আর কাঁদলে সারবে না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭৬.
মানুষ অবিশ্বাসে পায় নারে
সে মানুষনিধি
এই মানুষে মিলত মানুষ
চিনতাম যদি ॥

অধর চাঁদের যত খেলা
সর্বোত্তম মানুষলীলা
না বুঝে মন হলি ভোলা
মানুষবিবাদী ॥

যে অঙ্গের অবয়ব মানুষ
জান নারে মন বেহুঁশ
মানুষ ছাড়া নয় সে মানুষ
অনাদির আদি ॥

দেখে মানুষ চিনলাম নারে
চিরদিন মায়ার ঘোরে
লালন বলে এদিন পরে
কী হবে গতি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭৭.
মিছে ভবে খেলতে এলি তাস
ও মন তোর করল সর্বনাশ ॥

রঙ থাকিতে খেললে রূপ
তুমি মিছে ভবে পড়ে
খালি করিতেছ তুরুপ
ক্ষ্যাপা পাশায় ছেড়ে এলি ফিরে
লোভী মন হাতের পাঁচে কিবা আশ ॥

টেক্কাতে রঙ তুরুপ করে মন তুই
এমন বেওকুফ দশখান টিক্কা না মেরে
ক্ষ্যাপা খেলছ খেলা
ও মনভোলা
কাবার দেও ইস্তক পঞ্চাশ ॥

যেদিন দিনকারি সাত দেখতে হবে
মন তুমি হায় হাবুডুবু খাবে
লালন বলে ভোগের ঘাটেরে
ক্ষ্যাপা তুই ডুবে ডুবে হলি বিনাশ ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭৮.
মোর্শেদকে মান্য করিলে খোদার মান্য হয়
সন্দেহ যদি হয় কাহার
কোরান দেখলে মিটে যায় ॥

দেখ বেমুরিদই যত
শয়তানের অনুগত
এবাদত বন্দেগি তার তো
সই দেবে না দয়াময় ॥

মোর্শেদ যা ইশারা দেয়
বন্দেগির তরিক সে হয়
কোরানে তো সাফ লেখা রয়
আবার ওলি দরবেশ তাঁরাও কয় ॥

মোর্শেদের মেহের হলে
খোদার মেহের তাঁরে বলে
হেন মোর্শেদ না ভজিলে
তার কী আর আছে উপায় ॥

মোর্শেদ হন পথের দাঁড়া
যাবে কোথায় তাঁরে ছাড়া
সিরাজ শাঁই কয় লালন গোড়া
মোর্শেদ ভজলে জানা যায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৭৯.

যদি কেউ জট বাড়ায়ে
হইরে সন্ন্যাসী
তালগাছে জট পড়েছে
সেই গাছেরই সাব্বাসী ॥

ঘর ছেড়ে জঙ্গলে যায়
তাইতে কি সে হরিকে পায়
তবে বনের পশুকে ভাই
কেন করি দোষী ॥

জলে গেলে যদি হরি পায়
কাছিম সে তো মন্দ নয়
তবে কেন সাধতে হয়
হয়ে চরণদাসী ॥

গুরুজি ভজনের মূল
তাঁর চরণ করে ভুল
লালন হয় নামাকুল
ধায় গয়া কাশী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮০.
শিরনি খাওয়ার লোভ যার আছে
সে কী চেনে মানুষরতন
তার দরগাতলায় মন মজেছে ॥

সাধুর হাটে সে যদি যায়
আঁট বসে না কোনও কথায়
মন থাকে তার দরগাতলায়
তার বুদ্ধি প্যাঁচোয় পেয়েছে ॥

ভাস্কর প্রতিমা গড়ে
মূলে প্রাণ প্রতিষ্ঠা করে
আবার গুরু বলে তারে
এমন পাগল কে দেখেছে ॥

মাটির পুতুল দেখায় নাচায়
একবার মারে একবার বাঁচায়
সে যেন স্বয়ং হতে চায়
লালন কয় তার সকল মিছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮১.
সকল দেবধর্ম আমার বোষ্টমী
ইষ্ট ছাড়া কষ্ট নাই মোর
ঐটে ছাড়া নষ্টামী ॥

কেমন সুখ ভাত রান্নার জল আনা
তা কেন কেউ করে দেখ না
দুটো মুখের কথার মিষ্টি দিয়ে
ইষ্ট গোসাঁইর ফষ্টামী ॥

বোষ্টমী মোর শীতের কাঁথা
তখন ইষ্ট গোসাঁই থাকেন কোথা
কোন্‌কালে পরকাল হবে
তাই তো ভজব গোস্বামী ॥

বোষ্টমীর গুণ বিষ্ণু জানে ভাই
আর জানি আমি চিতোরাম গোসাঁই
লালন বলে বোষ্টমী রতন
হেঁসেল ঘরের শালগ্রামী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮২.
সকলই কপালে করে
কপালের নাম গোপাল চন্দ্র
কপালের নাম গুয়ে গোব্‌রে ॥

যদি থাকে এই কপালে
রত্ন এনে দেয় গোপালে
কপালে বিমতি হলে
দুর্বাবনে বাঘে মারে ॥

কেউ রাজা কেউ হয় ভিখারী
কপালের ফ্যার হয় সবারই
মনের ফ্যারে বুঝতে নারি
খেটে মরি অনাচারে ॥

যার যেমন মনের করুণা
তেমনই ফল পায় সে জনা
ফকির লালন বলে ভাবলে হয় না
বিধির কলম আর কি ফেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮৩.
সবলোকে কয় লালন কি জাত সংসারে
লালন কয় জাতের কী রূপ
দেখলাম না এই নজরে ॥

সুন্নত দিলে হয় মুসলমান
নারীলোকের কী হয় বিধান
বামন চিনি পৈতে প্রমাণ
বামনি চিনি কী ধরে ॥

কেউ মালা কেউ তসবিহ্ গলে
তাইতে কি জাত ভিন্ন বলে
আসা কিংবা যাওয়ার কালে
জাতের চিহ্ন রয় কারে ॥

জগত জুড়ে জাতের কথা
লোকে গল্প করে যথাতথা
লালন কয় জাতের ফাতা
বিকিয়েছি সাধবাজারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮৪.

সবে বলে লালন ফকির
কোন্ জাতের ছেলে
কারে বা কি বলি আমি
দিশে না মেলে ॥

একদণ্ড জরায়ু ধরে
এক একেশ্বর সৃষ্টি করে
আগমনিগম চরাচরে
তাইতে জাত ভিন্ন বলে ॥

জাত বলিতে কি হয় বিধান
হিন্দু বৌদ্ধ যবন খ্রিস্টান
তাতে কি হয় জাতের প্রমাণ
শাস্ত্র খুঁজিলে ॥

হয় কেমনে জাতের বিচার
এক এক দেশে এক এক আচার
লালন বলে জাত ব্যবহার
গিয়াছি ভুলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮৫.
সবে বলে লালন ফকির
হিন্দু কি যবন
লালন বলে আমার আমি
না জানি সন্ধান ॥

একই ঘাটে আসাযাওয়া
একই পাটনি দিচ্ছে খেওয়া
কেউ খায় না কারও ছোঁয়া
ভিন্ন জল কে কোথা পান ॥

বেদ কোরানে করেছে জারি
যবনের শাঁই হিন্দুর হরি
তাও তো আমি বুঝতে নারি
দুইরূপ সৃষ্টি করলেন কী প্রমাণ ॥

বিবিদের নাই মুসলমানী
পৈতে নাই যার সেও তো বামনী
বোঝরে ভাই দিব্যজ্ঞানী
লালন তেমনই জাত একখান ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮৬.
হক নাম বল রসনা
যে নাম স্মরণে যাবে
জঠর যন্ত্রণা ॥

শিয়রে শমন এসে
কখন যেন বাঁধবে কসে
ভুলে রইলি বিষয় বিষে
দিশে হলো না ॥

কয়বার যেন ঘুরে ফিরে
মানবজনম পেয়েছরে
এবার যেন অলস করে
সেই নাম ভুল না ॥

ভবের ভাই বন্ধুয়াদি
কেউ হবে না সঙ্গের সাথী
লালন বলে গুরুরতি
কর সাধনা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রবর্তদেশ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দেশভূমিকা

প্রবর্তের নাই উপাসনা
আন্দাজে কি হয় সাধনা
নিজে সদাই
সাধুর হাটায়
নাম পাড়ায় সাধকী ॥

প্র+বর্ত = প্রবর্ত। 'প্র' অর্থ আরম্ভ বা শুরু করা এবং 'বর্ত' অর্থ পথ। প্রবর্তদেহ অর্থ ভজন তথা আপন গুরুর আদেশ নির্দেশ কঠোরভাবে পালন করা। সাধনপথের প্রারম্ভকালীন মনোদেহকে বলা হয় প্রবর্তদেশ। স্থূলদেহের বন্ধন থেকে মনোদেহের মুক্তি লাভের জন্যে সম্যক গুরুর মহাচৌম্বকক্ষেত্র বা আদর্শিক বলয়ে (Megnetic field) আশ্রয় গ্রহণ এবং আত্মসমর্পণ দ্বারা আত্মতত্ত্ব সাধনার ব্যবস্থাপত্র তথা বিধান বা প্রকৃত শরিয়ত লাভ করাকে প্রবর্তকাল বলে। এটি হলো রহস্যরাজ্যে সাধকের প্রবেশপূর্ব নবীশীকাল। গুরুর কাছে এক একজনের জন্যে রয়েছে এক এক ধরনের শরিয়ত বা ব্যবস্থা বা প্রবর্তন।

অবশ্য জ্ঞানপাত্র অনুসারে শরিয়ত বা ব্যবস্থাপত্র বিভিন্ন হতে বাধ্য। সবার জন্যে যান্ত্রিকভাবে একই প্রবর্তনমূলক পন্থা কখনও প্রযোজ্য হতে পারে না। যে বিধান অনুসরণ দ্বারা প্রকৃতিমোহগ্রস্ত জীবাত্মা মায়াপাশের চিন্তাভাবনা ও কর্মের আসক্তিবন্ধন থেকে মুক্ত হয়ে পাপপুণ্য ও জন্মমৃত্যু বিনাশ করে এবং নিত্যজীবন্মুক্ত হবার সদ্‌জ্ঞান লাভ করে সে দেহকে 'সূক্ষ্ম তটস্থদেশ' বা প্রবর্তদেশ বলা হয়। তাই আপন সাধন গুরুকে মাতা, পিতা ও বন্ধু ভ্রাতার চাইতেও 'অগ্রাধিকারপ্রাপ্ত' পরমাত্মীয় অভিভাবকরূপে গ্রহণ করা প্রবর্তদেহের প্রথম শর্ত। হাতে কলমে গুরুজির সালাত শিক্ষাদীক্ষা গ্রহণ, মনন, ধরন ও করণের গুরুত্বপূর্ণ এ পর্যায়ে সম্যক গুরু হলেন দেহবর্তের প্রবর্তনকারী এবং ভক্ত হন প্রবর্তক।

'সূক্ষ্ম' অর্থ চেতনব্রহ্ম এবং 'তটস্থ' অর্থ উৎপত্তি। ব্রহ্মস্বরূপে অপ্রাকৃত অপঞ্চীকৃত পঞ্চভূতে চিৎশক্তির অর্থাৎ জ্ঞানের দ্বারা সম্যক গুরু অর্জিত অযোনিসম্ভবা উৎপত্তি চতুর্বিংশতি তত্ত্বোদ্ভব অর্থাৎ চব্বিশ চন্দ্রমূলক দেহকে সূক্ষ্ম তটস্থ বা প্রবর্তদেহ বলে।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

প্রবর্তদেশের দেশ হলো অনিত্যদেহে নিত্যব্রহ্মবোধক দেহ। 'অনিত্য' অর্থ বারবার জন্মমৃত্যুময় স্থানকালসীমার অধীনতা। 'নিত্য' অর্থ যার উৎপত্তিবিলুপ্তি বা জন্মমৃত্যু নেই এবং যাতে পঞ্চজ্ঞানেন্দ্রিয়ের সাক্ষ্য প্রত্যক্ষ করা যায়। ব্রহ্মস্বরূপ সদ্গুরু নূর মোহাম্মদ অর্থাৎ চেতনগুরু, অনাদি, অনন্ত সত্তা, পরমেশ্বর ইত্যাদি। চিৎশক্তি দ্বারা সৃজিত জীবন্ত গুরুরূপে চেতনা যে স্থানে জাগ্রত হন বা যাতে চেতন গুরুর বাসস্থান দেহে সেই স্থানের নাম ব্রহ্মতালু।

প্রবর্তদেশের কাল অহং বা আমিত্বমুক্ত গুরুমুখী নিবেদিত সত্তা অর্থাৎ গুরুর অধীন দাস্যসেবক। 'কালের শেষ প্রবর্তের প্রথম'–এই সন্ধিকালীন যে সময়কালে মন্ত্রের অর্থ দ্বারা গুরু স্বরূপে দর্শন দিয়ে অজ্ঞানী জীবকে চেতন করিয়ে আত্মনিত্যকর্ম সম্পন্ন করেন সেই কালকে সম্যক গুরুর দাসত্বকাল বলা হয়।

প্রবর্তের পাত্র জায়মান সম্যক গুরু। অনিত্যদেহে নিত্যকর্ম সম্পন্ন করিয়ে মহাশক্তিধর গুরু অনিত্যদেহ মানে জগতের মন সুন্দররূপে আকর্ষণ দ্বারা অসার সংসারাসক্তি বিনাশ করেন। এবং আপন চেহারা তথা চেতনা সম্প্রদান দ্বারা অজ্ঞান জীবকে সুচেতন করান। পরিণামে 'আমি ও আমার'– ভ্রান্ত এ অহঙ্কার বিনাশের দ্বারা অনিত্যদেহকে নিত্যদেহে উত্তরণের ধারায় চেতনজ্ঞান জন্মিয়ে জগতময় চেতনাকে দেখান তেমন একজন কামেল মোর্শেদকে বলা হয় প্রবর্তের পাত্র।

প্রবর্তদেশের আশ্রয় সম্যক গুরুবাক্য। শাঁইজির বাক্যকে পদ বা চরণও বলা হয়। ফকিরী ঘরানায় গুরুসত্তা আর গুরুবাক্য বা গুরুপদ একই ভাব প্রকাশক। যিনি অজ্ঞান জীবকে মাতৃগর্ভের সপ্তম মাসে পরমার্থতত্ত্ব জানিয়ে জীবন্মুক্ত করেন, তাঁর ভাব-ভাষার মর্মানুগ গুণমন্ত্র দ্বারা বহুবিধ ভক্তিবিধি জানিয়ে চেতন করান তাঁকেই আশ্রয় গুরুবাক্য বা শ্রীগুরুর চরণাশ্রয় বলা হয়।

প্রবর্তদেশের আলম্বন হলো গুরুনাম স্মরণ করা তথা কীর্তন করা মানে গুরুকৃতির কীর্তিকর্ম আপন স্বভাবের উপর বিস্তারিত করা। গু + রু = গুরু। 'গু' অর্থ অন্ধকার। 'রু' অর্থ বিদীর্ণকারি। যিনি ভক্তমনের অজ্ঞান আকাশে কালোমেঘের আচ্ছাদন ভেদ করিয়ে জ্ঞানের সূর্যোদয় ঘটান তিনিই সম্যক গুরু। 'নাম' অর্থ গুরুগুণ যা শিষ্যের অন্তরে জাগিয়ে তোলাকে বলা হয় প্রবর্তদেশের আলম্বন।

প্রবর্তদেশের উদ্দীপন হলেন সম্প্রদায় গুরু। সম্প্রদায় অর্থ সমভাবে যা প্রদেয়। সম্প্রদায় গুরু অর্থ সম্যক জ্ঞানদাতা শাঁই বা জ্ঞানপন্থার প্রদর্শক গুরু বা তরিকার ইমাম যিনি আশ্রিত ভক্তের জ্ঞানপাত্র অনুসারে আত্মিক

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

ক্রমোন্নতির সুউচ্চ পথ দেখিয়ে থাকেন। গুরুপাঠ দেখে শুনে বুঝে মনের যে ভাবোদয় দ্বারা সপ্ত জ্ঞানেন্দ্রিয়ের সমূহজ্ঞান প্রত্যক্ষগোচর হয় বা দর্শন করা যায়। সেই সাথে নিগূঢ় রহস্যাবৃত নূরতত্ত্ব, নবীতত্ত্ব ও রসুলতত্ত্বভিত্তিক অপ্রাকৃত পঞ্চতত্ত্বাদি এবং সাধকদেহে হেরাগুহাসাধনার প্রাথমিক অনুশীলন কৌশল আয়ত্ত করাকে উদ্দীপন সম্প্রদায় গুরু বলা হয়।

অতএব প্রবর্তদেশের কর্মকাণ্ড হলো মনোদেহকে নতুনভাবে সদ্‌গুরুময় চিন্তা ও কর্ম, শুদ্ধজ্ঞান এবং ধ্যানের ধারায় পরিশুদ্ধ করা। সম্প্রদায় গুরুর চরণাশ্রয়ে দেহকে নিত্যকর্ষণ দ্বারা সম্যক রসুলতত্ত্ব নিজের চরিত্রে বাস্তবায়ন। এর দ্বারা চেতনা সম্পাদনপূর্বক গুরুনাম স্মরণের মাধ্যমে হেরাগুহাসাধনার প্রথম ধাপ আয়ত্ত করা কারও কারও পক্ষে সম্ভবপর হয়। কেননা :

প্রবর্তের কাজ না সারিতে
চাও যদি মন সাধু হতে
ঠেকবি যেয়ে মেয়ের হাতে
লম্পটে আর সারবে না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮৭.
অনুরাগ নইলে কি সাধন হয়
সে তো শুধু মুখের কথা নয় ॥

বনের পশু হনুমান
রাম বিনে তার নাইরে ধ্যান
মুদিলেও তার দুই মোদা নয়ন
অন্যরূপ ফিরে নাহি চায় ॥

তার স্বাক্ষী দেখ চাতকেরে
কৈট সাধনে যায় মরে
তবু অন্যবারি খায় নারে
থাকে মেঘের জল আশায় ॥

রামদাস মুচির ভক্তিতে
গঙ্গা এলো চামকেটোতে
তাঁরে সাধল কত মহতে
লালন কেবল কুলে কুলে বায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮৮.
অন্তিমকালের কালে কি হয় না জানি
মায়াঘোরে দিন কাটালাম
        কাল হরে দিনমণি ॥

এসেছিলাম বসে খেলাম
উপার্জন কই কী করিলাম
নিকাশের বেলা
খাটবে না ভোলা
        আউলো বাণী ॥

জেনে শুনে সোনা ফেলে
মন মজালে রাঙ পিতলে
এ লাজের কথা
বলব কোথা
        আর এখনি ॥

ঠকে গেলাম কাজে কাজে
ঘিরিল ঊনপঞ্চাশে
লালন বলে মন
কি হবে এখন
        বল শুনি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৮৯.

অবোধ মন তোর আর হলো না দিশে
এবার মানুষের করণ হবে কিসে ॥

যেদিন আসবে যমের চেলা
ভেঙ্গে যাবে ভবের খেলা
সেদিন হিসাব দিতে বিষম জ্বালা
ঘটবে শেষে ॥

উজানভেটেন দুটি পথ
ভক্তিমুক্তির করণ সে তো
তাতে যায় না জরামৃত
যমের ঘরে সে ॥

যে পরশে পরশ হবি
সে করণ আর কবে করবি
সিরাজ শাঁই কয় লালন রবি
ফাঁকে বসে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯০.
অবোধ মন তোরে আর কী বলি
        পেয়ে ধন হারালি ॥

মহাজনের পুঁজি এনে
ছিটালি উলুবনে
কী হবে নিকাশের দিনে
        সে ভাবনা কই ভাবলি ॥

সই করিয়ে পুঁজি তখন
আনলিরে তিন রতি এক মণ
ব্যাপার করা যেমন তেমন
        আসলে ঠকে গেলি ॥

করলি ভাল বেচাকেনা
চিনলি না মন রাঙ কি সোনা
লালন বলে মন রসনা
        কেন সাধুর হাটে এলি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯১.
অসার ভেবে সার
দিন গেল আমার
সার বস্তুধন এবার
হলামরে হারা
হাওয়া বন্ধ হলে
সব যাবে বিফলে
দেখে শুনে লালস
গেল না মারা ॥

গুরু সহায় আছে যার
এই সংসারে
লোভে সাঙ্গ দিয়ে
সেই যাবে সেরে
অঘাটায় মরণ
হইল আমার
জানলাম না গুরুর
করণ কী ধারা ॥

মহতে কয়
থাকলে পূর্বসুকৃতি
দেখিয়া শুনিয়া হয়
গুরুপদে মতি
সে সুকৃতি
আমার থাকিত যদি
তবে কি আর আমি
হতাম পামরা ॥

সময় ছাড়িয়া
জানিলাম এখন
গুরুকৃপা বিনে
বৃথা এই জীবন
বিনয় করে কয়
ফকির লালন
আমি আর কি
পাব অধরা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯২.
আইন সত্য
মানুষবর্ত
কর এইবেলা
ক্রমে ক্রমে হৃৎকমলো
খেলবে নূরের খেলা ॥

যে নাম ধরে চলেছ ভবে
সেই নামেতে যেতে হবে
একে শূন্য দশ হইবে
নয় দশে নব্বই মিলা ॥

নয়ে চার শূন্য দিলে
নব্বই হাজার কয় দলিলে
সেসব শূন্য মুছে ফেলিলে
শুধুইরে নয়ের খেলা ॥

নয় হতে আট বাদ দিলে
এক থাকে তার শেষকালে
লালন বলে বোঝ সকলে
সেইটি স্বরূপ রূপের ভেলা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯৩.
আগে গুরুরতি কর সাধনা
ভববন্ধন কেটে যাবে
আসাযাওয়া রবে না ॥

প্রবর্তের গুরু চেন
পঞ্চতত্ত্বের খবর জান
নামে রুচি হলে কেন
জীবের দয়া হবে না ॥

প্রবর্তের কাজ না সারিতে
চাও যদি মন সাধু হতে
ঠেকবি যেয়ে মেয়ের হাতে
লম্পটে আর সারবে না ॥

প্রবর্তের কাজ আগে সারো
মেয়ে হয়ে মেয়ে ধর
সাধনদেশে নিশান গাড়ো
রবে ষোলোআনা ॥

রেখ শ্রীগুরুতে নিষ্ঠারতি
ভজনপথে রেখ রতি
আঁধার ঘরে জ্বলবে বাতি
অন্ধকার আর থাকবে না ॥

মেয়ে হয়ে মেয়ের বেশে
ভক্তি সাধন কর বসে
আদিচন্দ্র রাখ কসে
কখন তাঁরে ছেড় না ॥

ডুব গিয়ে প্রেমানন্দে
সুধা পাবে দণ্ডে দণ্ডে
লালন কয় জীবের পাপখণ্ডে
আমার মুক্তি হলো না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯৪.
আগে জান নারে মন
বাজি হারাইলে পতন
লজ্জায় মরণ
শেষে কাঁদলে কী আর হয় ॥

খেলা খেলে মন খেলাড়ু
ভাবিয়ে শ্রীগুরু
অধোপথে যেন
না মারা যায় ॥

এইদেশেতে যত
জুয়োচোরের খেলা
টোটকায় দিয়ে
ফটকায় ফেলে
ওরে মনভোলা
তাই বলি মন তোমারে
খেলা খেলো হুঁশিয়ারে
নয়নে নয়ন বাঁধিয়ে সদাই ॥

চোরের সঙ্গে খাটে না
কোন ধর্মদাঁড়া
হাতের অস্ত্র কভু
কর না হাতছাড়া
তাই অনুরাগের অস্ত্র ধরে
দুষ্ট দমন করে
স্বদেশে গমন কররে ত্বরায় ॥

চুয়ানি বাঁধিয়ে খেলে যে জনা
সাধ্য কার আছে তার অঙ্গে দেয় হানা
লালন বলে আমি
তিনতের না জানি
বাজি সেরে যাওয়া ভার
হলোরে আমায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯৫.

আছে ভাবের তালা যে ঘরে
সেই ঘরে শাঁই বাস করে ॥

ভাব দিয়ে খোল ভাবের তালা
দেখবি অটল মানুষের খেলা
ঘুচে যাবে মনের ঘোলা
থাকলে সে রূপ নিহারে ॥

ভাবের ঘরে কী মুরতি
ভাবের লণ্ঠন ভাবের বাতি
ভাবের বিভাব হলে একরতি
অমনি সে রূপ যায় সরে ॥

ভাব নইলে ভক্তিতে কী হয়
ভেবে বুঝে দেখ মনুরায়
যার যে ভাব সে তাই জানিতে পায়
লালন কয় বিনয় করে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯৬.

আছে মায়ের ওতে জগতপিতা
ভেবে দেখ না
হেলা কর না বেলা মের না ॥

কোরানে শাঁই ইশারা দেয়
আলিফ যেমন লামে লুকায়
আকারে সাকার চাপা রয়
সেই ভেদ মোর্শেদ ধরলে যায় জানা ॥

নিষ্কামী নির্বিকার হয়ে
দাঁড়াও মায়ের শরণ লয়ে
বর্তমানে দেখ চেয়ে
আছে স্বরূপে রূপ নিশানা ॥

কেমন পিতা কেমন মা সে
চিরদিন সাগরে ভাসে
ফকির লালন বলে কর দিশে
আছে ঘরের মধ্যে ঘরখানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯৭.
আত্মতত্ত্ব না জানিলে
ভজন হবে না পড়বি গোলে ॥

আগে জান গা কালুল্লা
আইনাল হক সে বলে আল্লাহ
যারে মানুষ বলে
পড়ে ভূত এবার
হোসনে মন আমার
একবার দেখ না
প্রেমনয়ন খুলে ॥

আপনি শাঁই ফকির
আপনি ফিকির
ও সে লীলার ছলে
আপনার আপনি
ভুলে সে রব্বানী
আপনি ভাসে
আপন প্রেমজলে ॥

লা ইলাহা তন
ইল্লাল্লাহ জীবন
আছে প্রেমযুগলে
লালন ফকির কয়
যাবি মন কোথায়
আপনার আপনি ভুলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯৮.
আপন খবর না যদি হয়
যাঁর অন্ত নাই
তাঁর খবর কে পায় ॥

আত্মারূপে কেবা
ভাণ্ডে করে সেবা
দেখ দেখ যেবা
হও মহাশয় ॥

কেবা চালায় হারে
কেবা চলে ফেরে
কেবা জাগে ধড়ে
কেবা ঘুমায় ॥

আনমনা ছাড়
মনরে আত্মতত্ত্ব ঢোঁড়
লালন বলে তীর্থ ব্রতের
কার্য নয় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

২৯৯.

আপন মনে যার গরল মাখা থাকে
যেখানে যায় মধুর আশায়
তথায় গরলই দেখে ॥

কীর্তিকর্মার কীর্তি অথৈ
যে যা ভাবে তাই দেখতে পায়
গরল বলে কারে দোষাই
ঠিক পড়ে না ঠিকে ॥

মনের গরল যাবে যখন
সুধাময় সব দেখবে তখন
পরশিলে এড়াবি শমন
নইলে পড়বি পাকে ॥

রামদাস মুচির মন সরলে
চাম কাটোয়ায় গঙ্গা মেলে
সিরাজ শাঁই লালনকে বলে
আর কী বলব তোকে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০০.

আপনার আপনিরে মন
না জান ঠিকানা
পরের অন্তর
কোটি সুমুদ্দুর
কিসে যায়রে জানা ॥

আত্মা ও পরমেশ্বর
গুরুরূপে অটল বিহার
দ্বিদলে বারামখানা
শতদল সহস্রদলে
অনন্ত শাঁইয়ের করুণা ॥

কেশের আড়েতে যৈছে
পাহাড় লুকায় তৈছা
দরশন হলো না
হেঁট নয়ন যাঁর
নিকটে তাঁর
সিদ্ধি হয় কামনা ॥

সিরাজ শাঁই বলেরে লালন
গুরুপদে ডুবেরে মন
আত্মার ভেদ জানলে না
জীবাত্মা পরমাত্মা
ভিন্ন ভেদ জেন না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০১.
আমার মনবিবাগী ঘোড়া
বাগ মানে না দিবারেতে
মোর্শেদ আমার বুটের দানা
খায় না ঘোড়ায় কোনোমতে ॥

বিসমিল্লায় দিয়ে লাগাম
একশ ত্রিশ তাহার পালান
কোরানমতে কসনি কসে
চড়লাম ঘোড়ায় সওয়ার হতে ॥

বিছমিল্লাহ্‌র গম্ভু ভারি
নামাজ রোজা তাহার সিড়ি
খায় রাতেদিনে পাঁচ আড়ি
ছিঁড়ল দড়া আচম্বিতে ॥

লালন কয় রয়ে সয়ে
কত সওয়ারী যাচ্ছে বেয়ে
পারে যাব কী ধন লয়ে
আছি আমি কোড়া লয়ে হাতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০২.
আমার সাধ মেটে না লাঙ্গল চষে
জমি করব আবাদ
ঘটে বিবাদ
দুপুরে ডাকিনী পুষে ॥

পালে ছিল ছয়টা এঁড়ে
দুটো কানা দুটো খোঁড়া
আর দুটো হয় আলসে
তাদের ধাক্কা দিলে
হুঁক্কা ছাড়ে
কখন যেন সর্বনাশে ॥

জমি করি পদ্মবিলে
মানমাতঙ্গ কাম সলিলে
জমি গেল কসে
জমির বাঁধ বুনিয়াদ
ভেসে গেল
কাঁদি জমির আলে বসে ॥

সুইলিশ লোহার অস্ত্রখানি
ধার ওঠে না দিনরজনী
টান দিলে যায় খসে
ফকির লালন বলে
পাকাল না দিলে
সে অস্ত্র কি আসে বশে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০৩.
আমার শুনিতে বাসনা দেলে
গুরু সেই কথাটি বল খুলে ॥

যখন তোমার জন্ম হলো
বাবা তখন কোথায় ছিল
কার সঙ্গে মা যুগল হলো
কে তোমারে জন্ম দিলে ॥

শুনি মায়ের পালিত ছেলে
দুটি গর্ভে জন্ম হলে
কার গর্ভে কয়দিন ছিলে
তোমার হায়াতমউত কে লিখিলে ॥

মায়ের বাম অঙ্গে কেবা
বাবা দায়ে ঠেকায় সেবা
লালন ভনে তাপিত প্রাণে
জ্ঞাননয়নে দেখবেন বলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০৪.
আমার হয় নারে সেই
মনের মত মন
          কিসে জানব সেই রাগের করণ ॥

পড়ে রিপু ইন্দ্রিয় ভোলে
মন বেড়ায়রে ডালে ডালে
দুই মনে এক মন হলে
          এড়ায় শমন ॥

রসিক ভক্ত যাঁরা
গুরুর মনে মন মিশাল তাঁরা
শাসন করে তিনটি ধারা
          পেল রতন ॥

কবে হবে নাগিনী বশ
সাধব কবে অমৃতরস
সিরাজ শাঁই কয় বিষে বিনাশ
          হলি লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০৫.

আমারে কি রাখবেন গুরু
চরণ দাসী
ইতরপনা কার্য আমার ঘটে
অহর্নিশি ॥

জঠর যন্ত্রণা পেয়ে
এসেছিলাম করার দিয়ে
সে সকল গিয়েছি ভুলে
ভবে আসি ॥

চিনলাম না মন গুরু কী ধন
করলাম না তাঁর সেবাসাধন
ঘুরতে বুঝি হলোরে মন
ভুবন চৌরাশি ॥

গুরু যার আছে সদয়
শমন বলে তার কিসের ভয়
লালন বলে মন তুই আমায়
করলিরে দোষী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০৬.
আমি ভবনদীতে স্নান করি
ভাব নদীতে ডুব দিলাম না
কূলে বসে ঐরূপ হেরি
নদীর কূলে বেড়াই ঘুরি
পাই না ঘাটের ঠিকানা ॥

পানির নিচে স্থলপদ্ম
তাহার নিচে কত মধু গো
কালো ভ্রমর জানে মধুর মর্ম
অন্য কেউ আর জানে না ॥

নতুন গাঙ্গে জোয়ার আসে
সেথায় একটা কুমীর ভাসে
লালন বলে সেই কুমীরে গ্রাসে
তাতে মরণভয় নামিস না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০৭.

আমার মনের বাসনা
আশা পূর্ণ হলো না ॥

বাঞ্ছা ছিল যুগল পদে
সাধ মিটাব ঐ পদ সেধে
বিধি বিমুখ হলো তাতে
দিল সংসার যাতনা ॥

বিধাতা সংসারের রাজা
আমায় করে রাখলেন প্রজা
কর না দিলে দেয় গো সাজা
কারও দোহাই মানে না ॥

পড়ে গেলাম বিধির বামে
ভুল হলো মোর মূল সাধনে
লালন বলে এই নিদানে
মোর্শেদ ফেলে যেও না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০৮.

আল্লাহ্ সে আল্লাহ্ বলে
ডাকছে সদাই করে ফিকিরী
জানলে তাঁর ফিকির ফাকার
তাঁরই এবার হয় ফকিরী ॥

আত্মরূপের পরিচয় নাই যার
পড়লে কি যায় মনের অন্ধকার
এবার আত্মরূপে কর্তা হয়ে
হও বিচারী ॥

কোরানে কালুল্লায়
কুল্লে সাই মোহিত লেখা রয়
আল জবানের খবর জেনে
হও হুঁশিয়ারী ॥

বেদ পড়ে ভেদ পেত যদি সবে
গুরুগৌরব থাকত না ভবে
লালন ভনে তাই না জেনে
গোলমাল করি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩০৯.
আয় কে যাবি ওপারে
দয়াল চাঁদ মোর দিচ্ছে খেওয়া
অপার সাগরে ॥

পার করে জগতবেড়ি
লয় না কারও টাকাকড়ি
সেরে সুরে মনের দেড়ি
ভাব দে নারে ॥

যে দিল তাঁর নামের দোহাই
তারে দয়া করিবেন গোসাঁই
এমন দয়াল আর দেখি নাই
ভব সংসারে ॥

দিয়ে ঐ চরণে ভার
কত পাপী হইল পার
সিরাজ শাঁই কয় লালন তোমার
মনের বিকার যায় নারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১০.
আয়ু হারালি আমাবতী না মেনে
তোর হয় না সবুর একদিনে ॥

একেতে আমাবতীর বার
মাটি রসে সরোবর
সাধু গুরু বৈষ্ণব
তিনে উদয় হয়
রসের সনে ॥

তুই তো মদনা চাষাভাই
ও তোর জ্ঞান কিছুই নাই
আমাবতীর প্রতিপদে
হাল বয়ে কাল
হও কেনে ॥

যেজনা রসিক চাষী হয়
জমি কসে হাল বয়
লালন ফকির
পায় না ফিকির
হাপুরহুপুর ভূঁই বোনে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১১.

উপরোধের কাজ দেখি ভাই
ঢেঁকি গেলার মত
ঢেঁকি যায় না গেলা
তলা গলা
ফেড়ে হয় হত ॥

মনটা যাতে রাজি হয়
প্রাণটা তাতে আপনি যায়
পাথর দেখি ভাসে শোলার মত
বেগার ঠেলা
ঢেঁকি গেলা
টাকশালে সই নয় তো ॥

মুচির চাম কেটোয়ায়
গঙ্গা মা কোন গুণে যায়
দেখ না তারে ফুল দিয়ে পায় না তো
মন যাতে নাই
পূজলে কি হয়
ঐ ফুল দিয়ে শত শত ॥

যার মনে যা লাগেরে ভাই
সে করুক করুকরে তাই
গোল কেন আর এত
ফকির লালন কয়
লাথিয়ে পাকায়
সে ফল হয় তেতো ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১২.
এই সুখে কি দিন যাবে
একদিন হুজুরে হিসাব
দিতে যে হবে ॥

হুজুরে মন তোর আছে কবুলতি
মনে কি পড়ে না সেটি
বাকির দায়ে কখন
এসে শমন
তিলেকে তরঙ্গ তুফান ঘটাবে ॥

আইনমাফিক নিরিখ দিতে মন
কেন এত আড়িগুড়ি তোর এখন
পত্তন যে সময়
হইলে জমায়
নিরিখ ভারি কি পাতলা দেখ নাই ভেবে ॥

ছাড় ছাড় ও মন ছাড়রে বিকার
সরল হয়ে যোগাও রাজকর
এবার হলে বাকি
উপায় না দেখি
লালন বলে দায়মাল হবি মন তবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১৩.

এইবেলা তোর ঘরের খবর নেরে মন
কেবা জাগে কেবা ঘুমায়
কে কাকে দেখায় স্বপন ॥

শব্দের ঘরে কে বারাম দেয়
নিঃশব্দে কে আছে সদাই
যেদিন হবে মহাপ্রলয়
কে কারে করে দমন ॥

দেহের গুরু আছে কেবা
শিষ্য হয়ে কে দেয় সেবা
যেদিনেতে জানতে পাবা
কোলের ঘোর যাবে তখন ॥

যে ঘরামী ঘর বেঁধেছে
কোনখানে সে বসে আছে
সিরাজ শাঁই কয় তাই না খুঁজে
দিন তো বয়ে যায় লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১৪.
এক অজান মানুষ ফিরছে দেশে
তাঁরে চিনতে হয়
তাঁরে মানতে হয় ॥

শরিয়তের বেনা যাতে
জানে না তা শরিয়তে
জানা যাবে মারেফতে
যদি মনের বিকার যায় ॥

মূলছাড়া এক আজগুবি ফুল
ফুটেছে ভাবনদীর কূল
চিরদিন এক রসিক বুলবুল
সেই ফুলের মধু খায় ॥

শুনেছি সেই মানুষের খবর
আলিফের জের মিমের জবর
লালন বলে হোস্‌নে পামর
মোর্শেদ ভজলে জানা যায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১৫.
একদিনও পারের ভাবনা
ভাবলি নারে
পার হবি হীরের সাঁকো
কেমন করে ॥

বিনা কড়ির বেচাকেনা
মুখে আল্লাহ্‌র নাম জপনা
তাতেও কি অলসপনা
দেখি তোরে ॥

একদমের ভরসা নাই
কখন কি করিবেন শাঁই
তখন কার দিবি দোহাই
কারাগারে ॥

অনুরাগের ভাসাও তরী
মোর্শেদকে কর কাণ্ডারী
লালন বলে যার যার পাড়ি
যাও না সেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১৬.
একবার আল্লাহ বল মন পাখি
ভবে কেউ কার নয় দুঃখের দুঃখী ॥

ভুলো নারে ভবের ভ্রান্ত কাজে
আখেরে সব কার্য মিছে
ভবে আসতে একা
যেতেও একা
এ ভবপিরিতের ফল আছে কী ॥

হাওয়া বন্ধ হলে সম্বন্ধ কিছু নাই
ঘরের বাহির করে গো সবাই
সেদিন কেবা আপন
পর কে তখন
দেখে শুনে খেদে ঝরে আঁখি ॥

গোরের কিনারায় যখন লয়ে যায়
কাঁদিয়া সবাই প্রাণ ত্যাজিতে চায়
লালন ফকির কয়
কারও গোরে কেউ না যায়
থাকতে হয় সবার একাকী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১৭.
একবার চাঁদবদনে বল ওগো শাঁই
বান্দার একদমের ভরসা নাই ॥

হিন্দু কি যবনের বালা
পথের পথিক চিনে ধর এইবেলা
পিছে কাল শমন
আছে সর্বক্ষণ
কোনদিন বিপদ ঘটাবে ভাই ॥

আমার বিষয় আমার বাড়িঘর
পড়ে ঐ রবে দিন গেল আমার
বিষয় বিষ খাবি
সে ধন হারবি
শেষে কাঁদলে কি আর সারবে তাই ॥

নিকটে থাকিতে সেই ধন
বিষয় চঞ্চলাতে খুঁজলি নারে মন
অধীন লালন কয়
সে ধন কোথা রয়
আখেরে খালি হাতে যাই সবাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১৮.

এ জনম গেলরে অসার ভেবে
পেয়েছ মানব জনম
হেন দুর্লভ জনম
আর কি হবে ॥

জননীর জঠরে যখন
অধোমুণ্ডে ছিলেরে মন
বলেছিলে করব সাধন
এখন কি তা মনে হয় না ভবে ॥

কারে বল আমার আমার
তুমি কার আজ কে বা তোমার
যাইবে সকল গুমার
যেদিন শমন রায় আসিবে ॥

এদিনে সেদিন ভাবলে না
কী ভেবে কী কর মনা
লালন বলে যাবে জানা
হারলে বাজি আর কাঁদলে কি হবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩১৯.
এখন আর কাঁদলে কী হবে
কীর্তিকর্মার লেখাজোখা
আর কি ফিরিবে ॥

তুষে যদি কেহ পাড় দেয়
তাতে কি আর চাল বাহির হয়
মন যদি হয় তুষের ন্যায়
বস্তুহীন রবে ॥

কর্পূর উড়ে যায়রে যেমন
গোল মরিচ মিশায় তার কারণ
মন হলে গোল মরিচ মতন
কর্পূর কেন যাবে ॥

হাওয়ার চিড়ে কথার দধি
ফলার দাও তার নিরবধি
লালন বলে যার যেমন প্রাপ্তি
কেন না পাবে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২০.
এসব দেখি কানার হাটবাজার
বেদবিধির পর শাস্ত্র কানা
আর এক কানা মন আমার ॥

পণ্ডিত কানা অহঙ্কারে
গ্রামের মাতবর কানা চোগলখোরে
সাধু কানা অনবিচারে
আন্দাজি এক খুঁটি গাড়ে
জানে না সীমানা তার ॥

এক কানা কয় আর এক কানারে
চল সাধুর বাজারে
নিজে কানা পথ চেনে না
পরকে ডাকে বারংবার ॥

কানায় কানায় ওলামেলা
বোবাতে খায় রসগোল্লা
লালন তেমনই মদনা ভোলা
ঘুমের ঘোরে দেয় বাহার ॥

www.amarboi.com

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২১.
এসেছরে মন যে পথে
যেতে হবে সেইপথে ॥

মোহমায়ায় ভুলে র'লি
আজ কাল বলে দিন ফুরালি
কর ঐ নামে কৃতাঞ্জলি
যদি সময় হয় তাতে ॥

সেইপথের নাম ত্রিবেণীর ঘাট
বাঘে সর্পে ধরেছে বাট
রসিকজনা সেই ঘাটের তট
মনা যাচ্ছে তাঁর সাথে ॥

সেইপথেতে তিনটি মরা
মানুষ পেলে খাচ্ছে তারা
লালন বলে মরায় মরা
খেলছে খেলা তাঁর সাথে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২২.
ঐরূপ তিলে তিলে জপ মনসূতে
ভুলো না বৈদিক ভোলেতে ॥

গুরুরূপ যার ধ্যানে রয়
কী করবে তার শমন রায়
নেচে গেয়ে ভবপারে যায়
গুরুর চরণতরীতে ॥

উপর বারী সদরওয়ালা
স্বরূপরূপে করছে খেলা
স্বরূপ গুরু স্বরূপ চেলা
আর কে আছে জগতে ॥

সামনে তরঙ্গ ভারি
গুরু বিনে নাই কাণ্ডারী
লালন বলে ভাসাও তরী
যা করেন শাঁই কৃপাতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২৩.

ঐ দেখ তোর বাকির কাগজ
গেল হুজুরে
কখন জানি আসবে শমন
সাধের অন্তঃপুরে ॥

যখন ভিটেয় হয় বসতি
দিয়েছিলে খোশ কবুলতি
হরদমে নাম রাখব স্থিতি
এখন ভুলেছ তাঁরে ॥

আইনমাফিক নিরিখ দেনা
তাতে কেন ইতরপনা
যাবেরে মন যাবে জানা
জানা যাবে আখেরে ॥

সুখ পেলে হও সুখভোলা
দুখ পেলে হও দুখ উতলা
লালন কয় সাধনের খেলা
কিসে সাধনভরে ধরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২৪.
ও তোর ঠিকের ঘরে ভুল পড়েছে মন
কিসে চিনবিরে মানুষ রতন ॥

আপন খবর নাই আপনারে
বেড়াও পরের খবর করে
আপনারে চিনলে পরে
পরকে চেনা যায় তখন ॥

ছিলি কোথায় এলি হেথা
স্মরণ কিছু হলো না তা
না বুঝে মুড়ালি মাথা
পথের নাই অন্বেষণ ॥

যাঁর সঙ্গে এই ভবে এলি
তাঁরে আজ কোথায় হারালি
সিরাজ শাঁই কয় পেটশাখালি
তাই নিয়ে পাগল লালন ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২৫.
কতদিন আর রইবি রঙ্গে
ধরো এইবেলা যদি বাঁচতে চাও তরঙ্গে ॥

নিকটে বিকটে বেশেতে গমন
দাঁড়াইয়া আছে হরিতে জীবন
মানিবে না কারে কেশে ধরে তোরে
লয়ে যাবে সেজন আপন সঙ্গে ॥

দারাসূতাদি যত প্রিয়জনে
বক্ষ মাঝে যাদের রাখ সর্বক্ষণে
আমার আমার বল বারেবার তখন
হেরিবে না কেহ অপাঙ্গে ॥

অতএব শোন থাকিতে জীবন
কর অন্বেষণ পতিতপাবন
সিরাজ শাঁই কয় লালন অধম তারণ
বাঁচ এখন পাপাতঙ্কে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২৬.
কররে পেয়ালা কবুল শুদ্ধ ইমানে
মিশবি যদি জাত সেফাতে
এইদিন আখেরের দিনে ॥

সাধিলে নূরের পেয়ালা
খুলে যাবে রাগের তালা
অচিন মানুষের খেলা
দেখবি দুই নয়নে ॥

সত্তরী জব্বরী নূরী
চিনরে সেই নূর জহুরী
এই চার পেয়ালা ভারি
আছে অতিগোপনে ॥

ফানা ফিশ্ শেখ ফানা ফির রসুল
ফানা ফিল্লাহ ফানা বাকা স্থূল
এই চার মোকামে লালন
ভজ মোর্শেদ নির্জনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২৭.
কয় দমে বাজে ঘড়ি
করেরে ঠিকানা
কয় দমে দিনরজনী
ঘুরছে বল না ॥

দেহের খবর যে জন করে
আলাকবাজি দেখতে পারে
আলাকে দম হাওয়ার ঘরে
এ কী আজব কারখানা ॥

ছয় মহলে ঘড়ি ঘোরে
শব্দ হয় নিঃশব্দের ঘরে
কলকাঠি রয় মনের দ্বারে
দমেতে আসল বেনা ॥

দমের সাথে কর সম্মিলন
অজান খবর জানবিরে মন
বিনয় করে বলছে লালন
ঠিকের ঘর ভুলো না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২৮.
কাছের মানুষ ডাকছ কেন শোর করে
তুই যেখানে সেও সেখানে
খুঁজে বেড়াস কারেরে ॥

বিজলী চটকের ন্যায়
থেকে থেকে ঝলক দেয়
রঙমহল ঘরে
অহর্নিশি
পাশাপাশি
থাকতে দিশে হয় নারে ॥

হাতের কাছে যাঁরে পাও
ঢাকা দিল্লি কী দেখতে যাও
কোন অনুসারে
এমনও কী বুদ্ধিনাশা
তুই হলি সংসারে ॥

ঘরের মাঝে ঘরখানা
খোঁজরে মন সেইখানে
কে বিরাজ করে
সিরাজ শাঁই কয়
দেখরে লালন
সে কী রূপ আর তুই কী রূপরে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩২৯.

কারে খুঁজিস ক্ষ্যাপা দেশবিদেশে
আপন ঘর খুঁজিলে রতন
পায় অনা'সে ॥

দৌড়াদৌড়ি দিল্লি লাহোর
আপনার কোলে রয় না খবর
নিরূপণ আলাক শাঁই মোর
আত্মরূপে সে ॥

যে লীলে ব্রহ্মাণ্ডের 'পর
সেই লীলে ভাণ্ড মাঝার
ঢাকা যেমন চন্দ্র আকার
মেঘের পাশে ॥

আপনাকে আপনি চেনা
সেই বটে মূল উপাসনা
লালন কয় আলক বেনা
হয় তাঁর দিশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩০.
কালঘুমেতে গেলরে তোর চিরদিন
দিন গেল মিছে কাজে মন
রাত্র গেল পরাধীন ॥

কী বলিয়ে ভবে এলি
সেই কর্ম কিবা করলি
ওরে মোহমায়ায় ভুলে র'লি
গুরুকর্ম করলি না একদিন ॥

গুরুবস্তু অমূল্য ধন
ঘুমের ঘোরে চিনলি না মন
ঐ ঘুমেতে হবে মরণ
যেতে হবে শমনের অধীন ॥

সিরাজ শাঁই বলেরে লালন
ক্ষীণ হলোরে সোনার তন
আরও বাদী রিপু ছয়জন
বাধ্য করলে না কোনোদিন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩১.
কিসে আর বুঝাই মন তোরে
দেলমক্কার ভেদ না জানিলে
হজ হয় কিসেরে ॥

দেলগঠন সে কুদরতি কাম
খোদ খোদা তাতে দেয় বারাম
তাইতে হলো দেলমক্কা নাম
সর্বসংসারে ॥

এক দেল যাঁর জেয়ারত হয়
হাজার হজ তাঁর তুল্য নয়
কোরানেতে সাফ লেখা রয়
তাইতে বলিরে ॥

মানুষে হয় মক্কার সৃজন
মানুষে করে মানুষের ভজন
লালন বলে মক্কা কেমন
চিনবি কবেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩২.
কী হবে আমার গতি
কত জেনে
কতই শুনে
ঠিক পড়ে না কোনও ব্রতই ॥

যাত্রাভঙ্গ যে নাম শুনে
বনের পশু হনুমানে
নিষ্ঠাভক্তি রামচরণে
সাধুর খাতায় তার সুখ্যাতি ॥

কলার ডেগো সর্প হলো
চাম কেটোয়ায় গঙ্গা এলো
এ সকল ভক্তির বল
আমার নাই কোনও শক্তি ॥

মেঘপানে চাতকের ধ্যান
অন্যবারি করে না পান
লালন বলে জগত প্রমাণ
ভক্তির শ্রেষ্ঠ সেহি ভক্তি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩৩.
কুদরতির সীমা কে জানে
আপনি আপন জিকির
বসিয়ে আল জবানে ॥

আল জবানে খবর হলে
তারই কিছু নজির মেলে
নইলে ফাঁকড়া কথা বলে
উড়িয়ে দেবে সবজনে ॥

খোদকে চিনে খোদা চিনি
খোদ খোদা বলেছে আপনি
মান আরাফা নাফসাহু বাণী
বোঝ তাঁর কি হয় মানে ॥

কে বলেরে আমি আমি
সেই আমি কি আমিই আমি
লালন বলে কেবা আমি
আমারে আমি চিনিনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩৪.

কুলের বউ হয়ে মনা
আর কতদিন থাকবি ঘরে
ঘোমটা ফেলে
আয় না চলে
সাধুর সাধবাজারে ॥

কুলের ভয়ে মান হারাবি
কুল কি নিবি সঙ্গে করে
পস্তাবি শ্মশানে যেদিন
ফেলবে তোরে ॥

নিসনে আর আঁচি কড়ি
ন্যাড়ার ন্যাড়ী হও যেইরে
থাকবি ভাল সর্বকাল
দুঃখ যাবে দূরে ॥

কুলের গৌরব যার হয়
গুরু হয় না তারে সদয়
ফকির লালন ফাতরা বেড়ায়
ফুচকি মেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩৫.
কে বুঝিতে পারে মাওলার কুদরতি
আপনি ঘুমায় আপনি জাগে
আপনি লুটে সম্পত্তি ॥

গগনের চাঁদ গগনেতে রয়
ঘটেপটে তাঁর জ্যোতির্ময়
এমনই খোদা খোদরূপে রয়
অনন্ত রূপ আকৃতি ॥

নিরাকার বটে সে খোদা
অনেকে তা ভাবে সদা
আহ্‌মদের কদে কেবা
হলো উৎপত্তি ॥

আদমের কলবের মাঝে
আত্মরূপে কে বিরাজে
লালন বলে তাই না বুঝে
আজাজিলের দুর্গতি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩৬.
কে বোঝে মাওলার আলাকবাজি
করছে কোরানের মানে
যা আসে যার মনে বুঝি ॥

একই কোরান পড়াশোনা
কেউ মৌলভি কেউ মাওলানা
দাহেরা হয় কতজনা
সে মানে না শরার কাজী ॥

রোজ কেয়ামত বলে সবাই
কেউ করে নাই তারিখ নির্ণয়
হবে কি হচ্ছে সদাই
কার কথায় মন করি রাজি ॥

ম'লে জান ইল্লিন সিজ্জিনে রয়
যতদিন রোজ কেয়ামত না হয়
কেউ বলে জান ফিরে জন্মায়
তবে ইল্লিনসিজ্জিন কোথায় খুঁজি ॥

আর এক খবর শুনিতে পাই
এক গোর মানুষের মউতই নাই
সে কোন আ মরি ভজনরে ভাই
লালন বলে কারে পুঁছি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩৭.
কেন ডুবলি না মন গুরুর চরণে
এসে কাল শমন বাঁধবে কোনদিনে ॥

আমার পুত্র আমার দারা
সঙ্গে কেউ যাবে না তারা
যেতে শ্মশানে
আসতে একা
যেতে একা
তা কি ভাবিসনে ॥

নিদ্রাবশে নিশি গেল
বৃথা কাজে দিন ফুরাল
চেয়ে দেখলিনে
এবার গেলে আর হবে না
পড়বি কুক্ষণে ॥

এখনও তো আছে সময়
সাধলে কিছু ফল পাওয়া যায়
যদি লয় মনে
সিরাজ শাঁই বলেরে লালন
ভ্রমে ভুলিসনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩৮.

কেনরে মনমাঝি
ভবনদীতে মাছ ধরতে এলি
তোর মাছ ধরা ঠনঠনা
শুধু কাদাজল মাখালি ॥

লোহা খসা ঘাইছেঁড়া জালে
কেমন করে ধরবি মাছ আনাড়ি বাইলে
ভক্তির জোরে জাল না দিলে
টান দিলে জাল উঠে খালি ॥

লালন বলে ও মনমাঝি ভাই
মাছধরার কৌশল শিক্ষা কর নাই
এবার শিক্ষা লও গা ভরবে
গুরুর কাছে দেহডালি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৩৯.
কেবল বুলি ধরেছ মারেফতী
    তোমার বুদ্ধি নাইকো অর্ধরতি ॥

মুখে মারেফত প্রকাশ কর
শুধালে হা করে পড়
খবর কিছু বলতে পার
    কেবল কও সিনায় বসতি ॥

চোরে যেমন চুরি করে
ধরে ফেললে দোষে পড়ে
মারফেতী সেই প্রকারে
    চোরামালের মহারতি ॥

অনুমানে বুঝলাম এখন
সেইজন্যে তা কর গোপন
লালন বলে এসব যেমন
    মেয়েলোকের উপপতি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪০.
কেন মরলি মন ঝাঁপ দিয়ে
তোর বাবার পুকুরে
দেখি কামে চিত্ত পাগল প্রায় তোরে ॥

কেনরে মন এমন হলি
যাতে জন্ম তাতেই ম'লি
ঘুরতে হবে লক্ষ গলি
হাতে পায় বেড়ি সার করে ॥

দীপের আলো দেখে যেমন
উড়ে পড়ে পতঙ্গগণ
অবশেষে হারায় জীবন
আমার মন তাই করলি হারে ॥

শক্তিমাতা শক্তিপিতা শক্তিরূপে ত্রিজগতময়
সিরাজ শাঁই কয়
অবোধ লালন ঘুরছ বৃথাই
আত্মতত্ত্ব না সেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪১.

কোথা আছেরে সেই দ্বীন দরদী শাঁই
চেতন গুরুর সঙ্গ লয়ে খবর কর ভাই ॥

চক্ষু আঁধার দেলের ধোঁকায়
কেশের আড়ে পাহাড় লুকায়
কী রঙ্গ শাঁই
দেখছে সদাই
বসে নিগম ঠাঁই ॥

এখানে না দেখলাম যাঁরে
চিনব তাঁরে কেমন করে
ভাগ্যগতি আখেরতরে
যদি দেখা পাই ॥

সমঝে ভজনসাধন কর
নিকটে ধন পেতে পার
লালন কয় নিজ মোকাম ঢোঁড়
বহুদূরে নাই ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪২.

কোন কুলেতে যাবি মনুরায়
গুরুকুলে যেতে হলে
লোককুল ছাড়তে হয় ॥

দুইকুল ঠিক রয় না গাঙ্গে
এককুল গড়ে এককুল ভাঙ্গে
তেমনই যেন সাধুর সঙ্গে
বেদবিধিকুল দূরে রয় ॥

রোজা পূজা বেদের আচার
মন যদি চায় কর এবার
নির্বেদের কাজ বেদ বেদান্তর
মায়াবাদীর কার্য নয় ॥

ভেবে বুঝে এককুল ধর
দোটানায় কেন ঘুরে মর
সিরাজ শাঁই কয় লালন তোর
ফুঁ ফুরাবে কোন সময় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪৩.
কোন্ কোন্ হরফে ফকিরী
কিসে আসল হয় সে হরফ
জানতে হয় তার ফিকিরী ॥

কয়টি হরফ লেখে বরজোখ
কী কী নাম বলি তারই
না জেনে তার নিরিখ নেহাত
পড়েশুনে কি করি ॥

এক হরফে নিজ নাম আছে
শুনি তাই বরাবরই
কোন্ হরফ সে কর না দিশে
দিন হলো আখেরী ॥

ত্রিশ হরফের চার হরফে
কালুল্লাহ্ গণ্য করি
লালন বলে আর কয় হরফ
তাঁর কলব করে জারি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪৪.
কোন দেশে যাবি মনা
চল দেখি যাই
কোথা পীর হও তুমিরে
তীর্থে যাবি
কী ফল পাবি
সেখানে কি পাপী নাইরে ॥

বিবাদী তোর দেহে সকল
অহর্নিশি করছেরে গোল
যথায় যাবি তথায় পাগল
করবে তোরে ॥

নারী ছেড়ে কেউ জঙ্গলেতে যায়
স্বপ্নদোষ কি হয় না সেথায়
মনের বাঘে যারে খায়
তখন কে ঠেকায় তারে ॥

ভ্রমে বার বসে তের
তাও তো সদাই শুনে ফের
সিরাজ শাঁই কয় লালন তোর
বুদ্ধি নাইরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪৫.

কোনরূপে কর দয়া
এই ভুবনে
অনন্ত অপার মহিমা তোমার
কে জানে ॥

তুমি রাধা
তুমি কৃষ্ণ মন্ত্রদাতা
পরম ইষ্টমন্ত্র দাও কানে
মন্ত্র দিয়ে সপে দিলে
সাধুগুরু বৈষ্ণব
গোঁসাইর চরণে ॥

তীর্থ মক্কা গয়া কাশী
বারাকুঞ্জ বানারসী
মথুরা বৃন্দাবনে
তীর্থে যদি গৌর পেত
ভজনসাধন করে জীব
কি কারণে ॥

গুরুমুখের পদ্মবাক্য
সাধকেরা করে ঐক্য
আমি জানিনে
সিরাজ শাঁই কয়
অবোধ লালন শক্তিসান্ত হবে
কোনদিনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪৬.

খালি ভাঁড় থাকবেরে পড়ে
দিনে দিন কর্পূর তোর
যাবেরে উড়ে ॥

মন যদি গোল মরিচ হতো
তবে কি আর কর্পূর যেত
তিলকাদি না থাকিত
সুসঙ্গ ছেড়ে ॥

অমূল্য কর্পূর যাহা
ঢাকা দেওয়া আছে তাহা
কেমনে প্রবেশে হাওয়া
কর্পূরের ভাঁড়ে ॥

সে ধন রাখিবার কারণ
নিলে না গুরুর শরণ
লালন বলে বেড়াই এখন
আগাড়ভাগাড়ে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪৭.
খুলবে কেন সে ধন
মালের গাহক বিনে
কত মুক্তামণি
রেখেছে ধনী
        বোঝাই করে সেই দোকানে ॥

সাধু সওদাগর যাঁরা
মালের মূল্য জানে তাঁরা
তাঁরা মূল্য দিয়ে লন
অমূল্যরতন
        সে ধন জেনে চিনে তাঁরাই কিনে ॥

মাকাল ফলের বরণ দেখে
যেমন ডালে বসে নাচে কাকে
তেমনই মন আমার
চটকে বিভোর
        সার পদার্থ নাহি চেনে ॥

মন তোমার গুণ জানা গেল
পিতল কিনে সোনা বল
সিরাজ শাঁইয়ের বচন
মিথ্যা নয় লালন
        মূল হারালি তুই দিনে দিনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪৮.

খেয়েছি বেজাতে কচু না বুঝে
এখন তেঁতুল কোথা পাই খুঁজে ॥

কচু এমন মান গোঁসাই
তারে কেউ চিনলি নারে ভাই
খেয়ে হলাম পাগলপ্রায়
চুবনি ঘরা চুলকাইছে ॥

কেহ নিমবৃক্ষের তলায়
যদি চিনির সার দেয়
কখনও সে মিষ্ট না হয়
এমনই কচুর বংশ সে যে ॥

যত সব ভেড়ুয়া বাঙ্গালে
কচুকে মানগোঁসাই বলে
লালন ভেড়ো দেখল চেখে
এতে কি মন মজে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৪৯.

খোদা বিনে কেউ
নাই সংসারে
এই মহাপাপের দায়
কে উদ্ধার করে ॥

এ জগত মাঝে
যতজন আছে
তারা সবে
দোষী হবে
নিজ পাপভরে ॥

পিতামাতা আশা
যত ভালবাসা
তারা আমার
পাপের ভার
নাহি নিতে পারে ॥

ওরে আমার মন
কর তাঁহার অন্বেষণ
লালন বলে যিনি তোমার
ভার নেয় শিরোপরে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫০.
খোদা রয় আদমে মিশে
কার জন্যে মন হলি হত
সেই খোদা আদমে আছে ॥

নাম দিয়ে শাঁই কোথায় লুকালে
মোর্শেদ ধরে সাধন করলে
নিকটে মেলে
আত্মরূপে কর্তা হয়ে
কর তাঁর দিশে ॥

আল্লাহ্ নবী আদম এই তিনে
নাই কোনও ভেদ আছে এক
আত্মায় মিশে
দেখবি যদি হযরত নবীকে
এশকেতে আছে ॥

যাঁর হয়েছে মোর্শেদের জ্ঞান উজালা
সেই দেখিবে নূর তাজাল্লা
লালন বলে জ্ঞানী যাঁরা
দেখবে অনা'সে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫১.
গরল ছাড়া মানুষ আছে কেরে
সেই মানুষ জগতের গোড়া
আলা কুল্লে সাই জাহির আছেরে ॥

তিন আলিফে দিয়ে জবর
হবে সেই মানুষের খবর
করণ চৌদ্দ ভুবনের উপর
সে কথা ব্যক্ত আছে যেরে ॥

লা মোকামে আছে বারী
জবরুতে হয় তাঁর ফুকারী
জাহের নয় সে রয় গভীরই
জিহ্বাতে কে সে নাম করে ॥

সেই মানুষকে কর সাথী
কাদির মাওলাকে চিনবে যদি
লালন খোঁজে জন্মাবধি
মানুষ লুকায় পলকেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫২.
গুরু ধর কর ভজনা
তবে হবে সাধনা ॥

তোমার বাড়ি হয় কাচারি
হাকিম হলো খোদা বারী
বেলায়েত হয় জজ কোর্ট ফৌজদারি
উকিল ব্যারিস্টার এই ছয়জনা ॥

বিসমিল্লাহর 'পর হবে আপিল
ইল্লাহল্লাহুতে জামিন দাখিল
এই মামলায় কর না গাফেল
খালাস করবে গুরুজনা ॥

পিছে আছে ছয়জন আমলা
তারাই শুধু বাঁধায় মামলা
খেয়েছ কি রস লেবু কমলা
সেই মামলায় খালাস পাবা না ॥

লালন বলে দৌড়াদৌড়ি
বন্ধ আছে মায়াবেড়ি
কার জন্যে বা এ ঘরবাড়ি
বলতে আমার বাক সরে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫৩.

গুরুবস্তু চিনে নে না
অপারের কাণ্ডারী গুরু
তা বিনে কেউ কুল পাবে না ॥

হেলায় হেলায় দিন ফুরাল
মহাকালে ঘিরে এলো
আর কতকাল বাঁচবে বলো
রঙমহলে প'লে হানা ॥

কি বলে এই ভবে এলি
কী না কর্ম করে গেলি
মিছে মায়ায় ভুলে র'লি
সে কথা তোর মনে পড়ে না ॥

এখনও চলছে পবন
হতে পারে কিছু সাধন
সিরাজ শাঁই কয় অবোধ লালন
এবার গেলে আর হবে না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫৪.
গুরু বিনে কী ধন আছে
কী ধন খুঁজিস ক্ষ্যাপা কার কাছে ॥

বিষয়ধনের ভরসা নাই
ধন বলিতে গুরু গোসাঁই
যে ধনের দিয়ে দোহাই
ভব তুফান যাবে বেঁচে ॥

পুত্র পরিবার বড় ধন
ভুলেছ এই ভবের ভুবন
মায়ায় ভুলে অবোধ মন
গুরুধনকে ভাবলি মিছে ॥

কি ধনের কী গুণপনা
অন্তিমকালে যাবে জানা
গুরুধন এখন চিনলে না
নিদানে পস্তাবি পিছে ॥

গুরুধন অমূল্য রতনরে
কুমনে বুঝলি না হারে
সিরাজ শাঁই কয় লালন তোরে
নিতান্ত প্যাঁচোয় পেয়েছে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫৫.
গুরুপদে ডুবে থাকরে আমার মন
গুরুপদে না ডুবিলে
জীবন যাবে অকারণ ॥

গুরুশিষ্য এমনই ধারা
চাঁদের কোলে থাকে তাঁরা
আয়নাতে লাগিয়ে পারা
দেখে তাঁরা ত্রিভুবন ॥

শিষ্য যদি হয় কায়েমী
কর্ণে পায় তার মন্ত্রদানি
নিজগুণে পায় চক্ষুদানি
নইলে অন্ধ দুই নয়ন ॥

ঐ দেখা যায় আন্‌কা নহর
অচিন মানুষ অচিন শহর
সিরাজ শাঁই কয় লালনরে তোর
জনম গেল অকারণ ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫৬.
গুরুপদে নিষ্ঠা মন যার হবে
যাবেরে তার সকল অসুসার
অমূল্য ধন সেই তো হাতে পাবে ॥

গুরু যার হয় কাণ্ডারী
চলে তার অচল তরী
তুফান বলে ভয় কী তারই
নেচে গেয়ে ভবপারে যাবে ॥

আগমে নিগমে তাই কয়
গুরুরূপে দ্বীন দয়াময়
সময়ে সখা সে হয়
দ্বীনের অধীন হয়ে
যে তাঁরে ভজিবে ॥

গুরুকে মনুষ্যজ্ঞান যার
অধোপথে গতি হয় তার
লালন বলে তাই আজ আমার
ঘটল বুঝি মনের কুস্বভাবে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫৭.
গুরুকে ভজনা কর মনভ্রান্ত হইও না
সদাই থেক সচেতনে
অচেতনে ঘুমাইও না ॥

ব্যাধে যখন পাখি ধরতে যায়
নয়ন তার উর্ধ্বপানে রয়
এক নিরিখে চেয়ে থাকে
পলক ফিরায় না
আঁখি নড়লে পাখি যাবে
নয়নে পলক মের না ॥

ছিদ্র কুম্ভে জল আনতে যায়
তাতে জল কী মতে রয়
আসাযাওয়ায় দেরি হলে
পিপাসায় যায় প্রাণ
মন তোর আসাযাওয়ায় দিন ফুরাল
গুরুমতি ঠিক হলো না ॥

নারকেলে জলের সঞ্চার
তার কী আচার কী ব্যবহার
রসে পরিপূর্ণ দেখতে চমৎকার
গোপনে যার গোপিকা ভজনা
সেই জানে জলের মর্ম
লালন কয় আপনদেহের
খবর নিলে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫৮.

গুরু গো মনের ভ্রান্তি
যায় না সংসারে
ভ্রান্ত মন কর শান্ত
শান্ত হয়ে রই ঘরে ॥

একটি কথা আনকা শুনি
পিতাপুত্রে এক রমণী
কোনখানে রেখেছে ধনী
বল দেহের মাঝারে ॥

আহার নাই সে উপবাসী
নিত্য করে একাদশী
প্রভাতে হয় পূর্ণশশী
পূর্ণিমার চাঁদ অন্ধকারে ॥

ছেষট্টি দিনে এক ছেলে হলো
সেই ছেলে বাজারে গেল
লালন মহাগোলে প'লো
ফিরছেরে জীবের দ্বারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৫৯.

গুরুর ভজনে হয় তো সতী
জ্যোতিঃরূপ নগরে যাবি ফুলবতী ॥

না হলেরে সতী
হবে না ভজনে মতি
এক কৃষ্ণ জগতের পতি
আর সব প্রকৃতি ॥

প্রকৃতি হয়ে কর প্রকৃতি ভজন
তবেই হবে গোপিনীর শরণ
না হলে গোপীর ভাবাশ্রয়করণ
হবে না গুরুর ভজনে মতি ॥

গুরুতে কর নাগরীপ্রীতি
হইবে দশ ইন্দ্রিয় রিপুর মতি
ফকির লালন বলে প্রেম পিরিতি
তৃতীয় ভজনের এই রীতি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬০.
গুরুর প্রেমরসিকা হব কেমনে
করি মানা কাম ছাড়ে না
মদনে ॥

এই দেহেতে মদন রাজা করে কাচারি
কর আদায় করে লয় তারা হুজুরী
মদন তো দুষ্ট ভারি
তারে দাও তহশিলদারি
করে সে মুন্সিগিরি
গোপনে ॥

চোর দিয়ে চোর ধরাধরি
এ কী কারখানা
আমি তাই জিজ্ঞাসিলে
তুমি বল না
সাধুরা চুরি করে
চোর দেখে পালায় ডরে
লয়ে যায় শূন্যভরে
কোন্‌খানে ॥

অধীন লালন বিনয় করে
সিরাজ শাঁইয়ের পায়
স্বামী মারিলে নালিশ
করিব কোথায়
তুমি মোর প্রাণপতি
কী দিয়ে রাখব রতি
কেমনে হব সতী
চরণে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬১.

গড় মুসল্লি বলছ কারে
ঠিক মুসুল্লি বলছ যারে
মুসল্লি এই সংসারে ॥

শুনব শাঁইয়ের নিগূঢ়কথা
আশা তসবির জন্ম কোথা
কোথায় পেলে গলার খিলকা
তাজ মাথায় পরাল কেরে ॥

একটি মরার পাঁচটি কাল্লা
কাল্লায় কাল্লায় বলছে আল্লাহ
কোন্ কাল্লায় হয় রসুলাল্লাহ্
সর্বদা নাম জপেরে ॥

তহ্বন পরে হলে খাঁটি
উপরে কৌপনী নিচে নেংটি
লালন বলে এসব ফষ্টি
খাটবে নারে সাধুর দ্বারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬২.
গেড়ো গাঙ্গেরে ক্ষ্যাপা
হাপুরহুপুর ডুব পাড়িলে
এবার মজা
যাবে বোঝা
কার্তিকের উলানের কালে ॥

কুঁতবি যখন কফের জ্বালায়
তাগা তাবিজ বাঁধবি গলায়
তাতে কী রোগ হবে ভালাই
মস্তকের জল শুষ্ক হলে ॥

বাইচালা দেয় ঘড়ি ঘড়ি
ডুব পাড়িস কেন তাড়াতাড়ি
প্রবল হবে কফের নাড়ি
তাই হানা দেয় জীবনমূলে ॥

ক্ষান্ত দেরে ঝাঁপুই খেলা
শান্ত হওরে ও মনভোলা
লালন কয় আছে বেলা
দেখলি নারে চক্ষু মেলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬৩.
গোয়ালভরা পুষণে ছেলে
বাবা বলে ডাকে না
মনের দুঃখ মনই জানে
অন্যে তা জানে না ॥

মন আর তুমি মানুষ দুইজন
এই দুজনাতেই প্রেমালাপন
কখন সুধার হয় বরিষণ
কখন গরল খেয়ে যন্ত্রণা ॥

মন আর তুমি একজন হলে
অনায়াসে অমূল্য ধন মেলে
একজনাতে আর একজন এলে
হয় মোর্শেদরূপ প্রকাশনা ॥

পাবার আশে অমূল্য ধন
জীবন যৌবন সব সমর্পণ
আশাসিন্ধুর কূলে লালন
আপন কিছুই রাখল না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬৪.
ঘরে বাস করে সেই
ঘরের খবর নাই
চারযুগে ঘর চাবি আঁটা
ছোড়ান আছে পরের ঠাঁই ॥

কলকাঠি যার পরের হাতে
কি ক্ষমতা এই জগতে
লেনাদেনা দিবারাতে
পরে পরের ভাই ॥

এ কী বেহাত আপন ঘরে
থাকতে রতন হই দরিদ্রে
দেয় সে রতন হাতে ধরে
তাঁরে কোথা পাই ॥

ঘর থুয়ে ধন বাইরে খোঁজা
বয় যে যেমন চিনির বোঝা
পায় নারে সে চিনির মজা
বলদ য্যাছাই ॥

পর দিয়ে পর ধরাধরি
সেই পর কই চিনতে পারি
লালন বলে হায় কী করি
না দেখি উপায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬৫.
চরণ পাই যেন কালাকালে
ফেল না অতুর অধম বলে ॥

সাধনে পাব তোমায়
সে ক্ষমতা নাইগো আমায়
দয়াল নাম শুনিয়ে আশায়
আছি এই অধীন কাঙালে ॥

জগাই মাধাই পাপী ছিল
কাদা ফেলে গায় মারিল
তাহে প্রভুর দয়া হলো
আমায় দয়া কর সেই হালে ॥

ভারতপুরাণে শুনি
পতিতপাবন নামের ধ্বনি
লালন বলে সত্য জানি
আমারে চরণ দিলে ॥

AmarBoi.com

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬৬.
চল্ দেখি মন কোনদেশে যাবি
অবিশ্বাস হলে কোথায় কী পাবি ॥

এদেশেতে ভূতপ্রেত বলে
গয়ায় পিণ্ড দিলে
গয়ার ভূত কোনদেশে গেলে
মুক্তি কিসে পায় ভাবি ॥

মন বোঝে না তীর্থ করা
মিছেমিছি খেটে মরা
পেঁড়োর কাজ পিঁড়েয় সারা
নিষ্ঠা মন যার হবি ॥

বারো ভাটি বাংলা জুড়ে
একই মাটি আছে পড়ে
সিরাজ শাঁই কয় লালন ভেড়ে
ঠিক দাও নিজ নসিবই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬৭.
চল যাই আনন্দের বাজারে
চিত্ত মন্দ তমঃ অন্ধ
নিরানন্দ রবে নারে ॥

সুজনায় সুজনাতে
সহজ প্রেম হয় সাধিতে
যাবি নিত্যধামেতে
প্রেমপদ্মের বাসনাতে
প্রেমের গতি বিপরীত
সকলে জানে না
কৃষ্ণপ্রেমের বেচাকেনা
অন্য কিছু নাইরে ॥

সহস্রারের বাঁকা কারণ
শ্যামরায় করলেন ধারণ
হইলেন গৌরবরণ
রাধার প্রেমসাধন
আনন্দে সানন্দে মিশে
যোগ করে যে জনা
লালন বলে নিহেতু প্রেম
অধর ধরা যেতে পারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬৮.

চাষার কর্ম হালেরে ভাই
লাঙ্গল বইতে মানা
জমির চাষ
না দিলে ঘাস
মরে না ফলে কাশবেনা ॥

অনুরাগের চাষা হয়ে
প্রেমের কর চাষ
তাইতে শুকাইবে ঘাস
জমিতে নীর পড়িবে
কৃষি হবে
ফলে যাবে সোনা ॥

সাগু কাঠের লাঙ্গল বাঁধো
ক্ষ্যান্ত কাঠের ইশ্
তাতে থাকবে না কোন বিষ
লালন বলে ওরে চাষা
চাষের কাম ছেড় না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৬৯.
চিরদিন দুঃখের অনলে প্রাণ
জ্বলছে আমার ॥

আমি আর কতদিন না জানি
অবলার পরানি
এ জ্বলনে জ্বলব ওহে দয়াশ্বর ॥

দাসী ম'লে ক্ষতি নাই
যাই হে মরে যাই
দয়াল নামের দোষ
রবে হে গোঁসাই তোমার ॥

দাও হে দুঃখ যদি
তবু তোমায় সাধি
তোমা বিনে দোহাই
আর দেব কার ॥

AMARBOI.COM

ও মেঘ হইল উদয়
লুকাইল কোথায় পিপাসীর প্রাণ
গেল পিপাসার ॥

কোন দোষের ফলে এ দশা ঘটালে
একবার ফিরে চাও হে নাথ
ফিরে চাও হে একবার ॥

আমি উড়ি হাওয়ার সাথ
ডুরি তোমার হাত তুমি না তরালে
কে তরাবে হে নাথ ॥

ক্ষমো ক্ষমো অপরাধ
দাও হে শীতল পদ লালন বলে প্রাণে
সহে না তো আর ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭০.
জগত মুক্তিতে ভোলালেন শাঁই
ভক্তি দাও হে যাতে চরণ পাই ॥

ভক্তিপদ বঞ্চিত করে
মুক্তিপদ দিচ্ছ সবারে
যাতে জীব ব্রহ্মাণ্ডে ঘোরে
কাণ্ড তোমার দেখি তাই ॥

রাঙ্গাচরণ পাব বলে
বাঞ্ছা সদাই হৃৎকমলে
তোমার নামের মিঠায় মন মজেছে
রাঙা রূপ কেমন তাই দেখতে চাই ॥

চরণের যোগ্য মন নয়
তথাপি মন
ঐ রাঙা চরণ চায়
ফকির লালন বলে হে দয়াময়
দয়া কর আজ আমায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭১.
জান গা বরজোখ
বেলায়েত ভেদ পড়ে
অচিনকে চিনবি ঐ
        বরজোখ ধরে ॥

নবুয়তে সব
অদেখা তপ্‌জপ্‌
বেলায়েতে দীপ্তকার
        দেখ নজরে ॥

বরজোখে যার নাই নিহার
আখেরে রূপ চিনবি কী তাঁর
নবী সরওয়ার
বলছেন বারংবার
        প্রমাণ আছে তাঁর হাদিস মাঝারে ॥

সেই প্রমাণ এখানে মানি
অদেখারে দেখে কেমনে চিনি
যদি চেনা যায়
তার বিধি হয়
        আলকজনকে সত্য বিশ্বাস করে ॥

নবুয়ত বেলায়েত কারে বলা যায়
যে ভজে মোর্শেদ সেই জানতে পায়
লালন ফকির কয়
আরেক ধাঁধা হয়
        বস্তু বিনে নামে পেট কই ভরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭২.
জান গা যা গুরুর দ্বারে
জ্ঞান উপাসনা
কোন মানুষের কেমন কৃতি
যাবেরে জানা ॥

পুরুষ পরশমণি
কালাকাল তাঁর কিসে জানি
জল দিয়ে সব চাতকিনী
করে সান্ত্বনা ॥

যাঁর আশায় জগত বেহাল
তাঁর কি আছে সকালবৈকাল
তিলকমন্ত্রে না দিলে জল
ব্রহ্মাণ্ড রয় না ॥

বেদবিধির অগোচর সদাই
কৃষ্ণপদ্ম নিত্য উদয়
লালন বলে মনের দ্বিধায়
কেউ দেখে কেউ দেখে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭৩.

জ্বালঘরে চটিলে হয় সে জাতনাশা
তার কী ছার আশার আশা ॥

হাঁড়ি চটে কেউ রয়
মনে দেখে ধোঁকা হয়
বুঝি পূর্বেকার
ফ্যারেফোরে পড়ে
সেরে তলাফাঁসা ॥

ও সে পোড়াচাড়া
চার যুগে মিশে না থাকে
গুরুত্যাগী
মনবিবাগী
তার তো ঘটে সেই দশা ॥

কেউ কুমারকে দোষায়
কেউ মাটি খারাপ কয়
লালন বলে
পাগলা ছলে
বোঝা কঠিন সাধুভাষা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭৪.
জিজ্ঞাসিলে খোদার কথা
দেখায় আসমানে
আছেন কোথায় স্বর্গপুরে
কেউ নাহি তাঁর ভেদ জানে ॥

পৃথিবী গোলাকার শুনি
অহর্নিশি ঘোরে জানি
তাইতে হয় দিনরজনী
জ্ঞানীগুণী তাই মানে ॥

একদিকেতে নিশি হলে
অন্যদিকে দিবা বলে
আকাশ তো দেখে সকলে
খোদা দেখে কয়জনে ॥

আপন ঘরে কে কথা কয়
না জেনে আসমানে তাকায়
লালন বলে কেবা কোথায়
বুঝিবে দিব্যজ্ঞানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭৫.
জিন্দা পীর আগে ধররে
দেখে শমন যাক ফিরে ॥

আয়ু থাকতে আগে মরা
সাধক যে তার এমনই ধারা
প্রেমোন্মাদে মাতোয়ারা
সে কি বিধির ভয় করে ॥

মরে যদি ভেসে ওঠে
সে তো বেড়ায় ঘাটে ঘাটে
মরে ডোব শ্রীপাটে
বিধির অধিকার ত্যাগেরে ॥

হায়াতের আগে যে মরে
বাঁচে সে মউতের পরে
দেখরে মন হিসাব করে
ফকির লালন কয় ডেকেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭৬.
জেনে নামাজ পড় হে মোমিনগণ
না জেনে পড়লে নামাজ
আখেরে তার হয় মরণ ॥

এক মোমিন মক্কায় যেতে
লোক ছিল না সাথে
সে ভাবে মনে মনে
আল্লাহ্ কী করি এখনে
নামাজ কাজা হলে হবে
আখেরে মরণ ॥

তাঁর সঙ্গে ছিল চৌষট্টি জন
তাই গুণ করে তখন
তার গড় লায়েক ছাব্বিশ জন
সঙ্গে নিল লায়েক তিরিশ জন
অজু বানাইয়া নামাজ
আদায় করে তখন ॥

নামাজে যখন
সেজদা দিলো সাতাশ জন
বিমুখ হয়ে তখন
বসে রইল তিনজন
লালন বলে ঐ তিনজনাই
ঘুরায় ত্রিভুবন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭৭.
ডাকরে মন আমার হক নাম আল্লাহ্ বলে
মনে ভেবে বুঝে দেখ
সকলই না হক
হক না হক নাম সঙ্গে চলে ॥

ভবের ভাই বন্ধু যারা
বিপদ দেখে তারা
ছেড়ে পালাবে
সেদিন কোঠাবালাঘর
কোথা রবে কার
হক নাম হক তাই কেবল
সঙ্গে চলে ॥

ভরসা নাই এ জিন্দেগানি
যেমন পদ্মপাতার পানি
পড়িবে টলে
তেমনই কায়
প্রাণেতে ভাই
আখের সুবাদ নাই
ক্ষণেক পক্ষি যেমন
থাকে বৃক্ষডালে ॥

অকাজে দিন হলোরে সাম
কবে নেব সেই আল্লাহ্‌র নাম
ভবের বাজার ভাঙ্গিলে
এবার পেয়েছরে মন
দুর্লভ জনম
লালন বলে মানবজনম
যায় বিফলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭৮.
ঢোঁড় আজাজিল রেখেছে সেজদা
বাকি কোনখানে
কররে মন কর সেজদা
সেই জায়গা চিনে ॥

জগত জুড়ে করিল সেজদা
তবু ঘটল দুরবস্থা
ইমান না হইল পোক্তা
থোড়াই জমিনে ॥

এমন মাহাত্ম্য সে জায়গায়
সেজদা দিলে মকবুল হয়
আজাজিলের বিশ্বাস নয়
লানত সেই কারণে ॥

আজাজিলের সেজদার উপর
সেজদা দিলে কী ফল হয় তার
লালন বলে এহি বিচার
ত্বরায় লও জেনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৭৯.

তরিকতে দাখেল না হলে
শরিয়ত হবে না সিদ্ধ
পড়বি গোলমালে ॥

শরার নামাজের বীজ
আরকান আহ্‌কাম তের চিজ
তরিকতের আহ্‌কাম আরকান
কয় চিজে বলে ॥

সালেকী মজ্জুবী হয়
হকিকতে হয় পরিচয়
মারেফত সিদ্ধির মোকাম সেই
দেখ নারে খুলে ॥

আত্মতত্ত্ব জানে যে
সব খবরে জবর সে
লালন ফকির ফাঁকে প'লো
নিগূঢ়পথ ভুলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮০.
তাঁরে চিনবে কেরে এই মানুষে
ম্যারে শাঁই ফেরে কী রূপে সে ॥

মায়ের গুরু পুত্রের শিষ্য
দেখে জীবের জ্ঞান নৈরাশ্য
কী তাঁহার মনের উদ্দেশ্য
ভেবে বোঝা যায় কিসে ॥

গোলোকে অটল হরি
ব্রজপুরে বংশীধারী
হলেন নদীয়াতে অবতারী
ভক্তরূপে প্রকাশে ॥

আমি ভাবি নিরাকার
সে ফেরে স্বরূপ আকার
সিরাজ শাঁই কয় লালন তোমার
কই হলোরে সে দিশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮১.

তুমি বা কার আজ কেবা তোমার
এই সংসারে
মিছে মায়ায় মজিয়ে মন
কী কররে ॥

এত পিরিত দন্ত জিহ্বায়
কায়দা পেলে সেও সাজা দেয়
স্বল্পেতে সব জানিতে হয়
ভাবনগরে ॥

সময়ে সকলই সখা
অসময় কেউ দেয় না দেখা
যার পাপে সে ভোগে একা
চার যুগেরে ॥

আপনি যখন নও আপনার
কারে বল আমার আমার
সিরাজ শাঁই কয় লালন তোমার
জ্ঞান নাহিরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮২.
তোর ঠিকের ঘরে ভুল পড়েছে মন
কিসে চিনবিরে মানুষরতন ॥

আপন খবর নাই আপনারে
বেড়াও পরের খবর করে
আপনারে চিনলে পরে
পরকে চেনা যায় তখন ॥

ছিলি কোথা এলি কোথা
স্মরণ কিছু হয় না তা
কী বুঝে মুড়ালি মাথা
পথের নাই অন্বেষণ ॥

যাঁর সাথে এইদেশে এলি
তাঁরে আজ কোথায় হারালি
সিরাজ শাঁই কয় পেটশাখালী
তাই লয়ে পাগল লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮৩.

থাক না মন একান্ত হয়ে
গুরু গোঁসাইর বাক লয়ে ॥

মেঘপানে চাতক তাকায়
চাতকের প্রাণ যদি যায়
তবু কি অন্যজল খায়
উর্ধ্বমুখে থাকে সদাই
নবঘন জলপানে
তেমনই মতন হলে সাধন
সিদ্ধি হবে এইদেহে ॥

এক নিরিখ দেখ ধনী
সূর্যগত কমলিনী
দিনে বিকশিত তেমনই
নিশীথে মুদিত রহে
এমনই জেন ভক্তের লক্ষণ
একরূপে বাঁধে হিয়ে ॥

বহু বেদ পড়াশোনা
শুনিতে পাইরে মনা
সদাশিব যোগী সে না
কিঞ্চিত ধ্যান করিয়ে
শ্মশানে মশানে থাকে
কিঞ্চিতের লাগিয়ে ॥

গুরু ছেড়ে গৌর ভজি
তাতে নরকে মজি
দেখ না মন পুঁথিপাজি
সত্য কি মিথ্যা কহে
মন তোরে বুঝাব কত
লালন কয় দিন যায় বয়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮৪.

দয়াল অপরাধ মার্জনা কর এবার
          আমি দিয়েছি সব তোমার চরণে ভার ॥

নিজগুণে দিয়ে চরণ
যেমন ইচ্ছে কর হে তারণ
পতিতকে উদ্ধারের কারণ
          পতিতপাবন নামটি তোমার ॥

ত্রিজগতের একনাম তুমি
অপরাধ ক্ষমা কর হে স্বামী
তোমার নামটি শুনে দোহাই দিই আমি
          দাসেরে কর নিস্তার ॥

দয়াল আমি অতিমূর্খমতী
না জানি কোনও ভক্তিস্তুতি
লালন বলে করি মিনতি
          তুমি বিনে আর কেউ নাই আমার ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮৫.

দিনে দিনে হলো আমার দিন আখেরী
আমি ছিলাম কোথা
এলাম হেথা
আবার কোথা যাব ভেবে মরি ॥

বাল্যকাল খেলাতে গেল
যৌবনে কলঙ্ক হলো
বৃদ্ধকাল সামনে এলো
মহাকাল হলো অধিকারী ॥

বসত করি দিবারাতে
ষোলজন বম্বেটের সাথে
যেতে দেয় না সরল পথে
কাজে কামে করে দাগাদারী ॥

যে আশায় এই ভবে আসা
আশায় প'লো ভগ্নদশা
লালন বলে হায় কী দশা
আমার উজান যেতে ভেটেন প'লো তরী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮৬.
দেখবি যদি স্বরূপ নিহারা
তবে মনের মানুষ পড়বে ধরা ॥

মরার আগে মরতে হবে
তবে মনের মানুষ সন্ধান পাবে
যজ্ঞেযোগে অনুরাগে
আয়নাতে মিশাও গে পারা ॥

তারে তার মিশালে
দেখবি সাধের মানুষলীলে
বসে আছে একজন ছেলে
শূন্যের উপর আসন করা ॥

লালন বলে দেখবি ভাল
চাররঙে করেছে আলো
আর একরঙ গোপনে রইল
তার চতুর্দিকে লাল জহুরা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮৭.

দেখ নারে দিনরজনী কোথা হতে হয়
কোন পাকে দিন আসে
ঘুরে কোন পাকে রজনী যায় ॥

রাত্রদিনের খবর নাই যার
কিসের ভজন সাধনা তার
নাম গোয়ালা কাঁজি ভক্ষণ
ফকিরী তার তেমনই প্রায় ॥

কয় দমে দিন চালাচ্ছে বারী
কয় দমে রজনী আখেরী
আপন ঘরের নিকাশ করে
যে জানে সে মহাশয় ॥

সামান্যে কি যাবে জানা
কারিগরের কী গুণপনা
লালন বলে তিনটি তারে
অনন্তরূপ কল খাটায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮৮.
দেলদরিয়ায় ডুবলে সে
দরিয়ার খবর পায়
নইলে পুঁথি পড়ে পণ্ডিত হলে
কী ফল হয় ॥

স্বয়ংরূপ দর্পণ নিহারে
মানবরূপ সৃষ্টি করে
দিব্যজ্ঞানী যাঁরা
ভাবে বোঝে তাঁরা
মানুষ ভজে সিদ্ধি করে যায় ॥

একেতে হয় তিনটি আকার
অযোনি সহজ সংস্কার
যদি ভাব তরঙ্গে তর
মানুষ চিনে ধর
দিনমণি গেলে কী হবে উপায় ॥

মূল হতে হয় বৃক্ষের সৃজন
ডাল ধরলে হয় মূল অন্বেষণ
এমনই রূপ হইবে স্বরূপ
তাঁরে ভেবে বিরূপ
অবোধ লালন সদাই
নিরূপ ধরতে চায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৮৯.
দ্বীনের ভাব যেদিন উদয় হবে
সেদিন মন তোর ঘোর অন্ধকার ঘুঁচে যাবে ॥

মণিহারা ফণি যেমন
এমনই ভাবরাগের করণ
অরুণ বসনধারণ বিভূতিভূষণ লবে ॥

ভাবশূন্য হৃদয় মাঝার
মুখে পড় কালাম আল্লাহর
তাইতে কি মন তুই পাবি নিস্তার
ভেবেছ এবে ॥

অঙ্গে ধরণ কর বেহাল
হৃদে জ্বাল প্রেমের মশাল
দুই নয়ন হবে উজ্জ্বল
মোর্শেদবস্তু দেখতে পাবে
কোরানে লিখেছে প্রমাণ
আপনার আপনি এলহাম
কোথা থেকে কে কহিছে জবান
কীভাবে ॥

কররে মন সেসব দিশে
তরিকার মঞ্জিলে বসে
তিনেতে তিন আছে মিশে
ভাবুক হলে জানতে পাবে ॥

একের জুতে তিনের লক্ষণ
তিনের ঘরে আছে সেই ধন
তিনের মর্ম খুঁজিলে স্বরূপদর্শন
তার হবে ॥

সিরাজ শাঁইয়ের হকের বচন
ভেবে বলে ফকির লালন
কথায় কি আর হয় আচরণ
খাঁটি হও মন দ্বীনের ভাবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯০.

ধর্মবাজার মিলাইছে নিরঞ্জনে
কানা চোরে চুরি করে
ঘর থুয়ে সিঁদ দেয় পাগাড়ে
হস্ত নাই সে ওজন করে
বোবায় গান ধরে
কানায় বসে শোনে ॥

কানায় করে দোকানদারী
বোবায় বসে মাল নিচ্ছে তারই
সেই হাটে এক বেঁজো নারী
ছেলে কোলে হাসছে রাত্রদিনে ॥

ভাঙ্গবে বাজার উঠবে ধ্বনি
মানুষ নাই তাঁর শব্দ শুনি
তালাশ নাই তার মধ্যে প্রাণী
লালন বসে ভাবছে মনে মনে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯১.

ধড়ে কে মুরিদ হয়
কে মুরিদ করে
শুনে জ্ঞান হয় তাইতে শুধাই
যে জান সে বল মোরে ॥

হাওয়া রুহ্ লতিফারা
হুজুরে কারবারী তারা
বেমুরিদা হলে এরা
হুজুরে কি থাকতে পারে ॥

মোর্শেদ-বালকা এই দুজনার
কোন মোকামে বসতি কার
জানলে মনের যেত আঁধার
দেখতাম কুদরত আপন ঘরে ॥

নতুন সৃষ্টি হলে তখন
মোর্শেদ লাগে শিক্ষার কারণ
লালন বলে সব পুরাতন
নতুন সৃষ্টি হচ্ছে কীরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯২.

নজর একদিক দাওরে
যদি চিনতে বাঞ্ছা হয় তাঁরে ॥

লামে আলিফ রয় যেমন
মানুষে শাঁই আছে তেমন
নীরে ক্ষীরে তেমনই মিলন
বলতে নয়ন ঝরে ॥

কে ছোট কে গাছ-বীজে
কে আগে কে হলো পিছে
দাসী হলে গুরুর কাছে
দেখায় দুইচোখ ধরে ॥

না বুঝে যায় সে কাজে
বলব কী কথা মরি লাজে
লালন বলে দুই নৌকায় পা দিলে
অমনি পাছা যায় চিরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯৩.
নাই সফিনায় নাই সিনায়
দেখ খোদা বর্তমান
রূপ না দেখে সেজদা দিলে
কোরানে হারাম ফরমান ॥

বরজোখ ব্যতীত সেজদা
কবুল করে না খোদা
সকলই হবে বেফায়দা
বেজার হবেন সোবাহান
রূপ না দেখে বসে কূপে
কারে ডাক মোমিন চাঁন ॥

আলহামদু কুলহু আল্লাহ
এইদেহেতে আছে মিলা
আত্তাহিয়াতু আত্মায় আল্লাহ
তিনে দেহ বর্তমান
মানবদেহে বিরাজ করে
খোদ খোদা স্বরূপরতন ॥

লাহুত নাসুত মালকুত জবরুত
তার উপরে আছে হাহুত
কোরানে রয়েছে সাবুদ
পড়ে কর গুরুধ্যান
নয় দরজা মেরে তালা
বরজোখে কর ছোড়ান ॥

স্বরূপ রূপ যাকে বলে
মোর্শেদের মেহের হলে
জবরুতের পর্দা খুলে
দেখায় তারে স্বরূপ বর্তমান
সিরাজ শাঁই বলেরে লালন
আর কবে তোর হবে সাধনজ্ঞান ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯৪.

না ঘুঁচিলে মনের ময়লা
সেই সত্যপথে না যায় চলা ॥

মন পরিষ্কার কর আগে
অন্তরবাহির হবে খোলা
তবে যত্ন হলে রত্ন পাবে
এড়াবে সংসারজ্বালা ॥

স্নানাদি বস্ত্র পরিষ্কার
অঙ্গে ছাপা জপমালা
দেখ এ সকল ভ্রান্ত
কেবল লোকদেখানো ছেলেখেলা ॥

ভবনদী তরবি যদি
কড়ি যোগাড় কর এইবেলা
সিরাজের প্রেমে মগ্ন হলে
ঘুচবে লালন তোর মনের ঘোলা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯৫.
না জানি ভাব কেমন ধারা
না জেনে পাড়ি ধরে
মাঝ দরিয়ায় ডুবল ভারা ॥

সেই নদীর ত্রিধারা
কোন ধারে তার কপাট মারা
কোন ধারে তার সহজ মানুষ
সদাই করে চলাফেরা ॥

হরনাল করনাল মৃণালে
শকনালে সুধারায় চলে
বিনা সাধনে এসে রণে
পুঁজিপাট্টা হলাম হারা ॥

অবোধ লালন বিনয় করে
একথা আর বলব কারে
রূপদর্শন দর্পণের ঘরে
হলাম আমি পারাহারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯৬.

না জেনে করণকারণ কথায় কি হবে
কথায় যদি ফলে কৃষি
তবে কেন বীজ রোপে ॥

গুড় বললে কি মুখ মিঠে হয়
দীপ না জ্বাললে আঁধার কি যায়
তেমনই মত হরি বলায়
হরি কি পাবে ॥

রাজায় পৌরুষ করে
জমির কর কভু বাছে নারে
তেমনই শাঁইয়ের এই কারবারে
সে কি পৌরুষে ছাড়বে ॥

গুরু ধরে খোদাকে জান
শাঁইর আইন আমলে আন
লালন বলে তবে মন
শাঁই তোরে নেবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯৭.

না দেখলে লেহাজ করে
মুখে পড়লে কি হয়
মনের ঘোরে
কেশের আড়ে
পাহাড় লুকায় ॥

আহ্‌মদ নামে দেখি
মিম হরফটি দেখায় নফি
মিম গেলে সে হয় কি
দেখ পড়ে সবাই ॥

আহাদ আহ্‌মদে এক
লায়েক সেই মর্ম পায়
আকার ছেড়ে নিরাকারে
সেজদা কে দেয় ॥

জানাতে ভজনকথা
তাইতে খোদা ওলিরূপ হয়
লালন গেল পড়ে ধূলায়
দাহিরিয়ার ন্যায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯৮.

না পড়িলে দায়েমী নামাজ
সে কি রাজি হয়
কোথায় খোদা কোথায় সেজদা
করছ সদাই ॥

বলেছে তাঁর কালাম কিছু
আন্তা আবুদু ফান্তা রাহু
বুঝিতে হয় বোঝ কেহ
দিন তো বয়ে যায় ॥

এক আয়াতে কয় তাফাক্কারুন
বোঝ তাহার মানে কেমন
কলুর বলদের মতন
ঘোরার কার্য নয় ॥

আঁধার ঘরে সর্প ধরা
সাপ নাই প্রত্যয় করা
লালন তেমনই বুদ্ধিহারা
পাগলের প্রায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৩৯৯.

না বুঝে মজো না পিরিতে
বুঝে সুঝে কর পিরিত
    শেষ ভাল দাঁড়ায় যাতে ॥

ভবের পিরিত ভূতের কীর্তন
ক্ষণেক বিচ্ছেদ ক্ষণেক মিলন
অবশেষে হয় তার মরণ
    তেমাথা পথে ॥

যদি পিরিতের হয় বাসনা
সাধুর কাছে জান গে বেনা
লোহা যেমন স্পর্শে সোনা
    হবি সেইমতে ॥

এক পিরিতে দ্বিভাগ চলন
কেউ স্বর্গে কেউ নরকে গমন
বিনয় করে বলছে লালন
    এই জগতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

১০.

নামসাধন বিফল বরজোখ বিনে
এখানে সেখানে বরজোখ মূল ঠিকানা
তাই দেখ মনে মনে ॥

বরজোখ ঠিক না হয় যদি
ভোলায় তারে শয়তান গৃধী
ধরিয়ে রূপ নানান বিধি
তারে চিনবি কীরূপ প্রমাণে ॥

চার ভেঙ্গে দুই হলো পাকা
এই দুই বরজোখ লেখাজোখা
তাতে প'লো আরেক ধোঁকা
দুইদিক ঠিক কিসে হয় ধেয়ানে ॥

যেমন নৌকা ঠিক নাই বিনা পারায়
নিরাকারে মন কি দাঁড়ায়
লালন মিছে ঘুরে বেড়ায়
অধর ধরতে চায় বরজোখ না চিনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০১.
পড় গা নামাজ জেনে শুনে
নিয়ত বাঁধ গা মানুষ মক্কাপানে ॥

শতদল কমলে কালা
আসন শূন্য সিংহাসনে
খেলছে খেলা বিনোদকালা
এই মানুষের তনভুবনে ॥

মানুষে মনস্কামনা
সিদ্ধ কর বর্তমানে
চৌদ্দ ভুবন ফিরায় নিশান
ঝলক দিচ্ছে নয়নকোণে ॥

মোর্শেদের মেহেরে মোহর
যাঁর খুলেছে সেই তো জানে
সিরাজ শাঁই কয় অবোধ লালন
খুঁজিস কী তুই বনে বনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০২.

পড় গা নামাজ ভেদ বুঝে
বড়জোখ নিরিখ
না হলে ঠিক
নামাজ পড়া হয় মিছে ॥

আপনি কেন আপন পানে
তাকাও নামাজে বসে
আত্তাহিয়াতু রুকু সালাম
দেখ তার প্রমাণ আছে ॥

সুন্নত নফল ফরজ
সব রাকাত গোনা নামাজ
থাকলে এসব হিসাবনিকাশ
বরজোখ ঠিক রয় কিসে ॥

শুনে ভজনের হুকুম
সাবেদ করেছে
লালন বলে আব্দেলা ইমাম
একেদা নাই তার পিছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০৩.
পড়ে ভূত আর হোস নে মনুরায়
কোন হরফে কী ভেদ আছে
লেহাজ করে জানতে হয় ॥

আলিফ হে আর মিম দালেতে
আহ্মদ নাম লেখা যায়
মিম হরফ তাঁর নফি করে
দেখ না খোদা কারে কয় ॥

আকার ছেড়ে নিরাকারে
ভজলিরে আন্ধেলার প্রায়
আহাদে আহ্মদ হলো
করলিনে তাঁর পরিচয় ॥

জাতে সেফাত সেফাত জাত
দরবেশে তাই জানিতে পায়
লালন তেমনি কাঠমোল্লাজি
ভেদ না জেনে গোল বাঁধায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০৪.
পড়রে দায়েমী নামাজ
এইদিন হলো আখেরী
মাশুকরূপ হৃৎকমলে
দেখ আশেক বাতি জ্বেলে
কিবা সকাল কি বৈকালে
দায়েমীর নাই অবধারী ॥

সালেকের বাহ্যপনা
মজ্জুবী আশেক দিওয়ানা
আশেক দেলে করে ফানা
মাশুক বৈ অন্য জানে না
আশার ঝুলি লয়ে সে না
মাশুকের চরণ ভিখারী ॥

কেফায়া আইনী জিন্নি
এহি ফরজ জাত নিশানী
দায়েমী ফরজ আদায়
যে করে তার নাই জাতের ভয়
জাত এলাহির ভাবে সদাই
মিশেছে সেই জাতি নূরী ॥

আইনী অদেখা তরিক
দায়েমী বরজোখ নিরিখ
সিরাজ শাঁইর হক বচন
ভেবে কয় ফকির লালন
দায়েমী সালাতী যে জন
শমন তার আজ্ঞাকারী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০৫.

পাবিরে মন স্বরূপের দ্বারে
খুঁজে দেখ নারে মন
বরজোখ 'পরে নিহার করে ॥

দেখ না মন ব্রহ্মাণ্ড 'পরে
সদাই সে বিরাজ করে
অখণ্ড রূপ নিহারে
থাক গে বসে নিরিখ ধরে ॥

লেখা আছে কুদরত কালাম
জানাই তাঁরে হাজার সালাম
লেখা নাই ভেদ সফিনায়
আলক শাঁই রয় আলের 'পরে ॥

ছাড়রে মন ছল চাতুরী
তাকাব্বরি গুণ জাহিরী
লালন কয় আহা মরি
ডুব দিয়ে দেখ গভীর নীরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০৬.
পাবে সামান্যে কি তাঁর দেখা
বেদে নাই যাঁর রূপরেখা ॥

সবে বলে পরম ইষ্ট
কারও না হইল দৃষ্ট
বরাতে করিল সৃষ্ট
তাই লয়ে লেখাজোখা ॥

নিরাকার ব্রহ্ম হয় সে
সদাই ফিরছে অচিন দেশে
দোসর তাঁর নাইকো পাশে
ফেরে সে একা একা ॥

কিঞ্চিৎ ধ্যানে মহাদেব
সে তুলনা কী আর দেব
লালন কয় গুরু ভাবো
যাবেরে মনের ধোঁকা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০৭.

পুল সেরাতের কথা কিছু ভাবিও মনে
পার হতে অবশ্য একদিন সেখানে ॥

সেইপথ ত্রিভঙ্গ বাঁকা
তাতে হীরের ধার চোখা
ইমান তার হলে পাকা
তরবে সেইদিনে ॥

বলব কি সেই পারের দুষ্কর
চক্ষু হবে ঘোর অন্ধকার
কেউ দেখবে না কারও আকার
কে যাবে কেমনে ॥

ফাতেমা নবীর করণ
তাঁর দাওন ভরসা এখন
এখন মেয়ে দোষো লালন
দেখে সামনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০৮.
পেঁড়োর ভূত হয় যে জনা
শোনরে মনা
কোন দেশে সে মুরিদ হয়।
ফাতেহায় ভূত সেরে যায়
পেঁড়োর দরগায় ॥

মক্কায় শুনি শয়তান থাকে
ভূত হয় নাকি পেঁড়োর মাঝে
সেই কথা পাগলেও বোঝে
এই দুনিয়ায় ॥

মুর্দার নামে ফাতেহা দিলে
মুর্দা কি তা পায় সেখানে গেলে
তবে কেন পিতাপুত্রে
দোজখে যায় ॥

মরার আগে ম'লে পরে
আপন ফাতেহা হতে পারে
তবেই আখের হতে পারে
অধীন লালন কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪০৯.

প্রেম জান না প্রেমের হাটে বোলবলা
কথায় কর ব্রহ্মালাপ
মনে মনে খাও মনকলা ॥

বেশ করে বৈষ্ণবগিরী
রস নাহি তার যশটি ভারি
হরি নামে ঢু ঢু তারই
তিনগাছি জপের মালা ॥

খাঁদাবাদা ভূত চালানি
সেই যে বটে গণ্য জানি
সাধুর হাটে ঘুষঘুষানি
কি বলিতে কী বলা ॥

মন মাতোয়াল মদন রসে
সদাই থাকে সেই আবেশে
লালন কয় তার সকল মিছে
লবলবানি প্রেম উতলা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১০.

প্রেমনহরে ভেসেছে যাঁরা
বেদবিধি শাস্ত্র অগণ্য
মানে না আইন তাঁরা ॥

চার বেদ চৌদ্দ শাস্ত্রের
কাজ কিরে তার সে সব খবর
জানে কেবল নুকতার খবর
নুক্তা হয় না হারা ॥

প্রেমের রসিক হয় যে জনে
মন থাকে তার রূপের পানে
অন্যরূপ সে নাহি জানে
আশেকী পাগলপারা ॥

বলে গেছেন আপে বারী
রূপের কাছে আজ্ঞাকারি
লালন তাই কয় ফুকারী
সিরাজ শাঁইয়ের ধারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১১.

প্রেম পরমতন
লভিবারে সেই ধন
কর হে যতন ॥

প্রেমে রত যতজন
নাহি কোনও কুবচন
হিংসা দ্বেষ কদাচন
নাহি লয় মন ॥

প্রেম সহিষ্ণু করে
পরহিতে সদা ফেরে
শত্রুমিত্রে মঙ্গল করে
সবারে সমান ॥

প্রেমে লোভ ক্রোধ হরে
অহঙ্কার বিনাশ করে
দয়ামায়াগুণ ধরে
সুখ প্রস্রবন ॥

সিরাজ শাঁই বলেরে লালন
প্রেমধন কর বিতরণ
তবেই পাবে শ্রীগুরুচরণ
সপে প্রাণমন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১২.

প্রেম পিরিতের উপাসনা
না জানলে সে রসিক হয় না ॥

প্রেমপ্রকৃতি স্বরূপশক্তি
কামগুরু হয় নিজপতি
মনরসনা অনুরাগী
না হলে ভজনসাধন হবে না ॥

যোগী ঋষি মুনিগণে
বসে আছে প্রেমসাধনে
শুদ্ধ অনুরাগী বলে
পেয়েছে কেলেসোনা ॥

প্রেমের বাণে মধু
চেনে যে জন
শুদ্ধ করে অনুরাগী উর্ধ্বদেশে গমন
লালন বলে প্রেমিক বিনে
নিগূঢ়তত্ত্ব জানবে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১৩.
ফকিরী করবি ক্ষ্যাপা কোন রাগে
হিন্দু মুসলমান রয় দুইভাগে ॥

বেহেস্তের আশায় মোমিনগণ
হিন্দুদের স্বর্গেতে মন
টল কি অটল মোকাম
লেহাজ করে জান আগে ॥

ফকিরী সাধন করে
খোলাসা রয় হুজুরে
বেহেস্তসুখ ফাটক সমান
শরায় ভাল তাই লাগে ॥

অটলপ্রাপ্তি কিসে হয়
মোর্শেদের ঠাঁই জানা যায়
সিরাজ শাঁই কয় লালন ভেড়ো
ভুগিসনে যেন ভবের ভোগে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১৪.
ফ্যার প'লো তোর ফকিরীতে
যে ঘাট মারা ফিকির ফাকার
ডুবে ম'লি সেই ঘাটেতে ॥

ফকির ছিল এক নাচাড়ি
অধর ধরে দিত বেড়ি
পাস্তানি খোলা দোয়াড়ি
তাই বুঝি রেখেছ পেতে ॥

না জেনে ফিকির আঁটা
শিরেতে পাড়ালি জটা
সার হলো ভাঙ্‌ ধুতরা ঘোঁটা
ভজনসাধন সব চুলাতে ॥

ফকিরী ফিকিরী করা
হতে হবে জ্যান্তে মরা
লালন ফকির নেংটি এড়া
আঁইট বসে না কোনও মতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১৫.
ফেরেব ছেড়ে কর ফকিরী
দিন তোমার হেলায় হেলায়
হলো আখেরী ॥

ফেরেবে ফকির দাঁড়া
দরগা নিশান ঝাণ্ডা গাড়া
গলায় বেঁধে হড়া মড়া
শিরনি খাওয়ার ফিকিরী ॥

আসল ফকিরী মতে
বাহ্য আলাপ নাইকো তাতে
চলে শুদ্ধ সহজ পথে
গোবোধের চটক ভারি ॥

নাম গোয়ালা কাঁজি ভক্ষণ
তোমার তাই দেখি লক্ষণ
সিরাজ শাঁই কয় অবোধ লালন
সাধুর হাটে জুয়াচুরি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১৬.
বাপবেটা করে ঘটা
একঘাটেতে নাও ডুবালে
হেঁট নয়নে দেখ না চেয়ে
কি করিতে কী করিলে ॥

তারণমরণ যে পথে
ভুল হলো তাই জানিতে
ভুলে রইলি ঐ ভোলেতে
ঘুরতে হবে বেড়ি গলে ॥

যে জলে লবণ জন্মায়
সেই জলেতে লবণ গলে যায়
আমার মন তেমনি প্রায়
শক্তি উপাসনা ভুলে ॥

শক্তি উপাসক যাঁরা
সেই মানুষ চেনে তাঁরা
লালন ফকির পাগলপারা
শিমুল ফুলের রঙ দেখিলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১৭.

বলি সব আমার আমার
কে আমি তাই চিনলাম না
কার কাছে যাই
কারে শুধাই
সেই উপাসনা ॥

আমারে আমি চিনিনে
কীরূপে আছি কোনখানে
পরকে আজ কোন সন্ধানে
যাবে চেনা ॥

ধলা কি কালা বরণ
আমি আছি এই ভুবন
কোনোদিনে এই নয়নে
দেখলাম না ॥

বারো ভাটি বাঙলায়
আমি আমি রব সদাই
লালন বলে কে জানে
আমি'র বেনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১৮.
বিনা কার্যে ধন উপার্জন
কে করিতে পারে
গুরুগত প্রেমের প্রেমিক না হলে
সে ধন পায় নারে ॥

একই স্কুলে পড়ে দশজনে
সেই বাসনা গুরুমনে
সব করে সমান সমানে
কেউ পরে এসে আগে গেলো
পরীক্ষা পাশ করে ॥

বাঙলা পুঁথি কতজন পড়ে
আরবী-ফারসী-নাগরী বুলি
কে বুঝিতে পারে
শিখবি যদি নাগরী বুলি
আগে বাঙলাশিক্ষা লও গা করে ॥

বিশ্বম্ভর বিষপান করে
তাড়কায় বিছা হজম করে
কাকে কি তাই পারে
ফকির লালন বলে
রসিক হলে
বিষ খেয়ে বিষ হজম করে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪১৯.

বিনা পাকালে গড়িয়ে কাঁচি
করছ নাচানাচি
ভেবেছ কামার বেটারে
ফাঁকেতে ফেলেছি ॥

জানা যাবে এসব নাচন
কাঁচিতে কাটবে না যখন
কারে করবি দোষী
ভোঁতা অস্ত্র টেনে কেবল
মরছ মিছেমিছি ॥

পাগলের গোবধ আনন্দ
মন তোমার আজ সেহি ছন্দ
দেখে ধন্দ আছি
নিজ ভাল পাগলেও বোঝে
তাও নাই তোমার বুঝি ॥

কেনরে মন এমন হ'লি
যাতে জন্ম তাতে ম'লি
আপন পাকে আপনি প'লি
আরও মহাখুশি
সিরাজ শাঁই কয় লালনরে তোর
আরও জ্ঞান হলো নৈরাশী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২০.

বিদেশির সঙ্গে কেউ প্রেম কর না
ভাব জেনে প্রেম করলে পরে
ঘুঁচবে মনের বেদনা ॥

ভাব দিলে বিদেশির ভাবে
ভাবের ভাব কভু না মিলবে
পথের মাঝে গোল বাঁধিবে
কারও সাথে কেউ যাবে না ॥

স্বদেশের দেশি যদি সে হয়
মনে করে তারে পাওয়া যায়
বিদেশি ঐ জংলা টিয়ে
কখনও পোষ মানে না ॥

নলিনী আর সূর্যের প্রেম যেমন
সেই প্রেমভাব লও রসিক সুজন
লালন বলে আগে ঠকলে
কেঁদে শেষে সারবে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২১.
বিষয় বিষে চঞ্চলা মন দিবারজনী
মনকে বোঝালে বুঝ মানে না ধর্ম কাহিনি ॥

বিষয় ছাড়িয়ে কবে
আমার মন শান্ত হবে
আমি কবে সে চরণ
লইব শরণ
শীতল হবে তাপিত পরানী ॥

কোনদিন শ্মশানবাসী হব
কী ধন সঙ্গে লয়ে যাব
কী করি কী কই
ভূতের বোঝা বই
একদিনও ভাবলাম না গুরুর বাণী ॥

অনিত্য দেহেতে বাসা
তাইতে এত আসার আসা
অধীন লালন বলে
দেহ নিত্য হলে
আর কত কী করতাম না জানি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২২.

বোঝালে বোঝে না মন মনুরায়
আইনমত নিরিখ দিতে বেজার হয় ॥

যা বলে ভবে আসা
হলো না তার রতিমাসা
কুসঙ্গে তোর উঠাবসা
তাইতে মনের মূল হারায় ॥

নিষ্কামী নির্বিকার হয়ে
যে থাকবে সেই চরণ চেয়ে
শ্রীরূপ এসে তারে লয়ে
যাবে রূপের দরজায় ॥

না হলে শ্রীরূপের গত
না জানলে রসরতির তত্ত্ব
লালন বলে আইনমত
তবে নিরিখ কিসে হয় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২৩.

বেদে কি তাঁর মর্ম জানে
যেরূপে শাঁইয়ের লীলাখেলা
এই দেহভুবনে ॥

পঞ্চতত্ত্ব বেদের বিচার
পণ্ডিতেরা করে প্রচার
মানুষতত্ত্ব ভজনের সার
বেদ ছাড়া বৈরাগ্যের সনে ॥

গোলে হরি বললে কী হয়
নিগূঢ়তত্ত্ব নিরালা পায়
নীরে ক্ষীরে যুগলে রয়
শাঁইয়ের বারামখানা সেইখানে ॥

পড়িলে কী পায় পদার্থ
আত্মতত্ত্ব যার ভ্রান্ত
লালন বলে সাধু মোহান্ত
সিদ্ধ হয় আপনারে চিনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২৪.
ভজনের নিগূঢ়কথা যাতে আছে
ব্রহ্মার বেদছাড়া ভেদ বিধান সে যে ॥

চারবেদে দিক নিরূপণ
অষ্টবেদ বস্তুর কারণ
রসিক হইলে জানে সেজন
তাছাড়া তার সকল মিছে ॥

অপরূপ সেই বেদে দেখি
পাঠক তার অষ্টসখী
ষড়তত্ত্ব অনুরাগী
সেই জেনেছে ॥

ভক্তিরাগ নাস্তি কর
মুক্তিপদ শিরে ধর
শক্তিসার পড়
মনের ঘোর যাক ঘুঁচে ॥

শাঁইয়ের ভজন হেতুশূন্য
ঐবেদ করি গণ্য
লালন কয় ধন ধন্য
যে তাই খোঁজে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২৫.
ভজা উচিত বটে ছড়ার হাঁড়ি
যাতে শুদ্ধ করে ঠাকুরবাড়ি ॥

চণ্ডীমণ্ডপ আর
হেঁসেল ঘর দুয়ার
কেবল শুদ্ধ করে
ছড়ার নুড়ি ॥

ছড়ার হাঁড়ির জল
ক্ষণেক পরশে ফল
ক্ষণেক ছুঁসনে বলে
কর আড়ি ॥

ছড়ার হাঁড়ির মত
আছে আরও একতত্ত্ব
লালন বলে জাগাও আগে
বুদ্ধির নাড়ি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২৬.
ভবপারে যাবি কিরে
গুরুর চরণ শরণ কর আগে
পিতৃধন তোর গেল চোরে
        পারে যাবি কোন রাগে ॥

আছে ঘাটে যার রাজা
সেই তো প্রজা
সাব্যস্ত করে আগে
ডিঙ্গা সাজা
নইলে পড়বি ধোঁকা
সারবে দফা
        মৃণালের দুইভাগে ॥

আগে মৃণালের কোণে
ভেবে দেখ নয়নে
ধনীর ভারা যাচ্ছে মারা
পড়ে সেই ভাগে
কত নায়ের মাঝি
হারায় পুঁজি
        কলকলে নদীর ঘুরপাকে ॥

সিরাজ শাঁই বলেরে লালন
স্বরূপ রূপে দিলে নয়ন
পার হয়ে যাবি তখন
ভেগে পলাবে শমন
পারবিনে সাধন বিনে
সেই ত্রিবিনে
        ভুগবি মন ভবের ভোগে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২৭.
ভবে এসে রঙ্গরসে
বিফলেতে জনম গেল
কবে করব ভজন
ধর্মযাজন
দিনে দিনে দিন ফুরাল ॥

থাকবে চাপা কদাচ
করেছ যে সকল কার্য
তোমার নিজমুখে
তাঁর সম্মুখে
ব্যক্ত হবে মন্দভাল ॥

পুণ্যধর্ম হিতকর্ম
চিনে কও নিগূঢ়মর্ম
যাতে হবে মন্দ
তাই পছন্দ
করেছ আজন্মকাল ॥

আপন পাপ স্বীকার করি
সিরাজ শাঁইয়ের চরণ ধরি
লালন বলে পুণ্য পাব
স্বর্গে যাব
এর চেয়ে আর কী ভাল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২৮.

ভবে নামাজী হয় যে জনা
নুক্তা চিনে করে ঠিকানা ॥

নুক্তার জন্ম হয় কিসে
একথা শুনি মানুষের কাছে
জের জুবু তসদিদ দিয়ে
ভেঙেছেন কোরানখানা
নবীজি তার করেন মানে
মোল্লারা যা জানে না ॥

যার নুক্তা নিরূপণ
দিয়ে প্রেমে দুইনয়ন
ঘড়ি ঘড়ি হচ্ছে নামাজ
ঠিক আছে মন
নুক্তা নিরিখ
হলে ঠিক
ওয়াক্ত নফল লাগবে না ॥

আল্লাহ্ বলে হাম
নবী তোমারই এসব কাম
দশ হরফ বাতেনে রেখে
ভেজিলে কোরান রব্বান্না
দশ হরফের মানে
না জানিলে
লালন কয় সে ফকিরই না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪২৯.

মানুষ গুরু নিষ্ঠা যার
সর্বসাধন সিদ্ধি হয় তার ॥

নদী কিংবা বিল বাওড় খাল
সর্বস্থলে একই এক জল
একা মেরে শাঁই
ফেরে সর্বঠাঁই
মানুষে মিশিয়ে হয় বেদান্তর ॥

নিরাকারে জ্যোতির্ময় যে
আকার সাকার হইল সে
যে জন দিব্যজ্ঞানী হয়
সে-ই জানতে পায়
কলিযুগে হন মানুষ অবতার ॥

বহুতর্কে দিন বয়ে যায়
বিশ্বাসে ধন নিকটে পায়
সিরাজ শাঁই ডেকে
বলে লালনকে
কুতর্কের দোকান করিসনে আর ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩০.
মধুর দেলদরিয়ায় ডুবিয়ে কররে ফকিরী
কর ফকিরী ছাড় ফিকিরী
দিন হলো আখেরী ॥

খোদ তখত বান্দার দেল যথা
বলেছে কোরান খোদকর্তা
আজাজিলের পর
হলো খাতাদার
মন না ডুবিলি গভীরি ॥

জানতে হয় সে দেলের চৌদ্দঘর
মোকাম চারেতে প্রচার
লা মোকামে
তার উপর
মাওলার নিজ আসন সেইপুরী ॥

দেলদরিয়ার ডুবারু যে জন হয়
আলখানার ভেদ সে জানতে পায়
আলে আজব কল
দ্বিদলে বারাম
লালন খোঁজে বাহিরী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩১.

মন আমার আজ প'লি ফ্যারে
দিনে দিনে পিতৃধন গেল চোরে ॥

ধেনোমদ খেয়ে মনা
দিবানিশি ঝোঁক ছোটে না
পাছবাড়ির উল হলো না
কে কী করে ॥

ঘরের চোরে ঘর মারে মন
হয় না খোঁজ জানবি কখন
একবার দিলে না নয়ন
আপন ঘরে ॥

ব্যাপার করতে এসেছিলি
আসলে বিনাশ হলি
লালন কয় হুজুরে গেলে
বলবি কীরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩২.

মন আমার তুই করলি
এ কী ইতরপনা
দুগ্ধেতে যেমন তোর
মিশিল চোনা ॥

শুদ্ধরাগে থাকতে যদি
হাতে পেতে অটলনিধি
বলি মন তাই নিরবধি
বাগ মানে না ॥

কী বৈদিকে ঘিরল হৃদয়
হলো না সুরাগের উদয়
নয়ন থাকিতে সদাই
হলি কানা ॥

বাপের ধন তোর খেল সর্পে
জ্ঞানচক্ষু নাই দেখবি কবে
লালন বলে হিসাবকালে
যাবে জানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩৩.
মন তুই ভেড়ুয়া বাঙ্গাল জ্ঞানছাড়া
সদরের সাজ করছ ভাল
পাছবাড়ি তোর নাই বেড়া ॥

কোথায় বস্তু কোথারে মন
চৌকি পাহারা দাও হামেশক্ষণ
তোমার কাজ দেখি পাগলের মতন
কথায় যেমন কাঠফাঁড়া ॥

কোন কোণায় কী হচ্ছে ঘরে
একদিনও তা দেখলি নারে
পিতৃধন তোর গেল চোরে
হলিরে তুই ফোকতাড়া ॥

পাছবাড়ি আঁটলা কর
মনচোরারে চিনে ধর
লালন বলে নইলে তোর
থাকবে না মূল এক কড়া ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩৪.

মন তুমি গুরুর চরণ ভুল না
গুরু বিনে
এ ভুবনে
পারে যাওয়া যাবে না ॥

পারে লয়ে যাবে যাহা
ঠিক রাখ ষোলআনা
পারের সম্বল না থাকিলে
পাটনি পার করবে না ॥

হকের উপরে থাকবে যখন
লাহুত মোকাম চিনবে তখন
এই সত্য জেনেও মন
মানুষ তুমি ধরলে না ॥

পারের সম্বল লাগবে না
এমন পাগল আর দেখি না
ফকির লালন বলে মনরসনা
কর গুরুর বন্দনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩৫.

মন তোমার হলো না দিশে
এবার মানুষের করণ
হবে কিসে ॥

যখন আসবে যমের চেলা
ভেঙ্গে যাবে ভবের খেলা
সেদিন হিসাব দিতে বিষম জ্বালা
ঘটবে শেষে ॥

উজানভেটেন দুটি পথ
ভক্তিমুক্তির করণ সে তো
তাতে যায় না জরামৃত
যমের ঘরে সে ॥

যে পরশে পরশ হবি
সেই করণ আর কবে করবি
সিরাজ শাঁই কয় লালন র'লি
ফাঁকে বসে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩৬.
মনবিবাগী বাগ মানে নারে
যাতে অপমৃত্যু হবে
আমার মন তাই সদাই করে ॥

কিসে হবে ভজনসাধন
মন হলো না মনের মতন
দেখে শিমুল ফুল
সদাই ব্যাকুল
দুইকুল হারালাম মনের ফেরে ॥

মনের গুণে কেহ মহাজন হয়
ঠাকুর হয়ে কেহ নিত্য পূজা খায়
আমারে এই মনে তো
করল হত
বুঝাইতে নারি জনমভরে ॥

মন কি মনাই হাতে পেলাম না
কী রূপে করি সাধনা
লালন বলে আমি
হলাম পাতালগামী
কি করতে এসে গেলাম কী করে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩৭.
মন বুঝি মদ খেয়ে
মাতাল হয়েছে
জানে না কাঞ্চির খবর
রঙমহলের খবর নিচ্ছে ॥

ঠিক পড়ে না কুড়োকাঠা
ধূল ধরে সতের গণ্ডা
অকারণ খাটিয়ে মনটা
পাগলামী প্রকাশ করছে ॥

যে জমির নাই আড়াদিঘা লতা
কী রূপ কালি কর সেথা
শুনে চৌদ্দ পোয়ার কথা
কুড়োকাঠা আন্দাজে বানাচ্ছে ॥

কৃষ্ণদাস পণ্ডিত ভাল
কৃষ্ণলীলার সীমা দিল
তার পণ্ডিতী চূর্ণ হলো
টুনটুনি এক পাখির কাছে ॥

বামন হয়ে চাঁদ ধরতে যায়
অমনি আমার মন মনুরায়
লালন বলে কবে কোথায়
এমন পাগল কে দেখেছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩৮.
মন র'লো সেই রিপুর বশে রাত্রদিনে
মনের গেল না স্বভাব
কিসে মেলে ভাব
সাধুর সনে ॥

বলি সেই শ্রীচরণ
মনে যদি হয় কখন
অমন রিপু হয় দুষ্ট
যে সময় ধরে যেমন সেদিক টানে ॥

নিজগুণে যা করেন শাঁই
তা বিনে আর ভরসা নাই
জানা গেল মোর
মনের ভক্তিজোর
যেরূপ মনে ॥

দিনে দিনে দিন ফুরাল
রঙমহল অন্ধকার হলো
লালন বলে হায়
কী হবে উপায়
উপায় তো দেখিনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৩৯.
মনের কথা বলব কারে
কে আছে এই সংসারে
আমি ভাবি তাই
আর না দেখি উপায়
কার মায়ায় বেড়াই ঘুরে ॥

মন আমার ভুলে তত্ত্ব
হলি মত্ত
সার পদার্থ
চিনলি নারে
হলো না গুরুর করণ
তাইতে মরণ
কোনদিনে মন
যাবা গোরে ॥

ছেড়ে মূল ভক্তিদাঁড়া
লক্ষ্মীছাড়া
কপালপোড়া
দেখি তোরে
লেগে এই ভবের নেশা
তাইতে দশা
সর্বনাশা
বেড়াই ঘুরে ॥

মন আমার আপনবশে
মদনরসে
আপনি মিশে
বেড়াই হারে
লালন সেই বাক্য ছেড়ে
গলা নেড়ে
গড়িয়ে প'লো
পাতালপুরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪০.
মনের নেংটি এঁটে কররে ফকিরী
আমানতের ঘরে যেন
হয় নারে চুরি ॥

এইদেশেতে দেখিরে ভাই
ডাকিনী যোগিনীর ভয়
দিনেতে মানুষ ধরে খায়
থেক হুঁশিয়ারি ॥

বারে বারে বলিরে মন
কররে আত্মসাধন
আকর্ষণে দুষ্ট দমন
মার ধরি ধরি ॥

কাজে দেখি ধড়ফড়ে
নেংটি তোমার নড়বড়ে
খাটবে নারে লালন ভেড়ে
টাকশালে চাতুরি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪১.
মনের মানুষ চিনলাম নারে
পেতাম যদি মনের মানুষ
সাধিতাম তাঁর চরণ ধরে ॥

সাধুর হাটে কাচারী হয়
অধোমুণ্ডে ঘুরে বেড়ায়
ছয়জনা মিশতে না দেয়
মনের মানুষ ধরি কী করে ॥

আরজ আমার সাধুর হাটে
মানুষ হয়ে মানুষ কাটে
তাঁহার বাস কাহার নিকটে
সৃষ্টি করলে কী প্রকারে ॥

লালন বলে ভেবে দেখি
কেবল তোমার ফাঁকাফাঁকি
চাতুরী জুড়েছ নাকি
আছি তোমার আশা করে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪২.
মনের মতিমন্দ
তাইতে হয়ে রইলাম জন্মবান্ধ ॥

ভবরঙ্গে থাকি মজে
ভাব দাঁড়ায় না হৃদয় মাঝে
গুরুর দয়া হবে কিসে
ভক্তিবিহীন পশুর ছন্দ ॥

ত্যাজিয়ে সুধারতন
গরল খেয়ে ঘটাই মরণ
মানিনে সাধু গুরুর বচন
মূল হারিয়ে হইরে ধন্দ ॥

বালকবৃদ্ধ সকলে কয়
সাধুচিত্ত আনন্দময়
লালন বলে সদাই
আমার যায় না নিরানন্দ ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪৩.
মনেরে আর বোঝাই কিসে
ভব যাতনায় আমার
জ্ঞানচক্ষু আঁধার
যেমন ঘিরল রাহুতে এসে ॥

যেমন বনে আগুন লাগে
দেখে সর্বলোকে
মনআগুন কে দেখে
মনকোঠা ফেঁসে ॥

এ সংসারে বিধি বড় বল ধরে
কর্মফাঁসে বেঁধে মারিছে আমারে
কারে শুধাই এসব কথা
কে ঘোঁচবে ব্যথা
মন আগুনে মন দগ্ধ হতেছে ॥

ভবে আসা আমার মিথ্যে আসা হলো
অসার ভেবে সকলই ফুরাল
পূর্বে যে সুকৃতি ছিল
পেলাম তার ফল
আবার যেন কী হবে শেষে ॥

গুণে আনি দেওয়া হয়ে যায়রে কুয়ো
তেমনই আমার সকল কার্য ভূয়ো
লালন ফকির সদাই
দিচ্ছে গুরুর দোহাই
আর যেন না আসি এমন দেশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪৪.

মরার আগে ম'লে
শমনজ্বালা ঘুচে যায়
জান গে যা কেমন মরা
কী রূপ জানাজা তার দেয় ॥

জ্যান্তে মরে সুজন লয়ে
খেলকা তাজ তহবন ভেক সাজায়ে
রূহ ছাপাই হয় কিসে
তাহার কবর কোথায় ॥

মরার শৃঙ্গার ধরে
উচিত জানাজা করে
যে যথায়
সেই মরা আবার মরিলে
জানাজার কী হয় ॥

কথায় হয় না সেই মরা
তাঁদের করণ বেদছাড়া
ফকির লালন বলে
সমঝে পরো
মরার হাল গলায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪৫.
ম'লে ঈশ্বরপ্রাপ্তি হবে কেন বলে
সেই কথার
পাইনে বিচার
কারও কাছে শুধালে ॥

ম'লে যদি হয় ঈশ্বরপ্রাপ্ত
সাধুঅসাধু এই সমস্ত
তবে কেন তপজপ এত
করে জলে স্থলে ॥

যে পঞ্চে পঞ্চভূত হয়
ম'লে যদি তাতে মিশায়
ঈশ্বর অংশ ঈশ্বরে যায়
স্বর্গনরক কোথায় মেলে ॥

জীবের এই শরীরে
ঈশ্বর অংশ বলি যারে
লালন বলে চিনলে তাঁরে
মরার ফল তাজায় ফলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪৬.
ম'লে গুরুপ্রাপ্তি হবে
সে তো কথার কথা
জীবন থাকিতে যাঁরে
না দেখলাম হেথা ॥

সেবা মূলকরণ তাঁরই
না পেলে কার সেবা করি
আন্দাজি হাতড়ে ফিরি
কথার লতাপাতা ॥

সাধন জোরে এইভবে যাঁর
স্বরূপ চক্ষে হবে নিহার
তাঁরই বটে আকারসাকার
মেলে যথাতথা ॥

ভজে পাই কি পেয়ে ভজি
কোন কথায় মন করি রাজি
সিরাজ শাঁই কয় আন্দাজি
লালন মুড়ায় মাথা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪৭.
মানুষতত্ত্ব যার সত্য হয় মনে
সে কি অন্যতত্ত্ব মানে ॥

মাটির ঢিবি কাঠের ছবি
ভুলভাবের সব দেবদেবী
ভোলে না সে অন্য ভবী
মানুষ ভজে দিব্যজ্ঞানে ॥

জড়োইসড়োই নুলাঝোলা
প্যাঁচাপ্যাঁচী আলাভোলা
তাতে নয় সে ভোলনেওয়ালা
যে মানুষরতন চেনে ॥

ফায়োফেপী ফ্যাকসা যারা
ভাকাভোকায় ভোলে তারা
লালন তেমনই চটামারা
ঠিক দাঁড়ায় না একখানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪৮.

মানুষ ভজলে সোনার মানুষ হবি
মানুষ ছাড়া ক্ষ্যাপারে তুই
মূল হারাবি ॥

দ্বিদলে মৃণালে
সোনার মানুষ উজ্বলে
মানুষ গুরু কৃপা হলে
জানতে পাবি ॥

মানুষে মানুষ গাঁথা
দেখ না যেমন আলকলতা
জেনে শুনে মুড়াও মাথা
জাতে তররি ॥

মানুষ ছাড়া মন আমার
দেখবিরে সব শূন্যকার
লালন বলে মানুষ আকার
ভজলে তরবি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৪৯.
মোর্শেদের মহৎগুণ নে না বুঝে
যাঁর কদম বিনে ধরমকরম মিছে ॥

যতসব কলেমা কালাম
ঢুঁড়িলে মেলে তামাম
কোরান বিচে
তবে কেন পড়া ফাজেল
মোর্শেদ ভজে ॥

মোর্শেদ যার আছে নিহার
ধরতে পারে অধর
সেই অনা'সে
মোর্শেদ খোদা
ভাবলে জুদা
পড়বি প্যাঁচে ॥

আলাদা বস্তু কি ভেদ
কিবা সেই ভেদ মোর্শেদ
জগত মাঝে
সিরাজ শাঁই কয় দেখরে লালন
আক্কেল খুঁজে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫০.

মূলের ঠিক না পেলে
সাধন হয় কিসে
কেউ বলেরে শ্রীকৃষ্ণ মূল
কেউ বলে মূলব্রহ্ম সে ॥

ব্রহ্ম ঈশ্বরে দ্বৈত
লেখা যায় শাস্ত্রমত
উচাঁনিচা কি তাঁর এত
করিতে হয় সেই দিশে ॥

কোথা যাই কিবা করি
বলে বেড়াই গোলে হরি
লালন কয় এক জানতে নারি
তাইতে বেড়ায় মন ভেসে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫১.

ম্যারে শাঁইর আজব কুদরতি
কে বুঝতে পারে
আপনি রাজা
আপনি প্রজা
ভবের পরে ॥

আহাদরূপে লুকায় হাদী
রূপটি ধরে আহমদী
এ মর্ম না জেনে বান্দা
পড়বি ফ্যারে ॥

বাজিকরে পুতুল নাচায়
আপনি তারে কথা কওয়ায়
জীবদেহ শাঁই চালায় ফেরায়
সেই প্রকারে ॥

আপনারে চিনবে যে জন
ভেদের ঘরে পাবে সে ধন
সিরাজ শাঁই কয় লালন
কী আর বেড়াও ঢুঁড়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫২.
ম্যারে শাঁইর ভাবুক যাঁরা
তাঁদের ভাবের ভূষণ যায় ধরা ॥

সাদা ভাব তাঁর সাদা করণ
নাইরে কালামালা ধারণ
সে পঞ্চক্রিয়া সাঙ্গ করে
ঘরে রাত্রদিন নিহারা ॥

পঞ্চতত্ত্বরস তার উপর
কলস একের
তাতে জ্বলছে বাতি
দিবারাতি
তাহে দৃষ্ট রয় বিভাবরা ॥

আলাক রূপ হেরেছে যে
সে কী দেবদেবী পূজে
এবার আউল চলন
চলে লালন
পেয়ে রত্ন হলো হারা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫৩.
যার আপন খবর আপনার হয় না
একবার আপনারে চিনতে পারলে
যাবে অচেনারে চেনা ॥

শাঁই নিকট থেকে দূরে দেখায়
যেমন কেশের আড়ে পাহাড় লুকায়
দেখ না ঘুরে এলাম সারা জগত
তবু কোলের ঘোর তো যায় না ॥

আত্মরূপে কর্তা হরি
সাধন করলে মিলবে তাঁরই
ঠিকানা
বেদ বেদান্ত পড়বি যতরে
তোর বেড়ে যাবে লখনা ॥

অমৃতসাগরের সুধা
পান করিলে ক্ষুধাতৃষ্ণা রয় না
লালন ম'লো জল পিপাসায়
কাছে থাকতে নদী দেখ না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫৪.

যার নয়নে নয়ন চিনেছে
তার প্রভেদ কি রয়েছে
বললে পাপী হবে
এবার বুঝি ভুল হয়েছে ॥

শব্দ শুনি তুমি আমি
আসল কাজে কে আসামী
জগতকর্তা হলে তুমি
বল দেখি কার কাছে ॥

মূল আসামী তুমি হলে
আমায় ফেল গোলমালে
এখন তুমি ভক্ত বলে
ডাক আপনার কাছে ॥

তোমার লীলা তোমার বোল
তোমার ভিয়ান তোমার মহল
লালন বলে ওহে দয়াল
এখন বুঝি প্যাঁচ পড়েছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫৫.

যাতে যায় শমন যন্ত্রণা
ভ্রমে ভুল না
গুরুর শীতল চরণ ছেড় না ॥

বৈদিকের ভোলে ভুলি
গুরু ছেড়ে গোবিন্দ বলি
মনের ভ্রম এ সকলই
শেষে যাবে জানা ॥

চৈতন্য আজব সুরে
নিকট থেকে দেখায় দূরে
গুরুরূপ আশ্রিত করে
কর ঐরূপ ঠিকানা ॥

জগতে জীবের দ্বারাই
নিজরূপে সম্ভব তো নয়
লালন বলে তাইতে গোসাঁই
দেখায় গুরুরূপের রূপনিশানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫৬.

যদি ফানার ফিকির জানা যায়
কোন্‌রূপে ফানা করে
খোদ খোদা খুশি হয় ॥

খোদার রূপ খোদ করে ধারণ
অকৈতব সে করণকারণ
আয়ু থাকতে হয়রে মরণ
ফানার করণ তাঁরই হয় ॥

একে একে জেনে বেনা
করতে হয় চাররূপ ফানা
একরূপে করে ভাবনা
এড়াবে সে শমন দায় ॥

না জানিলে ফানার করণী
করণ হয় তার মিথ্যা জানি
সিরাজ শাঁই কয় অর্থ বাণী
দেখরে লালন মোর্শেদের ঠাঁই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫৭.
যদি শরায় কার্যসিদ্ধি হয়
তবে মারফতে কেন মরতে যায় ॥

শরিয়ত আর মারেফত যেমন
দুগ্ধেতে মিশানো মাখন
মাখন তুললে দুগ্ধ তখন
ঘোল বলে তা তো জান সবাই ॥

মারেফত মূলবস্তু জানি
শরিয়ত তার সরপোষ মানি
ঘুঁচাইলে সরপোষখানি
বস্তু রয় কি সরপোষ ধরে রয় ॥

আউয়ালআখের দরিয়া
দেখ না মন তাতে ডুবিয়া
মোর্শেদ ভজন যে লাগিয়া
লালন ডুবেও ডোবে না তায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫৮.

যাঁরে ভাবলে পাপীর পাপ হরে
        দিবানিশি ডাক তাঁরে ॥

গুরুর নাম সুধাসিন্ধু
পান কর একবিন্দু
সখা হবে দীনবন্ধু
        ক্ষুধাতৃষ্ণা রবে নারে ॥

যে নাম প্রহ্লাদ হৃদয়ে ধরে
অগ্নিকুণ্ডে প্রবেশ করে
কৃষ্ণ নৃসিংহরূপ ধারণ করে
        হিরণ্যকশিকে একবিন্দু মারে ॥

ভাবলি না শেষের ভাবনা
মহাজনের ধন ষোলআনা
লালন বলে মন রসনা
        একদিনও তা ভাবলি নারে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৫৯.

যে জন শিষ্য হয়
গুরুর মনের খবর লয়
একহাতে যদি বাজত তালি
তবে কেন দুইহাত লাগায় ॥

গুরুশিষ্য এমনই ধারা
যেমন চাঁদের কোলে থাকে তাঁরা
কাঁচা বাঁশে ঘুণে জরা
গুরু না চিনলে ঘটবে তায় ॥

গুরু লোভী শিষ্য কামী
প্রেম করা তার ছেঁচা পানি
উলুখড়ে জ্বলছে অগ্নি
জ্বলতে জ্বলতে নিভে যায় ॥

গুরুশিষ্য প্রেম করা
মুঠোর মধ্যে ছায়া ধরা
সিরাজ শাঁই কয় লালন ত্যারা
এমনই প্রেম করা চাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬০.

যেপথে শাঁইয়ের আসাযাওয়া
তাতে নাই মাটি আর হাওয়া ॥

আলীপুর করে কাচারী
তার উপরে নিঃশব্দপুরী
জীবের সাধ্য কিরে
তাঁর উল পাওয়া ॥

নিগূঢ় ঠাঁই সতত থাকে
যথা যে যা করে সব সে দেখে
দেখতে নারে চর্মচোখে
কেউ দেখে না তাঁর কায়া ॥

মন যদি যায় মনের উপরে
তবে অধর শাঁইকে ধরতে পারে
অধীন লালন কয় বিনয় করে
কে জানে তাহা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬১.

যে যাই ভাবে সেইরূপ সে হয়
রাম রহিম করিম কালা
একই আল্লাহ্ জগতময় ॥

আলা কুল্লে সাইয়ুন মোহিত খোদা
আল কোরানে কয় সেকথা
বিচার নাইরে যার
একথা পড়ে কেবল গোল বাঁধায় ॥

আকারসাকার নাই নিরাকারে
নির্জন ঘরে
রূপ নিহারে
এক বিনে কি দেখা যায় ॥

এক নিহারে দাও মন এবার
ছেড়ে পূজা দুন আল্লাহর
লালন বলে
একরূপ খেলে
ঘটেপটে সব জায়গায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬২.
যেরূপে শাঁই আছে মানুষে
দ্বীনের অধীন না হলে
খুঁজে কি পাবে তাঁর দিশে ॥

বেদী ভাই বেদ পড়ে সদাই
আসলে গোলমাল বাঁধায়
রসিক ভেয়ে ডুবে সদাই
রতন পায় সে রসে ॥

তালারও উপরে তালা
তাহার ভিতরে চিকন কালা
ঝলক দেয় সে দিনের বেলা
শুদ্ধরসেতে ভেসে ॥

লা মোকামে আছে নূরী
সেকথা অকৈতব ভারি
লালন কয় দ্বারের দ্বারী
আদ্যমাতা সে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬৩.

যে সাধন জোরে
কেটে যায় কর্মফাঁসি
যদি জানবি সেই সাধনের কথা
হও গুরুর দাসী ॥

স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ আর
নপুংশককে শাসন কর
যে লিঙ্গ ব্রহ্মাণ্ডের উপর
তাই প্রকাশি ॥

মারে মৎস্য না ছোঁয় পানি
রসিকের করণ তেমনই
আকর্ষণে আনে টানি
শারদ শশী ॥

কারণসমুদ্রের পারে
গেলে পায় অধর চাঁদেরে
অধীন লালন বলে নইলে ঘুরে
মরবি চৌরাশি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬৪.
রাত পোহালে পাখি বলে দেরে খাই
আমি গুরুকার্য মাথায় লয়ে
কী করি আর কেমনে যাই ॥

এমন পাখি কেবা পোষে
খেতে চায় সাগর শুষে
আমি কী দিয়ে যোগাই
পাখি পেট ভরিলে হয় না রত
খাব খাব রব সদাই ॥

আমি বলি আত্মারাম
পাখি লওরে আল্লাহ্‌র নাম
যাতে মুক্তি পাই
পাখি সে নামে তো
হয় না রত
কী করবে গুরু গোঁসাই ॥

আমি লালন লালপড়া
পাখি আমার সেই আড়া
তার সবুর কিছুই নাই
বুদ্ধিসুদ্ধি সব হারায়ে
সার হলোরে পেটুক বাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬৫.
রোগ বাড়ালি শুধু কুপথ্য করে
মিছেমিছি ঔষধ খেয়ে
অপযশটি করলি কবিরাজেরে ॥

মানিলে কবিরাজের বাক্য
তবে রোগ হতো আরোগ্য
মধ্যে মধ্যে নিজে বিজ্ঞ
হয়ে রোগ বাড়ালিরে ॥

অমৃত ঔষধ খেলি
তাতে মুক্তি নাহি পেলি
লোভ লালসে ভুলে র'লি
ধিক তোর লালসেরে ॥

লোভে পাপ পাপে মরণ
তা কি জান নারে মন
সিরাজ শাঁই কয় লালন
এখন মর গে ঘোর বিকারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬৬.
লাগল ধুম প্রেমের থানাতে
মনচোরা পড়েছে ধরা
রসিকের হাতে ॥

বৃন্দাবনে রসের খেলা
জানে তা ব্রজবালা
তার সন্ধান কি পাবি তোরা
চাঁদ ধরিতে ॥

ভক্তি জমাদারের হাতে
দুদিনকার চাঁদ জিম্মা আছে
তিনদিনের দিন চালান করে
চলে আট কৌশলেতে ॥

চোর আছে অটলের ঘরে
তার সন্ধান কে চিনে ধরে
লালন কয় সাধন জোরে
পাবি অধর চাঁদ হাতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬৭.

সত্য বল সুপথে চল
ওরে আমার মন
সত্য সুপথ না চিনিলে
পাবিনে মানুষের দরশন ॥

খরিদদার মহাজন যে জন
বাটখারাতে কম
তাদের কসুর করবে যম
গদিয়াল মহাজন যে জন
বসে কিনে প্রেমরতন ॥

পরের দ্রব্য পরের নারী
হরণ কর না
পারে যেতে পারবে না
যতবার করিবে হরণ
ততবার হবে জনম ॥

লালন ফকির আসলে মিথ্যে
ঘুরে বেড়ায় তীর্থে তীর্থে
সই হলো না একমন দিতে
আসলে তার প'লো কম ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬৮.
সবে কি হবে ভবে ধর্মপরায়ণ
যার যে ধর্ম সে তাই করে
তোমার বলা অকারণ ॥

ময়ূরনৃত্য কেউ করে না
কাঁটার মুখ কেউ চাঁছে না
এমনই মত সব ঘটনা
যার যাতে আছে সৃজন ॥

শশকপুরুষ সত্যবাদী
মৃগপুরুষ ঊর্ধ্বভেদী
অশ্ব বৃষ বেহুঁশ নিরবধি
তাদের কুকর্মেতে সদাই মন ॥

চিত্রিণী পদ্মিনী নারী
পতিসেবার অধিকারী
হস্তিনী শঙ্খিনী নারী
কর্কশ ভাষায় কয় বচন ॥

ধর্মকর্ম সব আপনার মন
করে ধর্ম সব মোমিনগণ
লালন বলে ধর্মের করণ
প্রাপ্তি হবে নিরঞ্জন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৬৯.

সময় থাকতে বাঁধাল বাঁধলে না
জল শুকাবে মীন পালাবে
পস্তাবিরে ভাই মনা ॥

ত্রিবিনের তীরধারে
মীনরূপে শাঁই বিরাজ করে
উপর উপর বেড়াই ঘুরে
গভীরেতে ডুবলে না ॥

মাসান্তে মহাযোগ হয়
নিরসে সুরস ভেসে যায়
করে সেই যোগের নির্ণয়
মীনরূপে খেল দেখলে না ॥

জগতজোড়া মীন অবতার
সন্ধি বুঝা সন্ধির উপর
সিরাজ শাঁই কয় লালন তোমার
সন্ধানীকে চিনলে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭০.
সরল হয়ে করবি কবে ফকিরী
দেখ মনুরায়
হেলায় হেলায়
দিন হলো আখেরী ॥

ভজবিরে লা শরিকালা
ঘুরিস কেন কল্কেতলা
খাবিরে নৈবেদ্য কলা
সেটা কি আসল ফকিরী ॥

চাও অধীন ফকিরী নিতে
ঠিক হয়ে কই ডুবলি তাতে
কেবল দেখি দিবারাতে
পেট পূজার ঢোল ভারি ॥

গৃহে ছিলি ভালই ছিলি
আঁচলা ঝোলা কেন নিলি
সিরাজ শাঁই কয় নাহি গেল
লালপড়া লালন তোরই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭১.
সরল হয়ে ভজ দেখি তাঁরে
তোরে যে পাঠায়েছে
এই ভবসংসারে ॥

ঠিক ভুল না মনরসনারে
এলে করার করে
সেই রকম কর
যোগাও এবার
অমূল্য ধন দিয়েরে ॥

দমে নয়ন দিয়েরে মন
সদাই থাক হুঁশিয়ারে
তোমার দ্বিদলে জপ
থাকবে না পাপ
আহ্বান পাবি হুজুরে ॥

দেল দিয়ে তাঁর হও তলবদার
মোর্শেদের বাক্ ধরে
কোথায় সে ধন
মিলবে লালন
শুদ্ধভক্তির জোরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭২.

সহজ মানুষ ভজে দেখ নারে মন দিব্যজ্ঞানে
পাবিরে অমূল্যনিধি বর্তমানে ॥

ভজ মানুষের চরণ দুটি
নিত্যবস্তু পাবে খাঁটি
মরিলে শোধ হবে মাটি
ত্বরা এইভেদ লও জেনে ॥

শুনে ম'লে পাব বেহেস্তখানা
তাই শুনে তো মন মানে না
বাকির লোভে নগদ পাওনা
কে ছাড়ে এই ভুবনে ॥

আস্ সালাতুল মেরাজুল মোমেনিনা
জানতে হয় সেই নামাজের বেনা
বিশ্বাসীদের দেখাশোনা
লালন কয় এই জীবনে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭৩.

সামান্যজ্ঞানে কি মন
তাই পারবিরে
বিষ জুদা
করিয়ে সুধা
রসিকজনা পান করে ॥

কতজনা সুধার আশায়
ফণির মুখে হাত দিতে চায়
বিষের আতশ লেগে গায়
মরণদশা ঘটেরে ॥

দেখাদেখি মন কি ভাব
সুধা খেয়ে অমর হব
পার যদি ভালই ভাল
নইলে ল্যাঠা বাঁধবেরে ॥

অহিমুণ্ডে উভয় যদি
হিংসা ছেড়ে হয় পিরিতি
লালন কয় সুধানিধি
সেধে অমর হয় সেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭৪.

সামান্যে কি সেই অধর
চাঁদকে পাবে
যাঁর লেগে হলো যোগী
দেবাদিদেব মহাদেবে ॥

ভাব জেনে ভাব না দিলে তখন
বৃথা যাবে সেই ভক্তি ভজন
বাঞ্ছা যদি হয় সে চরণ
ভাব দে না সেইভাবে ॥

যেভাবে সব গোপিনীরা
হয়েছিল পাগলপারা
চরণ চিনে তেমনই ধারা
ভাব দিয়ে তায় হবে ॥

নিহেতু ভজন গোপীকার
তাতে সদাই বাঁধা নটবর
লালন বলে মনরে তোমার
মরণ ভবলোভে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭৫.
সামান্যে কি সে ধন পাবে
দ্বীনের অধীন হয়ে
চরণ সাধিতে হবে ॥

গুরুপদে কী না হলো
কত বাদশার বাদশাহী গেল
কুলবতীর কুল গেল
কালারে ভেবে ॥

গুরুপদে কতজনা
বিনামূল্যে হয়ে কেনা
করে গুরুর দাস্যপনা
সেই ধনের লোভে ॥

কত কত মুনি ঋষি
যুগ যুগান্তর বনবাসী
পাব বলে কালোশশী
বসেছে স্তবে ॥

গুরুপদে যার আশা
অন্যধনে নাই লালসা
লালন ভেড়ো বুদ্ধিনাশা
মরল দোআশা ভেবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭৬.

সেই প্রেম গুরু জানাও আমায়
মনের কৈতবাদি যাতে ঘুঁচে যায় ॥

দাসীর প্রতি নিদয় হইও না
দাও হে কিঞ্চিৎ প্রেম উপাসনা
ব্রজের জলদ কালো
গৌরাঙ্গ হলো
কোন প্রেমে সেধে রাই বাঁকা শ্যামরায় ॥

পুরুষ কোনদিন সহজ ঘটে
শুনলে মনের সন্দেহ মিটে
তবে যে জানি
প্রেমের করণী
সহজে সহজে লেনাদেনা হয় ॥

কোন প্রেমে বশ গোপীর দ্বারে
কোন প্রেমে শ্যাম রাধার পায়ে ধরে
বল বল তাই
হে গুরু গোঁসাই
অধীন লালন বিনয় করে কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭৭.
সেই প্রেমময়ের প্রেমটি
অতিচমৎকার
প্রেমে অধম পাপী
হয় উদ্ধার ॥

দুনিয়াতে প্রেমের তরী বানিয়ে
দিলেন পাঠায়ে পাপীর লাগি
মানুষ চাপিয়ে
তাতে অনায়াসে
স্বর্গেতে অধিকার ॥

সত্যপ্রেমের কথা
নয়কো বৃথা
খলতা নয়
চাই প্রেমের সরলতা
নির্মল প্রেমে
ক্রমে ক্রমে
মনের ময়লা রয় না আর ॥

সেই প্রেমের ভাব বোঝা ভার
মধুর আলাপে বসে আছি অনিবার
প্রেমে মগ্ন হলে
হৃদয় গলে
লালন বলে দূরে যায় পাপ অন্ধকার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭৮.
সেই প্রেম সামন্যে কি জানা যায়
        যে প্রেম সেধে গৌর হলো শ্যামরাই ॥

দেবের দেব পঞ্চাননে
জেনেছিল সেই একজনে
শক্তির আসন বক্ষস্থলে
        বক্ষ দেয় ॥

প্রেমিক ছিল চণ্ডীদাসে
বিকাইল রজকীর পাশে
মরে আবার জীবনে সে
        জীবন দান পায় ॥

মরে যে জন বাঁচতে পারে
সেই প্রেম গুরু জানায় তারে
সিরাজ শাঁই কয় লালনেরে
        তোর সেই কার্য নয় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭৯.
সে তো রোগীর মত
পাঁচন গেলা নয়
যারে সাধনভক্তি বলা যায় ॥

অরুচিতে আহার করা
জানতে পায় সেসব ধারা
পেট ফুলে হয় গো সারা
উচ্ছিষ্ট সেবা সেহি প্রায় ॥

উপরোধের কাজ দেখি ভাই
ঢেঁকির মত যায় না গেলা কঠিন হয়
সাধনে যার
নাই একান্ত তার
এমনই প্রায় ॥

এমনই মত বারে বারে
কত আর বুঝাব হারে
লালন বলে ভক্তির জোরে
শাঁইকে বাঁধে সর্বদাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮০.

সে ধন কি চাইলে মিলে
হরি ভক্তের অধীন কালে কালে ॥

ভক্তের বড় পণ্ডিত নয়
প্রমাণ তার প্রহ্লাদকে কয়
যারে আপনি কৃষ্ণ গোঁসাই
অগ্নিকুণ্ডে বাঁচাইলে ॥

বনের একটা পশু বৈ নয়
ভক্ত হনুমান তারে কয়
কৃষ্ণরূপ সে রামরূপে ধরায়
কেবল শুদ্ধভক্তিবলে ॥

অভক্তে সে দেয় না দেখা
কেবল শুদ্ধভক্তের সখা
লালন ভেড়োর স্বভাব বাঁকা
অধর চাঁদকে রইল ভুলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮১.
সোনার মান গেলরে ভাই
ব্যাঙ্গা এক পিতলের কাছে
শাল পটকের কপালের ফের
কুষ্টার বোনায় দেশ জুড়েছে ॥

বাজিল কলির আরতি
প্যাঁচ প'লো সব মানীর প্রতি
ময়ূরের নৃত্য দিতে
প্যাঁচায় পেখম ধরতে বসে ॥

শালগ্রামকে করে নোড়া
ভূতের ঘণ্টা নাড়া
কলির তো এমনই দাঁড়া
স্থূলকাজে সব ভুল পড়েছে ॥

সবাই কিনে পিতলদানা
জহরের উল হলো না
লালন কয় গেল জানা
চটকে জগত মেতেছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮২.

হাতের কাছে মামলা থুয়ে
কেনে ঘুরে বেড়াও ভেয়ে
ঢাকা শহর দিল্লি লাহোর
খুঁজলে মেলে এই ঠাঁয়ে ॥

মনের ধোঁকায় মক্কায় যাবি
ধাক্কা খেয়ে হেথায় ফিরবি
এমনই ভাবে ঘুরতে হবে
দেহের খবর না পেয়ে ॥

গয়া কাশী মক্কা মদিনা
বাইরে খুঁজে ফাঁকড়ায় পড় না
দেহরতি খুঁজলে পাবি
সকল তীর্থের মূল তাহে ॥
দেখ দেখিরে অবোধ মন আমার
অবিশ্বাসে কোথায় প্রাপ্তি কার
বিশ্বাসে মন নিকটে ধন পায়
লালন ফকির যায় কয়ে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮৩.
হুজুরে কার হবেরে নিকাশ দেনা
পঞ্চজন আছে ধড়ে
বেরাদার তাঁর ষোলজনা ॥

মৌলভী মুন্সিজির কাছে
জনমভরে শুধাই এসে
ঘোর তো গেল না
পরে নেয় পরের খবর
আপন খবর আপনার হয় না ॥

ক্ষিতি জল বায়ু হুতাশনে
যার যার বস্তু সে সেখানে
মিশবে তাই
আকাশে মিশবে আকাশ
জানা গেল পঞ্চবেনা ॥

ঘরের আত্মকর্তা কারে বলি
কোন মোকাম হয় কোথায় গলি
করে আওনাযাওনা
সেই মোকামে লালন কোনজন
তাও লালনের ঠিক হলো না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮৪.
হুজুরী নামাজের এমনই ধারা
ইবলিসের সেজদার ঠাঁই
ছেড়ে চাই সেজদা করা ॥

সে তো করেছে সেজদা
স্বর্গমর্ত্যপাতাল জোড়া
কোনখানে বাদ রাখল এবার
দেখ না তোরা ॥

জায়গার মাহাত্ম্য বুঝে
সেজদা দিতে পারে যারা
আগমে কয় তাদের হবে
নামাজ সারা ॥

কিসে হবে আসল নামাজ
কর সেই কাজ
ভাই সকলরা
লালন বলে আখের যেতে
যেন না যায় মারা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সাধকদেশ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দেশভূমিকা

আকারে ভজন
সাকারে সাধন
তাই আকার সাকার
অভেদরূপ জানতে হয় ॥

ভজনের মূল নিরাকার
গুরুশিষ্য হয় প্রচার
সাকাররূপেতে আকার নির্ণয়
আকার ছাড়া সাকার নাহি রয় ॥

পুরুষপ্রকৃতি আকার
যুগল ভজন প্রচার
যোগমাহাত্ম্য নায়কনায়িকার
যোগের সাধন জানতে হয় ॥

লালনীয় দেহসাধনা বিশেষ জোর দেয় আপন দেহশুদ্ধির উপর। দেহশুদ্ধির সাধনায় সিদ্ধ না হলে মনশুদ্ধি কখনও হয় না। শরীরই সাধনার ভিত্তিভূমি। দেহটা যন্ত্র। দেহকে ধারণ করে আছেন মনরূপী যন্ত্রী। দেহস্থ মন, বুদ্ধি, অহঙ্কার প্রভৃতি মূলসত্তারই বিভূতি তথা শক্তি। এ শক্তিরই খেলা চলছে দেহযন্ত্রের ভেতর। যদি দেহস্থ স্নায়ু, পেশী ও গ্রন্থির কার্যকারিতা স্বাভাবিক ও দোষমুক্ত থাকে তাহলে এর মধ্যস্থিত মন মূলসত্তার স্ফূরণ ঘটবে। দেহমন রোগমুক্ত ও নির্দোষ না হলে সাধক জগতে কারও পক্ষে প্রবেশ করা সম্ভব নয়। পৃথিবীর কোনও মানুষই খারাপ নয়। মানুষের সৃষ্টিমূলে নিহিত রয়েছে নূরে মোহাম্মদী তথা ভাগবত সত্তা। বিষয়মোহ আচ্ছন্ন জগতের মনকে ব্রহ্ম স্বরূপে অর্থাৎ সর্বকালীন মোহাম্মদী স্বরূপে প্রতিষ্ঠিত করাই লালনশাহী দেহসাধনার প্রধান লক্ষ্য। এক কথায় পশুমানবকে মহামানবে উন্নীত করে তোলাই তাঁর মিশন। দেহশুদ্ধ হলে মনও শুদ্ধ হবে। এ শুদ্ধমনই আত্ম স্বরূপ উপলব্ধির সহায়ক। মনকে একাগ্র করে ধ্যানের যোগ্য করার আন্দদায়ক নানাবিধ সহজপন্থা লালন সাধনায় আছে। এর উপর রয়েছে শ্বাসপ্রশ্বাসের উপর সাধকের আধিপত্য বিস্তার করার গুরুত্ব। ইড়া ও পিঙ্গলা নাড়ির শ্বাস ইচ্ছামত নিয়ন্ত্রণ করে দেহকে চিরদিনের জন্য ব্যাধিমুক্ত করা সম্ভব। সুষুম্নার উপর সাধকের পূর্ণ নিয়ন্ত্রণ আয়ত্ত হলে মনকে ধ্যানের দ্বারা আমরা মহাপুরুষের মনে পরিণত করতে পারি। সুষুম্না নাড়ির অবলম্বনেই মূলাধারস্থিত কুণ্ডলিনী শক্তিকে সহস্রারে উঠিয়ে সাধক আপন অনন্তরূপ তথা সচ্চিদানন্দময় স্বরূপ আস্বাদন করেন।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সম্যক গুরু প্রবর্তিত পথ ও পদ্ধতি অনুসারে প্রবর্তদেশে সিদ্ধি অর্জনের মধ্য দিয়ে সাধকদেশের মূলপর্বে উত্তরণ ঘটে। সাধকের দেহ বা সাধকদেশ হলো সৃষ্টি ও স্রষ্টার একাত্মতাপূর্ণ অখণ্ডসত্তা তথা তৌহিদ অবস্থা। মহাজগতকে একটি অখণ্ড মানবতাসত্তা বলেন কোরান।

সাধকদেশ বা সাধকদেহ চুরাশি ক্রোশ মানে চুরাশি আঙ্গুল ব্যাপ্ত এবং দৈর্ঘ্যপ্রস্থে সমান। তাতে সৃষ্টি ও স্রষ্টা একাকার হয়ে ওঠেন। চুরাশি আঙ্গুল বা সাড়ে তিন হাত সাধকদেহকে কোরানে রূপক নামে বলা হয়েছে হেরাগুহা বা কাহাফ। সাধকদেহ পর্যায়ক্রমে সৃষ্টির আবরণ ভেদ করে স্বয়ং মূলসত্তায় স্রষ্টার জাগ্রত হাল লাভ করে।

সাধকদেশের কাল মানে গুরুবাক্য সমস্ত চিন্তা ও তৎপরতায় পরিচর্যার ধারায় মনোদেহে সমন্বয় সাধনার নিরন্তর কাল। সম্যক গুরু সাধকভক্তকে আত্মদর্শনকালে স্বরূপরূপে দেখা দিয়ে যখন সমস্ত চিত্তকে আকর্ষণপূর্বক চব্বিশ চন্দ্রভেদতত্ত্ব জানিয়ে প্রাকৃতদেহকে অপ্রাকৃত করার মাধ্যমে উজ্জ্বল রসসাধন করান সেই সময়কালকে গুরুবাক্য চিন্তা ও চর্যায় মনোদেহের সমন্বয় সাধনকাল বলা হয়।

সাধকদেহের পাত্র হলেন গুরুরসের রসিক। গুরুরস আস্বাদনের দ্বারা গুপ্ত রহস্যজগত নিহার ও বিহারের মাধ্যমে জগতের দৃষ্ট ও অদৃষ্ট সকল বিষয়ের উপর সূক্ষ্ম জ্ঞানময় হাল সাধকদেশের পাত্র।

সাধকদেশের আশ্রয় প্রকৃতিস্বরূপ। সাধক প্রকৃত স্বরূপের সান্নিধ্য লাভ করে রিপু ইন্দ্রিয়ের অবসান ঘটিয়ে জিতেন্দ্রিয় বা ইন্দ্রিয়জিৎ মহাবীর হয়ে ওঠেন।

সাধকদেহের আলম্বন হলো গুরুভাবে ভাবী। গুরুরূপী মহাজ্ঞানরাজ্য তথা প্রেমরাজ্যের ভাবাশ্রয়ে নিবেদিত থেকে তাঁর আদেশানুযায়ী মনোদৈহিক সৎকর্ম করাকে আলম্বন গুরুভাবে ভাবী বলা হয়। তাতে অতীন্দ্রিয় দর্শন ও শ্রবণাদির দ্বারা মূলসত্তায় যে অণুদর্শন সূচিত হয়ে দর্শনসাধনাদি দিন দিন বিকশিত হতে থাকে।

সাধকদেহের উদ্দীপন হলো মান্য আদিধারা, সৃষ্টি ও স্রষ্টার মিলনমুখর প্রেমময় সার্বক্ষণিক বিকাশ প্রবাহ। মহাজ্ঞানের নহরে অবিরাম পুণ্যস্নান।

অতএব সাধকদেশের কর্মকাণ্ড হলো সৃষ্টি ও স্রষ্টার এককত্ব এবং একাত্মতাপূর্ণ তৌহিদ পর্যায়ে উত্তরণের মাধ্যমে গুরুরসের মহারসিক হওয়া। গুরুরসময় প্রকৃতিস্বরূপ শক্তি আত্তীকরণের দ্বারা গুপ্ত রহস্যজগত বিহার করে জীবন জগতের দৃষ্ট ও অদৃষ্ট সকল বিষয়ে অবহিত তথা আত্মজ্ঞানী হয়ে ওঠা। পর্যায়ক্রমে আদিধরনে প্রত্যাবর্তনের জন্যে চিত্ত ও চেতনার সমন্বয় সাধনা করা এইদেশের মূল করণধরন।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮৪.

অকূল পাথার দেখে
মোদের লাগে ভয়
মাঝি ব্যাটা
বড় ঠ্যাঁটা
হাল ছেড়ে বগল বাজায় ॥

উজানভেটেন দুটি নালে
দমদমাদম বেদমকলে
পবন গুরু সর্বময় ॥

প্রেমানন্দে সাঁতার খেলে
তাইতে সুধানিধি মেলে
তার ঘটেপটে একসত্য হয় ॥

সামনে বিষম নদী
পার হয়ে যায় ছয়জন বাদী
শ্রীরূপলীলাময়
লালন বলে
ভাব জানিয়ে
ডুব দিয়ে
সে রত্ন উঠায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮৫.
অধরাকে ধরতে পারি
কই গো তারে তার
আত্মারূপে চলে ফিরে
মানুষমারা কলের উপর ॥

প্রেমগঞ্জের রসিক যারা
কামগঞ্জে ভুল
কামে থেকে ধরতে পারে
তরঙ্গের কুল
এই পারেতে বসে দেখি
ঐ পারেতে মূল
মানুষ মারি
মানুষ ধরি
মানুষ খবরদার ॥

শূন্যের উপরে ধনুক ধরা
বেজায় বিষম ফল
ছলকে পলকে হেলে পড়ে
অ্যায়সা মজার কল
ক্ষণেক ধরা ক্ষণেক অধর
পথ ছাড়া অপথে চল
ক্ষণেই নিরাকার মানুষ
ক্ষণেই আকার ॥

ও সে আবার ভাঙা যন্ত্র
বাজে ঠসঠস
পাকে পাকে তার ছিঁড়ে যায়
করে খসখস
সিরাজ শাঁই কয়
বাজে না ভাঙ্গা বশ
লালনরে তোর বলা কেবল
দৌড়াদৌড়ি সার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮৬.

অনুরাগের ঘরে মার গা চাবি
যদি রূপনগরে যাবি ॥

শোন মন তোরে বলি
তুই আমারে ডুবাইলি
পরের ধনে লোভ করিলি
সে ধন আর কয়দিন খাবি ॥

নিরঞ্জনের নাম নিরাকার
নাইকো তাঁর আকার-সাকার
বিনা বীজে উৎপত্তি তাঁর
দেখলে মানুষ পাগল হবি ॥

সিরাজ শাঁই দরবেশে বলে
গাছ রয়েছে অগাধ জলে
ঢেউ খেলিছে ফুলে ফলে
লালন বাঞ্ছা করলে দেখতে পাবি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮৭.

অনেক ভাগ্যের ফলে
সে চাঁদ কেউ দেখিতে পায়
অমাবস্যা নাই সে চাঁদে
দ্বিদলে তাঁর কিরণ উদয় ॥

বিন্দু মাঝে সিন্ধুবারি
মাঝখানে তার স্বর্ণগিরি
অধর চাঁদের স্বর্গপুরী
সেহি তো তিল পরিমাণ জা'গায় ॥

যথারে সেই চন্দ্রভুবন
দিবারাতের নাই আলাপন
কোটি চন্দ্র জিনি কিরণ
বিজলী চঞ্চরে সদাই ॥

দরশনে দুঃখ হরে
পরশনে পরশ করে
এমনই সে চাঁদের মহিমা
লালন ডুবেও ডোবে না তায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮৮.
অন্তরে যার সদাই সহজরূপ জাগে
　　　　সে নাম বলুক বা না বলুক মুখে ॥

যাঁহার কর্তৃক এই সংসার
নামের অন্ত নাই কিছু তাঁর
বলুক যে নাম ইচ্ছা হয় যার
　　　　নাম বলে যদি রূপ দেখে ॥

যে নয় গুরুরূপের আশ্রি
কুজনে যেয়ে ভোলায় তারি
ধন্য যাঁরা রূপ নিহারী
　　　　রূপ দেখে রয় ঠিক বাগে ॥

নামেতেই রূপ নিহারা
সর্বজয়ী সিদ্ধ তাঁরা
সিরাজ শাঁই কয় লালন গোঁড়া
　　　　এলিগেলি কিসের লেগে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৮৯.
অমাবস্যার দিনে চন্দ্র থাকে না
থাকে কোন শহরে
প্রতিপদে হয় সে উদয়
দৃষ্ট হয় না কেন তাঁরে ॥

মাসে মাসে চাঁদের উদয়
অমাবস্যা মাসান্তে হয়
সূর্যের অমাবস্যা নির্ণয়
জানতে হয় লেহাজ করে ॥

ষোলকলা হলে শশী
তবে তো হয় পূর্ণমাসী
পনেরোয় পূর্ণিমা হয় কিসি
পণ্ডিতেরা কয় সংসারে ॥

যে জানতে পারে দেহচন্দ্রের
স্বর্গচন্দ্রের পায় সে খবর
সিরাজ শাঁই কয় লালনরে তোর
মূল হারালি কোলের ঘোরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯০.
অমৃত সে বারি অনুরাগ
নইলে কি যাবে ধরা
সে বারির পরশ হলে
হবে ভবের করণ সারা ॥

বারি নামে বার এলাহি
নাইরে তাঁর তুলনা নাহি
সহস্রদল পদ্মে সেহি
মৃণালগতি বহে ধারা ॥

ছায়াহীন এক মহামুনি
বলব কিরে তাঁর করণী
প্রকৃতি হয়ে যিনি
হলেন বারি সেধে অমর গোরা ॥

আসমানে বরিষণ হলে
দাঁড়ায় জল মৃত্তিকাস্থলে
লালন ফকির ভেবে বলে
সেই মাটি চিনবে ভাবুক যারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯১.

আকার কি নিরাকার শাঁই রব্বানা
আহাদ আর আহ্‌মদের বিচার
হলে যায় জানা ॥

আহ্‌মদ নামে দেখি
মিম হরফ লেখে নফি
মিম গেলে আহাদ বাকি
আহ্‌মদ নাম থাকে না ॥

খুদিতে বান্দার দেহে
খোদা সে আছে লুকায়ে
আহাদে মিম বসায়ে
আহ্‌মদ নাম হলো সে না ॥

এই পদের অর্থ ঢুঁড়ে
কারও বা জান বসেছে ধড়ে
কেউ বলে লালন ভেড়ে
ফাকড়ানো সই বোঝে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯২.

আকারে ভজন
সাকারে সাধন তাই
আকার-সাকার অভেদরূপ
জানতে হয় ॥

ভজনের মূল নিরাকার
গুরুশিষ্য হয় প্রচার
সাকাররূপেতে আকারে নির্ণয়
আকার ছাড়া সাকার নাহি রয় ॥

পুরুষপ্রকৃতি আকার
যুগল ভজন প্রচার
যোগ মাহাত্ম্য নায়কনায়িকার
যোগের সাধন জানতে হয় ॥

অযোনি সহজ সংস্কার
স্বরূপে দুইরূপ হয় নিহার
স্বরূপে রূপের স্বরূপ হয়
অবোধ লালন তাই জানায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯৩.
আগে কপাট মার কামের ঘরে
মানুষ ঝলক দেবে রূপ নিহারে ॥

হাওয়া ধর
অগ্নি স্থির কর
যাতে মরে বাঁচিতে পার
মরণের আগে মর
দেখে শমন যাক ফিরে ॥

বারে বারে করিরে মানা
লীলাবাসে আর যেও না
রেখ তেজের ঘর তেজিয়ানা
সাধো ঊর্ধ্ব চাঁদ ধরে ॥

জান নারে মন
পারাহীন দর্পণ
যাতে হয় না রূপদর্শন
অতিবিনয় করে বলছে লালন
থাক হুঁশিয়ারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯৪.

আগে তুই না জেনে মন
দিসনে নয়ন করি যে মানা
নয়ন দিলে জন্মের মত
আর ফিরে আসবে না ॥

নেবার বেলায় কত সন্ধি
নিয়ে করে কপাটবন্দি
ফিরে দেখ না
তোর মত ভোলানি সন্ধি
জগতে কেউ জানে না ॥

দেখেছি তাঁর রাঙাচরণ
না দেখেই ভুলেছিল মন
করে বন্দনা
লালন বলে ঐ রাঙাচরণ
আমার ভাগ্যে হইল না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯৫.
আগে শরিয়ত জান
বুদ্ধি শান্ত করে
রোজা আর নামাজ
শরিয়তের কাজ
আসল শরিয়ত বলছ কারে ॥

কলেমা নামাজ রোজা হজ জাকাত
তাই করিলে কি হয় শরিয়ত
বল শরা কবুল কররে
ভাবে বোঝা যায়
কলেমা শরিয়ত নয়
শরিয়তের অন্য অর্থ থাকতে পারে ॥

বেতালিম বেমুরিদ জনা
শরিয়তের আঁক বোঝে না
শুধু মুখে তোড় ধরে
চিনত যদি আঁক
করত না অদেখা নিয়ত
থাকত না কভু বরজোখ ছেড়ে ॥

শরিয়তের গম্ভু ভারি
যে যা করে সেই ফল তারই
হয় আখেরে
লালন বলে মোর
বুদ্ধিহীন অন্তর
মারি মূলে
লাগে ডালের 'পরে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯৬.
আছে ভাবের গোলা আসমানে
তাঁর মহাজন কোথা
কে জানে কারে শুধাই সেকথা ॥

জমিনেতে মেওয়া ফলে
আসমানে বরিষণ হলে
কমে না আর কোনোকালে
শুধাই কোথা ॥

রবি শশী সৃষ্টির কারণ
সেই গোলা করে ধারণ
আছেরে দুইজন
যে যথা ॥

ধন্য ধনীর ধন্য কারবার
দেখলাম না তাঁর বাড়িঘর
লালন বলে জন্ম আমার
গেল বৃথা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯৭.
আছে মায়ের ওতে জগতপিতা
ভেবে দেখ না
হেলা কর না বেলা মের না ॥

নিষ্কামী নির্বিকার হয়ে
দাঁড়াও মায়ের শরণ লয়ে
বর্তমানে দেখ চেয়ে
স্বরূপে রূপ নিশানা ॥

কেমন পিতা কেমন মাতা সে
চিরদিন সাগরে ভাসে
লালন বলে কর দিশে
ঘরের মধ্যে ঘরখানা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৭৮.

আছে যার মনের মানুষ
মনে তোলা
সে কি জপে মালা
অতিনির্জনে সে
বসে বসে
দেখছে খেলা ॥

কাছে রয় ডাকে তারে
কোন পাগলা উচ্চস্বরে
যে যা বোঝে
সেই তা বোঝে
থাকরে ভোলা ॥

যেথা যার ব্যথা নেহাত
সেইখানে হাত
ডলামলা
তেমনই জেনো
মনের মানুষ
মনে তোলা ॥

যেজন দেখে সে রূপ
করিয়ে চুপ
থাকে নিরালা
লালন ভেড়োর
লোকজানানো
মুখে হরি হরি বলা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৪৯৯.
আজ আমার দেহের খবর
বলি শোনরে মন
দেহের উত্তর দিকে আছে বেশি
দক্ষিণেতে কম ॥

দেহের খবর না জানিলে
আত্মতত্ত্ব কিসে মেলে
লাল জরদ সিয়া সফেদ
বাহান্ন বাজার এই চারকোণ ॥

আগে খুঁজে ধর তাঁরে
নাসিকাতে চলে ফেরে
নাভিপদ্মের মূল দুয়ারে
বসে আছে সর্বক্ষণ ॥

আঠার মোকামে মানুষ
যে না জানে সেই তো বেহুঁশ
লালন বলে থাকলে হুঁশ
আদ্য মোকাম তার আসন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০০.

আজব আয়নামহল মণি গভীরে
সেথা সতত বিরাজে শাঁইজি ম্যারে ॥

পূর্বদিকে রত্নবেদী
তার উপরে খেলছে জ্যোতি
যে দেখেছে ভাগ্যগতি
সে সচেতন সব খবরে ॥

জলের ভিতর শুক্‌না জমি
আঠার মোকামে তার কায়েমী
নিঃশব্দে শব্দের উদ্‌গামী
যা যা সেই মোকামের খবর জান গা যারে ॥

মণিপুরের হাটে মনোহারী কল
তেহাটা ত্রিবেণী তাহে বাঁকা নল
মাকড়ার আঁশে বন্দি সে জল
লালন বলে সন্ধি বুঝবে কেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০১.
আজও করছে শাঁই
ব্রহ্মাণ্ডে অপার লীলে
নৈরাকারে ভেসেছিল
যেরূপ হালে ॥

নৈরাকারের গম্ভু ভারি
আমি কি তাই বুঝতে পারি
কিঞ্চিৎ প্রমাণ তাঁরই
শুনি সমকূলে ॥

অবিম্ব উথলিয়ে নীর
হয়েছিল নিরাকার
ডিম্বরূপ হয়গো তার
সৃষ্টির ছলে ॥

আত্মতত্ত্বে আপনি ফানা
মিছে করি পড়াশোনা
লালন বলে যাবে জানা
আপনার আপনি চিনিলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০২.
আপনার আপনি চিনেছে যে জন
দেখতে পাবে সে রূপেরই কিরণ ॥

সেই আপন আপন রূপ
সেবা কোন স্বরূপ
স্বরূপেরই সেই রূপ
জানিও করণ ॥

সেই আপনা মোকাম জেনে প্রধান
যে জানে সেই মোকামের সন্ধান
করে মোকামেরই সাধন
উজালা তার দেহভুবন ॥

সেই ঘরের অন্বেষণ জানে যে জন
ঘরের মধ্যে আছে লতিফা ছয়জন
ঘরে আছে পাক পাঞ্জাতন
পঞ্চজন আত্মায় করে আত্মার ভজন ॥

সেই রসিকের মন রসেতে মগন
সেই রূপরসেতে যেজন দিয়েছে নয়ন
ফকির লালন কয় আমি আমাতে হারাই
আমি বিনে আমার সকল অকারণ ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০৩.

আপন ঘরের খবর নে না
অনা'সে দেখতে পাবি
কোন্‌খানে কার বারামখানা ॥

কমলকোঠা কারে বলি
কোন মোকাম তার কোথা গলি
কোন্ সময় পড়ে ফুলি
মধু খায় সে অলিজনা ॥

সূক্ষ্মজ্ঞান যার ঐক্য মুখ্য
সাধকের উপলক্ষ
অপরূপ তাঁহার বৃক্ষ
দেখলে চোখের পাপ থাকে না ॥

শুক্ল নদীর সুখ সরোবর
তিলে তিলে হয় গো সাঁতার
লালন কয় কীর্তিকর্মার
কীর্তিকর্মার কী কারখানা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০৪.

আপন মনের গুণে
সকলই হয়
পিঁড়েয় পায় পেঁড়োর খবর
কেউ দূরে যায় ॥

মুসলমানের মক্কাতে মন
হিন্দু করে কাশী ভ্রমণ
মনের মধ্যে অমূল্য ধন
কে ঘুরে বেড়ায়॥

রামদাস বলে
জাতে সে মুচির ছেলে
গঙ্গা মাকে হেরে নিলে
চাম কেটোয়ায় ॥

জাতে সে জোলা কবীর
উড়িষ্যায় তাঁহার জাহির
বারো জাত তাঁরই হাঁড়ির
তুড়ানি খায় ॥

কতজন ঘর ছেড়ে
জঙ্গলে বাঁধে কুঁড়ে
লালন কয় রিপু ছেড়ে
যাবে কোথায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০৫.
আপন মনের বাঘে যারে খায়
কোনখানে পালালে বল
বাঁচা যায় ॥

বন্ধছন্দ করিরে এঁটে
ফস করে যায় অমনি কেটে
আমার মনের বাঘ গর্জে উঠে
সুখপাখিরে হানা দেয় ॥

মরণের আগে যে মরে
ঐ বাঘে কী করতে পারে
মরা কী সে আবার মরে
মরেও সে জিন্দা রয় ॥

মরার আগে জ্যান্তে মরা
গুরুপদে নোঙ্গর করা
লালন তেমনই পতঙ্গের ধারা
অগ্নিমুখে ধেয়ে যায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০৬.

আপন সুরতে আদম
গঠলেন দয়াময়
নইলে কি ফেরেস্তাদের
সেজদা দিতে কয় ॥

আল্লাহ্ আদম না হলে
পাপ হতো সেজদা দিলে
শেরেকী পাপ যারে বল
এই দ্বীনদুনিয়ায় ॥

দুষে সেই আদম শফি
আজাজিল হলো পাপী
মন তোমার লাফালাফি
তেমন দেখা যায় ॥

আদমী হলে চেনে আদম
পশু কি তাঁর জানে মরম
লালন কয় আদ্যধরম
আদম চিনলে হয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০৭.
আপনার আপনি চিনিনে
দ্বীনদোনের উপর
যাঁর নাম অধর
তাঁরে চিনব কেমনে ॥

আপনারে চিনতাম যদি
মিলত অটল গুণনিধি
মানুষের করণ হতো সিদ্ধি
শুনি আগম পুরাণে ॥

কর্তারূপে রূপের নাই অন্বেষণ
নইলে কি হয় রূপ নিরূপণ
আপ্তবাক্যে পায় আদিধরণ
সহজ সাধক জনে ॥

দিব্যজ্ঞানী যে জন হলো
নিজতত্ত্বে নিরঞ্জন পেল
সিরাজ শাঁই কয় লালন রইল
জন্মান্ধ মনগুণে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০৮.

আপনার আপনি ফানা হলে
সেই ভেদ জানা যাবে
কোন নামে ডাকিলে তাঁরে
হৃদাকাশে উদয় হবে ॥

আরবী ভাষায় বলে আল্লাহ
ফারসীতে হয় খোদাতালা
গড বলেছে যিশুর চেলা
ভিন্নদেশে ভিন্নভাবে ॥

মনের ভাব প্রকাশিতে
ভাষার উদয় ত্রিজগতে
ভাব দিতে হয় অধর চিতে
ভাষা বাক্যে নাহি পাবে ॥

আল্লাহ হরি ভজন পূজন
এ সকল মানুষের সৃজন
অনামক অচেনার বচন
বাগেন্দ্রিয়ে না সম্ভবে ॥

আপনাতে আপনি ফানা
হলে তাঁরে যাবে চেনা
সিরাজ শাঁই কয় লালন কানা
স্বরূপে রূপ দেখ সংক্ষেপে॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫০৯.
আপনার আপনি যদি
চেনা যায়
তবে তাঁরে চিনতে পারি
সেই দয়াময় ॥

উপরওয়ালা সদর বারী
আত্মরূপে অবতারী
মনের ঘোরে চিনতে নারি
কিসে কী হয় ॥

যে অঙ্গ সেই অংশকলা
কায় বিশেষে ভিন্ন বলা
যার ঘুঁচেছে মনের ঘোলা
সে কী তা কয় ॥

সেই আমি কি এই আমি
তাই জানিলে যায় দুর্নামি
লালন কয় তবে কি ভ্রমি
এই ভবকূপায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১০.

আমার আপন খবর নাহিরে
কেবল বাউল নাম ধরি
বেদ-বেদান্তে নাই যার উল
কেবল শুদ্ধনামে মশগুল
জগতভরি ॥

খবরদার কারে বলা যায়
কিসে হয় খবরদারী
আপনার আপনি যে জেনেছে
বাউলের উল পেয়েছে
সেই হুঁশিয়ারই ॥

কত মুনি ঋষি যোগী সন্ন্যাসী
খবর পায় না তাঁরই
আউলবাউলের আত্মতত্ত্ব ভজন
আমি লালন পশুর চলন
কেমনে ধরি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১১.
আমার ঘরখানায় কে
বিরাজ করে
জনম ভরিয়ে
একদিনও না দেখলাম তাঁরে ॥

নড়েচড়ে ঈশানকোণে
দেখতে পাইনে দুই নয়নে
হাতের কাছে যাঁর
ভবের হাট বাজার
ধরতে গেলে হাতে পাইনে তাঁরে ॥

সবে বলে প্রাণপাখি
শুনে চুপে চেপে থাকি
জল কি হুতাশন
মাটি কি পবন
কেউ বলে না আমায় নির্ণয় করে ॥

আপন ঘরের খবর হয় না
বাঞ্ছা করি পরকে চেনা
লালন বলে পর
বলিতে পরওয়ার
সে কি রূপ আমি কী রূপরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১২.
আমার দিন কি যাবে এই হালে
আমি পড়ে আছি অকূলে
কত অধম পাপীতাপী
অবহেলে তরালে ॥

জগাই মাধাই দুইটি ভাই
কাদা ফেলে মারিল গায়
তাহে তো নিলে
আমি তোমার কেউ নই দয়াল
তাই কি মনে ভাবিলে ॥

অহল্যা পাষাণী ছিল
সেও তো মানব হলো
প্রভুর চরণ ধূলে
আমি পাপী
সদাই ডাকি
দয়া হবে কোন কালে ॥

তোমার নাম লয়ে যদি মরি
ভরসা কেবল তোমারই
আর যাব কোন্ কূলে
তোমা বৈ আর
কেউ নাই দয়াল
মূঢ় লালন কেঁদে বলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১৩.
আমার হয় নারে সেই
মনের মত মন
কিসে চিনব সেই
মানুষরতন ॥

পড়ে রিপু ইন্দ্রিয় ভোলে
মন বেড়ায়রে ডালে ডালে
দুইমনে একমন হলে
এড়ায় শমন ॥

রসিক ভক্ত যাঁরা
মনে মন মিশাল তাঁরা
শাসন করে তিনটি ধারা
পেল রতন ॥

কিসে হবে নাগিনী বশ
সাধব কবে অমৃতরস
সিরাজ শাঁই কয় বিষেতে নাশ
হ'লি লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১৪.

আমারে জলসেচায়
জল মানে না এই ভাঙ্গা নায়
একমালা জলসেচতে গেলে
তিনমালা যোগাতে তলায় ॥

আগা নায়ে মন মনুরায়
বসে বসে চুকুম খেলায়
আমার দশা তলাফাঁসা
জলসেঁচি আর গুদরী গড়াই ॥

ছুতোর ব্যাটার কারসাজিতে
মানবতরীর বান সারা নাই
নৌকার আশেপাশে তক্তা ভাল
মেঝেল কাঠ গড়েছে তলায় ॥

মহাজনের অমূল্যধন
মারা গেল ডাকিনী জোলায়
লালন কয় কী জানি হয়
শেষকালে নিকাশের বেলায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১৫.

আমায় চরণছাড়া কর না
হে দয়াল হরি
পাপ করি পামরা বটে
দোহাই দিই তোমারই ॥

চরণের যোগ্য মন নয়
তথাপি মন রাঙাচরণ চায়
দয়াল চাঁদের দয়া হলে
যেত অসুসারই ॥

অনিত্যসুখেতে সর্বঠাঁই
তাই দিয়ে জীব ভোলাও গোসাঁই
তবে কেন চরণ দিতে
কর হে চাতুরী ॥

ক্ষমো অধীন দাসের অপরাধ
শীতল চরণ দাও হে দীননাথ
লালন বলে ঘুরাইও না
হে মায়াকারী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১৬.

আমি ঐ চরণে দাসের যোগ্য নই
　　　　নইলে মোর দশা কি এমন হয় ॥

নিজগুণে পদারবিন্দু
দেন যদি শাঁই দীনবন্ধু
তবে তরি ভবসিন্ধু
　　　　নইলে না দেখি উপায় ॥

ভাব জানিনে প্রেম জানিনে
কেবল দাসী হতে চাই চরণে
ভাব জেনে ভাব নিলে পরে
　　　　সেই সে রাঙাচরণ পায় ॥

অহল্যা পাষাণী ছিল
প্রভুর চরণ ধূলায় মানব হলো
লালন পথে পড়ে রইল
　　　　যা করেন শাঁই দয়াময় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১৭.

আমি কে তাই জানলে
সাধনসিদ্ধি হয়
আমি কথার অর্থ ভারি
আমাতে আর আমি নাই ॥

অনন্ত শহর বাজারে
আমি আমি শব্দ করে
আমার আমি না চিনিয়ে
বেদ পড়ি পাগলের প্রায় ॥

মনসুর হাল্লাজ ফকির সে তো
বলেছিল আমি সত্য
সই প'লো শাঁইর আইনমত
শরায় কী তাঁর মর্ম পায় ॥

কুমবে এজনি কুমবে এজনিল্লা
শাঁই হুকুম আমি হিল্লা
লালন বলে এই ভেদ খোলা
মোর্শেদেরই ঠাঁই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১৮.
আমি দোষ দেব কারে
আপন মনের দোষে প'লাম ফেরে ॥

সুবুদ্ধি সুস্বভাব গেল
কাকের স্বভাব মনে হলো
ত্যাজিয়ে অমৃত ফল
মাকাল ফলে মন মজিলরে ॥

যে আশায় এ ভবে আসা
ভাঙ্গিল সেই আশার বাসা
ঘটিলরে কী দুর্দশা
ঠাকুর গড়তে বানর হলোরে ॥

গুরুবস্তু চিনলিনে মন
অসময় কী করবি তখন
বিনয় করে বলছে লালন
যজ্ঞের ঘৃত কুত্তায় খেলরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫১৯.

আমি কোন সাধনে পাই গো তাঁরে
ব্রহ্মা বিষ্ণু ধ্যানে পায় না যাঁরে ॥

স্বর্ণশিখর যাঁর নির্জন গুহা
স্বরূপে সেহি চাঁদের আভা
আভা ধরতে চাই
হাতে নাহি পাই
কী রূপে সেই রূপ যায় গো সরে ॥

পড়ে শাস্ত্রভাষা
কেহ্ কেহ্ কয়
পঞ্চতত্ত্ব হলে
সেই তাঁরে পায়
পঞ্চতত্ত্বের ঘর
সেও তো অন্ধকার
নিরপেক্ষ রয় দেখ বিচারে ॥

গুরুপদে যদি হইত মরণ
তবে সফল হইত জনম
অধীন লালন বলে
ওরে মন আমার
ভাগ্যে তাও ঘটল নারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২০.

আমি কোথায় ছিলাম
আবার কোথায় এলাম
ভাবি তাই
একবার এসে
এই ফল আমার
জানি আবার ফিরে কোথা যাই ॥

বেদ পুরাণে শুনি সদাই
কীর্তিকর্মা আছে একজন জগতময়
আমি না জানি
তাঁর বাড়ি কোথায়
আমি কী সাধনে তাঁরে পাই ॥

যাদের সঙ্গে করি কারবার
তারাই সব বিবাগী হলোরে আমার
লুটিলরে ধনীর ভাণ্ডার
আমায় ঘিরে ঊনপঞ্চাশ বায় ॥

কেবা আমার
আমি বা কার
মিছে ধন্ধবাজি
এ ভবসংসার
অধীন লালন বলে
হইলাম অপার
আমার সাথের সাথী কেহ নয় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২১.

আমি কোন সাধনে তাঁরে পাই
আমার জীবনের জীবন শাঁই ॥

শাক্ত শৈব বৈরাগ্যের ভাব
তাতে যদি হয় চরণ লাভ
দয়াময় কেন সর্বদাই
বেদীভক্তি বলে দুষিলেন তাই ॥

সাধলে সিদ্ধির ঘরে
শুনিলাম সেও পায় না তাঁরে
সাধক যে ব্যক্তি
পেল সে মুক্তি
ঠকে যাবে অমনি শুনিরে ভাই ॥

গেল নারে মনের ভ্রান্ত
পেলাম না সে ভাবের অন্ত
বলে তাই মূঢ় লালন
ভবে এসে মন
কি করিতে কী করে যাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২২.

আমি তো নইরে আমার
সকলই পর আমি আমার না
কার কাছে কইরে আমি
আমি বলতে আমার না ॥

আমি যদি আমার হতাম
কুপথে নাহি যেতাম
সরল পথে থেকে মন দেখতাম
আপন কল কারখানা ॥

আমি এলাম পরে পরে
পরেরে নিয়ে বসত করে
আজ আমার কেউ নাইরে
পরের সঙ্গে দেখাশোনা ॥

পরে পরে কুটুম্বিলি
পরের সঙ্গে দিন কাটালি
ভেবে কয় ফকির লালন
না ভাবলাম পারের ভাবনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২৩.
আমি বাঁধি কোন মোহনা
আমার দেহনদীর বেগ গেল না ॥

নদীতে নামার আশা করি
মাঝখানে সাপের হাড়ি
কুমিরেরই থানা
ছয় কুমিরেই যুক্তি করে
ঐ নদীতে দিচ্ছে হানা ॥

কালিদার পূর্ব ঘাটে
তিননালে এক ফুল ফোটে
সে ফুল তুলতে যেও না
সে ফুল তোলার আশায়
ছয়জনার গোল গেল না ॥

বেযোগেতে স্নান করিতে যায়
সে তো মানুষ মরা খায়
সে ঘাটের সন্ধি জানে না
লালন কয় সে ঘাটে ইন্দ্রিয় রিপু
আমি তারে চিনি না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২৪.

আর কি পাশা খেলবরে
আমার জুড়ি কে আছে
খেলার পাশা যাওয়াআসা
আমার খেলার দিন গিয়েছে ॥

অষ্টগুটি রইল কাঁচা
কী দিয়ে আর খেলব পাশা
আমি ভবকূপে পাই যে সাজা
সাজা আখেরে হতেছে ॥

পরের সঙ্গে জন্মাবধি
পাশাখেলায় রইলাম বন্দি
ভবকূপে দিবারাত্রি
কতই ঢেউ মোর উঠতেছে ॥

সিরাজ শাঁই কয় ভাঙরে খেলা
অবহেলায় গেল বেলা
লালন হলি কামে ভোলা
পাশা ফেলে যাও দেশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২৫.
আর কি বসব এমন
সাধুর সাধবাজারে
না জানি কোন সময়
কোন দশা ঘটে আমারে ॥

সাধুর বাজার কী আনন্দময়
অমাবস্যায় পূর্ণচন্দ্র উদয়
আছে ভক্তির নয়ন যাঁর
সে চাঁদদৃষ্টি তাঁর
ভববন্ধনজ্বালা তাঁর
যায় গো দূরে ॥

দেবের দুর্লভ পদ সে
সাধু নাম যার শাস্ত্রে ভাসে
গঙ্গা মা জননী
পতিতপাবনী
সেও তো সাধুর চরণ
বাঞ্ছা করে ॥

দাসের দাস তাঁর
দাসযোগ্য নই
কোন ভাগ্যে এলাম সাধু সাধসভায়
লালন ফকির কয়
ভক্তিশূন্যময়
এবার বুঝি প'লাম কদাচারে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২৬.

আর কি হবে এমন জনম
বসব সাধু মিলে
হেলায় হেলায় দিন বয়ে যায়
ঘিরে নিল কালে ॥

কত কত লক্ষ যোনি
ভ্রমণ করেছ জানি
মানবকুলে মনরে তুমি
এসে কী করিলে ॥

মানব জনমের আশায়
কত দেব দেবতা বাঞ্ছিত হয়
হেন জনম দ্বীন দয়াময়
কোন্ ভাগ্যের ফলে ॥

ভুল নারে মন রসনা
সমঝে কর বেচাকেনা
লালন বলে কুল পাবে না
এবার ঠকে গেলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২৭.
আলাক শাঁই আল্লাহ্জি মিশে
ফানা ফিল্লাহ্ মোরাকাবায়
নাহি পায় দিশে ॥

যার ধড়ে বসত করি
নিরাকার কি ডিম্বধারী
আমি ঐ তল্লাশে ঘুরে মরি
আছেন তিনি কোন্ ঘরে বসে ॥

মক্কা মোয়াজ্জেমা যারে বলে
সে কি আহাদে আহ্মদ মেলে
মোশাহেদায় কপাট প'লে
থাকে গুরুর আড়ার পাশে ॥

যেমন লোহাতে চমক ঠেকালে
চার রঙ যায় অমনি গলে
শিক্ষাগুরুর দয়া হলে
দেখা দেয় সে অনা'সে ॥

লালেতে হয় মতির জন্ম
পানিতে হয় মাটির ধর্ম
লালন বলে ব্রহ্মাণ্ডের জন্ম
করলে না তার উদ্দিশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২৮.

আল্লাহর নাম সার করে
যে জন বসে রয়
তাঁর আবার কিসের কালের ভয় ॥

মুখে আল্লাহর নাম বল
সময় যে বয়ে গেল
মালেকুল মউত এসে
বলিবে : চল
যার বিষয় সে নিয়ে যাবে
সে কি করে কারও ভয় ॥

আল্লাহর নামের নাই তুলনা
সাদেক দেলে সাধলে
সাধনা বিপদ থাকে না
সে যে খুলবে তালা
জ্বলবে আলা
দেখতে পাবে জ্যোতির্ময় ॥

ফকির লালন ভেবে কয়
তাঁর নামের তুলনা নাই
আল্লাহ্ হয়ে
আল্লাহ্ ডাকে
জীবে কি তাঁর মর্ম পায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫২৯.
আশেক উন্মত্ত যাঁরা
তাঁদের মনের বিয়োগ জানে তাঁরা ॥

কোথায় বা শরার টাটি
আশেকে বেভুল সেটি
মাশুকের চরণ দুটি
নয়নে আছে নিহারা ॥

মাশুকরূপ হৃদয়ে রেখে
থাকে সে পরম সুখে
শতশত স্বর্গ থেকে
মাশুকের চরণের ধারা ॥

না মানে সে ধর্মাধর্ম
না করে সে কর্মাকর্ম
যার হয়েছে বিকার সাম্য
লালন কয় তাঁর করণ সারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩০.
উব্দ মানুষ জগতের মূলগোড়া হয়
করণ তাঁর বেদছাড়া
ধরা সহজ নয় ॥

ডানে বেদ বামে কোরান
মাঝখানে ফকিরের বয়ান
যার হবে সেই দিব্যজ্ঞান
সে দেখতে পায় ॥

জাহের নাই বেদ কোরানে
আছে সে অজুদ ভজনে
ঐক্য হলে মনে প্রাণে
নাম যাঁর নবী কয় ॥

ইরফানি কোরান খুঁজে
দেখতে পাবে তনের মাঝে
ছয় লতিফা কী রূপ সাজে
জিকিরে উঠছে সদাই ॥

নফির জোরে পাবি দেখা
বেদে নাই যার চিহ্নরেখা
সিরাজ শাঁই কয় লালন বোকা
এসব ধোঁকাতে হারায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩১.
এইদেশেতে এইসুখ হলো
আবার কোথায় যাই না জানি
পেয়েছি এক ভাঙা তরী
জনম গেল সেচতে পানি ॥

আর কিরে এই পাপীর ভাগ্যে
দয়াল চাঁদের দয়া হবে
আমার দিন এই হালে যাবে
বইয়ে পাপের তরণী ॥

আমি বা কার কেবা আমার
প্রাপ্তবস্তু ঠিক নাহি তার
বৈদিক মেঘে ঘোর অন্ধকার
উদয় হয় না দিনমণি ॥

কার দোষ দেব এই ভুবনে
হীন হয়েছি ভজন বিনে
লালন বলে কতদিনে
পাব শাঁইয়ের চরণ দুখানি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩২.

এই মানুষে সেই মানুষ আছে
কত মুনি ঋষি যোগী তপস্বী
তাঁরে খুঁজে বেড়াচ্ছে ॥

জলে যেমন চাঁদ দেখা যায়
ধরতে গেলে হাতে কে পায়
আলাক মানুষ অমনই সদাই
আছে আলাকে বসে ॥

অচিন দলে বসতি যাঁর
দ্বিদলপদ্মে বারাম তাঁর
দল নিরূপণ হয়েছে যার
সে রূপ দেখবে অনা'সে ॥

আমার হলো বিভ্রান্ত মন
বাইরে খুঁজি ঘরের ধন
সিরাজ শাঁই কয় ঘুরবি লালন
আত্মতত্ত্ব না বুঝে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩৩.
এ কী অনন্ত লীলা তাঁর
দেখ এবার
আলাক পুরুষ খাকে বারী
ক্ষণেক ক্ষণেক হয় নিরাকার ॥

যখন শাঁই নিরাকারে ছিল
কুদরতের জোরে
সংসার সৃজনের তরে
ধরিল প্রকৃতি আকার ॥

শুনি শাঁই করিম কায় তাঁর
কার অংশে তিন আকার
কারে ভজে কারে পাব
দিশে পাইনে তাঁর ॥

ভেবে পাইনে তাঁর অন্বেষণ
মনে কিবা পাব তখন
বিনয় করে বলছে লালন
ঘুঁচাও মনের ঘোর অন্ধকার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩৪.

এ কী আজগুবি এক ফুল
তাঁর কোথায় বৃক্ষ
কোথায় আছে মূল ॥

ফুটেছে ফুল মানসরোবরে
স্বর্ণ গুস্ফায় ভ্রমরা তাঁরে
কখন মিলন হয়রে
দোহার রসিক হলে জানা যায়রে স্থূল ॥

শম্ভু বিম্বু নাই সে ফুলে
মধুকর কেমনে খেলে
পড় সহজ প্রেম স্কুলে
জ্ঞানের উদয় হলে যাবে ভুল ॥

শোণিত শুক্র এরা দুজন
সেই ফুলে হইল সৃজন
সিরাজ শাঁই বলেরে লালন
ফুলের ভ্রমর কে তা কর গে উল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩৫.
এ কী আসমানি চোর
ভাবের শহর
লুটছে সদাই
তার আসাযাওয়া
কেমন রাহা
কে দেখেছ বল আমায় ॥

শহর বেড়ে অগাধ দোরে
মাঝখানে ভাব মন্দিরে
সেই নিগম জায়গায়
তার পবন দ্বারে
চৌকি ফেরে
এমন ঘরে চোর আসে যায় ॥

এক শহরে চব্বিশ জেলা
দাগছেরে কামান দু'বেলা
বলিয়ে জয় জয়
ধন্য চোরে
এ ঘর মারে
করে না সে কারও ভয় ॥

মনবুদ্ধির অগোচর চোরা
বললে কী বুঝবি তোরা
আমার কথায়
লালন বলে
ভাবুক হলে
ধাক্কা লাগে তাইরি গায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩৬.
এনে মহাজনের ধন
বিনাশ করলি ক্ষ্যাপা
শুদ্ধ বাকির দায়
যাবি যমালয়
হবেরে কপালে দায়মাল ছাপা ॥

কীর্তিকর্মা সেহি ধনী
অমূল্য মানিকমণি
তোরে করলেন কৃপা
সে ধন এখন
হারালিরে মন
এমনই তোর কপাল বেওফা ॥

আনন্দবাজারে এলে
ব্যাপারে লাভ করবে বলে
এখন সারলে সে দফা
কুসঙ্গেরই সঙ্গে
মজে কুরঙ্গে
হাতের তীরহারা হলিরে ক্ষ্যাপা ॥

দেখলিনে মনবস্তু ঢুঁড়ে
কাঠের মালা নেড়েচেড়ে
মিছে নাম জপা
লালন ফকির কয়
কী হবে উপায়
বৈদিকে রইল জ্ঞানচক্ষু ঝাপা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩৭.

এমন মানবজনম আর কি হবে
দয়া কর গুরু এবার এইভবে ॥

অনন্তরূপ সৃষ্টি করলেন শাঁই
মানবরূপের উত্তম কিছু নাই
দেব দেবতাগণ
করে আরাধন
জন্ম নিতে মানবে ॥

কত ভাগ্যের ফলে না জানি
পেয়েছ এই মানবতরণী
বেয়ে যাও ত্বরায়
তরী সুধারায়
যেন ভারা না ডোবে ॥

এই মানুষে হবে মাধুর্য ভজন
তাইতে মানবরূপ গঠলেন নিরঞ্জন
এবার ঠকলে আর
না দেখি কিনার
অধীন লালন কয় কাতরভাবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩৮.
এমন সৌভাগ্য আমার কবে হবে
দয়াল চাঁদ আসিয়ে আমায়
পার করিবে ॥

সাধনের বল কিছুই নাই
কেমনে সে পারে যাই
কূলে বসে দিচ্ছি দোহাই
অপার ভেবে ॥

পতিতপাবন নামটি তোমার
তাই শুনে বল হয়গো আমার
আবার ভাবি এ পাপীর ভার
সে কি নেবে ॥

গুরুপদে ভক্তিহীন
হয়ে রইলাম চিরদিন
লালন বলে কী করিতে
এলাম ভবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৩৯.

এসে পার কর দয়াল
আমায় ভবের ঘাটে
ভবনদীর তুফান দেখে
ভয়ে প্রাণ কেঁপে ওঠে ॥

পাপপুণ্যি যতই করি
ভরসা কেবল তোমারই
তুমি যার হও কাণ্ডারী
ভবভয় তার যায় ছুটে ॥

সাধনার বল যাদের ছিল
তারাই কুল কিনারা পেল
আমার দিন অকাজেই গেল
কী জানি হয় ললাটে ॥

পুরাণে শুনেছি খবর
পতিতপাবন নামটি তোমার
লালন বলে আমি পামর
তাই তো দোহাই দিই বটে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪০.
ও দেলমোমিনা চল এবার
আবহায়াত নদীর পারে
শ্রীগুরু কাণ্ডারী যার
রয়েছে হাল ধরে ॥

সে ঘাটে জন্মে সোনা
কামী লোভী যেতে মানা
সে ঘাটে জোর খাটে না
চল ধীরে ধীরে ॥

যার ছেলে কুমিরে খায়
তার দেলে লেগেছে ভয়
ঢেঁকি দেখে পালায়
আবার বুঝি ধরে আমারে ॥

শুদ্ধদেল হয়েছে যাঁরা
তাদের ধরনকরণ খাড়া
ভবের ভাবী নহে তাঁরা
তাঁদের খায় না কুমীরে ॥

না পেয়ে ঘাটের খুবি
কতজনা খাচ্ছে খাবি
পা পিছলে অমনি গড়াগড়ি
চুবানি খেয়ে মরে ॥

রূপাধারে গিয়েছিলাম
কত রঙবেরঙ দেখিলাম
নদীর উজানভেটেন ধারা
কুমীর আছে গভীর ধারে ॥

গুরুর চরণ রেখে হৃদপদ্মেতে
ঝাঁপ দিলাম দরিয়াতে
লালন কয় মুক্তামণি মিলে
গুরুর বচন ধরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪১.

ওরে মন পারে আর যাবি কী ধরে
যেতে হুজুরে তরঙ্গ ভারি
সেই পথেরে ॥

ইস্রাফিলের শিঙ্গারবে
আসমান জমিন উড়ে যাবে
হবে নৈরাকারময়
কে ভাসবে কোথায়
সেই তুফানেরে ॥

চুলের সাঁকো তাতে হীরের ধার
পার হতে হবে তুফানের উপর
নজর আসবে না
কোথায় দিবি পা
সেই হীরের ধারে ॥

স্বরূপে যার আছেরে নয়ন
তার ভবপারের ভয় কিরে মন
ভেবে বলে ফকির লালন
সিরাজ শাঁই যা করে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪২.
কই হলো মোর মাছ ধরা
চিরদিন ধাপ ঠেলিয়ে
হলাম আমি বলহারা ॥

যোগ বুঝিনে
ঝিম চিনিনে
আন্দাজি হয় চাপ মারা ॥

একে যাই ধেপো বিলই
তাতে বাই ঠেলা জালই
ওঠে শামুকের ভারা
শুভযোগ না পেলে
সে মাছ এলে
হয় না কভু ক্ষারছাড়া ॥

কেউ বলা কওয়া করে
মাছ ধরে প্রেমসাগরে
সেই নদীর ত্রিধারা
আমি মরতে এলাম সেই নদীতে
খাটল না খেপলা ধরা ॥

যে জন ডুবারু ভাল
মাছের ক্ষার সে চিনিল
সিদ্ধি হলো যাত্রা
ধাপঠেলা মন
আমি লালন
সার হলো মোর লালাপড়া ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪৩.

কবে সাধুর চরণধূলি মোর লাগবে গায়
আমি বসে আছি আশাসিন্ধু কুলে সদাই ॥

চাতক যেমন মেঘের জল বিনে
অহর্নিশি চেয়ে থাকে মেঘ ধেয়ানে
তৃষ্ণায় মৃত্যুগতি জীবনে হলো
সেই দশা আমায় ॥

ভজন সাধন আমাতে নাই
কেবল মহৎ নামের দিই গো দোহাই
তোমার নামের মহিমা জানাও গো শাঁই
পাপীর হও সদয় ॥

শুনেছি সাধুর করুণা
সাধুর চরণ পরশিলে লোহা হয় গো সোনা
আমার ভাগ্যে তাও হলো না
ফকির লালন কেঁদে কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪৪.
কবে সূর্যের যোগ হয়
কর বিবেচনা
চন্দ্রকান্ত
যোগ মাসান্ত
ভবে আছে জানা ॥

যে জাগে সেই যোগের সাথে
অমূল্য ধন পাবে হাতে
ক্ষুধাতৃষ্ণা যাবে তাতে
এমন ধন খুঁজলে না ॥

চন্দ্রকান্তি সূর্যকান্তি
ধরে আছে আলাকপান্তি
যুগলেতে হলে একান্তি
হবে উপাসনা ॥

অখণ্ড উদ্ভাস রতি
রসিকের প্রাণরসের গতি
লালন ভেবে কয় সম্প্রতি
দেহ খুঁজে দেখ না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪৫.
করি কেমনে সহজ শুদ্ধ প্রেমসাধন
প্রেম সাধিতে ফাঁপরে ওঠে
কামনদীর তুফান ॥

প্রেমরত্নধন পাবার আশে
ত্রিবেণীর ঘাট বাঁধলাম কসে
কামনদীর এক ধাক্কা এসে
ছুটে যায় বাঁধনছাদন ॥

বলব কী সেই প্রেমের কথা
কাম হইল প্রেমের লতা
কাম ছাড়া প্রেম যথাতথা
হয়রে আগমন ॥

পরমগুরু প্রেমপ্রকৃতি
কামগুরু হয় নিজপতি
কামছাড়া প্রেম পায় কী গতি
ভেবে কয় লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪৬.

কর সাধনা মায়ায় ভুল না
নইলে আর সাধন হবে না ॥

সিংহের দুগ্ধ স্বর্ণপাত্রে রয়
মেটেপাত্রে দিলে কেমন দেখায়
মনপাত্র হলে মেটে
কী করবি আর কেঁদেকেটে
আগে কর সেই মনপাত্রের ঠিকানা ॥

অঙ্কশিক্ষার আগে নাও সদ্‌গুরুর দীক্ষা
চেতনগুরুর সঙ্গে কর ভগ্নাংশ শিক্ষা
বীজগণিতে পূর্ণমান তাতে পাবি রক্ষা
মানসাঙ্ক কষতে যেন ভুল কর না ॥

বাঙলাশিক্ষা কর মন আগে
ইংরেজিতে মন তোমার রাখ বিভাগে
বাঙলা না শিখে ইংরেজি রাগে
অধম লালন করছে পাশের ভাবনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪৭.
কামের ঘরে কপাট মেরে
উজান বাঁকে চালাও রস
দমের ঘর বন্ধ রেখে
যম রাজারে কর বশ ॥

সেই রসে হয় শতধারা
জানে সুজন রসিক যাঁরা
প্রাণ থাকিতে জ্যান্তে মরা
জঙ্গলে সে করে বাস ॥

অরুণ বরুণ বায়ু ক্ষিতি
এই চার রসে নিষ্ঠারতি
ত্রিসন্ধ্যা বারোমাস ॥

ঘুমেরে ঘুম পাড়িয়ে রেখ
চেতন হয়ে ঠাওরে দেখ
মন তুমি হুঁশিয়ার থেক
সঙ্গে ইন্দ্রিয়জনা দশ ॥

সিরাজ শাঁই বলে
ঘুমকে রাখ শিকেয় তুলে
লালন ভাবিস কেনে যদি গলে
লাগাও প্রেমের ফাঁস ॥

www.amarboi.com

৫৪৮.
কারণ নদীর জলে
একটা যুগল মীন খেলিছে নীরে
ঢেউয়ের উপর ফুল ফুটেছে
তার উপরে চাঁদ ঝলক মারে ॥

চাঁদ চকোরে খেলে যখন
যুগল মীন মিলন হয় তখন
তার উপরে শাঁইয়ের দরশন
সুধা ভাসে মৃণাল তীরে ॥

শুকনো জমিন জলে ভাসে
আজব লীলা গঙ্গা আসে
সে নিরন্তর মীনরূপে ভাসে
কুম্ভ ভাসে তীর্থতীরে ॥

সুধাগরল এক সহিত ঝাপা
যেমন গুড়ের সঙ্গে মিঠামাখা
আমি কী ফিকিরে করব চাখা
লালন বলে আমার শিক্ষার তরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৪৯.
কারে আজ শুধাব সেই কথা
কী সাধনে পাব তাঁরে
যে আমার জীবনদাতা ॥

শুনতে পাই পাপীধার্মিক সবে
ইল্লিনে সিজ্জিনে যাবে
তথায় জান সব কয়েদ রবে
তবে অটলপ্রাপ্তির কোন ক্ষমতা ॥

ইল্লিন সিজ্জিন দুঃখসুখের ঠাঁই
কোনখানে রেখেছেন শাঁই
হেথায় কেন সুখদুঃখ পাই
কোথাকার ভোগ ভুগি হেথা ॥

কোথাকার পাপ কোথায় ভুগি
শিশু কেন হয় গো রোগী
লালন বলে বোঝ দেখি
কখন শিশুর গুনাহ্ খাতা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫০.

কারে দেব দোষ
নাহি পরের দোষ
মনের দোষে আমি প'লামরে ফ্যারে ॥

মন যদি বুঝিত
লোভের দেশ ছাড়িত
লয়ে যেত আমায় বিরজাপারে ॥

একদিনও ভাবলে না অবোধ মনুরায়
ভেবেছ দিন এমনই বুঝি যায়
অন্তিম কালের ভয়
কিনা জানি হয়
জানা যাবে যে দিন শমনে ধরে ॥

মনের গুণে কেউ হলো মহাজন
ব্যাপার করে পেল অমূল্য রতন
আমারে ডুবালে ওরে অবোধ মন
পারের সম্বল কিছুই না গেলাম করে ॥

কামে চিত্ত হত মনরে আমার
সুধা ত্যাজে গরল খাই বেশুমার
সিরাজ শাঁই কয় লালন তোমার
ভগ্নদশা বুঝি ঘটল আখেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫১.
কারে বলছ মাগী মাগী
সে বিনে এড়াইতে পারে
কোন বা মহৎ যোগী ॥

মাগীর দায়ে নন্দের বেটা
হয়ে গেল নটাবটা
মাগীর দায়ে মুড়িয়ে মাথা
হালছে বেহাল যোগী ॥

ব্রহ্মা বিষ্ণু আর শিব নারাণে
ম'লো মাগীর বোঝা টেনে
তাই না বুঝে আম জনে
বাঁধাল ঠগঠগী ॥

ভোলা মহেশ্বর মাগীর দাসী
মাগীর দায়ে শিব শ্মশানবাসী
সিরাজ শাঁই কয় লালন কিসি
তোর এত পয়দকী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫২.

কারে বলব আমার মনের বেদনা
এমন ব্যথার ব্যথী তো মেলে না ॥

যে দুঃখে আমার মন
আছে সদা উচাটন
বললে সারে না
গুরু বিনে আর
না দেখি কিনার
তাঁরে আমি ভজলাম না ॥

অনাথের নাথ যে জনরে আমার
সে আছে কোন অচিন শহর
তাঁরে চিনলাম না ॥

কি করি কী হয়
দিনে দিন যায়
কবে পুরাবে মনের বাসনা ॥

অন্য ধনের নইরে দুঃখী
মন বলে আজ হৃদয়ে রাখি
শ্রীরূপখানা ॥

লালন বলে মোর
পাপের নাহি ওড়
তাইতে আশা পূর্ণ হলো না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫৩.

কারও রবে না এ ধন
জীবন যৌবন
তবে কেন মন
এত বাসনা॥

একবার সবুরের দেশে
বয় দেখি দম কসে
উঠিস নারে ভেসে
পেয়ে যন্ত্রণা ॥

যে করে কালার চরণের আশা
জান নারে মন তার কী দুর্দশা
ভক্তবলী রাজা ছিল
তারে সবংশে নাশিল
বামনরূপে প্রভু করে ছলনা ॥

কর্ণরাজা ভবে বড় ভক্ত ছিল
অতিথিরূপে পুত্রকে নাশিল
দেখ কর্ণ অনুরাগী
না হইল শোকী
অতিথির মন করে সান্ত্বনা ॥

প্রহ্লাদ চরিত্র দেখ দৈত্যধামে
কত কষ্ট পেল ঐ হরির নামে
তারে জলেতে ডুবাল
অগ্নিতে পোড়াল
তবু না ছাড়িল সে শ্রীরূপ সাধনা ॥

রামের ভক্ত লক্ষণ ছিল সর্বকালে
শক্তিবান হানিল তাহার বক্ষস্থলে
শ্রীরামচন্দ্রের প্রতি
লক্ষণ না ছাড়িল ভক্তি
ফকির লালন বলে কর এ বিবেচনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫৪.
কিসে পাবি ত্রাণ সংকটে
ঐ নদীর তটে
গুরুচরণ তারণ তরী
ধররে অকপটে ॥

নদীর মাঝে মাঝে আসে বাণ
প্রাণে রাখ ভক্তির জ্ঞান
যেন হইও নারে অজ্ঞান
রবি বসিল পাটে ॥

রিপু ছয়টি কর বশ
ছাড় বৃথা রঙ্গরস
কাজেতে হইলে অলস
পড়ে রবি পারঘাটে ॥

দেহ ব্যাধির সিদ্ধির
পদ্মপত্রে যথা নীর
জীবন তথা হয় অস্থির
কোন সময় কিবা ঘটে ॥

সিরাজ শাঁই বলেরে লালন
বৈদিকে ভুল না মন
একনিষ্ঠ কর মন সাধন
বিকার তোমার যাবে ছুটে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫৫.
কী আজব কলে রসিক
বানিয়েছে কোঠা
শূন্যভরে পোস্তা করে
তার উপরে ছাদ আঁটা ॥

অনন্ত কুঠরি স্তরে স্তর
চারিদিকে আয়নামহল তার
হাওয়ার বারাম নাই
রূপ দেখা যায়
মণিমানিক্যের ছটা ॥

যেদিন রসিক চাঁদ যাবে সরে
হাওয়া প্রবেশ হবে না সেই ঘরে
নিভে যাবে রসের বাতি
ভেঙে যাবে সব ঘটা ॥

দেখিতে বাসনা যার হয়
দেলদরিয়ায় ডুবলে দেখা যায়
লালন বলে সত্যাসত্য
কারে আর দেখবি কেঠা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫৬.

কী এক অচিন পাখি পুষলাম খাঁচায়
হলো না জনমভরে তাঁর পরিচয় ॥

আঁখির কোণে পাখির বাসা
দেখতে নারে কী তামাশা
আমার এ আন্ধেলা দশা
কে আর ঘুচায় ॥

পাখি রাম রহিম বুলি বলে
ধরে সে অনন্ত লীলে
বল তাঁরে কে চিনিলে
বল গো নিশ্চয় ॥

যারে সাথে সাথ লয়ে ফিরি
তারে বা কই চিনিতে পারি
লালন কয় অধর ধরি
কী রূপধ্বজায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫৭.

কী আনন্দ ঘোষপাড়াতে
পাপীতাপী উদ্ধারিতে
দুলার চাঁদকে নিয়ে সাথে
বসেছেন মা ডালিমতলাতে ॥

কে বোঝে মা তোমার খেলা
এখানে এই দোলের মেলা
অন্ধ আঁতুর বোবা কালা
মুক্ত হয় মা তোমার কৃপাতে ॥

কেন গো সতী স্বরূপীনি
সামনে তোমার সুরধুনী
অনেক দূরে ছিল শুনি
এগিয়ে এলো তোর কাছেতে ॥

লালন কয় তোর মনকে কর খাঁটি
ডালিমতলার নিয়ে মাটি
হারাস যদি হাতের লাঠি
পড়বি খানা আর ডোবাতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫৮.

কী করি ভেবে মরি
মনমাঝি ঠাহর দেখিনে
ব্রহ্মাদি
খাচ্ছে খাবি
ঐ নদীর পার যাই কেমনে ॥

মাড়ুয়াবাদীর এমনই ধারা
মাঝ দরিয়ায় ডুবিয়ে ভারা
দেশে যাইতে পড়ি ধরা
ঐ নদীর ভাব না জেনে ॥

শক্তিপদে ভক্তিহারা
কপটভাবের ভাবুক তারা
মন আমার তেমনই ধারা
ফাঁকে ফেরে রাত্রিদিনে ॥

মাকালফলটি রাঙ্গা চোঙ্গা
তাই দেখে মন হলি ঘোঙ্গা
লালন কয় তোলোয়া ডোঙ্গা
কখন ঘড়ি ডোবায় তুফানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৫৯.

কী মহিমা করলেন শাঁই
বোঝা গেল না
আমার মনভোলা
চাঁদ ছলা
করে বাদী আছে ছয়জনা ॥

যতশত মনে করি
ভাবদেলেতে ঘুরে মরি
কোথায় রইলে দয়াল কাণ্ডারী
ফিরে কেন চাইলে না ॥

করে তোমার চরণ আশা
ঘটল আমার এ দুর্দশা
সার হলো কেবল যাওয়াআসা
কিনার তো আর পেলাম না ॥

জনম গেল দেশে দেশে
ভজন সাধন হবে কিসে
লালন তাই ভাবছে বসে
কিসে যাবে যাতনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬০.

কী রূপসাধনের বলে
অধর মানুষ ধরা যায়
নিগূঢ়সন্ধান জেনে শুনে
সাধন করতে হয় ॥

পঞ্চতত্ত্ব সাধন করে
পেত যদি সে চাঁদেরে
তবে বৈরাগীরা কেনে
আঁচলা গুদরী টানে
কুলের বাহির হয় তারা
চরণবাঞ্ছায় ॥

বৈষ্ণবের সাধন ভাল
তাতে বুঝি ভক্তি ছিল
ব্রহ্মজ্ঞানী যাঁরা
সদাই ভাবে তাঁরা
শাক্ত বৈষ্ণবের নাই
স্বয়ং পরিচয় ॥

শুনে ব্রহ্মজ্ঞানীর বাক্য
দরবেশে করে ঐক্য
বস্তুজ্ঞান যার নাই
নামব্রহ্মে কী পায়
লালন বলে দরবেশ
এ কী কথা কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬১.

কী শোভা দ্বিদল 'পরে
রস মণিমাণিক্যের রূপ
ঝলক মারে ॥

অবিন্দু গম্ভুতে
অনিত্য গোলোক
বিরাজ করে তাহে
পূর্ণব্রহ্মালোক
হলে দ্বিদল নির্ণয়
সব জানা যায়
অসাধ্য থাকে না
সাধন দ্বারে ॥

শতদল সহস্রদল রসরতি
রূপে করে চলাচল
দ্বিদলে স্থিতি
বিদ্যুত আকৃতি
ষোড়দলে আরাম যোগান্তরে ॥

ষোড়দলে সে তো ষড়তত্ত্ব হয়
দশমদলের মৃণালগতি গঙ্গাময়
ত্রিধারা তার
ত্রিগুণ বিচার
লালন বলে গুরু অনুসারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬২.
কুলের বউ ছিলাম বাড়ি
হলাম ন্যাড়ী ন্যাড়ার সাথে
কুলের আচার
কুলের বিচার
আর কি ভুলি সেই ভোলাতে ॥

ভাবের ন্যাড়ী ভাবের ন্যাড়া
কুল মজানো জগত জোড়া
করণ তার উল্টো দাঁড়া
বিধির ফাঁড়া কাটবে যাতে ॥

ভাবের ন্যাড়া ভাবের ন্যাড়ী
পরনে পরেছি ধড়ি
দেব না আর আচার কড়ি
বেড়াব চৈতন্যপথে ॥

আসতে ন্যাড়া যেতে ন্যাড়া
দুদিন কেবল ওড়া জোড়া
লালন কয় আসল গোড়া
জেনে হয় মাথা মুড়াতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬৩.

কে আমায় পাঠালে এহি ভাবনগরে
মনের আঁধারহরা চাঁদ
সেই দয়াল চাঁদ
আর কতদিনে দেখব তাঁরে ॥

কে দেবেরে উপাসনা
করিরে আজ কি সাধনা
কাশীতে যাই কী
মক্কা থাকি
আমি কোথা গেলে পাব সে চাঁদেরে ॥

ঘর ছেড়ে বনে খোঁজা
যে পথে তাঁর আসাযাওয়া
সে পথের হয়
কোন ঠিকানা
কে জানাবে আজ আমারে ॥

মনফুলে পূজিব কী
নামব্রহ্ম রসনায় জপি
কিসে দয়া তাঁর
হবে পাপীর উপর
অধীন লালন বলে
তাইতে প'লাম ফ্যারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬৪.

কে কথা কয়রে দেখা দেয় না
নড়ে চড়ে হাতের কাছে
খুঁজলে জনমভর মেলে না ॥

খুঁজি যারে আসমানজমি
আমারে চিনিনে আমি
এ বিষম ভ্রমে ভ্রমি
আমি কোনজন সে কোনজনা ॥

রাম রহিম বলেছে যে জন
ক্ষিতি জল কি বায়ু হুতাশন
শুধালে তার অন্বেষণ
মূর্খ বলে কেউ বলে না ॥

হাতের কাছে হয় না খবর
কী দেখতে যাও দিল্লি লাহোর
সিরাজ সাঁই কয় লালনরে তোর
সদাই মনের ঘোর গেল না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬৫.

কে গো জানবে সামান্যেরে তাঁরে
আজব মীনরূপে শাঁই খেলছে নীরে ॥

জগত জোড়া মীন অবতার
কারণ্য বারির মাঝার
মনে বুঝে কালাকাল
বাঁধিলে বাঁধাল
অনায়াসে সে মীন ধরতে পারে ॥

আজব লীলা মানুষগঙ্গায়
আলোর উপর জলময়
যেদিন শুকাবে জল
হবে সব বিফল
সে মীন পালাবে অমনি শূন্যভরে ॥

মানুষগঙ্গা গভীর অথৈ থৈ
দিলে তায় রসিক ভাই
সিরাজ শাঁইর চরণ
কহিছে লালন
চুবনি খেলাম নেমে সেই কিনারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬৬.

কে তোমারে এ বেশভূষণ
পরাইল বল শুনি
জিন্দাদেহে মূর্দার বসন
খিরকা তাজ আর ডোর কোপিনী ॥

জ্যান্তে মরার পোশাক পরা
আপন সুরত আপনি সারা
ভবলোভকে ধ্বংস করা
এহি তো অসম্ভব করণই ॥

মরণের যে আগে মরে
শমনে ছোঁবে না তাঁরে
শুনেছি তাই সাধুর দ্বারে
তাই বুঝি পরেছ ধনী ॥

সেজেছ সাজ ভালতর
মরে যদি বাঁচতে পার
লালন বলে যদি ফের
দুকুল হবে অপমানী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬৭.

কে তোর মালিক চিনলি নারে
মন কি এমন জনম আর হবেরে ॥

দেবের দুর্লভ এবার
মানবজনম তোমার
এমন জনমের আচার
করলি কিরে ॥

নিঃশ্বাসের নাইরে বিশ্বাস
পলকেতে করে নিরাশ
তখন মনে রবে মনের আশ
বলবি কারে ॥

এখনও শ্বাস আছে বজায়
যা কর ভাই তাই সিদ্ধি হয়
সিরাজ শাঁই তাই বারে বার কয়
লালনরে ॥

AMARBOI.COM

৫৬৮.

কে পারে মকরউল্লার
মকর বুঝিতে
আহাদে আহ্‌মদ নাম
হয় জগতে ॥

আহ্‌মদ নামে খোদায়
মিম হরফ নফি কেন কয়
মিম উঠায়ে দেখ সবাই
কী হয় তাতে ॥

আকারে হয়ে জুদা
খোদে সে বলে খোদা
দিব্যজ্ঞানী নইলে কি তা
পায় জানিতে ॥

এখলাস সুরাতে তাঁর
ইশারায় আছে বিচার
লালন বলে দেখ না এবার
দিন থাকিতে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৬৯.

কে বানাইল এমন রঙমহলখানা
হাওয়া দমে দেখ তারে
আসল বেনা ॥

বিনা তেলে জ্বলে বাতি
দেখতে যেমন মুক্তামতি
ঝলক দেয় তার চুতুর্ভিতি
মধ্যে থানা ॥

তিল পরিমাণ জায়গা সে যে
হদ্দ রঙ তাহার মাঝে
কালায় শোনে আঁধেলায় দেখে
লেংড়ার নাচনা ॥

যে গঠিল এ রঙমহল
না জানি তাঁর রূপটি কেমন
সিরাজ সাঁই কয় নাইরে লালন
তাঁর তুলনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭০.
কে বুঝিতে পারে
শাঁইয়ের কুদরতি
অগাধ জলের মাঝে
জ্বলছে বাতি ॥

বিনা কাষ্ঠে অনল জ্বলে
জল রয়েছে বিনা স্থলে
আখের হবে জলানলে
প্রলয় অতি ॥

অনলে জল উষ্ণ হয় না
জলে সে অনল নেভে না
এমন সেই কুদরত কারখানা
দিবারাতি ॥

যেদিন জলে ছাড়বে হুংকার
নিভে যাবে আগুনের ঘর
লালন বলে সেইদিন বান্দার
কী হবে গতি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭১.
কে বোঝে তোমার অপার লীলে
আপনি আল্লাহ ডাক
আল্লাহ আল্লাহ বলে ॥

নিরাকারের তরে তুমি নূরী
ছিলে ডিম্ব অবতারী
সাকারে সৃজন
গঠলে ত্রিভুবন
আকারে চমৎকার ভাব দেখালে ॥

নিরাকারে নিগম ধনী
সেও সত্য সবাই জানি
তুমি আগমের ফুল
নিগমের রসুল
আদমের ধড়ে জান হইলে ॥

আত্মতত্ত্ব জানে যাঁরা
শাঁইর নিগূঢ় লীলা দেখছে তাঁরা
তুমি নীরে নিরঞ্জন
অকৈতব ধন
লালন খুঁজে বেড়ায় বন জঙ্গলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭২.
কে বোঝে শাঁইয়ের লীলাখেলা
সে আপনি গুরু আপনি চেলা ॥

সপ্ততলার উপরে সে
নিরূপে রয় অচিন দেশে
প্রকাশ্য রূপ লীলারসে
চেনা যায় না বেদের ঘোলা ॥

অঙ্গের অবয়বে সবে সৃষ্টি
করলেন পরম ইষ্টি
তবে কেন আকার নাস্তি
বলি না জেনে সে ভেদ নিরালা ॥

যদি কারও হয় চক্ষুদান
সেই দেখে সে রূপ বর্তমান
লালন বলে তাঁর ধ্যানজ্ঞান
ছাড়িয়ে যায় সব পুঁথিপালা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭৩.

কে ভাসায় ফুল প্রেমের ঘাটে
অপার মহিমা তাঁর
সে ফুলের বটে ॥

যাতে জগতের গঠন
সে ফুলের হয় না যতন
বারে বারে তাইতে ভ্রমণ
ভবের হাটে ॥

মাসান্তে ফোটে সে ফুল
কোথা বৃক্ষ কোথায়রে মূল
জানিলে তাহারই উল
ঘোর যায় ছুটে ॥

গুরুকৃপা যার হইল
ফুলের মূল সেই চিনিল
লালন আজ ফেরে প'লো
ভক্তি চটে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭৪.
কেন খুঁজিস মনের মানুষ বনে সদাই
এবার নিজ আত্মরূপে যে আছে
দেখ সেইরূপ দ্বীন দয়াময় ॥

কারে বলি জীবাত্মা
কারে বলি স্বয়ংকর্তা
আবার দেখি ছটা
চোখে ভেল্কি
লেগে মানুষ হারায় ॥

বলব কী তাঁর আজব খেলা
আপনি গুরু আপনি চেলা
পড়ে ভূত
ভুবনের পণ্ডিত
যে জন আত্মতত্ত্বের প্রবর্ত নয় ॥

পরমাত্মার রূপ ধরে
জীবাত্মাকে হরণ করে
লোকে বলে যায়রে নিদ্রে
সে যে অভেদব্রহ্ম
ভেবে লালন কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭৫.

কেন ভ্রান্ত হওরে আমার মন
ত্রিবেণী নদীর কর অন্বেষণ ॥

নদীতে বিনা মেঘে বাণ বরিষণ হয়
বিনা বায়ে হামাল উঠে মৌজা ভেসে যায়
নদীর হিল্লোলে মরি হায়
না জানি গতি কেমন ॥

নদীর ক্ষণে ক্ষণে হয়রে উৎপত্তি
কালিন্দে গঙ্গা নদী প্রবল বেগবতী
কেউ হেলায় পার হয়ে যায়
কারও শুকনা ডাঙ্গায় হয়রে মরণ ॥

নদীতে মাঝে মাঝে উঠছে ফেপি
তাতে পড়লে কুটো
হয়রে দুটো
এতই বেগবতী
অধীন লালন বলে ও অবোধ মন
নদীর কূলে গিয়ে লও স্মরণ ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭৬.

কেনরে মন ঘোর বাইরে
চল না আপন অন্তরে
বাইরে যাঁর তত্ত্ব
কর অবিরত
সে তো আজ্ঞাচক্রে বিহারে ॥

বামে ইড়া নাড়ি
দক্ষিণে পিঙ্গলা
শ্বেত রজঃগুণে
করিতেছে খেলা
মধ্যে শতগুণ
সুষুম্না বিমলা
ধর ধর তাঁরে সাদরে ॥

কুলকুণ্ডুলিনী শক্তি
বায়ু বিকারে
অচৈতন্য হয়ে
আছে মূলাধারে
গুরুদত্ত তত্ত্ব
সাধনেরই জোরে
চেতন কর তাহারে ॥

মূলাধার অবধি
পঞ্চচক্রভেদী
লালন বলে আজ্ঞাচক্রে
বয় নিরবধি
হেরিলে সে নিধি
যাবে ভবব্যাধি
ভাসবি আনন্দসাগরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭৭.
কোথায় আনিলে আমায় পথ ভুলালে
দুরন্ত তরঙ্গে তরীখানি ডুবালে ॥

তরী নাহি দেখি আর
চারিদিকে শূন্যকার
প্রাণ বুঝি যায় এবার
ঘূর্ণিপাকের জলে ॥

কোথায় রইলে মাতাপিতা
কে করে স্নেহ মমতা
আমার মোর্শেদ রইল কোথা
দয়া কর বন্ধু বলে ॥

অধীন লালন কয় কাতরে
পড়ে ম'লাম তীরধারে
কে দেবে সন্ধান করে
আমায় সুপথগামী রাস্তা খুলে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭৮.
কোন কলে নানা ছবি
নাচ করে সদাই
কোন কলে নানাবিধ
আওয়াজ উদয় ॥

কলেমা পড়ি কল চিনিনে
যে কলে ঐ কলেমা চলে
উপর উপর বেড়াও ঘুরে
গভীরে ডুবিল না হৃদয় ॥

কলের পাখি কলের চুয়া
কলের মোহর গিরে দেওয়া
কল ছুটিলে যাবে হাওয়া
পড়ে রবে কে কোথায় ॥

আপনদেহের কল না টুঁড়ে
বিভোর হলে কলেমা পড়ে
লালন বলে মোর্শেদ ছেড়ে
কে পেয়েছে খোদায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৭৯.
কোন সুখে শাঁই করে খেলা এই ভবে
আপনি বাজায় আপনি বাজেন
আপনি মজেন সেই রবে ॥

নামটি তাঁর লা শরিকালা
সবার শরিক সেই একেলা
আপনি তরঙ্গ আপনি ভেলা
আপনি খাবি খায় ডুবে ॥

ত্রিজগতে যে রাই রাঙা
তাঁর দেখি ঘরখানি ভাঙ্গা
হায় কী মজা আজব রঙ্গা
দেখায় ধনী কোনভাবে ॥

আপনি চোর সে আপনি বাড়ি
আপনি পরে আপন বেড়ি
লালন বলে এই নাচাড়ি
কইনে থাকি চুপেচাপে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮০.
কোনদিন সূর্যের অমাবস্যে
দেখি চাঁদের অমাবস্যে
হয় মাসে মাসে ॥

আকাশে পাতালে শুনব না
দেহরতির চাই উপাসনা
কোন পথে কখন
করে আগমন
চাঁদ চকোর খেলে কখন এসে ॥

বারোমাসে ফোটে চব্বিশ ফুল
জানতে হবে কোন্ ফুলে কার মূল
আন্দাজি সাধন
কর নারে মন
মূল ভুললে ফল পাবি কিসে ॥

যে করে সেই আসমানি কারবার
না জানি তাঁর কোথায় বাড়িঘর
যদি চেতনমানুষ পাই
তাঁহারে শুধাই
লালন বলে মিলবে মনের দিশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮১.
কোন রসে কোন রতির খেলা
জানতে হয় এই বেলা ॥

সাড়ে তিন রতি বটে
লেখা যায় শাস্ত্রপটে
সাধকের মূল তিনরস ঘটে
তিনশো ষাট রসের বালা
জানিলে সেই রসের মর্ম
রসিক তারে যায় বলা ॥

তিনরস সাড়ে তিনরতি
বিভাগে করে স্থিতি
গুরু ঠাঁই জেনে পতি
সাধন করে নিরালা
তার মানব জনম সফল হবে
এড়াবে শমনজ্বালা ॥

রসরতিতে নই বিচক্ষণ
আন্দাজি করি সাধন
কিসে হয় প্রাপ্তি সে ধন
ঘোঁচে না মনের ঘোলা
আমি উজানে কি ভেটেনে পড়ি
ত্রিবেণীর ত্রিনালা ॥

শুদ্ধ প্রেমরসিক হলে
সেই রতি উজানে চলে
ভিয়ানে সিদ্ধি ফলে
অমৃত মিছরি উলা
লালন বলে আমার কেবল
শুধুই জল তোলাফেলা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮২.
কোন রাগে কোন মানুষ আছে
মহারসের ধনী
চন্দ্রে সুধা পদ্মে মধু
যোগায় রাত্রদিনই ॥

সিদ্ধি সাধক প্রবর্তগুণ
তিনরাগ ধরে আছে তিনজন
এই তিন ছাড়া রাগ নিরূপণ
জানলে হয় ভাবিনী ॥

মৃণালগতি রসের খেলা
নবঘাট নবঘাটেলা
দশম যোগে বারিগোলা
যোগেশ্বর অযোনি ॥

সিরাজ শাঁইর আদেশে লালন
বলছে বাণী শোনরে এখন
ঘুরতে হবে নাগরদোলন
না জেনে তার মূলবাণী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮৩.
কোন সাধনে তাঁরে পাই
আমার জীবনেরই জীবন শাঁই ॥

শাক্ত শৈব বৈরাগ্য ভাব
তাতে যদি হয় চরণ লাভ
তবে কেন দয়াময়
সদা সর্বদাই
বৈদীভক্তি বলে দুষিলেন তাই ॥

সাধিলে সিদ্ধির ঘরে
আবার শুনি পায় না তাঁরে
সাযুজ্যের মুক্তি
পেলেও সে ব্যক্তি
আবার শুনি ঠকে যাবে ভাই ॥

গেল না মোর মনের ভ্রান্ত
পেলাম না তার ভাবের অন্ত
বলে মূঢ় লালন
ভবে এসে মন
কি করিতে যেন কী করে যাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮৪.

কোন সাধনে পাই গো তাঁরে
　　　　মন অহর্নিশি চায় গো যাঁরে ॥

দান যজ্ঞ স্তব ব্রত
তাতে গুরু হয় না রত
সাধুশাস্ত্রে কয় সদা তো
　　　　কোনটি জানি সত্য করে ॥

পঞ্চ প্রকার মুক্তিবিধি
অষ্টাদশ প্রকারে সিদ্ধি
এই সকল হেতুভক্তি
　　　　তাতে বশ নয় শাঁইজি ম্যারে ॥

ঠিক পড়ে না প্রবর্তের ঘর
সাধন সিদ্ধি হয় কী প্রকার
সিরাজ শাঁই কয় লালন তোমার
　　　　নজর হয় না কোলের ঘোরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮৫.
কোন সাধনে শমনজ্বালা যায়
ধর্মাধর্ম
বেদের মর্ম
শমনের অধিকারে রয় ॥

দান যজ্ঞ স্তব ব্রত করে
পূণ্যফল সে পেতে পারে
সে ফল ফুরায়ে গেলে
আবার ঘুরতে ফিরতে হয় ॥

নির্বাণ মুক্তি সেধে সে তো
লয় হবে পশুর মত
সাধন করে এমন তত্ত্ব
মুখে কেবা সাধতে চায় ॥

পথের গোলমালে পড়ে
মূল হারালাম নদীর তীরে
লালন বলে কেশে ধারে
লাগাও গুরু কিনারায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮৬.

খাকি আদমের ভেদ
সে ভেদ পশু কী বোঝে
আদমের কলবে খোদা
খোদ বিরাজে ॥

আদম শরীর আমার
ভাষায় বলেছেন অধর
শাঁই নিজে
নইলে কী আদমকে সেজদা
ফেরেস্তায় সাজে ॥

শুনি আজাজিল খাস তন
খাকে আদমতন গঠন
গঠেছে
সেই আজাজিল শয়তান হলো
আদম না ভজে ॥

আব আতস খাক বাত ঘর
গঠলেন জান মালেক মোক্তার
কোন চিজে
লালন বলে এই ভেদ জানলে
সব জানে সে যে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮৭.
খাকে গঠিল পিঞ্জরে
এ সুখপাখি আমার কিসে গঠেছেরে ॥

পাখি পুষলাম চিরকাল
নীল কিংবা লাল
একদিনও না দেখলাম
সেইরূপ সামনে ধরে ॥

আবে খাকে পিঞ্জরা বর্ত
আতশে হইল পোক্ত
পবন আড়া সেই ঘরে ॥

আছে সুখপাখি সেথায়
প্রেমের শিকল পায়
আজব খেল খেলছে
গুরু গোসাঁই ম্যারে ॥

কেমনরে পিঞ্জিরার ধ্বজা
নিচে উপর সাড়ে নয় দরজা
কুঠরি কোঠা থরে থরে ॥

পঞ্চকুঠরি তার
আছে মূলাধার
মূলাধারের মূল শূন্যভরে ॥

করে আজব কারিগরি
বসে আছে ভাবমিস্ত্রি
সেই পিঞ্জিরে ॥

পাখির আসাযাওয়ার দ্বার
আছে সন্ধির উপর
ফকির লালন বলে
কেউ কেউ জানতে পারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮৮.
খাঁচার ভিতর অচিন পাখি
কেমনে আসেযায়
ধরতে পারলে মনোবেড়ি
দিতাম পাখির পায় ॥

আট কুঠুরি নয় দরজা আঁটা
মধ্যে মধ্যে ঝরকা কাটা
তার উপরে সদর কোঠা
আয়না মহল তায় ॥

কপালের ফের নইলে কি আর
পাখিটির এমন ব্যবহার
খাঁচা ছেড়ে পাখি আমার
কোনখানে পালায় ॥

মন তুই রইলি খাঁচার আশে
খাঁচা যে তোর কাঁচা বাঁশে
কোনদিন খাঁচা পড়ব ধসে
লালন ফকির কেঁদে কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৮৯.
খুঁজে পাই কিসে ধন
পরের হাতে ঘরের কলকাঠি
আবার শতেক তালা আটা
ঘরের মালকুঠি ॥

শব্দের ঘর নিঃশব্দের কুড়ে
সদাই তারা আছে জুড়ে
দিয়ে জীবের নজরে
ঘোর টাঁটি ॥

আপন ঘরে পরের কারবার
দেখলাম নারে তাঁর বাড়িঘর
আমি বেহুঁশ মুটে কার বা
মোট খাটি ॥

থাকতে রতন আপন ঘরে
এ কী বেহাত আজ আমারে
লালন বলে মিছে মনরে
এ ঘরবাটি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯০.

খেলছে মানুষ নীরে ক্ষীরে
আপন আপন ঘর
খোঁজ মন আমার
কেন হাতড়ে বেড়াও
কোলের ঘোরে ॥

নীরনদীর গভীরে ডোবা কঠিন হয়
ডুবলে কত আজব দেখা যায়
সেই নীরভাণ্ড
পুরা ব্রহ্মাণ্ড বলতে
কাণ্ড আমার নয়ন ঝরে ॥

শূন্যদেশে মেঘের উদয়
নিরোদ বিন্দু বারি বরিষণ হয়
তাতে ফলছে ফল
রঙ বেরঙের হল
আজব কুদরতি কল
ভাবের ঘরে ॥

ইন্দ্রিয়ডঙ্কা নাই সে রাজ্যে
সহজ মানুষ ফেরে সহজে
সিরাজ শাঁইয়ের বচন
মিথ্যে নয় লালন
ডুব দিয়ে দেখ স্বরূপ দ্বারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯১.
ক্ষমো অপরাধ
ওহে দীননাথ
কেশে ধরে আমায় লাগাও কিনারে ॥

তুমি হেলায় যা কর
তাই করতে পার
তোমা বিনে পাপীর তারণ কে করে ॥

পাপীকে তরাতে পতিত পাবন নাম
তাইতে তোমায় ডাকি হে গুণধাম
আমার বেলায় কেন হলে বাম
তোমার দয়াল নামের দোষ রবে সংসারে ॥

শুনতে পাই পরম পিতা গো তুমি
অতিঅবোধ বালক আমি
তোমার সুপথ ভুলে কুপথে ভ্রমি
তবে দাও না কেন সুপথ স্মরণ করে ॥

না বুঝে পাপসাগরে ডুবে খাবি খাই
শেষকালেতে তোমার দিলাম গো দোহাই
এবার যদি আমায় না তরাও হে শাঁই
আমি আর কতকাল ভাসব দুঃখের সাগরে ॥

অথৈ তরঙ্গে আতঙ্কে মরি
কোথায় রইলে হে দয়াল কাণ্ডারী
লালন বলে তরাও হে তরী
নামের মহিমা জানাও ভববাজারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯২.

ক্ষমো ক্ষমো অপরাধ
দাসের পানে একবার
চাও হে দয়াময়
বড় সংকটে পড়ে এবার
বারে বার ডাকি তোমায় ॥

তোমারই ক্ষমতা আমী
যা ইচ্ছে তাই কর তুমি
রাখ মার সেই নাম নামী
তোমারই এই জগতময় ॥

পাপী অধম তরাতে শাঁই
পতিতপাবন নাম শুনতে পাই
সত্যমিথ্যা জানব হেথায়
তরালে আজ আমায় ॥

কসুর পেয়ে মার যারে
আবার দয়া হয় তাহারে
লালন বলে এ সংসারে
আমি কি তোর কেহ নই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯৩.

গুরু তুমি পতিতপাবন
পরম ঈশ্বর
অখণ্ড মণ্ডলাকারং
ব্যাপ্তং যেন চরাচর ॥

ব্রহ্মা বিষ্ণু শিবে তিনে
ভজে তোমায় নিশিদিনে
আমি জানিনে তোমা বিনে
তুমি গুরু পরাৎপর ॥

ভজে যদি না পাই তোমায়
এ দোষ আমি দেব বা কার
নয়ন দুটি তোমার উপর
যা কর তুমি এবার ॥

আমি লালন একে শ্বরে
ভাই বন্ধু নাই আমার জোড়ে
ভুগেছিলাম পক্ষ জ্বরে
মলম শাহ্ করেন উদ্ধার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯৪.
গুরু দোহাই তোমার মনকে আমার
লও গো সুপথে
তোমার দয়া বিনে চরণ
সাধব কী মতে ॥

তুমি যারে হও গো সদয়
সে তোমারে সাধনে পায়
দেহের বিবাদীগণ সব বশে রয়
তোমার কৃপাতে ॥

যন্তরে যন্তরি যেমন
যে বোল বাজাও বাজে তেমন
তেমনই যন্তর আমার এই মন
বোল তোমার হাতে ॥

জগাই মাধাই দস্যু ছিল
তাহে প্রভুর দয়া হলো
লালন পথে পড়ে রইল
তোমার আশাতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯৫.

গুরু বিনে সন্ধান কে জানে
সে ভেদ জাহের নয় তা বাতেনে ॥

সুধার কথা লোকে বলছে
সুধা আছে গুরুর কাছে
জান গে উদ্দিশে
সুধানিধি
দেখতে পাবি
ভক্তি দাও ঐ চরণে ॥

বারো মাসে তেরো তিথি সে
সে চাঁদে নাই অমাবস্যে
ভজনে স্থিতি সে
মাসে মাসে
জোয়ার আসে
চন্দ্র উদয় সেইখানে ॥

রোহিনীর চাঁদ কপালেতে রয়
নীলপদ্মে কৃষ্ণের আসন হয়
বসে সেবা নেয়
লালন ভনে
ভরা গাঙ্গে
আত্মতত্ত্ব নাই মনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯৬.
গুরুর দয়া যারে হয় সে ই জানে
যে রূপে শাঁই বিরাজ করে
দেহভুবনে ॥

শহরে সহস্র পাড়া
তিন গলি তার এক মহড়া
আলাক সওয়ার পবনঘোড়া
ফিরছে সেইখানে ॥

জলের বিম্ব আলের উপর
অখণ্ড বলয়ের মাঝার
বিন্দুতে হয় সিন্ধু তাঁহার
ধারা বয় ত্রিগুণে ॥

হাতের কাছে আলাক শহর
রঙবেরঙের উঠছে লহর
সিরাজ শাঁই কয় লালনরে তোর
সদাই ঘোর মনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯৭.
গুরুরূপের পুলক ঝলক দিচ্ছে যার অন্তরে
কিসের একটা ভজনসাধন
লোক জানাতে করে ॥

বকের ধরনকরণ তার তো নয়
দিকছাড়া রূপ নিরিখ সদাই
পলকভরে
ভবপারে
যায় সেই নিরিখ ধরে ॥

জ্যান্তে গুরু না পেলে হেথা
ম'লে পাব সে কথার কথা
সাধকজনে
বর্তমানে
দেখে ভজে তাঁরে ॥

গুরুভক্তির তুলনা দেব কী
যে ভক্তিতে শাঁই থাকে রাজি
লালন বলে
গুরুরূপে
নিরূপ মানুষ ফেরে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯৮.

গুরুশিষ্য হয় যদি একতার
　　　　শমন বলে ভয় কিরে আর ॥

গঙ্গার জল গেড়োয় থাকলে
সে জল কি ফুরায় সেচলে
অমনি তারে তার মিশালে
　　　　হয় অমর ॥

শুনি সুজল ধরে মেশার লক্ষণ
করিতে হয় তাঁর অন্বেষণ
মনরে ভুল না সাধন
　　　　তুমি এবার ॥

মিশার সন্ধান জেনে মিশ
ত্বরায় হোক বরখাস্ত
শমন রায়
অধীন লালন বলে
তা কি হায়
　　　　ঘটবে আমার ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৫৯৯.

গুরু সুভাব দাও আমার মনে
তোমার চরণ যেন ভুলিনে ॥

তুমি নিদয় যার প্রতি
সদাই তার ঘটে কুমতি
তুমি মনোরথের সারথী
যথা লও যাই সেখানে ॥

গুরু তুমি মনের মন্ত্রী
গুরু তুমি তন্ত্রের তন্ত্রী
গুরু তুমি যন্ত্রের যন্ত্রী
না বাজাও বাজবে কেনে ॥

জন্মান্ধ মোর নয়ন
তুমি বৈদ্য সচেতন
অতিবিনয় করে বলছে লালনে
জ্ঞানাঞ্জন দাও মোর নয়নে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০০.
গোপনে রয়েছে খোদা
তাঁরে চিননি
কাম গোপন প্রেম গোপন
লীলা গোপন নিত্য গোপন
দেহেতে তোর মক্কা গোপন
তাও হইল জানাজানি ॥

আহাদে আহ্‌মদ গোপন
মিমে দেখ নূর গোপন
নামাজে হয় মারফত গোপন
তাও আবার জাননি ॥

আছে আরশ কুরসি
লহু কালাম গোপন
তাই বলে ফকির লালন
উপরে আল্লাহ্ গোপন
পীরের নিশানি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০১.

গোসাঁইয়ের ভাব যেহি ধারা
আছে সাধুশাস্ত্রে তাঁর প্রমাণধারা
শুনলেরে জীবন হয় অমনি সারা
যে মরার সঙ্গে ভাবে মরে
রূপসাগরে ডুবতে পারে
সুভাবুক তাঁরা ॥

দুগ্ধ ননীতে মিশানো সর্বদা
মৈথুনদণ্ডে করে আলাদা
মনরে তেমনই ভাবের ভাবে
সুধানিধি পাবে
মুখের কথায় নয়রে
সেই ভাব করা ॥

অগ্নি যৈছে ঢাকা ভস্মের ভিতরে
সুধা তেমনই আছে গরলে হল করে
কেউ সুধার লোভে যেয়ে
মরে গরল খেয়ে
মন্থনের সুতাক জানে না তারা ॥

যে স্তনেতে দুগ্ধ খায়রে শিশুছেলে
জোঁকের মুখে তথায় রক্ত এসে মেলে
অধীন লালন ফকির
বলে করিলে বিচার
কুরসে সুরস মেলে সে ধারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০২.
ঘরের চাবি পরের হাতে
কেমনে খুলিয়ে সে ধন
দেখব চোখেতে ॥

আপন ঘরে বোঝাই সোনা
পরে করে লেনাদেনা
আমি হলাম জন্মকানা
না পাই দেখিতে ॥

রাজি হলে দারোয়ানী
দ্বার ছেড়ে দেবেন তিনি
তাঁরে বা কই চিনি জানি
বেড়াই কুপথে ॥

এই মানুষে আছেরে মন
যাঁরে বলে মানুষরতন
লালন বলে পেয়ে সে ধন
না পাই চিনিতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০৩.

ঘরের মধ্যে ঘর বেঁধেছেন
মনমোহিনী মনোহরা
ঘরের আট কুঠুরি নয় দরজা
আঠারো মোকাম চৌদ্দ পোয়া
দুই খুঁটিতে পাড়া সুসারা ॥

ঘরের বায়ান্ন বাজার তেপান্ন গলি
কোন মোকামে কোথা চলি
ঐ বাজারে বেচাকেনা
করে মনোচোরা ॥

ঘরের মটকাতে আছে
নামটি তার অধরা
ফকির লালন বলে
ঐ রূপ নিহারে
অনুরাগী যারা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০৪.

চাতক বাঁচে কেমনে
　　　　শুদ্ধমেঘের বরিষণ বিনে ॥

কোথায় হে নবজলধর
চাতকিনী ম'লো এবার
ও নামে কলঙ্ক তোমার
　　　　বুঝি হলো ভুবনে ॥

তুমি দাতা শিরোমণি
আমি চাতক অভাগিনী
তোমা বৈ অন্য না জানি
　　　　রেখ স্মরণে ॥

চাতক ম'লে যাবে জানা
নামের গৌরব রবে না
জল দিয়ে কর সান্ত্বনা
　　　　আবোধ লালনে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০৫.
চাতক স্বভাব না হলে
অমৃত মেঘের বারি
শুধু কথায় কি মেলে ॥

মেঘে কত দেয়রে ফাঁকি
তবু চাতক মেঘের ভোগী
অমনি নিরিখ রাখলে আঁখি
তাঁরে সাধক বলে ॥

চাতক পাখির এমনই ধারা
তৃষ্ণাতে প্রাণ যায়রে মারা
অন্য বারি খায় না তারা
মেঘের জল না হলে ॥

মন হয়েছে পবনগতি
উড়ে বেড়ায় দিবারাতি
লালন বলে গুরুর প্রতি
মন রয় না সুহালে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০৬.
চাঁদ আছে চাঁদে ঘেরা
কেমন করে সে চাঁদ দেখবি গো তোরা ॥

লক্ষ লক্ষ চাঁদে করিছে শোভা
তার মাঝে অধর চাঁদের আভা ॥

রূপের গাছে চাঁদফল ধরেছে তাই
থেকে থেকে ঝলক দেখা যায় ॥

সে চাঁদের বাজার দেখে
চাঁদ ঘুরানি লেগে
দেখিস্ যেন হোস্ নে জ্ঞানহারা ॥

একবার দৃষ্টি করে দেখি
ঠিক থাকে না আঁখি
রূপের কিরণে চমক পারা ॥

আলাক নামের শহর
আজব কুদরতি
রাতে উদয় ভানু দিবসে বাতি
যাঁরা আলের খবর জানে
দৃষ্ট হয় নয়নে
লালন বলে সেই চাঁদ দেখেছে তাঁরা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০৭.
চাঁদধরা ফাঁদ জান নারে মন
লেহাজ নাই তোমার
নাচানাচি সার
একবারে লাফ দিয়ে ধরতে চাও গগন ॥

সামান্যে রূপের মর্ম পাবে কে
কেবল প্রেমরসের রসিক যে
সে প্রেম কেমন কর নিরূপণ
প্রেমের সন্ধি জেনে থাক চেতন ॥

ভক্তিপাত্র আগে কররে নির্ণয়
মুক্তিদাতা এসে তাতে বারাম দেয়
নইলে হবে না প্রেম
উপাসনা মিছে
জল সেচিয়ে হবে মরণ ॥

মুক্তিদাতা আছে নয়নের অজান
ভক্তিপাত্র সিড়ি দেখ বর্তমান
মুখে গুরু গুরু বল
সিড়ি ধরে চল
সিড়ি ছাড়লে ফাঁকে পড়বি লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০৮.
চাঁদে চাঁদে চন্দ্রগ্রহণ হয়
সে চাঁদের উদ্দেশ পায় না
রসিক মহাশয় ॥

চাঁদের রাহু চাঁদেরই গ্রহণ
সে বড় করণকারণ
বেদ পড়ে তার ভেদ অন্বেষণ
পাবে কোথায় ॥

রবি শশী বিমুখ থাকে
মাসান্তে সুদৃষ্টি দেখে
মহাযোগ সেই গ্রহণযোগে
আমার বলতে লাগে ভয় ॥

কখনও রাহুরূপ ধরে
কোন চাঁদে কোন চন্দ্র ঘেরে
ফকির লালন কয় সেই স্বরূপ দ্বারে
দেখলে দেখা যায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬০৯.
চারটি চন্দ্র ভাবের ভুবনে
তার দুটি চন্দ্র প্রকাশ্য হয়
তাই জানে অনেক জনে ॥

যে জানে সে চাঁদের ভেদকথা
বলব কী তাঁর ভক্তির ক্ষমতা
চাঁদ ধরে পায় অন্বেষণ
সে চাঁদ না পায় গুণে ॥

এক চন্দ্রে চার চন্দ্র মিশে রয়
ক্ষণে ক্ষণে বিভিন্ন রূপ হয়
মণিকোঠার খবর
জানলে সকল
খবর সেই জানে ॥

ধরতে চায় মূল চন্দ্র কোনজন
গরল চন্দ্রের কর নিরূপণ
সিরাজ শাঁই কয় দেখরে লালন
বিষামৃত মিলনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১০.
চিনবে তাঁরে এমন আছে কোন ধনী
নয় সে আকার
নয় নিরাকার
নয় ঘরখানি ॥

বেদ আগমে জানা গেল
ব্রহ্মা যারে ঢুঁড়ে হদ্দ হলো
জীবের কী সাধ্য বল
তাঁরে চিনি ॥

কত কত মুনিজনা
করেরে যোগসাধনা
লীলার অন্ত কেউ পেল না
লীলা এমনই ॥

সবে বলে কিঞ্চিৎ ধ্যানী
গণ্য সে হন শূলপাণি
লালন বলে কবে আমি
হব তেমনই ॥

৬১১.

চিনি হওয়া মজা কী খাওয়া মজা
দেখ নারে মন কোনটি মজা ॥

সাষ্টি সারূপ্য সামীপ্য শান্তি
সালোক্য সাযুজ্য মুক্তি আদি
বলছে যারা এসব মুক্তি
যদি এবার পাই মুক্তি
কী সে যোগ কী সে যুক্তি
তারা হয়ে রয় যমের প্রজা ॥

নির্বান মুক্তি সেধে সেতো
জানা যায় সে চিনিমত
মুক্তি কি চিনি খাওয়া
চিনিতে চিনি খায়
তাতে কী জানা যায়
সুখদুঃখ বোঝা ॥

সমঝে ভবে কর সাধন
যাতে মেলে গুরুর চরণ
অটল ধ্বজা
সিরাজ শাঁই কয় কারণ
শোনরে অবোধ লালন
ছাড় জলসেচা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১২.
চিরদিন পুষলাম এক অচিন পাখি
ভেদ পরিচয় দেয় না আমায়
ঐ খেদে ঝরে আঁখি ॥

পাখি বুলি বলে শুনতে পাই
রূপ কেমন দেখিনে ভাই
এও বিষম ঘোর দেখি
চিনাল পেলে চিনে নিতাম
যেত মনের ধুক্‌ধুকি ॥

পোষা পাখি চিনলাম না
এ লজ্জা তো যাবে না
উপায় কী করি
পাখি কখন যেন যায় উড়ে
ধুলো দিয়ে দুইচোখই ॥

আছে নয় দরজা খাঁচাতে
যায় আসে পাখি কোনপথে
চোখে দিয়েরে ভেল্কি
সিরাজ শাঁই কয়
বয় লালন বয়
ফাঁদ পেতে ঐ সম্মুখী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১৩.
চেতন ভুবনের সাধ্য কে জানে
তলে আসে তলে বসে
এমন কে তাঁরে চেনে ॥

চেতন ঘরে হলে চুরি
সে চোর কি আর ধরতে পারি
লাম আলিফ যাঁর নাম করি
দ্বিদলে সে রয় নির্জনে ॥

আউয়ালে যে হয়
সে জানতে পায়
নইলে তার ভজন কাটা যায়
হামিমে যাঁর গোসল নাই
তাঁর সাক্ষী তিন জনে ॥

আউয়ালে মোর আল্লাহ গনি
দুয়মে আহ্মদ শুনি
লালন বস্তু ভিখারী
তাঁরে পাবে কোন্‌গুণে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১৪.
চেয়ে দেখ নারে মন
দিব্যনজরে
চার চাঁদে দিচ্ছে ঝলক
মণিকোঠার ঘরে ॥

হলে সেই চাঁদের সাধন
অধর চাঁদ হয় দরশন
সে চাঁদেতে চাঁদের আসন
রয়েছে ঘিরে ॥

চাঁদে চাঁদ ঢাকা দেওয়া
চাঁদে দেয় চাঁদের খেওয়া
জমিনেতে ফলছে মেওয়া
ঐ চাঁদের সুধা ঝরে ॥

নয়ন চাঁদ প্রসন্ন যাঁর
সকল চাঁদ দৃষ্ট হয় তাঁর
লালন বলে বিপদ আমার
গুরুচাঁদ ভুলেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১৫.

জগতের মূল কোথা হতে হয়
আমি একদিনও চিনলাম না তায় ॥

কোথায় আল্লাহর বসতি
কোথায় রসুলের স্থিতি
পবন পানির কোথায় গতি
কিসে তা জানা যায় ॥

কোন্ আসনে আল্লাহ আছে
কোন্ আসনে রসুল বসে
কোন্ হিল্লোলে মীন মিশে
কোন্ রঙে রঙ ধরায় ॥

দালে মিম বসালে যা হয়
সেই কি জগতের মূল কয়
কোথায় আরশ কোথায় বা মিম
এইকথা কারে শুধাই ॥

আল্লাহ নবী যাঁরে বলে
দেখতে পায় মন এক হলে
লালন বলে কাতর হালে
আমার কী হবে উপায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১৬.

জমির জরিপ একদিনেতে সারা
আগারপাগার আগে তেগার
ঠিকেতে ঠিক করা ॥

এইদেহে আঠার কলি
সেই কথা এখন বলি
পণ্ডিতে খুঁজে না পায় গলি
বুঝবে সাধক যাঁরা ॥

একেতে তিন ভাগ করিয়ে
বারোগুণ আকার দিয়ে
অতীতপতিত রয় বাহিরে
ভিতরে আছে বালুচরা ॥

দুই পয়ারে এক চরে পাখি
জগতে নাই তাকিয়ে দেখি
একে বারো তার ফাঁকিফুঁকি
সে কী বুঝবি তোরা ॥

চিকন ধারে নলটি ধরে
রাখ না জমিন জরিপ করে
মস্তকছেদন করা দেখে
অধীন লালন দিশেহারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১৭.
জলে স্থলে ফুল বাগিচা ভাই
এমন ফুল আর দেখি নাই ॥

ফুলের নামটি নীল লাল জবা
ফুলে মধু ফলে সুধা
তাঁর ভঙ্গি বাঁকা
সে ফুল তুলতে গেলে
মদনসাপা
সে যে সদাই ছাড়ে হাঁই ॥

ফুলের রসিক যাঁরা মর্ম জেনে
ডুব দিল সেই জীবন ফুলে
ঐ ফুলে আছে মধু রাখা
তার মনের কী ভয় আর রয়
দেবে শ্রীগুরুর দোহাই ॥

এবার ব্রহ্মা মাকে করে বাধ্য
মদন রাজার সঙ্গে যুদ্ধ
কার কী সাধ্য দেখা
ফকির লালন বলে
মরলে যেত আমারই বালাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১৮.

জান গা পদ্ম নিরূপণ
কোন পদ্মে জীবের স্থিতি
কোন পদ্মে গুরুর আসন ॥

অধোপদ্ম ঊর্ধ্বপদ্ম
লীলানৃত্যের এ সরহদ্দ
যে পদ্মে সাধকের বর্ত
সে পদ্ম কেমন বরণ ॥

অধোপদ্মের কুঁড়ি ধরে
ভৃঙ্গরতি চলে ফেরে
সে পদ্ম কোন দলের উপরে
বিকশিত হয় কখন ॥

গুরুমুখের পদ্মবাক্য
হৃদয়ে যার হয়েছে ঐক্য
জানে সে সকল পক্ষ
বলে দীনহীন লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬১৯.

জান গা মানুষের কারণ কিসে হয়
ভুল না মন বৈদিক ভোলে
রাগের ঘরে বয় ॥

ভাটিস্রোত যার ফেরে উজান
তাইতে কি হয় মানুষের করণ
পরশনে না হইলে মন
দরশনে কী হয় ॥

টলাটল করণ যাহার
পরশগুণ কই মেলে তার
গুরুশিষ্য জন্ম জন্মান্তর
ফাঁকে ফাঁকে রয় ॥

লোহা সোনা পরশ পরশে
মানুষের কারণ তেমনই সে
লালন বলে হলে দিশে
জঠরজ্বালা যায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২০.
জানতে হয় আদম শফির আদ্যকথা
না দেখে আজাজিল সে রূপ
কী রূপ আদম গঠলেন সেথা ॥

এনে জেদ্দার মাটি
গঠলেন বোরখা পরিপাটি
মিথ্যা নয় সে কথা খাঁটি
কোন চিজে তাঁর গড়ে আত্মা ॥

সেই যে আদমের ধড়ে
অনন্ত কুঠরি করে
মাঝখানে হাতনে কল জুড়ে
কীর্তিকর্মা বসালেন সেথা ॥

আদমী হলে আদম চেনে
ঠিক নামায় সে দেলকোরানে
লালন কয় সিরাজ শাঁইয়ে গুণে
আদম অধর ধরার সূতা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২১.
জানা চাই অমাবস্যায়
চাঁদ থাকে কোথায়
গগনে চাঁদ উদয় হলে
দেখা যায় আছে যথায় ॥

অমাবস্যার মর্ম না জেনে
বেড়াই তিথি নক্ষত্র গুণে
প্রতিমাসে নবীন চাঁদ সে
মরি এ কী ধরে কায় ॥

অমাবস্যায় পূর্ণমাসী
কী মর্ম হয় কারে জিজ্ঞাসি
যে জান সে বল মোরে
মন মুড়াই আজ সেথায় ॥

স্বাতী নক্ষত্র হয় গগনে
স্বাতী নক্ষত্রযোগ হয় কখনে
না জেনে অধীন লালন
সাধক নাম ধরে বৃথাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২২.
জাল ফেলে মাছ ধরবে যখন
কাতলাপোনা
চুনোচানা
কেউ বাকি থাকবে না তখন ॥

হাড়ুম হুড়ুম
দাড়ুম দুড়ুম
লাফালাফি করছ এখন
আসছে শমন জেলে
খেপলা ফেলে
করবে তুলে
খালুই পূরণ ॥

অগাধ জলে
হেসে ভেসে
উল্লাসে কাল করছ যাপন
রাজার হুকুম হলে
আর কী চলে
শুনবে না সে
কারও বারণ ॥

সংসার জলে নানাবিধ
হইয়াছে মীনের গঠন
ও তাই ভাবছি আমি
জগত স্বামী
একটা কেউ নহে
বিস্মরণ ॥

অধীন লালনের এই নিবেদন
ধরি সিরাজ শাঁইয়ের চরণ
শমনভয় এড়াবে
শান্তি পাবে
পাপের পথে না করবে গমন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২৩.
জীব মরে জীব যায় কোন সংসারে
জীবের গতিমুক্তি কে করে ॥

রাম নারায়ণ গৌর হরি
ঈশ্বর বলে গণ্য যদি করি
তাঁরাও জীবের গর্ভধারী
জীবের ভার নেয় কেমন করে ॥

যারে তারে ঈশ্বর বলা
বুদ্ধি নাই তার অর্ধতোলা
ঈশ্বরের কেন যমজ্বালা
তাই ভাবি আজ মনের দ্বারে ॥

ত্রিজগতের মূলাধার শাঁই
জরামৃত তাঁর কিছু নাই
লালন বলে বোঝে সবাই
বুঝেও ঘোর ধাঁধার ঘোরে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২৪.
ঠাহর নাই আমার মন কাণ্ডারী
ঐ বুঝি তীরধারায় ডুবল তরী ॥

এক নদীর তিন বইছে ধারা
সেই নদীর নাই কুল কিনারা
বেগে তুফান ধায়
দেখে লাগে ভয়
তরী বাঁচাবার উপায় কী করি ॥

যেমন মাঝি দিশেহারা
তেমনই দাঁড়ী মাল্লা তরা
কে কোনদিকে ধায়
কেহ কারও বশ নয়
পারে যাওয়া কঠিন ভারি ॥

কোথায় হে দয়াল হরি
একবার এসে হও কাণ্ডারী
তোমার স্মরণ না লয়ে
তরী ভাসায়ে
লালন বলে এখন বিপাকে মরি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২৫.
ডুবে দেখ দেখি মন ভবকূপে
আর কয়দিন রাখবে চেপে ॥

খেললি খেলা খেলাঘরে
এসে দুদিনের তরে
সঙ্গের হিল্লায় মিশে মনরে
এখন পড়েছ বিষম ধূপে ॥

ধূলার পাশা ফুলের গুটি
তাই নিয়ে মন আঁটাআঁটি
যখন চার ইয়ারে বাঁধবে কটি
কাঁদবেরে ভাই মা বাপে ॥

সিরাজ শাঁইয়ের সখের বাজারে
ডাকাত এসে সকল নেয় হরে
হত বর্বর লালন বলে
আমার প্রাণ ওঠে কেঁপে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২৬.

তা কি পারবি তোরা
জ্যান্তে মরা সেই প্রেমসাধনে
যে প্রেমে কিশোরকিশোরী
মজেছে দুজনে ॥

কামে থেকে যে নিষ্কামী হয়
কামরূপে প্রেম শক্তির আশ্রয়
তার সন্ধি জানা
বিষম সে না
কঠিন জীবের প্রাণে ॥

পেয়ে অরুণকিরণ
কমলিনী প্রফুল্লবদন
তেমনই রতি
সাধনে গতি
আকর্ষণে টানে ॥

সামর্থ্য আর
শম্ভুরসের মান
উভয়ের মান
সমানসমান
লালন ফকির
ফাঁকে ফেরে
কঠিন দেখে শুনে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২৭.
তা কি মুখের কথায় হয়
চেতন হয়ে সাধন করে
রসিক মহাশয় ॥

বেহাতে পাখি ধরেরে
এমনই মত ধরতে হয়রে
অনুরাগের আঠা দিয়ে
লাগাও গুরুর রাঙা পায় ॥

কানাবগী থাকে যেমন
থাকতে হয়রে তেমন
চিলের মত ছোঁটি মেরে
আপন বাসায় লয়ে যায় ॥

ফকির লালন বলে
মুখের কথায় নাহি মেলে
দুইদেহ একদেহ হলে
তবেই সে ধরা পায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২৮.
তা কি সবাই জানতে পায়
রূপেতে রূপ আছে ঘেরা
কে করে নির্ণয় ॥

তীর্থ গোদাবরীর তীরে
রামানন্দ দেখলেন তাঁরে
রসরাজ মহাভাবে মিশে
একরূপ সে হয় ॥

লক্ষ পরে পক্ষ হানা
তাঁরে কি পায় যে সে জনা
রসিক ছাড়া কেউ জানে না
বেদে কি তা পায় ॥

হেরিয়ে তাঁকে মাতোয়ারা
কমলপদ্মে ভ্রমর পুরা
না দেখে লালন হলো সারা
কেবল কমলপদ ধেয়ায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬২৯.
তিনদিনের তিনমর্ম জেনে
রসিক সেধে লয় একদিনে ॥

অকৈতব সে ভেদের কথা
কইতে মর্মে লাগে ব্যথা
না কইলে জীবের
নাইকো নিস্তার
কই সেইজন্যে ॥

তিনশ ষাট রসের মাঝার
তিনরস গণ্য হয় রসিকার
সাধিলে সেই করণ
এড়াবে শমন
এই ভুবনে ॥

অমাবস্যা প্রতিপদ
দ্বিতীয়ার প্রথম সে তো
অধীন লালন বলে তার আগমন
সেই যোগের সনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৩০.

তিন পোড়াতে খাঁটি হলে না
না জানি কপালে তোমার
আর কী আছে বলো না ॥

লোহা জব্দ কামারশালে
যে পর্যন্ত থাকে জ্বালে
স্বভাব যায় না তা মারিলে
তেমনই মন তুই একজনা ॥

অনুমানে জানা গেল
চৌরাশির ফ্যার পড়িল
আর কবে কী করবে বল
রঙমহলে প'লে হানা ॥

দেব দেবতার বাসনা যে
মানবজনমের লেগে
লালন কয় মানুষ হয়ে
মানুষের কর্ম কেন করলে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৩১.
তিল পরিমাণ জায়গাতে
কী কুদরতিময়
জগত জোড়া
একজন ন্যাড়া
সেইখানেতে বারাম দেয় ॥

বলব কী সে নাড়ার গুণবিচার
চারযুগে রূপ নবকিশোর
অমাবস্যা নাই সেইদেশে
দীপ্তাকারে সদাই রয় ॥

ভাবের ন্যাড়া ভাব দিয়ে বেড়ায়
যে যা ভাবে তাই হয়ে দাঁড়ায়
রসিক যাঁরা
বসে তাঁরা
পেঁড়োর খবর পিড়েই পায় ॥

শতদল সহস্রদলের দল
ঐ ন্যাড়া বসে ঘুরায় কল
লালন বলে তিনটি তারে
অনন্ত রূপ কল খাটায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৩২.

তুমি তো গুরু স্বরূপের অধীন
আমি ছিলাম সুখে উর্ধ্বদেশে
অধে এনে করলে হীন ॥

তুমি মাতা তুমি পিতা
তুমি হও জ্ঞানদাতা
তুমি চক্ষুদান করিয়ে
দেখাও আমায় শুভদিন ॥

করব আমি তোমার ভজন
তাতে বাদী হলো ছয়জন
দশে ছয়ে ষোলজন
করল আমায় পরাধীন ॥

ভক্তি নইলে কি মন
গুরুচরণ হয় শরণ
ভেবে কয় অধীন লালন
কেমনে সাধি গুরুচরণ ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৩৩.
তোরা কেউ যাসনে ও পাগলের কাছে
          তিন পাগলে হলো মেলা নদেয় এসে ॥

একটা পাগলামী করে
জাত দেয় সে অজাতেরে
দৌড়ে যেয়ে
আবার হরি বলে
পড়ছে ঢলে
          ধূলার মাঝে ॥

একটা নারকেলের মালা
তাতে জল তোলাফেলা
করঙ্গ সে
পাগলের সঙ্গে যাবি
পাগল হবি
          বুঝবি শেষে ॥

পাগলের নামটি এমন
বলিতে অধীন লালন
হয় তরাসে
ও সে চৈতে নিতে
          অদ্বৈ পাগল নাম ধরে যে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৩৪.

দম কসে তুই বয়রে ক্ষ্যাপা
প্রেমের নদীতে
ধরবি যদি মীনমক্করা
কাম রেখে আয় তফাতে ॥

গহিন জলে বাস করে মীন
গুরু বলে ছাড়তেছে ঝিম
যে চিনেছে সেই জলের ঝিম
মীন ধরা দেয় তার হাতে ॥

কাম ক্রোধ লোভ মায়া মোহ
এই কয়জন দেহের অবাধ্য
প্রেমাগুনে হয়ে দগ্ধ
জব্দ রবি তার সাথে ॥

লালনের বুদ্ধিকাণ্ড
জল করেছে লণ্ডভণ্ড
মাছ ধরিস নে মন পাষণ্ড
মদনগঞ্জের মনমতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৩৫.
দয়াল তোমার নামের তরী
ভাসালাম যমুনায়
তুমি খোদার নাবিক
পারের মালিক
সে আশায় চড়েছি নায় ॥

চিরদিন কাণ্ডারী হয়ে
কত তরী বেড়াও বয়ে
আমার এই জীর্ণতরী
রেখ যতনে ধরি
যদি তোমার মনে লয় ॥

দাঁড়ী মাঝির কুমন্ত্রণায়
পড়েছি কতবার ঘোলায়
এবার সুযোগ পেয়ে
সব সঁপিলাম তোমার পায় ॥

ভবের ঘাটে লাভের আশে
থাকব না আর পারে বসে
মন গিয়াছে ঊর্ধ্বদেশে
লালন বলে আছি সে আশায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৩৬.
দিন থাকতে মোর্শেদরতন চিনে নে না
এমন সাধের জনম বয়ে গেলে
আর হবে না ॥

কোরানে সাফ শুনিতে পাই
অলিয়েম মোর্শেদা শাঁই
ভেবে বুঝে দেখ মনরায়
মোর্শেদ সে কেমন জনা ॥

মোর্শেদ আমার দয়াল নিধি
মোর্শেদ আমার বিষয়াদি
পারে যেতে ভব নদী
ভরসা ঐ চরণখানা ॥

মোর্শেদবস্তু চিনলে পরে
চেনা যায় মন আপনারে
লালন কয় সে মূলাধারে
নজর হবে তৎক্ষণা ॥

AMARBOI.COM

৬৩৭.
দিনে দিনে হলো আমার
দিন আখেরী
ছিলাম কোথায়
এলাম হেথায়
আবার যাব কোথায়
সদাই ভেবে মরি ॥

বসত করি দিবারাতে
ষোলজন বম্বেটের সাথে
যেতে দেয় না সরল পথে
পদে পদে দাগাদারী ॥

বাল্যকাল খেলাতে গেল
যৌবনে কলঙ্ক হলো
আবার বৃদ্ধকাল সামনে এলো
মহাকাল হলো অধিকারী ॥

যে আশায় এইভবে আসা
তাতে হলো ভগ্নদশা
লালন বলে কী দুর্দশা
উজাইতে ভেটেন প'লো তরী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৩৮.
দিব্যজ্ঞানে দেখ মনুরায়
ঝরার খালে বাঁধ বাঁধিলে
রূপের পুলক ঝলক দেয় ॥

পূর্বদিকে রত্নবেদী
তার উপরে পুস্পজ্যোতি
তাহে খেলে রূপ আকৃতি
বিজলী চটকের ন্যায় ॥

ক্ষীরোদ রসে
অখণ্ড শিখর ভাসে
রত্নবেদীর পূর্বপাশে
কিশোরকিশোরী রাই ॥

শ্রীরূপ আশ্রিত যাঁরা
সব খবরের জবর তাঁরা
লালন বলে অধর ধরা
ফাঁদ পেতে ত্রিবিনে বয় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩৯.
দ্বীনের ভাব যেহি ধারা
শুনলে জীবন অমনই হয় সারা ॥

যাঁরা মরার সঙ্গে মরে
যদি ভাবসাগরে
ডুবতে পারে
রসিক হয় তাঁরা ॥

অগ্নি ঢাকা যৈছে ভস্মের ভিতরে
সুধা তৈছে গরলে হল করে
কেউ সুধার লোভে যেয়ে
মরে গরল খেয়ে
মন্থনে সুতাক না জানে যারা ॥

দুধে ননীতে মিলন সর্বদা
মন্থনদণ্ডে করে আলাদা
মনরে তেমনই ভাবের ভাবে
সুধানিধি পাবে
মুখের কথা নয়রে সে ভাব করা ॥

যে স্তনেতে দুগ্ধ খায়রে শিশুছেলে
জোঁকের মুখে সেথা রক্ত এসে মেলে
অধীন লালন ভেবে বলে
বিচার করলে
কুরসে সুরস মেলে সেই ধারা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪০.
দেখ না এবার
আপন ঘর ঠাউরিয়ে
আঁখির কোণে পাখির বাসা
আসেযায় হাতের কাছ দিয়ে ॥

সেই ঘরে পাখি একটা
সহস্র কুঠুরি কোঠা
আছে আড়া পাতিয়ে
নিগমে তাঁর মূল একটি ঘর
অচিন হয় সেথা যেয়ে ॥

ঘরে আয়না আঁটা চৌপাশে
মাঝখানে পাখি বসে আছে
আনন্দিত হয়ে
দেখ নারে ভাই
ধরার জো নাই
সামান্য হাত বাড়িয়ে ॥

দেখতে যদি সাধ কর
সন্ধানীকে চিনে ধর
দেবে দেখিয়ে
সিরাজ শাঁই কয়
লালন তোমায়
বুঝাতে দিন যায় বয়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪১.

দেখ নারে ভাবনগরে
ভাবের ঘরে ভাবের কীর্তি
সেই জলের ভিতরে
জ্বলছেরে বাতি ॥

ভাবের মানুষ ভাবের খেলা
ভাবে বসে দেখ নিরালা
নীরে ক্ষীরেতে ভেলা
বায়ু কী জ্যোতি ॥

রতিতে জ্যোতির উদয়
সামান্যে কি তাই জানা যায়
তাতে কত রূপ দেখা যায়
হীরে লাল মতি ॥

নিঃশব্দ যখন শব্দকে খাবে
তখন ভাবের খেলা সাঙ্গ হবে
লালন কয় দেখবি তবে
হয় কী গতি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪২.

দেখ নারে মন পুনর্জনম
কোথা হতে হয়
মরে যদি ফিরে আসে
স্বর্গনরক কেবা পায় ॥

পিতার বীজে পুত্রের সৃজন
তাইতে পিতার পুনর্জনম
পঞ্চভূতে দেহ গঠন
আলকরূপে ফেরে শাঁই ॥

ঝিয়ের গর্ভে মায়ের
জন্ম এ বড় নিগূঢ়মর্ম
শোণিত শুক্র হলে গম্য
তবে সে ভেদ জানা যায় ॥

শোণিতে শুক্রে হলে বিচার
জানতে পাবি কে জীব কে ঈশ্বর
সিরাজ শাঁই কয় লালন এবার
ম'লি ঘুরে মনের ধোঁকায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪৩.

দেখবি যদি সেই চাঁদেরে
যা যা কারণ সমুদ্দুরের পারে ॥

যাস্ নে রে সামান্য নৌকায়
সে নদীর বিষম তড়কায়
প্রাণে হবি নাশ
রবে অপযশ
পার হবি যদি সাজাও প্রেমতরীরে ॥

কারুণ্য তারুণ্যে আড়ি
যে জন দিতে পারে পাড়ি
সেই বটে সাধক
এড়ায় ভবরোগ
বসত হবে তাঁর অমরনগরে ॥

মায়ার গেরাপি কাট
ত্বরায় প্রেমতরীতে ওঠ
সামনে কারণ সমুদ্দুর
পার হয়ে হুজুরে যারে
লালন সদ্‌গুরুর বাক ধরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪৪.
দেখলাম এ সংসার
ভোজবাজি প্রকার
দেখিতে দেখিতে
কেবা কোথা যায়
মিছে এ ঘরবাড়ি
মিছে ধন টাকাকড়ি
মিছে দৌড়াদৌড়ি
করছ কার আশায় ॥

কীর্তিকর্মার কীর্তি
কে বুঝিতে পারে
সে জীবকে কোথায়
লয়ে যায় ধরে
এ কথা শুধাব কারে
নিগূঢ়তত্ত্ব অর্থ
কে বলবে আমায় ॥

যে করে এই লীলে
তাঁরে চিনলাম না
আমি আমি বলি
আমি কোনজনা
মরি কী আজব কারখানা
গুণে পড়ে
ঠাহর নাহি পাই ॥

ভয় ঘোচে না আমার
দিবারজনী
কার সাথে কোনদেশে
যাব না জানি
সিরাজ শাঁই কয়
বিষম কারিগরী
পাগল হয়ে লালন
তাই জানতে চায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪৫.

দেখলাম সেই অধর চাঁদের অন্ত নাই
নিকটে যাঁর বারামখানা
হাতড়ে মুড়ো নাহি পাই ॥

জলে যেমন চাঁদ দেখি
ধরতে গেলে হয় সে ফাঁকি
তেমনই অধর চাঁদের আভা
নিকট থেকে দূরে ঠাঁই ॥

হলে গগনচন্দ্রে তার প্রমাণ
সবাই দেখে বর্তমান
যে যেখানে চাঁদ সেখানে
ধরার কারও সাধ্য নাই ॥

ঘাট অঘাটায় জানবা
তেমনই সে চাঁদের আভা
গুরু বিনে তাই কেবা
চেনে লালন কয় গুরুপদ উপায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪৬.

দেখ না আপন দেল ঢুঁড়ে
দ্বীন দুনিয়ার মালিক সে
যে আছে ধড়ে ॥

আপনি ঘর সে আপনি ঘরী
আপনি করে চৌকিদারি
আপনি সে করে চুরি
আপন ঘরে ॥

আপনি ফানা আপনি ফকির
আপনি করে আপন জিকির
বুঝবে কেরে আলেক ফিকির
বেদভাষা পড়ে ॥

নানাছলে নানান মায়ায়
আমি আমি শব্দ কে কয়
লালন কয় সন্ধি যে পায়
ঘোর যায় ছেড়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪৭.

দেখে শুনে জ্ঞান হলো না
কি করিতে কী করিলাম
দুগ্ধেতে মিশিল চোনা ॥

মদনরাজার ডঙ্কা ভারি
হলাম তাহার আজ্ঞাকারী
যাঁর মাটিতে বসত করি
চিরদিন তাঁরে চিনলাম না ॥

রাগের আশ্রয় নিলেরে তখন
কী করিতে পারে মদন
আমার হলো কামলোভী মন
মদন রাজার গাঁঠরি টানা ॥

উপর হাকিম একদিনে
দয়া করলে নিজগুণে
দ্বীনের অধীন লালন ভনে
যেত মনের দোটানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪৮.

দেলদরিয়ার মাঝে দেখলাম
আজব কারখানা
ডুবলে পরে রতন পাবে
ভাসলে পরে পাবে না ॥

দেহের মাঝে বাড়ি আছে
সেই বাড়িতে চোর লেগেছে
ছয়জনাতে সিঁদ কাটিছে
চুরি করে একজনা ॥

দেহের মাঝে নদী আছে
সেই নদীতে নৌকা চলেছে
ছয়জনাতে গুণ টানিছে
হাল ধরেছে একজনা ॥

দেহের মাঝে বাগান আছে
তাতে নানারঙের ফুল ফুটেছে
সৌরভে জগত মেতেছে
লালনের প্রাণ মাতল না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৪৯.
দেলদরিয়ায় ডুবে দেখ না
অতিঅজান খবর যায় জানা ॥

আলখানার শহর ভারি
তাহে আজব কারিগরী
বোবায় কথা কয়
কালায় শুনতে পায়
আন্ধেলায় পরখ করে সোনা ॥

ত্রিবেণীর পিছল ঘাটে
বিনে হাওয়ায় মৌজা ছোটে
ডহরায় পানি নাই ভিটে
ডুবে যায় ভাই শুনি বটে
কী ভাবের কারখানা ॥

কইবার যোগ্য নয় সে কথা
সাগরে ভাসে জগতমাতা
লালন বলে মায়ের উদরে পিতা
জন্মে পত্নীর দুগ্ধ খেল সে না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫০.
দেলদরিয়ায় ডুবিলে সে
দূরের খবর পায়
নইলে পুঁথি পড়ে
পণ্ডিত হলে কী হয় ॥

স্বয়ংরূপ দর্পণে ধরে
মানবরূপ সৃষ্টি করে
দিব্যজ্ঞানী যাঁরা
ভাবে বোঝে তাঁরা
কার্যসিদ্ধি করে যায় ॥

একেতে হয় তিনটি আকার
অযোনি সহজ সংস্কার
যদি ভবতরঙ্গে তর
মানুষ চিনে ধর
দিনমণি গেলে কী হবে উপায় ॥

মূল হতে হয় ডালের সৃজন
ডাল ধরলে হয় মূলের অন্বেষণ
তেমনই রূপ
হইতে স্বরূপ
তারে ভেবে বিরূপ
অবোধ লালন সদাই
নিরূপ ধরতে চায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫১.

দেশ দেশান্তর দৌড়ে কেন
মরছরে হাঁফায়ে
আদি মক্কা এই মানবদেহে
দেখ নারে মন ভেয়ে ॥

করে অতিআজব বাক্কা
গঠেছেন শাঁই মানুষ মক্কা
কুদরতি নূর দিয়ে
চার দ্বারে চার নূরী ইমাম
মধ্যে শাঁই বসিয়ে ॥

মানুষমক্কা কুদরতি কাজ
উঠছে আজগবি আওয়াজ
সাততলা ভেদিয়ে
সিংহ দরজায় একজন দ্বারী
আছে নিদ্রাত্যাগী হয়ে ॥

তিল পরিমাণ জায়গার উপর
গঠেছেন শাঁই উর্ধ্বশহর
মানুষমক্কা এ
কত লাখ লাখ হাজি
করছেরে হজ
সেই জায়গায় জমিয়ে ॥

দশ দুয়ারী মানুষমক্কা
মোর্শেদ পদে ডুবে থাক গা
ধাক্কা সামলিয়ে
লালন বলে গুপ্তমক্কায়
আদি ইমাম মেয়ে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫২.
ধন্য আশেকী জনা
এই দ্বীনদুনিয়ায়
আশেক জোরে গগনের চাঁদ
পাতালে নামায় ॥

সূচের ছিদ্রে চালায় হাতি
বিনা তেলে জ্বালায় বাতি
সদাই থাকে নিষ্ঠারতি ঠাঁই
অঠাঁইয়ে সেহি রয় ॥

কাম করে না নাম জপে না
শুদ্ধ দেল আশেক দেওয়ানা
তাইতে আমার শাঁই রাব্বানা
মদদ সদাই ॥

আশেকের মাশুকী নামাজ
রাজি যাতে শাঁই বেনেয়াজ
লালন করে শৃগালের কাজ
দিয়ে সিংহের দায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫৩.

ধন্য ধন্য বলি তাঁরে
বেঁধেছে এমন ঘর
শূন্যের উপর
পোস্তা করে ॥

ঘরে মাত্র একটি খুঁটি
খুঁটির গোড়ায় নাইকো মাটি
কিসে ঘর রবে খাঁটি
ঝড় তুফান এলে পরে ॥

ঘরের মূলাধার কুঠরি নয়টা
তার উপরে চিলেকোঠা
তাহে এক পাগলা ব্যাটা
বসে একা একেশ্বরে ॥

ঘরের উপর নিচে সারি সারি
সাড়ে নয় দরজা তারি
লালন কয় যেতে পারি
কোন দরজা খুললে পরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫৪.
ধরাতে শাঁই সৃষ্টি করে
আছে নিগমে বসে
কী দেব তুলনা তাঁরে
তাঁর তুলনা সে ॥

স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ নপুংসক
এই তিনভাবে না হবে ভাবুক
ত্রিভুবন যাঁর লোমকূপ
তাঁর কর দিশে ॥

কিরূপে নিরাকার হলো
ডিম্বরূপে কে ভাসিল
সে অন্বেষণ জানে যে জন
যায় সে দেশে ॥

বেদ পড়ে ভেদ পেত যদি সবে
গুরুর গৌরব থাকত না এই ভবে
সিরাজ সাঁই কয় লালন এবে
কররে তাঁর দিশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫৫.

ধর চোর হাওয়ার ঘরে ফাঁদ পেতে
সে কী সামান্য চোরা
ধরবি কোণা কানচিতে ॥

পাতালে চোরের বহর
দেখায় আসমানের উপর
তিন তারে হচ্ছে খবর
শুভাশুভ যোগমতে ॥

কোথা ঘর কেবা সোনা
কে করে ঠিক ঠিকানা
হাওয়ায় তাঁর লেনাদেনা
হাওয়া মূলাধার তাতে ॥

চোর ধরে রাখবি যদি
হৃদ্‌গারদ কর গে খাঁটি
লালন কয় খুঁটিনাটি
থাকতে কি চোর দেয় ছুঁতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫৬.

ধ্যানে যাঁরে পায় না মহামুনি
আছে এক অচিন মানুষ
মীনরূপে সে ধরে পানি ॥

জগত জোড়া মীন সেহিরে
খেলছে মীন সরোবরে
দেখার সাধ হয় গো তাঁরে
দেখ ধরে রসিক সন্ধানী ॥

নদীর গভীরে থাকে নির্জন
করিতে হয় নীর অন্বেষণ
যোগ পেলে ভাটি উজান
ধায় আপনি ॥

যায় সে মহামীনকে ধরা
বাঁধতে পারলে নদীর ধারা
কঠিন সেই বাঁধাল করা
লালন তাতে খায় চুবানি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫৭.
না জানি কেমন রূপ সে
রূপের সৌরভে যাঁর
ত্রিভুবন মোহিত করেছে ॥

রূপ দেখিতে হয় বাসনা
কে দেবে তাঁর উপাসনা
কোথায় বাড়ি কোথায় ঠিকানা
আমি খুঁজে পাইনে এই দেশে ॥

আকার কি সাকার ভাবিব
নিরাকার কি জ্যোতিরূপ
এই কথা কারে শুধাব
সৃষ্টি করলেন কোথায় বসে ॥

রূপের দেশে গোল যদি রয়
কি বলিতে কী বলা যায়
গোলে হরি বললে কী হয়
লালন ভেবে না পায় দিশে ॥

www.amarboi.com

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫৮.

না জেনে ঘরের খবর
তাকাও আসমানে
চাঁদ রয়েছে চাঁদে ঘেরা
ঘরের ঈশানকোণে ॥

প্রথমে চাঁদ উদয় দক্ষিণে
কৃষ্ণপক্ষে অধো হয় বামে
আবার দেখি শুক্লপক্ষে
কেমনে যায় দক্ষিণে ॥

খুঁজিলে আপন ঘরখানা
পাবে সে সকল ঠিকানা
বার মাসে চব্বিশ পক্ষ
অধর ধরা তাঁর সনে ॥

স্বর্গচন্দ্র মণিচন্দ্র হয়
তাহাতে বিভিন্ন কিছু নয়
এ চাঁদ সাধলে সে চাঁদ মেলে
লালন কয় তাই নির্জনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৫৯.
নাম পাড়ালাম রসিক ভেয়ে
না জেনে সেই রসের ভিয়ান
মরতে হলো গরল খেয়ে ॥

গোঁসাই'র লীলা চমৎকারা
বিষেতে অমৃত পোরা
অসাধ্যকে সাধ্য করা
ছুঁলে বিষ ওঠে ধেয়ে ॥

দুগ্ধে যেমন থাকে ননী
ভিয়ানে বিভিন্ন জানি
সুধামৃত রস তেমনই
গরলে আছে ঢাকিয়ে ॥

দুগ্ধে জল যদি মিশায়
রাজহংস হলে সেই বেছে খায়
লালন বলে আমি সদাই
আমোদ করি জল হুদড়িয়ে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬০.

নিগম বিচারে সত্য গেল যে জানা
মায়েরে ভজিলে হয়
বাপের ঠিকানা ॥

পুরুষ পরওয়ারদিগার
অঙ্গে আছে প্রকৃতি তাঁর
প্রকৃতি প্রকৃত সংসার
সৃষ্টি সব জনা ॥

নিগূঢ় খবর নাহি জেনে
কেবা সেই মায়েরে চেনে
যাহার ভার দ্বীন দোনে
দিলেন রাব্বানা ॥

ডিম্বের মধ্যে কেবা ছিল
বাহির হয়ে কারে দেখিল
লালন বলে ভেদ যে পেল
ঘুঁচল দিনকানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬১.

পাখি কখন যেন উড়ে যায়
বদহাওয়া লেগে খাঁচায় ॥

খাঁচার আড়া প'লো ধসে
পাখি আর দাঁড়াবে কিসে
ঐ ভাবনা ভাবছি বসে
চমক জ্বরা বইছে গায় ॥

ভেবে অন্ত নাহি দেখি
কার বা খাঁচায় কেবা পাখি
আমার এই আঙ্গিনায় থাকি
আমারে মজাতে চায় ॥

আগে যদি যেত জানা
জংলা কভু পোষ মানে না
তবে উহার সঙ্গে প্রেম করতাম না
লালন ফকির কেঁদে কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬২.
পানকাউর দয়াল পাখি
রাতদিন তারে জলে দেখি ॥

মাছধরা তার যেমন তেমন
বিলের শ্যাওলা ঠেলে সারাক্ষণ
বিলের কাদাখোঁচার সার হলে
তার গায়ে শুধু কাদামাখী ॥

কানাবগী মাছ ধরার লোভে
বেড়ায় সেই গাঙের কুলে
ঠোক দিয়ে মাছ তুলে
ডাঙ্গায় উপরে তাকায় আড়চোখী ॥

মাছরাঙা নিহার করে
পানির উপরে
তাতে সে মাছ ধরে
লালন বলে সেই জায়গায়
জাল ঠেলা কার সাধ্য কি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬৩.
পাপধর্ম যদি পূর্বে লেখা যায়
কর্মে লিখিত কাজ করলে
দোষগুণ তার কী হয় ॥

রাজার আজ্ঞায় দিলে ফাঁসি
ফাঁসিদার কি হয় গো দোষী
জীবে পাপ করে সবাই
এইজন্য তার ফাটক দেয় ॥

শুনতে পাই সাধু সংস্কার
পূর্বে থাকলে পরে হয় তাঁর
পূর্বে না হলে এবার
কী হবে উপায় ॥

কর্মদোষে কাজকে দোষাই
কোন্ কথাতে গিরে দিই ভাই
লালন বলে আমার বোধ নাই
শুধাব কোথায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬৪.
পাপীর ভাগ্যে এমন দিন কি
আর হবেরে
দেখ দেখ মনুরায়
হয়েছে উদয়
কী আনন্দময়
সাধুর সাধবাজারে ॥

যথায় সাধুর বাজার
তথায় শাঁইর বারাম নিরন্তর
হেন সাধসভায়
এনে মন আমায়
আবার যেন ফেরে
ফেলিস নারে ॥

সাধুগুরুর কী মহিমা
বেদাদিতে নাইরে সীমা
হেন পদে যার
নিষ্ঠা না হয় তার
না জানি কপালে
কী আছেরে ॥

সাধুর বাতাসেরে মন
বনের কাষ্ঠ হয়রে চন্দন
লালন বলে মন
খোঁজ কী আর ধন
সাধুর সঙ্গে অঙ্গবেশ কররে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬৫.
পার কর দয়াল আমায়
কেশে ধরে
পড়েছি এবার আমি
ঘোর সাগরে ॥

ছয়জনা মন্ত্রি সদাই
অসৎ কুকাণ্ড বাঁধায়
ডুবাল ঘাটঅঘাটায়
আজ আমারে ॥

এ ভবকূপেতে আমি
ডুবে হলাম পাতালগামী
অপারের কাণ্ডারী তুমি
লও না কিনারে ॥

আমি কার কেবা আমার
বুঝেও বুঝলাম না এবার
অসারকে ভাবিয়ে সার
প'লাম ফেরে ॥

হারিয়ে সকল উপায়
শেষে তোর দিলাম দোহাই
লালন বলে দয়াল নাম শাঁই
জানব তোরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬৬.

পারে লয়ে যাও আমায়
আমি অপার হয়ে বসে আছি
ওহে দয়াময় ॥

আমি একা রইলাম ঘাটে
ভানু সে বসিল পাটে
তোমা বিনে ঘোর সংকটে
না দেখি উপায় ॥

নাই আমার ভজনসাধন
চিরদিন কুপথে গমন
নাম শুনেছি পতিতপাবন
তাই তো দিই দোহাই ॥

অগতির না দিলে গতি
ঐ নামে রবে অখ্যাতি
লালন কয় অকুলের পতি
কে তোমায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬৭.
পারো নিহেতুসাধন করিতে
যাও নারে ছেড়ে জরামৃত্যু
নাই যে দেশেতে ॥

নিহেতু সাধক যাঁরা
তাঁদের করণ খাঁটি জবান খাড়া
উপশক্য কাটিয়ে তাঁরা
চলেছে পথে ॥

মুক্তিপদ ত্যাজিয়ে সদাই
ভক্তিপদে রেখে হৃদয়
শুদ্ধপ্রেমের হবে উদয়
শাঁই রাজি যাতে ॥

সমঝে সাধন কর ভবে
এবার গেলে আর না হবে
লালন বলে ঘুরতে হবে
লক্ষ যোনিতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬৮.
পিরিতি অমূল্যনিধি
বিশ্বাসমতে কারও হয় যদি ॥

এক পিরিত শক্তিপদে
মজেছিল চণ্ডীচাঁদে
জানলে সে ভাব
থাকত না মনের বৈভাব
ঘুঁচে যেত পথের বিবাদী ॥

এক পিরিত ভবানীর সনে
করেছিল পঞ্চাননে
নাম রটিল ত্রিভুবনে
কিঞ্চিৎ ধ্যানে মহাদেব সিদ্ধি ॥

এক পিরিত রাধা অঙ্গ
পরশিয়ে শ্যাম গৌরাঙ্গ
কর লালন এমনই সঙ্গ
সিরাজ শাঁই কয় নিরবধি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৬৯.
পূর্বের কথা ছাড় না ভাই
সে লেখা তো থাকে না
সাধনের দাঁড়ায় ॥

বাদশা গুরু গুরুই বাদশা
এসব কথা সাধুভাষা
এ কথায় করে নিরাশা
জীব পড়ে দুর্দশায় ॥

তাইতে বলি ওরে কানা
সর্বজীব হয় গুরুজনা
কর চৈতন্য গুরুর সাধনা
তাতে কর্মভোগ যায় ॥

ধর্মাধর্ম সব নিজের কাছে
জানা যায় সাধনের বিচে
লালন কয় আমার ভুল হয়েছে
ভেবে দেখি তাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭০.
পূর্ণচন্দ্র উদয় কখন
কররে মন বিবেচনা
আগমে আছে প্রকাশি
ষোলকলায় পূর্ণশশী
পনেরোয় পূর্ণিমা কিসি
শুনে মনের ঘোর গেল না ॥

সাতাশ নক্ষত্র সাইত্রিশ যোগেতে
কোন সময় চলে সাঁইত্রিশেতে
যোগের এমনই লক্ষণ
অমৃতফল হয়রে সৃজন
জানত যদি দরিদ্র মন
অসুসার কিছু রইত না ॥

পূর্ণিমার যোগাযোগ হলে
শুকনা নদী উজান চলে
ত্রিবেণীর পিছল ঘাটে
মহাশব্দে বন্যা ছোটে
চাঁদ চকোরে যোগের চোটে
বাঁধ ভেসে যায় তৎক্ষণা ॥

নিচের চাঁদ রাহুতে ঘেরা
গগন চাঁদ কি পড়বে ধরা
যখন হয়রে অমাবস্যে
তখন চন্দ্র রয় কোন্ দেশে
লালন ফকির শুনে পড়ে
চোখ থাকতে দেখল না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭১.

প্রেমবাজারে কে যাবি তোরা
আয় গো আয়
প্রেমের গুরু
কল্পতরু
প্রেমরসে মেতে রয় ॥

প্রেমের রাজা মদনমোহন
নিহেতুপ্রেম করে সাধন
শ্যামরাধার যুগল চরণ
প্রেমের সহচরী হয় গোপীগণ
গোপীর দ্বারে বাঁধা রয় ॥

অবিম্ব উথলিয়ে নীর
পুরুষপ্রকৃতি হয়ে কার
প্রেমশৃঙ্গারে মেতে দোহার
শেষে লেনাদেনা হয় ॥

নির্মলপ্রেম করে সাধন
শম্ভুরসে করে স্থিতি যখন
সামান্য রতি নিরূপণ
সিরাজ শাঁই কয় শোনরে লালন
তাতে শ্যামাঙ্গ গৌরাঙ্গ হয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭২.

প্রেমযমুনায় ফেলবি বড়শি
খবরদার
লয়ে গুরুমন্ত্র
ছেড়ে যন্ত্র
ঠিক হয়ে বয় ঘাটের পর ॥

পাকিয়ে রাগের সূতা
ছয়তারে করি একতা
ভাবের টোপ গেঁথে দাও সেথা
নিচে সাড়া পেলে পরে
উঠবে ভেসে উপর ॥

সেই নদীপুরা জল
সদা করছেরে কলকল
রাগের ছড়ি
ছিপের বাড়ি
খেলে যাবি রসাতল
কত রসিক জেলে
প্রাণ লয়ে জাল ফেলে
দিচ্ছে সাঁতার ॥

যেয়ে দেখ নদীর কূল
তুই হবিরে ব্যাকুল
ট্যাপায় নিলে আধার কেটে
হবি নামাকুল
লালন বলে যেমন আমার
ভ্যাদায় করছে রুই আহার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭৩.

প্রেমেন্দ্রিয় বারি অনুরাগ
নইলে কি যায় ধরা
যে বারি পরশে জীবের
যাবে ভবজ্বরা ॥

বারি মানে বারে এলাহি
নাহিরে তুলনা নাহি
সহস্রদলেতে সেহি
মৃণালগতি বহে ধারা ॥

ছায়াহীন এক মহামুনী
বলব কিরে তাঁর করণী
প্রকৃতি হন তিনি
বারি সেধে অমর গোরা ॥

আসমানে বরিষণ হলে
জল দাঁড়ায় মৃত্তিকাস্থলে
লালন ফকির ভেবে বলে
মাটি চিনবে ভাবুক যাঁরা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭৪.

প্রেমের দাগরাগ বাঁধা যার মনে
সে প্রেম ঐহিকে জানে না
জানে রসিক জনে ॥

যাঁর শতদল কমলে
ত্রিবেণীতে তুফান খেলে
ভাটায় যায় না সে চলে
উজানকোণে ॥

সেই প্রেম আশা কর মনে
আবার সাধ্য করে গোপীগণে
লালন কয় লীলা নাই যেখানে
সে চলে নিত্যভুবনে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭৫.

প্রেমের ভাব জেনেছে যারা
গুরুরূপে নয়ন দিয়ে
হয়েছেরে আত্মহারা ॥

সখ্য শান্ত দাস্যরসে
বাৎসল্য মধুর রসে
পঞ্চতত্ত্ব পঞ্চপ্রেমে
বইছে সহস্রধারা ॥

পঞ্চানন খেয়ে ধুতরা
ঘোটা হয় মতোয়ারা
গেয়ে যায় হরিনাম
ঐ প্রেমে পাগলপারা ॥

খেলে তাঁর নামসুধা
মিটে যায় ভবক্ষুধা
কখন গরল সুধা
পান করে না তারা ॥

সদাই থাকে নিষ্ঠারতি
গিয়ে মরার আগে মরা
কত মণিমুক্তা রত্নহীরা
মালখানা দেয় পাহারা ॥

প্রেমশক্তি চতুর্দলে
কুম্ভক উঠিয়ে ঠেলে
প্রেমশক্তির বাহুবলে
উজানে ভাসায় ভারা ॥

শতদল লঙ্ঘন করে
সহস্রার কায়েম করা
লালন বলে কেবল আমার
আসাযাওয়াই হলো সারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭৬.

প্রেমের সন্ধি আছে তিন
          ষড়রসিক বিনে জানা হয় কঠিন ॥

প্রেম প্রেম বললে কী হয়
না জানে সে প্রেম পরিচয়
আগে সন্ধি বোঝ
প্রেমে মজো
          সন্ধিস্থলে সে মানুষ অচিন ॥

পঙ্কজ ফুল সন্ধিবিন্দু
আদ্যমূল তার সুধার সিন্ধু
সে সিন্ধু মাঝে
আলাক পাশে
          উদয় হচ্ছে সদা রাত্রদিন ॥

সরল প্রেমের প্রেমিক হলে
চাঁদ ধরা যায় সন্ধি খুলে
ভেবে লালন ফকির
পায় না ফিকির
          হয়ে ভজনবিহীন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭৭.
বয়রে নদীর ত্রিধারা বয়
তার কোনধারাতে
কী ধনপ্রাপ্তি হয় ॥

ত্রিধারায় যোগানন্দ
কার সঙ্গে কার কী সম্বন্ধ
শুনলে ঘোচে মনের সন্দেহ
প্রেমানন্দ বাড়ে হৃদয়
শক্তিতত্ত্ব পরমতত্ত্ব
সত্য যাহার হয় ॥

তারুণ্যে কারুণ্য এসে
লাবণ্যেতে কখন মেশে
যার হয় এসব দিশে
তারে রসিক বলা যায়
আমার হলো মতিমন্দ
সেপথে ডোবে না মনুরায় ॥

কখন হয় শুকনো নদী
কখন হয় বর্ষা অতি
কোনখানে তার কলের স্থিতি
সাধকেরা করে নির্ণয়
অবোধ লালন না বুঝে ডুবে কিনারায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭৮.
বলিরে মানুষ মানুষ এই জগতে
কী বস্তু কেমন আকার
পাই না দেখিতে ॥

চারে হয় ঘর গঠন
আগমে আছে রচন
ঘরের মাঝে বসে কোনজন
হয় তা চিনতে ॥

এই মানুষ না যায় চেনা
কী বস্তু কেমন জনা
নিরাকারে নিরঞ্জনা
যায় না তাঁরে চিনতে ॥

মূলমানুষ এই মানুষে
ছাড়াছাড়ি কতটুকু সে
সিরাজ শাঁই কয় লালনেরে
বোঝ তত্ত্ব অন্তে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৭৯.
বসতবাড়ির ঝগড়া কেজে
আমার তো কই মিটল না
কার গোয়ালে কে দেয় ধূমা
সব দেখি তা না না না ॥

ঘরের চোরে ঘর মারে যার
বসতের সুখ হয় কিসে তার
ভুতের কীর্তি যেমন প্রকার
তেমনই তার বসতখানা ॥

দেখে শুনে আত্মকলহ
বাড়ির কর্তাব্যক্তি হত হলো
সাক্ষাতে ধন চুরি গেল
এই লজ্জা তো যাবে না ॥

সর্বময় হাকিমের তরে
আর্জি করি বারে বারে
লালন বলে আমার পানে
একবার ফিরে চাইলে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮০.

বড় নিগমেতে আছেন গোসাঁই
যেখানে আছে মানুষ
চন্দ্রসূর্যের বারাম নাই ॥

চন্দ্রসূর্য যে গড়েছে
ডিম্বরূপে সেই ভেসেছে
একদিনের হিল্লোলে এসে
নিরঞ্জনের জন্ম হয় ॥

হাওয়াদ্বারী দেলকুঠরি
মানুষ আছে স্বর্ণপুরী
শূন্যকারে শূন্যপুরী
মানুষ রয় মানুষের ঠাঁই ॥

আত্মতত্ত্ব পরমতত্ত্ব
বৃন্দাবনে নিগূঢ় অর্থ
লালন বলে নিগূঢ় পদার্থ
সেই ধামেতে মানুষ নাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮১.

বাতাস বুঝে ভাসাওরে তরী
তেঘাটা ত্রিবিনে বড়
তোড় তুফান ভারি ॥

একে অসার কাষ্ঠের নাও
তাতে বিষম বদহাওয়া
কুপ্যাঁচে কুপাকে প'লে জীবনে মরি ॥

মহাজনের ধন এনে
ডুবালি সেই ত্রিবিনে
মাড়ুয়াবাদীর মতন যাবি ধরা পড়ি ॥

কতশত মহাশয়
সেই নদীতে মারা যায়
লালন বলে বুঝব এবার
মন তোর মাঝাগিরি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮২.
বারিযোগে বারিতলা
খেলছে খেলা মনকমলে
মনের খবর মন জানে না
এ বড় আজব কারখানা
মত্তমদে জ্ঞান থাকে না
হাত বাড়াই চাঁদ ধরব বলে ॥

সর্বশাস্ত্রে আছে ঠেকা
মন নিয়ে সব লেখাজোখা
কোথায় মনের ঘর দরজা
কোথায় সে মনের রাজা
বয়ে বেড়াই পুঁথির বোঝা
আপনারে আপনি ভুলে ॥

মনকমলে বাড়ে শশী
জোয়ারভাটা দিবানিশি
অমাবস্যায় পূর্ণমাসী
সুধা বর্ষে রাশি রাশি
মনের উপর সব কারসাজি
মন জানে না সেই রূপলীলে ॥

বারি ভিয়ান যে করেছে
গুরুকৃপা তার হয়েছে
বহিছে কারণ্য বারি
তাহেরে অটল বিহারী
লালন বলে মরি মরি
মনেরে বুঝাই কোন ছলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮৩.
বাড়ির কাছে আরশিনগর
সেথায় এক পড়শি বসত করে
আমি একদিনও না দেখিলাম তাঁরে ॥

গেরাম বেড়ে অগাধ পানি
তাঁর নাই কিনারা নাই তরণী পারে
বাঞ্ছা করি দেখব তাঁরে
কেমনে সেথায় যাইরে ॥

বলব কী সেই পড়শির কথা
তাঁর হস্তপদ স্কন্ধমাথা নাইরে
ক্ষণেক ভাসে শূন্যের উপর
ক্ষণেক ভাসে নীরে ॥

পড়শি যদি আমায় ছুঁতো
যম যাতনা সকল যেত দূরে
সে আর লালন একখানে রয়
লক্ষ যোজন ফাঁকরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮৪.

বিষম রাগের করণ করা
চন্দ্রকান্ত যোগ মাসান্ত
জানে কেবল রসিক যাঁরা ॥

ফণীর মুখে রসিক ভেয়ে
আছে সদাই নির্ভয় হয়ে
হুতাশন শীতল করিয়ে
অনলেতে দিয়ে পারা ॥

যোগমায়া রূপযোগের স্থিতি
দ্বিদলে হয় তাঁর বসতি
জানে যদি কোনও ব্যক্তি
হও তবে জ্যান্তে মরা ॥

সিরাজ শাঁই দরবেশে বলে
লালন ডুবে থাক গা সিন্ধুজলে
তাতে অঙ্গ শীতল হলে
হবি চন্দ্রভেদী রসিক তোরা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮৫.
বিষামৃত আছেরে মাখাজোখা
কেউ জানে না কেউ শোনে না
যায় না জীবের দেলের ধোঁকা ॥

হিংসা নিন্দা তমঃ গেলে
আলো হয় তার হৃৎকমলে
অধমে উত্তম লীলে
গুরু যার হয়রে সখা ॥

মায়ের স্তনে শিশু ছেলে
দুগ্ধ খায় তাই দুগ্ধ মেলে
সেই ধারাতে জোঁক লাগিলে
রক্তনদী যায় দেখা ॥

গাভীর ভাণ্ডে গোরোচনা
গাভী তার মর্ম জানে না
সিরাজ শাঁই কয় লালন কানা
তেমনই তুই একটা বোকা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮৬.

ভাবের উদয় যেদিন হবে
সেদিন হৃৎকমলে রূপ ঝলক দেবে ॥

ভাবশূন্য হইলে হৃদয়
বেদ পড়িলে কী ফল হয়
ভাবের ভাবী থাকলে সদাই
গুপ্তব্যক্ত সব জানা যাবে ॥

দ্বিদলে সহস্রদল
একরূপে করেছে আলো
সেইরূপে যে নয়ন দিল
মহাকাল শমনে কী করিবে ॥

অদৃশ্যসাধন করা
যেমন আঁধার ঘরে সর্প ধরা
লালন কয় সে ভাবুক যাঁরা
জ্ঞানের বাতি জ্বেলে চরণ পাবে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮৭.
ভুলব না ভুলব না বলি
কাজের বেলায় ঠিক থাকে না
আমি বলি ভুলব নারে
স্বভাবে ছাড়ে না মোরে
কটাক্ষে মন পাগল করে
দিব্যজ্ঞানে দিয়ে হানা ॥

সঙ্গগুণে রঙ্গ ধরে
জানলাম কার্য অনুসারে
কুসঙ্গে সম্বন্ধ জুড়ে
সুমতি মোর গেল ছেড়ে
খাবি খেলাম আপায় পড়ে
এ লজ্জা ম'লেও যাবে না ॥

যে চোরের দায়ে দেশান্তরী
সে চোরই হলো সঙ্গধারী
মদন রাজার ডঙ্কা ভারি
কামজ্বালা দেয় অন্তপুরী
ভুলে যায় মোর মন কাণ্ডারী
কী করবে গুরুজনা ॥

রঙ্গে মেতে সঙ সাজিয়ে
বসি আছি মগ্ন হয়ে
সুসঙ্গের সঙ্গ করে
জানতাম যদি সুসঙ্গেরে
লালন বলে তবে কিরে
ছ্যাঁচড়ে মারে মালখানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮৮.

মকর উল্লার মকর কে বুঝতে পারে
আপনি আল্লাহ্ আপনি নবী
আপনি আদম নাম ধরে ॥

পরওয়ারদিগার মালিক সবার
ভবের ঘাটে পারের কাণ্ডার
তাতে করিম রহিম নাম তাঁর
প্রকাশ সংসারে ॥

কোরান বলেছেন খাঁটি
অলিয়েম মোর্শেদা নামটি
আহাদে আহমদ সেটি
মিলে কিঞ্চিৎ নজরে ॥

আলিফ যেমন লামে লুকায়
আদম রূপ তেমনই দেখায়
লালন বলে ভাব জানতে হয়
মোর্শেদের জবান ধরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৮৯.
মধুর দেল দরিয়ায় যে জন ডুবেছে
সে যে সব খবরের জবর হয়েছে ॥

অগ্নি যৈছে ভস্মে ঢাকা
অমৃতগরলে মাখা
সেইরূপে স্বরূপ আছে
রসিক সুজন
ডুবায়ে মন
তাঁর অন্বেষণ পেয়েছে ॥

যে স্তনের দুগ্ধ শিশুতে খায়
জোঁকে মুখ লাগালে সেথায়
রক্ত পায়
অধমে উত্তম
উত্তমে অধম
যে যেমন দেখিতেছে ॥

দুগ্ধে জল মিশালে যেমন
রাজহংসে করে ভক্ষণ
সেই দুগ্ধ বেছে
সিরাজ শাঁহ্ ফকির
বলে সব ফিকির
লালন বেড়াস না খুঁজে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯০.

মন আমার কুসর মাড়াই জাঠ হলোরে
চিরদিন গুতায় পেড়ে আঁটল নারে ॥

কত রকম করি দমন
কতই করি বন্ধনছন্ধন
কটাক্ষে মাতঙ্গ মন
কখন যেন যায়রে সরে ॥

কপালের ফের নইলে আমার
লোভের কুকুর হই কি এবার
মনগুণে কী জানি হয়
কখন যেন কী ঘটেরে ॥

মলয় পর্বতে কাষ্ঠের
সবই হয় সার হয় না বাঁশের
লালন বলে মনের দোষে আমার
বুঝি তাই হলোরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯১.

মন আমার গেল জানা
কারও রবে না এ ধন জীবন যৌবন
তবেরে কেন মন এত বাসনা
একবার সবুরের দেশে
বয় দেখি দম কসে
উঠিস নারে ভেসে
পেয়ে যন্ত্রণা ॥

যে করল কালার চরণের আশা
জান নারে মন তার কী দুর্দশা
ভক্তবলী রাজা ছিল
রাজত্ব তার নিল
বামনরূপে প্রভু
করে ছলনা ॥

প্রহলাদ চরিত্র দেখ দৈত্যধামে
কত কষ্ট পেলো এক কৃষ্ণনামে
তারে অগ্নিতে পোড়াল
জলে ডুবাইল তবু না ছাড়িল
শ্রীরূপ সাধনা ॥

কর্ণরাজা ভবে বড় দাতা ছিল
অতিথিরূপে তার সবংশ নাশিল
তবু কর্ণ অনুরাগী
না হইল শোকী
অতিথির মন সেই করেন সান্ত্বনা ॥

রামের ভক্ত লক্ষণ ছিল সর্বকালে
শক্তিশেল হানিল তার বক্ষস্থলে
তবু রামচন্দ্রের প্রতি
না ছাড়িল ভক্তি লালন বলে কর
এই বিবেচনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯২.

চরকা ভাঙ্গা টেকো এড়ানে
টিপে সোজা করব কত
প্রাণে তো আর বাঁচিনে ॥

একটি আঁটি আর একটি খসে
বেতো চরকা লয়ে যাব কোনদেশে
একটি কল তার বিকল হলে
সারতে পারে কোনজনে ॥

ছুতোর ব্যাটার গুণ পরিপাটি
ষোলকলে ঘুরায় টেকোটি
আর কতকাল বইব এ হাল
এ বেতো চরকার গুণে ॥

সামান্য কাঠপাটের চরকা নয়
খসলে খুঁটো খেটে আঁটা যায়
মানবদেহ চরকা সে হয়
লালন কী তার ভেদ জানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯৩.
মনচোরারে কোথা পাই
কোথা যাই
মনরে আজ কিসে বোঝাই ॥

নিষ্কলঙ্ক ছিলাম ঘরে
কিবা রূপ নয়নে হেরে
প্রাণে তো আর ধৈর্য নাই ॥

ও সে চাঁদ বটে কি মানুষ
দেখে হলাম বেঁহুশ
থেকে থেকে ঐরূপ মনে পড়ে তাই ॥

রূপের কালে যাবে দংশিলে
বিষ উঠিল ব্রহ্মমূলে
কিরূপে সেই বিষ নামাই ॥

সে বিষ গাঁঠরি করা
না যায় হরা
কী করিবে এসে কবিরাজ গোসাঁই ॥

মনগুণে ধন দিতে পারে
কে আছে এই ভাবনগরে
কার কাছে এই প্রাণ জুড়াই ॥

যদি গুরু দয়াময়
এই অনল নিভায়
লালন বলে ভেবে সেই তো উপায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯৪.

মনচোরারে ধরবি যদি
ফাঁদ পাত গে আজি ত্রিবিনে
অমাবস্যা পূর্ণিমাতে
চাঁদের বারাম সেইখানে ॥

ত্রিবিনের ত্রিধারা বয়
তার ধারা চিনে ধরতে পারলে হয়
কোন ধারায়
তার বিহার সদাই
হচ্ছে ভাবের ভুবনে ॥

সামান্যে কি যায় তাঁরে ধরা
অষ্টপ্রহর দিতে হয় প্রহরা
কখন সে
ধারায় মেশে
কখন রয় নির্জনে ॥

শুক্লপক্ষে ব্রহ্মাণ্ডে গমন
কৃষ্ণপক্ষে যায় নিজ ভুবন
লালন বলে
সে রূপলীলে
দিব্যজ্ঞানী যে সেই জানে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯৫.

মন জানে না মনের ভেদ
এ কী কারখানা
ঐ মনে এই মন
করছে ওজন
কোথা সেই মনের থানা ॥

মন দিয়ে মন ওজন করায়
দুই মনে এক মন লেখে খাতায়
তাঁরে ধর
যোগসাধন কর
চিনগে আসল নিশানা ॥

মন এসে মন হরণ করে
লোকে সদাই ঘুম বলে তারে
কত আনকা শহর
আনকা নহর
ভ্রমিয়ে দেখায় তৎক্ষণা ॥

সদাই যে মন বাইরে বেড়ায়
বন্ধ সে তো রয় না আড়ায়
লালন বলে
সন্ধি জেনে
কর গে মনের ঠিকানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯৬.
মনদুঃখে বাঁচি না সদাই
সাড়ে তিন কাঠা জমি
প্রমাণ তাই ॥

কোনদিকে হয় খুশির বাগান
কতখানি হয় তার পরিমাণ
কতখানি তার অতীতপতিত
কতখানি সে জলাশয় ॥

কেবা করে দফাদারী
কেবা করে চৌকিদারী
তার হিসাব রাখে কোন কাচারী
সব সময় ॥

বত্রিশ ফুল কারে বলে
দেহের বাও বাতাস কোনদিক চলে
ফকির লালন কয় দেহের মূল
কোনদিকে রয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯৭.
মন দেহের খবর না জানিলে
মানুষরতন ধরা যায় না
আপনদেহে মানুষ আছে
কর তাঁহার ঠিকানা ॥

জীবাত্মা ভূতাত্মা
পরমাত্মা আত্মারাম
আত্মারামেশ্বর দিয়ে পঞ্চমাত্মা
দড় হয় এদের চেনা ॥

দলপদ্মে রঙ দেখলে পরে
তবেই চেনা যাবে আপনারে
অন্যে কী তাই বলবে তোরে
কর গুরুর সাধনা ॥

ঘুমায় যখন এই মানুষে
মন মানুষ রয় কোনদেশে
লালন বলে পেয়ে দিশে
এমন অমূল্যধন দেখলে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯৮.
মন বাতাস বুঝে ভাসাওরে তরী
তেহাটা ত্রিবেণীর তোড় তুফান ভারি ॥

একে অসার কাষ্ঠের নাও
তাতে বিষম বদ হাওয়াও
কুপাকে কুপ্যাঁচে পড়ে
এখন প্রাণে মরি ॥

মহাজনের ধন এনে
ডুবাইলাম এই ত্রিবিনে
মাডুয়া বাঁদীর মত
বুঝি যাই ধরা পড়ি ॥

কত কত মহাশয়
সেই নদীতে মারা যায়
লালন বলে বুঝবরে মন
তোর মাঝিগিরি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৬৯৯.

মনরে আত্মতত্ত্ব না জানিলে
ভজন হবে না পড়বি গোলে ॥

আগে জান গে কালুল্লা
আইনাল হক আল্লাহ
যাঁরে মানুষ বলে
পড়ে ভূত মন আর
হোসনে বারংবার
একবার দেখ না
প্রেমনয়ন খুলে ॥

আপনি শাঁই ফকির
আপনি হয় ফিকির
ও সে লীলার ছলে
আপনারে আপনি
ভুলে রাব্বানী
আপনি ভাসে
আপন প্রেমজলে ॥

লা ইলাহা তন
ইল্লাল্লা হু জীবন
আছে প্রেম যুগলে
লালন ফকির কয়
যাবি মন কোথায়
আপনারে আজ আপনি ভুলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০০.
মন সামান্যে কি তাঁরে পায়
শুদ্ধপ্রেম ভক্তির বশ দয়াময় ॥

কৃষ্ণের আনন্দপুরে
কামী লোভী যেতে নারে
শুদ্ধভক্তি ভক্তের দ্বারে
সেই চরণকমল নিকটে রয় ॥

বাঞ্ছা থাকলে সিদ্ধি মুক্তি
তারে বলে হেতুভক্তি
নিহেতু ভক্তের রতি
সবে মাত্র দীননাথের পায় ॥

ব্রজের নিগূঢ়তত্ত্ব গোসাঁই
শ্রীরূপে রে সব জানালে তাই
লালন বলে মোর সাধ্য নাই
সাধল যে জন রসিক মহাশয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০১.
মনের মাঁনুষ খেলছে দ্বিদলে
যেমন সৌদামিনী মেঘের কোলে ॥

রূপ নিরূপণ হবে যখন
মনের মানুষ দেখবি তখন
জনম সফল হবে ও মন
সে রূপ দেখিলে ॥

আগে না জেনে উপাসনা
আন্দাজি কি হয় সাধনা
মিছে কেবল ঘুরে মরা
মনের গোলমালে ॥

সেই মানুষ চিনল যাঁরা
পরম মহাত্মা তাঁরা
অধীন লালন বলে
দেখ নয়ন খুলে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০২.
মনেরে আর বুঝাব কত
যে পথে মরণফাঁসি
সেইপথে মন সদাই রত ॥

যে জলে লবণ জন্মায়
সেই জলে লবণ গলে যায়
তেমনই আমার মন মনুরায়
দিবানিশি হচ্ছে হত ॥

চারের লোভে মৎস্যে গিয়ে
জালের উপর পড়ে ঝাঁপিয়ে
তেমনই আমার মন ভেয়ে
মরণফাঁসি নিচ্ছে সে তো ॥

সিরাজ শাঁই দরবেশের বাণী
বুঝবি লালন দিনি দিনি
ভক্তিহারা ভাবুক যিনি
সে কী পাবে গুরুর পদ ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০৩.

মনেরে বুঝাইতে আমার
দিন হলো আখেরী
বোঝে না মন আপন মরণ
এ কী অবিচারী ॥

ফাঁদ পাতিলাম শিকার বলে
সে ফাঁদ বাঁধল আপন গলে
এই লজ্জা কি যাবে ধুলে
এই ভবের কাচারি ॥

পর ধরতে যাই লোভ দেখে
আপনি লোভে পড়ি যেয়ে
হাতের মামলা হারায়ে
শেষে কেঁদে ফিরি ॥

ছায়ের জন্যে আনলাম আদার
আদারে ছা খেল এবার
লালন বলে বুঝলাম আমার
ভগ্নদশা ভারি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০৪.

মরে ডুবতে পারলে হয়
মরে যদি ভেসে ওঠে
সে মরার ফল কি তায় ॥

মরা তো অনেকে মরে
ডোবা কঠিন হয় গভীরে
মৃত্তিকাহীন সরোবরে
থাকলে স্বরূপ রূপাশ্রয় ॥

মরণের আগেতে মরা
প্রেমডুবারু হয়ে তারা
সে জানতে পায় অধর ধরা
অঠাঁইয়ে দিয়ে ঠাঁই ॥

ডোবে না মন ওঠে ভেসে
ডুবতে চায় গলায় কলসি বেঁধে
অধীন লালন বলছে কেঁদে
না জানি শাঁই কোন্ ঘাটে লাগায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০৫.
মন মাঝি ভাই উজানে চালাও তরী
সেই অকুল সমুদ্দুরই ॥

গঙ্গা যমুনাদি
আর সরস্বতী নদী
উঠছে কেউ পাতালভেদী
হায়রে হায় মরি ॥

ভাটির বাঁকে পাকের গোলায়
কতজন তরী ডুবায়
সামাল সামাল মন মনুরায়
থেক হুঁশিয়ারী ॥

অনুরাগের মাস্তুলেতে
ভাবের কাপড় লাগাও তাতে
লালন কয় জ্ঞানকুপিতে
বাঁধো ভক্তির ডুরি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০৬.

মানুষ ধররে নিহারে
তাঁর মন নয়নে
যোগযোগ করে ॥

নিহারায় চেহারা বন্দি
কররে কর একান্তি
সাড়ে চব্বিশ জেলায় খাটাও পন্তি
পালাবে সে কোন শহরে
ত্বরায় দারোগা হয়ে
কর বাতাবন্দি
স্বরূপ মন্দিরে ॥

স্বরূপে আসন যাঁহার
পবন হিল্লোলে বিহার
পক্ষান্তরে দেখ এবার
দিব্যচক্ষু বিকাশ করে
দুপক্ষেতে খেলছে খেলা
নরনারী রূপ ধরে ॥

অমাবস্যা পূর্ণমাসী
তাহে মহাযোগ প্রকাশি
ইন্দ্র চাঁদ বায়ু বরুণাদি
সে যোগে বাঞ্ছিত আছেরে
সিরাজ শাঁই বলে মূঢ় লালন
মানুষ সাধো প্রেমনীরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০৭.

মানুষ মানুষ সবাই বলে
আছে কোন কোন মানুষের
বসত কোন দলে ॥

অযোনি সহজ সংস্কার
কার সঙ্গে কি সাধব এবার
না জানি কেমন প্রকার
বেড়াই হরিবোল বলে ॥

সংস্কার সাধন না জানি
কী সে সহজ কী সে অযোনি
না জানি তার ভাবকরণ
আগম্য এই মানুষলীলে ॥

তিন মানুষের করণ বিচক্ষণ
জানলে হয় এক নিরূপণ
তাই না বুঝে অবোধ লালন
পড়েছে বিষম গোলমালে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০৮.

মানুষ লুকায় কোন শহরে
খুঁজে মানুষ পাইনে তাঁরে ॥

ব্রজ ছেড়ে নদীয়ায় এলো
তাঁর পূর্বাপর খবর ছিল
এবার নদীয়া ছেড়ে কোথায় গেল
যে জান সে বল মোরে ॥

স্বরূপে সে রূপ দেখা
যেমন দেখায় চাঁদের আভা
এমনই মত থাকে কেবা
প্রভু ক্ষণে ক্ষণে বারাম দেয়রে ॥

কেউ বলে তাঁর নিজ ভজন
করে নিজদেশে গমন
মনে মনে ভাবে লালন
সেই নিজদেশ বলি কারে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭০৯.
মিলন হবে কতদিনে
আমার মনের মানুষের সনে ॥

চাতক প্রায় অহর্নিশি
চেয়ে আছে কালো শশী
হব বলে চরণ দাসী
তা হয় না কপালগুণে ॥

মেঘের বিদ্যুৎ মেঘে যেমন
লুকালে না পায় অন্বেষণ
কালারে হারায়ে তেমন
ঐরূপ হেরি এ দর্পণে ॥

ঐ রূপ যখন স্মরণ হয়
থাকে না লোকলজ্জার ভয়
লালন ফকির ভেবে বলে সদাই
ও প্রেম যে করে সেই জানে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১০.

মীনরূপে শাঁই খেলে
প্রেমডুবারু না হলে মীন
বাঁধবে নারে জালে ॥

জেলে জুতেল বর্শেলাদি
ভ্রমিয়ে চার যুগাবধি
কেউ না তাঁরে পেলে ॥

ক্ষার করে মীন
রয় চিরদিন
প্রেমসন্ধিস্থলে ॥

ত্রিবিনের তীরসন্ধি
খুলতে পারে সেহি তো বন্দি
প্রেমডুবারু হলে ॥

তবে তো মীন
আসবে হাতে
আপনার আপনি চলে ॥

স্বরূপশক্তি প্রেমসিন্ধু
মীন অবতার দীনবন্ধু
সিরাজ শাঁই তাই বলে
শোনরে লালন
ম'লি এখন
গুরুতত্ত্ব ভুলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১১.
মুখের কথায় কি চাঁদ ধরা যায়
রসিক না হলে
সে চাঁদ দেখলে অমনি
ত্রিজগত ভোলে ॥

শম্ভুরসের উপাসনা
না জানিলে রসিক হয় না
গাভীর ভাণ্ডে গোরোচনা
নানা শস্য যাতে ফলে ॥

মনমোহিনীর মনোহরা
যে রসে পড়েছে ধরা
জানতে পারে রসিক যাঁরা
অহিমুণ্ডে উভয় ধীর হলে ॥

নিগূঢ়প্রেম রসরতির কথা
জেনে মুড়াও মনের মাথা
কেন লালন ঘুরছ বৃথা
শুদ্ধ সহজ রাগের পথ ভুলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১২.

মোরাকাবা মোশাহেদায়
আশেক জনা মশ্‌গুল রয়
ফানা ফিল্লায় দাখিল হলে
ইরফানি কোরান তাঁরে শোনায় ॥

আবির কুবির জানলে পরে
চাররঙ যায় আপনি সরে
শেষে আবার লালরঙ ধরে
তারে কি হাতে ধরা যায় ॥

নফ্‌সের জ্যোতি আসলে পরে
বিজলীর চটক ঝরে
যে নফ্‌স সাধন না করে
তারে কি সাধক বলা যায় ॥

আদ্যরূপে নফ্‌স জারি
সামাল হলে হয় ফকিরী
লালন বলে হায় কী করি
বল কোথা যাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১৩.
মোর্শেদ জানায় যারে
মর্ম সেই জানতে পায়
জেনে শুনে রাখে মনে
সে কি করে কয় ॥

নিরাকার হয় অচিন দেশে
আকার ছাড়া চলে না সে
নিরন্তর শাঁই
অন্ত যাঁর নাই
যে যা ভাবে হয় ॥

মুন্সিলোকের মুন্সিগিরি
রস নাহি তার যশটি ভারি
আকার নাই যার
বরজোখ আকার
বলে সর্বদাই ॥

নূরেতে কুল আলম পয়দা
আবার বলে পানির কথা
নূর কী পানি
বস্তু জানি
লালন ভাবে তাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১৪.
মোর্শেদতত্ত্ব অথৈ গভীরে
চার রসের মূল সেই রস
রসিকে জানতে পারে ॥

চার পথের চার নায়ক জানি
খাক আতশ পবন পানি
মোর্শেদ বলে কারে মানি
দেখ দেখি হিসাব করে ॥

শরিয়ত তরিকত আর যে
মারেফত হাকিকত লিখেছে
এ চার ছাড়া পথ আছে
জানে দরবেশ ফকিরে ॥

পনেরো পোয়া দেহের বলন
করতে যদি পার লালন
তবে স্বদেশের চলন
জানবি সেই অনুসারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১৫.
মোর্শেদ ধনী
গুণমণি
গোপনে র'লো
তাঁরে চেনা না গেল ॥

চার যুগে সে রয় গোপনে
দেখা নাই তাঁর কারও সনে
ব্রহ্মা বিষ্ণু না পায় ধ্যানে
মুনিগণে ঘুরে ম'লো
নূরনবী মেহের করে
আপনি দিদার দিল ॥

ইঞ্জিল তৌরা জুব্বুর কোরান
চার কোরান করলেন সোবহান
কোনটা তাঁর করলেন নিশান
তার প্রমাণ জগতে আর কী রইল
সে কখন কোন ধ্যানে থাকে
কিছুই না জানা গেল ॥

সাধুর জবানে শুনি
ধরাতে আছেন ধনী
কথা কয় না গুণমণি
চেনা বিষম দায় হলো
ভেবে লালন বলে ম'লাম ঘুরে
মানবজনম অসার হলো ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১৬.
মোর্শেদ বিনে কী ধন আর
আছেরে মন এই জগতে
যে নামে শমন হরে
তাপিত অঙ্গ শীতল করে
ভববন্ধন জ্বালা যায় গো দূরে
জপ ঐ নাম দিবারাতে ॥

মোর্শেদের চরণের সুধা
পান করিলে যাবে ক্ষুধা
কর না কেউ দেলে দ্বিধা
যেহি মোর্শেদ সেহি খোদা
ভজ অলিয়েম মোর্শেদা
আয়াত লেখা কোরানেতে ॥

আপনি আল্লাহ আপনি নবী
আপনি হন আদম সফি
অনন্ত রূপ করে ধারণ
কে বোঝে তাঁর লীলার কারণ
নিরাকারে শাঁই নিরঞ্জন
মোর্শেদরূপ হয় ভজনপথে ॥

কুল্লে সাইউন মোহিত আলা
কুল্লে সাইউন কাদির
পড় কোরান লেহাজ কর
তবে সে ভেদ জানতে পার
কেন লালন ফাঁকে ফের
ফকির নাম পাড়াও মিছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১৭.
মূল হারালাম লাভ করতে এসে
দিলাম ভাঙ্গা নায়ে বোঝায় ঠেসে
জনমভাঙ্গা তরী আমার
বল ফুরাল জলসেচে ॥

গলুই ভাঙ্গ জলুই খসা
বরাবরই এমনই দশা
গাবকালিতে যায় না কসা
হারা হলাম সেই দিশে ॥

কত ছুতোর ডেকে আনি
সারিতে এই ভাঙ্গা তরণী
এক জা'গায় খোঁচ গড়তে অমনি
আর এক জাগায় যায় ফেঁসে ॥

যে ছুতোরের নৌকা গঠন
তাঁরে যদি পেতাম এখন
লালন বলে মনের মতন
সারতাম তরী তাঁর কাছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১৮.

মূলের ঠিক না পেলে
সাধন হয় কিসে
কেউ বলেরে শ্রীকৃষ্ণ মূল
কেউ বলে মূলব্রহ্ম সে ॥

ব্রহ্ম ঈশ্বর দুইতত্ত্ব
লেখা যায় সাধ্যমত
উঁচানিচা কি সত্য
করিতে হয় সেই দিশে ॥

কোথা যাই কিবা করি
বললে কী হয় গোলে হরি
লালন কয় এক জানতে নারি
তাইতে বেড়াই মন ভেসে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭১৯.
যদি উজান বাঁকে তুলসী ধায়
খাঁটি তার পূজা বটে
চরণচাঁদে পায় ॥

তুলসীদেহ যত
ভাটিয়ে যায় তত
কোথায় সে অটল পদ
তুলসী কোথায় ॥

তুলসী গঙ্গাজলে
উজাবে কোনকালে
মনতুলসী হলে
অবশ্য পায় ॥

প্রেমের ঘাটে বসি
ভাসাও মনতুলসী
লালন কয় তারে দাসী
লেখে খাতায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২০.
যা যা ফানার ফিকির জান গে যারে
যদি দেখতে বাঞ্ছা হয় সে চাঁদেরে ॥

না জানিলে ফানার ফিকিরী
তার আর কিসের ফকিরী
নিজে হও ফানা
ভাবো রব্বানা
দেখে শমন যাবে ফিরে ॥

নিজের রূপ মোর্শেদের রূপ মাঝার
আগে ফানার বিধি জান মন আমার
পিছে মোর্শেদরূপ মনরে সেরূপ
মিশাও শাঁইয়ের অটল নূরে ॥

ফানার ফিকির মোর্শেদের ঠাঁই যাতে
মোর্শেদ ভজন আইন ভেজিলেন শাঁই
সিরাজ শাঁইয়ের কৃপায়
অধীন লালন কয়
যাজন কষ্ট শাঁইয়ের দ্বারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২১.
যাঁরে ধ্যানে পায় না মহামুনী
আছে অচিন মানুষ
মীনরূপে ধরিয়ে পানি ॥

কররে সমুদ্র নির্ণয়
কোন যোগে তাঁর কোন ধারা বয়
যোগ চিনে ডুবলে সেথায়
মীন ধরা যায় তখনই ॥

আজব রঙের মীন বটে সে
সাত সুমুদ্দুর জুড়ে আছে
রয় সবই হাতের কাছে
চিনতে পারে কোন ধনী ॥

যোগ বুঝে মীন পড়ে ধরা
জানে যোগী রসিক যাঁরা
সিরাজ শাঁই কয় লালন গোড়া
সেইঘাটে খায় চুবানি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২২.

যাঁরে প্রেমে বাধ্য করেছি
তাঁরে কি আর আগলে রেখেছি ॥

যাবার সময় বলে যাবে
থাকতে বললে থাকতে হবে
নতুবা সে ফাঁকি দেবে
আমি দম দিয়ে দম মেনেছি ॥

দমের সঙ্গে হাওয়ার প্রণয়
দম ধরিলে সে ধরা দেয়
আমি ঘরের দ্বার বন্ধ করে
খেদ মিটায়ে বসেছি ॥

হেসে হেসে কমল তুলেছি
মনপ্রাণ যাঁরে সঁপেছি
লালন বলে কথায় কী
মানুষ মেলে
করণকারণেই সেরেছি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২৩.

যে আমায় পাঠালে এই ভাবনগরে
মনের আঁধারহরা চাঁদ
সেই দয়াল চাঁদ
আর কতদিনে দেখব তাঁরে ॥

কে দেবেরে উপাসনা
করিরে আজ কী সাধনা
কাশীতে যাই কি
মক্কায় থাকি
আমি কোথায় গেলে পাব
সেই চাঁদরে ॥

মনফুলে পূজিব কি
নামব্রহ্ম রসনায় জপি
তাঁর দয়া হবে কিসে
পাপীর উপর
অধীন লালন বলে তাইতে
প'লাম ফ্যাঁরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২৪.
যেও না আন্দাজি পথে মনরসনা
কুপ্যাঁচে কুপাকে পড়ে
প্রাণে বাঁচবে না ॥

পথের পরিচয় করে
যাও না মনের সন্দেহ মেরে
লাভলোকসান বুদ্ধির দ্বারে
যাবে জানা ॥

উজনভেটেন পথ দুটি
দেখ নয়ন করে খাঁটি
দাও যদি মন গড়াভাটি
কুল পাবা না ॥

অনুরাগ তরণী কর
ধারা চিনে উজান ধর
লালন কয় করতে পার
মূলের ঠিকানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২৫.
যেখানে শাঁইর বারামখানা
সেখানে শাঁইর বারামখানা
শুনিলে প্রাণ চমকে ওঠে
দেখতে যেমন ভুজঙ্গনা ॥

যা ছুঁইলে প্রাণে মরি
এ জগতে তাইতে তরি
বুদ্ধিতে বুঝিতে নারি
কী করি তার নাই ঠিকানা ॥

আত্মতত্ত্ব যে জেনেছে
দিব্যজ্ঞানী সে হয়েছে
কুবৃক্ষে সুফল ফলেছে
আমার মনের ঘোর গেলো না ॥

যে ধনে উৎপত্তি প্রাণধন
সেইধনের হলো না যতন
অকাজের ফল পাকায় লালন
দেখে শুনে জ্ঞান হলো না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২৬.

যে জন গুরুর দ্বারে জাত বিকিয়েছে
তার কি আর জাতের ভয় আছে ॥

সূতার টানে পুতুল যেমন
নেচে ফেরে সারা জনম
নাচায় বাঁচায় সেহি একজন
গুরুনামে জগত জুড়েছে ॥

গুরুমাখা ত্রিজগতময়
হাসিকান্না স্বর্গনরক হয়
উত্তমম্লেচ্ছ কারে বলা যায়
দেখ মনগুরুকে বুঝে ॥

সকল পুণ্যের পুণ্যফল
গুরু বিনে নাই সম্বল
লালন কয় তার জনম সফল
যে জন গুরুধন পেয়েছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২৭.

যে জন দেখেছে অটলরূপের বিহার
মুখে বলুক কি নাই বলুক
　　　　সে থাকে ঐ রূপনিহার ॥

নয়নে রূপ না দেখতে পায়
নামমন্ত্র জপিলে কী হয়
নামের তুল্য নাম পাওয়া যায়
　　　　রূপে তুল্য কার ॥

নিহারে গোলমাল হলে
পড়বি মন কুজনার ভোলে
ধরবি কারে গুরু বলে
　　　　তরঙ্গ মাঝার ॥

স্বরূপে রূপ রূপের ভেলা
ত্রিজগতে করছে খেলা
লালন বলে ও মনভোলা
　　　　কোলের ঘোর যায় না তোমার ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২৮.

যে জন বৃক্ষমূলে বসে আছে
তাঁর ফলের কী অভাব আছে ॥

কল্পবৃক্ষে যে জন বসে রয়
বাঞ্ছা করলে সে ফল হাতে পায়
ভুবন জোড়া
গাছের গোড়া
মূল শিকড় পাতালে গেছে ॥

গাছের গোড়ে বসে যে রয়
চৌদ্দ ভুবন সে দেখতে পায়
একুলওকুল দুকুল যায়
জনম হবে না পশুর মাঝে ॥

ডাল নাই তার পাতা আছে
তিন ডালে জগত জুড়েছে
লালন বলে ভাবিস মিছে
ফুলছাড়া ফল রয়েছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭২৯.
যে জন হাওয়ার ঘরে ফাঁদ পেতেছে
ঘুচেছে তার মনের আঁধার
সে দিকছাড়া নিরিখ বেঁধেছে ॥

হাওয়া দমে বেম্বোভেলা
অধর চাঁদ মোর করছে খেলা
ঊর্দ্ধনালে চলাফেরা
কলকাঠি তার ব্রহ্মদ্বারে আছে ॥

হাওয়া দ্বারী দম কুঠরি
মাঝখানে অটল বিহারী
শূন্যবিহার স্বর্ণপুরী
সাধনবলে কেউ দেখেছে ॥

মনখুঁটো প্রেম ফাঁসি পরে
জ্ঞান শিকারী শিকার ধরে
ফকির লালন কয় বিনয় করে
সেভাব ঘটল না মোর হৃদয় মাঝে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩০.
যে জনা বসে আছে খুঁটো ধরে
তার গায়ে যাঁতার ঘিস
লাগবে নারে ॥

দেখ না যাঁতার মাঝার
খুঁটোর গোড়ায় ফাঁক আছে তার
জানি না যাঁতার কী মার
চাপান পায়রে ॥

আসমানজমিন করে এক ঠাঁই
যে দিনে ঘুরাবেন শাঁই
যার আছে খুটোর বল ভাই
বাঁচবে সেরে ॥

থাকলে গুরুরূপের হিল্লায়
অটলরূপ তারেই মিলায়
তাই তো লালন ফকির কয়
সে ভিন্ন নয়রে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩১.

যে জানে ফানার ফিকির
সেই তো ফকির
ফকির হয় কি
করলে নাম জিকির ॥

আছে এমত ফানার ধরন
জানতে হয় তার বিবরণ
ফানা ফিল্লাহ
ফানা ফির রসুল আখের ॥

আখেরে অকারণ হবি কানা
প্রাপ্ত ফানা তাও হলো না
মুড়িয়ে মাথা জেনে শুনে
ফকিরী পথ কর জাহির ॥

ফানা যে হয় মোর্শেদের পদে
মাওলারে পায় সে অনায়াসে
সিরাজ শাঁই কয় লালন তোমার
ফকিরী নয় ফাঁক ফিকির ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩২.
যেতে সাধ হয়রে কাশী
কর্মফাঁসি বাঁধল গলায়
আর কতদিন ঘোরাবে এমন
নাগরদোলায় ॥

হলোরে এ কী দশা
সর্বনাশা
মনের ঘোলায়
দেখলাম এবার নিশ্চয় বুঝি
ডুবল ডিঙ্গি
জন্ম নালায় ॥

বিধাতা হয় বিবাদী বাজি
কিবা মন কী পাজি
ফ্যারে ফেলায়
বাও না বুঝি
বাই তরণী
ক্রমে তলায় ॥

কলুর বলদের মতন
ঢেঁকে নয়ন
পাকে চালায়
লালন প'লো তেমনই পাকে
হেলায় ফেলায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩৩.

যে পথে শাঁই আসে যায়
সামান্যে কী তাঁর মর্ম পায় ॥

নিচে উপর থরে থরে
সাড়ে নয় দরজা ঘরে
নয় দরজা তাঁর
জানতে হয় সবার
আদি দরজা চেনে যাঁরা
তাঁরা সদ্‌জ্ঞানী হয় ॥

এমনিরে সে নিগম পথ
হাওয়ার তাতে
নাই যাতায়াত
যদি ফাঁদ পেতে
বসতে পথে
সাধনসিদ্ধি হতো নিশ্চয় ॥

এমনিরে তাঁর আজব কীর্তি
সূচের ছিদ্রে চালায় হাতি
সিরাজ শাঁই বলে
নিগূঢ়ভেদ খুলে
কোলের ঘোরে
লালন ঘুরে বেড়ায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩৪.

যে পথে শাঁই চলে ফেরে
তাঁর খবর আর কে করে ॥

সেপথে আছে সদাই
বিষম কালনাগিনীর ভয়
কেউ যদি আজগুবি যায়
অমনি উঠে ছোঁ মারে
পলকভরে বিষ
ধেয়ে বিষ
ওঠে ব্রহ্মরন্ধ্রেরে ॥

যে জানে উল্টোমন্ত্র
খাটিয়ে সেহিতন্ত্র
গুরুরূপ করে নজর
বিষ ধরে সাধন করে
দেখে তার করণরীতি
শাঁই দরদী
দরশন দেবে তারে ॥

সেই যে অধর ধরা
যদি কেউ চাহে তারা
চৈতন্য গুণীন যাঁরা
গুণ শেখে তাঁদের দ্বারে
সামান্যে কি
পারবি যেতে
সেই কুকাপের ভিতরে ॥

ভয় পেয়ে জন্মাবধি
সেপথে না যাও যদি
হবে না সাধনসিদ্ধি
তাই শুনে নয়ন ঝরে
লালন বলে
যা করেন শাঁই
থাকতে হয় সেইপথ ধরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩৫.
যে যা ভাবে সেইরূপ সে হয়
রাম রহিম করিম কালা
একই আল্লাহ জগতময় ॥

কুল্লে সাইউন মোহিত খোদা
আল কোরানে কয় সে কথা
এ কথা যার
নাইরে বিচার
পড়ে গোল বাঁধায় ॥

আকার সাকার নাই নিরাকারে
একে অস্তউদয় নির্জন ঘরে
রূপ নিহারে
এক বিনেরে
তা কি দেখা যায় ॥

এক নিহারে দাও মন আমার
ছাড়িয়ে দুন আল্লাহর
লালন বলে
একরূপ খেলে
ঘটেপটে সব জায়গায় ॥

AMARBOI.COM
দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩৬.
যে সাধন জোরে কেটে যায় কর্মফাঁসি
জানবি যদি সাধনকথা
হও আগে গুরুর দাসী ॥

স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ আর
নপুংসক শাসন কর
যে লিঙ্গ ব্রহ্মাণ্ডের উপর
তাই প্রকাশি ॥

মারে মৎস্য না ছোঁয় পানি
রসিকের তেমনই করণ
আকর্ষণে আনে টানি
শারদ শশী ॥

কারণ সমুদ্রের পারে
গেলে পাবি অধর চাঁদেরে
অধীন লালন বলে নইলে ঘুরে
মরবি চৌরাশি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩৭.

রঙমহলে চুরি করে
কোথা সে চোরের বাড়ি
ধরতে পারলে সেই চোরেরে
পায়ে দিতাম মনোবেড়ি ॥

সিংদরজায় চৌকিদার একজন
অষ্টপ্রহর থাকে সচেতন
কখন তারে
ভেল্কি মেরে
চুরি করে কোন ঘড়ি ॥

ঘর বেড়িয়ে ষোলজন সেপাই
এক একজনের বলের সীমা নাই
তারাও চোরের
পেল না টের
কার হাতে দেবে দড়ি ॥

পিতৃধন সব নিল চোরে
নেংটিঝাড়া করল মোরে
লালন বলে
একই কালে
চোরের কী হলো আড়ি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩৮.
রসের রসিক না হলে
কে গো জানতে পায়
কোথা সে অটলরূপে
বারাম দেয় ॥

শূন্যভরে
আসন করে
পাতালপুরে বারাম দেয়
অমনি পড়ে গিয়ে
ফাঁকের মাঝখানায় ॥

মনচোরা চোর
সেই যে নাগর
তলে আসে তলে যায়
উপর উপর বেড়ায়
ঘুরে জীব সদাই ॥

তলে ঢোঁড়
তলে খোঁজ
তবে সে ভেদ জানতে পায়
লালন বলে উচ্চমনের
কার্য নয় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৩৯.
রাখলেন শাঁই কূপজল করে
আন্ধেলা পুকুরে

কবে হবে সুজল বরষা
চেয়ে আছি সেই ভরসা
আমার এই ভগ্নদশা
ঘুচবে কতদিন পরে
এবার যদি না পাই চরণ
আবার কী পড়ি ফ্যারে ॥

নদীর জল কূপজল হয়
বিল বাওড়ে পড়ে রয়
সাধ্য কী জল গঙ্গাতে যায়
গঙ্গা না এলে পরে
তেমনি জীবের ভজন বৃথা
তোমার কৃপা নাই যারে ॥

যন্তরে পরিয়ে অন্তর
রয় যদি লক্ষ বছর
যন্ত্রিক বিহনে যন্ত্র
কভু না বাজতে পারে
গুরু তুমি যন্ত্রী আমি যন্ত্র
সুবোল বলাও আমারে ॥

পতিতপাবন নামটি
শাস্ত্রে শুনেছি খাঁটি
পতিতকে না তরাও যদি
কে ডাকবে ওই নাম ধরে
লালন বলে তরাও গো শাঁই
এই ভব কারাগারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪০.
রাগ অনুরাগ যার বাঁধা আছে
সোনার মানুষ তার আলাপন হৃৎকমলে ॥

বেদ পুরাণাদি
রাগের অনুবাদী
নব অনুরাগী তা দেয়রে ফেলে ॥

অনুরাগীর মন সদা সচেতন
মণিহারা ফণীর মতন
দেখলে তাঁর মুখ
হৃদয়ে বাড়ে সুখ
অঙ্গ পরশিলে প্রেমোজ্জ্বলে ॥

অনুরাগীর নয়ন যেদিকে ফিরায়
পূর্ণচন্দ্র রূপ ঝলক দেখতে পায়
ক্ষণেক হাসে মন
ক্ষণেক সচেতন
ক্ষণেক ব্রহ্মাণ্ডের উপর যায়রে চলে ॥

অনুরাগে সদাই যে করে আশা
অনুরাগে হয় তার দশমদশা
লালন ফকির বলে
অনুরাগ না হলে
কার কার্যসিদ্ধি হয় কোনকালে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪১.

রূপের তুলনা রূপে
ফণী মণি সৌদামিনী
কি আর তাঁর কাছে শোভে ॥

যে দেখেছে সেই অটল রূপ
বাক নাহি মেরেছে চুপ
পার হলো সে এ ভবকূপ
রূপের মালা হৃদয়ে জপে ॥

আমি বিদ্যে বুদ্ধিহানি
ভজন সাধন নাহি জানি
বলব কী সেই রূপবাখানি
মনমোহিনীর মনোকল্পে ॥

বেদে নাই সে রূপের খবর
কেবল শুদ্ধপ্রেমে বিভোর
সিরাজ শাঁই কয় লালনরে তোর
নিজরূপে রূপ দেখ সংক্ষেপে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪২.
লণ্ঠনে রূপের বাতি
জ্বলছেরে সদাই
দেখ নারে দেখতে যার
বাসনা হৃদয় ॥

রতির গিরে ফস্কা মারা
শুধুই কথার ব্যবসা করা
তার কি হবে রূপ নিহারা
মিছে গোল বাঁধায় ॥

যেদিন বাতি নিভে যাবে
ভাবের শহর আঁধার হবে
সুখপাখি সে পালাইবে
ছেড়ে সুখালয় ॥

সিরাজ শাঁই বলেরে লালন
স্বরূপ রূপে দিলে নয়ন
তবেই হবে রূপ দরশন
পড়িসনে ধাঁধায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪৩.
লিঙ্গ থাকলে সে কি পুরুষ হয়
বারমাসে চব্বিশ পক্ষ
তবে কেন ঘরখানি বয় ॥

মাসান্তে চলে ফেরে
খোসা ফেলে যায়গো সেরে
থাকে সেই জায়গায় পড়ে
সদানন্দে বারাম সদাই ॥

পুরুষ বলতে কুম্ভ ভারি
এক বীজে হয় পুরুষনারী
বারিতে সৃষ্টি কারবারি
এক ফুলে দুই রঙ ধরায় ॥

পরশখানা ছিল আসল
সে জায়গায় বাঁধল গোল
লালন বলে গোলে হরিবোল
বললে কী মর্ম পায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪৪.
লীলা দেখে লাগে ভয়
নৌকার উপর গঙ্গা বোঝাই
ডাঙ্গাতে বয়ে যায় ॥

ফুল ফোটে তাঁর গঙ্গাজলে
ফল ধরেছে অচিন দলে
ফলে ফুলে যুক্ত হলে
তাতে কথা কয় ॥

আবহায়াত নামে গঙ্গা সে যে
সংক্ষেপেতে দেখ বুঝে
পলকে পাউড়ি ভাসে
পলকে শুকায় ॥

গাঙ্গজোড়া এক মীন সে গাঙ্গে
খেলছে খেলা পরম রঙ্গে
লালন বলে জল শুকালে
মীন যাবে হাওয়ায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪৫.

শহরে ষোলজনা বম্বেটে
করিয়ে পাগলপারা
নিল তারা সব লুটে ॥

রাজ্যেশ্বর রাজা যিনি
চোরের সে শিরোমণি
নালিশ করিব আমি
কোনখানে কার নিকটে ॥

ছয়জনা ধনী ছিল
তারা সব ফতুর হল
কারবারে ভঙ্গ দিল
কখন যেন যায় উঠে ॥

গেল ধন মালনামায়
খালি ঘর দেখি জমায়
লালন কয় খাজনারই দায়
কখন যেন যায় লাটে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪৬.
শাঁই আমার কখন খেলে কোন খেলা
জীবের কি সাধ্য আছে
গুণে পড়ে তাই বলা ॥

কখন ধরে আকার
কখনও হয় নিরাকার
কেউ বলে আকারসাকার
অপার ভেবে হই ঘোলা ॥

অবতারঅবতারী
সবই সম্ভব তাঁরই
দেখরে জগতভরি
একচাঁদে হয় উজালা ॥

ভাণ্ড ব্রহ্মাণ্ড মাঝে
শাঁই বিনে কী খেল আছে
ফকির লালন কয় নাম ধরে সে
কৃষ্ণ করিম কালা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪৭.
শাঁইর আজব কুদরতি
কেউ বুঝতে নারে
আপনি রাজা আপনি প্রজা
এইভবের উপরে ॥

আহাদরূপে লুকায় হাদী
আহ্‌মদী রূপ ধরে
এ মর্ম না জেনে বান্দা
পড়বি ফেরে ॥

বাজিকরে পুতুল নাচায়
আপনি তারে কথা কওয়ায়
জীবদেহ শাঁই চলায় ফেরায়
সেই প্রকারে ॥

আপনারে চিনবে যে জন
পৌছাবে সে জন
ভেদের ঘরে
সিরাজ শাঁই কয় লালন কী
বেড়াও ঢুঁড়ে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪৮.
শাঁইর লীলা বুঝবি ক্ষ্যাপা কেমন করে
লীলার যাঁর নাইরে সীমা
কোন সময় কোন রূপ সে ধরে ॥

আপনি ঘর আপনি ঘরী
আপনি করেন রসের চুরি
ঘরে ঘরে
আপনি করে মেজিস্টারি
আপন পায়ে বেড়ি পরে ॥

গঙ্গায় গেলে গঙ্গাজল হয়
গর্তে গেলে কূপজল কয়
বেদ বিচারে
তেমনই শাঁইয়ের বিভিন্ন নাম
জানায় পাত্র অনুসারে ॥

একে বয় অনন্ত ধারা
তুমিআমি নাম বেওয়ারা
ভবের 'পরে
লালন বলে কেবা আমি
জানলে ধাঁধা যেত দূরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৪৯.

শুদ্ধপ্রেম না দিলে
ভজে কে তাঁরে পায়
ও সে না মানে আচার
না মানে বিচার
শুদ্ধপ্রেম রসের রসিক দয়াময় ॥

জান না মন শুকনো কাষ্ঠে
কবে তার মালঞ্চ ফোটে
প্রেম নাই যাহার চিত্তে
তেমনই কাষ্ঠ সে
পরসুখের জন্যে নিজপুত্র বলি দেয় ॥

সে প্রেমের রসিক যাঁরা
ফণী যেমন মণিহারা
দেখলে তাঁর মুখ
হৃদয়ে বাড়ে সুখ
সেই দয়াল চাঁদ তাঁহার থাকে সদয় ॥

যোগীন্দ্র মণীন্দ্রাদি
যোগ সেধে না পায় নিধি
শুদ্ধপ্রেম দিয়ে তাঁরে
ভজে গোপীর দ্বারে
লালন বলে সে প্রেম ঘটবে কি আমায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫০.

শুদ্ধপ্রেম রসিক বিনে
কে তাঁরে পায়
যার নাম আলাক মানুষ
আলাকে রয় ॥

রসিক রস অনুসারে
নিগূঢ়ভেদ জানতে পারে
রতিতে মতি ঝরে
মূলখণ্ড হয় ॥

নীরে নিরঞ্জন আমার
আদি লীলা করে প্রচার
হলে আপন জন্মের বিচার
সব জানা যায় ॥

আপনায় জন্মলতা
খোঁজ গে তাঁর মূলটি কোথা
লালন বলে পাবে সেথা
শাঁইয়ের পরিচয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫১.

শুদ্ধপ্রেমরসের রসিক ম্যারে শাঁই
গুণিলে পড়িলে কী আর তাঁরে পাই ॥

রোজাপূজা করলে সবে
আত্মসুখের কার্য হবে
শাঁইয়ের খাতায় কি সই পড়িবে
মনে ভাব তাই ॥

ধ্যানী জ্ঞানী মুনিজনা
প্রেমের খাতায় সই পড়ে না
প্রেম পিরিতির উপাসনা
কোন বেদে নাই ॥

প্রেমে পাপ কি পূণ্য হয়রে
চিত্রগুপ্ত লিখতে নারে
সিরাজ শাঁই কয় লালন তোরে
তাই জানাই ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫২.

শুদ্ধপ্রেমরাগে ডুবে সদাই
থাকরে আমার মন
স্রোতে গা ঢালান দিও না
রাগে বেয়ে যাও উজান ॥

নিভাইয়ে মদনজ্বালা
অহিমুণ্ডে কর গে খেলা
উভয় নিহার উর্ধ্বতলা
প্রেমের এই লক্ষণ ॥

একটি সাপের দুটি ফণী
দুইমুখে কামড়ালেন তিনি
প্রেমবাণে বিক্রমণে যিনি
তাঁর সনে দাও রণ ॥

মহারস মুদিত কমলে
প্রেমশৃঙ্গারে লওরে তুলে
আত্মসামাল সেই রণকালে
কয় ফকির লালন ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫৩.
শুদ্ধপ্রেম সাধল যাঁরা
কামরতি রাখল কোথা
বল গো রসিক
রসের মাফিক
ঘুচাও আমার মনের ব্যথা ॥

আগে উদয় কামের রতি
রস আগমন তাহে গতি
সেই রসে করে স্থিতি
খেলছে রসিক প্রেমদাতা ॥

মন জানে না রসের করণ
জানে না সে প্রেমের ধরন
জলসেচিয়ে হয়রে মরণ
কথায় কেবল বাজিজেতা ॥

মনের বাধ্য যে জন
আপনার আপনি ভোলে সে জন
ভেবে কয় ফকির লালন ডাকলে
সে তো কয় না কথা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫৪.

শুদ্ধপ্রেমের প্রেমিক যে জন হয়
মুখে কথা কউক বা না কউক
নয়ন দেখলে চেনা যায় ॥

রূপে নয়ন করে খাঁটি
ভুলে যায় সে নামমন্ত্রটি
চিত্রগুপ্ত তার পাপপুণ্যটি
লিখতে নারে খাতায় ॥

মণিহারা ফণী যেমন
প্রেমরসিকের দুটি নয়ন
কী দেখে কী করে সে জন
অন্ত নাহি পায় ॥

সিরাজ শাঁই কয় বারে বারে
শোনরে লালন বলি তোরে
মদনরসে বেড়াস ঘুরে
সে ভাব তোর কই দাঁড়ায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫৫.
শুনি মরার আগে ম'লে
শমনজ্বালা ঘুঁচে যায়
জান গা কেমন মরার
কীরূপে তার জানাজা দেয় ॥

জ্যান্তে মরে সুজন
দিয়ে খেলকা তাজ তহবন
বেশ পরায়
রুহু চাপা হয় কিসে
তাঁর গোর হয় কোথায় ॥

মরার শৃঙ্গার ধরে
উচিত জানাজা করে
যে যথায়
সেই মরা আবার মরিলে
জানাজা হয় কোথায় ॥

কথায় হয় না সে রূপ মরা
তাঁদের করণ বেদছাড়া
সর্বদাই
লালন বলে সম্‌ঝে পর
মরার হার গলায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫৬.

শূন্যেতে এক আজব বৃক্ষ
দেখতে পাই
আড়ে দীঘে কত হবে
বলার কারও সাধ্য নাই ॥

সেই বৃক্ষের দুই পূর্ব ডাল
এক ডালে প্রেম আরেক ডালে কাল
চারযুগেতে আছে একই হাল
নাই টলাটল রতিময় ॥

বলব কিসে বৃক্ষের কথা
ফুলে মধু ফলে সুধা
এমন বৃক্ষ মানে যেবা
তার বলিহারি যাই ॥

বিনা বীজে সেই যে বৃক্ষ
ত্রিজগতের উপলক্ষ
শাস্ত্রেতে আছে ঐক্য
লালন ভেবে বলে তাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫৭.
শ্রীরূপের সাধন আমার কই হলো
শুধু কথায় কথায় এ জনম
বিফলে গেল ॥

রূপের দয়া হলো না মোরে
ভক্তি নাই আমার এ অন্তরে
দিন আখেরী কথার জোরে
সকলই তোর ফুরাল ॥

শ্রীরূপের আশ্রিত যাঁরা
অনা'সে প্রেম সাধল তাঁরা
হলো না মোর অন্ত সারা
কপালে কি এই ছিল ॥

এলো বুঝি কঠিন শমন
নিকাশ কী করব তখন
তাই তো এবার অধীন লালন
গুরুর দোহাই দিল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫৮.

ষড়রসিক বিনে
কেবা তাঁরে চেনে
যাঁর নাম অধরা
শাক্ত শক্তি বুঝে
শৈব শিবে মজে
বৈষ্ণবের বিষ্ণুরূপ নিহারা ॥

বলে সপ্তপন্তি মত
সপ্তরূপ ব্যাখ্যিত
রসিকের মন নয় তাতে রত
রসিকের মন
রসেতে মগন
রূপরস জেনে খেলছে তারা ॥

হলে পঞ্চতত্ত্বজ্ঞানী
পঞ্চরূপ বাখানি
রসিক বলে সেও তো
নিলেন নিত্যগুণই
বেদবিধিতে যাঁর
লীলের নাই প্রচার
নিগম শহরে শাঁইজি ম্যারা ॥

যে জন ব্রহ্মজ্ঞানী হয়
সেও তো কথায় কয়
না দেখে নামব্রহ্ম
সার করে হৃদয়
রসিক স্বরূপ রূপদর্পণে
রূপ দেখে নয়নে
লালন বলে রসিক দীপ্তকারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৫৯.
সদাই সে নিরঞ্জন নীরে ভাসে
যে জানে সে নারীর খবর
নীরঘাটায় তাঁরে খুঁজলে
পায় অনা'সে ॥

বিনা মেঘে নীর বরিষণ
করিতে হয় তাঁর অন্বেষণ
যাতে হলো ডিম্বুর গঠন
থাকিতে অবিম্ব বাসে ॥

যথা নীরের হয় উৎপত্তি
সেই আবেশে জন্মে শক্তি
মিলন হলো উভয় রতি
ভাসলে যখন নিরাকারে এসে ॥

নীরে নিরঞ্জন অবতার
নীরেতে করিবে সংহার
সিরাজ শাঁই তাই কয় বারেবার
দেখরে লালন আত্মতত্ত্বে বসে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬০.
সদা মন থাক বাহুঁশ
ধর মানুষ
রূপ নিহারে
আয়না আঁটা
রূপের ছটা
চিলেকোঠায় ঝলক মারে ॥

বর্তমানে দেখো ধরি
নরদেহে অটলবিহারী
মরো কেন হড়িবড়ি
কাঠের মালা টিপে হারে ॥

স্বরূপ রূপে রূপকে জানা
সেই তো বটে উপাসনা
গাঁজায় দম চড়িয়ে মনা
ব্যোমকালী আর বলিস নারে ॥

দেল ঢুঁড়ে দরবেশ যাঁরা
রূপনিহারে সিদ্ধ তাঁরা
লালন কয় আমার ফেরা
ডেংগুলিটি সার হলোরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬১.

সদা সোহাগিনী ফকির
সাধে কেউ কি হয়
তবে কেন কেহ কেহ
বেদাতসেদাত কয় ॥

যাঁর নাম সামা সেই তো গান
কোরানেতে বলে এলহাম
তা নইলে কি হাদিস কোরান
রাগরাগিনী দেয় ॥

সৎগান যদি বেদাত হতই
তবে কি সুরে ফেরেস্তা গাইত
দেখ নবীকে মেরাজের পথ
নৃত্যগীতে নেয় ॥

আধখুড়ি পোন বাঙ্গালি ভাই
ভাব না বুঝে গোল যে বাঁধায়
গানের ভাববিশেষে ফল দেবেন শাঁই
লালন ফকির কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬২.

সপ্ততলা ভেদ করিলে
হাওয়ার ঘরে যাওয়া যায়
হাওয়ার ঘরে গেলে পরে
অধর মানুষ ধরা যায় ॥

হাওয়াতে হাওয়া মিশায়ে
যাওরে মন উজান বেয়ে
জলের বাড়ি লাগবে না গায়ে
যদি গুরুর দয়া হয় ॥

গুরুপদে যার মন ডুবেছেরে
সে কি ঘরে রইতে পারে
রত্ন থাকে যত্নের ঘরে
কোন সন্ধানে ধরবি তায় ॥

মৃণালের পর আছে স্থিতি
রূপের ছটা ধরবি যদি
লালন কয় তাঁর গতাগতি
সেইখানে চাঁদ উদয় হয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬৩.
সবাই কি তাঁর মর্ম জানতে পায়
যে সাধনভজন করে
            সাধক অটল হয় ॥

অমৃতমেঘের বরিষণ
চাতকভাবে চায়রে মন
তাঁর একবিন্দু পরশিলে
            শমনজ্বালা দূরে যায় ॥

যোগেশ্বরীর সঙ্গে যোগ করে
মহাযোগ সেই জানতে পারে
তিন দিনের তিন মর্ম জেনে
            একদিনে সেধে লয় ॥

বিনা জলে হয় চরণামৃত
যা ছুঁইলে যায় জরামৃত
লালন বলে
চেতনগুরুর সঙ্গ নিলে
            দেখায়ে দেয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬৪.
স্বরূপদ্বারে রূপদর্পণে সেই রূপ দেখেছে যে জন
তার রাগের তালা
আছে খোলা
সেই তো প্রেমের মহাজন ॥

অনুরাগের রসিক হয় যে জন
জানতে পারে সে রাগের করণ ॥

তার আপ্তসুখের নাইরে আশা
অন্তরে করে শুদ্ধরসের নিরূপণ ॥

সামান্যে না পাবে দেখা
স্বরূপে রূপ আছে ঢাকা
লালন বলে কোলের ঘোরে হারালাম রাঙাচরণ ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬৫.
স্বরূপ রূপে নয়ন দেরে
দেখবি সে রূপের অরূপ
আ মরি কেমন স্বরূপ
ঝলক মারে ॥

স্বরূপ বিনে রূপটি দেখা
সে কেবল মিথ্যে ধোঁকা
সাধকের লেখাজোখা
স্বরূপ সত্যসাধন দ্বারে ॥

মনমোহিনীর মনোহরা রূপ
নররূপেতে হের সে রূপ
যে দেখ সে থাকরে চুপ
বলতে নারে ভেদ যারে তারে ॥

স্বরূপে যাঁর আছে নয়ন
তাঁরে কি ছুঁতে পারে শমন
সিরাজ শাঁই বলেরে লালন
তুই রূপ ভুলিলে পড়বি ফেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬৬.
স্বরূপে রূপ আছে গিলটি করা
রূপসাধন করল স্বরূপ
নিষ্ঠা যারা ॥

শতদল সহস্রদলে
রূপ স্বরূপে ভাটা খেলে
ক্ষণেক রূপ রয় নিরালে
নিরাকারা ॥

রূপ বললে যদি হয় রূপসাধন
তবে কি আর ভয় ছিল মন
সে মহারাগের করণ
স্বরূপ দ্বারা ॥

আসবে বলে স্বরূপমণি
থাক গা বসে ঘাট ত্রিবেণী
লালন কয় সামাল ধনী
সেই কিনারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬৭.
সমঝে কর ফকিরী মনরে
এবার গেলে আর হবে না
পড়বি ঘোরতরে ॥

অগ্নি যৈছে ভস্মে ঢাকা
সুধা তেমনই গরলে মাখা
মৈথুনদণ্ডে যাবে দেখা
বিভিন্ন করে ॥

বিষামৃতে আছে মিলন
জানতে হয় তার কী রূপসাধন
দেখ যেন গরল ভক্ষণ
কর না হারে ॥

কয়বার করলে আসাযাওয়া
নিরূপণ কি রাখলে তাহা
লালন কয় কে দেয়
খেওয়া ভব মাঝারে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬৮.
সময় গেলে সাধন হবে না
দিন থাকিতে তিনের সাধন
কেন করলে না ॥

জান না মন খালে বিলে
থাকে না মীন জল শুকালে
কী হবে তার বাঁধাল দিলে
শুকনা মোহনা ॥

অসময়ে কৃষি করে
মিছামিছি খেটে মরে
গাছ যদিও হয় বীজের জোরে
তাতে ফল তো ধরে না ॥

অমাবস্যায় পূর্ণিমা হয়
মহাযোগ সেইদিনে উদয়
লালন বলে সেই সময় দণ্ড রয় না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৬৯.
সময় থাকতে বাঁধাল বাঁধলে না
জল শুকাবে মীন পলাবে
পস্তাবিরে ভাই মনা ॥

ত্রিবেণীর তীরধারে
মীনরূপে শাঁই বিরাজ করে
উপর উপর বেড়াও ঘুরে
সে গভীরে তো ডুবলে না ॥

মাসান্তে মহাযোগ হয়
নিরস হতে রস ভেসে যায়
করলিনে সেই যোগের নির্ণয়
মীনরূপের খেলা খেলে না ॥

জগতজোড়া মীন অবতার
সন্ধি বোঝা সন্ধির উপর
সিরাজ শাঁই কয় লালন তোমার
সন্ধানীকে চিনলে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭০.

সমুদ্রের কিনারে থেকে
জল বিনে চাতকি ম'লো
হায়রে বিধি ওরে বিধি
তোর মনে কি ইহাই ছিল ॥

নবঘন বিনে বারি
খায় না চাতক অন্যবারি
চাতকের প্রতিজ্ঞা ভারি
যায় যদি প্রাণ সেও তো ভাল ॥

চাতক থাকে মেঘের আশে
মেঘ বরিষণ অন্যদেশে
বল চাতক বাঁচে কিসে
ওষ্ঠাগত প্রাণাকুল ॥

লালন ফকির বলেরে মন
হলো না মোর ভজনসাধন
ভুলে সিরাজ শাঁইয়ের চরণ
মানবজনম বৃথা গেল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭১.
সহজে অধর মানুষ না যায় ধরা
হতে হবে জ্যান্তে মরা ॥

অধর ধরার এমনই ধারা
গুরুশিষ্য ঐক্য করা
চৈতন্যরূপ নিহার করা
জানিলে হয় করণ সারা ॥

হায়াত নদীর মধ্যে স্থিতি
আজগুবি এক ফুল উৎপত্তি
ফুলের মধ্যে ফলের জ্যোতি
উজালা করা ॥

মেঘের কোলে বিদ্যুৎ খেলে
অমনি সেরূপ যায়গো চলে
ভাব না জেনে ধরতে গেলে
পড়বি মারা ॥

নয়নকোণে মেঘ আকৃতি
দেখবে কি সেইরূপের জ্যোতি
লালন বলে কুলের পতি
কুল না ছাড়লে কি দেবে ধরা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭২.
সহজে আলাক নবী
দেহের ভিতর চৌদ্দ ভুবন
বানাল কলের ছবি ॥

ভবভাবী ভরের ঘোরে
ঘোর সাগরে অন্ধকারে
চারিদিকে মায়ার প্রাচীরে
প্রেমরতনে শাঁই সবই ॥

নাসুতে করে স্থিতি
মালকুতে তাঁর বসতি
জলে স্থলে শশীর বিভুতি
মালকুতে রয় রবি ॥

নিরাকারে হয়ে বারী
বারী বিচে থাকেন বাড়ি
জোর করে সকলে তারই
কার ভাবে হবি ভাবী ॥

লালন বলে কাতর হালে
বাঁধা আছি ভূমণ্ডলে
কাটারে মনের কলি
ভাবের ভাবী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭৩.
সাধুসঙ্গ কর তত্ত্ব জেনে
সাধন হবে না অনুমানে ॥

সাধুসঙ্গ কররে মন
অনর্থে হবে বিবর্তন
ব্রহ্মজ্ঞান ইন্দ্রিয় দমন
হবেরে সঙ্গগুণে ॥

নবদ্বীপে পঞ্চতত্ত্ব
তাঁর স্বরূপে রূপ আছে বর্ত
ভজন যদি হয় গো সত্য
গুরু ধরে লও জেনে ॥

আদ্যসঙ্গ করে যদি কোনও ভাগ্যবান
সেই তো দেখছে লীলা বর্তমান
সিরাজ শাঁই বলে লালন
যাসনে না জেনে শ্রীবাস অঙ্গনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭৪.
সাধ্য কিরে আমার
সেইরূপ চিনিতে ॥

অহর্নিশি
মায়া ঠুসি
জ্ঞানচক্ষেতে ॥

ঈশানকোণে হামেশ ঘড়ি
সে নড়ে কি আমি নড়ি
আমার আমি হাতড়ে ফিরি
পাই না ধরিতে ॥

আমি আর সে অচিন একজন
এক জায়গাতে থাকি দুজন
ফাঁকে ফিরি লক্ষ যোজন
না পাই দেখিতে ॥

ঢুঁড়ে হদ্দ মেনে আছি
এখন বসে খেদাই মাছি
লালন বলে মরে বাঁচি
কোন কার্যেতে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭৫.
সামান্যে কি অধর চাঁদ পাবে
যার লেগে হলেন যোগী
দেবাদিদেব মহাদেবে ॥

ভাব না জেনে ভাব দিলে তখন
বৃথাই যাবে ভক্তি ভজন
বাঞ্ছা যদি হয় সে চরণ
ভাব দে না সেই ভাবে ॥

যে ভাবে সব গোপিনীরা
হয়েছিল পাগলপারা
চরণ চিনে তেমনই ধারা
ভাব দিতে হবে ॥

নিহেতু ভজন গোপীকার
তাতে সদাই বাঁধা নটবর
লালন বলে মনরে তোমার
মরণ কেবল ভবলোভে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭৬.

সামান্যে কি তাঁর
মর্ম জানা যায় হৃৎকমলে
ভাব দাঁড়ালে
অজান খবর তারই হয় ॥

দুগ্ধে বারি মিশাইলে
বেছে খায় রাজহংস হলে
কার সাধ যদি হয় সাধনবলে
হও গে হংসরাজের ন্যায় ॥

মানুষে মানুষের বিহার
মানুষ ভজলে দৃষ্ট হয় তার
সে কি বেড়ায় দেশ দেশান্তর
পীড়েয় পেড়োর খবর পায় ॥

পাথরেতে অগ্নি থাকে
বের করতে হয় ঠুকনি ঠুকে
সিরাজ শাঁই দেয় তেমনই শিক্ষে
লালন ভেড়ো সং নাচায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭৭.
সামান্যে কি সেইপ্রেম হবে
গুরু পরশিলে আপনি
প্রেম আপনি উদয় দেবে ॥

যে প্রেমে রাই হরে কৃষ্ণের মন
অকৈতব সেই প্রেমের করণকারণ
যোগ্য অনুসার
মর্ম জানে তাঁর
অযোগ্য পাত্রে কি সেইভাব সম্ভবে ॥

বলব কী সেই প্রেমের নামী
কাম থেকে হয় নিষ্কামী
সে যে শুদ্ধ সহজ রস
করিয়ে বশ
দোহার মন বহে দোহার ভাবে ॥

অরুণকিরণে হয় যেমন
কমলিনী প্রফুল্ল বদন
লক্ষ যোজনান্তে
দোহার প্রেম একান্তে
লালন কয় রসিকের প্রেম তেমনই ভবে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭৮.
সামাল সামাল সামাল তরী
ভবনদীর তুফান ভারি ॥

নিরিখ রেখ ঈশানকোণে
চালাও তরী সচেতনে
গালি খেলে মরবি প্রাণে
জানা যাবে মাঝিগিরি ॥

না জানি কী হয় কপালে
চণ্ডীপাঠ ডুবিল জলে
এইবার যদি প্রাণে বাঁচি
আর হব না নায়ের কাণ্ডারী ॥

ব্যাপারের ভাব যায় না জানা
চিন্তাজ্বরে হলাম টোনা
লালন বলে ঠিক পেলাম না
কোথা আল্লাহ্ কোথায় হরি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৭৯.

সুফলা ফলাচ্ছে গুরু
মনের ভাব জেনে
মনেপ্রাণে ঐক্য করে
ডাকছে তাঁরে যে জনে ॥

যার দেহে নাই প্রেমের অঙ্কুর
সাধনভজন সব হবেরে দূর
হিংসাভরা দেলসমুদ্দুর
শুদ্ধ হবে কেমনে ॥

যার দেহে রয় কুটিলতা
মুখে বলে সরল কথা
অন্তরে যার গরলগাথা
প্রাপ্তি হবে কেমনে ॥

আছে যে জন যোগধ্যানে
কাজ কীরে তার লোকজানানে
ফকির লালন বলে রূপনয়নে
সাধন কর নির্জনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮০.
সেই অটল রূপের উপাসনা
ভবে কেউ জানে
কেউ জানে না ॥

বৈকুণ্ঠে গোলোকের উপর
আছেরে সেই রূপের বিহার
কৃষ্ণের কেউ নয় সে অধর
রাধার প্রতি সেজনা ॥

স্বরূপ রূপের এই যে ধরন
দোহার ভাবে টলে দোহার মন
অটলকে টলাতে পারে এমন
বল কোনজনা ॥

নিরাকারে জল হইতে জন্মে
শক্তির ধারা সেই অবিম্বে
লালন বলে তার অণুপ্রেমে
দিন থাকতে জেনে নে না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮১.
সেকথা কী কবার কথা
জানিতে হয় ভাবাবেশে ॥

অমাবস্যায় পূর্ণিমা সে
পূর্ণিমায় অমাবস্যে ॥

অমাবস্যায় পূর্ণিমাযোগ
অসম্ভব সম্ভব সম্ভোগ
জানলে খণ্ডে এ ভবরোগ
গতি হয় অখণ্ডদেশে ॥

রবিশশী বহে মুখা
মাসান্তে হয় একদিন দেখা
সেই যোগের যোগ লেখাজোখা
সাধলে সিদ্ধি হয় অনা'সে ॥

দিবাকর নিশাকর সদাই
উভয়ের অঙ্গে উভয়ে লুকায়
ইশারাতে সিরাজ শাঁই কয়
লালন ভেড়োর হয় না দিশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮২.
সে করণ সিদ্ধি করা
সামান্যের কাজ নয় ॥

গরল হতে সুধা নিতে
আতশে প্রাণ যায় ॥

সাপের মুখে নাচায় ব্যাঙ্গা
এ বড় আজব রঙ্গা
রসিক যদি হয়রে ঘোঙ্গা
অমনি ধরে খায় ॥

ধন্বন্তরি গুণ শিখিলে
সে মানে না রূপের কালে
সে গুণ তার উল্টায়ে ফেলে
মস্তকে দংশায় ॥

একান্ত যে অনুরাগী
নিষ্ঠারতি ভয়ংত্যাগী
লালন বলে রসিক যোগী
আমার কার্য নয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮৩.

সে ভাব উদয় না হলে
কে পাবে সে অধর চাঁদের
বারাম কোন্‌কালে ॥

ডাঙ্গাতে পাতিয়ে আসন
জলে রয় তাঁর কীর্তি এমন
বেদে কি তাঁর পায় অন্বেষণ
রাগের পথ ভুলে ॥

ঘর ছেড়ে বৃক্ষেতে বাসা
অপথে তার যাওয়াআসা
না জেনে তার ভেদ খোলাসা
কথায় কী মেলে ॥

জলে যেমন চাঁদ দেখা যায়
ধরতে গেলে হাতে না পায়
লালন তেমনই সাধনধারায়
প'লো গোলমালে ॥

AmarBoi.com

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮৪.

সে যারে বোঝায় সেই বোঝে
মকরউল্লার মকর বোঝার
সাধ্য কার আছে ॥

যথায় কাল্লা তথায় আল্লা
তেমনিরে সেই মকরউল্লা
মনের চক্ষু থাকতে ঘোলা
মক্কা পায় কি সে ॥

ইরফানি কেতাবরে ভাই
হরফ নুক্তা তাঁর কিছু নাই
তাঁই ঢুঁড়িলে খোদা পাই
খোদে বলেছে ॥

এলমে লাদুন্নি হয় যাঁর
সর্বভেদ মালুম হয় তাঁর
লালন কয় চটকে মোল্লার
দড়বড়ি মিছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮৫.

সেরূপ দেখবি যদি নিরবধি
সরল হয়ে থাক
আয় না চলে
ঘোমটা ফেলে
নয়নভরে দেখ ॥

সরলভাবে যে তাকাবে
অমনি সে রূপ দেখতে পাবে
রূপেতে রূপ মিশে যাবে
ঢাকনি দিয়ে ঢাক ॥

চাতক পাখির এমনি ধারা
অন্য বারি খায় না তারা
প্রাণ থাকিতে জ্যান্তে মরা
ঐ রূপডালে বসে ডাক ॥

ডাকতে ডাকতে রাগ ধরিবে
হৃৎকমল বিকশিত হবে
লালন বলে সেই কমলে
হবে মধুর চাক ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮৬.

সোনার মানুষ ঝলক দেয় দ্বিদলে
যেমন মেঘেতে বিজলী খেলে ॥

দল নিরূপণ হয় যদি
জানা যায় সে রূপনিধি
মানুষের করণ হবে সিদ্ধি
সেইরূপ দেখিলে ॥

গুরুকৃপার তুল্য যারা
নয়ন তাদের দীপ্তকারা
রূপাশ্রিত হয়ে তারা
ভবপারে যায় চলে ॥

স্বরূপ রূপে রূপের কিরণ
স্বর্গ মর্ত্য পাতাল ভুবন
সিরাজ শাঁই কয় অবোধ লালন
চেয়ে দেখ নয়ন খুলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮৭.

সৃষ্টিতত্ত্ব দ্বাপরলীলা আমি শুনতে পাই
চাঁদ হতে হয় চাঁদের সৃষ্টি
চাঁদেতে হয় চাঁদময় ॥

জল থেকে হয় মাটির সৃষ্টি
জ্বাল দিলে জল হয় গো মাটি
বুঝে দেখ এই কথাটি
ঝিয়ের পেটে মা জন্মায় ॥

এক মেয়ের নাম কলাবতী
নয় মাসে হয় গর্ভবতী
এগার মাসে সন্তান তিনটি
মেঝটা তার ফকির হয় ॥

ডিমের ভিতর থাকলে ছানা
ডাকলে পরে কথা কয় না
সেথায় শাঁইয়ের আনাগোনা
দিবারাত্রি আহার যোগায় ॥

মাকে ছুঁলে পুত্রের মরণ
জীবগণে তাই করে ধারণ
ভেবে কয় ফকির লালন
হাটে হাড়ি ভাঙ্গবার নয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮৮.
হতে চাও হুজুরের দাসী
মনে গলদ পুরা রাশিরাশি ॥

জান না সেবা সাধনা
জান না প্রেম উপাসনা
সদাই দেখি ইতরপনা
প্রিয় রাজি হবে কিসি ॥

কেশ বেঁধে বেশ করলে কী হয়
রসবোধ না যদি রয়
রসবতী কে তারে কয়
কেবল মুখে কাষ্ঠহাসি ॥

কৃষ্ণপদে গোপীভজন
করেছিল রসিক সুজন
সিরাজ শাঁই কয় পারবি লালন
ছেড়ে ভবের সুখবিলাসীই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৮৯.
হরি কোনটা তোমার আসল নাম
শুধাই তোমারে
কোন নাম ধরে ডাকলে পরে
পাওয়া যাবে তোমারে ॥

তুমি চৈতন্যরূপে
কি থাক চুপে চেপে
কিবা তুমি বিরূপে রও অন্ধকূপে
আমি জানতে পারলে সেবাদাসী
হব হরি এবারে ॥

তুমি ব্রজদ্বারের রাম
আর বৃন্দাবনের শ্যাম
শতমুখে শুনি তুমি সে ভগবান
নামটি তোমার অধর ধরা
কোন নামটি ভক্তের দ্বারে ॥

তুমি কোন ভাবেতে রও
কিসে ধেনু চরাও
কখন কোনভাবে থাক
কোনরূপে আশ্রয়
কোনটি তোমার নামের গুণ হে
প্রকাশিত ঘরে ঘরে ॥

তোমার অনন্ত নাম হয়
তুমি কোন জায়গার গোঁসাই
নিরাকারে কী হও তুমি
কোন জায়গার কানাই
ফকির লালন বলে কাতর দেলে
কোন নাম রয় আমার তরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯০.
হাওয়ার ঘরে দম পাকড়া পড়েছে
কী অপরূপ কারখানা ॥

শুদ্ধ হাওয়াকলে
আলাক দমে চলে
হাওয়া নির্বাণ হলে
দম থাকে না ॥

হাওয়া দমের যে কারিগরি
নিগমতত্ত্বে শুনি
বলতে ডরাই সেসব অসম্ভব বাণী
লীলা নিত্যকারি হাওয়া যোগেশ্বরী
হাওয়ার ঘরে দমের হয় লেনাদেনা ॥

সে বাদশা নির্বাণ হাওয়ার
তাঁর গুণ বলব কী আর
এক অঙ্গে দম হলে আর
এক অঙ্গে শুমার
হাওয়া দম শুমারে
খেলছে সদাই ঘরে
কলকাঠি যার হাতে বাইরে সে অজানা ॥

হাওয়া শক্তি ধরে
যোগে জানতে পারে
নিগূঢ় করণকারণ সেই যাবে সেরে
লালন বলে মোর
কোলের বিষম ঘোর
হাওয়ায় ফাঁদ পাতিলে যেত সব জানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯১.

হাবুডুবু করে ম'লো তবু
কাদা গায়ে মাখল না
আমায় উপায় বল না ॥

পানিকাউর দোয়েল পাখি
রাতদিন তারে জলে দেখি
আমার চিন্তাজ্বর তো গেল না ॥

এককুল ভেঙ্গে দুইকুল হইল
সেই গাঙ্গে লগি ঠাঁই না পাইল
সেই জায়গায় নাও ডুবিল
মাস্তুল জাগল না ॥

যে গাঙ্গ দুটো চলতি ছিল
কত সাধু নাও বাহিল
মাঝখানে তার চর পড়িল
লালন বলে নদীর বেগ গেল না ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯২.
হীরা মতি জহুরা কোটিময়
সে চাঁদ লক্ষ যোজন ফাঁকে রয়
কটিচন্দ্র কটিময় ॥

ষোলকটি দেবতা
সঙ্গে আছে গাঁথা
ব্রহ্মা বিষ্ণু শিব নারায়ণ
জয় জয় জয়
ষোলচন্দ্র অন্ধ বেগে ধায়
সে চাঁদ পাতালে
উদয় ভূমণ্ডলে
সে চাঁদ মৃণালবেগে উজান ধায় ॥

ষড়চক্র পরে আছে
তার আদি বিধান
পূর্ণ করে ষোলকলা
ভেদ করে সপ্ততলা
তার উপরে বসে কালা
মধু করে পান
সে চাঁদ মাহেন্দ্রযোগে দেখা যায় ॥

নবলক্ষ ধেণু চরায় রাখালে
চাঁদের খবর সেই জানে
চাঁদ ধরেছে বৃন্দাবনে
শ্রীরাধার চরণে
ভাণ্ড ভেঙ্গে ননী খায় গোপালে
লালনের ফকিরী
করা নয় ফিকিরী
দরবেশ সিরাজ শাঁই যদি ছায়া দেয় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯৩.
হীরে লাল মতির দোকানে গেলে না
সদাই কিনলিরে পিতল দানা ॥

চটকে ভুলেরে মন
হারালি অমূল্যরতন
হারলে বাজি কাঁদলে তখন
আর সারে না ॥

পিছের কথা আগে ভেবে
উচিত বটে তাই করিবে
এবার গত কাজের বিধি কিরে
মন রসনা ॥

ব্যাপারে লাভ করলি ভাল
সে গুণপনা জানা গেল
লালন বলে মিছে হলো
আওনাযাওনা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~



সিদ্ধিদেশ

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দেশভূমিকা

সদর ঘরে যার নজর পড়েছে
সে কি আর বসে রয়েছে ॥

সদরে সদর হয়েছে যাঁর
বল জন্মমৃত্যুভয় কি আছে তাঁর
সে সাধন জোরে শমন আর
যম মেরে হয়েছে ॥

ফণি মণি মুক্তালতা
তাঁর সর্বাঙ্গে কাঞ্চন মুক্তা গাঁথা
কহিবার নয় সেসব কথা
রূপে ঝলক দিতেছে ॥

সিদ্ধ থেকে সিদ্ধি। সদ্‌গুরুর জ্ঞানাগ্নিতে দেহমন পরিপূর্ণভাবে সিদ্ধি অর্থ কৃতকার্য হওয়া, সাফল্য অর্জন, মোক্ষ লাভ করা। যিনি সিদ্ধি লাভ করেন তাঁকে সিদ্ধার্থ বলে। সাধকদেশের যম, নিয়ম, আসন, প্রাণায়াম, প্রত্যাহার, ধ্যান–এসব আত্মশুদ্ধির তথা মনশুদ্ধির সাধনায় সিদ্ধ না হলে আত্মদর্শন কখনও সার্থক করা যায় না। সিদ্ধি সাধনার দ্বারা মনকে বশ করতে সক্ষম হলে সিদ্ধ সাধুপুরুষ বহুবিধ অলৌকিক মহাশক্তির অধিকারী হয়ে থাকেন। সিদ্ধ সাধুর পক্ষে ইচ্ছেমত অদৃশ্য হয়ে যাওয়া, এ জগত ছেড়ে উর্ধলোকে মহাজগতে বিচরণ কর, অপরের মনোভাব জেনে নেয়া, যে কোনও বিষয় মুহূর্তে অবহিত হওয়া সম্ভব। মন ও বুদ্ধির সীমা অতিক্রম করে আত্মস্বরূপে স্থিতিলাভ সিদ্ধ সাধু মহাপুরুষের বৈশিষ্ট্য।

ভবরূপ বিমুক্ত দেহকে বলা হয় সিদ্ধিদেশ যাঁকে দেখে জগত বিমুগ্ধ রয়। সিদ্ধিদেহ অর্থ যে দেহ জ্ঞানআগুনে পুড়ে খাঁটি সোনার মানুষরূপে চিরপ্রতিষ্ঠিত হয়েছেন। এমন দেহ নির্বাণপ্রাপ্ত 'লা মোকামসত্তা' আধ্যাত্মিকতার চরম স্তর উত্তীর্ণ মুক্তপুরুষদেহ তথা মহাপুরুষ। 'ভবরূপ' অর্থ বারবার জন্মমৃত্যুচক্রের কবলে পড়ে সংসার যাতনা ভোগান্তির দেহবন্দি জাহান্নাম অবস্থা। তাই ভবরূপ বিমুক্ত দেহ মরার আগেই মরে গিয়ে জন্মমৃত্যুজয়ী জিতেন্দ্রিয় বা ইন্দ্রিয়জয়ী সিদ্ধমহাপুরুষ হয়েছেন। সিদ্ধিদেশের কাল হলো গুরুবাক্য বিলীন হবার পরম হাল, চরমদশা। গুরুশিষ্যে অভেদ

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

মনন প্রতিষ্ঠিত এখানে।

সিদ্ধিদেশের পাত্র প্রজননহীন প্রকৃতি মূলসত্তা। কখনও তিনি মনে কোনও বিষয়মোহের জন্ম দেন না। তাই মোহের কারণে তিনি আদৌ জন্ম নেনও না। মোহবদ্ধ হয়ে তিনি মরেনও না। তিনি হন অমর সত্য সর্বব্যাপী যিনি একক মূলসত্তাকে দর্শন ও শ্রবণ করেন শাঁইজির অখণ্ডলীলায়।

সিদ্ধিদেশের আশ্রয় মহাভাবে বিলীন। অর্থাৎ অখণ্ড মহাসত্তায় বিলীন হয়ে যিনি নিজেই মহাসত্যদ্রষ্টা হন। সিদ্ধিদেশের আলম্বন সর্বকুলে বিনম্রতা। ভালমন্দ, পাপপুণ্য, শুভাশুভ, লাভক্ষতির সব হিসাবনিকাশের উর্ধ্বে স্থায়ীভাবে জ্ঞানময় হালে সমস্ত মহত্বকে আপন একক সত্তায় অঙ্গীকার করে নেয়া।

সিদ্ধিদেশের আলম্বন হলো সম্প্রদায়ে সর্বরূপ সচেতনা। 'সম্প্রদান' থেকে 'সম্প্রদায়'। সোজা কথায় সমান সমান দানে দাতা ও গ্রহীতা। সর্বোত্তম ভাবরসে অর্থাৎ ধ্যানসিদ্ধ শুদ্ধচিত্তে জ্ঞানস্নিগ্ধ শুভ্রতার প্রতিফলন ঘটানো সিদ্ধপুরুষের করণ।

সিদ্ধিদেশের চরম পর্যায় হলো মহাসিদ্ধি তথা সকল বন্ধন ক্রন্দন থেকে চিরমুক্তি, বিশুদ্ধি বা চিরনির্বাণ লাভ করা যা একান্ত অর্জনীয় 'লা' সাধনধারায়। তাই কোনোরূপ ভাষা-বাক্‌প্রতিমায় এই সূক্ষ্মতম পরম স্তর কখনও প্রকাশযোগ্য নয়। অনির্বচনীয় এই লোকোত্তর মহাসত্যকে লোকভাষা তথা সামান্য বাক্যে প্রকাশ বা ব্যাখ্যা-বিশ্লেষণ করা সাধ্যাতীতভাবেই একপ্রকার অসম্ভব।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯৪.

অজুদ চেনার কথা কইরে
কলেমা সাবেত কর গা যারে
কলেমা সাবেত না হইলে
রসুল সাবেত হবে নারে ॥

চেয়ে দেখরে এই অজুদে
আলিফ হে আর মিম দালেতে
আহ্‌মদ নাম লেখা তাতে
তাই জানতে হবে মোর্শেদ ধরে ॥

আগে চব্বিশ হরফ কর সন্ধি
তবে দেখতে পাবে নক্সাবন্দি
তাই দেখলে হয় বন্দেগি
সে আলাক সন্ধি বুঝতে পারে ॥

কোরানেতে আছে প্রমাণ
এখলাস সুরায় এহি কালাম
তাই দেখে ফেরেস্তা তামাম
আদমকে সেজদা করে ॥

মনসুর হাল্লাজ কলেমা দেখেছিল
দেখে ইশকেতে মশগুল হলো
তাইতে আইনাল হক ফুকারিল
ফকির লালন কয় ডাকি তাঁরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯৫.

অন্ধকারের আগে ছিলেন শাঁই রাগে
আলকারেতে ছিল আলের উপর
ঝরেছিল একবিন্দু
হইল গভীর সিন্ধু
ভাসিল দীনবন্ধু
নয় লাখ বছর ॥

অন্ধকার ধন্ধকার
নিরাকার কুওকার
তারপরে হলো হুহুঙ্কার
হুহুংকারের শব্দ হলো
ফেনারূপ হয়ে গেল
নীর গভীরে শাঁই
ভাসলেন নিরন্তর ॥

হুহুঙ্কারে ঝঙ্কার মেরে
দীপ্তকার হয় তারপরে
ধন্ধ ধরেছিলেন পরওয়ার
ছিলেন শাঁই রাগের উপরে
সুরাগে আশ্রয় করে
তখন কুদরতিতে করিল নিহার ॥

যখন কুওকারে কুও ঝরে
বাম অঙ্গ ঘর্ষণ করে
তাইতে হইল মেয়ের আকার
মেয়ে রক্তবীজে শক্ত হলো
ডিম্ব তুলে কোলে নিল
ফকির লালন বলে লীলা চমৎকার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯৬.
অন্ধকারে রাগের উপরে ছিল যখন শাঁই
কিসের পরে ভেসেছিল
কে দিল আশ্রয় ॥

তখন কোন আকার ধরে
ভেসেছিল কোন প্রকারে।
কোন সময় কোন কায়া ধরে
ভেসেছিল শাঁই ॥

পাক পাঞ্জাতন হইল যাঁরা
কিসের প'রে ভাসল তাঁরা
কোন সময় নূর সিতারা
ধরেছিল তাই ॥

সিতারা রূপ হলো কখন
কী ছিল তাঁর আগে তখন
লালন বলে সে কথা কেমন
বুঝা হলো দায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯৭.
আ মরি অমর্ত্যের এক ব্যাধ ব্যাটা
হাওয়ায় এসে ফাঁদ পেতেছে ॥

বলব কি ফাঁদের কথা
কাক মারিতে কামান পাতা
ব্রহ্মা বিষ্ণু শিব নারায়ণ
সেই ফাঁদে ধরা পড়েছে ॥

লোভের চার খাটিয়ে
চার খাবার আশে
প'ড়ে সেই বিষম পাশে
কত লোভী মারা যেতেছে ॥

জ্যান্তে ম'রে খেলে যাঁরা
ফাঁদ ছিঁড়িয়ে যাবে তাঁরা
সিরাজ শাঁই কয় ওরে লালন
জন্মমৃত্যুর ফাঁদটুক তুই এড়াবি কিসে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯৮.
আজব এক রসিক নাগর
ভাসছে রসে
হস্তপদ নাইরে তাঁর
বেগে ধায় সে ॥

সেই রসের সরোবর
তিলে তিলে হয় সাঁতার
উজানভেটেন কলকাঠি তাঁর
ঘুরায় বসে ॥

ডুবলেরে দেল দরিয়ায়
সে রাসলীলে জানা যায়
মানব জনম সফল হয়
তাঁর পরশে ॥

তাঁর বামে কুলকুণ্ডলিনী
যোগমায়া যারে বলি
লালন কয় স্মরণ নিলি
যাই স্বদেশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৭৯৯.

আজব রঙ ফকিরী
সাদা সোহাগিনী শাঁই
তাঁর চুড়ি শাড়ি ফকিরী ভেদ
কে বুঝিবে তাই ॥

সর্বকেশী মুখে দাড়ি
পরনে তাঁর চুড়ি শাড়ি
কোথা হতে এলো এ সিঁড়ি
জানিতে উচিত তাই ॥

ফকিরী গোর মাঝার
দেখরে করিয়ে বিচার
সাদা সোহাগিনী সবার উপর
আদ্যঘর শুনতে পাই ॥

সাদা সোহাগিনীর ভাবে
প্রকৃতি হইতে হবে
লালন কয় মন পাবি তবে
ভাবসমুদ্রে থৈ ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০০.

আঠারো মোকামের মাঝে
জ্বলছে একটি রূপের বাতি সদাই
নাহি তেল তার নাহি সলতে
আজগুবি হয়েছে উদয় ॥

মোকামের মধ্যে মোকাম
স্বর্ণশিখর বলি যার নাম
বাতির লণ্ঠন সেথায় সদাই
ত্রিভুবনে কিরণ দেয় ॥

দিবানিশি আট প্রহরে
এক রূপে চার রূপ ধরে
বর্ত থাকতে দেখলি নারে
ঘুরে ম'লি বেদের দ্বিধায় ॥

যে জানে সে বাতির খবর
ঘুচেছে তার নয়নের ঘোর
সিরাজ শাঁই কয় লালনরে তোর
দৃষ্ট হয় না মনের দ্বিধায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০১.
আঠারো মোকামের খবর
জেনে লওরে হিসাব করে
আউয়াল মোকাম রাগের তালা
পাক পাঞ্জাতন সেই ঘরে ॥

হীরা নয় কষ্টিকান্তি
সেখানে মনোহরা শান্তি
ঘুঁচল না তোর মনের ভ্রান্তি
বেড়াচ্ছ ঘুরে
সে মোকামের মালিক যারা
চার মোকামে বহে চারধারা
খাড়া আছে ফেরেস্তারা
খুঁজে দেখ অন্তঃপুরে ॥

তার উপরে আরও আছে মা
জান না মন তাঁর মহিমা
যে জন তাঁর পায় গো সীমা
সাধনের জোরে ॥

সেই মোকামে যে হয় চালকা
শিরে তাঁর ছের ছিল্‌কা
গলেতে তজবি খেলকা
অনা'সে যায় তরে ॥

আরশ কুরসি লৌহ কলম
তার উপরে আল্লাহ্‌র আসন
উপরে ঘুরছে কলম
কবুলতি ধরে ॥

তার উপরে আলক ধনী
খবর হচ্ছে দিনরজনী
নূরনবীর মোকাম সদর
সিরাজ শাঁই কয় লালনেরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০২.
উব্দগাছে ফুল ফুটেছে
প্রেমনদীর ঘাটে
গাছের ডালপালা খালি রয়েছে
ভিতরে ফুল ফোটে ॥

বারো মাসে বারো ফুল ধরে
কত ফুল তার যাচ্ছে ঝরে
সুগন্ধি বারি পেলে ফুলের
মোহর আঁটে ॥

তিন রতি আঠার তিলে
ফুলের মোহর তাই গঠিলে
ফল বাহির হয় গাছের রস চুষিলে
মানুষ রাক্ষস বটে ॥

সিরাজ শাঁইয়ের বচন
শোনরে অবোধ লালন
তুই ছিলি কোথায় এলি হেথায়
আবার যাবি কার নিকটে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০৩.

একাকারে হুহুঙ্কার মেরে
আপনি শাঁই রব্বানা
অন্ধকার ধন্ধকার
কুওকার নৈরাকার
এসব কিছু ছিল না ॥

কুন্ বলে এক শব্দ করে
সেই শব্দে নূর ঝরে
ছয়টি গুটি হলো তাতে
শোন গো তার বর্ণনা ॥

সেই ছয়গুটি হতে
ছয়টি জিনিস পয়দা তাতে
আসমানজমিন সৃজনীতে
মনে তাঁর হয় বাসনা ॥

ছয়েতে তসবিহ হলো
সেই তসবিহ জপ করিল
কোরানেতে প্রমাণ রইল
লালন কয় শোন ঠিকানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০৪.

এক ফুলে চার রঙ ধরেছে
ফুলের ভাবনগরে
কী শোভা করেছে ॥

মূল ছাড়া সে ফুলের লতা
ডাল ছাড়া তার আছে পাতা
এ বড়ো অকৈতব কথা
ফুলের মর্ম কই কার কাছে ॥

কারণবারির মধ্যে সে ফুল
ভেসে বেড়ায় একুলওকুল
শ্বেতবরণ এক ভ্রমর ব্যাকুল
ঘুরছে সে ফুলের মধুর আশে ॥

ডুবে দেখ দেলদরিয়ায়
যে ফুলে নবীর জন্ম হয়
সে ফুল তো সামান্য ফুল নয়
লালন কয় যাঁর মূল নাই দেশে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০৫.
এ বড় আজব কুদরতি
আঠারো মোকামের মাঝে
জ্বলছে একটি রূপের বাতি ॥

কী বলব কুদরতি খেলা
জলের মাঝে অগ্নি জ্বলা
খবর জানতে হয় নিরালা
নীরে ক্ষীরে আছে জ্যোতি ॥

ছনিমণি লাল জহরে
সে বাতি রেখেছে ঘিরে
তিন সময় তিন যোগ সে ধরে
যে জানে সে মহারথী ॥

থাকতে বাতি উজ্জ্বলাময়
দেখ না যার বাসনা হৃদয়
লালন কয় কখন কোন সময়
অন্ধকারে হবে বসতি ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০৬.

কাফে কালু বালা কুল হু আল্লাহ্
লা শরিক সে পাকজাতে
আজব সৃষ্টি করলেন বারী নিজ কুদরতে ॥

খোদা একা থাকতেন নিরঞ্জনে
চিন্তা করলেন মনে মনে
ইশকের জোরে পাঁচ বিন্দু ঘাম
প'লো ঝরে শরীর হতে ॥

খোদার অঙ্গ হতে ঝরিল অম্বু
পাঁচ চিজ হইল বিম্বু
আরশ কুরশি লৌহ কলম
হইল পাঁচ চিজেতে ॥

পাঁচ ধারে ছিল পাক পাঞ্জাতন
মধ্যে ছিল খোদার আসন
শূন্যাকারে একেশ্বরে
ছিল খোদার অঙ্গেতে ॥

ধরে সিরাজ শাঁইয়ের চরণ
কয় দীনের অধীন লালন
ফেল না গোলমালে দয়াল
রোজ হাসরে রেখ সাথে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০৭.
কারে বলে অটলপ্রাপ্তি ভাবি তাই
অঙ্গ লয় হইলে
নির্বাণ মুক্তি বলে
তাও দোষাই ॥

দেখারে কয় অটলপ্রাপ্তি
কিবা হবে সাথের সাথী
ভজন কি সারা সেই অবধি
কস্তুরের কি শান্তি নাই ॥

শালগ্রামশীলা হওয়া
অচল বলে দোষাই তাহা
স্বর্গে যেতে সুখ পাওয়া
সেও তো নহে চিরস্থায়ী ॥

কেহ যেয়ে স্বর্গবাসে
পাপ হলে ফের ভবে আসে
লালন বলে ঊর্বশী নাম সে
নিত্য তার প্রমাণ পাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০৮.

কারে শুধাবরে সে কথা
কে বলবে আমায়
পশুবধ করিলে কি
খোদা খুশি হয় ॥

ইব্রাহিম নবীকে শুনি
আদেশ করেন আল্লাহ্ গনি
প্রিয় বস্তু দাও কোরবানি
দুম্বা বলির আদেশ কোথায় ॥

মরণের আগে মরা
আপন প্রাণ কোরবানি করা
প্রাণ অপেক্ষা সেই পেয়ারা
সে ভেদ কী বুঝায় শরায় ॥

সারিয়া আপনার জান
আবেগেতে দাও বলিদান
নবীজির হাদিস ফরমান
মুতু কাবলা আন্তা মউত তাই ॥

কেমনে হবে কোরবানি
সে ভেদ প্রকাশ নাহি জানি
লালন বলে কোথায় জানি
শাঁইয়ের কোরবানি এক্তেদায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮০৯.
কামিনীর গহিন সুখসাগরে
দেখরে দেখ নিশান উড়ে ॥

সে নিশান দেখতে বাঁকা
মাঝখানে কিছু আঁকাবাঁকা
সাধন করলে দক্ষিণ পাশে
মিলবে তাঁরে ॥

আলিফেতে জগত সংসার
জায়গা নাই তাঁর লুকাবার
গোপনেতে গেল সে আবার
মিমের ঘরে ॥

অমাবস্যায় মিম থাকে ঘুমায়ে
আলিফ তাঁরে নেয় জাগিয়ে
লালন কয় মিমের ঘরে যে যায়
ঐ ঘরেতে মানুষ মারে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১০.
কিবা রূপের ঝলক দিচ্ছে দ্বিদলে
দেখলে নয়ন যায়রে ভুলে
ফণি মণি সৌদামিনী জিনি
ঐরূপ উজ্জ্বলে ॥

অস্থি চর্ম স্বর্ণ রূপ
তাতে মহারসের কূপ
বেগে ঢেউ খেলে
তার একবিন্দু
অপার সিন্ধু
হয়রে ভূমণ্ডলে ॥

দেহের দলপদ্ম যার উপাসনা
নাইরে তার কথায় কী মেলে
তীর্থ ব্রত
যাহার জন্য এইদেহে
তাঁর সব লীলে ॥

রসিক যাঁরা সচেতন
রসরতি করে ভজন
রূপ উদয় হলে
লালন গোড়া নেংটি এড়া
মিছে বেড়ায় রূপ বলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১১.

কী শোভা করেছে দ্বিদলময়
　　　　সে মনোমোহিনী রূপ ঝলক দেয় ॥

কিবা বলব সে রূপের বাখানি
লক্ষ লক্ষ চন্দ্র জিনি
ফণি মনি সৌদামিনী
　　　　সে রূপের তুলনা নয় ॥

সহজ সুরসের গোড়া
রসেতে ফল আছে ঘেরা
কিরণে চমকে পারা
　　　　দ্বিদলে ব্যাপিত হয় ॥

সে রূপ জাগে যাঁর নয়নে
কি করবে তাঁর বেদ সাধনে
দ্বীনের অধীন লালন ভনে
　　　　রসিক হলে জানা যায় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১২.
কী শোভা করেছে শাঁই রঙমহলে
অজান রূপে দিচ্ছে ঝলক
দেখলে নয়ন যায়রে ভুলে ॥

জলের মধ্যে কলের কোঠা
সপ্ততালা আয়না আঁটা
তাঁর ভিতরে রূপের ছটা
মেঘে যেমন বিজলী খেলে ॥

লাল জরদ আর ছনি মনি
বলব কী তাঁর রূপ বাখানি
দেখতে যেমন পরশমনি
তারার মালা চাঁদের গলে ॥

অনুরাগে যার বাঁধা হৃদয়
তারই সে রূপ চক্ষে উদয়
লালন বলে শমনের দায়
এড়ায় সে অবহেলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১৩.
কী সন্ধানে যাই সেখানে
মনের মানুষ যেখানে
আঁধার ঘরে জ্বলছে বাতি
দিবারাতি নাই সেখানে ॥

যেতে পথে কামনদীতে
পাড়ি দিতে ত্রিবিনে
কত ধনীর ভারা যাচ্ছে মারা
পড়ে নদীর তোড় তুফানে ॥

রসিক যাঁরা
চতুর তাঁরা
তাঁরাই নদীর ধারা চেনে
উজান তরী যাচ্ছে বেয়ে
তাঁরাই স্বরূপ সাধন জানে ॥

লালন বলে ম'লাম জ্বলে
ম'লাম আমি
নিশিদিনে
মণিহারা ফণির মত
হারা হলাম পিতৃধনে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১৪.

কেমন দেহভাণ্ড চমৎকার
ভেবে অন্ত পাবে না তার
আগুন জল আকাশ বাতাস আর
মাটিতে গঠন তার
সেই পঞ্চতত্ত্ব করে একত্র
কীর্তি করে কীর্তিকর্মার ॥

মেরুদণ্ড শতখণ্ড
তাহার উপর হয় ব্রহ্মাণ্ড
সাতসমুদ্র চৌদ্দভুবনের
নয় নদী বয় নিরন্তর
ইড়া পিঙ্গলা সুষম্না দেখ
রঙ হয় তিন প্রকার
উপরে ব্রহ্মনাড়িতে ব্রহ্মরন্ধ্রে
রয় মূলাধার ॥

সপ্তদল পাতালের নীচে
চতুর্দল আর
কুলকুণ্ডলিনী সদাই স্থির
তার উর্ধ্বে বিজনেতে দশমদল
কমলের উপর মণিপুরের ঘর
তার ঊর্ধ্বে দ্বাদশদলে
ঊনপঞ্চাশ পবনের ঘর
পানঅপান সমানউদানের
ব্যাস হতে গতিকার ॥

ষড়দলে দুলক্ষ যোজনের 'পরে
ষোলকলা গণ্য শরীরে
বিশুদ্ধাক্ষ নাম তার ঊর্ধ্বে
মহাজ্ঞানে দ্বিদল কমলের 'পরে
চন্দ্রবিন্দু অঙ্গ ইন্দুরে
জীবের বিন্দু ঝরে
সিন্ধু হয় পাথার
লালন বলে জোড়াপদ্ম নীলপদ্ম
ভেদ কর মন অতিদীপ্তকার ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১৫.
কৃষ্ণেপদ্মের কথা কররে দিশে
রাধাকান্তি পদ্মের উদয় মাসে মাসে ॥

না জেনে সেই যোগ নিরূপণ
রসিক নাম সে ধরে কেমন
অসময় চাষ করিলে তখন
কৃষি হয় কিসে ॥

সামান্যে বিশ্বাস যার
বিশ্বাসে লয়ে ধর
অমূল্য ফল পেতে পার
তাহে অনায়াসে ॥

শুনতে পাই আন্দাজি কথা
বর্তমানে জান হেথা
লালন কয় সে জন্মলতা
দেখরে বাহুঁশে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১৬.
চাঁদের গায়ে চাঁদ লেগেছে
আমরা ভেবে করবো কী
ঝিয়ের গর্ভে মায়ের জন্ম
তাকে তোমরা বলবে কী ॥

ছয়মাসের এক কন্যা ছিল
নয় মাসে তার গর্ভ হলো
এগারো মাসে তিনটি সন্তান
কোনটা করবে ফকিরী ॥

ঘর আছে তার দুয়ার নাই
মানুষ আছে তার কথা নাই
কেবা তার আহার জোগায়
কে দেয় সন্ধ্যাবাতি ॥

লালন ফকির ভেবে বলে
ছেলে মরে মাকে ছুঁলে
এ তিন কথার অর্থ না জানলে
তার হবে না ফকিরী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১৭.

চেয়ে দেখ নারে মন দিব্যনজরে
চারি চাঁদে দিচ্ছে ঝলক
মণিকোঠার ঘরে ॥

হলে সে চাঁদের সাধন
অধর চাঁদ হয় দরশন
সে চাঁদেতে চাঁদের আসন
রেখেছে ঘিরে ॥

চাঁদে চাঁদ ঢাকা দেওয়া
চাঁদে দেয় চাঁদের খেওয়া
জমিনেতে ফলছে মেওয়া
ঐ চাঁদের সুধা ঝরে ॥

নয়ন চাঁদ প্রসন্ন যাঁর
সকল চাঁদ দৃষ্ট হয় তাঁর
অধীন লালন বলে বিপদ আমার
গুরুচাঁদ ভুলরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১৮.
জগত আলো করে সই
ফুটেছে প্রেমের কলি
ফোটে কী শোভা হয়েছে তার
বাগানে এক মালি ॥

ফুলের নামটি নীল লাল জবা
তাঁর ফুলে মধু ফলে সুধা
তাঁর ভঙ্গি বাঁকা
সে ফুলে হয় সাধুর সেবা
কৃষ্ণ বাঁকা অলি ॥

ফুল ফুটে হয় জগত আলো
তাঁরে দেখে প্রাণ শীতল হলো
ফকির লালন বলে
তার উপায় বল
সাজছে সাধু দরবেশ ওলি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮১৯.
জ্যান্তে মরা সেই প্রেমসাধন কি
পারবি তোরা
যে প্রেমে কিশোরকিশোরী
হয়েছে হারা ॥

শোষায় শাসায় না ছাড়ে বাণ
ঘোর তুফানে বায় তরী উজান
তার কামনদীতে চর পড়েছে
প্রেমনদীতে জল পোরা ॥

হাঁটতে মানা আছে চরণ
মুখ আছে তার কইতে বারণ
ফকির লালন বলে এ যে কঠিন মরণ
তা কি পারবি তোরা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২০.
তিন বেড়ার এক বাগান আছে
তাহার ভিতর আজব গাছ আছে ॥

সেই যে আজব গাছে
চন্দ্রসূর্য ফুল ফুটেছে
তাহে কী শোভা দেখাচ্ছে
বোঁটা নাই ফুল দুলে আছে ॥

সেই যে গাছের মূল কাটা
পাহারা দেয় এই ছয় বেটা
সাড়ে চব্বিশ চন্দ্র আঁটা
সে গুরুরূপে ঝলক দিচ্ছে ॥

আছে মরা মানুষ গাছে চড়া
আল্লাহ নবী বুলি বলছে তারা
ফকির লালন বলে মনরে বোকা
ফুলের সুধা খেলে মরা বাঁচে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২১.
দমের উপর আসন ছিল তাঁর
আসমানজমিন না ছিল আকার ॥

বিম্বরূপে শূন্যকারে
ছিল তখন দমের পরে
ডিম্ব হতে বিম্ব ঝরে
ছিল শাঁই নূরের ভিতর ॥

যখন ছিল বিন্দুমণি
ধরেছিল মা জননী
ডিমে ওম দিল শুনি
ধরে ব্রহ্মার আকার ॥

ষোল খুঁটি একই আড়া
তিনশো ষাট রগের জোড়া
নাভির নিচে হাওয়ার গোড়া
লালন কয় সাত সমুদ্দুর ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২২.

দেখলাম কী কুদরতিময়
বিনা বীজে আজগুবি গাছ
ফল ধরেছে তায় ॥

নাই সে গাছের আগাগোড়া
শূন্যভরে আছে খাড়া
ফল ধরে তার ফুলটি ছাড়া
দেখে ধাঁধা হয় ॥

বলব কী সেই গাছের কথা
ফুলে মধু ফলে সুধা
সৌরভে তার হরে ক্ষুধা
দরিদ্রতা যায় ॥

জানলে গাছের অর্থ বাণী
চেতন বটে সেহি ধনী
গুরু বলে তাঁরে মানি
অধীন লালন কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২৩.

দেখবি যদি সোনার মানুষ
দেখে যারে মনপাগলা
অষ্টাঙ্গ গোলাপী বর্ণ
পূর্ণকায়া ষোলোকলা ॥

ময়ূরীর কেশ ফিঙ্গেরই নাক
দেখবি যদি তাকিয়ে দেখ
ঐরূপ দেখে চুপ মেরে থাক
বংশহীন তাঁর হংসগলা ॥

উরু দুটি তার দেখতে গোল
সিংহ মাজা দেখি কেবল
তাহাতে রয়েছে যুগল
অনাদি কালা ॥

বক্ষস্থলে চাঁদের ছটা
নাভিমূলে ঘোরে ল্যাটা
দুটি বাহু বেলন কাটা
দুটি হস্ত জবা ফুলা ॥

যে দেখে সে মহাযোগী
হয় না অন্নভোগী
লালন কয় সেই তো ত্যাগী
হয়েছে তাঁর পূর্ণকলা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২৪.

দেখ আজগুবি এক ফুল ফুটেছে
ক্ষণে ক্ষণে মুদিত হয় ফুল
ক্ষণেক আলো করেছে ॥

মূলের নীচে গাছের পাতা
ডালের সঙ্গে শিকড় গাঁথা
মধ্যস্থলে গাছের মাথা
ফুল দেখি তারই কাছে ॥

নতুন নতুন রঙ ধরে ফুল
দেখে জীর হয়রে ব্যাকুল
কে করে সে ফুলের উল
তাই ভেবে শঙ্কা লেগেছে ॥

সূর্যের সঙ্গে আছে কমল
যতন করে তোল সেই কমল
তাই লালন ভেবে করে উল
মূল মানুষ তাতে আছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২৫.

ধররে অধর চাঁদেরে
অধরে অধর দিয়ে
ক্ষীরোদ মৈথুনের ধারা
ধররে রসিক নাগরা
যে রসেতে অধর ধরা
থেকরে সচৈতন্য হয়ে ॥

অরসিকের ভোলে ভুলে
ডুবিসনে কূপনদীর জলে
কারণবারির মধ্যস্থলে
ফুটেছে ফুল অচিন দলে
চাঁদ চকোরা তাহে খেলে
প্রেমবাণে প্রকাশিয়ে ॥

নিত্য ভেবে নিত্যে থেক
লীলাবাসে যেও নাকো
সেইদেশেতে মহাপ্রলয়
মায়েতে পুত্র ধরে খায়
ভেবে বুঝে দেখ মনরায়
সেইদেশে তোর কাজ কী যেয়ে ॥

পঞ্চবাণের ছিলে কেটে
প্রেম যাজ স্বরূপের হাটে
সিরাজ শাঁই বলেরে লালন
বৈদিক বাণে করিসনে রণ
বাণ হারায়ে পড়বি তখন
রণখোলাতে হুবড়ি খেয়ে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২৬.
ধড় নাই শুধুই মাথা
ছেলের মা রইল কোথা ॥

ছেলের মাতাপিতার ঠিকানা নাই
নামটি তাহার দিগ্বিজয়ী শুনতে পাই
এমন ছেলে
ভূ মণ্ডলে
কে হয় জন্মদাতা ॥

ছেলের চক্ষু নাই বেশ দেখতে পায়
চরণ নাই চরে বেড়ায়
যেথাসেথায় হস্ত নাই
বিমূর্তগুণে আহা
কিবা ক্ষমতা ॥

ছেলের রূপে ভুবন আলো ছিল
কোথায় হঠাৎ জন্ম হলো
লালন বলে
সেই ছেলের গুণ
কারও কারও হৃদয়ে গাঁথা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২৭.
নিচে পদ্ম উদয় জগতময়
আসমানে যার চাঁদ চকোরা
কেমন করে যুগল হয় ॥

নিচের পদ্ম দিবসে মুদিত রয়
আসমানেতে তখন চন্দ্রোদয়
তারা দুইয়েতে এক যুগল আত্মা
লক্ষ যোজন ছাড়া রয় ॥

গুরু পদ্ম হলে শিষ্য চন্দ্র হয়
শিষ্যপদ্মে গুরু আবদ্ধ রয়
ফকির লালন বলে এরূপ হলে
যুগল আত্মা জানা সহজ হয় ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২৮.
নিচে পদ্ম চড়কবাণে
যুগল মিলন চাঁদ চকোরা
সূর্যের সুসঙ্গ কমল
কীরূপে হয় যুগল মিলন
জানলিনে মন হলি কেবল
কামাবশে মাতোয়ারা ॥

স্ত্রীলিঙ্গ পুংলিঙ্গ ভবে
নপুংশকে না সম্ভবে
যে লিঙ্গ ব্রহ্মাণ্ড গড়ে
কী দেব তুলনা তাঁরে
রসিকজনা জানতে পারে
অরসিকের চমৎকারা ॥

সামর্থ্যকে পূর্ণ জেনে
বসে আছে সেই গুমানে
যে রতিতে জন্মে মতি
সে রতির কি আকৃতি
যাঁরে বলে সুধার পতি
ত্রিলোকের সেই নিহারা ॥

শোণিত শুক্র চম্পাকলি
কোন্ স্বরূপ কাহারে বলি
ভৃঙ্গরতির কর নিরূপণ
চম্পাকলির অলি যে জন
গুরু ভেবে কহে লালন
কিসে যাবে তাঁরে ধরা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮২৯.
নৈরাকারে ভাসছেরে এক ফুল
সে যে ব্রহ্মা বিষ্ণু হরি আদি পুরন্দর
সে ফুল হয় মাতৃকুল ॥

বলব কী সেই ফুলের গুণ বিচার
পঞ্চমুখে সীমা দিতে নারে নর
যারে বলি মূলাধার
সেহি তো অধর
ফুলের সঙ্গ ধরা তাঁর সমতুল ॥

নীরে অন্ত নাই স্থিতি সে ফুলে
সাধকের মূলবস্তু এই ভূমণ্ডলে
বেদের অগোচর
সে ফুলের নাগর
সাধুজনা ভেবে করেছে তার উল ॥

কোথা বৃক্ষ কোথারে তার ডাল
তরঙ্গে পড়ে ফুল ভাসছে চিরকাল
কখন অলি মধু খায় সে ফুলে
লালন বলে
চাইতে গেলে হয়রে ভুল ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩০.
পাগল দেওয়ানা মন
কী ধন দিয়ে পাই
বলি যে ধন আমার আমার
আমার বলতে কী ধন আছে আর
তাও তো আমার বোধ নাই ॥

দেহ মন ধন দিতে হয়
সে ধন তাঁরই
আমার তো নয়
আমি মুটে মোট চালাই
আবার ভেবে দেখি
আমি বা কী
তাও তো আমার হিসাব নাই ॥

পাগলা বেটার পাগলা খিজি
নয় সামান্য ধনে রাজি
কোন ভাবে কোন ভাব মিশাই
পাগলার ভাব না জেনে
যদি যায় শ্মশানে
পাগল হয় কি অঙ্গে মাখলে ছাই ॥

যে পাগল ভেবে পাগল হলাম
সেই পাগল কই সরল হলাম
আপনপর তো ভুলি নাই
অধীন লালন বলে
আপনার আপনি ভুলে
ঘটে প্রেমপাগলের এমনই বাই ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩১.
প্রেম প্রেম বলে কর কোর্ট কাচারি
সেই প্রেমের বাড়ি কোথায়
বল বিহারী ॥

সেই প্রেমের উৎপত্তি কিসে
শূন্যে কি ভাণ্ড মাঝে
আবার কোন প্রেমেতে দিবানিশি
ঘুরি ফিরি ॥

কোন প্রেমে মাতাপিতা
খণ্ড করে জীবাত্মা
না জেনে সেই প্রেমের কথা
গোলমাল করি ॥

কোন প্রেমে মা কালী
পদতলে মহেশ্বর বলি
লালন বলে ধন্য দেবী
জয় জয় হরি ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩২.
বলরে সেই মনের মানুষ কোনজনা
মা করে পতি ভজনা
মাওলা তাঁরে বলে মা ॥

কেবা আদ্য
কেবা সাধ্য
কার প্রেমেতে হয়ে বাধ্য
কে জানিলে পরমতত্ত্ব
বেদে নাই যাঁর ঠিকানা ॥

একেতে দুই হলো যখন
ফুল ছাড়া হয় ফলের গঠন
আবার তারে করে মিলন
সৃষ্টি করলেন সেইজনা ॥

লা মোকামে সেই যে নূরী
আদ্যমাতা নূর জহুরী
লালন বলে বিনয় করি
আমার ভাগ্যে ঘটল না ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩৩.

বিনা মেঘে বর্ষে বারি
সুরসিক হলে মর্ম জানে তারই
তার নাইরে সকালবিকাল
নাই কালাকাল
অবধারী ॥

মেঘমেঘীতে সৃষ্টির কারবার
তারা সবে ইন্দ্রিয় রাজার
আজ্ঞাকারি
যে জন সুধাসিন্ধু পাশে
ইন্দ্রিয় রাজার
নয় সে অধিকারী ॥

নিরসে সুরস ঝরে
সবাই কি তা জানতে পারে
শাঁইয়ের কারিগরি
যাঁর একবিন্দু পরশে
সেই জীব অনা'সে
হয় অমরই ॥

বারিতে হয় ব্রহ্মাণ্ডের জীবন
বারি হতে পাপ বিমোচন
হয় সবারই
সিরাজ শাঁই কয় লালন চিনে
সেই মহাজন থাক নিহারী ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩৪.
বেঁজো নারীর ছেলে ম'লো
এ কী হলো দায়
মরা ছেলের কান্না দেখে
মোল্লাজি ডরায় ॥

ছেলে ম'লো তিনদিন হলো
ছেলের বাবা এসো জন্ম নিল
বাপের জন্ম ছেলে দেখল
এ কী হলো হায় ॥

দাই মেরে ফয়তা করে
নাপিত মেরে শুদ্ধ হয়রে
মোল্লাজির কাল্লা কেটে
জানাজা পড়ায় ॥

লালন ফকির ভেবে বলে
দেখলাম মরা ভাসে মরার ঘাটে
আবার মরায় মরায় সাধন করে
মরায় ধরে খায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩৫.
ভবে আশেক যার
লজ্জা কী তাঁর
সে খোঁজে দীনবন্ধুরে
সে খোঁজে প্রাণভরে
দীনবন্ধু প্রাণসখা
দেখা দাও মোরে ॥

বাহ্য কাজ ত্যাজ্য করে
নয়ন দুটি রূপের ঘরে
সদাই থাকে রূপনিহারে
শয়নে স্বপনে কভু সে
রূপ ভুলতে নারে ॥

আশেকের ভেদ মাশুক জানে
জানে না আর অন্য জনে
সদাই থাকে রূপ বদনে
রূপের মালা হৃদয়ে গেঁথে
ভাসে প্রেমসাগরে ॥

মরণের ভয় নাইকো তার
রোজ কেয়ামত রোজের মাঝার
মোর্শেদ রূপটি করে সে সার
তাজমালা সব ফেলে লালন
যায় ভবসিন্ধু পারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩৬.

মরি হায় কী ভবে
তিনে এক জোড়া
তিনের বসত ত্রিভুবনে
মিলনের এক মহড়া ॥

নর নারায়ণ পশু জীবাদি
দুয়েতে এক মিলন জোড়া
চারযুগ অবধি
তিনেতে এক মিলন জোড়া
এ বা কোন যুগের দাঁড়া ॥

তিন মহাজন বসে তিন ঘরে
তিনজনার মন বাঁধা
আছে আধা নিহারে
অধর মানুষ ধরবি যদি
ভাঙ দেখি বিধির বেড়া ॥

তিনজনা সাতপস্থির উপরে
আদ্যপস্থি আছে ধরে
জান গে যা তাঁরে
ফকির লালন বলে সেহি ছলে
মিলবে যে পথের গোড়া ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩৭.

মহাসন্ধির উপর ফেরে সে
মনরে সদাই ফির যাঁর তল্লাশে ॥

ঘটেপটে সব জায়গায়
আছে আবার নাই বলা যায়
চন্দ্র যে প্রকার উদয়
জলের উপর
তেমনই শাঁই আছে এই মানুষে ॥

যদিও সে অটলবিহারী
তবু আলোক হয় সবারই
কারও মরায় সে মরে না
ধরা সে দেয় না
ধরতে গেলে পালায় অচিন দেশে ॥

শাঁই আমার অটল পদার্থ
নাইরে তাঁর জরামৃত
যদি জরামৃত হয়
তবে অটল পদ না কয়
ফকির লালন বলে
তা আর কয়জন বোঝে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩৮.

ময়ূররূপে কে গাছের উপরে
দুই ঠোঁটে তসবিহ্ জপ করে ॥

গাছের গোড়ায় করিম রহিম শুনি
গাছের নাম রেখেছেন শাঁই রাব্বানী
গাছের চারটি শাখা
দেখতে বাঁকা
কোন শাখায় কোন রঙ ধরে ॥

তিপ্পান্ন হাজার সেই গাছের নাম
সেই নামটি হয় মারেফত মোকাম
ডাকলে একনাম ধরে
জীবের যত পাপ হরে
সাধ্য কি জীবে এত পাপ করে ॥

সত্তর লাখ আঠার হাজার সাল
নাম নিতে গেল
এত কাল
সিরাজ শাঁই বলছে লালন এসে
কী করলি ভবের পারে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৩৯.

মানুষের তত্ত্ব বল না
ভাবের মানুষ কয়জনা ॥

এই মানুষে আছেরে মন
যাঁরে বলি মানুষরতন
মনের মানুষ অধর মানুষ
সহজ মানুষ কোনজনা ॥

অটল মানুষ রসের মানুষ
সোনার মানুষ ভাবের মানুষ
সরল মানুষ পূর্ণ মানুষ
সেই মানুষটি কোনজনা ॥

ফকির লালন বলে
মানুষ মানুষ সবাই বলে
এই মানুষে সেই মানুষ হলে
কোন মানুষের করি ভজনা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪০.

মানুষের করণ
সে কিরে সাধারণ
জানে কেবল রসিক যাঁরা
টলে জীব বিবাগী
অটল ঈশ্বর রাগী
সেও রাগ লেখে বৈদিক রাগের ধারা ॥

যে জন আছে ফুলের সন্ধিঘরে
বিন্দু যদি ঝরে পড়ে
আর কী রসিক ভাই
হাতে পায় তারে
যে নীরে ক্ষিরে মিশায়
সে পড়ে দুর্দশায়
না মিশালে হেমাঙ্গ বিফলপারা ॥

হলে বাণে বাণক্ষেপণা
বিষের উপার্জনা
অধোপথে গতি উভয় শেষখানা
পঞ্চবাণের ছিলে
প্রেমাস্ত্রে কাটিলে
তবে হবে মানুষের করণ সারা ॥

আছে রসিক শিখরে
সেই মানুষ বাস করে
হেতুশূন্য করণ
সেই মানুষের দ্বারে
নিহেতু বিশ্বাসে
মিলে সে মানুষে
ফকির লালন হেতুকামে যায় মারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪১.
মোর্শেদ রঙমহলে সদাই ঝলক দেয়
যার ঘুচেছে মনের আঁধার
সে দেখতে পায় ॥

সপ্ততলে অন্তপুরী
আলীপুরে তাঁর কাচারি
দেখলেরে মন সে কারিগরি
হবি মহাশয় ॥

সজল উদয় সেইদেশেতে
অনন্ত ফুল ফলে তাতে
প্রেমজাল পাতলে তাতে
অধর ধরা যায় ॥

রত্ন যে পায় আপন ঘরে
সে কি আর বাইরে খুঁজে মরে
না বুঝিয়ে লালন ভেড়ে
দেশবিদেশে ধায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪২.

মোকামে একটি রূপের বাতি
জ্বলছে সদাই
নাহি তেল তা নাহি সলতে
আজগবি হয়েছে উদয় ॥

মোকামের মধ্যে মোকাম
স্বর্ণশিখর বলি যার নাম
বাতির লণ্ঠন সদাই মোদাম
ত্রিভুবনে কিরণ ধায় ॥

দিবানিশি আট প্রহরে
একরূপে সে চাররূপ ধরে
বর্ত থাকতে দেখলি নারে
ঘুরে মরলি বেদের ধোঁকা ॥

যে জানে সেই বাতির খবর
ঘুচেছে তার নয়নের ঘোর
সিরাজ শাঁই কয় লালনরে তোর
দৃষ্ট হয় না মনের দ্বিধায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪৩.

যার আপনার আপন খবর নাই
গগনের চাঁদ ধরব বলে
মনে করি তাই ॥

যে গঠেছে এ প্রেমতরী
সেই হয়েছে চরণধারী
কোলের ঘোরে চিনতে নারি
মিছে গোল বাঁধাই ॥

আঠারো মোকামে জানা
মহারসের বারামখানা
সে রসের ভিতরে সে না
আলো করে শাঁই ॥

না জেনে চাঁদ ধরার বিধি
কবে কৈট সাধন সাধি
লালন বলে বাদী ভেদী
বিবাদী সদাই ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪৪.
যাঁর আছে নিরিখ নিরূপণ
দরশন সেই পেয়েছে
তার অন্যদিকে মন ভোলে না
একনাম ধরে আছে ॥

এই ভাণ্ডের জল ঢেলে ফেলে
শ্যাম বলে উঠাইলে
আধা যায় খাকে মিশে আর কী মিলে
সেখানে নাই টলাটল সে অটল হয়ে বসেছে ॥

ক্ষণে আগুন ক্ষণে পানি
কী বল সে নামের ধ্বনি
সিরাজ শাঁইয় গুণেই লালন কয় বাণী
সে যে বাতাসের সঙ্গে বাতাস ধরে বসে আছে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪৫.

যার সদাই সহজ রূপ জাগে
বলুক বা না বলুক মুখে ॥

যাঁর কর্তৃক সয়াল সংসার
নামের অন্ত নাই কিছু আর
বলুক যে নাম ইচ্ছে হয় তার
বলে যদি রূপ দেখে ॥

যে নয় গুরুরূপের আশ্রি
কুজনে যেয়ে ভুলায় তারি
ধন্য যারা রূপ নিহারী
রূপ দেখে রয় ঠিক বাগে ॥

না মিশেই রূপ নিহারা
সর্বজয় সাধক তাঁরা
সিরাজ শাঁই কয় লালন গোড়া
তুই এলিগেলি কিসের লেগে ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪৬.
যে জন ডুবে আছে
সেই রূপসাগরে
রূপের বাতি দিবারাতি
জ্বলছে তাঁর অন্তরে ॥

রূপরসের রসিক যাঁরা
রসে ডুবে আছে তাঁরা
হয়েছে সে জ্যান্তে মরা
রাজবসন ছেড়ে ॥

রাজ্যবসন ত্যাজ্য করে
ডোর কোপনি অঙ্গে পরে
কাঠের মালা গলে ধরে
করঙ্গ লয়েছে করে ॥

রূপনদীর ত্রিঘাটে
যে বসেছে মওড়া এঁটে
সেই নদীতে জোয়ার এলে
রসিক নেয় ধরে ॥

জোয়ার আসলে উঠে সোনা
ধরে নেয় সেই রসিকজনা
কামনদীর ঘাটে লোনা
লালন কয় সেই ঘাটে মানুষ মরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪৭.

যে জন পদ্মহেম সরোবরে যায়
অটল অমূল্যনিধি
সে অনা'সে পায় ॥

অপরূপ সেই নদীর পানি
জন্মে তাহে মুক্তামণি
বলব কী তাঁর গুণ বাখানি
করস্পর্শে পরশ হয় ॥

পলক ভরে পড়ে চরা
পলকে বয় তরকা ধারা
সেই ঘাট বেঁধে মৎস্য ধরা
সামান্যের কাজ নয় ॥

বিনা হাওয়ায় মৌজা খেলে
ত্রিখণ্ড হয় ত্রিনাপোলে
তাহে ডুবে রত্ন তোলে
রসিক মহাশয় ॥

গুরু যার কাণ্ডারী হয়রে
অঠাঁইয়ে ঠাঁই দিতে পারে
লালন বলে সাধন জোরে
শমন এড়ায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪৮.

যে দিন ডিম্বুভরে ভেসেছিলেন শাঁই
কেবা তাঁহার সঙ্গে ছিল
সেই কথা কারে শুধাই ॥

পয়ার রূপ ধরিয়ে সে যে
দেখা দিলো ঢেউতে ভেসে
কী নাম তাঁর পাইনে দিশে
আগমে ইশারায় বলে কহে তাই ॥

সৃষ্টি না করিল যখন
কি ছিল তাঁর আগে তখন
শুনিতে সেই অসম্ভব বচন
একের কুদরত দুইজন তাঁরাই ॥

তাঁরে না চিনিতে পারি
অধরেরে কেমনে ধরি
লালন বলে সেহি নূরী
খোদার ছোটো নবীর বড়ো কেহ কেহ কয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৪৯.

রঙমহলে সদাই ঝলক দেয়
যার ঘুঁচেছে মনের আঁধার
সেই দেখতে পায় ॥

শতদলে অন্তঃপুরী
আলীপুরে তার কাচারি
দেখলে সে কারিগরি
হবে মহাশয় ॥

সজল উদয় সেইদেশেতে
অনন্ত ফল ফলে তাতে
প্রেমপাতিজাল পাতলে তাতে
অধরা ধরা যায় ॥

রত্ন যে পায় আপন ঘরে
সে কী আর খোঁজে বাহিরে
না বুঝিয়ে লালন ভেড়ে
দেশবিদেশে ধায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫০.
রসিক সুজন ভাইরে দুজন
আছ কোন আশে
তোদের বাড়ি অতিথ এলো
দুই ছেলে আর এক মেয়ে ॥

ভবের 'পরে এক সতী ছিল
বিপাকে সে মারা গেল
মরার পেটে গর্ভ হলো
এই ছিল তার কপালে ॥

মরা যখন কবরে নেয়
তিনটি ছেলে তার তখন হয়
তিনজনা তিনদেশে যায়
মরা লাশ দূরে ফেলে ॥

মরার যখন মাংস পচে
তিনজনাতে বসে হাসে
অন্যলোকে ঘৃণা করে
লালন তুলে নেয় কোলে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫১.
রূপের ঘরে অটল রূপ বিহারে
চেয়ে দেখ না তোরা
ফণি মণি জিনি রূপ বাখানি
দুইরূপে একরূপ হল করা ॥

যে জন অনুরাগী হয়
রাগের দেশে যায়
রাগের তালা খুলে সে
রূপ দেখতে পায়
রাগেরই করণ
বিধি বিস্মরণ
নিত্যলীলার অপার রাগ নিহারা ॥

অটল রূপ শাঁই ভেবে দেখ তাই
সে রূপের কভু নিত্যলীলা নাই
যে জন পঞ্চতত্ত্ব যজে
লীলারূপে মজে
সে কি জানে অটল রূপ কী ধারা ॥

আছে রূপের দরজায় শ্রীরূপ মহাশয়
রূপে তালাছোড়ান তাঁর হাতে সদাই
যে জন শ্রীরূপগত হবে
তালা ছোড়ান পাবে
অধীন লালন বলে অধর ধরবে তাঁরা ॥

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫২.
শুদ্ধ আগম পায় যে জনা
নিগমেতে উঠছে আগম
সেই পেয়েছে নবীর বেনা ॥

হুহুঙ্কার ছাড়লে বিন্দু
তাহাতে জন্মালে ডিম্বু
দশ হাজার বছর ছিল সেজদায়
তাঁর আওয়াজ শুনে হয় দুইখানা ॥

অঙ্গ ভেঙ্গে করলেন ছয়খান
পাঁচতনেতে বসালেন জান
কে বুঝিবে মালেক শাঁইয়ের কাম
সজলায় রূপ গঠলেন তৎক্ষণা ॥

পাঁচ যাতে হয় আদমের দৌলত
চিজ তখন করলেন খয়রাত
ফকির লালন বলে সমঝে এবার
তাইতে মা বলেছেন শাঁই রব্বানা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫৩.
শুদ্ধপ্রেম রসিক বিনে
কে তাঁরে পায়
যাঁর নাম আলাক মানুষ
আলাকেতে রয় ॥

রসরতি অনুসারে
নিগূঢ়ভেদ জানতে পারে
রতিতে মতি ঝরে
মূলখণ্ড হয় ॥

নীরে নিরঞ্জন আমার
আদিলীলা করে প্রচার
হলে আপন জন্মের বিচার
সব জানা যায় ॥

আপনার জন্মলতা
খোঁজ গে তার মূলটি কোথা
লালন বলে পাবি সেথা
শাঁইয়ের পরিচয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫৪.
শূন্যভরে ছিলেন যখন
গুপ্ত জ্যোতির্ময়
লা শরিকালা কালুবালা
ছিলেন লুকায় ॥

রাগের ধোঁয়ায় কুওকারময়
সুখনাল ঝরে নৈরাকার হয়
আপনার রসে আপনি ভাসে
ডিম্বাকার দেখায় ॥

অন্ধকারে রতিদানে
ছিল সে পতির রূপ দর্পণে
হলো না সেই পতির সঙ্গে গতি
নীরে পদ্মময় ॥

তার আগা গ'লে ডিম্ব ছোটে
চৌদ্দ ভুবন তারই পেটে
সিরাজ শাঁই কয় অবোধ লালন
এ ভেদ বুঝতে পারলে হয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫৫.
শাঁই দরবেশ যাঁরা
আপনারে ফানা করে
অধরে মিশায় তাঁরা ॥

মন যদি আজ হওরে ফকির
জেনে লও সেই ফানার ফিকির
সে কেমন অধরা
ফানার ফিকির না জানিলে
ভস্মমাখা হয় মশকরা ॥

কূপজলে সে গঙ্গাজল
পড়িলে হয়রে মিশাল
উভয় একধারা
এমনই যেন ফানার করণ
রূপে রূপ মিলন করা ॥

মোর্শেদরূপ আর আলাক নূরী
কেমনে এক মনে করি
দুইরূপ নিহারা
লালন বলে রূপসাধনে
হোসনে যেন জ্ঞানহারা ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫৬.

সদর ঘরে যার নজর পড়েছে
সে কী আর বসে রয়েছে ॥

সদরে সদর হয়েছে যাঁর
বল জন্মমৃত্যুভয় কী আছে তার
সে সাধন জোরে শমন আর
যম মেরে অমর হয়েছে ॥

ফণি মণি মুক্তালতা
তার সর্বাঙ্গে কাঞ্চন মুক্তা গাঁথা
কহিবার নয় সে সব কথা
রূপে ঝলক দিতেছে ॥

সে যখন দরজা খোলে
মানুষ পবন হিল্লোলে চলে
লালন বলে তাঁর কী বাহক আছে
আর সে তো জপসাধন করেছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫৭.
সদা সে নিরঞ্জন নীরে ভাসে
যে জানে সে নীরের খবর
নীরঘাটায় খুঁজলে তাঁরে পায় অনা'সে ॥

বিনা মেঘে নীর বরিষণ
করিতে হয় তার অন্বেষণ
যাতে হলে ডিম্বের গঠন
থাকে অবিম্ব শম্ভুবাসে ॥

যথা নীরের হয় উৎপত্তি
সেই আবিম্বে জন্মে শক্তি
মিলন হলো উভয় রতি
ভাসলে যখন নৈরেকারে এসে ॥

নীরে নিরঞ্জন অবতার
নীরেতে সব করবে সংহার
সিরাজ শাঁই তাই কয় বারে বার
দেখরে লালন আত্মতত্ত্বে বসে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫৮.
সব সৃষ্টি যে করেছে
তাঁরে সৃষ্টি কে করেছে
সৃষ্টি ছাড়া কী রূপে সে
সৃষ্টিকর্তা নাম ধরেছে ॥

সৃষ্টিকর্তা বলছ যাঁরে
লা শরিক হয় কেমন করে
ভেবে দেখ পূর্বাপরে
সৃষ্টি করলে শরিক আছে ॥

চন্দ্রসূর্য যে গঠেছে
তাঁর খবর আর কে করেছে
নীরেতে নিরঞ্জন আছে
নীরের জন্ম কে দিয়েছে ॥

স্বরূপশক্তি হয় যে জনা
কে জানে তাঁর ঠিক ঠিকানা
জাহের বাতেন যে জানে না
তার মনেতে প্যাঁচ পড়েছে ॥

আপনার শক্তির জোরে
নিজশক্তির রূপ প্রকাশ করে
সিরাজ শাঁই কয় লালন তোরে
নিতান্তই ভূতে পেয়েছে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৫৯.
সরোবরে আসন করে
রয়েছে আনন্দময়
জীবনশূন্য
সবাই মান্য
স্বয়ং ব্রহ্মা তাঁর মাথায় ॥

চক্ষু আছে নাহি দেখে
তিন মরা একত্রে থাকে
পরের মুখে মুখ লাগায়ে
মর্মকথা কয় ॥

একে মরা নয় তাঁর জীবন
তাঁর মধ্যে জ্যান্ত আছে একজন
সাধক জনে সাধে যখন
জাগে মানুষ ঐ সময় ॥

আশেকে করেছে লীলা ভবের 'পরে
দেবের দেব পূজেছে তাঁরে
পদ নাই সে চলে ফেরে
রসিকের সভায় ॥

ঐ পিরিতে সবাই মেতে
বিলাচ্ছে প্রেম হাতে হাতে
ফকির লালন বলে ঐ পিরিতে
মজেছি আপন ইচ্ছায় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৬০.
সুখসাগরের ঘাটে যেয়ে
মৎস্য ধর হুঁশিয়ারে
জল ছুঁয়ো না মনরসনা
বলি তোমায় বারে বারে ॥

সুখসাগরের তুফান ভারি
তাহে বজরা সুলুক ধরতে নারি
বিনা হাওয়ায় মৌজা তারই
ধাক্কা লাগে কিনারে ॥

সে ঘাটে আছে পঞ্চনারী
বসে আছে খড়্গ ধরি
তাতে হঠাৎ করে নাইতে গেলে
এককোপে ছেদন করে ॥

প্রেমডুবারু হলে পরে
যেতে পারে সেই সরোবরে
সিরাজ শাঁই কয়রে
লালন ধর গে মীন হাওয়ার ঘরে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৬১.
সে ফুলের মর্ম জানতে হয়
যে ফুলে অটলবিহারী
শুনে লাগে বিষম ভয় ॥

ফুলে মধু প্রফুল্লতা
ফলে তার অমৃত সুধা
এমন ফুল দ্বীন দুনিয়ায় পয়দা
জানিলে দুর্গতি যায় ॥

চিরদিন সেই যে ফুল
দ্বীন দুনিয়ার মকবুল
যাঁতে পয়দা দ্বীনের রসুল
মালেক শাঁই যাঁর পৌরুষ পায় ॥

জন্মপথে ফুলের ধ্বজা
ফুল ছাড়া নয় গুরুপূজা
সিরাজ শাঁই কয় এই ভেদ বোঝা
লালন ভেড়োর কার্য নয় ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৬২.

সোনার মানুষ ভাসছে রসে
যে জেনেছে রসপন্তি
সেই দেখতে পায় অনা'সে ॥

তিনশো ষাট রসের নদী
বেগে ধায় ব্রহ্মাণ্ডভেদী
তার মাঝে রূপ নিরবধি
ঝলক দিচ্ছে এই মানুষে ॥

মাতাপিতার নাই ঠিকানা
অচিন দেশে বসতখানা
আজগুবি তাঁর আওনাযাওনা
কারণবারির যোগ বিশেষে ॥

অমাবস্যায় চন্দ্রোদয়
দেখিতে যার বাসনা হৃদয়
লালন বলে থেক সদাই
ত্রিবেণীর ঘাটে বসে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৬৩.
হায় কী আজব কল বটে
কী ইশারায় কল টিপে দেয়
অমনি ছবি ধায় ওঠে ॥

অগ্নিজল হতে
সে কলাপাতা তাতে
ধড়ফড় করে চলছে ছবি
কোন দাঁড়ায় হেঁটে ॥

হু হু শব্দে ধোঁয়া ওঠে
ব্যোমকল হতে
একজনা সে হাতনে ফোঁকে
তার জায়গা ঐবার পিটে ॥

ঘরে রেখেছে এঁটে
সকল কলের মূল গুটে
লালন বলে সব অকারণ
কখন যে কল যায় ফেটে ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

৮৬৪.
হায় কী কলের ঘরখানি বেঁধে সদাই
বিরাজ করে শাঁই আমার
দেখবি যদি সে কুদরতি
দেলদরিয়ার খবর কর ॥

জলের জোড়া সকল সেইঘরে
তার খুঁটির গোড়া শূন্যের উপরে
শূন্যভরে সন্ধি করে
চারযুগ আছে অধর ॥

তিল পরিমাণ জায়গা বলা যায়
আছে শত শত কুঠরি কোঠা তায়
নিচে উপর নয়টি দুয়ার
নয় দ্বারে দিচ্ছে বারাম এবার ॥

ঘরের মালিক আছে বর্তমান একজন
তারে দেখলি নারে দেখবি আর কখন
সিরাজ শাঁই কয় লালন
তোমায় বলব কী শাঁইয়ের কীর্তি আর ॥

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

আলোচন

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অখণ্ড লালনসঙ্গীত

অখণ্ড লালনসঙ্গীত ॥ ভূমিকা, সংগ্রহ, সংকলন ও সম্পাদনা: আবদেল মাননান ॥ প্রচ্ছদ: মাহবুব কামরান ॥ প্রকাশক: রোদেলা প্রকাশনী, ইসলামী টাওয়ার (২য় তলা), ১১/১ বাংলাবাজার, ঢাকা-১১০০ ॥ প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ২০০৯ ॥ মূল্য: ৪৬০ টাকা মাত্র

সুফিতত্ত্বে নিমগ্ন সাধক ফকির লালন শাঁই যে অমর বাণী রচনা করে গেছেন তাঁর স্বভাব কবিত্বের চরণ প্রতিভার বলে তার ব্যাখ্যা বহুমাত্রিক। সেই বহুমাত্রিকতা একই সঙ্গে যেমন সরল বাণীর ব্যঞ্জনায় সাধারণের হৃদয়গ্রাহী তেমনই গভীর রহস্যময় ওই সরল বাণীর অন্তরালে নিহিত গূঢ়তত্ত্বে। যেখানে ইহকাল-পরকালে, স্রষ্টা-সৃষ্টিতে, সীমা আর অসীমের মধ্যে আশেক আর মাশুকের মিলনতৃষ্ণায়, অমর কাব্যের মহিমায় অধ্যাত্মচেতনার বাণী স্পন্দিত। অলৌকিক প্রতিভা ছাড়া যে একজন নিরক্ষর স্বভাব কবির পক্ষে এমন পাণ্ডিত্যপূর্ণ দার্শনিক শাশ্বত বাণী রচনা সম্ভব নয়, লালনের গান শুনলে অথবা মগ্ন হয়ে তাঁর গানের বাণীর মর্মার্থ অনুধাবন করলে যে কেউ তা স্বীকার করবেন। এই মহর্ষি কবির গান গত প্রায় দুশ বছরে ধীরে ধীরে আবহমান বাংলার লোকসমাজ থেকে উচ্চশিক্ষিত ও নাগরিক সমাজেও প্রিয়তায় অভিষিক্ত হচ্ছে।

লালনের গান এখন আর শুধু লালনভক্ত ফকির, বাউল কিংবা গ্রামীণ জনপদের গায়েনের কণ্ঠেই সীমাবদ্ধ নয়, হালের তরুণ সমাজেও দিন দিন প্রিয় হয়ে উঠছে। বাড়ছে লালনের সঙ্গীতচর্চা ও তাঁর দর্শন নিয়ে গবেষণাও। গবেষকের গভীর নিষ্ঠা নিয়েই আবদেল মাননান সম্পাদনা করেছেন এই অমর মরমী কবির নয় শতাধিক গানের সংকলন 'অখণ্ড লালনসঙ্গীত'। ১১/১ বাংলাবাজার ঢাকার রোদেলা প্রকাশনীর এই রুচিস্নিগ্ধ বইটির প্রকাশক রিয়াজ খান। নিঃসন্দেহে এখনও লালনসঙ্গীত সম্পাদনা ও প্রকাশনার জন্যে অসংখ্য লালন অনুরাগীর ভালোবাসায় স্নাত হবেন এর সম্পাদক ও প্রকাশক।

আবদেলে মাননান নিজে একজন কবি। একই সঙ্গে সুফিতত্ত্ব ও বৈষ্ণব সাধকদের উপর নিবিড় পঠনপাঠনে তাঁর মানসলোক উদ্ভাসিত। তিনি লালনসঙ্গীতের দেহতাত্ত্বিক ব্যাখ্যাসহ নানামুখী একটি পর্যালোচনাও উপস্থান করেছেন 'কৈফিয়ত' শিরোনামের নাতিদীর্ঘ রচনায় যা কিছুটা নতুনত্বও এনেছে লালন ব্যাখ্যার জগতে। 'প্রকাশকের কথা' অংশে প্রকাশক যে মন্তব্য করেছেন তাতেও আন্দাজ করা যায় এই সুসম্পাদিত অখণ্ড সঙ্গীত সংকলনের স্বকীয়তা। তিনি লিখেছেন: "এতদিন ধরে

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যে লালনকে আমরা জেনে এসেছি কবি আবদেল মাননান সে ধারণা একেবারেই তছনছ করে উল্টে দিলেন। অন্য এক লালনকে তিনি উন্মোচন করলেন যাঁকে পৃথিবীর মানুষ এমনভাবে আর কখনও দেখেনি। বাজার চলতি আর সব লালন গবেষণা-প্রকাশনাকেও কবি বড় এক চ্যালেঞ্জ ছুড়ে দিলেন"।

সে চ্যালেঞ্জ নিয়ে যে বিতর্ক হবে, সেটাই স্বাভাবিক। সেখানেই মাননানের সাফল্য। তবে যারা গবেষণা বা দার্শনিক ব্যাখ্যা নিয়ে মাথা ঘামান না, স্রেফ লালনের গান ভালোবাসেন, তাদের জন্যও এক মলাটে লালনের সব গান পেয়ে যাওয়া অনেক বড় প্রাপ্তিই বলতে হবে।

নাসির আহমেদ

দৈনিক সমকাল : সাহিত্য সাময়িকী **'কালের খেয়া'**

৬ নভেম্বর ২০০৯, শুক্রবার, ঢাকা

AMARBOI.COM

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

অখণ্ড মণ্ডলাকারং ব্যাপ্তং ইয়ানং চরাচর

অখণ্ড লালনসঙ্গীত ॥ ভূমিকা, সংগ্রহ, সংকলন ও সম্পাদনা: আবদেল মাননান ॥ প্রচ্ছদ: মাহবুব কামরান ॥ প্রকাশক: রোদেলা প্রকাশনী, ইসলামী টাওয়ার (২য় তলা), ১১/১ বাংলাবাজার, ঢাকা-১১০০ ॥ প্রথম প্রকাশ: ফেব্রুয়ারি ২০০৯ ॥ মূল্য: ৪৬০ টাকা মাত্র

এক.

বিগত প্রায় তিন-চার যুগ ধরে অখণ্ডমণ্ডলী আশ্রমে নিয়মিত গীত হয়ে আসছে "খণ্ড আজিকে হোক অখণ্ড/ অণু পরমাণু মিলিত হোক/ ব্যথিত পতিত দুঃখী দীনেরা/ভুলুক বেদনা ভুলুক শোক" এ গানটি। কারণ খণ্ডসত্তা যে কোনও বস্তুর মধ্যবর্তী অবস্থা। সুপ্ত এবং বিকশিত এ দু অবস্থায় বস্তু কিংবা ভাব উভয়ই পরিণত তথা অখণ্ড অবস্থা। খণ্ড ও অখণ্ডের মূলগত এ দ্বান্দ্বিকতা না বুঝলে উচ্চাঙ্গিক লালনতত্ত্বের ব্যাপ্তি ও গভীরতা বুঝবার উপায় নেই।

খণ্ডসত্তায় কোনও কিছু না দর্শিয়ে বিচারবোধের বিকাশসাধন করা মোটেও সম্ভবপর নয়। অথচ এ কথাটি মনে রাখার পরও আমরা দীর্ঘকাল যাবৎ ফকির লালন শাঁইজির 'অখণ্ড চৈতন্য প্রকাশ' তথা তাঁর তত্ত্বভিত্তিক পদাবলি সঠিক ধারায় সংগ্রহ, সংকলন ও প্রকাশনার ক্ষেত্রে চরম দায়িত্বহীনতা আর ব্যর্থতার পরিচয় দিয়েছি। অতিসম্প্রতি সেই কলঙ্ক থেকে জাতি হিসেবে আমাদের দায়মুক্ত করলেন কবি-দার্শনিক আবদেল মাননান।

লালনশাহী ফকিরী মতের চর্চা ও চর্যা যে সময়কাল আর যে অবিভক্ত নদীয়া পরিমণ্ডল জুড়ে ব্যাপ্ত তিনি সেসব জায়গায় বছরের পর বছর হানা দিয়ে সাধক-গায়কদের মুখ এবং কলব ছেঁকে আমাদের জন্যে সযত্নে উদ্ধার করে এনেছেন লালন শাঁইজির ৯০১টি কালাম তথা পদাবলি। তাঁর আগে দুই বাংলার অপরাপর সংগ্রাহকগণ সর্বসাকুল্যে ৬০০ থেকে ৭৫০টি পর্যন্ত লালনপদ উদ্ধার করতে সক্ষম হয়েছিলেন। আবদেল মাননান সে সমস্ত পুরনো সংগ্রহ সীমা অতিক্রম করে নতুন মাত্রাযোগ করলেন 'অখণ্ড লালনসঙ্গীত' প্রকাশের মধ্য দিয়ে। নবপ্রজন্মের লালনচর্চা এর ফলে আরো গতিশীল হবার অভীষ্ট খুঁজে পাবে নিঃসন্দেহে। অখণ্ড বাংলার সাংস্কৃতিক ঐতিহ্য পুনরুদ্ধারের ইতিহাসে এ কাজটি খুব নীরবে ঘটে যাওয়া এক যুগান্তকারী ঘটনা। নিকট ভবিষ্যতে তাত্ত্বিক তথা দার্শনিক গবেষণার জগতে এ কাজের সুদূরপ্রসারী প্রভাবক ভূমিকা যে পড়বে-সেকথা নিঃসংশয়ে বলা যায়।

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দুই.

সুবৃহৎ গ্রন্থটির 'প্রকাশকের কথা', 'কৈফিয়ত', সম্পাদনা প্রসঙ্গে' এবং 'পটভূমি' পাঠ করার পর আমাদের অতিরিক্ত প্রাপ্তিযোগ ঘটে ভিন্ন ভিন্ন তত্ত্ব, লীলা ও দেশাশ্রিত পদগুলোর শুরুতে 'তত্ত্বভূমিকা', 'লীলাভূমিকা' ও 'দেশভূমিকা'র বিস্তৃত বয়ানে। তাতে পদগুলোর নির্যাস, উৎপত্তি ও করণকারণ অতিসংক্ষিপ্ত আভাসে তুলে ধরেছেন আবদেল মাননান। এক্ষেত্রে তিনি শাঁইজির আদেশ-নির্দেশ সম্যকভাবে মেনে চলেছেন। খেয়াল রেখেছেন 'তত্ত্ব ভুলে কার গোয়ালে ধুয়ো দিলি'–এমন যেন না ঘটে পূর্ববর্তীদের মত সম্পাদনাকর্মে।

শাঁইজির পদের পর্যায়ক্রমিক বিষয়বস্তু অনুযায়ী তাঁর অখণ্ড জ্ঞানরাজ্যের তত্ত্ব, লীলা এবং দেশ বিভাজিত এই রূপ তিনটি তত্ত্ব, পাঁচটি লীলা ও চারটি দেশ অনুক্রমে মোট বারোটি সুনির্দিষ্ট বিভাগে এ প্রথম সাধুসুলভ শৃংখলায় লালনসঙ্গীতমালা সংকলিত করলেন আবদেল মাননান। তত্ত্বাংশের পরে আশ্রয় ঘটেছে 'লীলা'রসের। পরিশেষে আছে দেশ (দেহ) বিভাজন। তত্ত্বের ভেতর রয়েছে 'নূরতত্ত্ব' 'নবীতত্ত্ব' ও 'রসুলতত্ত্ব'। লীলা অংশ বিন্যস্ত হয়েছে যথাক্রমে 'কৃষ্ণলীলা', 'গোষ্ঠলীলা', 'নিমাইলীলা', 'গৌরলীলা', এবং 'নিতাইলীলা'য়। লালনঘরের আত্মতত্ত্ব সাধনার মার্গ বা দেহ তথা দেশগত পর্যায়বৃত্তকে সাধু সংকলক মূলত চারটি ভাগে ভাগ করেছেন; যথা: ১. স্থূলদেশ (শরিয়ত), ২. প্রবর্তদেশ (তরিকত), ৩. সাধকদেশ (মারেফত), ৪. সিদ্ধিদেশ (হকিকত)। প্রতিটি দেশের রয়েছে আবার ছয়টি করে পৃথক পৃথক লক্ষণ; যথা: দেশ, কাল, পাত্র, আশ্রয়, আলম্বন ও উদ্দীপন। যদিও সাধু পদাবলির এরূপ দেশ বিভাজন বাংলা তত্ত্বসঙ্গীতের ইতিহাসে নতুন কিছু নয়। মনুলাল মিশ্রকে আমরা দেখেছি কর্তাভজাদের 'ভাবের কথা' নামক আইন পুস্তকের বিশ্লেষণে এ দেশ বিভাগকে অন্য ঢংয়ে ব্যবহার করতে। তিনি সাধনার স্তরগুলোকে বর্ণনা করেছেন এভাবে; যেমন: "অবস্থা ও পাত্রভেদে প্রবর্ত্ত-সাধক-সিদ্ধি-সুর-নিবৃত্তি-মহৎ (মনুলাল মিশ্র ॥ কর্তাভাজন ধর্মের আদি বৃত্তান্ত ॥ প্রকাশকাল ১৩৭১ ॥ পৃ. ৮৪)। রামকৃষ্ণও এ কথা অন্যভাবে বলেছেন: "প্রথমে প্রবর্ত্তক–সে পড়ে, শোনে। তারপর সাধক তাঁকে ভাবছে, ধ্যান-চিন্তা করছে, নামগুণ কীর্ত্তন করছে। তারপর সিদ্ধ তাঁকে বোধে বোধ করছে, দর্শন করছে। তারপর সিদ্ধের সিদ্ধি" (শ্রীশ্রী রামকৃষ্ণ কথামৃত ॥ চতুর্থ ভাগ ॥ সপ্তম খণ্ড ॥ ২য় পরিচ্ছেদ)।

তিন.

একেবারে গোড়ার 'পটভূমিকা'য় আবদেল মাননান হুবহু দৃষ্টান্ত-প্রমাণসহ লালনদর্শনের বিভিন্ন দিকের বিশদ ব্যাখ্যা-বিশ্লেষণ আর তুলনামূলক অধ্যয়ন স্পষ্টতর ভাষায় পাঠকের সামনে হাজির করেছেন। রাজনৈতিক উদ্দেশ্য হাসিল কিংবা অ্যাক্সিডেন্টাল মীর জাফরদের সাথে লালন শাঁইজির বাহ্য সাদৃশ্য দেখিয়ে তাঁকে তথাকথিত

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

যুগোপযোগী করতে চাননি মোটেও। প্রাচ্যের ধর্মতত্ত্ব এবং দর্শনের ধারাক্রম থেকেই উৎস-উপাত্ত সংগ্রহ করে শাঁইজির গ্রহণ-বর্জন-সমন্বয়ের মর্মবস্তু স্বচ্ছকথায় তুলে ধরেছেন। মাননান বলতে চেয়েছেন, ধর্মতত্ত্ব এবং ভজনপথের মধ্যে অতিসূক্ষ্ম ভেদরেখা আছে বিস্তর। শাঁইজির কালাম তথা পদ হচ্ছে সাধুজনের নিত্য ভজনপথের সহায়ক আর নিগূঢ় পদ্ধতির প্রকরণ। শুধুমাত্র আচারসর্বস্ব ধর্মতত্ত্ব এটি নয়। প্রাচ্যজগতের মধ্য থেকে ব্রাত্যজনের ভাষাবোধ মন্থন করে অখণ্ড দর্শনের স্বরূপে লালন শাঁই স্বয়ংপ্রকাশরূপে দণ্ডায়মান। এ প্রাচ্যজগত থেকে যেমন 'মূল'এর বহুলকথিত ভাষা ব্যবস্থার সূত্রপাত তেমনই বৈদিক এবং অনার্য নারায়ণী সমাজ ব্যবস্থার দর্শনই ক্রমান্বয়ে বিভক্ত ও বিকশিত হতে হতে আজকের প্রাচ্য-পাশ্চাত্যের প্রবল আধুনিকতা-উত্তরাধুনিকতায় পর্যবসিত হয়েছে। মাননান এ সমস্ত চিন্তা-ভাবনার সপক্ষে কোরানসম্মত সুফিসূত্র এবং ফকির লালন শাঁইজির শব্দোৎপত্তির উদাহরণগুলোকে চুম্বক কথায় আমাদের সামনে টেনে এনেছেন। শাঁইজি বলছেন: "আদিকালে আদমগণ/ এক এক জায়গা করতেন ভ্রমণ/ ভিন্ন আচার ভিন্ন বিচার তাই তো সৃষ্টি হয়/ জানত না কেউ কারও খবর/ ছিল না এমন কালির জবর/ এক এক দেশে/ ক্রমে ক্রমে শেষে/ গোত্র প্রকাশ পায়/ জ্ঞানী দিগ্বিজয়ী হলো/ নানারূপ দেখতে পেল/ দেখে নানারূপ/ সব হলো বেওকুফ/ এরূপ জাতির পরিচয়/ খগোল-ভুগোল নাহি জানত/ যার যার কথা সেই বলত/ লালন বলে/ কলিকালে/ জাত বাঁচানো বিষম দায়"। এ পদের সমর্থন কোরানেও রয়েছে; যেমন: "হে মানুষ, আমরা তোমাদিগকে সৃষ্টি করিয়াছি এক পুরুষ এবং এক নারী হইতে। এবং তোমাদিগকে বিভক্ত করিয়াছি বিভিন্ন জাতি এবং গোত্রে যাহাতে তোমরা এক অপরের সহিত পরস্পর পরিচিত (বা মিলিত) হইতে পার। তোমাদের মধ্যে আল্লাহর নিকট সেই ব্যক্তিই সর্বোত্তম মর্যাদাপ্রাপ্ত যে অধিক মোত্তাকী (সৎকর্মশীল)। নিশ্চয়ই আল্লাহ সর্ববিষয়ের উপর সূক্ষ্মদ্রষ্টা এবং শ্রোতা। তিনি সকল কিছুর খবর রাখেন"(সূরা আল হুজরাত ॥ বাক্য ১৩)।

আমরা এখানে 'আল্লাহ' শব্দটি উচ্চারণের দ্বারা যেভাবে প্রচলিত সাম্প্রদায়িক ধর্মপ্রসূত সাত আসমানের উপর নিরাকার–অদৃশ্য স্রষ্টার কথা সাধারণত ধারণা করে থাকি সাধু আবদেল মাননান সেই তমসাচ্ছন্ন ভ্রান্ত ভাবনা-চিন্তার মোড় ঘুরিয়েই দেননি শুধু, একেবারে উল্টেপাল্টেই দিয়েছেন শাঁইজির 'আপনি আল্লাহ্ ডাকো আল্লাহ্ বলে'র দিকে নিঃশঙ্ক সংযোগে ।

ধর্ম, জাতি বা গোষ্ঠীগত সামঞ্জস্যের সাথে সাথে শাব্দিক উৎপত্তির দিকে নজর দিলেও স্পষ্ট বোঝা যায়, মূলত এক ভাষা থেকেই উৎপত্তি ঘটেছে বিশ্বের সকল ভাষার। আজকের কালের ভাষার মূলে নিহিত রয়েছে ভারতের আদিভাষার উদ্ভাবনা। উচ্চারণগত তারতম্য গ্রাহ্য না করলে অর্থ কিন্তু একই থাকে। 'পটভূমিকা'য় কবি আবদেল মাননান লিখছেন: "কোরানে বর্ণিত এক উৎস থেকে মানবজাতির আগমনের সূক্ষ্ম প্রমাণ মেলে বিশ্বভাষার মূলধ্বনির সাথে অন্য ভাষাগুলোর মুলধ্বনিগত মিলের

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

দিকে তাকালে; যেমন: সংস্কৃত শব্দ 'অষ্টন্' থেকে হয়েছে যথাক্রমে আবস্তিক শব্দ 'অস্তন', পারসিক শব্দ 'হস্তন', গ্রিক শব্দ 'অক্টো', লাতিন শব্দ 'অক্টো', জর্মন শব্দ 'অক্টো, ফরাসি শব্দ 'উইথ', ইংরেজি শব্দ 'এইট' এবং বাংলা শব্দ 'আট'। আবার সংস্কৃত শব্দ 'দাদাসি' থেকে শব্দ থেকে হয়েছে আবস্তিক শব্দ 'দধাহি', পারসিক শব্দ 'দেহ', গ্রিক শব্দ 'ডিডোস', লাতিন শব্দ 'ডাস' ইত্যাদি"।

'অখণ্ড লালনসঙ্গীত' সম্পাদকের মূল 'পটভূমি' মোট ৫১ পৃষ্ঠায় ১৯টি অধ্যায়ে বিধৃত হয়েছে। পপুলার সব লৌকিক ধমর্জাত তামসিক-রাজসিক ধারণাতন্ত্র থেকে শাঁইজির সাত্তিক 'লোকোত্তর দর্শন'এ 'আল্লাহ', 'কোরান', 'ইসলাম', 'নামাজ' প্রভৃতি শব্দের সংজ্ঞা ও ব্যাখ্যা যে একদম ভিন্নতর সেটা শুরুতে ধরিয়ে দিয়েছেন সম্পাদক। সজাগ-সতর্ক প্রহরীর মত তিনি লোক এবং লোকোত্তর দর্শনের মধ্যে সুস্পষ্টভাবে শাদাকালো ভেদরেখা টেনে দেখিয়েছেন সত্যমিথ্যার স্বরূপে আসল পার্থক্যটা কোথায়। মনে রাখা জরুরি যে, শাঁইজি সঙ্গীতের মধ্য দিয়ে খ্যাতির কালোয়াতি করেননি, করেছেন নিরেট দর্শনচর্চা। সেটা বুঝিয়ে না দিলে লালন শাহের কালামের মাহাত্ম্য সাধারণ লোক কখনও বুঝতে পারে না।

শাঁইজির কালাম হলো আপন ভক্তগণের সঙ্গে তাঁর সম্বন্ধ চর্চার দলিলস্বরূপ। তাই ভোগবাদী লোকজগতের আরোপিত আন্দাজ-অনুমানের উপর নির্ভর করে তাঁর রহস্যজগতে প্রবেশ লাভ করা একেবারে অসম্ভব। সেকথা প্রশ্নাকারে শাঁইজির কালাম দিয়েই পুনরুত্থাপন করেন তিনি: "যদি ইসলাম কায়েম হয় শরায়/ কী জন্যে নবীজি রহে/ পনের বছর হেরাগুহায়/ পঞ্চবেনায় শরা জারি/ মৌলভিদের তম্বি ভারি/ নবীজি কী সাধন করি নবুয়তী পায়/ না করিলে নামাজ-রোজা/ হাসরে হয় যদি সাজা/ চল্লিশ বছর নামাজ কাজা/ করেছেন রসুল দয়াময়/ কায়েম উদ্ দ্বীন হবে কিসে/ অহর্নিশি ভাবছি বসে/ দায়েমী নামাজের দিশে/ লালন ফকির কয়"।

দু বাংলার খ্যাতঅখ্যাত আর সব লালন গবেষকের সাথে আবদেল মাননানের কাজের এখানেই মূল চরিত্রগত পার্থক্য যে, তিনি লালন শাঁইকে স্থানকালে আবদ্ধ করতে চাননি। প্রচলিত ও অতিরঞ্জিত জনপ্রিয় সমস্ত কল্প-কাহিনির বানোয়াট বিভ্রম জাল থেকে সম্পূর্ণ নিরাপদ দূরত্বে অবস্থান নিয়ে মাননান শাঁইজিকে স্থানকালজয়ী মুক্ত মহাপুরুষরূপেই অনুসন্ধান করেছেন। কোনও মহাপুরুষকে জাত-ধর্ম-গোত্রবিভক্তির অধীনে চিত্রিত করতে যাওয়া তাঁর সর্বজনীন দর্শনের পরিপন্থি কাজ। অবশ্য এতকাল যাবৎ লালন শাহ্‌কে যারা 'বাউল ও হিন্দু' বলে কাঠমোল্লাদের মত একতরফা প্রচারণা চালিয়ে এসেছে কবি তাদের দাবির ঘোর বিরোধিতা করেছেন। তাঁর মতে লালন শাহের মূল ফকিরী ধর্মতত্ত্ব সুফির (অর্থাৎ মহানবীর প্রাঙ্গনচারী 'আসহাবে সুফ্‌ফা'র) আত্মদর্শনমূলক কোরান থেকেই উৎসারিত। শাঁইজির পদাবলি থেকে উদ্ধৃতির পর উদ্ধৃতি দিয়ে তিনি প্রমাণ করেছেন কীভাবে বেদ-বেদান্ত খারিজ করে লালন ফকির কোরানকে মহিমান্বিত রূপে আমাদের সামনে তুলে ধরেন। কোরান ও লালনকে তিনি

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~

সমার্থক মর্যাদায় প্রমাণ করার ফলে 'অল্পবিদ্যা ভয়ঙ্করী' ধার্মিক ও লেখকগণ তাঁর উপর বিষম অসন্তুষ্ট। সেকথা আগাম জেনে-বুঝেই তিনি বলতে পেরেছেন: "সত্যের জন্যে সব কিছু নির্ভয়ে ত্যাগ করা যায়। কিন্তু কোনও কিছুর জন্যে সত্যকে কখনও ত্যাগ করতে পারব না"।

চার.

আবদেল মাননান সম্পাদিত 'অখণ্ড লালনসঙ্গীত' গবেষণাকর্মের আর একটি গুরুত্বপূর্ণ দিক হলো, শাঁইজির পদগুলো প্রাচীন সাধুদের মুখ থেকে কিংবা পুরনো খাতা থেকে তুলে এনে যে সমস্ত লালনসঙ্গীত গ্রন্থ ইতোপূর্বে দু বাংলায় শতবর্ষ ধরে প্রকাশিত হয়ে এসেছে সে সমস্ত গ্রন্থরাজ্য ঘেঁটে এবং দশ সদস্য বিশিষ্ট একটি সম্পাদনা পর্ষদের সহযোগে নানাবিধ তুলনামূলক বিচার-বিশ্লেষণ শেষে শাঁইজির সাধনাগত দর্শনের সাথে সঙ্গতি রেখে পদগুলো গ্রন্থবদ্ধ করা।

উদাহরণস্বরূপ এখানে একটি পদের তুলনামূলক আলোচনার মাধ্যমে ব্যাপারটা খোলাসা করে দেখা যেতে পারে। যেমন শাঁইজির সাধকদেশের একটি বিখ্যাত পদ হচ্ছে 'আপনারে আপনি চিনিনে'। এ পদটি যেমন বহু জনপ্রিয় তেমনই এর দর্শনটিও গুরুত্ববহ। খন্দকার রফিউদ্দিন সম্পাদিত হুয়াল গনি 'ভাবসঙ্গীত' গ্রন্থটি ব্যতীত অপর সব গ্রন্থে রয়েছে এমত : "কর্তারূপের নাই অন্বেষণ/ অন্তরে কি হয় নিরূপণ/ আপ্ততত্ত্বে পায় শতধন/ সহজ সাধক জনে" (দ্রষ্টব্য: শাঁইজির দৈন্যগান ॥ ফরহাদ মজহার)। অন্যদিকে আবদেল মাননানের সর্বশেষ সংকলনে রয়েছে: "কর্তারূপের নাই অন্বেষণ/ নইলে কি হয় রূপ নিরূপণ/ আপ্তবাক্যে পায় সে আদিধরন/ সহজ সাধকজনে"।

'আপ্ততত্ত্বে পায় শতধন' আর 'আপ্তবাক্যে পায় সে আদিধরন' এ বাক্য দুটির মধ্যে দর্শনের আকাশপাতাল ফারাক অত্যন্ত স্পষ্ট। প্রথম বাক্যের চেয়ে দ্বিতীয় বাক্যটিই বরং শাঁইজির মৌলিক ভাবদর্শনের সাথে অধিকতর সঙ্গতিপূর্ণ। কারণ আপ্তবাক্যে সহজ সাধক যা পান সেটিই হলো আদিধরন। এ আদিধরনই সহজ ধর্মের মুখ্য বিষয়। এ সংক্ষিপ্ত পরিসরে 'আদিধরন' এর পূর্ণ বিশ্লেষণে না গিয়েও মোদ্দাকথায় বলা যায়, এ আদিধরনই হলো Great emptiness of mind তথা নাজাত বা নির্বান মোক্ষ। আরবী কোরানে যাকে বলা হচ্ছে 'লা মোকাম' বা 'মোকামে মাহমুদা' সেটাই চিত্তশুদ্ধির সাধকের জন্যে সত্য ও সহজ। এ অবস্থায় উত্তীর্ণ মানুষই হলেন প্রকৃত শুদ্ধ, মুক্ত ও বুদ্ধসত্তা। অতি উচ্চস্তরের এমন সাধু-মহৎ ব্যক্তিত্বই 'সহজ মানুষ' অর্থাৎ 'মহাকাজে মহাধন্য মহামান্য মহাজন' একজন কামেল মোর্শেদ বা 'জগত গুরু।'

মুহম্মদ কামরুজ্জামান

দৈনিক আজাদী : সাহিত্য সাপ্তাহিকী

২৭ নভেম্বর ২০০৯, শুক্রবার, চট্টগ্রা

দুনিয়ার পাঠক এক হও! ~ www.amarboi.com ~